শ্রীমহঃ ইদ্রিস আলি :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন আমাদের দেশে গ্রামবাংলায় রেশনে মাসে দুবার করে ৭৫ গ্রাম করে চিনি দেওয়া হয়, অর্থাৎ প্রতি ফর্টনাইটে একদিন করে—রোজা এবং পুজোর সময় আমরা দেখতাম সাধারণতঃ চিনি ও সুজি দেওয়া হত। আমি জানি বর্তমান খাদ্যমন্ত্রী তিনি গ্রামবাংলার সঙ্গে বিশেষভাবে পরিচিত একটি বড় কাগজের মালিক বটে মালিকও বটে—তিনি দেশের সঙ্গে তিনি ভালভাবে পরিচিত—এতদিনের কনভেনসনটা কেন হঠাৎ এইবারের পুজো ঈদের সময় উঠিয়ে দিলেন সেটা বুঝলাম না—চিনির পরিমাণ মোটেই বাড়ল না। খবরের কাগজের মাধ্যমে জানা যায় আমাদের দেশে প্রচুর পরিমাণে চিনি মজুত আছে। খোলা বাজারে চিনির দর ৬।৭।৮ টাকায় উঠে গেছে। গ্রামের মানুষ যারা চিনি কিনতে পারে না এই পুজো এবং ঈদের সময় কিছু চিনি পেয়ে থাকে এইবার সেটাও বন্ধ করে দিলেন। যাইহোক, আমি অনুরোধ করব গ্রামের মানুষ যাতে কিছুটা চিনি পায় তার ব্যবস্থা করুন।

শ্রীআনন্দগোপাল মুখার্জি : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি—বিষয়টি বিশেষ গুরুত্বপূর্ণ কিনা সেটা আপনি বিবেচনা করেছেন বলেই আজ এখানে আমি মেনসন করতে পারছি। রাজা রামমোহন রায় বাঙালী এবং ভারতবাসীর কাছে প্রাতঃস্মরণীয়। রামমোহন সরণীতে তাঁর যে বাড়ী আছে সেই বাড়ী তাঁর প্রপৌত্র ধরণীমোহন রায় ১৯৬৪ সালে রঞ্জিত সেঠিয়াকে বিক্রি করে দেন। ১৯৬৬ সালে পশ্চিমবঙ্গ সরকার ক্যালকাটা ইউনিভার্সিটির পলিটিক্যাল সায়েন্স, সোসিলজি ডিপার্টমেণ্টের কাজে লাগাবার জন্য এই বাড়ীটি এ্যাকুইজিসন করবার জন্য নোটিশ দেন এবং ক্যালকাটা গেজেটে ১৯৬৭ সালে এই নোটিফিকেসন বেরোয়। মাননীয় স্পীকার মহোদয়, ১৯৭৬ সালে

এই স্মৃতি সৌধটি কি অবস্থায় আছে সেটা না দেখলে আপনি কল্পনাও করতে পারবেন না—তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে এই আবেদন রাখব যে এই স্মৃতি সৌধ বাড়ীটি জনসাধারনের ব্যবহারের জন্য এবং একে স্মৃতি সৌধ হিসাবে রক্ষা করার জন্য সরকার যত তাড়াতাড়ি পারেন গ্রহণ করুন। আমি যতটুকু শুনেছি এই বাড়ীর মার্বেল স্ল্যাবস, সিলিং, দরজা-জানালা কিছু নাই, খুলে নেওয়া হয়েছে। এ ব্যাপারে কেন আমরা নীরব থাকছি—এই বিধানসভা অন্ততঃ জানে না, আমরাও জানি না। তাই পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি এই কাজের দায়িত্বে আছেন তাঁকে অনুরোধ করব অবিলম্বে এই বাড়ীটি যেন গ্রহণ করা হয় এবং মনুমেণ্ট, স্মৃতি সৌধ হিসাবে বাড়ীটিকে যেন বাঁচিয়ে রাখার ব্যবস্থা করা হয়। তাই আমার বক্তব্য হল শিক্ষা প্রসারের জন্য অবিলম্বে এই বাড়ীটি গ্রহণ করে ব্যবহার করা হোক এবং এতদিন আমরা যা করতে পারি নি তার জন্য যে লজ্জা সেই লজ্জা যত তাড়াতাড়ি পারি ঘোচাবার ব্যবস্থা করা হোক।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগষ্ট মাসের শেষার্ধে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম বিদেশে পরলোক গমন করেছেন। কবির মরদেহ তাঁর মাতৃভূমিতে আনা সম্ভবপর হয়নি, কিন্তু সেই পবিত্র সমাধি থেকে পবিত্র মৃত্তিকা কবির জ্যেষ্ঠপুত্র কাজী সব্যসাচী চোখের জলে অবসিক্ত করে চুরুলিয়ার মাটিতে এনে রেখেছেন। সারা পশ্চিমবঙ্গের মানুষ শুধু নয়, সারা ভারতবর্ষের মানুষ আশা করে সেই পবিত্র মৃত্তিকার উপর চুরুলিয়ায় বিদ্রোহী কবি নজরুল ইসলামের স্মৃতি শুদ্ধ পশ্চিমবঙ্গ সরকার এবং ভারতসরকারের পক্ষ থেকে নির্মাণ করে তাঁর স্মৃতির প্রতি উপযুক্ত শ্রদ্ধা বিবেদন করুক।

মৃত্তিকা আসার পর কাজী সব্যসাচীরর সঙ্গে আমার কথা হয়েছিল এবং তিনি আমাকে বলেছিলেন যে, "আমার পিতা কেবলমাত্র আমার পিতাই নন, আমার পিতা সমস্ত বাঙালী জাতির, সমস্ত ভারতবর্ষের। তাই যদি কিছু করতে হয় তাহলে সে দায়িত্ব আমার পারিবারিক দায়িত্ব নয়, সে দায়িত্ব সারা বাংলাদেশের বা সারা ভারতবর্ষের আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে টেলিফোনযোগে চুরুলিয়াতে আসার জন্য অনুরোধ করেছিলাম এবং তিনি আমার জন্য সঙ্গে সঙ্গে রাজীও হয়েছিলেন, তা ছাড়া স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ডাঃ মোতাহার হোসেনকেও আমি আসার জন্য অনুরোধ করাতে তিনিও আসতে সঙ্গে সংগে রাজী হয়েছিলেন কিন্তু অনিবার্যকারণবশতঃ তারা সেখানে উপস্থিত হতে পারেন নি। স্যার, আমি মনে করি যে মাটি এখন সেই চুরুলিয়াতে রক্ষিত রয়েছে সেই মাটি নিয়ে

অবিলম্বে স্মৃতিস্তম্ভ নির্মাণের কাজ পশ্চিমবঙ্গ সরকারের সুরু করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয় রবীন্দ্রনাথের তিরোধানের পরই কবি মনের দিক থেকে অন্তর্হিত হয়েছিলেন। তা যদি তিনি না হতেন তাহলে আমরা জাতির নামে বজ্জাতি, রাজনীতির নামে যে বজ্জাতি এবং আরো অনেক যে বজ্জাতি করেছি সেই সমস্ত বজ্জাতি তিনি নিশ্চয় প্রতিরোধ করতেন। স্যার, কবির সমাধিভূমি থেকে যে পবিত্র মাটি আনা হয়েছে তা নিয়ে যদি আমরা স্মৃতিস্তম্ভ তৈরি না করি তাহলে সেই বজ্জাতির প্রতিবাদ কবি নিশ্চয় করবেন না কিন্তু স্যার, যে কোন শুভবুদ্ধিসম্পন্ন দেশপ্রেমিক মানুষ সেই বজ্জাতির প্রতিবাদ করবেন। তাই আমি মন্ত্রীসভার কাছে অনুরোধ জানাচ্ছি, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি রক্ষার জন্য অবিলম্বে সর্ববিধ কর্মপ্রচেষ্টা গ্রহণ করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রসঙ্গে আমার যে কয়েকটি প্রস্তাব আছে আমি সেগুলি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে রাখছি। প্রথম প্রস্তাব, কবির জন্মভূমি চুরুলিয়াতে স্মৃতিস্তম্ভ নির্মাণ হোক। দ্বিতীয় প্রস্তাব, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নামে নজরুল চেয়ার করা হোক। তৃতীয় প্রস্তাব, কবির জন্মভূমি চুরুলিয়াতে রবীন্দ্র-ভারতীয় অনুকরণে বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক। চতুর্থ প্রস্তাব, আসানসোল মহকুমা হাসপাতালের নাম প্রমীলা—নজরুল সেবায়তন করা হোক। পঞ্চম প্রস্তাব আসানসোল চুরুলিয়া সড়কের নাম নজরুল সরণী করা হোক। তা ছাড়া স্যার, কবির যে সমস্ত গ্রন্থস্বত্ব যা কবির দুঃখের দিনে বা দারিদ্র্যের দিনে এক টাকা বা দুটাকায় বা বিনা পয়সায় বিভিন্ন লাইব্রেরী কিনেনিয়েছিলেন সেই সমস্ত গ্রন্থের স্বত্ব সরকার নিজের হাতে নিন। সেগুলি নিয়ে সরকার সেই সমস্ত গ্রন্থ পুনঃপ্রকাশের ব্যবস্থা করুন। স্যার, যদিও বিগত ৪ বছর ধরে বিধানসভায় মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি এ দিকে আকৃষ্ট করে কোন ফল পাই নি তবুও আজকে আবার কবির মহা-প্রয়াণের পর মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই অনুরোধ রেখে তাঁকে বলব আইনের কথা না বলে—কারণ মানুষের জন্যই আইন এবং সেই বিধানসভা পাল্টাতে পারে, কবির সমস্ত রচনা সাধারণের মধ্যে ছড়িয়ে দেবার ব্যবস্থা করুন। স্যার, মাননীয় অজিত পাঁজা মহাশয় এখানে রয়েছেন, তিনি একটি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র করার কথা ঘোষণা করেছেন, এই প্রসঙ্গে তাঁকে বলব, সেঠ সুখলাল কারনানীর নামে বিরাট হাসপাতাল হতে পারে তাহলে নজরুলের ভাগ্যে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র জোটা উচিত নয়। এই প্রসঙ্গে আমার প্রস্তাব, আসানসোল মহকুমা হাসপাতালের নাম পরিবর্তন করে নজরুল-প্রমীলা হাসপাতাল রাখা হোক। পরিশেষে আমি যে প্রস্তাবটি রাখছি, সেটা আমি জানি পূরণ হবেই, সেটি স্যার, আপনার কাছেই রাখছি, প্রস্তাবটি হচ্ছে, আমাদের এই বিধানসভা

ভবনে কাজী নজরুল ইসলামের একটি তৈলচিত্র রাখা হোক। এই কয়েকটি প্রস্তাবের প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পীকার ঃ—এই তৈলচিত্র সম্পর্কে ইতিমধ্যেই আমি ডিসিসান নিয়েছি এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বা পার্লামেণ্টারি এ্যাফেয়ার্সের মন্ত্রীর সংগে আমার এ সম্পর্কে কথা-বার্তাও হয়েছে। যাতে কবির তৈলচিত্র বিধানসভার সামনের লবিতে রাখা যায় তার ব্যবস্থা নিশ্চয় করা হবে।

শ্রীমহম্মদ দোলার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার কাছে রাখছি এবং আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী, ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা···· গ্রাম বাংলার এম. এল. এ। গ্রামবাংলার অর্থনৈতিক উন্নয়ণের জন্য আমাদের প্রিয় প্রধানমন্ত্রী এই নেতৃত্বে এই কংগ্রেস সরকার ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু আজকে পাট চাষীরা, গম চাষীরা তাদের উৎপাদনের যে খরচ সেই খরচের তুলনায় ন্যায্যমূল্য পাচ্ছে না। আপনি নিশ্চয়ই খবরের কাগজ দেখেছেন যে এদের পাট কেনাবেচা হচ্ছে এবং তাতে জে. সি. আই যে পরিমাণ বিকাচ্ছে, আবার সেখানে গিয়ে মহাজনের খপ্পরে পড়ছে, মিল মালিকের খপ্পরে পড়ছে, ফরিয়াদের খপ্পরে পড়ছে। আজকে একদিকে পাট ফলাতে তাদের যে কীটনাশক ঔষধ, সার ইত্যাদিতে খরচ হয়, শ্রমিকের জন্য যে খরচ হয়, সেই খরচও ওঠেনা। অপরদিকে গমচাষ সেটা গতবার ১০৫ টাকা এমন কি তার নীচেও নদীয়া, মুর্শিদাবাদে এবং আরো অন্যান্য জায়গায় ৭০। ৮০ টাকা কুইন্টালে পরিণত হয়েছিল। সেই গম কেন্দ্রীয় সরকার ১০৫ টাকায় কিনে রাজ্য-সরকারের কাছে ১২৫ টাকায় বিক্রয় করেছে। রাজ্যসরকার রেশনের মাধ্যমে—যেখানে আংশিক রেশন দেওয়া হয়, তারা দুস্থ লোক, 'ক' 'খ' শ্রেণীর যারা গম পায় তাদের ১৪০ টাকা কুইন্টাল দরে দেওয়া হয় অথচ তাদের ১০৫ টাকা। আজকে গ্রাম বাংলার ৭০ থেকে ৮০ ভাগ লোক যারা দারিদ্র সীমার নীচে বাস করে, তারা মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করবে, গম উৎপাদন করবে অথচ তারা ন্যায্যমূল্য পাবেনা। আমার মনে হয় মাননীয় কৃষিমন্ত্রী অবগত আছেন যে পাট চাষ হয়ত বাড়লেও কিন্তু সামনে আবার গম চাষ কমে যাবার সম্ভাবনা আছে। গম চাষের জন্য যে সেচের ব্যবস্থা করা হয়েছে, যে পরিসংখান ঠিক করেছেন, তার যে পরিকল্পনা যে ১৪ লক্ষ একর জমিতে করবেন সেটা পারবেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। সে জন্য আমি

সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে পাটচাষীরা, গম চাষীরা যাতে ন্যায্যমূল্যে পায় তাদের উৎপাদনের তুলনায় সেটা দেখার জন্য। তা নাহলে আপনার মাধ্যমে এ কথা বলতে বাধ্য হচ্ছি যে ২০ দফা করে কিন্তু গ্রামীন অর্থনৈতিক কাঠামোকে চাংগা করে তাদের মুখে হাসি ফোটান যাবেনা। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রীশিশিরকুমার ঘোষ :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রথমে অনুরোধ করে আমার বক্তব্য রাখছি। ৬ মাস পরে এই এ্যাসেম্বলী খুলেছে। অত্যন্ত শর্ট পিরিয়ডে এখানে বিধানসভায় প্রশ্নের জবাব হয়ত পাওয়া যাবে না। সে জন্য মাননীয় সদস্যরা বিভিন্ন বিষয়ে উল্লেখ করেন। আমরা স্বাভাবিক ভাবে আশা করবো যে মাননীয় মন্ত্রীরা এই সভায় উপস্থিত থেকে যে সমস্ত প্রশ্নের জবাব দেওয়া সম্ভব সেগুলির যেন দিয়ে দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, যে গত ৮ই মে, ১৯৭৫ সালে আপনি জানেন, এই বিধানসভায় বহুবার ওঠান হয়েছে যে খড়দাহ জুটমিলে লে অফ ইউদাউট কমপেনসেশান করে ৬ হাজার শ্রমিককে বেকার করে রেখেছে। তখন এ্যাসেম্বলীর প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, যেহেতু হাইকোর্টে মামলাটি রয়েছে সেহেতু এই জুটমিল খোলার ব্যাপারে সরকার কিছু করতে পারছেন না। কিন্তু ৪ মাস হয়ে গেল হাইকোর্টে মামলা নেই সেটা ভেকেট হয়ে গেছে। কিন্তু ৬ হাজার কর্মচারী আজও বেকার। সেই ৬ হাজার কর্মচারী নেই, আক্ষরিক কিছু কম আছে কারণ কিছু মারা গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে বারবার বিধানসভায় বলা হয়েছে এবং কাগজের মাধ্যমেও আপনি নিশ্চয়ই অবগত আছেন এবং চটশিল্প সমস্যা এবং পাটচাষীদের অবস্থা সম্পর্কেও আপনি নিশ্চয়ই অবগত আছেন। পাটচাষী এবং চটশিল্পের যে অবস্থা তাতে একমাত্র জাতীয়করণ করা ছাড়া আর কোন রাস্তা নেই। খড়দাহ কেন্দ্রীয় সরকার এই জুট মিলের উপর তদন্ত কমিটি নিয়োগ করে সেই তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী সেটাকে টেকওভার করার জন্য প্রোপোজাল দিয়েছিলেন কিন্তু সেটা আজও টেকওভার করা হল না কেন? তাই খড়দাহ শ্রমিকদের প্রশ্ন এবং সমস্ত পশ্চিমবাংলার এই প্রশ্ন যে ন্যাশানাল জুট-মিল যখন টেকওভার করা হয় তখন তারা স্বাভাবিক ভাবে আশা করেছিল যে খড়দাহ জুটমিল টেকওভার করা হবে। এখানে শ্রমমন্ত্রী উপস্থিত নেই, আমি আপনার মাধ্যমে তার কাছে আবেদন রাখছি যে প্রশ্ন থাকুক আর নাই থাকুক এর গুরুত্ব বুঝে তিনি যেন এই সেসানে খড়দাহ মিলের সেই ৬ হাজার শ্রমিকের ভাগ্য কি নির্ধারণ করছেন সেটা ব্যক্ত করবেন।

ভবনে কাজী নজরুল ইসলামের একটি তৈলচিত্র রাখা হোক। এই কয়েকটি প্রস্তাবের প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পীকার ঃ—এই তৈলচিত্র সম্পর্কে ইতিমধ্যেই আমি ডিসিসান নিয়েছি এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বা পার্লামেণ্টারি এ্যাফেয়ার্সের মন্ত্রীর সংগে আমার এ সম্পর্কে কথা-বার্তাও হয়েছে। যাতে কবির তৈলচিত্র বিধানসভার সামনের লবিতে রাখা যায় তার ব্যবস্থা নিশ্চয় করা হবে।

শ্রীমহম্মদ দোলার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার কাছে রাখছি এবং আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী, ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা···· গ্রাম বাংলার এম. এল. এ। গ্রামবাংলার অর্থনৈতিক উন্নয়ণের জন্য আমাদের প্রিয় প্রধানমন্ত্রী এই নেতৃত্বে এই কংগ্রেস সরকার ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু আজকে পাট চাষীরা, গম চাষীরা তাদের উৎপাদনের যে খরচ সেই খরচের তুলনায় ন্যায্যমূল্য পাচ্ছে না। আপনি নিশ্চয়ই খবরের কাগজ দেখেছেন যে এদের পাট কেনাবেচা হচ্ছে এবং তাতে জে. সি. আই যে পরিমাণ বিকাচ্ছে, আবার সেখানে গিয়ে মহাজনের খপ্পরে পড়ছে, মিল মালিকের খপ্পরে পড়ছে, ফরিয়াদের খপ্পরে পড়ছে। আজকে একদিকে পাট ফলাতে তাদের যে কীটনাশক ঔষধ, সার ইত্যাদিতে খরচ হয়, শ্রমিকের জন্য যে খরচ হয়, সেই খরচও ওঠেনা। অপরদিকে গমচাষ সেটা গতবার ১০৫ টাকা এমন কি তার নীচেও নদীয়া, মুর্শিদাবাদে এবং আরো অন্যান্য জায়গায় ৭০। ৮০ টাকা কুইন্টালে পরিণত হয়েছিল। সেই গম কেন্দ্রীয় সরকার ১০৫ টাকায় কিনে রাজ্য-সরকারের কাছে ১২৫ টাকায় বিক্রয় করেছে। রাজ্যসরকার রেশনের মাধ্যমে—যেখানে আংশিক রেশন দেওয়া হয়, তারা দুস্থ লোক, 'ক' 'খ' শ্রেণীর যারা গম পায় তাদের ১৪০ টাকা কুইন্টাল দরে দেওয়া হয় অথচ তাদের ১০৫ টাকা। আজকে গ্রাম বাংলার ৭০ থেকে ৮০ ভাগ লোক যারা দারিদ্র সীমার নীচে বাস করে, তারা মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করবে, গম উৎপাদন করবে অথচ তারা ন্যায্যমূল্য পাবেনা। আমার মনে হয় মাননীয় কৃষিমন্ত্রী অবগত আছেন যে পাট চাষ হয়ত বাড়লেও কিন্তু সামনে আবার গম চাষ কমে যাবার সম্ভাবনা আছে। গম চাষের জন্য যে সেচের ব্যবস্থা করা হয়েছে, যে পরিসংখান ঠিক করেছেন, তার যে পরিকল্পনা যে ১৪ লক্ষ একর জমিতে করবেন সেটা পারবেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। সে জন্য আমি

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কতকগুলো কথা রেখেছেন, বিশেষ করে কয়েকটি অন্য দেশের কথা তুলে ধরেছেন। তাই আজকে আমি এখন উত্তর দিতে পারছি না। আমি কালকে মাননীয় সদস্যকে সম্পূর্ণ ভাবে ওয়াকিবহাল করে দেব।

ডাঃ এ্যামুল হক বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভা তথা সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ পূর্বে মাননীয় সদস্য মহঃ দেদার বক্স এই বিষয়ের উল্লেখ করেছেন, আমি সমস্বরে সেই বিষয়েরই উল্লেখ করতে চাইছি। অর্থাৎ গ্রামবাংলার চাষীদের কথা বলতে চাইছি, বর্তমানে যে পাট উঠেছে, সেই পাটের ন্যায্যমূল্য তারা পাচ্ছে না। তারা আমাদের কাছে আবেদন করেছে, যে আটটি গ্রেডেশন করা হয়েছে, সেই গ্রেডেশনের ক্ষেত্রে, এবং মূল্যের ক্ষেত্রে, সামান্য ক্ষুদ্র চাষীরা—যে ৯৩টি ক্রয় কেন্দ্র করা হয়েছে, সেখানে গেলে সেই সমস্ত চাষীরা কি ভাবে নির্যাতিত হচ্ছে, ন্যায্য মূল থেকে বঞ্চিত হচ্ছে, আমরা গ্রামাঞ্চলে যারা আছি, তারা বুঝতে পারছি।

পাট একটা অর্থকরী ফসল এবং ভারতের অর্থনীতিতে একটা গুরুত্বপূর্ণ স্থান। গত বছর পশ্চিমবাংলায় পাটের উৎপাদন মাত্র ৮ লক্ষ একরে ছিল। সেটা বাড়িয়ে ১২ লক্ষ করা হয়েছে। কিন্তু যখন এর মরসুম শেষ হয়ে যায় তখন এক শ্রেণীর লোক পাট কিনে রেখে দিয়ে পরে তার উচ্চ মূল্য পায়। তাই এর জন্য সন্দেহ হচ্ছে আগামী দিনে পাট চাষীরা পাট চাষ করতে উৎসাহ পাবে না। সেজন্য ব্যবসা মন্ত্রীকে আবেদন যে চাষীরা যেন ন্যায্য মূল্য পায় এবং তা যেন gradation অনুযায়ী পায়। এই বলে আমি শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদীন ঃ— Mr. Speaker Sir. আমি সকলকেই বলেছি পাট কেনার সম্বন্ধে আমরা কি ব্যবস্থা করেছি। gradation ৮টা নয়, মোট ২১টা gradation আছে এবং এই ২১টা gradation-এর Simple quote exhibit করা আছে এবং তাতে J. C. I.-এর দাম quote করে দিয়েছি। আমরা society-র মাধ্যমে এবং যেখানে K.S.V.S active-তার মাধ্যমে পাট কেনার চেষ্টা করছি। গত বছর ওই সময়ে upto 10.10.75 performance ছিল ১ লক্ষ ৮২ হাজার মন against 84 lakhs টাকা advance দেওয়া ছিল। এ বছর 110 S.G.S-কে এক সঙ্গে stock করে আমরা ৫½ লক্ষ টন কিনতে পেরেছি এবং ২ কোটি ৯

ভবনে কাজী নজরুল ইসলামের একটি তৈলচিত্র রাখা হোক। এই কয়েকটি প্রস্তাবের প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পীকার ঃ—এই তৈলচিত্র সম্পর্কে ইতিমধ্যেই আমি ডিসিসান নিয়েছি এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বা পার্লামেণ্টারি এ্যাফেয়ার্সের মন্ত্রীর সংগে আমার এ সম্পর্কে কথা-বার্তাও হয়েছে। যাতে কবির তৈলচিত্র বিধানসভার সামনের লবিতে রাখা যায় তার ব্যবস্থা নিশ্চয় করা হবে।

শ্রীমহম্মদ দোলার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার কাছে রাখছি এবং আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী, ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা···· গ্রাম বাংলার এম. এল. এ। গ্রামবাংলার অর্থনৈতিক উন্নয়ণের জন্য আমাদের প্রিয় প্রধানমন্ত্রী এই নেতৃত্বে এই কংগ্রেস সরকার ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু আজকে পাট চাষীরা, গম চাষীরা তাদের উৎপাদনের যে খরচ সেই খরচের তুলনায় ন্যায্যমূল্য পাচ্ছে না। আপনি নিশ্চয়ই খবরের কাগজ দেখেছেন যে এদের পাট কেনাবেচা হচ্ছে এবং তাতে জে. সি. আই যে পরিমাণ বিকাচ্ছে, আবার সেখানে গিয়ে মহাজনের খপ্পরে পড়ছে, মিল মালিকের খপ্পরে পড়ছে, ফরিয়াদের খপ্পরে পড়ছে। আজকে একদিকে পাট ফলাতে তাদের যে কীটনাশক ঔষধ, সার ইত্যাদিতে খরচ হয়, শ্রমিকের জন্য যে খরচ হয়, সেই খরচও ওঠেনা। অপরদিকে গমচাষ সেটা গতবার ১০৫ টাকা এমন কি তার নীচেও নদীয়া, মুর্শিদাবাদে এবং আরো অন্যান্য জায়গায় ৭০। ৮০ টাকা কুইন্টালে পরিণত হয়েছিল। সেই গম কেন্দ্রীয় সরকার ১০৫ টাকায় কিনে রাজ্য-সরকারের কাছে ১২৫ টাকায় বিক্রয় করেছে। রাজ্যসরকার রেশনের মাধ্যমে—যেখানে আংশিক রেশন দেওয়া হয়, তারা দুস্থ লোক, 'ক' 'খ' শ্রেণীর যারা গম পায় তাদের ১৪০ টাকা কুইন্টাল দরে দেওয়া হয় অথচ তাদের ১০৫ টাকা। আজকে গ্রাম বাংলার ৭০ থেকে ৮০ ভাগ লোক যারা দারিদ্র সীমার নীচে বাস করে, তারা মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করবে, গম উৎপাদন করবে অথচ তারা ন্যায্যমূল্য পাবেনা। আমার মনে হয় মাননীয় কৃষিমন্ত্রী অবগত আছেন যে পাট চাষ হয়ত বাড়লেও কিন্তু সামনে আবার গম চাষ কমে যাবার সম্ভাবনা আছে। গম চাষের জন্য যে সেচের ব্যবস্থা করা হয়েছে, যে পরিসংখান ঠিক করেছেন, তার যে পরিকল্পনা যে ১৪ লক্ষ একর জমিতে করবেন সেটা পারবেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। সে জন্য আমি

জায়গায় চাষীরা পাচ্ছে। কিন্তু আমার কাছে খবর আছে, জে, সি, আই, এর চেয়ারম্যান আমার সংগে একমত হয়েছেন, ১২০ টাকা ১২৫ টাকা পার কুইন্টল পাট বিক্রি হয়েছে, অর্থাৎ মিনিমাম প্রাইস যেটা তার থেকে ১০/১৫ টাকা কম দামে চাষীরা পাট বিক্রি করেছে। পূজার পরে দাম বেড়েছে ঠিকই, কিন্তু প্রান্তিক চাষী যারা মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করেছে তারা দাম পায় নি। তাদের হাত থেকে যখন ফড়িয়াদের হাতে পাট চলে গেছে তখন পাটের দাম উঠেছে এখন ১৩৫ টাকার কাছাকাছি দাম। এই হল আমার এক নম্বর কথা। দুই নম্বর কথা সমস্ত পশ্চিম-বংগে ৯৩টি কো-অপারেটিভ ফাংকসান করছে। সমস্ত পশ্চিমবংগে ৩৮ হাজার গ্রাম আছে, তার মধ্যে যদি ৯৩টি কো-অপারেটিভ ফাংকসান করে তাহলে স্বাভাবিক-ভাবে চাষীদের কাছ থেকে পাট কেনার জন্য তাদের ইনফ্রস্ট্রাকচার নেই, এটা জে. সি. আই. এর চেয়ারম্যান, কো-অপারেটিভ সেরে নিজেই স্বীকার করছেন যে আমাদের ইনফ্রাস্ট্রাকচার নেই। আমাদের কটন কর্পোরেশান তৈরি হয়েছে ১৯৭১ সালে, জুট কর্পোরেশান তৈরি হয়েছে ১৯৭১ সালে, মহারাষ্ট্রের দিকে তাকিয়ে দেখুন, সেখানে কটন কর্পোরেশান কটন বাড়িয়েছে, হয়াত্র্যাজ জুট কর্পোরেশান কো-অপারেটিভ সেক্টার এমনভাবে কাজ করছে যে মিনিমাম যেটা আরো বেশী হওয়া উচিত সেই দামও চাষীরা পাচ্ছে না। কোথায় সেটা খুঁজে বের করতে হবে। গলদ হচ্ছে There are some industries between the 'Farics and the J. C. I and between the 'farics' the other parties. এবং তারা একটা অশুভ আঁতাত করে চাষীদের মারার চেষ্টা করছে। এর বিরুদ্ধে যদি ডিসিসান নিতে না পারি তাহলে চাষীদের বাঁচান যাবে না। এই সম্বন্ধে একটা রেজলিউসান মুভ করা হয়েছে, কিন্তু কিছুই হয়নি। আমি পুনরায় এই সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনারা কেন্দ্রীয় সরকারের সংগে এটা নিয়ে আলাপ আলোচনা করুন।

ডাঃ জয়নাল আবেদিন :—মিঃ স্পীকার, স্যার নুরুল সাহেব সবটা বোঝেন নি। এক নম্বর কথা হল গ্রেড। ২১টা গ্রেডে ২১টা ভ্যারাইটিজ আছে। ২০২ টাকা নিয়ে হায়েস্টএর দাম এবং ১১৪ টাকা নিম্ন দাম। ভ্যারাইটিওয়াইজ, গ্রেডওয়াইজ দাম ফিক্সড আছে। আপনি যে ১৩৫ টাকা বলেছেন সেটা একটা পার্টিকুলার ভ্যারাইটির দাম। এবারে ২১টা ভ্যারাইটি আছে—৮টা দেশী, ৮টা তোষা এবং ৫টা মেস্তা।

২০২ থেকে ১১৪ পর্যন্ত রেট বেঁধে দেওয়া হয়েছে। জে সি আই রাজ্য-সরকারের নিয়ন্ত্রনে নয় কাজেই তাদের কথা আমি বলছি না। এ ব্যাপারে কো-অপারেটিভ

অভিজ্ঞতা নূতন, আমরা মাত্র দুবছর হল এই অর্গানাইজেসন সুরু করেছি। আমরা কিনতে চেয়েছিলাম, কিন্তু সবটা কিনতে পারিনি। এরজন্য মানুষ প্রয়োজন, গ্রেডার প্রয়োজন, মেসিনারি প্রয়োজন, ক্যাপিটাল প্রয়োজন, অর্গানাইজেসন প্রয়োজন। যে অর্গানাইজেসন ভারত সরকারের তার কথা ভারত সরকারই বলতে পারেন। আমাদের কো-অপারেটিভের কথা বলতে পারি আমাদের পক্ষে এর চেয়ে ইনফ্রাষ্ট্রাকচার বাড়ান এখন সম্ভব নয়। একটা সোসাইটিকে তার বেইলিং করতে হয়, গ্রেডিং দেখতে হয়। আমি বলেছি ৩২ লক্ষ গাঁট উৎপাদন তৈরী হয়েছে। আমরা যদি অ্যাট বেস্ট সাড়ে বার লক্ষ টার্গেট রিস্ করি তাহলে ৩ লক্ষ গাঁট হবে। কিন্তু আমাদের সেরকম ইনফ্রাস্ট্রাকচার নেই এবং সেটা ওভার নাইট সম্ভব নয়। বর্তমানে এক্সপ্লটেসন কমেছে এটা আপনারা নিশ্চয়ই জানেন। আমি আপনাদের কাছে বারবার বলেছি, জে সি আই-র সংগে আমরা চেষ্টা করছি বসবার জন্য। আমরা তাদের বলেছি, ভারত সরকারকে বলেছি মিল গুলোকে যেন বাধ্য করা হয় পাট কিনতে। আমি আপনাদের বলেছি জুট ইনডাস্ট্রি ভারত সরকারের এবং তেমাদের। আমার মনে হয় জে সি আই এবং এগ্রিকালচার ডিপার্টমেণ্ট এক সংগে যদি কোঅর্ডিনেট করে তাহলে ভাল হয়। কয়টা মিল চলছে না। সেটা মাননীয় সদস্য জানেন। আমাদের প্রোডাকসন ক্যাপাসিটি ১২৬, কিন্তু আমরা চাচ্ছি ৭৬ অর্থাৎ আমাদের production কার্টেল করতে হচ্ছে। আপনারা সকলেই জানেন এই প্রবলেম অত্যন্ত কমপ্লিকেটেড। চাষীদের প্রোটেকসন দেওয়া দরকার এবং সেটা নিয়ন্ত্রণ, সুপারভিসন প্রভৃতি সর্বস্তরেই দরকার। ৩২ লক্ষ গাঁটের জন্য আমরা কাজ করতে পারছি না কারণ আমাদের সেরকম মেসিন্যারি নেই, এবং সেটা একদিনে সম্ভব নয়। মাননীয় সদস্য বললেন, মহারাষ্ট্র অনেকদূর এগিয়ে গেছে। আমাদের মুখ্যমন্ত্রী এবং শংকরবাবু যখন ছিলেন তখন তাঁরা অনেক লড়াই এই ব্যাপারে করেছেন। মহারাষ্ট্রের পঞ্চম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার অর্থের পরিমাণ হচ্ছে বোধহয় ২১০০ কোটি টাকা। মহারাষ্ট্র যদি কটন কর্পোরেশনে সাকসেস্ফুল হয়ে থাকে তাহলে আমাদেরও এগিয়ে যেতে হবে। কিন্তু সেক্ষেত্রে যে ইনিসিয়াল কন্সট্রেণ্টগুলো—রয়েছে সেগুলো দূর করতে হবে। কো-অডিনেটেড এ্যাপ্রোস্ বিটুইন মিল ওনার্স এ্যাণ্ড কল্টিভেটর্স ইন দি প্রসেস্ অব এক্সপোর্ট এ্যাণ্ড ইণ্টারন্যাল কনজামসন এটা না করতে পারলে একমাত্র কো-অপারেটিভের মাধ্যমে এর সমাধান সম্ভব নয়। আমি চাষীদের জন্য দুঃখ বোধ করছি। তাদের নায্য দান এগ্রিকালচার প্রাইস কমিশন দেয়নি। সাপোর্ট প্রাইস যেটা দিয়েছে সেখানে পেঁছাতে আমরা চেষ্টা করছি। আমি মনে করি, শুধু মন্ত্রী সভা নয়, এই এ্যাসেম্বলী এবং সাধারণ ভাবে

সমস্ত বাঙ্গালী যদি এই ব্যবস্থা না করতে পারে যে মিলগুলোকে পার্সেজ করতে হবে এবং তাদের গতিবিধি নিয়ন্ত্রণ করতে হবে তাহলে এই সমস্যার সমাধান করা যাবে না। তবে আমি যে কথা আগে বলেছি গ্রেড এবং ময়েসচার তার সমাধান যদি হয় তাহলে আমরা এই বিষয়ে কিছু রিলিফ দিতে পারব বলে মনে করি। থ্যাংক ইউ Sir.

শ্রীনুরুল হাসান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যেটা বলেছেন আমিও সেটা জানি যে, দুটো গ্রেড আছে। মন্ত্রী মহাশয় বলেন ১৩৫ টাকা দাম। কিন্তু আমি জানি বিক্রি হচ্ছে তার চেয়ে কম দামে। যাহোক, মন্ত্রী মহাশয় যে সব কথা বলেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং ইনফ্রাস্ট্রাকচার তৈরী করতে পারেন নি বলে তিনি যা বলেছেন তার জন্যও তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

শ্রীনিতাইপদ সরকার :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিভিন্নজেলার খরার কথা আপনি শুনেছেন। আমাদের নদীয়া জেলার ব্যাপক অঞ্চলে খরার সুন্দর তাজা আমন ধান শুকিয়ে যেতে চলেছে। কৃষকরা মাথায় হাত দিয়ে বসে আছে। কারণ তারা পাটের দামও পাইনি আবার আমন ধানও নষ্ট হতে চলেছে। এই অবস্থায় যে সমস্ত ডীপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল পড়ে আছে সেগুলিতে নিয়ম মতো বিদ্যুৎ যাচ্ছে না। বিদ্যুৎপর্ষদের এই ক্ষমাহীন পর্বত প্রমাণ ব্যর্থতা এবং গাফিলতি যার জন্য ১০, ১৫ এমন কি একমাস পর্যন্ত কোন কোন ডীপ টিউবওয়েলে তারা কারেন্ট দিচ্ছেন না। যার ফলে হওয়া ধান নষ্ট হয়ে যাচ্ছে। লোকের সন্তান মরে গেলে যে রকম দুঃখ হয়, হওয়া ফসল নষ্ট হয়ে গেলে কৃষকদেয় সেই রকম হয়। আমার এলাকায় সি এ ডি পি হয়েছে। সরকার যথেষ্ট সাহায্য করেছেন। অনেক ডীপ টিউবওয়েল হয়েছে কিন্তু বেশীর ভাগ ডীপ টিউবওয়েলে কারেন্ট নাই। ইউ বি আই থেকে লক্ষ লক্ষ টাকা ইনভেস্ট করা হয়েছে। ভাল ধান উৎপন্ন হয়েছে, উচ্চ ফলনসীল ধান হয়েছে সেই সব ধান নষ্ট হয়ে যাচ্ছে। একটি মাত্র গ্রামের নাম আমি করতে পারি আমাদের উদাগ্রামে ১০০শো জন কৃষকদের হওয়া ফসল শুকিয়ে কাঠ হয়ে যাচ্ছে, এই টিউবওয়েলে কারেন্ট সাপ্লাই হচ্ছে না বলে। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তিনি যেন অবিলম্বে এই ডীপ টিউবওয়েলে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করেন তাহলে যেটুকু ফসল এখন আছে তা বাঁচতে পারে। এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশিকান্ত মৈত্র :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই, কারণ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমার সঙ্গে একমত হবেন। পরিবার পরিকল্পনা রূপায়ণের নামে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ভ্যাসাক্টমি অপারেশনের নামে নানাবিধ ম্যালপ্র্যাকটিস চলেছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলতে চাই আমি তাঁর সহযোগী বন্ধু কোন সমালোচনার মন নিয়ে আমি বলছি না। এর প্রতিকার দাবী করছি তাঁর কাছে এবং মন্ত্রীসভার কাছে। নদীয়া জেলার সম্বন্ধে আমি কয়েকটি তথ্য পেয়েছি সেটা আপনার মাধ্যমে আমি রাখছি। যদিও আপনি বলেছেন যে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, আপনি বিধানসভায় এটা তুলবেন কিনা ভেবে দেখুন। তবু আমিও বলছি বিষয়টি অত্যন্ত গুরুত্বগুণ বলেই এটা বিধানসভায় আলোচনা হওয়া উচিত। ভ্যাসাক্টমি অপারেশনের নাম করে নদীয়া জেলার কয়েকটি স্বাস্থ্যকেন্দ্রের আমি নাম করে বলতে পারি যেমন আসান নগর, বেথুয়ালহরি., বগুলা, নবদ্বীপ রাণাঘাট, হরিশচন্দ্রপুর প্রভৃতি স্বাস্থ্যকেন্দ্রে যেসব ঘটনা চলছে সে সম্বন্ধে তথ্যবীল আমার কাছে আছে। একই ব্যক্তিকে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে তার অপারেশান করে দেওয়া হচ্ছে। আমাদের মন্ত্রীসভায় চারজন চিকিৎসক আছেন সেদিক থেকে আমাদের ভাগ্য ভাল যে এই বিষয়ে আমরা মন্ত্রী-সভার বিবেচনা পাবো। আসননগর হেলথসেণ্টারে এমন অভিযোগ আছে মন্ত্রী মহাশয়কে আমি বিব্রত করতে চাই না ৭০ বছরের উপর একজন বৃদ্ধকে যুবক সাজিয়ে নিয়ে গিয়ে বিভিন্ন নাম দিয়ে আসাননগর স্বাস্থ্যকেন্দ্রে একবার কিছুদিন বাদে নবদ্বীপ স্বাস্থ্যকেন্দ্রে আর একবার তাকে অপারেশান করানো হচ্ছে। রেজিস্টারে বিভিন্ন নাম দেওয়া হচ্ছে। ১০৫ টাকা করে সরকার খরচ করছেন। এ জন্যই বোধহয় ম্যালপ্র্যাকটিস চলছে।

গত ৩০শে সেপ্টেম্বর, একদিনে সাতশোর উপর ভ্যাসেক্টমি অপারেশন হয়েছে। মাননীয় কয়েকজন সার্জেনকে আমি জিজ্ঞাসা করেছিলাম। আচ্ছা, আমরা তো লে'ম্যান, বিশেষ কিছু বুঝি না, এই ব্যাপারে কত সময় লাগতে পারে একটা অপারেশনে। ৮ থেকে ১০ মিনিট তাঁদের মতে। তাহলে এক ব্যক্তি যদি ২৪ ঘন্টা মেশিনের মত, পাঁঠা কাটার মত ধরো আর কাটো, এই যদি করে, তাহলে ৮ মিনিট হিসাব করে দেখুন কত হয়। একমাত্র নবদ্বীপ স্বাস্থ্যকেন্দ্রের কথা বলছি। এটা সমালোচনা করার জন্য বলছি না। স্বাস্থ্যমন্ত্রীর এটা তদন্ত করা দরকার, দেখা দরকার আমি এইরকম অভিযোগ পেয়েছি যে একদিনে সাতশোর উপর কেস হয়েছে ৩০শে সেপ্টেম্বর। আর ২০শে সেপ্টেম্বরের আগের দিন ও পরের দিন, অপারেশন রেজিষ্টার—যদি মাননীয় মুখ্যমন্ত্রী

মহাশয় ও স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তা নিয়ে তদন্ত করে দেখেন সি, এম, ও এইচ এবং লোক্যাল সারজনদের তাহলে দেখবেন সেদিন ৪১১টি কেস হয়েছে একদিনে এবং আসামনগরে ২৫১টি কেস একদিনে হয়েছে। এ কি? এই যে অভিযোগ হচ্ছে, একজন ডাক্তার একটি চিঠি পাঠিয়েছেন সি, এম, ও,র কাছে—আমি স্বাস্থ্যমন্ত্রী শ্রীঅজিত পাঁজার কাছে সাধারণতঃ কিছু বলি না তবে কোন রুগীর প্রতি কোন অবিচার হলে তাকে জানাই এবং আমি অকপটে স্বীকার করছি যে তাঁকে কিছু জানালে তিনি অন্ততঃ ৭২ ঘণ্টার মধ্যে চিঠি পাঠিয়ে তা তদন্ত করবার চেষ্টা করেন এবং সেই জন্য আমি চেয়েছিলাম যে আমি এটা ওঁর সামনেই বলবো। সেই চিঠিটা হচ্ছে ডিষ্ট্রিক্ট মেডিকেল অফিসারকে লেখা, একজন সহৃদয় চিকিৎসক বিবেক সম্পন্ন, তিনি লিখেছেন To the District Medical Officer, Nadia, Krishnanagar, dt. 16.6.76.

ডাক্তারের নামটা উহ্য রেখেছেন। এই অভিযোগ এসেছে। এইভাবে ধরুণ যে কয়েকটি হেল্থ সেণ্টার সম্বন্ধে বললাম—এটা খুব সহজ, সেখানকার অপারেশন রেজিষ্টারটা যদি আনিয়ে দেখেন এবং নিরপেক্ষভাবে তদন্ত করেন তাহলে দেখবেন একদিনে ২ শত, ৪ শত, করে কেস হচ্ছে এবং তা করা সম্ভব কিনা? সাধরণভাবে সরকারী টাকা ব্যয় করছেন, টাকা আন্তর্জাতিক ফাণ্ড থেকে আসছে, ইন্টারন্যাশনাল মানিটারি ফাণ্ড, স্পীকার মহাশয় বলেছেন, আমি জানতাম না, সরকার যখন এই টাকা খরচ করছেন, সরকার নতুন একটা প. .েপনা নিয়েছেন, এই ব্যাপারে একটা থর এনকোয়ারি হওয়া উচিত এই যে অভিযোগ এসেছে এর উপরে। সমস্ত ঘটনা শুনলে আজকে অবাক হয়ে যাবেন যে নদীয়া জেলায় রেজিষ্টার আপনার কাছে এলে আমি তারিখ ও টি, ভি, বিলের নম্বর দিয়ে বলে দেবো যে ৩রা মার্চ '৭৬ সাল থেকে ২৮শে মার্চ ১৯৭৬ সাল পর্যন্ত টি, ভি, বিলে টাকা উইথড্রন হয়েছে আনুমানিক ৭৯ হাজার টাকার উপর—মার্চ মাসে। আর ১৯৭৬ সালের ২৯শে মার্চ থেকে ৩১শে মার্চ টি, ভি, বিলে টাকা উইথড্র হয়েছে, বিল নম্বর ৫৯২, তাতে টাকা withdrawn হয়েছে ১,৩৯,৫৩৩'১০ পয়সা। আর টি, ভি, বিল নম্বর ৫৯৩ ডেটেড ৩১।৩।৭৬, এ্যামাউণ্ট উইথড্রন ১ লক্ষ ৪০ হাজার ৩৫৪'৩৫ পয়সা। তারপর বিল হচ্ছে ৫ হাজার টাকা। তাহলে সমগ্র মার্চ মাসের ২৮ তারিখ পর্যন্ত টাকা উইথড্রন হয়েছে ৭৯ হাজার টাকার বেশী আর সেই মার্চ মাসের তিন দিনের মধ্যে টাকা উইথড্রন হল প্রায় ২ লক্ষ টাকার মত। এর থেকেই বুঝতে পারছেন যে কি ব্যাপারটা হচ্ছে। এর ডাক্তাররা বলেছিলেন যে ভাল ভাল সার্জন যাঁরা বিভিন্ন জেলায় আছেন তাঁদের বিজিটিং সার্জন হিসাবে আমাদের স্বাস্থ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন যে তাঁরা যেন বিভিন্ন হেল্থ সেণ্টারে গিয়ে এই অপারেশন করেন। কিন্তু

সেখানে পেসেণ্ট যাচ্ছে না। আর এই সমস্ত হেল্‌থ সেণ্টারে বিপুল সংখ্যায় লোক গিয়ে বসে আছে। এই থেকে বুঝতে পারবেন যে সরকার যে কাজ করতে যাচ্ছেন তা কত ব্যাহত হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, তাঁকে আমি বিল নম্বর ডেট দিয়ে দেবো, আপনি এ নিয়ে ব্যাপক তদন্ত করুন এবং এই ম্যাল প্রাকটিস বন্ধ করবার জন্য চেণ্টা করুন।

আমার অনুরোধ এই যে সমস্ত তথ্য নিয়ে ব্যাপক তদন্ত করে এই ম্যাল প্র্যাকটিস বন্ধ করুন। এই ভাবে যদি চলে নির্বীর্যকরণের চেণ্টা একেবারে ব্যর্থ হতে বাধ্য। এটা কোন দেশের লক্ষ্য এবং জাতির উদ্দেশ্য হতে পারে না।

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য শ্রীকাশীনাথ মৈত্র মহাশয় রেখেছেন। আমি আনন্দিত হতাম যেভাবে তিনি বক্তব্য রাখলেন তা যদি সরাসরি তৎক্ষণাৎ আমাকে জানাতেন, যেমন তিনি জানান কোন টি বি পেশেণ্টের ভর্তির প্রয়োজনে, কোন পেশেণ্টের উপকারে, কারও কোন চাকুরির অ্যাপয়েণ্টমেণ্টে লেটার পাওয়াতে,—তিনি যেভাবে টেলিফোন, টেলিগ্রাম করেন, তা যদি জানাতেন তবে খুসি হতাম। তিনি একটি মাত্র পেশেণ্টের নাম বলেছেন, তার নাম কার্তিক দাস, সদ্য বিবাহিত, তাকে ভ্যাসেক্‌টমি অপারেশন করা হয়েছে। এখানে এই চার্জ নয় যে ভ্যাসেক্‌টমি না করে টাকা দেওয়া হয়েছে, অপারেশন করা হয়েছে, তবে এলিজিবল্‌ কাপল্‌ নয়, সদ্য বিবাহিত, তাকে করা উচিত নয়, কিন্তু করা হয়েছে। এখন অবধি আমার দপ্তরে ৬ লক্ষ ২৫ হাজারের মত অপারেশন করা হয়ে গেছে। তার মধ্যে একটি মাত্র অভিযোগ সত্য বলে প্রমাণিত হয়েছে সেটি হচ্ছে একটি ইয়ং বয়, একটি যুবক ছেলে যে মেণ্টালি ডেফিশিয়েণ্ট, ভুল বুঝিয়ে তাকে কয়েকজন নিয়ে গেছে। এ ছাড়া আর কোন অভিযোগ আমার দপ্তরে প্রমাণিত হয়নি। এই ৬ লক্ষ ২৫ হাজার অপারেশন আমাদের ৬ মাসের মধ্যে হয়েছে। শেষ দিকে শ্রীমৈত্র যে বক্তব্য রাখলেন তাতে পরিষ্কার বুঝতে পারলাম। কয়েকজন ডাক্তার তাঁকে গিয়ে বলেছেন তাঁরা যেখানে যাচ্ছেন সেখানে লোক আসছে না, অন্যান্য সেণ্টারে যাচ্ছে। এর থেকে বুঝা গেল কার সংগে কার লেগে গেছে। একটি কেস করে একজন ডাক্তার তিন টাকা পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু বেশী নিতে বাধ্য। উনি বলেছেন, নবদ্বীপে একদিনে ৭০০ অপারেশন করা হয়েছে। শ্রীমৈত্র নদীয়ার মানুষ, জননেতা। নবদ্বীপে কোন হেল্‌থ সেণ্টার নাই। সাব ডিভিশনাল হেল্‌থ সেণ্টার যেটা আছে তাতে বেশ কয়েকজন সার্জেন আছেন, তাই ৭০০ অপারেশন এমন কোন বড় কথা নয়। এমন একটি হেল্‌থ সেণ্টার আছে যেখানে যোগ্য দুজন সার্জেন হাজব্যাণ্ড এণ্ড ওয়াইফ।

বর্ধমানে হেল্‌থ সেণ্টারে খুব ভাল কাজ করেছেন, তাঁরা একটা রেকর্ড পারফরমেন্স করেছেন। এই দুজনে হাজব্যাণ্ড এবং ওয়াইফ একদিনে পাঁচশ-এর বেশী অপারেশন করেছে। এই টাইম দিনে আট ঘণ্টা ধরে করলে হবে না, এই যে ডাক্তার এবং নার্স'র কাজ করছেন তাঁরা এটাকে একটা ন্যাশনাল প্রোগ্রাম হিসাবে ধরে নিয়ে দিনে ১২/১৪ ঘণ্টা কাজ করছেন। তাই আমরা ৬ লক্ষ ২৫ হাজার অপারেশন করতে পেরেছি আমি জানি এই নিয়ে সারা ভারতবর্ষে অনেকেরই চক্ষুশূল আমরা হয়েছি পশ্চিমবাংলা যখন কোন বিষয়ে প্রথম হয়েছি তখন আমরা তাদের চক্ষুশূল হয়ে যাই কেননা আমরা সারা বছরের যে কাজ তা পাঁচ মাসের মধ্যে করতে পেরেছি। আমরা অনেক সময় বিপদে পড়ি। একবার বলা হল জোর করে অপারেশন করে দেওয়া হচ্ছে, এ নিয়ে কলকাতায় হৈ চৈ পড়ে গেল, আবার বলা হচ্ছে জোর করে নয়, স্বেচ্ছায় লোকে দুবার অপারেশন করাচ্ছে। আবার বলা হচ্ছে এখন করলে ১০৫ টাকা পাও অপেক্ষা কর সেটা বেড়ে ২০৫ টাকা হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানিনা এটা খবরের কাগজে বেরুবে কিনা, মাননীয় সদস্যদের জানা দরকার তাই বলছি।

আমরা একটা intellegence cell operate করাচ্ছি। যার ফলেতে প্রত্যেক জায়গায় হেল্‌থ সেক্রেটারীর আণ্ডারেতে প্রত্যেক বিষয় আমাদের নিজস্ব তদারকিতে রয়েছে এবং Health Deptt. এর Secretary এবং Director of Health Services এবং State Family Planning Officer মিঃ দাশগুপ্তের personal তদারকিতে আমাদের monetary system এবং কিভাবে demography maintain করা হচ্ছে সেদিকে লক্ষ্য করা হচ্ছে। এমন কি ভারত সরকার থেকে একজন অফিসার এসেছেন আমাদের এখানকার কাজ দেখতে। নদীয়া জেলায় তিনি প্রথম যাচ্ছেন এবং পশ্চিম দিনাজপুর জেলাতে খুব ভাল কাজ করছে তাই নদীয়া জেলায় যদি কিছু ঘটে থাকে– যেমন মাননীয় সদস্যরা কয়েকটি জেলা থেকে আমাকে টেলিগ্রাম করে জানিয়েছেন তাঁদের সন্দেহ হয়েছিল—Health Minister এখানে এসে দেখুন এখানে জোরজার করা হচ্ছে বা false case করা হচ্ছে। আমি সঙ্গে সঙ্গে তার তদারকী করেছি—কোন হেড ক্লার্ক বা ফার্মাসিষ্টদের সঙ্গে ঝগড়া বা কোন ডাক্তারবাবুর সঙ্গে ফার্মাসিষ্টের ঝগড়া। আর এই রেষারেষির ফলেতে কিংবা Private Practitioner যিনি ঐ লোক্যালিটিতে রয়েছেন তার সঙ্গে health centre এর ডাক্তারবাবুর ঝগড়া। এর ফলে এই টেলিগ্রামগুলো হচ্ছে। তবে দু একটা কেস প্রমাণিত হয়েছে। যেখানে আমরা বলেছি বা তার যাতে re-canalisation সম্ভব হয়—তার চেষ্টা আমরা

তাড়াতাড়ি ৬ই জুন তারিখের লেখা চিঠি সঙ্গে সঙ্গে কোন action নেওয়া হয়ে থাকে আমাদের জানালে কল্যাণীতে আমাদের যে recanalisation centr অনেক successful হয়েছে—নদীয়া জেলার কল্যাণীতে যে centre রয়েছে সেখানে আমরা নিয়ে যাব ও পরীক্ষা করাবো এবং নিজেরা দেখবো। অনেক সময় আম বিশিষ্ট লোকদের কাছ থেকে ফোন পেয়েছি যে ১০জন লোক এসেছে—তারা এ বলছে বাড়িতে গিয়ে যে আমাদের প্রত্যেককে দুবার করে operation করা হয়ে এবং প্রথমবার ১০৫ টাকা দেওয়া হয়েছে, আর দ্বিতীয়বার ৫০ টাকা দেওয়া হয়েছে আমি তাঁকে বললাম আপনি ওদের বসিয়ে রাখুন আমি নিজে লোক নিয়ে যাচ্ছি গি দেখছি, আমি Director of Health Service-কে নিয়ে যাচ্ছি। এতবড় কে কখনো পাইনি। আমি সেখানে গেলে পর তিনি বললেন—অজিতবাবু, ওরা স ভয় পেয়েছে, তাই চলে গেল। তখন আমি বললাম—আপনি তাদের addres রেখেছেন? তিনি বললেন—না তো, আমি address রাখিনি। এই ঘটনা বলা উদ্দেশ্য হলো—এতবড় একটা national programme-এর প্রত্যেকটা জিনিষ নিশ্চিতভাবে ঠিক হচ্ছে তা নয়, সেটা হওয়াও অসম্ভব। ৬ লক্ষ ২৫ হাজার operatio হয়েছে। এর মধ্যে যে এদিক ওদিক দু-একটা অন্যায় থাকবে না—এ সম্পর্কে একদ সঠিকভাবে বলা সম্ভব নয়। কিন্তু ডাক্তারবাবু যাঁরা যাঁরা কাজ করছেন, নার্সিং ষ্টা যাঁরা যাঁরা এতে কাজ করছেন, আমাদের অফিসার যারা এতে কাজ করছেন, তাঁদে উপর আমার বিশ্বাস আছে। তাদের আমরা spot checking করি, cros checking করি, এক একটা district, inter district check করছি। এর সঙ্গে সঙ্গে এ সম্বন্ধে আমাদের যে নিজস্ব উপায় আছে—সেটা আমি এখানে বলে পারছি না; সেই নিজস্ব উপায় দিয়েও আমরা checking করছি যাতে কোথাও কো অন্যায় না হয়। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো তিনি নিজে একজ important নামকরা lawyer। সুতরাং তিনি জানেন—যদি particulars, বিশ information না থাকে, তাহলে allegation-গুলি কিছুতেই আমরা enquir করতে পারি না। Moving নদীয়ার উপর enquiry বা moving উনি বললে সারা পশ্চিমবাংলায় একটা ভীষণভাবে অন্যায় চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটার আমি তীব্র ভাষায় নিন্দা করছি, এর প্রতিবাদ করছি, এবং allegation-গুলো আমি deny করছি। এই কারণে যে একটা জাতীয় প্রকল্প নিয়ে যখনই আমর এগিয়ে যাব, তখন আমরা নিজেরা আগবাড়িয়ে গিয়ে তাকে অন্যায় বলবো এবং যখ এর particulars চাইব—তখন একটি মাত্র কার্তিক চন্দ্র দাশ এবং তিনি newl

দিতে পারেন নি। তিনি lawyer, কেবল আসাম নগর বা বে ুয়াদহরি বললে চলবে না। তিনি নদীয়া জেলার অনেকদিনের মানুষ। আমি চাইছি particulars নাম—প্রত্যেকটি নাম ঠিকানা চাই এবং কোথায় কোথায় ঘটনা ঘটেছে। তাহলে পরে আমি হাউসকে assure করতে পারি। মাননীয় সদস্য যাঁরা আছেন তাদেরও অনুরোধ করবো এই national programme আমাদের সমগ্র পশ্চিমবাংলায় এটাকে আমরা বিরাটভাবে এগিয়ে নিয়ে যাচ্ছি। এবং আপনারা কোথাও যদি কোন অন্যায়ের খবর পান তাহলে আপনারা লিখিতভাবে নাম ও ঠিকানা আমাকে দিয়ে দেবেন কিংবা কোন হেল্‌থ সেণ্টারে কোন ডাক্তারবাবু এই কাজ করছেন তা আমাকে জানিয়ে দিন তাহলে পরে দেখবেন আমি প্রচণ্ডভাবে তার বিরুদ্ধে action নেব এবং এই অন্যায় কিছুতেই বরদাস্ত করবো না। কিন্তু আজেবাজে কথা বলে হাউসের মধ্যে—পূর্বে আমাকে টেলিফোন না করে আমাকে একটা কিছু না জানিয়ে এই হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করবেন না। একটা বিরাট national programme সমগ্র পৃথিবী যেদিকে তাকিয়ে আছে, যখন পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে এই কাজেতে—সেটা ২৫ দফা কর্মসূচীর মধ্যে একটা—কর্মসূচীতে আমরা definite একটা ছাপ রাখতে পেরেছি, তখন সেখানে শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের মুখ থেকে, একজন ল'ইয়ারের মুখ থেকে without any further and better particulars rather no particulars at all ; এটা একদম অশোভন। আর একটা কেস cited, যেটা ওর বিরুদ্ধে চলে গেল যে operation হচ্ছে না, অথচ টাকা নেওয়া হচ্ছে এবং প্রত্যেকটা ভুল operation হয়েছে। এর মধ্যে দু-একটা ভুল হতে পারে। তবে প্রত্যেকটা ভুলের দায়িত্ব যেমন সরকার নিতে পারেন না। যখন election হয়েছিল—শ্রীমৈত্রের, তখন তিনি কি গ্যারাণ্টি দিতে পারেন—যে তাঁর নির্বাচনে একটা false voting হয়নি? সে গ্যারাণ্টি তো তিনি দিতে পারছেন না। বিরাট একটা ব্যাপার হচ্ছে বিরাট একটা জাতীয় প্রকল্প—, বিরাট জিনিষ যখন চলছে—, তখন এক আধটু ভুল এদিক ওদিক হয়ে যাবার সম্ভাবনা থাকে। আপনারা এ ব্যাপারে সাহায্য করুন। আমি লিখিত ভাবে অর্ডার দিয়েছি—কখনো ডাক্তারবাবু বা কারো কোন সন্দেহ থাকে তিনি তাকে MLA-এর কাছ থেকে সার্টিফিকেট আনতে বলবেন কিংবা অঞ্চলপ্রধানের কাছ থেকে সার্টিফিকেট আনতে বলবেন—কিংবা গেজেটেড অফিসারের কাছ থেকে সার্টিফিকেট আনতে বলবেন, কিংবা District Magistrate-এর কাছ থেকে সার্টিফিকেট আনতে বলবেন।

এম, এল, এ, যারা রয়েছেন তাদের অনুরোধ করবো তারা যদি কোথাও কোন খবর পান আমাকে সরাসরি টেলিগ্রাম বা টেলিফোনে জানাবেন। আমি কথা দিতে

পারি ৬ লক্ষ ২৫ হাজার অপারেশান হয়েছে, এর মধ্যে দু একটা ভুল যে নেই তা নয়, কিন্তু কাশীবাবু যে বললেন সারা পশ্চিমবাংলাতে ভীষণভাবে জুয়াচুরি হচ্ছে, তা সত্য কিছুতেই নয়। আমি আনন্দিত হবো যদি তিনি প্রমাণ করতে পারেন বেশি নয়, প্রমাণ করে দিন ভুল, তাহলে নদীয়ার সি, এম, ও, এইচ থেকে আরম্ভ করে যারা আছেন তাদের প্রচণ্ড আইনতঃ শাস্তি যা আছে তা পেতে হবে। একটা প্রকল্প যেটা জাতীয় প্রকল্প যেখানে আমরা সুন্দরভাবে কাজ করছি—আমাদের ডাক্তার-বাবুরা, আমাদের নার্সিং ষ্টাফ, ক্লাস থ্রি এবং ক্লাস ফোর ষ্টাফ স্বাস্থ্যদপ্তরের ৭৫ হাজার কর্মচারী তারা না খেয়ে না দেয়ে কাজ করছে, তাদের উপর দোষারোপ করবেন না শ্রীমৈত্র। তারা মুখে রক্ত তুলে কাজ করছে। আমি তাদের জন্য গর্বিত যে তারা ন্যাশনাল প্রোগ্রামে কাজ করছে। আপনি প্রমাণ দিন এই হাউস চলাকালীন সময়ের ৭ দিনের মধ্যে। আমি আপনাকে চ্যালেঞ্জ জানাচ্ছি। আপনি আমাদের নাম ধাম ঠিকানা দিন আমরা তখন মাথা নীচু করে আমাদের দোষ স্বীকার করে নেবো।

শ্রীকাশীকান্ত মৈত্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমার প্রশ্নগুলো এড়িয়ে গেলেন। আমি তাঁর চ্যালেঞ্জ গ্রহণ করছি, তিনি আমার চ্যালেঞ্জ গ্রহণ করুণ। যে সাতটা হেল্‌থ সেণ্টারের কথা বললাম, আমি তো ফ্যাক্টস দিলাম, টি, ভি, টেস্ট দিয়েছি, বিলের নং দিয়েছি, টাকার অংক দিয়েছি। উনি যা বললেন আমি তো সেকথা বলি নি। উনি সেটা তদন্ত করে হাউসে রিপোর্ট দিন। নবদ্বীপ থেকে আরম্ভ করে যে কটা হেল্‌থ সেণ্টারের নাম করলাম, আমিই তাকে চ্যালেঞ্জ করছি, তিনি আমার চ্যালেঞ্জটা গ্রহণ করুণ। আমি তো সাধারণ সদস্য, আমার ক্ষমতা কোথায়, আমি কি করে নাম খুঁজে বেড়াবো। একই লোকের নাম সাতটা পেশেণ্ট হিসাবে দেখানো হয়েছে রেজিষ্টারে। ইম্পরটেণ্ট, ইম্পারসিয়াল অফিসার এ্যাপয়েণ্টমেণ্ট করুন, নবদ্বীপে সেই ৭শো জনের ঠিকানা। হাশেমনগর, নবদ্বীপ, রাণাঘাট, শান্তিপুর, কৃষ্ণনগর প্রভৃতিতে এনকোয়ারী হোক। আমার যদি ত্রুটি হয়, যদি প্রমাণ করেন এটা সত্য নয়, আমি স্বীকার করবো যে আমি যে তথ্য পেয়েছিলাম তাতে ভুল ছিল। আমি তো নির্ভুল নই, আমি তো ভ্রান্ত নই, আমি ইনফ্যালিবল নই। আমারও তো ভুল হতে পারে। কিন্তু এভাবে ব্যাঙ্গ করে এড়িয়ে যাওয়ার কোন মানে হয় না। আমি একবারও বলিনি ৬ লক্ষ টারগেটে দু একটা ভুল টুল হতে পারে না, আমি একবারও বলি না যে সামান্য ভুল ত্রুটি থাকবে না। আমি জাতির স্বার্থে, দেশের স্বার্থে প্রশ্ন তুললাম কিন্তু এইভাবে ব্যাঙ্গ করলেন, বিদ্রুপ করলেন,

এইরকম হার্ড ওয়ার্ড ইউস করে, শক্ত কথা ইউস করে কারো হার্ট ভাঙ্গা যায় না, মিষ্টি কথা বলে আবার চিড়েও ভেজে।

শ্রীঅজিতকুমার পাঁজা : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ব্যঙ্গ মোটেই করি নি। তিনি বলেছেন সমস্ত জাতীকে নির্বীজকরণ করা হচ্ছে। তিনি যতদিন না এই কথা উইথড্র করছেন তিনি এই হাউসে তা প্রমাণ করুন। ন্যাশনাল প্রকল্প ভাঙ্গবার জন্য যদি কোথাও চক্রান্ত হয়ে থাকে তার বিরুদ্ধে আমরা। মাননীয় প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচী, যুব কংগ্রেসের ৫ দফা কর্মসূচীর মধ্যে এটা আছে। আমি জানি সমস্ত জাতীকে নির্বীজকরণের কথা কোথায় কারা বলছেন। সুতরাং আমরা এর তীব্র প্রতিবাদ করছি। তিনি প্রমাণ করুন হাউসে। ভুয়ো কথা ল'ইয়ারের মুখ থেকে শুনতে আমরা বাধ্য নই। তিনি মন্ত্রী ছিলেন। সুতরাং তিনি এখানে আসবেন পারটিকুলারস নিয়ে, নাম-ধাম-ঠিকানা দেবেন। দরকার হলে আপনি এনকোয়ারি মিশন বসাবেন, আমি নই এবং সম্পূর্ণ ইনডিপেনডেণ্ট এনকোয়ারী হবে। কিন্তু তাঁর কাশেমনগর, বেথুয়াডিহরি এবং নবদ্বীপ হেলথ সেণ্টার বলে যে এ্যালিগেশান তার কান পারটিকুলারস নেই, তাই তাঁর এনকোয়ারীর দাবী আমি এখানে নাকচ করে দিচ্ছি।

(Noise)

Mr. Speaker : Honourable members, please take your seat, please allow me to speak. The Hon'ble Food Minister has already sought permission from me to make a statement to-day on the floor of the House. I understand that the time will be allotted for a debate on the food situation in West Bengal. The Minister is also going to make a statement to-day and I will give him permission sometime later. Now I would call upon Shri Ganesh Chandra Hatui to mention his case.

Extension of time for presentation or Privileges Committee Report

Mr. Speaker :—I have to report to the house that as the House was not in session, the Chairman of the Committee of Privileges approached me on the 24th September, 1976 to say that the report of the said committee on the case of breach of Privileges arising out of the news items puplished in the Bengali daily 'Satyajug' on the 30th April, 1976 and 7th May 1766 referred to the Committee of Privileges by me for examination, investigation and report, would not be ready for presentation on the stipulated date, namely, the 30th

September 1976 and requested me to extend the time for presentation of the said report upto the 30th september, 1976. Accordingly, on behalf of the House. I have granted extension of time for presentation of the said Report upto the 30th October. 1976.

Now I would call upon Hon'ble Shri Prafulla Kanti Ghosh to make a statement on the subject of procurement policy in regard to food for the year 1976-77 under rule 346 of the Rules and Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

STATEMENT UNDER RULE 346

Shri Prafulla Kanti Ghosh :

Sir.

I beg y ur kind permission to inform the House that the State Government has since finalised the procurement policy to be follwed for the kharif year 1976-77 beginning from November 1, 1976. In essence, the new food policy is a repetition of the policy adopted for the outgoing kharif year. The salient features of the policy are—

1. **Procurement target :** The internal procurement target has been fixed at three lakh tonnes in terms of rice. Procurement targets for individual districts will be announced later, after it becomes possible to make a more realistic assessment of the actual size of the coming winter paddy crop.

The food Corporation of India will continue to function as the State Government's agent for internal rice procurement and whole sale distribution.

2. **Methods of Procurement :** In order to achieve the target the following methods of procurement will be adopted :—

(i) A fifty percent levy, as at present, on the production of rice mills out of their own paddy.

As regards the levy-free portion of their production, the mills will be allowed to dispose it of at the prevailing market price, and unless attempts are made by them to push up the market price artificially, the Government would not put restrictions on their freedom of disposal. The District officers will, however, keep a careful watch over the price situation.

(ii) A graded levy on producers of paddy holding more than 4 acres in irrigated areas and more than 6 acres in non-irrigated areas as at present. Holding under traditional Boro and Aus will be excluded from the purview

of the proposed levy. The holding under all the high-yielding varieties will, howevr, come within the purvew of the levy order.
The scales of levy will be as follows : —

Irrigated areas

	Area of holding		Scale of levy
(i)	Up to 4 acres	... ...	Nil
(ii)	Above 4 acres up to 5 acres	... 1	quintal of paddy per acre for the area in excess of 4 acres.
(iii)	Above 5 acres up to 7 acres	... 1	quintal of paddy **plus** 3 quintal of paddy per acre for the area in excess of 5 acres.
(iv)	Above 7 acres up to 10 acres	... 7	quintals of paddy **plus** 6 quintals of paddy per acre for the area in excess of 7 acres.
(v)	Above 10 acres	... 25	quintals of paddy **plus** 8 quintals of paddy per acre for the acrea in excess of 25 acres.

Non-irrigated areas

	Area of holding		Scale of levy
(i)	Up to 6 acres	..	Nil
(ii)	Above 6 acres up to 10 acres.	...	1 quintal of paddy per acre for the area in excess of 6 acres.
(iii)	Above 10 acres up to 14 acres.	... ...	4 quintals of paddy **plus** 4 quintals of paddy per acre for the area in excess of 10 acres.
(iv)	Above 14 acres.	...	20 quintals of paddy **plus** 6 quintals of paddy per acre for the area in excess of 14 acres.

The 28th day of February, 1977 will be fixed as the last date for delivery of levy. As usual, a holding will mean the total area of lands hold and cultivated by the producer as on the 1st October, 1976 or thereafter, due allowance being given for barga cultivation.

(iii) Purchase of stocks offered voluntarily for sale by producers through a network of direct procurement agents and by the Food Corporation's own purchasing organisation.

(iv) Requisitioning of surplus stocks hold by producers/non-producers, as and when considered necessary by the District Officers.

3. **Procurement prices :** The procurement prices in respect of rice and paddy of fair average quality for the kharif year 1976-77 (effective from November 1, 1976) will remain unchanged and be as follows (in rupees per quintal) :—

Type of Grade	Paddy (exclusive of the cost of bag)	Rice (exclusive of the cost of bag)	Levy rice of rice mills (exclusive of the cost of bag)
(I)	(2)	(3)	(4)
1. Aus and Boro of traditional types	70.70	119.00	121.25
2. Aman Common	74.00	119.00	121.25
3. Aman fine	77.00	125.00	127.35
4. Aman superfine and aromatic.	80.00	135.00	137.55

Note —The prices specified in column (4) above are inclusive of the pro rata amounts of the tax levied under the West Bengal Paddy Purchase Tax Act, 1970, on paddy purchases by rice mills, while those specified in column (3) are the basic procurement prices for rice.

For all high-yielding varieties of paddy and rice including the varieiies harvested in the summer and autumn months the same prices as indicated above for Aman (according as a high-yielding variety is classified as common, fine or superfine) will apply.

No bonus or premium will be payable over and above the procurement prices mentioned above.

4. **Cordoning :** To facilitate riee procurement the following surplus districts and areas will be cordoned off from November 1, 1976 :—

Each of the districts of Bankura, Birbhum, Purulia, Midnapore, West Dinajpur and Cooch Behar, the area comprising the Sadcr, Kalna and

Katwa subdivisions of the district of Burdwan, Kandi subdivision of Murshidabad district and the area of Arambagh subdivision of Hooghly district to the west of the river Mundeswari. In addition, there will be and internal cordon within West Dinajpur district around the area comprising Balurghat subdivision and that portion of Raiganj subdivision and that portion of Raiganj subdivision which lies to the cast of the river Tangon.

In addition to the cordons indicated above, the State cordon will continue together with effective enforcement of the cordoning around the statutorily rationed areas and strict enforcement of the food laws throughout the State.

The District Officers are being requested to take immediate necessary action for the successful implementation of the procurement policy for 1976-77.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মোটামুটিভাবে ফুড পলিসি মাননীয় সদস্যদের সামনে রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ফুড পলিসি ছাড়া ফুডকে কেন্দ্র করে মাননীয় সদস্যরা কিছু কিছু কথা উত্থাপন করেছেন—আমি খাদ্যমন্ত্রী হিসাবে ভাবি যে এর যথাযথ উত্তর দেওয়া আমার কর্তব্য। তাই আমি আপনার কাছে নিবেদন করব, আপনি একটা ডেট বলে দিন যেদিন আমি এই ফুড পলিসি ও খ্যাদ্যের উপর যে যে প্রশ্ন এসেছে সে সম্বন্ধে আমার সাধ্যমত উত্তর দিতে পারি তার ব্যবস্থা করব।

শ্রীবিশ্বনাথ মুখার্জী :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে অনুরোধ করেছেন ন্যায় সঙ্গতভাবে তিনি তার উত্তর দেবেন—কিন্তু আমার একটা অনুরোধ আপনার মাধ্যমে বিজনেস এ্যাডভাইসারি কমিটি এবং মুখ্যমন্ত্রীর কাছে যে এই ষ্টেটমেন্টের উপর আমাদের আলোচনার একটা সুযোগ দেওয়া হোক, তার উত্তর উনি দিয়ে দেবেন। খুচরো কথা নয়, এই ষ্টেটমেণ্টের উপর ডিসকাসন হোক ২/৩ ঘণ্টা ধরে।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :—সেটাই হবে। এই ষ্টেটমেণ্টের উপর আলোচনা হবে খাদ্যমন্ত্রী তার উত্তর দিয়ে দেবেন—সেটাই উনি বলতে চেয়েছেন।

শ্রীবিশ্বনাথ মুখার্জি :—স্যার, আমি এই প্রসঙ্গে একটি কথা বলছি। এই প্রোকিওরমেণ্ট পলিসি বা খাদ্য পলিসির সঙ্গে জিনিসপত্রের মূল্যবৃদ্ধির আলোচনা যেটা আমি আগেই জানিয়েছি সেটা এর সঙ্গে জড়িয়ে দেবেন না। কারণ, ওষুধ,

সরষের তেল কাপড়-চোপড়, ডাল, তেল ইত্যাদি জিনিসপত্রের মূল্যবৃদ্ধির সঙ্গে এর কোন সম্পর্ক নেই। সুতরাং দুটো আলাদা আলাদা দিন ঠিক করে দেবেন।

মিঃ স্পীকার ঃ—বিজনেস এ্যাডভাইসারি কমিটির মিটিং বসবে এবং ডিসিসন উইল বি টেকেন ইন দি বিজনেস এ্যাডভাইসারি কমিটি।

The Chairman (Shri Somnath Lahiri): Mr. Speaker, Sir, with your permission, I beg to move that the time for presentation of Reports of the Public Accounts Committee on the accounts of the States for 1972-73 and 1973-74 and the Reports of the Comptroller and Auditor General of India thereon as well as the Report on the two advance Reports of the Comptroller and Auditor General of India for 1971-72 and 1972-73 be extended till 22nd April, 1977.

Sir, I would like to mention, in this connection that the Accounts for 1972-73 and the Report of the C.A.G. of India thereon were laid before the House on the 7th May, 1974 and the accounts for 1973-74 and the Report of the C.A.G. of India thereon was laid before House on the 1st December, 1975. Besides, advance Reports of the Comptroller and Auditor General of India for1971-72 and 1972-73, the former on the expenditure on relief and rehabilitation of Bangladesh refugees and the latter on the Emergency Agricultural Production programme and the crash scheme for rural Employment by the Government of West Bengal were presented before the House on the 29th July, 1975. The present Committee, constituted as it was on the 23rd April, 1976 has not found it practicable to complete the voluminous task within 3 months prescribed in Rule 303(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly primarily due to the non-availability of a large number of Departmental replies in time.

Hence this motion for extension of time.

The motion was then adopted.

The Bengal Motor Vehicles Tax (Amendment) Ordiance, 1976.

Shri Gyan Singh Sohanpal :—Sir, I beg to lay the Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1976 (West Bengal ordinanceNo. X of 1976) under article 213(2)(a) of the Constitution of India.

The Burdwan University (Amendment) Ordinance, 1976.

Shri Mrityunjoy Banerjee : -Sir, I beg to lay the Burdwan University (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XI of 1976), under article 213 (2) (a) of the Constitution of India.

The Calcutta University (Amendment) Ordinance 1976.

Shri Mrityunjoy Banerjee :—Sir, I beg to lay the Calcutta University (Amendment) Ordinance. 1976 (West Bengal Ordinance No. XII of 1976), under Article 213 (2) (a) of the Constitution of India.

The Calcutta Municipal (Amendment) Ordinace, 1976

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to lay the Calcutta Municipal (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XIII of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The Bengal Municipal (Amendment) Ordinance, 1976

Shri Subrata Mukhopadhaya :—Sir, I beg to lay the Bengal Municipal (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XIV of 1976), under article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal (Second Amendment) Ordinanee, 1976

Shri Subrata Mukhopadhaya : - Sir, I beg to lay the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XV of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Tramways Company (Taking over the Management (Amendment) Ordinance, 1976

Shri Gyan Singh Sohanpal :—Sir, I beg to lay the Calcutta Tramways Company (Taking over the Management) (Amendment) Ordinance 1976 (West Bengal Ordinance No. XVI of 1976), under articles 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Ordinance, 1976

Shri Gurupada Khan :—Sir, I beg to lay the West Bengal public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XVII of 1976), under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Ordinance, 1976

Shri Subrata Mukhopadhaya :—Sir, I beg to lay the West Bengal Cinemas (Regulation) (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XVIII of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta University (Second Amendment) Ordinance, 1976

Shri Mrityunjoy Banerjee :—Sir, I beg to lay the Calcutta University (Second Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XIX of 1976) under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Ordinance, 1976

Shri Gurupada Khan :—Sir, I beg to lay the West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XX of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1976

Shri Subrata Mukhopadhaya :—Sir, I beg to lay the Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XXI of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Premises Tenaney (Amendment) Ordinance 1976

Shri Gurupada Khan :—Sir, I beg to lay the West Bengal Premises Tenancy (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XXII of 1976), under Article 213(2)(a) of the Constitution of India.

Laving of Rules

Amendment to the West Bengal Premises Tenancy Rules, 1956

Shri Gurupada Khan :—Sir, I beg to lay the amendments to the West Bengal Premises Tenancy Rules, 1956.

Amendments to the West Bengal Probation of Offenders Rules, 1960

Shri Gyan Singh Sohanpal :—Sir, I beg to lay the amendments to the West Bengal Probation of Offenders Rules, 1960.

Laving of Reports

Annual Report and Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1972-73

Dr. Zainal Abedin :—Sir, I beg to lay the Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1972-73.

Annual Report on the working and affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1974-75

Dr. Zainal Abdein :—Sir, I beg to lay the Annual on the working and affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1974-75.

Report of the Calcutta State Transport Corporation Inquiry Commission together with a memorandum of action taken thereon.

Shri Gyan Singh Sohanpal :—Sir, I beg to lay the Report of the Calcutta State Transport Corporation Inquiry Commisstion together with a memorandum of action taken thereon.

(At this stage the house was adjuorned for half-an-hour.)

[After adjournment]

[3-30—3-40 p.m.]

LEGISLATION

The Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976

Shri Gyan Sing Sohanpal :—Sir, I beg to introduce the Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Gyan Singh Sohanpal :—Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976, be taken into consideration.

Sir, motor vehicles playing in the airports at Bombay and Madras and owned by Air Companies and Companies supplying fuel, etc. in the airports are granted relief from payment of motor vehicles tax. In order that movement of aircrafts in and out of Calcutta Airport proves to be as attractive to such organisations as in Bombay and Madras, the Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976 seeks to exempt motor vehicles which are solely used for the purpose of refuelling aircrafts within an aerodrome from payment of motor vehicles tax. In the recent past a large number of international transport opersators moved out of Calcutta. The present Bill proposes to do away with the comparative disadvantages now existing in the operation of aircrafts in Calcutta Airport. This Bill seeks to replace the Bengal Motor Vehicles (Amendment) Ordinance, 1976, promulgated by the Governor and published in the Calcutta Gazette, Extraordinary of the 14th May 1976. The amount of motor vehicles tax to be exempted in implementation of the proposed enactment is Rs. 50 thousand approximately per annum.

With thee words, I commend my motion for consideration by the House.

শ্রীগিরিজাভূষণ মুখার্জী :—মিঃ স্পীকার, স্যার, ট্রান্সপোর্ট মিনিষ্টার এই যে বিলটা এনেছেন বিলটা আমি সমর্থন করি। কিন্তু প্রশ্নটা হচ্ছে এই যে শুধু কি ফরেন প্লেন যারা আসত কলকাতায় তারা কলকাতার ফ্লাইট সিজ করেছিল মাত্র বাৎসরিক ৫০ হাজার টাকা ট্যাক্সের জন্য যেটা রিলিফ দেওয়া হবে ? আপনারা জানেন সো মেনি প্লেনস আসছে যাচ্ছে, এই টাকাটা এক্সট্রা বার্ডেন হিসাবে থাকার ফলে কি তারা ফ্লাইটটা বন্ধ রেখেছিল ? আমার মনে হয় এর মধ্যে আরো কিছু আছে। তাই এই বিলকে সমর্থন করার সাথে সাথে বলব এর মধ্যে আরো যা কিছু ফ্যাক্টরস আছে সেগুলিকে খোঁজ করুন, খুঁজে আরো ফরেন প্লেনস যাতে এখানে আসে তার জন্য সেণ্টারের সঙ্গে নেগোসিয়েট করুন। এটা যাতে ইনটারন্যাশানাল এয়ারপোর্ট হিসাবে গ্রো করে তার জন্য সচেষ্ট হোন। এটা ওয়ান অব দি মাইনর ফ্যাক্টরস হতে পারে, এটা মেজর ইসু নয়। দ্বিতীয় কথা হচ্ছে এয়ারপোর্টে ফাইভ স্টার হোটেল করে এয়ারপোর্টকে এ্যাট্রাকটিভ করেছি কিন্তু তার আশপাশের অবস্থা কি, তার রাস্তা কি এ্যাট পার উইথ বোম্বের অর ম্যাডরাস হয়েছে ? এয়ারপোর্টে যাতায়াতের একটা রাস্তা আছে, দ্বিতীয় কোন রাস্তা নেই। বিভিন্ন দিক থেকে রাস্তা তৈরি করে তার এ্যামেনিটিজ বাড়াবার জন্য সেণ্টারের সঙ্গে নেগোসিয়েট করুন, এটা সত্যই যাতে একটা ইণ্টারন্যাশানাল এয়ারপোর্ট হিসাবে গড়ে উঠে তার চেষ্টা করুন। আমাদের জমি অনেক আছে, এটাকে যদি বিল্ড আপ করা যায় তাহলে সেখানে অনেক বিজনেস গ্রো করবে, অনেক ট্রেড ডেভেলপ করবে। সেই দিক থেকে বিলটাকে সাপোর্ট করার সাথে সাথে বলব একটুখানি ভাল কাজ করার দিকে এগিয়ে আসুন, এই বিষয়ে সচেষ্ট হোন। এই কথা বলে বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্ঞানসিং সোহনপাল :—মিঃ স্পীকার, স্যার, উত্তর দেওয়ার কিছু নেই। আমি গিরিজাবাবুকে ধন্যবাদ দিচ্ছি, তিনি দয়া করে আমার বিলকে সাপোর্ট করেছেন। তিনি যে কথাগুলি বলেছেন, তাঁকে আমি জানাতে চাই, সেই কথাগুলি আমার ডিপার্টমেণ্টের আণ্ডারে পড়ে না। আমার ডিপার্টমেণ্টের যা করার ছিল সেগুলি আমার ডিপার্টমেণ্ট থেকে করা হয়েছে এবং এটা করা হয়েছে ইন দি লাজার (Largar) ইনটারেস্ট অব দি টেস্ট।

The motion of Shri Gyan Singh Sohanpal that the Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976, be taken into consideration was then put and agreed to.

The question that clauses 1. 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gyan Sing Sohanpal :—Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax (Second Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[3-40—3-50 p.m.]

The Calcutta Tramways Company (Taking Over of Management) (Amendment) Bill, 1976.

Shri Gyan Sing Sohanpal :—Sir, I beg to introduce the Calcutta Tramways Company (Taking Over of Management) (Amendment) Bill, 1976. and to place a statement as required under rule 72(1) of the Rules and Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Gyan Sing Sohanpal :—Sir, I beg to move that the Calcutta Tramways Company (Taking Over of Management) (Amendment) Bill, 1976, be taken into consideration.

Sir, the operation of the Calcutta Tramways Company is governed by the Calcutta Tramways Act, 1951 but in 1967. on the ground that the Company had not been managing its affairs properly, the State Government enacted the Calcutta Tramways Company (Taking over of Management) Act, 1967, with a view to taking over the management thereof.

Under section 3(1) of the said Act, the State Government took over the management of the Undertaking. Any order issued under section 3(1) of the Act was to remain in force for a period of three years from the date of its publication in the Official Gazette. The said period of three years was extended from time to time. By the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Act, 1975, the period was extended to nine years. The said period of nine years would have terminated after the 18th July, 1976. But it was not the intention of the State Government that the management of the Undertaking should revert to the Company. While negotiations were going on with the Company in the matter of its purchase, the deal could not be finalised as various legal and technical issues have cropped up in connection therewith. It was, therefore, decided to continue the existing Government management of the Company for a further period of one year beyond the 18th July, 1976, during which period steps might be taken to finalise the matter.

As the State Legislature was not in session and the matter was considered to be extremely urgent necessitating immediate action, it was decided to promulgate an Ordinance for the purpose. Accordingly, an Ordinance, namely, the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Ordinance, 1976, was promulgated by the Governor on the 17th July, 1976 after obtaining instructions from the President and published in the Calcutta Gazettee, Extraordinary of the 17th July, 1976. It is now necessary to have ordinance replaced by a suitable Act, The present Bill seeks to achieve the above purpose.

Sir, with those words I commenced my motion for consideration of the House.

Mr. Speaker :

I now call upon Shri Somnath Lahiri to speak.

Shri Somnath Lahiri :

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ—শ্রীযুক্ত স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় দি ক্যালকাটা ট্রামওয়েস্ কোম্পানী (টেকিং ওভার অব ম্যানেজমেন্ট) (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৬ আমাদের কাছে পড়ে শোনালেন। তিনি একটি ছাপান বিল আমাদের পড়ে শোনালেন, কিন্তু এই ব্যাপারে বিস্তৃতভাবে কিছু আমাদের কাছে বললেন না। অবশ্য এটা কোন বছরেই করা হয় না। প্রতি বছরই দেখি ১ বছর করে সময় বাড়িয়ে নেওয়া এটা যেন একটা নিয়ম হয়ে দাঁড়িয়েছে। আমি এই বিলের বিরোধিতা করছি না, কিন্তু এ সম্বন্ধে গভর্ণমেন্টের অনেক সমালোচনা করার আছে। আজকাল অবশ্য সংসদীয় গভর্ণমেণ্টের নীতি সম্বন্ধে সমালোচনা করা নিরর্থক কারণ আজকাল সংসদের বাইরের লোক এ সম্বন্ধে কিছু জানতে পারে না। সমালোচনামূলক কথাবার্তা বলার ব্যাপারে এখনও দেখছি যথেষ্ট ভীতি রয়েছে তবুও আমি কিছু কিছু প্রশ্ন রাখছি এবং আশা করছি মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন। তিনি যদি প্রশ্নগুলোর উত্তর দেন তাহলে আমরা যতটুকু পারি মুখে মুখে সেগুলো শ্রমিক এবং জনসাধারণের কাছে জানাবার চেষ্টা করব।

এখন প্রশ্ন হচ্ছে ৯ বছরেও কোম্পানী কেনার কাজটা সমাধা হলো না কেন? আমরা যখন প্রথম আইনটা করেছিলাম আশা করেছিলাম তিন বছরের হয়ে যাবে। কিন্তু তিন বছর আমরা সরকারে থাকতে পারি নি। তারপর আপনারা এসেছেন কিন্তু নয় বছরেও হলো না। আবার দশ বছর চাইছেন। দশ বছরে পরে আবার হয়ত এক বছর চাইবেন। এইভাবে বছর বছর করে যুগ হয়তো পার হয়ে

যাবে। কবে কিনবেন এই কোম্পানী সেই কথাটা একটু খোলসা করে বলুন। মন্ত্রী মহাশয় স্টেটমেণ্ট অব অবজেকটস অ্যাণ্ড রিজন যা বলেন—There are legal and technical difficulties to purchase the Company.

কিন্তু যেখানে দশ বছর কেটে যায় সেখানে লিগ্যাল অ্যাণ্ড টেকনিক্যাল ডিফিক্যালটিস কি সে কথা অত্যন্ত খোলাখুলিভাবে জনসাধারণকে জানানো দরকার। সেটা শুধু মন্ত্রী মহাশয়ের দপ্তরে মধ্যে থাকবে এমনকি আমরা এ্যাসেমব্লি-র লোকরা পর্যন্ত জানতে পারবো যে কি বাঁধা সেটা ঠিক নয়। তাঁর বক্তৃতায় আমি আশা করেছিলাম অত্যন্ত তিনি এক্সপ্লেন করবেন যে টেকনিক্যাল অ্যাণ্ড লিগ্যাল ডিফিক্যালটিস কি তাও তিনি করলেন না। আমরা শুধু চোখ বুজে জানবো মন্ত্রী মহাশয়ের মতে কিছু ডিফিক্যালটি আছে। সুতরাং নয় বছরের জায়গায় দশ বছর করে দাও। পরে বছর হয়ত আবার এগার করে দেব। কাজেই এখন সময় হয়েছে যথেষ্ট যে মন্ত্রী মহাশয়ের মতে কোন ডিফিক্যালটি থাকে সেটা কি তা হাউসের সামনে তুলে ধরবেন যাতে হাউস তাঁর সঙ্গে জিনিসটা বুঝবার চেষ্টা করতে পারে যে ডিফিক্যাল-টিসগুলি বাস্তব না তার থেকে বেরুবার অন্য কোন উপায় আছে। হাউসের পরামর্শ নিলে কোন ক্ষতি হবে না। কিন্তু না জানলে আমরা কি পরামর্শ দেব। লোকের একটা অধিকার আছে জানবার। নয় বছর পরেও হচ্ছে না কেন তার কোন বিশদ বিবরণ আমরা পাচ্ছি না। তারপর ধরুন ট্রামওয়ে আণ্ডারটেকিং যে আইনটা বললেন তার একটা ধারা আছে যে বছর বছর ট্রামওয়ে আণ্ডারটেকিং-এর কাজকর্ম সম্বন্ধে একটা রিপোর্ট তৈরী করে এবং সেই রিপোর্ট এ্যাসেমব্লির কাছে পেশ করা হবে। লাষ্ট রিপোর্ট পেশ করা হয়েছ ১৯৭২ সালে। ৭৩ সালের একটা রিপোর্ট ছেপেই তার একটা কপি যদিও আমার কাছে আছে কিন্তু এ্যাসেমব্লির মেম্বারা এখনও পাননি। এই আইনটা এইরকমভাবে অবলীলাক্রমে কেন ঘটতে দেওয়া হচ্ছে। এ্যাসেমব্লির সদস্যদের কেন সময়মতো জানতে দেওয়া হচ্ছে না। ১৯৭৬ সালে কেন ৭৫ সালের রিপোর্ট পাচ্ছি না এর কারণ মন্ত্রী মহাশয় নিশ্চয় বলবেন। ৭৩ সালে ঠিক দেওয়া হয়েছিল কি হয়নি আমি পাকাপাকিভাবে জানি না। বোধহয় হয়নি কিন্তু যদিবা দেওয়া হয় তা হলে সেটা তিন বছর আগেকার রিপোর্ট। ৭৬ সালে আমরা স্বভাবতই এক্সপেক্ট করতে পারি যে ৭৫ সালের রিপোর্ট আসবে কিন্তু তার কোন উল্লেখ পর্যন্ত নাই। এদিকে ডিফিক্যালটিস কি তাও তিনি জানাবেন না। ট্রামওয়ে আণ্ডারটেকিং আইনত দায়িত্ব থাকা সত্ত্বেও তাঁরা সময়মতো জানাবেন না আমরা অন্ধকারে কি আলোচনা করবো বুঝতে পারছি না। যাইহোক রিপোর্ট যা পেয়েছি সেই রিপোর্টের ভিত্তিতেই আমি কয়েকটি প্রশ্ন মন্ত্রী মহাশয়কে করতে চাই

যদি পারেন জবাব দেবেন। এই রিপোর্টে দেখছি ১৯৭৩ সালের যে ব্যালেন্স সীট আছে ব্যালেন্সসীট এ্যাজ অন ৩১ ডিসেম্বর সেই ব্যালেন্সসীট কোম্পানীর দাম কত আর গভর্ণমেন্ট কোম্পানীকে দিয়েছে কত সেই হিসাবটা দেখলে দেখা যাবে ৭২ সালের ডিসেম্বর পর্যন্ত গভর্ণমেন্ট অব ওয়েস্টবেঙ্গলের কাছে কোম্পানীর ৬ কোটি ৮১ লক্ষ ৮৬ হাজার ৪০৯ টাকা আর তার ওপর ৫৪ লক্ষ ৩৭ হাজার ৯০২ টাকা।

মোট '৭২ সাল পর্যন্ত গভর্ণমেন্টর কাছে কোম্পানীব দেনা ৭ কোটি ৩৬ লক্ষ কিছু হাজার টাকা। এই হল শুধু গভর্ণমেন্টের কাছে '৭২ সাল পর্যন্ত দেনা। তারপর '৭৩ সালে আরো ফারদার ওয়েস এ্যান্ড মিন্স এ্যাডভ্যান্স দিয়েছে গভর্ণমেন্ট ১ কোটি ৯৬ লক্ষ ৪৭ হাজার টাকা। এছাড়া আরো একটা সেমি গভর্ণমেন্ট বডি অর্থাৎ সি এম ডি এ, তারা ১৯৭২ সাল পর্যন্ত সুদ সহ যে দেনা দিয়েছে, যা শোধ হয়নি, ৩ কোটি ৮৯ লক্ষ টাকা। আর ট্রামওয়েজ কোম্পানীকে ২ কোটি ৩৯ লক্ষ টাকা গভর্ণমেণ্ট যা দিয়েছে '৭২ সাল পর্যন্ত আর সি এম ডি এ, '৭৩ সাল পর্যন্ত সব যোগ করলে হয় ১৫ কোটি ৫৫ লক্ষ টাকা। এই হচ্ছে ট্রাম কোম্পানী পারচেজ করতে হলে কত দিতে হবে? ১৯৫১ সালে ট্রামওয়ে এ্যাক্ট যা আছে তাতে ৩৭ লক্ষ ৫০ হাজার পাউণ্ড—ইনস্টারলিং, কোম্পানীকে দিতে হবে যদি গভর্ণমেণ্ট এটা কিনে নিতে চায়। ৩৭ লক্ষ ৫০ হাজার পাউণ্ডের দাম কত টাকায়? বর্তমানে যে রেমিটেন্স এক্সচেঞ্জ রেট আছে তাতে হিসাব করে দেখা যায় ৩৭ লক্ষ ৫০ হাজার পাউণ্ড হয় প্রায় ৪ কোটি ৬২ লক্ষ টাকা। আমাদের পাওনা সাড়ে ১৫ কোটি টাকা, আর দাম ধার্য হয়ে গেল সাড়ে ৪ কোটি টাকা বর্তমান এক্সচেঞ্জ রেটে, তাহলে সেখানে কিনতে কি অসুবিধা তা বুঝতে পারি না, সদস্যরাও যদি একটু মন দিয়ে শোনেন তাহলে বুঝতে পারবেন যে যদি তা আমরা কিনতে চাই তাহলে আমাদের লাগছে সাড়ে চার কোটি টাকা। তাহলে নিয়ে নেবার পরও আমাদের ব্যালেন্স থাকবে। সুতরাং কি অসুবিধা লিগ্যাল এবং টেকনিক্যাল যাতে ১৫ কোটি টাকার বিনিময়ে সাড়ে চার কোটি টাকা শোধ হয় না সেটা ব্যাখ্যা করে দিলে বুঝতে চেষ্টা করবো। এখানে আমার মনে হয় তাদের দাম দিলেও আরো সাড়ে দশ কোটি টাকা আমাদের ঘরে আসবার কথা। আর যদি স্টারলিংএ দিই তাহলে এখনি সবচেয়ে ভাল সময় কারণ ষ্টারলিং-এর দাম সবচেয়ে নীচে নেমেছে। এখন স্টারলিং দিলে বহু টাকা বেঁচে যাবে। কিন্তু কেন নেওয়া হচ্ছে না সেটা বিশদভাবে ব্যাখ্যা করলে বুঝতে পারবে। কোন কোন কোন কাগজে দেখেছি—এটা সত্যি কিনা জানি না, যে গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার মারফত আপনাদের সংগে নাকি ট্রাম কোম্পানীর দর কষাকষি হচ্ছে যে আপনারা ২॥ কোটি টাকার মত কোম্পানীকে আপনারা অফার

দিতে চাচ্ছেন। যদি তা সত্য হয় তাহলে আমাদের বাকী বকেয়া যা আছে তা বাদেও আরো আড়াই কোটি টাকা দিতে হবে? একটা বিলাতি কোম্পানী যে ১০০ বছর ধরে আমাদের দেশে একচেটিয়া ব্যবসা করে অনেক টাকা লাভ করেছে এবং যে ব্রিটিশের সংগে আমাদের এতই দরদ যে তারা দিয়াগো গার্সিয়া আমেরিকাকে দিয়ে দিলো যাতে আমাদের উপর খবরদারি করতে পারে এবং যারা ইন্দিরা গান্ধীর মা বাপ তোলা বাদ দিয়ে আর যা কিছু যতখানি তোলা যায় তাই তুলে সমালোচনা করে সেখানে এই দরদ দেখানর কি কারণ থাকতে পারে তা আমাদের সাধারণ বুদ্ধিতে খুঁজে পাই না। এই প্রশ্ন রাখলাম দয়া করে এর জবাব দেবেন।

তারপরে ধরুন ৯ বছর দিয়েছেন আপনারা। এই ৯ বছরে উন্নতিটা কি? কিছুটা উন্নতি হবেতো? কি উন্নতি হয়েছে? ভাড়া ডাবল হয়েছে, এ হচ্ছে এক নম্বর উন্নতি। দু নম্বর উন্নতিটা কি? যখন নেওয়া হয়েছিল তখন গাড়ীর সংখ্যা ছিল ৪১৫, আর এখন সেই সংখ্যা হল প্রায় ২৫০। ৮০ খানা গাড়ী আগুনে পুড়ে গিয়েছে কয়েক বছর আগে, আর অকেজো গাড়ী চালু করা হচ্ছে। ওয়ার্কারররা যে সব পরামর্শ টরামর্শ দেয় কোম্পানীর কর্তৃপক্ষ ইঞ্জিনীয়ারিং বিভাগের বক্তব্য শোনেনা। ফলে আজকে ট্রাম সেই ১৯৬৭ সাল থেকেই খোঁড়াচ্ছে। সেই খোঁড়ান গাড়ীর উন্নতির জন্য সরকার এখন কি ভাবছেন এবং কি হতে পারে দয়া করে জানাবেন। সুন্দরী ট্রাম বেরুচ্ছে। খোঁড়ান মানুষের গায়ে রং দিলেও সেই খোঁড়ানোটা ঢাকা পড়বেনা। রঙে কি হবে? তারপরে ধরুন টেকওভার আইনে এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে ওয়াকারিদের পুরানো সার্ভিস কণ্ডিশনই থাকবে। কিন্তু কিছু কিছু বদলানো হচ্ছে। যেমন ধরুন ১৯৪৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত পুজোয় তারা কাস্টমারী বোনাস পেয়ে আসছে এবং এটা তাদের পুরানো সার্ভিস কণ্ডিশনেই রয়েছে। কিন্তু এ বছর থেকে তা তুলে দেওয়া হলো। কণ্ডিশন অব সার্ভিস সরকার ইউনিলিটারেলি তুলে দিলেন। এর কারণ কি? এই রাইটই বা কোথা থেকে পেলেন? নিজেদের প্রতিশ্রুতি কি করে খেলাপ করলেন সেটা বুঝিয়ে বলুন। আবার নতুন নিয়ম চালু হয়েছে। আমরা জানতাম ৫৮ বছর বয়স হলে মানুষ রিটায়ার করে। এখন সেখানে নতুন নিয়ম চালু হয়েছে। এখন ৪৫ বয়স হলেই ডাক্তার মেডিক্যাল একজামিন করবে এবং কোম্পানী-ডাক্তার যদি মনে করেন যে যে কাজ করছে, সে এখন মেডিক্যালি ফিট নয়, তাহলে তাকে বিদায় নিতে হবে এই সব কণ্ডিশন ঢোকান হয়েছে, এটা খুব অন্যায় নিয়ম হয়েছে। শ্রমিকদের অধিকার ছিল রিটায়ার করার সময় তাদের ছেলে-পিলেদের সার্ভিসে ঢুকিয়ে যেতে পারত। একজন শ্রমিক তো আর লক্ষ লক্ষ টাকা

রোজগার করে না, তার পরিবার চালানোর জন্য তার ছেলে যদি চাকুরি পায় তাহলে তার পরিবারটা চলে। কিন্তু গত বছর কি তার আগের বছর যখন এ বিষয়ে আলোচনা হয়, তখন আমার যতদূর মনে পড়ে মন্ত্রী মহাশয় এই আশ্বাস দিয়েছিলেন, ভুল মাপ করবেন, যদি এই রকম কেস হয়, কেউ চাকুরিতে থাকা অবস্থায় মারা যায়, অথবা পারমেণ্টলি ডিজবল্ড হয়, তার বেলায় অন্ততঃ নেওয়ার কথা বিবেচনা করা হবে। আমি তাঁর দৃষ্টি আনছি, এই রকম কেস ৪০০টি তাঁর দপ্তরে গেছে, তার মধ্যে মাত্র ১১টি ক্ষেত্রে দিয়েছেন। এটা কি প্রতিশ্রুতি রক্ষা না প্রতিশ্রুতি রক্ষার ভড়ং আমরা বলবো? তারপর ধরুন নমিনি সেস্টেমের উপর খাপ্পা হয়েছেন। নমিনি দিতে পারবেনা ওয়াকাররা। তা চাকুরিতে আসে কিভাবে? কারও না কারও নমিনি তো? এই যে আপনারা যখন গদিতে বসলেন হাজার দশেক কেরানী ইলেকট্রিসিটি বোর্ডে নিয়োগ করলেন, এই লোকগুলি কার লোক? হয় কোন মন্ত্রীর নমিনি, নয়তো কোন এম এল এ-র নমিনি, নয়তো দলের নমিনি। এখন যে লোকটা কোম্পানীর সেবা করলো তাদের নমিনি দেওয়ার যদি ক্ষমতা থাকে তো তারা রাজনীতি করতে পারে, দলাবাজী করতে পারে, তাই তাদের নমিনি দেওয়ার অধিকার থাকবে না এটা কোন্ দেশী অধিকার?

কাজেই আপনারা নমিনি সিস্টেম তুলে নিয়ে নমিনীর অধিকার থেকে ওয়াকারদের বঞ্চিত করছেন—ট্রামের বেলায়। সেটা দয়া করে আপনারা করবেন না। ট্রাম ওয়াকাররা যে সামান্য সুযোগ-সুবিধা আবহমানকাল থেকে কোম্পানীর কাছ থেকে পেয়ে আসছে—সেটা যাতে রক্ষিত হয় দয়া করে আপনি দেখবেন। তারপরে আপনাদের লোকজন না হয় ঢোকাবেন।

তারপর sickness benefit ছিল—এর উপরও হাত দেওয়া হচ্ছে। এই facility তাদের old service condition-এর মধ্যে পড়ে।

আর একটা হচ্ছে gratuity—এই গ্র্যাচুইটী সম্বন্ধে একটা নতুন আইন হচ্ছে। আপনি এটা ভাল করে জানেন—গ্র্যাচুইটী হিসেব করবার সময় মাইনে এবং D. A. ধরে হিসেব করা হয়। এখন এই Tram conductor, driver-দের বেলায় সে নিয়ম খাটবে না আর। শুধু basic wage পাবে, D. A. ধরা হবে না। এ বিষয়ে দিল্লীতেও দরবার করা হচ্ছে—তাঁরা রাজি হয়েছেন—ট্রামের ক্ষেত্রেও D. A. সহ মাইনে ধরে gratuity হিসেব করা হবে। এটা চার মাস আগের কাজ। এতদিনেও এ সম্বন্ধে কোন ফয়সালা পাকাপাকিভাবে হতে পারলো না। খবর নিয়ে জানলাম—ফাইলটা নাকি এখনো finance-এর ঘরে বন্ধ হয়ে আছে। আপনি একট তাড়াতাড়ি

finance-এর ঘরে তালাটা খুলে—এই gratuity দেবার ব্যবস্থা করুন। কারণ যারা retire করতে যাচ্ছেন শীঘ্র, তারা এর সুযোগ থেকে বঞ্চিত হবেন। Govt. of India যখন স্বীকার করেছেন দিতে—ট্রাম শ্রমিকরাও এই সুযোগ পাবে, তখন যাতে তারা তাড়াতাড়ি পেতে পারে—তার ব্যবস্থা আপনি করুন।

তারপর এখন যে টাইম টেবল অনুসারে ঢিলেভাবে ট্রাম চলছে—তা না চলারই সামিল। এখন টাইম টেবলে—হাওড়া থেকে পার্কসার্কাস যেতে যে সময় লাগে—বলা আছে, আসলে কিন্তু সেই সময়ে যেতে পারে না। সুতরাং worker-দের সঙ্গে বসে একটা যুগ্ম প্রচেষ্টায় যদি time table আপনারা স্থির করেন, তাহলে অনেক সুবিধা হবে।

তারপর মল্লিক কমিশন যে বোর্ড গঠন করবার কথা বলেছিলেন—এখনো সেই বোর্ড গঠিত হয় নাই। সেখানে পরিচালক থাকবেন, assistants থাকবেন সেই Advisory বোর্ডে। খবর বেরিয়েছিল বোর্ড নাকি appointed হবে বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে লোক নিয়ে। সেই বোর্ড কবে হবে—সেটা মন্ত্রীমশায় দয়া করে বলে দেবেন। যে বোর্ডে ৮।৯ জন সদস্য থাকবেন, সেখানে মাত্র একজন শ্রমিক প্রতিনিধি নেওয়া যেতে পারে। এটা খুবই নগণ্য। আপনারা যদি বোর্ড গঠন করেন, তাহলে সেখানে যাতে substantial number of workers representatives নেওয়া হয়—সেটা মন্ত্রীমশায় যেন দেখেন। আমি এই যে প্রশ্নগুলি এখানে রাখছি। দয়া করে আপনি এর জবাব দেবেন—যাতে আমি ট্রাম শ্রমিকদের তা জানাতে পারি। আপনারা যে কোম্পানীকে আর এক বছরের জন্য অধিগ্রহণ করে রাখছেন, এটা সরাসরি আপনারা নিয়ে কলকাতায়জনসাধারণের উপযোগী করে নিতে পারবেন, এই আশা রাখি বলে এই বিলকে আমি সমর্থন করছি।

শ্রীনন্দলাল ব্যানার্জী ঃ—মিঃ স্পীকার স্যার, শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয়, কতকগুলি জিনিস বলেছেন, তাঁর দৃষ্টিভংগী থেকে, কতকগুলি জিনিসের জবাব চেয়েছেন। যারা আমরা কলকাতায় আছি, বা যারা হাজারে হাজারে কলকাতায় এসেছি, যারা ট্রান্সপোরট ব্যবহার করেছি তারা নিশ্চয় মর্মে মর্মে উপলব্ধি করবো যে ১৯৬৭ সালে যখন যুক্তফ্রণ্ট সরকার অধিগ্রহণ করলেন ম্যানেজমেণ্ট অফ ট্রামওয়েজ তখন ট্রামের অবস্থা কি ছিল? উনি বলেছেন ৯ বছরে কি করলেন? যে অবস্থায় তারা নিয়েছিলেন তাতে বলতে হয় রাস্তাগুলোতে ট্রামের ট্রাক ছিল না। ট্রাম লাইন থেকে ট্রাম ছিটকে পড়তো, বাইরের লোক চাপা পড়তো, লোকের হাত কাটতো, পা কাটতো—হামেশাই এই রকম ব্যাপার হতো। আর উনি বলেছেন ট্রাম ছিল সংখ্যায়

৪৫০টি —এটা ছিল ব্রেক থ্রেংথ। কিন্তু তৎকালে ক'খানা চালু অবস্থায় ছিল সেটা নিশ্চয় উনি জানেন, কিন্তু কেন বললেন না জানি না। ট্রাম কোম্পানী জানতো তাদের লিজের সময় পার হয়ে গেলে আর লিজ পাবে না সেজন্য তারা এক পয়সাও ব্যয় করেননি ট্রামের লাইনের জন্য। সেই রকম অবস্থায় যুক্তফ্রন্ট নিয়েছিলেন জানি না। ১৯৬৪ সাল থেকে ৯ বছরে—১৯৬৭ থেকে ১৯৭১ পর্যন্ত তারা করেন নি। দে ডিড নট এ্যাড এ্যাসিংগল ট্রাম। এখন অবস্থাটা কি নতুন ৪৭ খানা ট্রাম রাস্তায় বেরিয়েছে। আরও পরিকল্পনা রয়েছে। নতুন গাড়ী চলতে পারছে, মানুষ চলতে পারছে। এরজন্য গভর্ণমেণ্ট ১৯৭২ সালে খরচ করেছেন ৭ কোটি ৩৬ লক্ষ টাকা, ১৯৭৩ সালে ১ কোটি ৯৬ লক্ষ টাকা, সি. এম. ডি. এ ১৯৭২ সালে করেছে ৩ কোটি ৮৩ লক্ষ টাকা, ১৯৭৩ সালে করেছে ২ কোটি ৩৯ লক্ষ টাকা। মোট ১৫ কোটি ৫৪ লক্ষ টাকা। এখন যদি এ্যাকাউনটেন্সীর দৃষ্টিভংগী নিয়ে এটা দেখি তাহলে দেখবো যাদের কাছে পাওনা ছিল কয়েক কোটি টাকা, কিন্তু এসেনসিয়াল ট্রান্সপোর্ট সার্ভিস রাখতে গিয়ে জনসাধারণের স্বার্থে সরকার সাড়ে ১৫ কোটি টাকার মতো খরচ করতে হয়েছে। কিন্তু তখন যদি পারমানেণ্টলী পারচেজ করতেন তাহলে কি ঠিক হতো না? এইসব কথাগুলো এ্যাক্রোস দি টেবিল হলে ভালো হতো। এইগুলো টেকনিক্যাল কথা। হঠাৎ জাজমেণ্ট দেওয়া যায় না। চিন্তা করে আমাদের কথা বলতে হবে। আমরা তো বলতে চাই এক পয়সাও দেবো না, বরং আমরা পাই। কিন্তু তারা বলবে যে সময় নিয়েছিলে, কয়েক লক্ষ টাকা দিয়ে দিলেই তো পারতে। যুক্তফ্রন্ট সরকার সেই সময় সামান্য টাকা চুকিয়ে দিলেই পারতেন। যখন ট্রামের ট্রাক বেরিয়ে যাওয়ার অবস্থা যখন কোম্পানীকে ৮০।৯০ লক্ষ টাকা দিলেই চুকে যেতো তারা তা না করে কেন ঘাড়ে নিলেন বুঝতে পারছি না। এখন সাড়ে ১৫ কোটি টাকার মতো খরচ করে এই যে খরচা হলো এর কি একটা লায়বেলিটিস নেই। তখন সেটা কমপ্লিটলি পারচেজ করলে ন্যাশানালাইজড করলে সরকারী আইন প্রযোজ্য হয়। এই যে আর. জি, কর নেওয়া হয়েছে সেখানে একজিসটিং সার্ভিস কণ্ডিসান ছিল ৬২ বছর বয়স পর্যন্ত চাকুরী। এখন ৫৮ বছর বলা হচ্ছে। গ্র্যাচুইটী যা ছিল সরকারের আওতায় এসে কমে গিয়েছে। গ্র্যাচুইটী রুল দুটো আছে নিশ্চয় সোমনাথবাবু জানেন। একটা হচ্ছে ১৫ মাসের বেসিক করা হয়। আর একটা হচ্ছে হাফ অফ দি ওয়েজেস এ্যাণ্ড ডিয়ারেন্স এ্যালাউন্স ফর দি টোট্যাল পিরিয়ড অফ সার্ভিস। এসব সম্বন্ধে নিশ্চয় সরকারের সংগে আলোচনা হয়েছে।

এমপ্লয়ীজ সন—যদি ডায়েড ইন হারনেস হয় তাহলে তাকে চাকুরীতে নেবার প্রশ্ন থাকতে এমন ক্লজ থাকা উচিত। গভর্ণমেণ্ট এমন ষ্টিনজেণ্ট হতে পারে না।

এমপ্লয়ীজ সন ডায়েড ইন হারনেস তাকে নেওয়া হবে না। এই কলকাতা করপোরেশন সুব্রত মুখার্জি চালাচ্ছেন—সেখানেও এমন কোন হাড এণ্ড ফাষ্ট রুল নেই যে ডায়েড ইন হারনেস হলে নিতে হবে। তবে প্রত্যেকেরই এ বিষয়ে একটা সফ্‌টনেস আছে। কিন্তু তার জন্য একটা রুল হতে পারে না? সাধারণ মানুষের সরকার কল্যাণব্রতী রাষ্ট্র নিশ্চয় মানুষের সুখদুঃখে সাড়া দেবে। তিনি যে ভাবছেন একটা আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে সরকার বসে আছে এটা ঠিক নয়। এটা আমার মনে হয় তিনি একটু বেশী করে চিন্তা করছেন। যারা মারা যাবেন তাদের অবস্থার দিক চিন্তা করার আছে। একটা গ্রাউণ্ড আছে যে কথা উনি বললেন সেটা আমি মানি কিন্তু একটা কথা উনি বললেন সরকার নিয়ে কি করলেন। তাহলে তাঁকে বলতে হয় আমরা কি পেয়েছিলাম তার জবাব 'দিন তাহলে কি করেছে সরকার তার জবাব পাবেন। ১৯৪৭ সালে ইংরাজ চলে গিয়েছে আর আজ ১৯৭৬ সাল-এর মধ্যে সরকার কি করলেন একথা যদি জানতে চান তাহলে আমরা ঐ ১৯৪৭ সালে কি পেয়েছিলাম কি অবস্থা ছিল সেটা দেখতে হবে। যদি আমরা কঙ্কাল পেয়ে থাকি তাহলে সেখানে যদি প্রাণের সঞ্চার করতে হয় তার ধমনীতে যদি রক্তের সঞ্চার করতে হয় তাকে যদি প্রাণবন্ত করতে হয় তাহলে কি দরকার তা তিনি নিশ্চয় জানেন। মরাকে বাঁচাতে গেলে যে ভৌতিক কার্যকলাপের দরকার আমাদের সরকার সেই ১৯৪৭ সালের সরকার হয়তো সেই ভৌতিক দেখাতে পারে নি। তবে নিঃশ্বাস প্রশ্বাসের ব্যবস্থা করেছে এবং তার অগ্রগতি হয়ে চলেছে এটা স্বীকার করতেই হবে। আজকে সুন্দরী ট্রাম হয়েছে, অনেক নতুন ট্রাম হয়েছে—এই সবগুলি হয়েছে মানুষের কল্যাণে কাজের যে অগ্রগতি হয়েছে তা অস্বীকার করা যায় না। এই গতকালই আপনাদের অনেকের সঙ্গে আলোচনা হচ্ছিল যে রাশিয়ায় ৪০ কিলোমিটার রাস্তা ৩ পয়সায় যাওয়া যায় বাসে ৪ পয়সায় যাওয়া যায় আমি এগ্রি করি এবং We must pray for that day, we must have for that কিন্তু বাস্তব অবস্থাকে স্বীকার করে নিয়ে নিলে একথা বলতেই হবে উন্নতি সাধন হয়েছে অগ্রগতি হয়েছে। যে সমস্ত টেকনিক্যালিজ এন্ড হার্ডনেস রয়েছে কমপেনসেসনের ব্যাপারে এবং একটা ফরেন ব্যাপার শুধু তাই নয় দেয়র আর সার্টেন আদার থিংস রয়েছে আমরা কমপেনসেসন চাইব কিনা এমন অনেক জিনিস রয়েছে যেগুলি এখনই এই দু মিনিটে বলা যায় না। সমস্ত কাগজপত্র নথীপত্র দেখতে হবে। আমি এই বিলকে সাপোর্ট করছি এবং সোমনাথ-বাবুও সাপোর্ট করেছেন। এই বিলটি এক বছরের জন্য এনেছেনএবং এটা সাপোর্ট করার জন্য মন্ত্রী মহাশয় কি রিজন দেখিয়েছেন যে ১৮ই জুলাই এর টাইম এক্সপায়ার হয়ে যাচ্ছে এবং লাষ্ট যে বাজেট সেসন হয়েছে তারপর আর এসেম্বলী বসে নি, তাই

অডিনেন্স করতে হয়েছে ফর ওয়ান ইয়ার এক্সটেনসন। উই হোপ ফর দি বেষ্ট। এই এক বছরের মধ্যে যে সমস্ত টেকনিক্যালিটিজ এন্ড হার্ডনেস আছে যে রুলস-এর কচকচি আছে—এগ্রিমেণ্টের যে কতকগুলি ক্লজ হিনডেন্স আছে সেগুলি ক্লারিফাই করে একটা ব্যবস্থা করবেন। We hope next year we will be able to nationalise the transport for the benefit of the people and the Government. এই বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ কানাইলাল সরকার :—মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় জ্ঞান সিং সোহনপাল মহাশয় যে ক্যালকাটা ট্রামওয়েজ ম্যানেজমেন্ট বিলটি এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। ১৯৬৭ সালে প্রথম যুক্তফ্রণ্ট সরকারের আমলে এই বিলটি অধিগ্রহণ করা হয়। সেই সময় যখন ট্রামের সংখ্যা খুব কম ছিল তখন কেন পুরোপুরি এই কোম্পানীকে কিনে নেওয়া হল না—এটা আমরা বুঝতে পারি না। ১৯৭১ সাল থেকে ১৯৭৬ সাল পর্যণ্ত এক বছর করে অধিগ্রহণ করা হচ্ছে। আমরা নিশ্চয় আশা করব পরের বছর নিশ্চয় জ্ঞান সিং সোহনপাল মহাশয় নিশ্চয় এই ট্রাম কোম্পানী ন্যাশনালাইজ করবেন এবং জাতীয় সম্পত্তি হিসাবে এটাকে গণ্য করা হবে। আমরা জানি ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী অনেক মুনাফা এখান থেকে লুটে নিয়ে গেছেন। তাদের সংগে সরকার এবং কলকাতা পৌরসভার যে সমস্ত চুকতি ছিল সেগুলি তারা লংঘন করে গেছেন। তাদের সংগে কথা ছিল ট্রাম ট্রাক প্রপারলি মেনটেণ্ড করবেন এবং ট্রাম ট্রাকের দু পাশের ৫ ফুট করে রাস্তা তারা ঠিকমত রিপেয়ার করে রাখবেন। আমি যখন করপোরেশনে ছিলাম তখন দেখেছি তারা কখন মেনটেন করেন নি। তারা জানতেন চলে যাবেন, সেই জন্যই ট্রাম ট্রাক মেনটেণ্ড করেন নি। তার ট্রাম ট্রাকের দুপাশের রাস্তাগুলিও রিপেয়ার করেন নি। করপোরেশনের পক্ষ থেকে আমাদের রিপেয়ার করতে হয়েছে। তাছাড়া আমরা যখন ট্রাম কোম্পানী নিলাম তখন দেখেছি ট্রাম লাইনগুলি প্লেন হয়ে গেছে, ট্রামগুলি রাস্তা থেকে সরে গিয়ে দোকান ঘরে ধাক্কা মারছে, এ্যাকসিডেন্ট ঘটাচ্ছে। এই রকম অবস্থায় ট্রাম কোম্পানী নেওয়া হয়েছে। আমরা নিশ্চয় আশা করব পরের বছর এই ট্রাম কোম্পানী ন্যাশনালাইজ করা হবে। এই ট্রাম কোম্পানী বিদেশী কোম্পানী। ১০০ বছর ধরে আমাদের কাছ থেকে মুনাফা লুটেছে, সার্ভিসও দিয়েছে। ঘোড়ার ট্রাম থেমে ইলেকট্রিক ট্রাম আমাদের অনেক সার্ভিস দিয়েছে। ১৯৭২ সাল থেকে আমরা এই ট্রাম সার্ভিসের অনেক উন্নতি দেখেছি। ট্রামগুলি সুষ্ঠু সুন্দর দেখার মত হয়েছে এবং ভাল সার্ভিস দিচ্ছে। যারা অন্ততঃ

কিছুটা সময় হাতে নিয়ে আরামে যেতে চান তারা এই ট্রামে যেতে পারেন—মোটামুটি ভালভাবেই যাতায়াত করতে পারেন। আমি আশা করব আমাদের ট্রাম কোম্পানীর যে সমস্ত ট্রাম আছে সেগুলি আরো উন্নত ধরণের হবে এবং এর উন্নতি করার চেষ্টা নিশ্চয় পরিবহনমন্ত্রী করবেন। এর উন্নতি করার ফলে ট্রানসপোর্টের ডিফিকালটিজ ও অনেক কমে যাবে। কলকাতা শহরের সব চেয়ে বড় দুঃখের জিনিস হল ট্রান্সপোর্ট—কোন মানুষকে যাদবপুর কিম্বা বেলগাছিয়া থেকে ডালহাউসি স্কোয়ারে আসতে হলে হাতে এক ঘণ্টা বেশী সময় নিয়ে বেরোতে হবে এবং দম ঠিক করার জন্য এক ঘণ্টা ধরে পাখার তলায় বসে থাকতে হবে এবং খালি বাসে ঘরে ফেরার জন্য এক ঘন্টা আগে বেরোতে হবে, তা না হলে তাকে হেঁটে বাড়ী ফিরতে হবে। আমি আশা করব মাননীয় পরিবহনমন্ত্রী ট্রাম সার্ভিসের আরো উন্নতি করবেন। আর একটি কথা হল যে কটি ট্রাম আছে সেগুলি ঠিকমত চলে না। আমরা দেখেছি কখন কখন ৫/১০/১৫ মিনিট অন্তর অন্তর ট্রাম আসে, আবার একটু রাত্রি হয়ে গেলে অর্থাৎ ৮/৯ টার সময় আধ ঘন্টা অন্তর অন্তর ট্রাম চলে—তার জন্য যাত্রীদের অনেক কষ্ট ভোগ করতে হয়। এই ট্রাম কোম্পানীর আরো অনেক উন্নতি হবে এটা আমরা আশা করব এবং সাধারণ মানুষের যাতায়াতের অনেক সুবিধা করে দেবে। যে বিলটি আজকে এসেছে আমি সেই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p. m.]

শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী (টেকিং ওভার অব ম্যানেজমেণ্ট) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৬ যা মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় আজকে এই বিধানসভায় পেশ করেছেন অনুমোদনের জন্য তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর আলোচনায় প্রথম বক্তা শ্রদ্ধেয় শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে তিনি তাঁদের নিজেদের দোষ এই সরকারের উপর চাপাবার চেষ্টা করেছেন। স্যার, ১৯৬৭ সালের ২৭শে জুন তারিখে এই বিধানসভায় একটি বিল এনে এই ট্রাম কোম্পানীর পরিচালনার ভার অধিগ্রহণ করা হয়। তা যখন করা হয় তখন পরিবহনমন্ত্রী ছিলেন শ্রীজ্যোতি বসু মহাশয়। সেই সময় শ্রীযুক্ত সোমনাথ লাহিড়ী মহাশয় ও মন্ত্রীসভার একজন সদস্য ছিলেন। স্যার, আমিও একজন সদস্য ছিলাম এবং তখন দেখেছিলাম যে উইদাউট এনি ডিবেট, উইদাউট এনি এ্যামেন্ডমেণ্ট যুক্তফ্রণ্টের দাপটে এই বিল পাশ হয়ে গিয়েছিল। কিন্তু আমি জানি তখন অনেক সদস্য মহাশয়ের মনেই এই নিয়ে বিক্ষোভ ছিল যে, কেন ম্যানেজমেণ্ট টেক-ওভার করা

হল, কেন পুরোপুরি ন্যাশানালাইজ করা হল না ? আজকে স্যার, আপনার মাধ্যমে তাই সোমনাথবাবুর কাছে আমার প্রশ্ন, তখন কেন তারা ন্যাশানালাইজ না করে ম্যানেজম্যাণ্ট টেক-ওভার করেছিলেন তার আসল রহস্য যদি জানতে হয় তাহলে যাঁরা সেদিন সদস্য ছিলেন না তাঁদের আমি সেদিন জ্যোতি বসু বিধানসভায় যে বক্তব্য রেখেছিলেন তা পড়ে দেখবার জন্য অনুরোধ করবো। স্যার, তখন ট্রাম কোম্পানী ভাড়া বাড়িয়ে ৮ পয়সা থেকে ১০ পয়সা করেছিলেন। এর আগে বিধানবাবুর আমলে একবার ট্রামের ভাড়ার ব্যাপারে যে আন্দোলন হয়েছিল, এবং তার জন্য যে গুলি ছুটেছিল, মৃত্যু ঘটেছিল সে কথা সবাই জানেন। একে সেই সময় যুক্তফ্রন্ট সরকার টলমল তার উপর যদি আবার সেই রকম কোন আন্দোলন হয় সেই ভয়ে যুক্তফ্রণ্ট সরকার পেছিয়ে গিয়ে তখন টেক-ওভার অব ম্যানেজমেণ্টের ব্যবস্থা নিয়েছিলেন, পুরোপুরি ন্যাশানালাইজ করেন নি বা করবার মত ক্ষমতা তাদের হয়নি। আমরা জানি সেই সময় ৪ কোটি টাকা দিলেই এই ট্রাম কোম্পানী পাওয়া যেত। তারপর স্যার, সোমনাথবাবু বললেন, আমরা দু বছরের মধ্যে নেব এটা ঠিক করেছিলাম। কিন্তু তাঁরা তো পুনরায় ১৯৬৯ সালে এসেছিলেন বা যুক্তফ্রণ্ট সরকার গঠন করেছিলেন এবং তখনও তিনি মন্ত্রী ছিলেন তখনও কেন ন্যাশানালাইজ করা হল না সেটার জবাব উনি যদি দেন তাহলে ভাল হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই কোলকাতা শহর এমন একটা শহর যেখানে ট্রামের প্রয়োজনীয়তা রয়েছে এ একটা আজব শহর, এখানে পয়সা দিলেও ট্যাক্সি পাওয়া যায় না, বাসে চেপে নামবার পর হাত-পা ভেঙ্গে গিয়েছে কিনা বা জীবনটা আছে কিনা দেখতে হয়। এখানে ট্রামই হচ্ছে একমাত্র যানবাহন যাতে কম পয়সায় একটু আরামদায়ক ভাবে যাওয়া যায়। মাননীয় পরিবহনমন্ত্রীর কাছে তাই আমার অনুরোধ এই ট্রামের সংখ্যা যাতে আরো বাড়ানো যায় তারজন্য সচেষ্ট হন। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ট্রাম কোম্পানী যখন নেওয়া হয়েছিল তখন মাননীয় সোমনাথবাবু জানেন, তাঁদের দলেরই দুজন সদস্য হাইকোর্টে মামলা করে ট্রামকোম্পানী যাতে ভাড়া বাড়াতে না পারে তার জন্য রিট পিটিসান করে একটা ইনজাংশান পেয়েছিলেন। তা পাবার পর এই বিধানসভায় বিল আনা হয়েছিল। একথা ঠিক ৯ বছর অতিবাহিত হওয়া উচিত হয়নি, কিন্তু স্যার, আমাদের এই বর্তমান সরকার চায় না সাধারণ মানুষকে ধাপ্পা দিতে। আমাদের এই সরকার যখন নেবে তখন নিশ্চয় ন্যাশানালাইজ করবে। স্যার, ওঁরা ৪ কোটি টাকায় নিতে পারেন নি আর এখন ১৫ কোটি টাকার কথা হচ্ছে। এ বিদেশী কোম্পানী যারা লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ভারতবর্ষ থেকে রোজগার করে নিয়ে গিয়েছে তাদের কমপেনসেসান দেওয়া হবে কি হবে না সে

বিষয়ে নিশ্চয় আজকে বিবেচনা করা উচিত। এই বিলের অবজেক্ট এ্যান্ড রিজনেস বলা হয়েছে, কতকগুলি আইনসংগত ব্যাপারের জন্য এই দেরি হচ্ছে, অর্থের জন্য নয়।

সেখানে আইনের ব্যাপার আছে, আইনের জটিলতার জন্য। ৯ বছরের মধ্যে আমাদের ৪ বছরের মধ্যে নিশ্চয়ই ব্যবস্থা হওয়া উচিত। আমি মনে করি এই বিলের দ্বারা আগামী বছরের মধ্যে নিশ্চয়ই আমাদের সরকার অধিগ্রহণ করতে সক্ষম হবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলব যে ট্রাম কম্পানী বর্তমানে যেভাবে চলেছে, যে সুস্থ পরিবেশের মধ্যে দিয়ে চলেছে সেটা আমরা দেখেছি। উনি বললেন, আমরা বলেছিলাম যে কর্মচারীদের ব্যবস্থা করবো। আপনি প্রসিডিংস এনে দেখুন, কোন কথা বলা নেই কর্মচারীদের জন্য, তাদের যে সুযোগ-সুবিধা দেব একথা উচ্চারণও করা ছিল না। এখন বলছেন, কর্মচারীদের সুযোগ-সুবিধা দেব আমরা বলেছিলাম, কিন্তু তাদের জন্য অনেক কিছু ব্যবস্থা করা হয়নি। আপনি নিশ্চয়ই সেই প্রসিডিংস দেখলে দেখতে পাবেন, তারা সেসব কথা বলেন নি। তারা কেবল একথা বলেছিলেন যে ভাড়া বাড়াবার জন্য আমরা টেক ওভার করলাম। নেবার আমাদের ঠিক উদ্দেশ্য নেই, তবে এটাকে রক্ষা করার জন্য এই ব্যবস্থা নিয়েছিলাম। যাইহোক, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে একথা বলতে চাই, কিছুদিন আগে রাজাবাজারে যে কয়টি ট্রাম পুড়ে গিয়েছিল, এই ট্রাম পুড়ে যাবার ব্যাপারে যে সমস্ত লোক involve ছিল তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা তিনি নিশ্চয়ই জানাবেন। আমরা জানতে চাই যেএই দুর্ঘটনাই বলুন আর উচ্ছৃংখলই বলুন এর পিছনে কোন রাজনৈতিক দল তাদের স্বার্থকে চরিতার্থ করার জন্য রাজাবাজারের এই ট্রামগুলি নষ্ট করেছিল তিনি তার ভাষণে নিশ্চয়ই এটা ব্যক্ত করবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি আবার মাননীয় পরিবহনমন্ত্রী যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, I am grateful to Mr. Banerjee, Dr. Sarkar and Mr., Pramanik for the nice words they have spoken about the performance of the tramways. I shall convey their feelings to the employees and on my own behalf I also express my gratitude to the employees for the nice efforts they are putting in to improve the services in the city of Calcutta. Our veteran member, Mr. Lahiri, has also said that he is not against this Bill. He has, however, raised certain points which are not

new to this House. These points have been raised on the floor of this House on a number of occasions in the past and we, on our side, have replied to those points in our own way. Mr. Banerjee has, in his own way, tried to meet a number of points raised by Mr. Lahiri. I will not, therefore, touch all those points in greater details. He has spoken about the difficulties in taking over the undertaking. I wish to make it fairly clear that the intention of the Goverment is to acquire this undertaking. There are certain legal and technical difficulties which, we confess, we have not been able to solve. I am not a legal expert. I shall not be able to explain what the legal difficulties are. Our legal experts in the State are on the job. We certainly want that we should finalise the deal as early as possible.

[4-30-4-40 p.m.]

Had it been so easier as Mr. Lahiri thinks then in 1967 when this Bill was first brought here and a time was given for three years they could have finalised the deal in those three years. Thereafter, there was again President's Rule, and it could not be done during that period. We are doing our best but he should appreciate that there are difficulties standing in the way. He has raised another point about the investmens and so on. While mentioning this point he has referred to a administration report of 1973. Unfortunately that report has not been placed before the House. We propose to do it during this Session, and I would not take much cognisance of the figures and points that he has raised since it has not been laid before the House. Certainly we have made certain investments and the results are before everybody. Mr. Lahiri has also pointed out about the falling of out-shedding. He should know that the tram cars are pretty old-some are 20 years, 25 years and 40 years old. It is certainly a wonder-and I must congratuate the employees-that even with these age-old tram cars they are still maintaining the service. We have built some new cars and we have a programme to build some more. But as you know, Sir, the financial difficulties come in the way. We are also trying to solve these difficulties by approaching various agencies. We hope, we shall be able to do something in the matter. Mr. Lahiri has

also said about the employees about their grievances, about their amenities, about then privileges, and so on and so forth. I can assure Mr. Lahiri that we are equally interested in the welfare of the employees and whenever it is possible we try to meet their demands and to accommodate them as far as possible and practicable. He has said about the medical examination after 45 years of service. I think, Mr. Lahiri certainly does not want that we would allow the employees who are medically unfit to run the tram cars and thereby endanger the lives of so many passengers and the general public.

Sir, Mr. Lahiri has also mentioned about the appointments on compassionate ground. It was also raised before the House and it was pointed out to the employees that we do not accept the old system of nomination because it goes against the Constitution. But we assure them if any employee dies while discharging his duties we shall certainly consider his case on compassionate ground. We have done so according to our commitments. There may be one or two cases pending—I do not know exactly—but we stand by the commitments that we made. He has also said about the Board of Management. We have already announced that. Government have decided to form a Board of Management to supervise the functioning of the undertaking and this is the first time that this Government have suggested that there will be a representative of the employees in the Board of Management. This was not done earlier. Last of all, Mr. Lahiri has also said something about 'Sundari'. Well, I am old now and Mr. Lahiri is older than me. So, let us leave this to the younger generation and let us not involve in this 'Sundari' affair. With these words I request the honourable members to lend their support to this Bill.

The motion of Shri Gyan Singh Sohanpal that the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1976, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 4 and Preamble

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Calcutta Tramways (Taking over of Management) (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

Shri Somnath Lahiri : Sir, I want to speak something on third reading of this Bill.

Mr. Speaker : The Time is due to expire at 4.40 P.M. So with the sense of the House the time is to be extended by 15 minutes more. I hope the House will agree to extend the time by 15 minutes more.

(Voices—Yes)

The time is extended by 15 minutes more.

Now Mr. Lahiri will speak.

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ—আমার প্রধান বক্তব্য ছিল 1973-র যে Reposh Co. বার করেছে সেটা থেকে হিসাব যা পাওয়া যাচ্ছে তাতে দেখা যাচ্ছে কত টাকা Co.-র কাছ থেকে আমরা পাই এবং Co. কত টাকা ক্ষতিপূরণ আমাদের কাছ থেকে পেতে পারে। সেই হিসাব উপস্থিত করে জিজ্ঞাসা করেছিলাম এ সম্বন্ধে আপনার বক্তব্য কি এবং তাহলে কেন আবার অতিরিক্ত টাকা দিয়ে কিনতে যাচ্ছেন ? কিন্তু এই প্রশ্নটা আপনি এড়িয়ে গেলেন এই বলে যে যেহেতু এটা এখানে এখন place করিনি, যেহেতু এটা নিয়ে discuss করব না। এটা publish হয়েছে 31st march. ওর যদি fact discuss করার ইচ্ছা থাকতো এবং অত্যন্ত ন্যায়সঙ্গত প্রশ্ন যে এত টাকা পাওনা সত্ত্বেও কত টাকা দিতে হবে সেটা যদি বলতেন তাহলে বুঝতাম। ৩১শে মার্চ এটা ছাপা হয়েছে Why it was not presented before the House at that time এবং it is incummbent under the Act that the report should be circulated to the members of the Assembly. তিনি যদি ইচ্ছা করে delay করে এবং কেউ যদি এ বিষয়ে তাঁর attention draw করে তাহলে এই delay's technical excuse বলে পার পেয়ে যাবেন তা হয় না। তখন assembly session ছিল This is something which is not diserable. আমরা তখন এটা করিনি কেন না তখন নিতে হলে Co. টাকা দিতে হোত taking over is better than purchasing it আমাদের যখন টাকা পাওনা we should nationalise it তিনি fact-এর মধ্যে না গিয়ে এসব প্রশ্ন এড়িয়ে গেলেন। এই যে অধিগ্রহণ এটা আমরা support করে ওইসব প্রশ্ন রাখলাম।

শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ—উনি personal explanation-এর মত এটা বলেছেন বলে আমার উত্তর দেয়ার কিছু নেই।

The motion of Shri Gyan Singh Sohanpal that the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed, was than put and agreed to.

The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1976

Shri Pradip Bhattacharyya :—Sir, I beg to introduce the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1976.

(Secretary then read the title of the Bill)

Shri Pradip Bhattacharyya : Sir, I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1976, be taken into consideration.

Sir, the West Bengal Cattle Licensing Act, 1959 was enacted with a view to regulate the keeping of cattle in urban areas as the khatals in urban areas are a threat both to health and to sanitation. Under the provisions of the existing Act no one can keep cattle in any area where the Act applies except under a valid licence.

Under section 9 of the existing Act certain areas may be declared as prohibited areas and in a prohibited area no person can keep cattle for any purporse other than for obtaining milk for one's own consumption and that also after obtaining a Class 'A' licence. It has, however, been observed that the gains achieved in the matter of regulating khatals in prohibited areas were lost and thwarted by the fresh import of cattle in the areas. It has been seen that unregulated import of cattle is defeating the very purpose of regulating khatals or keeping of cattle in the city areas. It has, therefore, been considered necessary to regulate also the import of cattle in the urban areas.

The present Bill is to amend the existing provisions of the West Bengal Cattle Licensing Act to make provisions to regulate import of cattle in urban areas.

The existing Act regulates keeping of cattle in urban areas and provides that a licence would be necessary for a person to keep cattle in to urban areas Section 2 of the Bill provides that no one can import cattle in an urban area except under a licence. The term 'import" includes unloading of cattle and also taking of cattle in an urban area. Sections 3, 4 and 5 provide for a new category of licence, Class 'C', for the importers of cattle.

While it is not intended to prohibit import of cattle in all the areas where the Act is in force it may be considered expedient and necessary to do so in certarin areas to be specified as such. It has, therefore, been proposed to introduce Section 9A to make provision for notifying a particular urban area a ,restricted area'. It has been provided that no Class 'C' licence for import of cattle shall be issued in the restricted areas to be declared as such provided that—

(a) a Class 'C' licence may be granted to a holder of Class 'A' licence (for domestic consumption) ;

(b) no licence shall be necessary for importing cattle into the restricted areas by the Central or the State Government or a local authority or a Government undertaking ; and

(c) the licensing authority may issue a Class 'C' licence for import of cattle in restricted area in the pub'ic interest with prior approval of the State Government.

These are to cover the exceptional cases. Sections 6, 7, 8 and 9 are consequential amendments.

I think I have sufficiently explained the provisions of the Bill as well as the reason why we have brought it before the House.

The Bill having attracted Article 304 of the Constitution of India, previous sanction of the President under the proviso to clause (b) of Article 304 has been obtained.

With these words, Sir, I commend the Bill to the consideration of the House.

শ্রীমতী ইলা মিত্র ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয়, ওয়েষ্ট বেঙ্গল এ্যাক্ট ওয়ান অব ১৯৫৯ দি ওয়েষ্ট বেঙ্গল ক্যাটেল লাইসেন্সিং এ্যাক্ট, ১৯৫৯ এর যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী আনতে গিয়ে তিনি শুধুমাত্র এখানে ঐ সংশোধনী সম্পর্কে শুধু বলেছেন, আর কোন কথা বলেন নি। ১৯৫৯ সালে ডাঃ বিধানচন্দ্র রায় যখন বেঁচেছিলেন তখন শহরাঞ্চলে খাটাল অপসারণের প্রশ্ন নিয়ে এই আইন রচিত হয়। আমরা জানি যে কোন গণতান্ত্রিক মানুষ এবং সভ্য মানুষ চায় শহর আবর্জনা মুক্ত হোক এবং খাটাল শহর থেকে অপসারণ করা হোক। এই জিনিস আমরাও চাই। ১৯৫৯ সালের আইনে ছিল দুটি লাইসেন্সের কথা এবং তার মধ্যে একটি হচ্ছে ডোমেস্টিক কনজামসন এবং আর একটি হচ্ছে যারা ব্যবসা করে তাদের জন্য লাইসেন্স। এবারে মন্ত্রীমহাশয় ক্যাটিগরি "সি" নামে আর একটা সংশোধনী এনেছেন। অর্থাৎ পাঞ্জাব, হরিয়ানা এবং অন্যান্য স্থান থেকে প্রচুর গরু বিনা অনুমতিতে আমাদের এখানে চলে আসে এবং তার ফলে আমাদের এই শহর আবর্জনাময় হয়ে ওঠে। আমরা সকলেই শহরকে আবর্জনা মুক্ত করতে চাই কাজেই তিনি ক্যাটাগরি লাইসেন্সের যে ব্যবস্থা করেছেন সে সম্পর্কে বলার কিছু নেই। আমরা সমর্থন করি। তবে বর্তমানে যে ব্যবস্থা হচ্ছে খাটালঅপসারণ সম্পর্কে, সে সম্পর্কে তিনি যদি আমাদের একটু বিষদভাবে বলতেন তাহলে আমরা খুশী হতাম। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। ওয়েষ্ট বেঙ্গল এ্যাক্ট অব ১৯৫৯ সেটা যদি আমরা খুলি তাহলে দেখব ওর নীচে লেজিসলেটিভ পেপার্স বলে যে কথাগুলো রয়েছে সেখানে লেখা রয়েছে The Act came into force with effect from 15th July, 1960 in Calcutta, words 3, 4, 5, 62, 63 and 64, vide notification No. 3406—milk, dated the 25th June 1960.

এখানে আরও কতকগুলি কথা লেখা রয়েছে সেগুলি আমি আর পড়তে চাই না। অর্থাৎ আমরা দেখছি প্রথম যখন খাটাল উচ্ছেদের পরিকল্পনা করা হল তখন কলকাতার মাত্র কয়েকটি ওয়ার্ডকে রেসট্রিক্টেড করা হল, প্রহিবিটেড্ করা হল যে, এখানে কেউ খাটাল রাখতে পারবে না। কিন্তু কোলকাতা শহরের সমস্ত ওয়ার্ডকে প্রহিবিটেড্ করা হল না। তারপর ১৯৬৩ সালে আবার একটা এ্যাক্ট আনা হল এবং সেটা হচ্ছে The Act came into force with effect from the Ist November, 1963 in areas in Calcutta included in words 1, 2, 10, 14, 15, 16, 32 to 36, 47 to 49, 55-61, 65-70, 72-75, 77 and 78 vide notification No. 6895 Milk, dated the 14th October, 1963.

অর্থাৎ কলকাতা আরও কতকগুলো ওয়ার্ডকে এর সঙ্গে যুক্ত করা হল এবং সেগুলিকে প্রহিবিটেড্ এরিয়া বলা হল। তারপর দেখুন The Act came into force with effect from the 10th April, 1965 in Howrah Municipality vide notification No. 3043 Milk dated the 7th April 1965.

[4-50—5-00 p.m.]

তারপরে দেখুন The Act came in to force with effect from the 7th June, 1967 in chandernagore, and certain other municipalities vide notification No. 4366A, dated the 3rd June, 1967.

সরকার অর্থাৎ কিনা যে কথা আমি বলতে চাই খাটাল অপসারণ বিষয়ে কোন দিন কোন সুপরিকল্পিত আইন নিতে পারেন নি। প্রথমে কলকাতার অল্প কয়েকটি ওয়ার্ড পরে পুরোপুরি বৃহত্তর কলকাতার সকল ওয়ার্ড এবং তারপর পশ্চিমবঙ্গের প্রায় সমস্ত মিউনিসিপ্যালিটির prohibited area করা হল কিন্তু বিকল্প কোন ব্যবস্থা হল না। খাটাল অপসারিত হউক একথা মন্ত্রী মহাশয় ভাবছেন এই কথা বলে কিছু মানুষকে সান্ত্বনা দেওয়া হচ্ছে। কিন্তু সত্যিকারের কার্যকরী করবার জন্য যে যে কাজ করা উচিত সে কাজ কিন্তু ৫৯ সাল থেকে ৭৬ সাল পর্যন্ত করা হয়নি। এখন যে সংশোধনী আনা হলো সেই সংশোধনীতে যে ল্যাকুনাগুলি রয়েছে সেইগুলি সম্পর্কে পরিস্কারভাবে বলে দেওয়া হয়নি। কোন পরিকল্পনা নেই কেন বলছি কারণ প্রথমে কলকাতা কয়েকটি ওয়ার্ড তারপরে আরও কিছু কিছু ওয়ার্ড তারপর সমগ্র বৃহত্তর কলকাতা তারপর কিছু মিউনিসিপ্যালিটি তারপর এখন বলে দেওয়া হলো প্রায় সব মিউনিসিপ্যালিটি প্রহিবিটেড্ এরিয়া হলো। নিশ্চয় খাটাল এখান থেকে অপসারিত হোক আমরা চাই। কিন্তু প্রহিবিটেড্ এরিয়া হিসাবে কলকাতার প্রায় সমস্ত ওয়ার্ড অনেক মিউনিসিপ্যালিটিকে ঘোষণার জন্য এবং বিকল্প কোন ব্যবস্থা না থাকার ফলে অধিকাংশ ক্ষেত্রে এই আইনটা কার্যকরী করা যাচ্ছে না এবং তারফলে খাটাল অপসারিত হচ্ছে না। আমি আগেই বলেছি যে সাধারণভাবে যে কোন গণতান্ত্রিক মানুষ কলকাতা বা শহরাঞ্চল যেখানেই হোক না কেন খাটাল থাকুক সেটা কেউ চায় না। কিন্তু সরকারের পক্ষ থেকে কোন দিন এই বিষয়ে কার্যকরী কোন ব্যবস্থা না করে কতগুলি বড় বড় কথা বলা হয়েছে বিভিন্ন সময়ে। আমি খবরের কাগজের উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য এখানে উপস্থিত করবো। খাটাল উচ্ছেদ বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন কথা বলা হচ্ছে কেবল মাত্র নাগরিকদের সান্ত্বনা দেওয়ার জন্য

কার্যকরী কোন ব্যবস্থা করবার জন্য নয়। সম্প্রতি খাটাল উচ্ছেদ করবার জন্য খাটাল ওয়ালাদের বলা হলো তোমরা এই কলকাতা থেকে চলে যাও ডানকুনি, বাদু এবং হরিণঘাটা প্রভৃতি কয়েকটা জায়গার নাম করে খবরের কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হলো। এবং বলা হল সেখানে গেলে তোমাদের ঋণ দেওয়া হবে বিকল্প আশ্রয় দেওয়া হবে। আমার কেন্দ্র মানিকতলা অঞ্চলে আমি খাটালওয়ালাদের সেই মতো বললাম এবং রাইটার্সবিল্ডিং-এ গিয়ে সেখানে মিল্ক কমিশনারের সঙ্গে এই বিষয়ে কথাবার্তা বলেছি, মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করেছি, জয়েন্ট সেক্রেটারীর সঙ্গে কথাবার্তা বলেছি মিল্ক দপ্তরের সবার সঙ্গেই প্রায় কথা বলেছি। আমি তাদের জিজ্ঞাসা করেছি যে আপনাদের পরিকল্পনা কি? আমার এরিয়ায় যত খাটালওয়ালা আছে আমি দায়িত্ব নিচ্ছি আপনাদের এই আইন অনুযায়ী তারা চলে যাবে। এ বিষয়ে আমি পুরো দায়িত্ব নিচ্ছি। কিন্তু আপনাদের পরিকল্পনাটা কি? প্রথমে যখন হরিণঘাটায় জায়গা দেওয়ার কথা হলো আমার এলাকার খাটালওয়ালারা ব্যক্তিগতভাবে দরখাস্ত করেছিল কিন্তু দুর্ভাগ্যবশত তারা বাঙ্গালী ছোট ছোট খাটালওয়ালা তারা সেখানে জায়গা পেল না। আমার কথা মত তারা দরখাস্ত করেছিল আমি আপনাদের বিজ্ঞপ্তি অনুযায়ী তাদের দরখাস্ত করতে বলি কিন্তু তারা কোন জায়গা পেল না বা কোন সাহায্য পেল না। অথচ অনেক অবাঙ্গালী খাটালওয়ালা সেখানে স্থান পেয়েছে। আবার গত দুইতিন মাসের মধ্যে যখন আবার এই প্রশ্ন আসে যে খাটালওয়ালাদের কলকাতা থেকে চলে যেতে হবে তখন আবার আমি রাইটার্সবিল্ডিং-এ মিল্ক কমিশনারের সঙ্গে দেখা করি এবং প্রদীপবাবুর সঙ্গে কথা বলি এবং সরকারী এক মুখপাত্রের কাছে খবর পেলাম যে ওলোন্দাজ সরকারের সঙ্গে কিছু নিগোসিয়েসান হচ্ছে এরা যদি অন্য জায়গায় চলে যায় তাহলে গরু পিছু এক হাজার টাকা দেওয়া হবে সেই অনুযায়ী আমি এদের মুখের কথা বিশ্বাস করি এবং আমার ওখানকার খাটালওয়ালাদের কাছে হাত জোর করে অনুরোধ করি যে আপনারা সরকারের পরিকল্পনাকে কার্যকরী করুন এবং কলকাতা ছেড়ে চলে যান সরকার আপনাদের সব রকম সাহায্য করবে। কিন্তু সরকারের কথার মধ্যে কি পরিমাণ অ্যানোম্যালি আছে, সেটা আপনারাও জানেন নিশ্চয়। স্টেটসম্যান কাগজে বেরিয়েছে ২৩শে আগষ্ট সেটাতে সরকার কি বলেছেন আমি পড়ে দিচ্ছ—The drive to remove the khatals from the city which started on Saturday will continue for a month, a senior police official said on Sunday. On Saturday 340 khatals were seized from the Goabagan and Raja Nabakrishna Street areas of North Calcutta. The drive followed a notice to khatals owners

asking them to close down their establishments by Aug. 20 Mr. M. R. Konar, Milk Commissioner, said on Sunday that the State Govt. would help khatal owners to acquire land outside city limits to raise structures to house their Cattle. Land for this purpose, he said, might be available at Ganganagar, Badu and Madhyamgram in 24-Parganas district. He added that applications for financial help might also be considered.

৫ই কি ৬ই আগষ্ট আমার ঠিক মনে নেই সমস্ত খাটালের লোকদের ডাকা হয় এবং রোটাণ্ডায় মিটিং করে তাদের বলে দেওয়া হয় যে ২০শে আগষ্টের মধ্যে সকলকে কলকাতা ছেড়ে চলে যেতে হবে এবং যদি না যায় তাহলে পুলিশের ব্যবস্থা নেওয়া হবে। আমার এলাকাকায় আমি নিজেও তাদের বলেছিলাম চলে যেতে, গরু সীজ করলে আমি কিছু করতে পারব না। এবং তারা প্রায় সকলেই চলেও গিয়েছে। আপনারা তাদের বলে দিলেন যে বাদুতে আপনারা যেতে পারেন, আমিও অনেককে বলেছিলাম যে বাদুতে যেতে পারেন। ওঁরা বাদুতে জায়গাও কিনেছে—কিন্তু বাদুতে তারা যখন গরু নিয়ে হাজির হল আপনাদের পরিকল্পনা অনুযায়ী, তখন বাদু মিউনিসিপ্যালিটি থেকে তাদের চিঠি দিলো যে আপনারা এখানে বসতে পারবেন না। আপনারা নোটিফিকেশন দিয়েছেন, প্রত্যেকটা খবরের কাগজে বেরিয়েছে, বাদুর নাম আপনারাই উল্লেখ করেছেন, গরীব বেচারারা বাদুতে পয়সা দিয়ে জমি কিনে সেখানে গেল কিন্তু সেখাতে বারাসতের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, তিনি চিঠি তাদের দিলেন It is foundt hat you have in ported large number of Cattle from outside within Barasat Municipality area at Thakurpukur Road in Word No. 14, 15 without any permission from municipal authority on 22.8.76.

Where as the West Bengal Cattle Licensing Act 1959 has already come into force as "Prohibited area" within this Municipality. Notice is hereby given to you to remove the cattles within seven days otherwise Municipal Commissioner will be compelled to take necessary action. ইত্যাদি। কিন্তু আপনারা বাদুর নাম দিয়ে কাগজে ষ্টেটমেণ্ট দিয়েছেন। আমাকে বলেছিলেন এবং আমি ওদের সঙ্গে কথাও বলেছি কিন্তু সেখানে গিয়ে তারা জায়গা কিনে গরু নিয়ে গেলে এবং

বাদুর স্থানীয় মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যে নোটিশ এদের দিয়েছেন সে সম্পর্কে আপনারাও জানেন না। কাজেই দেখছি এই সমস্ত চিঠিপত্র দেখে এবং কাগজে আপনাদের বিবৃতি দেখে যে আপনারা কি বলছেন তা আপনারা নিজেরাও জানেন না এবং আপনাদের কথার সঙ্গে কাজের কোন সংগতি নেই। আর একটা ব্যাপার দেখছি—কাগজে আপনারা বের করে দিয়েছেন, আনন্দ বাজার পত্রিকা ২৭শে সেপ্টেম্বর, "কলকাতা থেকে খাটাল উচ্ছেদ এবং গরু মোষের পুনর্বাসনের ব্যাপারে ওলোন্দাজ সরকার পশ্চিমবংগ সরকারকে সাহায্য করবে। শুক্রবার কলকাতায় ওলন্দাজ সরকারের প্রতিনিধি জি. ডবলিউ. বেনডিন রাজ্যের রাষ্ট্রমন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্যর সংগে দেখা করে এই আশ্বাস দিয়েছেন। কলকাতার খাটালে ২০ হাজার গরু মোষের বাস। ইতিমধ্যেই খাটাল অভিযান চালিয়ে ৮ হাজার গরু মোষকে শহরের বাইরে পাঠান হয়েছে। নির্ধারিত পুনর্বাসন কর্মসূচী যদি ঠিকমত চলে তবে আগামী ৬ মাসের মধ্যে বাকী ১২ হাজার গবাদি পশুকে কলকাতার বাইরে পাঠান হবে। রাষ্ট্রমন্ত্রী প্রদীপবাবু ওলোন্দাজ সরকারের প্রতিনিধিদের জানিয়েছেন কলকাতার অদূরে বাদু, ডানকুনি, গংগানগর, গার্ডেনরীচ, পূব কলিকাতা ইত্যাদি জায়গায় ২৬ হাজার গরু, মোষ রাখার ব্যবস্থা হয়েছে। এই এলাকাগুলি ছাড়াও কলকাতা পৌরসভার কিছু কিছু লোক গরু, মোষ রাখবার জন্য জমি দিতে আগ্রহ প্রকাশ করেছেন। প্রসংগত উল্লেখ্য কলকাতার খাটাল উচ্ছেদের ব্যাপারে সি. এম. ডি. এ. ৭ কোটি ৩ লক্ষ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়েছে। ওলোন্দাজ সরকারের প্রতিনিধি রাষ্ট্রমন্ত্রীকে আশ্বাস দিয়েছেন যে তাদের সরকারও সাহায্য করবেন।' কিন্তু এখন পর্যন্ত অন্যদের সম্পর্কে জানিনা তবে আমি কয়েক হাজার গরীব গোয়ালা সম্পর্কে জানি তারা বিন্দুমাত্র কোন সাহায্য পায়নি। আর এই প্রসঙ্গে বলতে চাই যে আক্রমণটা হচ্ছে গরীব গোয়ালাদের উপর। যেমন আমি উদাহরণস্বরূপ বলতে পারি যে আমার এলাকায় যাদের সেচ্ছায় চলে যেতে বলেছি তারা চলে গিয়েছে এবং ২০শে আগষ্টের পরে আপনি যদি লক্ষ্য করে থাকেন তাহলে দেখবেন যে কলকাতা শহরের গরীব গরুওয়াদের গরুগুলির উপর কি রকম আক্রমণ ঃ—

গরুগুলি রুদ্ধশ্বাসে ছুটছে, গরুর পিছনে পুলিশ তাড়া করছে, কর্পোরেশন-ওয়ালা তাড়া করছে, সে একটা ভয়াবহ অবস্থা। এই দৃশ্য যেমন দেখেছি তেমনি দেখেছি যে যাদের টাকার জোর আছে যাদের পিছনে বড় লোকের খুঁটি বাঁধা আছে, যাদের পিছনে মন্ত্রীদেরও কিছু কিছু সহায়তা আছে সেই সমস্ত গরুওয়ালাদের গায়ে কিন্তু হাত পড়ছে না। তারা মহানন্দে খাটাল কলকাতাতেই রেখেছে।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ—এসব কথা আপনি কি বলছেন ? যেমন ধরুন খাটাল উচ্ছেদ হোক এটাতো আমরাও চাই। কিন্তু সিংহী বাগানে সি আই টি কোয়ার্টারে আপনি দেখবেন ফুটপাতের উপর গরুগুলি কিভাবে দাঁড়িয়ে আছে। সেখানকার খাটাল কিন্তু উচ্ছেদ হয়নি। সেখানে ফুটপাতের উপরই খাটাল অবস্থান করছে। যার জন্য ড্রেন চোকড্ হয়ে পড়ে আছে কি আবর্জনা ও কি দুর্গন্ধ। সেখানে যে থানার জমাদার আছে, তারই সেই খাটাল। তাই সেই খাটালে হাত দেওয়া গেল না। কিন্তু গরীব মানুষগুলির গরুগুলিকে কি করে পুলিশ গুতিয়ে গুতিয়ে বার করে দিয়েছে সেটা তো নিজের চোখেই দেখেছি। তাই জিজ্ঞাসা করি সিংগী বাগানে সি আই টি কোয়ার্টারের ভিতর যে খাটাল রয়েছে সেটা কাদের সহায়তায় এখনও রয়েছে ? যাদের পিছনে লোকবল নেই অর্থবল নেই তাদের বেলায় দেখা যাচ্ছে তারা যখন সরকারের ঘোষণা অনুযায়ী বাদুতে চলে গেল, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান চিঠি দিয়ে Notified এলাকা বলে তাদের উচ্ছেদের notice দিলেন সেখান থেকে। এই যে অবস্থা হয়েছে তার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় কি করবেন ? আমি তার জন্যই উঠে দাঁড়িয়েছি। এই এ্যামেন্ডমেন্ট আমি সমর্থন করি, নিশ্চয়ই হরিয়াণার পাঞ্জাবের বা অন্যান্য স্থান থেকে গরু এসে কলকাতা শহরে ভীড় করুন এটা আমরা চাই না।

[5—5-10 p. m.]

১৯৫৯ সালে খাটাল আইন পাশ হয়েছে কিন্তু আইন সর্বত্র সমানভাবে কার্যকরী হচ্ছে না, বাধা কোথায় ? আইন পাশ হয়েছিল সমস্ত খাটাল উচ্ছেদের জন্য। যে সমস্ত খাটাল রয়েছে ২০শে আগষ্ট-এর মধ্যে তাদের চলে যেতে হবে সম্প্রতি ঘোষণা হোল ঃ—

কিন্তু তার আগে পুলিশ কি করতো ? গরীব গরুওয়ালার গরু জোর করে ধরে নিয়ে যেতো, পুলিশ নির্দেশ দিত তোমার গরু ধরে নিয়ে গেলাম, দু হাজার টাকা যদি না দাও তো গরু ফেরত পাবে না, গরুওয়ালারা অনেক কষ্টে সেই টাকা দিয়ে যেত। এইভাবে অত্যাচার চলত। অবশ্য এই কাজগুলি হতো গোপনে। আমরা সংশোধনী সমর্থন করি কিন্তু সঙ্গে সঙ্গে এটাও বলি আইন কার্যকরী হোক সর্বত্র সমানভাবে এবং যেখানে যে খাটাল আছে তার দূর করা হোক। আমি মনে করি বহু খাটাল আছে যার মালিক বাইরের, বহিরাগত, কিন্তু সেই মালিক বহাল তবিয়তে এখনও রয়েছে। উদাহরণ স্বরূপ বলি, চীৎপুর লকগেটসহ বড় বড় খাটালের মালিক, বহিরাগত—তাদের গায়ে কিন্তুহাত পড়ছে না।

আমার সর্বশেষ আবেদন খাটাল অপসারণ করুন, কিন্তু গরীব গরুওয়ালাদের আপনারা ওলন্দাজ সরকারের সঙ্গে যে ব্যাপক আলোচনা করছেন, সেই ভিত্তিতে যেন সহায়তা দেওয়া হয়। যাতে তারা ঋণ পায় সাহায্য পায়, notified এলাকার বাইরে তারা যেন খাটাল রাখার ব্যবস্থা করতে পারে, তারা যেন বিকল্প আশ্রয় পায় এবং সর্বত্র সমানভাবে এক নিয়ম এবং নীতি প্রয়োগ করুন এবং কলকাতায় খাটাল উচ্ছেদ অভিযান যা সুরু করেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

মাঃ উপাধাক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় এবং কেউ কেউ আমাকে আঘাত করার জন্য বলেছেন বলে আমাকে আবার বলতে হচ্ছে। খাটাল উচ্ছেদ অভিযান আমি সম্পূর্ণ-ভাবে সমর্থন করি এবং আপনারা যদি চান তাহলে এ বিষয়ে আপনারা আমার এবং আমার পার্টির পূর্ণ সহযোগিতা পাবেন।

Restricted area কয়েকটা জায়গা হল, আর যেটা restricted area নয় সেখানেও তারপর দেখা যাচ্ছে সেটা restricted area হয়ে যাচ্ছে। কাজেই একটা পরিকল্পনা করে restricted area করুন যেখানে গরু মহিষ থাকবে না। গরু রাখার জন্য বিকল্প ব্যবস্থা করুন। তা না হলে অনেক অসুবিধা হবে। আর গরীব গরুওয়ালাদের ঋণ, সাহায্য ও বিকল্প আশ্রয় দিন। এই সংশোধনী যা এসেছে তাকে আমি সমর্থন করি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পশুপালন মন্ত্রী মহাশয় যে ক্যাটল লাইসেন্স (এমেণ্ডমেণ্ট) বিল এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আসল কথা—এর নাম হচ্ছে খাটাল উচ্ছেদ বা খাটাল হঠাও। আমাদের এখানে আমাদের শ্রদ্ধেয়া সদস্যা গরুদের জন্য বিগলিত নয়নে অনেক কথা বললেন। কিন্তু কলকাতা শহরে গরুদের সঙ্গে মানুষও বাস করে। গরুকে ফুটপাতে রাখার জন্য তিনি ব্যথিত, কিন্তু এই কলকাতা শহরের ফুটপাতে বহুলোক রাত কাটায়।

সেইজন্য এটা বিবেচনা করা উচিত যে গরুর সঙ্গে মানুষ একসঙ্গে থাকা সম্ভব নয় এবং গরু থাকার জন্য কলকাতা শহরে দৈনন্দিন যে দুর্ঘটনা লাইনে লাইনে বাস ট্রাম জ্যাম। রাস্তায় যাতায়াতের বিঘ্ন—একথা নিশ্চয়ই কেউ অস্বীকার করতে পারবেন না। তাই আমি এই খাটাল হটাও অভিযান নীতিগতভাবে আমি সমর্থন করছি। এখনো কোন কোন জায়গা থেকে খাটাল ওঠেনি—যদিও আইনটা ১৯৬৯ সালে পাশ হয়েছে—আজও তা ঠিকমত কার্যকরী হয় নাই—তা স্বীকার করছি। কিন্তু আজকে সেই আইন কার্যকরী হচ্ছে তারজন্য এই চীৎকার। শ্রীমতী মিত্রের

অঞ্চলে অনেকগুলি খাটাল শহর থেকে উচ্ছেদ করা হয়েছে। তিনিও আজ এটা নীতিগতভাবে সমর্থন করে বলেছেন খাটাল শহর থেকে উচ্ছেদ হওয়া প্রয়োজন। তা না করতে পারলে এই খাটালের সঙ্গে মানুষকেও বাস করতে হবে। শহরে এই গরু থাকার ফলে শহরে লোকের স্বাস্থ্যহানি হচ্ছে। যার জন্য খাটাল উচ্ছেদের প্রয়েজনীয়তা শ্রীমতী মিত্র স্বীকার করেও বলেছেন—১৯৬৯ সালে যখন আইন পাশ হয়েছিল, তখন কয়েকটি ওয়ার্ডের কথা ধরা হয়েছিল—এসেম্বলী জেলারে বলা হয়েছিল—আইনটার Section 215 আর এখন সেটা হচ্ছে Section 3 in any urban area—সমস্ত পৌর অঞ্চলটা, সেই পৌর অঞ্চলের জনা এই আইন তৈরি হয়েছিল। তারপর যেখানে যেখানে প্রয়োজন হয়েছে, সেখানে এর প্রয়োগ হয়েছে। আইনটিতে ছিল এখানে রাখা চলবে না। সেটার সঙ্গে "Import" এটা যোগ দেওয়া হয়েছে—এই পরিবর্তনটুকু করা হয়েছে, যা না থাকলে সেটা এই আইনের পর্যায় পড়ে না। তার জন্য এই amendment যা পরিবর্তন করতে হয়েছে। আজকাল কলকাতা শহরে সরকার দুধ সরবরাহ করে থাকেন। যে সমস্ত পৌর অঞ্চলে এই আইন প্রযোজ্য হবে সেই সব অঞ্চলে সরকার থেকে দুধ সরবরাহ যাতে করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। যে সমস্ত পরিবার গৃহস্থ বাড়ীতে গরু রেখে নিজেদের দুধের ব্যবস্থা করবেন, সেদিকে সরকারের বিবেচনা করা উচিত। যাতে তারা এই আইনের আওতায় না পড়ে। যারা গরুর খাটাল করে শহরে আবর্জনার স্তুপ সৃষ্টি করবে, তাদের উচ্ছেদ একান্তভাবে কাম্য। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বিলটি সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Shri Birendra Bijoy Malladev ঃ—মাননীয় স্পীকার মহোদয় আমাদের সুযোগ্য মন্ত্রী—এই যে amendment এনেছেন—The West Bengal Cattle Licensing (Amendment) Bill 1976 একে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই সভাতে C.P.I. সদস্যরাও সমর্থন করেছেন এই খাটাল উচ্ছেদের ব্যাপারটা। মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামাণিক মহাশয়ও সমর্থন করেছেন। এই খাটাল আমরা দেখছি কলকাতা শহরে ও অন্যান্য কতকগুলি শহরে অবস্থান আছে এগুলির। এই খাটাল থাকার ফলে হয়েছে কী ? না, স্বাস্থ্যের অবনতি হয়েছে। গরু চারিদিকে অবাধে ঘুরে বেড়াচ্ছে ও মলমূত্র পরিত্যাগ করছে। এতে hygine-এর দিক থেকে ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোন শহরে বিশেষ করে বোম্বাই, মাদ্রাজ, বাংগালোর ইত্যাদি এই যে সুন্দর সুন্দর শহর গড়ে উঠছে বা উঠছে এই

সমস্ত শহরে কোথাও দেখিনি যে রাস্তায় গরু ঘুরে বেড়াচ্ছে। কথা হচ্ছে ক্লিন সিটি, শহরকে সুন্দর করবার চেষ্টা হচ্ছে, সুন্দর সুন্দর গাছ লাগাবার চেষ্টা করছি, কিন্তু উদ্দেশ্য ব্যহত হয়ে যাচ্ছে, কারণ গরুকে নিয়ন্ত্রণ করতে পারছি না।

[5-10-5-20 p. m.]

আমরা সুন্দর সুন্দর বাগান করছি, ফরেষ্ট ডিপার্টমেণ্ট বা সি. এম. ডি. এর তত্ত্বাবধানে করছি কিন্তু সেগুলো ধ্বংস হয়ে যাচ্ছে। সেগুলোকে প্রটেকসান করার জন্য প্রচুর খরচ করতে হচ্ছে। কিন্তু এতো করেও হচ্ছে না, নষ্ট হয়ে যাচ্ছে। মহারাষ্ট্রে যে সমস্ত বড় বড় শহর আছে বা বাংগালোর বা আমেদাবাদ গরুর উপদ্রব দেখি নি। সেখানে বাগান রক্ষা করতে তাদের জাল দিতে হয় না। যার ফলে দেখা গিয়েছে সেখানে শুধু সরকার নয়, জনসাধারণও সেখানে সুন্দর সুন্দর বাগান করেছে এবং আস্তে আস্তে শহর অত্যন্ত সুন্দর পরিচ্ছন্ন হয়ে আছে। অতএব আমাদের কলকাতা বা আশে পাশে সমস্ত শহর গরুর ব্যাপারটা নিয়ন্ত্রণ করা দরকার। আগে যে আইন ছিল তাতে ইমপোর্ট করে আনার ব্যাপার-এ বিধি নিষেধ ছিল না। অসুবিধা ছিল কি যারা রাখতো তারা পুরানোগুলো হয়তো ছেড়ে দিতো কিন্তু নতুন করে এনে রাখতো। ১৯৫৯ সালে আইন হওয়ার পর খাটাল নিয়ন্ত্রণের কথা বলা হয়েছে। কিন্তু ইমপোর্ট করে আনার ব্যাপারে বাধা না থাকার জন্য ইমপোর্ট বন্ধ ছিল না। সরকার সরিয়ে দিয়েছেন কিন্তু আবার ইমপোর্ট হয়েছে। কলকাতাকে দুর্গন্ধময় করা হয়েছে। এইজন্য একটা পরিকল্পনা করা হয়েছে। এখন কথা হচ্ছে খাটাল নিয়ন্ত্রণ করতে গেলে একটা পরিকল্পনা করতে হবে এবং এতো যে গরু আছে সেগুলোকে নিয়ন্ত্রণ করতে হবে। সেইজন্য এই পরিকল্পনা নেওয়া হয়েছে। যে গরু বর্তমানে আছে সেটা যাতে পরিকল্পিত উপায়ে থাকে, ভালভাবে থাকে সেইজন্য এই বিল আনা হয়েছে। কারণ বারবার যদি গরু বাইরে থেকে আসতে থাকে তাহলে এই যে পরিকল্পনা তাকে কার্য্যকরী করা যাবে না, এবং পরিকল্পনা না থাকলে তারা নিয়ে আসবে। গরু ইত্যাদি ঠিক পরিকল্পিতভাবে রাখা যাবে না। নিশ্চয় অব্যবস্থা হবে। যে গরু আসবে তাকে রাখবার একটা অসুবিধা হবে। বহু গরীব লোক গরু নিয়ে আসতে পারে। কিন্তু তারা পিটিশান দিলেও সেটাকে ব্যবস্থা করতে অসুবিধা হবে। এই যে এ্যামেণ্ডমেন্ট করা হয়েছে এটা খুবই যুক্তিপূর্ণ। এখানে ইমপোর্ট বন্ধ করে দেওয়া হয়েছে। ইমপোর্ট করা হবে সরকারের নিজস্ব লাইসেন্স ব্যবস্থার মাধ্যমে বা সরকারকে জানিয়ে। তাহলে সরকার পরিকল্পনা করতে পারবেন। এখানে পরিকল্পনা নাই। নূতন খাটাল করবার মত জায়গা নাই—তার স্থান হতে পারে না। যেসব

আছে তার জন্য লাইসেন্স দেবে রেসট্রিকসন করবার জন্য এটাই আইনে আছে মোটকথা দুটি জিনিস এই বিলের মধ্যে আছে এই খাটাল নিয়ন্ত্রণ করবার জন্য মূলত খাটাল সমস্যা সম্বন্ধে কিছু নাই। তাই অন্যান্য ব্যাপার এখানে আলোচি হতে পারে না। এই যে সাধু উদ্দেশ্য ইমপোর্ট করার ব্যাপারে রেস্ট্রিকসন সো বৃহত্তর পরিকল্পনার পক্ষে খুব উপযুক্ত ব্যবস্থা। এবং এই ইমপোর্ট করার ব্যাপা রেস্ট্রিকসন করার জন্য যে এমেন্ডমেন্ট করা হোল তার জন্য আমি মন্ত্রী মহাশয়ে ধন্যবাদ জানাই—এই ব্যবস্থা খুবই ভাল হয়েছে, পশ্চিমবাংলার এই কলকাতা শহ ভারতবর্ষের একটা গুরুত্বপূর্ণ শহর—একে সুন্দর করার দায়িত্ব আছে। শহরে মধ্যে গরু বাছুর যে জঘন্য অবস্থার সৃষ্টি করছে তা রোধ করে শহরকে সুন্দ করার যে পরিকল্পনা করা হয়েছে তাকে আমি সমর্থন করি। এই বলে আমি আমা বক্তব্য শেষ করছি।

শ্রীসুপ্রিয় বসু :—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশ যে সংশোধনী বিলটি এনেছেন 'The West Bengal Cattle Licensin (Amendment) Bill, 1976. তাকে সমর্থন জানিয়ে আমি দু একটি ব্যাপারে তাঁ দৃষ্টি আকর্ষণ করছি। সংশোধনীটি খুব বড় নয়, খুব ছোটখাট—কিন্তু খু গুরুত্বপূর্ণ। আমাদের কথা আছে কথা কম কাজ বেশী—তাই অল্প কথাতে আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এটা খুবই আনন্দের কথা বলেছে ইলাদি যে এই বিলটি ১৯৫৯ সালে হলেও এর যথার্থ রূপ দেওয়া আজ পর্যন্ত হয়নি ইলাদিরা তো তারপর দু বার সুযোগ পেয়েছিলেন—তাঁরাই বা কিছু করেনি কেন? বর্তমানে এ ব্যাপারে বর্তমানে বলিষ্ট পদক্ষেপ নিয়েছি। আমরা জানি ১৯৬৭ এবং ১৯৬৯ সালে ইলাদিরা খাটাল উচ্ছেদ করার জায়গায় জনসাধারণকে উচ্ছে করার ব্যবস্থা করেছিলেন। যা হোক, আমাদের তরুণ মন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষে নিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই এবং তিনি জনসাধারণের আশিবাদ পাচ্ছেন। আজকে যে সংশোধনী এসেছে তার মধ্যে কিছু কিছু পন্থ নেওয়া হয়েছে যার দ্বারা শহরাঞ্চলে খাটাল আর না বাড়ে। কিন্তু এতো যে খাটা শহরাঞ্চলে রয়েছে তা কবে উচ্ছেদ হবে একথা বলা নাই। আমি তাঁকে অনুরো করছি যে এই রেসট্রিকসন তিনি কবে করবেন। তিনি বলেছেন লাইসেন্স না থাকলে শহরাঞ্চলে কোন গরু থাকতে পারিবে না বা আমদানি করা যাবে না। আমি তাঁকে অনুরোধ করবো লাইসেন্স পেলে থাকতে পারবে এটা যেন না করেন এবং তার জন তিনি যেন ব্যবস্থা করেন। আমার একটা কনষ্টিটিয়েন্সিতে যে খাটাল এবং গরু

রয়েছে মনে হয় সমস্ত কলকাতা মিলে তা নেই। লোকে যে ওয়ার্ল্ড ফেমাস ষ্টেট ফেমাস হবার জন্য অনেক চেষ্টা করে—শহরাঞ্চলে গরু এবং খাটালের ব্যাপারে আমার অঞ্চলে এতো বেশী গরু এবং মোষ রয়েছে মনে হয় তাতে আমার কনষ্টিটিয়েন্সি এই ব্যাপারে ষ্টেট ফেমাস। প্রায় ১৫ থেকে ২০ হাজার মত হবে। আমার কনষ্টিটিয়েন্সিতে মিউনিসিপ্যালিটি এবং সি. এম. ডি-এ অনেক টাকা খরচ করছে—রাস্তা ডেভেলপমেণ্টের জন্য পি. ডবলিউ. ডি. অনেক টাকা খরচ করছে। কিন্তু এই সব জিনিস থাকার ফলে যে অবস্থা তাতে কোন উন্নতি বুঝতে পারছি না। রাস্তায় যেতে যেতে দেখতে পাবেন বিভিন্ন জায়গায় বহু খাটাল রয়েছে।

[5-20—5-30 p.m.]

আজকে যে লাইসেণ্সের কথা বলছেন, সেই প্রসংগে আমি একটু স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৬৮ সাল পর্যন্ত মিউনিসিপ্যালিটিতে গরু, মহিষ ইত্যাদি লাইসেন্সের মাধ্যমে রেখে দিয়েছিল। আজকে লাইসেন্সের কথা বলছেন—কিন্তু এর অথরিটি কে হবে ? কারণ তাঁর দপ্তরে যিনি ইন্সপেকটর আছেন তার আণ্ডারে দুজন ফিল্ড অফিসার আছেন। এই বিরাট আর্বান এরিয়ায় কি করে দেখবেন সেই কথাই আমরা চিন্তা করছি। এ' ক্যাটিগোরির খাটাল লাইসেন্স দিয়ে রাখতে পারবে, এটা আমরা বলছি। এই এ' ক্যাটিগোরির লাইসেন্স দিয়ে রাখতে গিয়ে ৫৯ এ্যাক্টে বলেছি এ' ক্যাটিগোরি রাখতে পারে—৫ সের দুধ বিক্রী করতে পারবে। কিন্তু কে দেখবে, এ' ক্যাটিগোরি, না বি, ক্যাটিগোরি, না সি' ক্যাটিগোরি—৫ সের দুধ বিক্রী করছে কিনা এটা দেখবে কে ? ৫৯ এ্যাক্টে পরিস্কারভাবে পেনাল সেকসান বলে দেওয়া হয়েছে এর ভায়োলেসনে/৬ মাস কারাদন্ড এক হাজার টাকা ফাইন দিতে হবে। কিন্তু আজকে সেই আইনের কিছু সংশোধন করে আরো জোরদার করতে চাইছি, অথচ তার হাতিয়ার পূণাঙ্গ জোরদার নেই। এই হাতিয়ার যদি জোরদার করতে না পারেন, শক্তিশালী করতে না পারেন তাহলে আমি মনে করি যে আইনটা আজকে আমরা করছি সেটা কার্যকরী হতে পারে না। রুলে কি করবেন জানি না। তবে লোকাল অথরিটি, লোকাল সেল্ফ গভর্ণমেন্ট মিউনিসিপ্যালিটির মাধ্যমে যে কাজগুলি হত সেটা যে ভাল করে হন তা আমি বলছি না এই দিকটার কথা যদি আমরা চিন্তা না করি তাহলে আমার মনে হয় আমাদের কাজে অসুবিধা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের স্বার্থে দেশের স্বার্থে তিনি রেসটিক্টেড এরিয়া ঘোষণা করবেন বলছেন এবং সেই রেসটিক্টেড এরিয়ায় লাইসেন্স বিহীন কোন রকম গবাদি রাখা চলবে না এবং ইমপোর্টও করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাটাল উচ্ছেদের কথা হচ্ছে—কিন্তু কবে হবে

জানি না। আমি ওঁকে রিকোয়েষ্ট করব খাটালের রেসটিক্রকটেড এরিয়া ইমিডিয়েটলি করুন। ১৯৫৯ সালে যখন এটা করেছিলাম তখন হাওড়া কলকাতাকে কেন্দ্র করে সেটেলাইট টাউনসিপ লবণহ্রদ বা কোনায় গড়ে উঠবে এই সব কথা আমরা চিন্তা করি নি। আগামীদিনে আরো সেটেলাইট টাউনসিপ গড়ে তোলার কথা চিন্তা করব। আমরা কাগজে দেখতে পাচ্ছি সি.এম.ডি.এ. বলছেন কলকাতার ডিসেন্টালাইজেসন অব পাওয়ার না হয়—কলকাতার কাছাকাছি যদি সেটেলাইট টাউনসিপ গড়ে না ওঠে তাহলে কলকাতার সমস্যার সমাধান করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন কোনায় লরী টারমিনাস করা হবে। কোনা, ডানকুনি অঞ্চলে বিরাট টাউনসিপ গড়ে তোলার পরিকল্পনা হচ্ছে। আজকে এই খাটাল যদি হাওড়া মিউনিসিপ্যালিটি থেকে উঠে গিয়ে আন্দুল বা এই রকম অঞ্চলে যায় তাহলে আমরা কি দেখব —ওগুলি সি. এম. ডি. এ.এরিয়ার মধ্যে পড়ে গেছে, ৫ বছরের মধ্যে আমরা দেখতে পাব সেখানে টাউনসিপ তৈরী হয়ে গেছে। ৫ বছর পরে আবার বলা হবে রেসটিক্রকটেড এরিয়া, আবার খাটাল উচ্ছেদ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভাবে হয় না। আমাদের হাওড়ার উলুবেড়িয়া পর্যন্ত সি. এম. ডি. এ. এরিয়া চলে গেছে। অধ্যক্ষ মহাশয়, আমরা নিশ্চয় খাটাল উচ্ছেদ করব তা না হলে কোটি কোটি টাকার ডেভেলাপমেন্টের যে প্লান সেটার কিছুই হবে না, বিশেষ করে হাওড়া শহরাঞ্চলের এবং এই উচ্ছেদ করার সময় এমন একটা জায়গায় প্লান করে পাঠাতে হবে যে জায়গা ভবিষ্যতে রেসটিক্রকটেড এরিয়া বলে ঘোষিত হবে না এবং যে জায়গায় আমুল বাটারের পরিকল্পনা কো-অপারেটিভ ফার্মিং-এর মাধ্যমে হতে পারে সেই কথা চিন্তা করে একই জায়গায় দুধ, চিজ, মাখম, ইত্যাদি তৈরী করতে পারব সেটা ভাবতে হবে এবং এর সাথে সাথে একটা ইনডাষ্ট্রিও তৈরী হয়ে যাবে।

একটা ইন্ডাষ্ট্রিজ তৈরি হয়ে যাবে যাতে আমাদের দেশের প্রডাক্ট বাড়বে এবং আনএমপ্লয়মেন্টের প্রবলেম অনেকটা সল্‌ভ হতে পারবে। আজকে আমাদের মাননীয় তরুণ মন্ত্রী একটা নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করবার চেষ্টা করছেন। তার কাছে আমি বলব, আপনি হাওড়া শহরে গেলে দেখতে পাবেন যে সব রাস্তায় বেশী গাড়ী চলে সেই সব রাস্তার উপরও খাটাল রয়েছে। রেসট্রিক্টেড এরিয়া তিনি নিশ্চয় করুন কিন্তু এই প্রসংগে আমার অনুরোধ আবার ৫ বছর তাদের যেন উচ্ছেদ হতে না হয় এটার প্রতিও একটু দৃষ্টি রাখবেন। শহরে খাটাল ন্যুইসেন্স নিশ্চয় কিন্তু তার প্রডাক্ট সেটাও কিন্তু গ্রহণযোগ্য। তার থেকে দুধ, ঘি, মাখন, চিজ আমরা পাই। কাজেই পুরো জিনিষটা সামনে রেখে তার থেকে যদি আমরা বেটার রেজাল্ট কিছু পাই তাহলে তা আমাদের সকলের ভাল করবে, কাজেই সেটা দেখা দরকার। এই কথা

বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলটা সমর্থন করে এবং যে সমস্ত সমস্যার কথা বললাম সেগুলি মাননীয় মন্ত্রী মহাশয় বিচার বিবেচনা করবেন এই আইন বাস্তবে রূপায়িত হবে এই আশা রেখে শেষ করবার আগে শুধু আর একটি কথাই বলব যে, পেনাল সেক্সানে সত্যিকারের যারা দোষী ব্যক্তি তাদের সুযোগ্য ব্যক্তিরা খুঁজে বের করে শাস্তি দেবার ব্যবস্থা করবেন এই দিকেও মাননীয় মন্ত্রী মহাশয় যেন দৃষ্টি দেন সেই অনুরোধ করে তাঁকে পুনরায় অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা আজকে এই ছোট্ট বিলটির উপর তাঁদের দৃষ্টিভংগী নিয়ে আলোচনা করতে গিয়ে যে সমস্ত কথা কথা বলেছেন বা যে সমস্ত সাজেসানস রেখেছেন সে সম্পর্কে আমি শুধু দুটি কথা বলব। প্রথম কথা হচ্ছে, সরকার এ সম্পর্কে ওয়াকিবহাল আছেন যে কোলকাতার পার্শ্ববর্তী এলাকায় যে সমস্ত খাটাল আছে সেই খাটাল সরিয়ে দিয়ে তাদের রিহ্যাবিলিটেট করা দরকার—অন্য কোথাও নিয়ে গিয়ে তাদের বসতি স্থাপন করার ব্যবস্থা করা দরকার। প্রসঙ্গতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাও নিশ্চয় মাননীয় সদস্যরা আমার সঙ্গে একমত হবেন যে, যেহেতু কোলকাতা শহরে মিল্কের মার্কেটটা অত্যন্ত ভাল সেই হেতু বাইরে থেকে ক্রমান্বয়ে খাটালওয়ালারা এখানে এসে কিছু কিছু এ্যানিম্যাল এখানে রেখেছেন এবং সেগুলি পর্যায়ক্রমে তারা ব্যবহার করেছেন। যখন সেই এ্যানিম্যালের কাছ থেকে দুধ পাওয়া যায় তখন সেই দুধ গ্রহণ করা হয় এবং এ্যানিম্যাল ড্রাই হয়ে গেলে তখন শল্টারের জন্য সুলভ মূল্যে বিক্রি করে দেওয়া হয়। এর ফলে কোলকাতা শহরে একদিকে যেমন একটা সুষ্ঠু বিজনেস গড়ে উঠেছিল অন্য দিকে তেমনি এই বিজনেসের পাশাপাশি একটা কালো চক্র তারা গড়ে তুলেছিলেন। সেই চক্র যখন খাটাল হটাও অভিযান সুরু হল তখন খুব স্বাভাবিক ভাবে রিএ্যাক্ট করেছেন এবং তার প্রভাব আমি কিছু কিছু সদস্যের বক্তৃতায় এবং মাননীয়া সদস্যার বক্তৃতার মধ্যে অনুভব করতে পেরেছি। কিন্তু এটাও খুব নির্ভরযোগ্য ভাবে আমি বলতে পারি যে, কলকাতার মানুষ এবং কলকাতার পার্শ্ববর্তী এলাকার মানুষ এই জিনিসের জন্য নিশ্চয় আমাদের অভিনন্দন জানাবেন। আমি খুব খুশী হয়েছি হাওড়ার মাননীয় সদস্য শ্রীসুপ্রিয় বসুর বক্তৃতা শুনে, তিনি তাঁর এলাকার সমস্যার কথা বলার সঙ্গে সঙ্গে কতকগুলি পজেটিভ সাজেসানস রেখেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেকদিন আগে থেকেই এই খাটাল অপসারণের পরিকল্পনা ছিল কিন্তু তা

বাস্তবায়িত করা যাই নি। তা করা যায়নি সম্ভবতঃ দুটি কারণে, একটি হচ্ছে, কলকাতায় সাফিসিয়েণ্ট মিল্ক সাপ্লাইটা রাখা। অনেক সময় মনে হয়েছিল এখান থেকে খাটাল সরে গেলে মিল্ক সাপ্লাই কলকাতা শহরে বা হাওড়া শহরে কমে যাবে।

[5-30—5-40 p.m.]

আর একটা সম্ভবতঃ এই কারণ ছিল যে খাটাল owners-রা এত শক্তিশালী এটা আমারও ধারণা ছিল না। এটা অপসারণ করতে গিয়ে দেখলাম যে তারা বেশ কিছু মানুষকে প্রভাবিত করেছে এবং যারা প্রভাবিত হয়েছেন তাদের মধ্যে ২/১ জন এই এ্যাসেম্বলীতে অন্য কথা বলার চেষ্টা করেছেন। কিন্তু আমি এটা জানি যে প্রভাবিত হলেও এই কাজটা সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ করা সত্বেও কাজ করতে পারেনি। এর মধ্যে অনেকগুলি ঘটনা দেখা গেছে। বিভিন্ন corner থেকে চাপ সৃষ্টি হয়েছে যাতে এখন খাটাল অপসারণ চলতে পারে না। এবং এর পিছনে নানা রকম যুক্তি খাড়া করা হয়েছে এবং সেই যুক্তি দিয়ে বলা হয়েছে যে milk-এর অভাব পড়বে। কখনো বলা হয়েছে খাটাল সরিয়ে নিয়ে কোথায় rehabilitate করা হবে, কখনো বলা হয়েছে খাটাল owner-রা অনেকে গরীব। কখনো বলা হয়েছে, এটা করা হলে কিছু মানুষের আর্থিক অবস্থার ক্ষতি হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে, কলকাতা শহরে যেহেতু এখানে market আছে, সেই market নেবার জন্য যখন খাটাল owner-রা এসেছিলেন তখন কি আমরা কেউ তাদের জায়গা ঠিক করে দিয়েছিলাম ? আজকে যখন আমরা বলছি যে কলকাতার বাইরে গিয়ে তোমরা জায়গা ঠিক করে নাও তখন তারা প্রশ্ন করছে যে কলকাতা শহরের বাইরে গিয়ে কোথায় আমরা বসবো ! কিন্তু কলকাতা শহরে যখন তারা এসেছিলেন বা এসেছেন, তখন কি তারা আমাদের সঙ্গে বা আপনাদের সংঙ্গে কথা বলে নিয়েছেন যে কোথায় বসবেন ? কেউ তাদের জায়গা ঠিক করে দিচ্ছে না। তারা নিজেদের মত আসছেন এবং বসছেন। যেহেতু এখানে ভাল market আছে সেহেতু তারা সেটা exploit করছে। কলকাতা শহরের বাইরে গিয়ে কিম্বা 35 municipality area এর বাইরে গিয়ে তারা সেখান থেকে কলকাতায় তারা milk সহজেই নিয়ে আসতে পারে। আমি জানি, কলকাতা শহরের বাইরে বহু খাটাল ওনাররা চলে গেছে এবং প্রতিদিন তারা কলকাতায় দুধ নিয়ে আসেন। আমাদের কাছে অনেকে trade licence চেয়েছেন আমরা দিয়েছি, নিশ্চয়ই কলকাতা শহরে .milk market তৈরী হোক। কিন্তু কলকাতায় খাটাল থাক এটা নিশ্চয়ই কেউ চাইবেন না। milk market তৈরী করার জন্য তারা যে assistance চাইবেন, যে সহযোগিতা চাইবেন, আমরা নিশ্চয়ই সেই সহযোগীতা দিতে প্রস্তুত

আছি। এই প্রসঙ্গে বলি যে সমস্ত খাটাল এখান থেকে চলে যাচ্ছে তাদের জন্য কতকগুলি ব্যবস্থার আমরা চেষ্টা করছি। কতকগুলি ব্যবস্থা এর মধ্যে nature হয়ে এসেছে যেমন Indian Dairy Development Corporation, তাদের কাছে আমরা বলেছিলাম যে কলকাতার খাটাল অপসারণের জন্য ওদের Action No. 1 to 9-এ কতকগুলি কাজের programe আছে। তাতে Action No. 6 কিম্বা 9 সেখানে তারা বলেছিল যে খাটাল অপসারণের জন্য লেখা হয়েছে। আমরা বলেছি, 6 কিম্বা 9 নয়, 2 কিম্বা 8 কে priority দেওয়া হোক এবং যাতে কলকাতায় এই অপসারণের জন্য আমরা তাদের কাছ থেকে কয়েক কোটি টাকা সাহায্য পেতে পারি। তারা আমাদের প্রস্তাবে সম্পূর্ণ একমত হয়েছেন বলবো না, কিছুটা একমত হয়েছে। তারা এর মধ্যে একটা pilot project হিসাবে প্রায় ১০ লক্ষর মত টাকা sanction করেছেন। আমরা West Bengal Dairy Development Corporation এর পক্ষ থেকে একটা infrastructure তৈরী করে কাজটা কিছুদিনের মধ্যে আশা করছি শুরু করতে পারবো। এ ছাড়াও খবরের কাগজে আপনি দেখেছেন যে satellite milk township, হরিণ ঘাটায় যে রকম milk township আছে, ঠিক তেমনি কলকাতার চারি পাশে ৪টি setellite milk township করার পরিকল্পনা আমাদের আছে। আমরা অনেকদূর কাজে এগিয়ে গেছি। C.M.D.A.-এর সংগে আমাদের কথা বার্তা হয়েছে। আমাদের foreign assistance এর জন্য কয়েকটি প্রতিনিধি দলের সংগে কথা হয়েছে এবং details project তারা যেভাবে চেয়েছেন, আমরা ঠিক সেইভাবে তাদের কাছে project দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কাজ করতে নিশ্চয়ই দেরী হবে এটা আমি অস্বীকার করি না। কিন্তু দেরী হলেও এই কাজগুলি করার পরে যদি আমরা খাটালগুলি সরিয়ে নিয়ে যায় তাহলে কলকাতা শহর থেকে কোনদিন খাটাল যাবে না। আর একটি কথা হচ্ছে, আমি এটা অনুভব করেছি যে এক জায়গা থেকে খাটাল সরাণ হলেও ৬ মাস পরে আবার দেখছি সেই জায়গায় খাটাল তৈরী হয়ে গেছে। কেন হল? অনুসন্ধান করে দেখা গেল বাইরে থেকে ক্রমাগত cattle এই কলকাতা শহরে ঢোকান হচ্ছে, গরু, মহিষ এখানে ঢোকান হচ্ছে এবং কলকাতা শহরে বাইরে থেকে প্রতিদিন গরু, মহিষ আসার ফলে কলকাতা শহর থেকে কোন খাটাল সরাণ সম্ভব হচ্ছিল না। আজকে এই যে cattle licensing amendment আনা হয়েছে, এই amendment এর ফলে কতকগুলি restricted areas হচ্ছে নিশ্চয়ই তার মধ্যে কলকাতা শহর থাকবে যেখানে বাইরে থেকে কোন cattle import করা চলবে না। যদি বাইরে থেকে কোন cattle import করায় বাধা দেওয়া হয়, যদি licence না দেওয়া হয় তাহলে তারা এখানে নূতন করে cattle আনতে পারবে না। তার ফলে আমি অনুভব

করেছি যে এই রকম খাটাল যেগুলি আছে, সেগুলি সরে গেলে নূতন করে আর এখানে খাটাল সৃষ্টি হবে না। এই দিকে লক্ষ্য রেখে এই amendment আনা হয়েছে। তারই পাশা পাশি যাতে আমরা সুন্দর করে township গড়ে তুলতে পারি সেটাও চেষ্টা করা হচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে এই অপসারণ অভিযানের মধ্যে কোন পলিটিক্স নেই, এই অপসারণ অভিযানের মধ্যে কেউ কাউকে প্রভাবিত করবার চেষ্টা করছে না। আমার ডিপার্টমেণ্টের অফিসার এবং পুলিশ বিভাগের অফিসাররা আন্তরিকতার সঙ্গে এবং সমস্ত শক্তি দিয়ে এই কাজকে তরান্বিত করবার চেষ্টা করছেন। মাননীয় সদস্যা কয়েকটি কথা বললেন যে পুলিশ টাকা নিয়ে খাটাল রেখে দিচ্ছে আবার তারপরেই বলছেন অন্যায় ভাবে উচ্ছেদ করে দিচ্ছেন। আমি পরিস্কারভাবে পুলিশকে বলেছিলাম এবং পরিকল্পনা সম্বন্ধে তাদের ওয়াকিবহাল করে দিয়েছিলাম যে প্রথমে আমাদের দক্ষিণ কলকাতাকে পরিস্কার করা প্রয়োজন, তারপরে আসতে আসতে সমস্ত কলকাতা শহরকে খাটাল মুক্ত করবো এবং কিছুদিন পরে হাওড়া শহরকে করবো। আমরা খাটাল মুক্ত করা শুরু করে দিয়েছি এবং এর মধ্যে কয়েকটা জায়গা করেছি এবং তাতে কাজও হয়েছে। এখনও পর্যন্ত কলকাতা শহরের প্রায় ২০০টির মত খাটাল অপসারণ করা হয়েছে এবং সেই খাটালগুলোর এ্যানিম্যালের সংখ্যা প্রায় নয় হাজার-এর কাছাকাছি। যার মধ্যে পড়েছে বালিগঞ্জ, টালিগঞ্জ এবং উত্তর কলকাতার গোয়াবাগান। গোয়াবাগানে আপনারা যদি কেউ যান তাহলে দেখবেন, সেখানে রাস্তা দিয়ে হাঁটা যায় না এমনভাবে ফুটপাথে খাটাল তৈরী করে রাখা হয়েছে। সেখানকার লোক আমাদের কাছে কমপ্লেন পাঠিয়েছে, কারণ সেখানে এই খাটাল থাকার ফলে মশার উপদ্রপ বেড়েছে। তাদের কমপ্লেনের বেসিসে আমরা খাটাল সরিয়েছি। তখন যদি আমরা কেউ বলি যে খাটাল সরানোটা একটু দেখেশুনে করা উচিত তাহলে বোধ হয় এই কথাটা ঠিক হচ্ছে কিনা এই বিষয়ে সন্দেহ আছে। আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাবো, এই এ্যামেণ্ডমেণ্টের মাধ্যমে নিশ্চয়ই চেষ্টাটা করে দেখবো কলকাতা শহরে বা যে শহরে প্রয়োজন হবে রেস্ট্রিকটেড এরিয়া ঘোষণা করবার মত, সেখানে যাতে রেস্ট্রিকটেড এরিয়া ঘোষণা করা যায়। এর পাশাপাশি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে আমাদের পরিকল্পনা আছে বিভিন্ন শহরে যাতে খাটাল অপসারণের পরে দুধ সাপ্লাই-এর অসুবিধা না হয়। তার জন্য কতকগুলো পরিকল্পনা নেওয়া হয়েছে। যদি কোন জায়গার খাটাল অপসারণের ফলে যদি দেখা যায়

সেখানকার জনসাধারণ দুধ পাচ্ছেন না, তাহলে সেখানে নতুন ডিপো বসিয়ে দুধ দেবার ব্যবস্থা করা হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনন্দলাল বন্দ্যোপাধ্যায় :—কলকাতায় যে দৈ তৈরী হয় সে দৈ-এর দুধ কোথা থেকে আসবে ?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য :—এটা এই প্রসঙ্গে আসে না, তবে আপনার অবগতির জন্য জানাচ্ছি, এই সম্পর্কে কতকগুলো পরিকল্পনা আমাদের আছে। আমি আমার কথার মধ্যে এক জায়গায় বলেছি, আগে মিল্ক শর্টেজ ছিল, এখন আশেপাশে অনেক কো-অপারেটিব সোসাইটি হয়েছে গ্রামাঞ্চলে, যার ফলে অনেক মিল্ক জেনারেশন বেড়ে গেছে এবং গ্রামাঞ্চল থেকে মিল্ক নিয়ে আসতে পারছে. সুতরাং দৈ বলুন, ঘি বলুন, সেখান থেকে করা সম্ভব হবে।

[5-40-5-43 p. m.]

The motion of Shri Pradip Bhattacharyya that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1976, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 9 and Preamble

The question that clauses 1 to 9 and Preamble do stand part of the Bill was than put and agreed to.

Shri Pradip Bhattacharyya :—Sir, I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

শ্রীমতী ইলা মিত্রঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এবং কেউ কেউ আমাকে আঘাত করার জন্য বলেছেন পল আমাকে আবার বলতে হচ্ছে। খাটাল অভিযান আমি সমর্থন করি এবং আপনারা যদি চান তাহলে এ বিষয়ে আমার পূর্ণ সহযোগিতা পাবেন। resticted area কয়েকটা জায়গা হল, আর যেটা restricted area সেখানেও তারপর দেখা যাচ্ছে সেটা restricted area হয়ে যাচ্ছে।

কাজেই একটা পরিকল্পনা করে restricted area করুন যেখানে গরু, মহিষ থাকবে না। তা না হলে অনেক অসুবিধা হবে। এ সংশোধনী যা এসেছে তাকে আমি সমর্থন করি।

The motion of Shri Pradip Bhattarcharyya that the West Bengal Cattle Licensing (Amendment) Biill, 1976, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.43 p.m. till 1 p. m. on Wednesday, the 13th October, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legistative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 13th October 1976, at 1·00 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 6 Ministers, 5 Ministers of State, 1 Deputy Minister and 190 Members.

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker. : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY

Mr. Speaker : Honourable members, I have to inform the House with deep regret that Shri Dwarika Prasanna Roy, a former member of this House, is no more in the land of living. Associated with the political activities of Congress and other revolutionary organisations since early age, Dwarika Prasanna Roy served imprisonment for about 10 years for his participation in the national movement. He was a member of the Birbhum District Board and was returned to this Assembly from Mohammad Bazar constituency in Birbhum district on a Bangla Congress ticket in the mid-term election of February, 1969. He died at the age of 71.

May his soul rest in peace.

I would now request, laides and gentlemen, to rise in your seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(Members rose and stood in silence for two minutes)

Thank you. Secretary will send the message of condolence to the bereaved family.

CALLING ATTENTION ON MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr Speaker : I have received 18 notices of Calling Attention on various subjects namely :

1. Lay-off of 6000 workers in Khardaha Jute Mills Ltd.—from Shri Sisir Kumar Ghosh.
2. Relief of worker in the draught affected areas in West Bengal —from Shri Manoranjan Pramanik. and four others.
3. Coal prospecting in Bankura District—frim Shri Kashinath Misra—and two others.
4. Scarcity of blood in Blood Bank in Hospitals—from Shri Kashinath Misra and two others.
5. Miserable failure of the University and the Higher Secondary Examinationes—from Shri Kashinath Misra and four others.
6. Theft of man-holes in Calcutta—from Shri Md. Safiullah and another.
7. Road repairs in Calcutta—from Shri Md. Safiullah and two others.
8. Beautification of river ghats—from Shri Md. Safiullah.
9. Withdrawal of slaw moving vehicles from the city—from Shri Md. Safiullah and two others.
10. Programme of Family planning—from Shri Md. Safiullah and two others.
11. Supply of fishes at fair price—from Shri Md. Safiullah and three others.
12. Supply of par-boiled rice through ration shops—from Shri Md. Safiullah and four others.

13. Scarcity of drinking water in rural areas from Shri Kashinath Misra and four others.
14. Spurt in rise of essential commodities—from Shri Kashinath Misra and nine others.
15. Admission problem in the 12 years course—from Shri Kashinath Misra and ten others.
16. Insactile attack on paddy crops—from Shri Md. Dedar Baksh and two others.
17. Fire in a cold sterange at Maniktala—from Shri Md. Dedar Baksh and four others.
18. Supply of water to the man crop—from Shri Md. Safiullah and two others.

Out of which I have selected the notices of Shri Monoranjan Pramanik and four others on the subject of relief work in the draught affected areas in West Bengal. The Hon'ble Minister in charge my please make a statement on the subject tody, if possible, or give a date for the same.

Dr. Zainal Abedin : On Friday next.

MENTION CASES

শ্রীশক্তিপদ মাঝি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবংলার বিভিন্ন এলাকায় যে খরার প্রকোপ চলছে তা নিয়ে গতকাল থেকে আমাদের এখানে আলোচনা হচ্ছে। আমি বাঁকুড়া জেলার উত্তর অংশের কথা কিছু না বলে আর পারছি না। স্যার, আমার জীবনে এই প্রথম এতবড় খরার প্রকোপ দেখলাম। এর আগে আমাদের বাঁকুড়া জেলা অনেকবার খরার প্রকোপে পড়েছে কিন্তু এবারে বাঁকুড়ার উত্তর অংশ এইভাবে খরার প্রকোপে পড়বে সেই ধারণা আমার ছিল না। শালতোরা, মেঝিয়া, গঙ্গজলঘাটি এবং অন্যান্য জায়গায় কিয়দংশ এই খরার ফলে এ্যাফেকটেড হয়েছে। এর মধ্যে ১০ থেকে ১৫ পারসেনট পোতা হয়েছিল কিন্তু সেগুলি শুকিয়ে গেছে। আমরা লক্ষ্য করেছি এই ভাদ্র-আশ্বিন মাসে সেখানে কোন বৃষ্টি হয়নি। আপনি যদি ওখানের কয়েকটি অঞ্চলে যান তাহলে দেখবেন পুকুরে জল নেই, কুয়োগুলি শুকিয়ে গেছে। কাজেই অবিলম্বে যদি টিউবয়েলের ব্যবস্থা না করেন তাহলে পানীয় জলের অভাবে

লোকজন মারা যাবে। কয়েকদিন আগে দামোদরের জল ছাড়া হয়েছিল মাইথন থেকে এবং তার ফলে মেঝা থানার কিছু অংশে জল ঢুকে গিয়ে ঘরবাড়ী ধ্বসে গেছে, কুয়োর জল পয়জনিং হয়েছে এবং তার ফলে কলেরা, বসন্তের প্রকোপ দেখা দিয়েছে। এগুলি সরকারের তরফ থেকে এখনও ঠিক করে দেওয়া হয়নি। কাজেই আমার অনুরোধ হচ্ছে অন্যান্য এলাকার মত আমাদের এই খরাপীড়িত এলাকায় যদি এখনই ব্যাপক-ভাবে টি আর, জি আর-এর ব্যবস্থা না করা হয় তাহলে বড় চাষী, মধ্য চাষী, সাধারণ মানুষ অকালে প্রাণ হারাবে। কাজেই অনুরোধ করছি সরকার অবিলম্বে বাঁকুড়ার উত্তর অংশের প্রতি দৃষ্টি দিন।

শ্রী জগদীশচন্দ্র দাস :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম-বাংলার ৬২টি জুট মিলে যে চরম সংকট দেখা দিয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। এই সংকটের বহু কারণ আছে, তবে এর অন্যতম মূল কারণ হচ্ছে আই জে এম এ বা মালিক গোষ্ঠীর এক চেটিয়া ছাঁটাই, লে অফ ইত্যাদি। আজকে বহু কারখানা লক আউট হয়ে রয়েছে। কতগুলি সরকারের নির্দেশে খুলছে কিন্তু খোলার পর দেখা যাচ্ছে তারা সরকারের নির্দেশ অমান্য করছে। কোন একটি কারখানা সরকারের নির্দেশ মানছে বলে আমার জানা নেই। সরকারের সংগে বিভিন্ন এগ্রিমেণ্ট আছে, ট্রাইপাটাইট এগ্রিমেন্ট আছে কিন্তু দেখা যাচ্ছে সমস্ত কিছু ভায়োলেট করে তারা এক চেটিয়া ছাঁটাই, লে অফ করেই চলেছে। আমরা জানি ২ লক্ষ ৫০ হাজার শ্রমিক এই ৬২ টি জুটমিলে কাজ করে। আপনি যদি খবর নেন তাহলে দেখবেন তার মধ্যে ৫০ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গেছে। এই ব্যাপারে প্রতিবাদ জানাতে গেলে মালিক পক্ষ যে পুলিশ মোতায়েন করে রেখেছে তাদের মাধ্যমে ব্যবস্থা নেয় এবং যারা প্রতিবাদ করে তাদের কয়েদ খানায় পাঠিয়ে দেওয়া হয়। কোন জুট মিল বোনাস দেয় নি এবং দেখা যাচ্ছে ব্যালেন্স সিট চ্যালেঞ্জ করতে গেলে সংগে সংগে তাদের পুলিশে হস্তান্তর করা হচ্ছে। আমি জুটমিলের এই সংকটের কথা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রি এবং শ্রমমন্ত্রীর দৃষ্টিতে আনছি। জুটমিলের মালিকরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সুযোগ সুবিধা নিচ্ছে অথচ তারা চাষীদের এবং শ্রমিকদের মেরে ফেলছে। আমাদের ব্যারাকপুর মহকুমায় ২৫ টি জুটমিল আছে। আমরা দেখছি এর মধ্যে খরদহ জুটমিল বন্ধ হয়ে রয়েছে, মেঘনা জুটমিল খুলেছে বটে কিন্তু নৈহাটি জুটমিলে অর্ধেক লোক ছাঁটাই করেছে। জুটমিলে সর্বত্র এই অবস্থা চলছে কাজেই এই গুরুতর সমস্যার প্রতি আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া) :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার চাষীদের বুক ফাটা আর্তনাদ বিধান সভায় পেঁাছে দিচ্ছি। আজকে বিধান সভায় সেচমন্ত্রী মহাশয় উপস্থিত নেই সুতরাং চাষীদের এই যে উদ্বেগ সেটা তার কানে পেঁাছাবে না। আপনার মাধ্যমে বিনীতভাবে এই আবেদন জানাতে চাই যে আপনি সরাসরি সেচ মন্ত্রীকে হোক না হয় মন্ত্রী সভার মাধ্যমে হোক আমার এলাকার চাষীদের এই সেচের গুরুতর সংবাদ পেঁাছে দেবেন এবং বিহীত ব্যবস্থা করবেন তাহলে আমাদের এলাকার চাষীরা তাদের কৃতজ্ঞতা আপনাকে জানাবে। শুধু আমার এলাকায় নয় কাটোয়া মহকুমায় হাজার হাজার বিঘা জমি নষ্ট হয়ে যাচ্ছে, মাঠকে মাঠ ফেটে চৌচির হয়ে যাচ্ছে, সবুজ ধান জ্বলতে আরম্ভ করেছে, সেচের জল পাওয়ার কোন আশা নাই এবং সব থেকে যেটা গুরুতর সংবাদ যে সমস্ত এলাকার ডি, ভি, সি-র এলাকার শেষ প্রান্তে সেই জল পেঁাছাবার আগে বিভিন্ন এলাকার বিভিন্ন চাষীরা সেচের জল কম পাওয়া দরুন—তাদের উপর আমি দোষারোপ করছি না, তারা বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে বাঁধ দিয়ে উপরকার জমিতে জল আটকিয়ে রাখছেন। সেচ বিভাগের বিভাগীয় অফিসারদের দৃষ্টি আনা সত্বেও, তাদের এই সংবাদ গোচরিভুক্ত করা সত্ত্বেও তারা কোন ব্যবস্থা নিচ্ছেন না। স্যার আপনি নিজে জানেন ২০ দফা কর্মসূচীতে আমরা বলেছি নতুন করে আমরা হেকটরের পর হেকটর জমি নিয়ে সেচের আওতায় নিয়ে আসবো। এই ঘোষণা একদিকে যেমন করছি তখন এই পশ্চিমবঙ্গের সেচ বিভাগের আমলাতন্ত্র রয়েছে সেই আমলা তন্ত্রের কাজের নমুনা এমনই যে জমিগুলো আগে থেকে সেচের আওতায় রয়েছে সেই জমি-গুলিতে বিন্দুমাত্র সেচের জল পাঠাবার কোন ব্যবস্থা নেই। অথচ সেচের জন্য কর আদায় করবার তড়িঘড়ি ব্যবস্থা আছে, কর আদায় করবার জন্য চাষীদের উপর জুলুম চলছে। আজকে এই কথা এখানে বলা অরণ্য রোদন হবে যদি স্যার আপনি এই ব্যাপারে হস্তক্ষেপ না করেন। আপনি এই ব্যাপারে যদি হস্তক্ষেপ করেন তা হলে কাটোয়া মহকুমার চাষীরা নিশ্চয় জানবে যে একটা সুরাহা হবে। আমার স্যার বিনীত আবেদন আপনি সেচ বিভাগের মন্ত্রী মহাশয়কে এই সংবাদ পেঁাছে দিয়ে এর আশু প্রতিকারের ব্যবস্থা করুন।

শ্রীগণেশ হাঁটুই :—স্যার, এই অবস্থা যদি হয় বর্ধমান জেলার লোকেরা জল পাচ্ছে না তা হলে হুগলীর লোকেরা কি করে জল পাবে আপনি একটা ব্যবস্থা করুন।

শ্রীসামসুল আলম খাঁ :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এগরা মোহনপুর থানার শারদা কলেজ সম্পর্কে

আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিরাট শিক্ষা আয়তন বিরাট কলেবর নিয়ে দাঁড়িয়ে রয়েছে, অনেক ঘর রয়েছে, কোন জিনিসের অভাব নেই। একমাত্র আর্ট ছাড়া বিজ্ঞান এবং কর্মাসের জন্য অনুমোদন দেওয়া হয় নি। আজকে অনেক চেষ্টা করে অনেক কলেজ, সায়েন্স এবং কমার্সের এপ্রুভ্যাল পেয়েছে কিন্তু এই কলেজ পাইনি। মোহনপুর এগ্রা থানা পর্যন্ত এইটি একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান এবং চারটি কনস্টিটিউনসির সংযোগস্থলে এই কলেজ অবস্থিত। এই এলাকায় এত সুন্দর এবং সব ব্যবস্থাপনা থাকা সত্ত্বেও এই এগ্রা কলেজ আজকে অবহেলিত অবস্থায় পড়ে রয়েছে এটা মোটেই সমুচিত নয়। এই এলাকার গরীব ছাত্র ছাত্রীরা উচ্চ শিক্ষা লাভ করবার জন্য দূরে যেতে হয়। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে এই কলেজটি কে তিনি বিজ্ঞান এবং কমার্সের অনুমোদন দেন।

শ্রীসরোজ রায় ঃ—স্যার, আমি পয়েন্ট অব অর্ডার তুলেই আমি আমার মেনশন কেস বলছি। এখন যখন কোশ্চেন নেই তখন আপনার মাধ্যমে আমি বলছি যে এখানে কি মেনশন হয় তা শোনার জন্য মিনিষ্টারদের থাকা উচিত। আর তা যদি না থাকেন তাহলে এই রকম মাঝে মাঝে চিৎকার করে চলে যাবো এবং এর ফলাফল যে কি হবে তা বুঝতে পারি না।

স্যার, আজকে আমি যেটা মেনশন করছি, স্পীকার মহাশয়, এই সূত্রটা অন্ততঃ চারবার এখানে মন্ত্রীদের চোখে নির্লজ্যের মত আংগুল দিয়ে দেখিয়ে দেওয়া হয়েছে। মেদিনীপুর জেলায় গড়বেতা থানায় একটা সরকারী কোল্ড ষ্টোরেজ আজ সাত বৎসর হল তৈরী হয়ে পড়ে আছে অথচ খোলা হচ্ছে না। ওয়েষ্ট গভর্ণমেণ্ট বলেছেন যে এর জন্য কয়েকলক্ষ টাকা খরচ করা হয়েছে। এই কোল্ড স্টোরেজ তৈরি করার পর আজো তা ফেলে রেখে দেওয়া হয়েছে, তার মেনটিনেন্সের জন্য প্রতি মাসে টাকা খরচ করা হচ্ছে এবং যন্ত্রপাতি সব নষ্ট হয়ে যাচ্ছে। এইবার নিয়ে চাররবার এই সূত্র নিয়ে মন্ত্রী মহাশয়দের কাছে বলেছি কিন্তু তাঁরা কর্ণপাত করেননি। অথচ গড়বেতা থানা একটা বড় পোটাটো প্রডিউসিং প্লেস, হুগলীর পরে এখানে ৭টি প্রাইভেট কোল্ড ষ্টোর আছে এবং আরো তিনটি হতে যাচ্ছে কিন্তু সরকার এই কোল্ড ষ্টোর করে ৭ বৎসর ফেলে রেখেছে এবং ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট মাসে মাসে লোক রেখে এর রেকারিং এক্সপেন্স বহন করছেন। আবার পরশু যুগান্তর কাগজে দেখলাম যে বোলপুরে হিমঘর খোলার জন্য আমাদের

দু'জন মন্ত্রী সাত্তার সাহেব এবং সেচমন্ত্রী একসঙ্গে তার শিলান্যাস করে এলেন। অথচ দেখছি যে এই কোল্ড ষ্টোর ৭ বৎসর তৈরি হয়ে পড়ে আছে। খোদায় মালুম এটা কবে খোলা হবে এবং যার শিলান্যাস করে এলেন তাই বা কবে হবে। আমাদের এই কোল্ড ষ্টোরের ছবি ছাপিয়ে দিয়ে গত বৎসর যুগান্তর পত্রিকা, কত টাকা খরচ হয়েছে, ইত্যাদি দিয়ে খবর প্রকাশ করেছিলেন. আমরা ভাবলাম যে যুগান্তর যখন মন্ত্রী মহাশয়ের পেপার তখন হয়তো বা এবার খুলবে কিন্তু দেখছি যথা পূর্বং। আমাদের সন্দেহ হচ্ছে যে এর পিছনে বুরোক্রাসিক ষড়যন্ত্র আছে। একটি প্রাইভেট কোম্পানী ভূতুড়িয়া কোং. তাদের হিমঘর আছে, তাদের দিয়ে এটা চালাবেন বলে ঠিক করেছেন।

আমাদের মন্ত্রী মহাশয় হি ইজ ভেরি সিরিয়াস এ্যাবাউট এগ্রিকালচার এবং দেখেছি সত্যিই তিনি এগ্রিকালচার সম্পর্কে হি হ্যাজ গট সিনসিয়ারিটি, সেদিক থেকে আমি বলবো যে তিনি যদি এটা খুলতে না পারেন তাহলে আমাদের হাতে দিয়ে দেন আমরা কো-অপারেটিভ হিসাবে এটা করবো।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় সদস্য জগদীশ দাশ জুট মিলের যে ব্যাপার এখানে উল্লেখ করেছেন সেই ব্যাপারে আমি স্পেসিফিক্যালি বলতে চাই যে চট শিল্পে নিদারুণ অত্যাচার চলছে। একথা এর আগেও বলেছি। সম্প্রতি গত শনিবার তেলেনিপাড়া ভিক্টোরিয়া জুট মিল বন্ধ করে দেওয়া হল এবং জবরদস্তি বন্ধ করে দেওয়া হল। সেখানে শ্রমিকদের উপর অত্যাচার চালান হয়েছে এবং অত্যাচার হচ্ছে। তার প্রতিবাদ করেছে শ্রমিকরা তার জন্য লকআউট হয়েছে। আমি এই দিকে শ্রমমন্ত্রী মহাশর তথা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এই জায়গায় তদন্ত হোক, । যেসব জায়গায় আজকে চট শিল্পে মালিকরা জবরদস্তি করে এইভাবে লক আউট, ক্লোজার, লে অফ করছে সেখানে তদন্ত করা হোক, তদন্ত করে বিচার করা হোক। আমি তেলেনিপাড়ার কথা উল্লেখ করেছি, শ্রমিকদের উপর কি ধরণের অত্যাচার হচ্ছে—তাদের পিঠে ফোস্কা পড়ে গিয়েছে। যন্ত্রপাতি দিয়ে যে সব কাজ করান হয় সেইসব যন্ত্রপাতি বাদ দিয়ে মানুষের পিঠেরউপর দিয়ে সেই সব কাজ করান হচ্ছে। এই ব্যাপারে তদন্ত হোক এবং অবিলম্বে ভিক্টোরিয়া জুট মিল খোলা হোক এই দাবী জানাচ্ছি।

[1-20—1-30 p. m]

শ্রীগিরিজা ভূষণ মুখোপাধ্যায় : - মাননীয় স্পীকার স্যার, আমি তেলেনীপাড়া জুটমিল লক-আউট সম্বন্ধে মেনশন দিয়েছি। কেন এই লক—আউট হল? শুধু আজকের দিনে এই কোম্পানী নয় সমস্ত জুট মিল কোম্পানী যারা গভর্ণমেণ্টের রিকমেণ্ডশন নিয়ে খুলছে কিংবা যারা নিজস্ব প্রচেষ্টায় আস্তে আস্তে ওয়ার্ক লোড বাড়িয়ে কারখানা চালু রেখেছে, তারাই এখন চেষ্টা করছে সাতদিন করে চালাবার। আমি জানি না, পাওয়ার মিনিস্টার এখানে নেই, কি করে চাঁপদানী জুট মিলে সাত দিন ডে এণ্ড নাইট চালাচ্ছে ইনস্পাইট অব দি পাওয়ার কণ্টেট্রাল অর্ডার চালাচ্ছে। আমি জানি না কেন চালাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি ভিক্টোরিয়া জুট মিল কেন, এই অঞ্চলের সমস্ত জুট মিলই যেটা করছে সাতদিন চালাচ্ছে, কোন নতুন লোক নিয়ে নয়। তারা ডে অফ নিয়ে বাংলিং করছে। ডিক্টোরিয়া মিলের স্পেসিফিক ঘটনা হচ্ছে ছুটির দিন যেদিন উইথ পে লিভ সেদিন ডে অফ নয়। যার ডে অফ করে তাকে বলে এদিন তোমার ডে অফ নয়, কারণ সেদিন তাকে ডে অফ দিলে পয়সা দিতে হবে, তাকে অন্যদিন ডে অফ দিয়ে থাকে ছুটির পয়সা দিয়ে, অর্থাৎ তারা পয়সা বাঁচাচ্ছে এবং যেদিন তাকে ডে অফ দেয় সেদিন মেশিন বন্ধ থাকে। নট দ্যাট তারা প্রোডাকশন বাড়াবার জন্য সাতদিন চালাচ্ছে। পশ্চিমবঙ্গের নর্থ শ্যামনগর জুট মিলেও দু দিনের মধ্যে লক আউট হবে। সেখানে সিমিলার ঝামেলা চলছে। সেখানেও শ্রমিকরা বলছে আমাকে ডে-অফ দাও, রেগুলার ডে-অফ একটা বুধবার কি বৃহস্পতিবার কি শুক্রবার, স্ট্যাগারিং ওয়েতে একটা ডে-অফ দাও. আমরা ইউনিয়ন থেকে এগ্রীড, আমরা চাই সাত দিন চলুক. আমরা চাই মোর প্রডাকশন। তখন কোম্পানী ছুটির দিন কিভাবে বন্ধ রাখে? প্রডাকশন কমছে, তাতেও চলছে ডেইলি ১৬ ঘণ্টা, অন্যান্য ডিপার্টমেণ্ট চালাবার চেষ্টা করছে ২৪ ঘণ্টা। এইভাবে সারা পশ্চিমবাংলায় সমস্ত জুটমিলগুলি এই রাস্তা নিচ্ছে এবং সবচেয়ে দুর্ভাগ্যজনক এই যে এখানে শিল্পমন্ত্রী এখন এখানে নেই, অন্য কোন মন্ত্রী নোট নিচ্ছেন কিনা জানি না. বিধানসভায় আমি মেনশন দিয়েছি. আমি তো বলেই চলেছি, এখন সামগ্রিভাবে সমস্ত জুটমিল প্রডাকশন কমাবার চেষ্টা করছে এবং শ্রমিকদের উপর ওয়ার্ক লোড বাড়াচ্ছে। সাত আট বা দশ বছর ধরে যা চলছিল তা চলছে না. বর্তমানে দুর্ভাগ্যজনক ঘটনা হচ্ছে মালিকরা যে কথা বলছে সরকারী প্রতিনিধিরা তা মঞ্জুর করে দিচ্ছে। তাই রিকমেণ্ড করে দিচ্ছে। এমন মেসিন নেই এসেস করার যে একজন মজুর কত বোঝা বইতে পারে। আগে পাঁচ মণের গাঁট আট জন লোক বইত, তারপরে করে সাতজন, এখন চারজন হয়ে গেছে। দুজন বইছে চারজন তুলে দিচ্ছে। আগে সেই আটজনের স্কোয়াড ছিল, ভাবনা হল এটা বিয়ণ্ড ক্যাপাসিটি, ভবানীও যেটা বলেছে। এদিকে দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Birendra Bijoy Malladev : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার কাছে এবং আপনার মাধ্যমে এই হাউসের কাছে বর্তমানের দুশ্চিন্তা ও আগামী দিনের এক হৃস্তশিল্পব্যঞ্জক চিত্র তুলে ধরতে চাচ্ছি। আপনি জানেন স্যার, ঝাড়গ্রাম মহকুমাকে একটা খরা প্রবণ এলাকা বলে ঘোষণা করা হয়েছে। প্রকৃতির কোপ এ বছর ঝাড়গ্রাম মহকুমাতে বর্ষার সুরুতে আমরা বর্ষা পাইনি। যার ফলে সেখানে চাষ অনেক পিছিয়ে গেল। ওখানে early আমনের ব্যাপক হয়ে থাকে, সেটা এবার বৃষ্টির অভাবে হয়নি। সামান্য লেটে আমনের চাষ হয়েছিল। এখানকার বিরাট এলাকা জুড়ে ডাঙ্গা জমি—সেখানে কিছু কিছু আউসের চাষ হয়েছিল। কিন্তু দুঃভার্গ্যের কথা—গত সেপ্টেম্বরে যে বিরাট সাইক্লোন মেদিনীপুর জেলার উপর দিয়ে বয়ে গেল, তাতে এই আউশ ধানেরও শতকরা ৫০ ভাগ নষ্ট হয়ে গেছে। যে সমস্ত ধান পেকেছিল—তা ঐ সাইক্লোনের ফলে চিতিয়ে পড়ে নষ্ট হয়ে গেছে। Early আমন সময়মত বৃষ্টির অভাবে ওখানে হতে পারেনি। তারপর লেট্ আমনের যে আশা ছিল, তাতেও বিরাট বাধার সৃষ্টি হয়েছে—বৃষ্টির জলের অভাবে বিগত ২০ দিন ধরে কোন বৃষ্টি হচ্ছে না। তার ফলে এই লেট্ আমনের উৎপাদন ও শতকরা ৭০ ভাগ কম হবে বলে ধারণা। আর যদি দু-একদিনের মধ্যে কোন বৃষ্টি না হয়, তাহলে শতকরা ৯০ ভাগ উৎপাদন নষ্ট হয়ে যাবে। এই পরিপ্রেক্ষিতে —আগামী দিনে এ খরা প্রবণ এলাকার মানুষের দুর্দশার কোন সীমা থাকবে না— সেখানকার গরিব মানুষের কোন সঞ্চয় নাই। এখন সু-পরিকল্পনা নিয়ে—সরকার এগিয়ে না এলে সেখানকার জনসাধারণকে বাঁচান যাবে না। এ বিষয়ে সরকার থেকে একটা study করা হোক, একটা survey করা হোক সত্বর—যাতে এই দুরবস্থার একটা সুরাহা হতে পারে।

Shri Balailal Sheth : মাননীয় স্পীকার মহাশয়, হুগলী জেলায় যে গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে—সে বিষয়ে আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি, আপনি জানেন স্যার, হুগলী জেলার আরামবাগ মহকুমা—ডি-ভি-সির খামখেয়ালীর জন্য অকালে এক বিরাট বন্যার সৃষ্টি হয়। সেই বন্যাকে কেন্দ্র করে বন্যাত্রাণের নাম করে কিছু কিছু খদ্দরধারী ছদ্মবেশী সমাজসেবী বিভিন্ন স্থানে অর্থ সংগ্রহ করছে। এই জরুরী অবস্থায়ও তারা এই রকম গুরুতর অন্যায় কাজ করে যাচ্ছে—বন্যার্তদের সাহায্যের নাম করে। তাদের জামার রং খদ্দর হলেও তারা এই অসাধু ব্যবসায় নেমেছে। এই অসাধু ব্যবসায় অবিলম্বে বন্ধ করা উচিত এবং এই সব ছদ্মবেশী সমাজসেবীদের কঠোর হস্তে শাস্তি বিধান করা হোক—এই দাবী সরকারের কাছে রাখছি।

Shri Sital Chandra Hembram: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এমনি বিশেষ জরুরী ঘটনার প্রতি। সেটা হলো পুরুলিয়া জেলার মান বাজার দু নম্বর বুড়ি বাঁধ অঞ্চলে ৩০/৩৫ টি বুনো হাতী জঙ্গল থেকে নেমে এসে আদিবাসী অধিবাসীদের ঘর বাড়ী জমির ফসল সব ভেঙ্গে চুরে খেয়ে মাড়িয়ে তচনচ করে দিচ্ছে। ফলে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে বহু চাষীর ধান নষ্ট করে দিচ্ছে। D. H. O. কে ও অন্যান্য অফিসারদের জানিয়ে ও কোন ফল পাওয়া যাচ্ছে না। তারপর তিন বছর যাবৎ এই বুনো হাতির উৎপাৎ বাড়ছে। বন্য পশু রক্ষার দায়িত্ব সরকারের। জনসাধারণের ক্ষেতের ফসল যদি নষ্ট করে বন্য জন্তুতে, তাহলে সে দায়িত্বও সরকারকে নিতে হবে। তাই সরকারের বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি—তিনি অবিলম্বে এই সব বুনো হাতি তাড়াবার ব্যবস্থা করুন এবং গরিব আদিবাসীদের ধনপ্রাণ রক্ষা করুন।

[1-30—1-40 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজা :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দার্জিলিংয়ের পার্বত্য অঞ্চলে এবং ফুট হিলসে এবং পুরুলিয়াতে হাতির উপদ্রবের খবর এসেছে। আমরা ইতিমধ্যে ব্যবস্থা নিয়েছি। এরা দার্জিলিংয়ের কিছু অঞ্চল বিশেষভাবে ক্ষতিগ্রস্থ করে। কিন্তু আমরা গুলি করি নি মারতে চাইছি না। এরা গাগলা হাতি নয়—এই রকম খবর এসেছে। এদের তাড়িয়ে দেবার জন্য ফরেস্ট অফিসারকে নির্দেশ দিয়েছি। শেষ পর্যন্ত কি হয়েছে তা জেনে আমি মাননীয় সদস্যকে জানিয়ে দেবো।

শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার খরার কথা কিছু কিছু সদস্য উল্লেখ করেছেন। ফসলের তাতে যে অবস্থা দাঁড়াবে সেটা পরের কথা। কিন্তু যে ঝড় হলো তাতে ২৪-পরগণার মতো মেদিনীপুরের সদর মহকুমা, কাঁথি এবং তমলুক ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। আমার এলাকা যেটা মেদিনীপুরের দক্ষিণ প্রান্তে অবস্থিত। আমি সেখানে ঘুরে ঘুরে দেখেছি কি ভয়াবহ অবস্থা হয়েছে। আমরা যেখানে সরকারের পক্ষ থেকে গৃহহীনকে গৃহ দিচ্ছি সেখানে এই ঝড়, এই প্রাকৃতিক দুর্যোগে যে ঘরবাড়ি উড়ে গেলো তাতে তার ক্ষয় ক্ষতি নিধারণ করে জেলা ম্যাজিস্ট্রেট বা সরকারের কাছে পাঠানো হয়েছে। তাদের আজ পর্যন্ত মাথা গুঁজবার ঠাঁই নেই। সেখানে ধানচাষকে বাদ দিলে পান চাষ একটা উপায় যার মাধ্যমে পান চাষীরা বাঁচে। ক্ষুদ্র চাষের চাষীরা বাঁচে। এই সমস্ত

পান চাষ যারা করে তাদের অধিকাংশই ক্ষুদ্রচাষী। তাদের মধ্যে কিছু হয়তো বৃহৎ চাষী আছে তারা তাদের ব্যবস্থা করে নিতে পারবে। কিন্তু এই ক্ষুদ্রচাষীদের যদি সাহায্য না করা যায়, বেশি নয় দুশো, তিনশো, চারশো, কি পাঁচশো টাকা মতো সরকার যদি না দেন তাহলে আগামী কয়েক বছর সমস্ত পানচাষ নষ্ট হয়ে যাবে। প্রসঙ্গ উল্লেখ করতে চাই যে এই ১৩৮২ বাংলা সনে যে খাজনা এবং লোন আদায় হয়েছে তাতে মেদিনীপুর জেলা রেকর্ড স্থান দখল করেছে। শতকরা ৯৪ ভাগ লোন এবং খাজনা দিয়েছে। আর পঞ্চায়েত ট্যাক্স শতকরা ৮৪ ভাগ আদায় দিয়েছে। সেক্ষেত্রে মেদিনীপুর জেলা কি পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবী করতে পারে না এই প্রাকৃতিক দুর্যোগে তাদের সাহায্য করা হোক। মাত্র ২ শো থেকে ৫শো টাকার মতো লোন দেওয়া হোক। মাথা গুঁজবার ঠাঁই না পেয়ে, অন্ন নেই, বস্ত্র নেই এই অবস্থায় ঘুরে বেড়াচ্ছে। সেই জন্য আপনার মাধ্যমে আমি ত্রাণ বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ জয়নাল আবেদীন ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, পান চাষ কি এগ্রিক্যালচারে পড়ে না কমার্সে পড়ে এই নিয়ে একটা দ্বন্দ্ব আছে আপনি জানেন। তমলুক এবং অন্যান্য জায়গায় যেখানে এই রকম হয়েছে সেখানে লং টারম লোন, কো-অপরেটিভ সেক্টারে রিল্যাকসেসান দেওয়া যায় সেটার পারমিশান পি. এল. ডি. বিয়ের কাছ থেকে প্রস্তাব নিয়ে ব্যবস্থা হচ্ছে এবং তাহলে সেটা পাঁচশো টাকা নয় তার বেশি হবে। অসুবিধাটা হচ্ছে ১০ কাঠা কিংবা এক বিঘা জমির জন্য স্কেল অফ ফাইন্যান্স বেশি পড়ে। আমাদের এগ্রিক্যালচারের জন্য যে ইয়ারডষ্টিক তার মধ্যে পানচাষ পড়ে না। কিন্তু তাতে রিল্যাকসেসান দেওয়ার চেষ্টা করা হচ্ছে। এই যে সংকট এতে যদি মাননীয় স্থানীয় সদস্যরা সাহায্য করেন তাহলে এই লং টারম অপারেসান দিয়ে এই সমস্যার মোকাবিলা করা যাবে।

কোথায়ও কোথায়ও ভাল রেজাল্ট হয়েছে। এবং কোথায়ও কোথায়ও উইলফুল ডিফলটাররা এই আন্দোলন করে এবং প্রচার করে যাচ্ছে যে পান চাষীরা ঠিক চাষী নয়, এটা বাণিজ্য। এই দিকটা একটু আপনারা গার্ড করুন তাহলে যে সমস্যা দেখা দিয়েছে তা সমাধান হয়ে যাবে। উনি যে কথা বললেন এর বেশী টাকা দেওয়া যেতে পারবে লং টার্ম অপারেসন দিয়ে সাহায্য করা যেতে পারে। গত বছর ৫ কোটি টাকা দিতে পেরেছি এ বছর ১০ কোটি টাকা লগ্নি করার ব্যবস্থা আছে রিসোরস মবিলাইজ করে।

শ্রীরামদাস ব্যানার্জি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফরমেশন মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বললেন এ স্কীম সম্বন্ধে তিনি যদি ওটা সকলের সামনে প্রচার করেন তাহলে খুবই ভাল হয়।

Shri Sital Chandra Hembram: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এমনি বিশেষ জরুরী ঘটনার প্রতি। সেটা হলো পুরুলিয়া জেলার মান বাজার দু নম্বর বুড়ি বাঁধ অঞ্চলে ৩০/৩৫ টি বুনো হাতী জঙ্গল থেকে নেমে এসে আদিবাসী অধিবাসীদের ঘর বাড়ী জমির ফসল সব ভেঙ্গে চুরে খেয়ে মাড়িয়ে তচনচ করে দিচ্ছে। ফলে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে বহু চাষীর ধান নষ্ট করে দিচ্ছে। D. H. O. কে ও অন্যান্য অফিসারদের জানিয়ে ও কোন ফল পাওয়া যাচ্ছে না। তারপর তিন বছর যাবৎ এই বুনো হাতির উৎপাৎ বাড়ছে। বন্য পশু রক্ষার দায়িত্ব সরকারের। জনসাধারণের ক্ষেতের ফসল যদি নষ্ট করে বন্য জন্তুতে, তাহলে সে দায়িত্বও সরকারকে নিতে হবে। তাই সরকারের বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি—তিনি অবিলম্বে এই সব বুনো হাতি তাড়াবার ব্যবস্থা করুন এবং গরিব আদিবাসীদের ধনপ্রাণ রক্ষা করুন।

[1-30—1-40 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজা :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দার্জিলিংয়ের পার্বত্য অঞ্চলে এবং ফুট হিলসে এবং পুরুলিয়াতে হাতির উপদ্রবের খবর এসেছে। আমরা ইতিমধ্যে ব্যবস্থা নিয়েছি। এরা দার্জিলিংয়ের কিছু অঞ্চল বিশেষভাবে ক্ষতিগ্রস্থ করে। কিন্তু আমরা গুলি করি নি মারতে চাইছি না। এরা গাগলা হাতি নয়—এই রকম খবর এসেছে। এদের তাড়িয়ে দেবার জন্য ফরেস্ট অফিসারকে নির্দেশ দিয়েছি। শেষ পর্যন্ত কি হয়েছে তা জেনে আমি মাননীয় সদস্যকে জানিয়ে দেবো।

শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার খরার কথা কিছু কিছু সদস্য উল্লেখ করেছেন। ফসলের তাতে যে অবস্থা দাঁড়াবে সেটা পরের কথা। কিন্তু যে ঝড় হলো তাতে ২৪-পরগণার মতো মেদিনীপুরের সদর মহকুমা, কাঁথি এবং তমলুক ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। আমার এলাকা যেটা মেদিনীপুরের দক্ষিণ প্রান্তে অবস্থিত। আমি সেখানে ঘুরে ঘুরে দেখেছি কি ভয়াবহ অবস্থা হয়েছে। আমরা যেখানে সরকারের পক্ষ থেকে গৃহহীনকে গৃহ দিচ্ছি সেখানে এই ঝড়, এই প্রাকৃতিক দুর্যোগে যে ঘরবাড়ি উড়ে গেলো তাতে তার ক্ষয় ক্ষতি নিধারণ করে জেলা ম্যাজিস্ট্রেট বা সরকারের কাছে পাঠানো হয়েছে। তাদের আজ পর্যন্ত মাথা গুঁজবার ঠাঁই নেই। সেখানে ধানচাষকে বাদ দিলে পান চাষ একটা উপায় যার মাধ্যমে পান চাষীরা বাঁচে। ক্ষুদ্র চাষের চাষীরা বাঁচে। এই সমস্ত

কি কম গুরুত্বপূর্ণ বা একেবারেই গুরুত্বপূর্ণ নয় এসব কথা না বলে আমি মূল বিষয়টি আপনার মাধ্যমে মন্ত্রীসভা তথা এই হাউসের কাছে রাখছি। স্যার, আমার কেন্দ্র নওদা কেন্দ্রের কয়েক হাজার বিঘা জমিতে যে আমনের চাষ হয় তাকে আমাদের ওখানকার স্থানীয় ভাষায় বলা হয় ছড়িয়ে ফেলা আমন। জলও বাড়ে ১০/১৫/১৬ হাত পর্যন্ত আর সঙ্গে সঙ্গে এই ধান গাছগুলিও বাড়তে থাকে। তবে হটাৎ যদি জলটা এসে যায় তাহলে ডুবে যায় কিন্তু যদি আস্তে আস্তে জলটা বাড়তে থাকে তাহলে এই ধানের ক্ষমতা আছে ১৬ হাত পর্যন্ত বাড়ার। আমার এ এলাকার হাজার হাজার বিঘা জমিতে সুতীর ছোট ছোট ক্যানেল আছে তা থেকে জল প্রবেশ করে এবং বৃষ্টির জলেতেও এই ধান বাড়তে থাকে। স্যার, ঠিক এই সময়টিতে আমার এ এলাকাটিতে—আপনারা অনেকেই জানেন, যারা জানেন না তাদের জানাবার জন্য বলছি, জলটা যখন প্রায় শেষ হতে থাকে তখন ধানটা একটু নীচু হয়ে যায় এবং তখন কনুই পাতে। কারণ কনুই না পাততে পারলে শীষ ভাল হয় না। এ ছাড়া আরো যে জিনিসটা হয় সেটা হচ্ছে, বিনা পয়সায়—সার লাগে না, চাষ লাগে না, শুধু বীজ ফেলে দিলেই মটর, তিষি আর খেসারী আপনা আপনি হয়ে যায়। ধান কাটবার সময় খেসারীটা একটু বড় হয়ে যায় এবং তখন একটু কাটা পড়ে বটে কিন্তু আবার ঠিক হয়ে যায়। তবে স্যার, প্রত্যেক বছর এই সময়ে আমার এ এলাকাতে একটা সাংঘাতিক কারবার হয় যেটা শুনলে আপনি অবাক হয়ে যাবেন, তবে ওরা অবাক হবেন কিনা জানি না। ইরিগেসান ডিপার্টমেণ্ট থেকে ফিশারম্যানদের এই জমিগুলি লিজ দেওয়া হয় এবং ফিশারম্যানরা আবার সেগুলি ছোট ছোট ভাগে ভাগ করে লিজ দিয়ে দেন। আগে যারা বেশী জমির মালিক বা বড় লোক তারা সেগুলি কিনতো না কিন্তু এখন মাছটা অত্যন্ত লোভনীয় জিনিস হওয়াতে বড়লোকরাও এদিকে নজর দিয়েছেন বা তারাও এর সামিল হয়েছেন। এখন স্যার, এখানে মাছ ধরতে গেলে বাড় দিতে হয়। চাটাই দিয়ে বাড় তৈরি করে মাছ ধরা হয়। এখানে নেট পেতে তার ভেতরে মাছ ধরা হয়। এই বাড় পাতার ফলে জল নিষ্কাশন দ্রুত হতে পারে না এবং তার ফলে ধানের শীষগুলি ছোট ছোট হয় যেগুলি ডবল হওয়ার কথা, সেগুলি এরজন্য ছোট ছোট হয়। স্যার, এই প্রসঙ্গে বলবার জন্য আজকে সকালবেলা নোটিশ দেবার প্রস্তুতি নেবার পর আমার ঘরে আমার এলাকার বিশেষ বিশেষ প্রধানরা উপস্থিত হন। আমি অতঃপর নোটিশ দেব কিনা ভাবছিলাম কিন্তু তারপর আজকে এই বিষয়টি উল্লেখ করবার সিদ্ধান্ত নিই। স্যার, যারা এরমধ্যে জড়িত তারাও আজকে এখন এই হাউসে বসে আমার এই বক্তৃতা শুনছেন। এটা সাত্তার সাহেবও জানেন। প্রত্যেক বছরই এই ব্যাপারটি নিয়ে মাথা ব্যথা হয়। এর একটা ব্যবস্থা করা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশের উপর দায়িত্ব দেওয়া আর পুলিশ সেখানে যাবার আগে বলে দেয়, এই তোর এ' খাটান সরাস আমরা ভাঙ্গতে যাবো। আর যদি নাও বলে যায়, হঠাৎ পুলিশ এসে ভেঙ্গে দিয়ে যায় তাহলে কিছুক্ষণের মধ্যে আবার সেখানে খাটান বসিয়ে ফেলে এবং যথারীতি মাছ ধরতে থাকে। আমার কথাটা হিউমারাসলি নেবেন না, হাজার হাজার বিঘা জমির সর্বনাশ হচ্ছে। চৈতালী হচ্ছে না, যা পাওয়া যায় শুধু বিচুলি। আর ধান অর্ধেক প্রোডাকশান হয়। আর বড়লোক গুলি সকলেই এদের মধ্যে ইনভলভ। এখন এত কান্ড করার পর সবগুলি লোক যদি জড়িত হয় তাহলে সমস্যার সমাধান হবে কিভাবে? আমি বলছি আইনের পরিবর্তন করতে হবে। আইনের পরিবর্তন না করলে কোন কিছু করা সম্ভব হবে না। আমি যে কথা বলেছি তার ১০০ পার সেন্ট যদি কারেক্টর না হয় তাহলে যে শাসতি আমাকে দেবেন আমি নেব। আমি চাষী এবং চাষই আমার একমাত্র উপজীবিকা। এর একটা ব্যবস্থা আইন পরিবর্তন করে না করলে প্রতি বছর এই রকম হবে। পুলিশকে হুকুম দেওয়া হবে, পুলিশ যাবে, পুলিশ গিয়ে ভেঙ্গে দেবে আবার সেখানে ৫ মিনিটের মধ্যে সেটা বসবে, আবার মাছ ধরা শুরু হবে এবং তার ফলে জল আর নিকাশ হবে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে এই বিষয়ে বিশেষভাবে দৃশ্য টি আকর্ষণ করছি যে এই জিনিষ যেন রোধ করা হয়।

শ্রীরাধা রমণ সাহা :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার গরীব তন্তুজীবী সম্প্রদায়ের একটা করুন চিত্র মাননীয় বিভাগীর মন্ত্রী মহাশয়ের সামনে তুলে ধরছি। আজকে সুতার দর বৃদ্ধি জনিত অসুবিধার দরুন বাজার মন্দা ছাড়াও আর একদিকে পশ্চিবাংলার গরীব তন্তুজীবি সম্প্রদায়কে ক্ষতি গ্রস্ত করে তুলেছে। তন্তুজীবি সম্প্রদায় বা তাঁতীরা যাতে সরাসরি মিল থেকে সুতা কিনতে পারে তার জন্য সরকারের তৎপরতা প্রসংনীয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার এই শিল্প সম্প্রদায়ের মধ্যে, শিল্পী সম্প্রদায়ের মধ্যে বেশীর ভাগ শিল্পী গরীব এবং ২টি কি একটি তাঁতের তারা মালিক এবং প্রতিদিন তাদের সুতা কিনতে হয়। কাজেই তাদের পক্ষে সরাসরি মিল থেকে সুতা আনা সম্ভব নয়। তাই এ' গরীব তন্তুজীবী সম্প্রদায় যাতে প্রতিদিন সরাসরি সুতা পেতে পারে তার জন্য ব্যবস্থা থাকা দরকার। সে জন্য আমি বলছি যে সমবায় সমিতি গুলির মাধ্যমে যাতে আরো ব্যাপকভাবে সেই সুতা পশ্চিমবাংলার গরীব তন্তু-জীবি সম্প্রদায়ের হাতে পেঁাছে দেওয়া যায় তার ব্যবস্থা থাকা দরকার এবং পর্যাপ্ত পরিমাণে এই সুতো যাতে এ' তন্তুজীবী সম্প্রদায়ের মধ্যে বিলি করা যায় তার

জন্য আরো নূতন সমবায় সমিতি গঠন যাতে হয় সেই দিকে সরকারের তৎপরতার প্রয়োজন। পশ্চিমবাংলার এই শিল্প ক্ষেত্র কুটির শিল্পের শেষটম্বের দাবী রাখে। কাজেই এটা যদি করা না হয় তাহলে এই শিল্পকে বাঁচিয়ে রাখা যাবে না।

শ্রীকাতিকচন্দ্র বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় সরকার কর্তৃক ভূমির খাস জমি বিতরণের ব্যবস্থা করা হয়েছে। অত্যন্ত আনন্দের কথা কিন্তু তার সংগে দুঃখের কথাটাও মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই। খাস জমি যে সমস্ত লোকেদের দেওয়া হচ্ছে বিশেষ করে আমার কনসটিটিউয়েসির কথা বলতে পারি সেখানে অনেক বাংলা দেশের লোককে দেওয়া হয়েছে যাদের ভারতীয় নাগরিকত্ব নেই। এই ব্যাপারে কয়েক মাস আগে আমি মহামান্য রাজ্যপালের কাছে আবেদন করেছিলাম এবং সেই অনুযায়ী জেলা শাসক হীরক ঘোষ মহাশয় এ, ডি,এম, এল, আর, প্রদীপ ভট্টাচার্য্য মহাশয়-এর কাছে বলেছিলেন যে এই জিনিস তদন্ত করা হোক। আমি একের পর এক জেলা দপ্তরে তদন্তের জন্য বলেছি। তারা তদন্ত করে ২/১টি কেন ধরেছেন। এখনও পর্য্যন্ত বাকী যারা জমি পেয়েছেন তাদের সম্পর্কে কোন ব্যবস্থা করা হয়নি এবং অফিসার এটা করেছেন, আমি বিভাগীয় মন্ত্রী কাছে আবেদন করে সেই অফিসারকে ট্রান্সফার করার চেষ্টা করেছি এবং বারবার বলার পরে একবার রাইটার্স বিল্ডিংস থেকে ট্রান্সফার অর্ডার গেছে কিন্তু জেলার উর্দ্ধতন অফিসার সেটা ষ্টেট অর্ডার করেছেন। তার সঙ্গে আর একটা জিনিস সেটা হচ্ছে, আমার জেলাতে এমনও আছে যে নদীয়ার জমি মুর্শিদাবাদের লোককে ডিষ্ট্রিবিউশান করা হয়েছে।

[1-50-200 p. m.]

বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে অভিযোগ করার পর কিছু কিছু জমির পাট্টা ক্যানসেল করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত সব জায়গায় ক্যানসেল করা হয়নি। এই জমির ডিস্ট্রিবিউশনের ব্যাপারে আমার ইনফর্মেশন আছে, কি রেটে টাকা গ্রহণ করেছে অধস্তন কর্মচারীরা, সেই বিষয়টা চিন্তা করা একান্ত প্রয়োজন। এই সঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করতে চাই—আমি বছর খানেক আগে তার কাছে আবেদন করেছিলাম—উনাকে বলেছিলাম আমি যে

অফিসারের বিরুদ্ধে তদন্ত করতে বলেছি, সেই তদন্ত করার ভার দয়া করে জে, এল, আর ও,, এ, ডি, এম, অথবা কোন অফিসারকে দেবেন না, কিন্তু তিনি তা দেন, ফলে সেই অফিসার জে, এল, আর, ও আমাকে বলেন মিঃ বিশ্বাস, এটা কি আপনার রেকমেনডেশন, আপনি, আমার বিরুদ্ধে তদন্ত করতে বলছেন ? তার ফলে দেখা যাচ্ছে, যারা কমপ্লেন করেছে তাদের শায়েস্তা করার জন্য উনি একটা তদন্তের ব্যবস্থা করলেন। যারা সেই সময় তদন্তে গিয়েছিলেন, সি, আই, তেইশ নং ব্লক—তদন্তের জায়গা থেকে থানা এক মিনিটের রাস্তা, তিনি থানায় কমপ্লেন না করে ডি, এম, এর কাছে গিয়ে কলপ্লেন করলেন যে আমার ঘড়ি ছিনতাই করা হয়েছে, উল্টা তাদের বিরুদ্ধে একটা কেস দিলেন। এক মিনিটের রাস্তা জে, এল, আর, ও অফিস থেকে থানা, থানাতে না গিয়ে ডি, এম, এর কাছে গিয়ে কমপ্লেন করলেন। যাই হোক কোন রকম ভাবে ম্যানেজ করে সেই কেসটা থেকে বাঁচাতে হয়। এইভাবে উর্ধতন অফিসার থেকে আরম্ভ করে অধস্তন কমচারীরা সেখানে একটা চক্র গড়ে তুলেছে। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

প্রঃ চন্দ্রকুমার দে : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, চুঁচুড়া শহরে ১১ ক্লাসে ভর্ত্তি হবার জন্য মেয়েদের সুবন্দোবস্ত হচ্ছে না, সেখানে এই বছর ৭/৮ শত ছাত্রী পাশ করেছে এবং হুগলী মহসীন কলেজে এবং হুগলী উইমেন্স কলেজে আর্টসে এবং সায়েন্সে মেয়েদের ১৪০ জন ছাত্রী ভর্ত্তি হবার ব্যবস্থা রয়েছে কিন্তু ইচ্ছুক ছাত্রীরা ভর্তি হতে পারছে না। ৫০০/৬০০ ছাত্রী ভর্তি হবার জন্য ঘোরাঘুরি করছে। হুগলী মহসীন কলেজে ৭৫ জন ছাত্রীকে ভর্তি করা হয়েছে এবং হুগলী মহিলা কলেজে ৭৫ জন ছাত্রীকে আর্টস এবং সায়েন্সে ভর্তি করা হয়েছে, যাদের বেশী নম্বর আছে হাই ফার্স্ট ডিভিশন পেয়েছে, তারা সুযোগ পেয়েছে। কিন্তু যারা ফার্স্টডিভিশনে পাশ করেছে কিন্তু কম নম্বর অথবা যারা সেকেন্ড ডিভিশনে পাশ করেছে, তাদের কেউ ভর্তি হতে পারেনি। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেন করছি, যারা ভর্তি হতে পারছে না, তাঁদো জন্য ভর্তির ব্যবস্থা করা হোক। আমি এই বিষয়ে শিক্ষামন্ত্রীর মহাশরের কাছে দাবী রেখেছিলাম, তিনি বলেছিলেন যে বিবেচনা করবেন, কিন্তু এখনও পর্য্যন্ত তাঁর বিবেচনার ফলাফল দেখতে পাচ্ছি না। এর উপর আর একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, হুগলী মহিলা কলেজের যিনি অধ্যক্ষা আছেন- তিনি এই সমস্ত বিভ্রান্ত ছাত্রীদের এবং অভিভাবকদের উপর অসদাচরণ করছেন, যার ফলে তাঁরা আমার কাছে এসে অভিযোগ করেন। এমনকি তিনি এই সরকারের শিক্ষা পদ্ধতির সমালোচনা পর্যন্ত করছেন, তিনি কটাক্ষ করে

বলছেন, এই যে অবস্থা সরকার করছেন, সরকারকে গিয়ে বলুন, আমার কাছে আসছেন কেন? আমি তাঁর সংগে যোগাযোগ করেছিলাম, তিনি গভর্নিং বডির মিটিং ডাকতে রাজী নন, তিনি বলছেন যে পরিমাণ ভর্তি হয়েছে, তার থেকে একটিও বেশী ভর্তি তিনি করতে পারবেন না।

তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে আবার দাবী করছি যে এ বিষয়ে একটা তদন্ত করা হোক।

শ্রীসুনীলকুমার ঘোষ মৌলিক ঃ—স্যার, আমার বড় একা থানায় পুলিশের ষড়যন্ত্রের বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। আমার থানায় এক ঘরিয়া গ্রামে একটা কল্পিত ডাকাতি নিয়ে গ্রামবাসীর দলাদলির জন্য ঐ গ্রামের ২জনকে সাজা দেবার জন্য তখনকার O. C. সঙ্গে ষড়যন্ত্র করে false ডাকাতি, বোমা ফাটান ইত্যাদি বিষয়ে case দায়ের করেন। ঐ কেসে একজন মসজিদের খাদি, আর একজন গ্রামবাসী এই দুজনকে আসামী করে misa-arrest করিয়ে দেন। তারপর জজ সাহেব false case বলে misa আসামীকে মুক্তি দেন। এ বিষয়ে বিভাগীয় তদন্তে জানা গেছে যে বোমাও ফাটেনি, ডাকাতিও হয়নি। এটা গ্রামের সব লোকই জানে। সেজন্য অনুরোধ করছি যারা এই চক্রান্ত করেছে তাদের বিরুদ্ধে সত্যর ব্যবস্থা অবলম্বন করা হোক এবং false case যেটা দায়ের করা হয়েছে সেটা withdraw করা হোক।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ—স্যার, মুর্শিদাবাদ তথা পশ্চিমবাংলায় একটা জরুরী বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় যেভাবে হঠাৎ বান এসে পদ্মা নদীর সংলগ্ন যেসমস্ত বাঁধ আছে—জলঙ্গী, ভগবানগোলা, সুতী, সমসেরগঞ্জ ইত্যাদি ভাসিয়ে দেবার ফলে সেখানে flood হল। সেই flood-এ বন্যার জল রাতারাতি এত বেড়ে গিয়েছিল যে সেখানে যে সমস্ত জমিতে কলাই, অড়হড় ছিল সেসব ফসল একেবারে নষ্ট হয়ে গেল। আজ কলাই, অড়হড় ফসল আমাদের এলাকাতে একেবারে পাওয়া যাবে না। এই রকম অবস্থায় relief operation হয়, relief প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। আমাদের কৃষি ও মুখ্যমন্ত্রী আমাদের এলাকায় যখন Helicopter-এ করে সকলে গিয়েছিলেন তখন বন্যার জল নেমে গিয়েছিল। কিন্তু ক্ষতি যা হয়েছিল তা বলার নয়। পাট চাষীরা পাট কেটে পচানোর জন্য যে সমস্ত পাট জলে দিয়েছিল তা সব ভেসে গিয়েছিল। Relief-operate সাময়িকভাবে যা হল তাও বন্ধ করা হয়েছে। কিন্তু এদের জন্য বিকল্প ব্যবস্থা কি করা হচ্ছে সেটা আমি জানতে চাই!

[2-00—2-10 p. m.]

সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অনুরোধ এবং বিনীত সাজেসান রাখছি যে মন্ত্রী সভার সদস্যরা যেন এই সমস্ত ব্যপার নিয়ে ভাল করে বসেন। আমাদের মুর্শিদাবাদ জেলায় চাষীরা গত আউশ ধান পায়নি, চৈতালী যসল অধিকাংশ মারা গেল, এখন আশ্বিন মাস চলছে, কার্তিক মাসের ১৫ই নাগাদ রবি শস্যের বুনানি হবে, সরকারের কাছে দাবি এই সমস্ত এলাকার চাষীদের রবি শস্যের বুনানি করবার জন্য বীজ, চাষ করবার জন্য পয়সার যা প্রয়োজন সেগুলি অবিলম্বে সরবরাহের ব্যবস্থা যেন করা হয় এবং সেই সংগে সংগে কো-অপারেটিভের যে লোন আছে সেই লোনকে দীর্ঘ মেয়াদী কিস্তিতে আদায়ের ব্যবস্থা যেন করা হয়। কালকে বিভাগীয় মন্ত্রী এই বিষয়ে আশ্বাস দিয়েছেন, আশা করি সেই আশ্বাস বাস্তবে রূপায়িত হবে। আমার আর একটা আবেদন হচ্ছে নতুনভাবে লোন আরো ব্যাপকভাবে এই এলাকায় সম্প্রসারিত করা হোক যাতে করে চাষীরা তাদের এই দুঃখের সময় চাষ-আবাদ করে তাদের দুঃখ দূর করতে পারে। রিলিফের ব্যাপারে আমরা একটা চিঠি পেয়েছি, সেই চিঠিতে কাপড়ের বরাদ্দের কথা বলা হয়েছে। আমরা ৪০০ কাপড় পেয়েছি। জেলা শাসকের কাছ থেকে এই অভিজ্ঞতা অর্জন করেছি যে জেলা শাসকের কোটায় অতিরিক্ত কিছু বরাদ্দ করা হয়েছে, ছোট বাচ্ছা ছেলেমেয়েদের বিলি করবার জন্য একটা কোটা বেঁধে দেওয়া হয়েছে। জেলাশাসকের মাধ্যমে যদি বণ্টনের ব্যবস্থা করা হল তাহলে এম. এল. এ.-দের সব বরাদ্দটা না দিয়ে খাটো করার কি দরকার ছিল? মিঃ স্পীকার, স্যার, ৪০০ কাপড় সমুদ্রে বারি বিন্দুবত্। আপনার মাধ্যমে রিলিফ মিনিষ্টারের কাছে অনুরোধ কাপড়ের পরিমাণ বৃদ্ধি করা হোক এবং জেলা শাসকের কাছে আলাদা রকম কাপড়ের কোটা না করে সমস্ত কাপড় এম. এল. এ.-দের মাধ্যমে বিতরণ করার ব্যবস্থা করা হোক। আর একটা কথা হচ্ছে পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় খরা হয়েছে। মুর্শিদাবাদ জেলার কোন কোন এলাকায় ধান চাষ করার পর সমস্ত জমি ফেটে গেছে, সেজন্য জলের ব্যবস্থার জন্য আগে থেকে প্রস্তুতি করতে হবে। আমি সরকারের কাছে নিবেদন করব খরা এবং বন্যা পীড়িত এলাকার দুস্থ মানুষদের মোকাবেলা করবার জন্য আমাদের যে রিলিফ অপারেশান আছে সেই রিলিফ অপারেশানে অন্যান্য ডেভেলপমেণ্টের কাজ এখনই গ্রহণ করা হোক এবং জেলা শাসককে এই বিষয়ে ওয়াকিবহাল করা হোক এবং অবিলম্বে তার প্ল্যান এবং প্রোগ্রাম পাঠান হোক।

শ্রীপ্রভাকর মণ্ডল :—মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে

আমার এলাকায় যে প্রকটভাবে খরা দেখা দিয়েছে সেই বিষয়টা এই সভার নিকট এবং মন্ত্রী মণ্ডলীর নিকট তুলে ধরতে চাই। বর্ষা আরম্ভ অবধি আজ পর্যন্ত এই এলাকায় সুচারুরূপে বৃষ্টি না হওয়ায় বহু জমি অনাবাদি পড়ে আছে, শেষের দিকে বৃষ্টি হওয়ার পর যে সমস্ত জমিতে চাষ হয়েছিল সেই সমস্ত জমির চাষ অনাবৃষ্টির দরুন নষ্ট হয়ে যাচ্ছে। কেতুগ্রাম থানার সামান্য অংশে ময়ূরাক্ষীর জল সরবরাহ করা হয়, সেখানেও জলের অপ্রতুলতার জন্য ময়ূরাক্ষী ক্যানেল এলাকা কভার করা সম্ভব হয়নি। এইভাবে জল না থাকায় সমগ্র এলাকায় খরা দেখা দিয়েছে এবং প্রতিটি অঞ্চলে ধান শুকিয়ে যাচ্ছে। এখনই যদি অজয় এবং কাঁদনের বুকে বাঁধ ফেলে দেওয়া যায় তাহলে কিছু পরিমাণ জমিকে শুকিয়ে যাওয়ার হাত থেকে বাঁচাতে পারা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি অবিলম্বে অজয় নদীর উপর পাম্প সেট দিয়ে যাতে কেতুগ্রাম থানাকে বাঁচান যায় তার ব্যবস্থা করুন। আর একটি অনুরোধ রাখছি, এই এলাকায় ফসল না হবার জন্য লোকেদের উপর যেন জুলুম না করা হয় এবং কর আদায় না করা হয়। এই কথাগুলো বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—স্যার, আপনি জানেন বর্ধমানকে বলা হয় গ্রানারি অব বেঙ্গল। আপনি লক্ষ্য করেছেন আজকে প্রত্যেকটি সদস্য বিভিন্ন এলাকার খরা পরিস্থিতি সম্বন্ধে বলে যাছে এবং আগামী দিনে কি অবস্থা হবে সে সম্বন্ধে সকলের মনেই একটা সন্দেহ দেখা দিয়েছে। আমরা দেখেছি ধান হচ্ছে না এবং বোরোধান, আমন ধান নষ্ট হয়ে গেছে। এতবড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপার যখন মন্ত্রীসভার কাছে রাখ হয়েছে তখন আমি আশা করি এই ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট দেবেন। যে গুরুতর পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে আগামী-দিনে মানুষ খেতে পারবে কিনা সেই সন্দেহ আমাদের মনে দেখা দিয়েছে।

শ্রীহবিবর রহমান ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার অবস্থা বিধানসভার সকল সদস্যই জানেন। এই এলাকার বহু জমি পদ্মার ভাংগনের ফলে নষ্ট হয়েছে এবং অপরদিকে ফিডার ক্যানেল হবার জন্য বহু জমি নষ্ট হয়ে গেছে। এবং তার ফলে চাষীরা বেকার হয়েছে। এবছর যে ভয়াবহ বন্যা হয়েছ তাতে মানুষের অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে এবং ৮০ হাজার মানুষ এই বন্যার কবলে পড়েছে। এই মানুষগুলো আজ নিঃস্ব হয়ে অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। সরকারের তরফ থেকে যে সাহায্য করা হচ্ছে তার পরিমাণ অত্যন্ত নগণ্য। যে পরিবারে ৮/১০ জন লোক আছে তাদের ক্ষেত্রে ১৫ দিনের জন্য মাত্র ৪ কেজি গম দেবার ব্যবস্থা হয়েছে। আমি মনে করি এই সামান্য গম দেওয়া প্রহসন ছাড়া

আর কিছুই নয়। অবশ্য মন্ত্রীমহাশয় ওই এলাকায় যাবার পরে অবস্থার কিছুটা উন্নতি হয়েছে অর্থাৎ যেখানে ৪ কেজি গম দেওয়া হচ্ছিল সেখানে এখন দুই ইউনিট দেওয়া হচ্ছে। তবে বহু লোক এখনও অনাহারে দিনযাপন করছে সেইজন্য অনুরোধ করছি যতদিন পর্যন্ত এই এলাকার লোকদের সুষ্ঠুভাবে কাজ দেওয়া না যায় ততদিন পর্যন্ত যেন এই দুঃস্থ মানুষদের সাহায্য দেওয়া হয়। ১৫ দিনের জন্য ৪ কেজি গম যথেষ্ট নয়, এর পরিমাণ বাড়ান দরকার। এবারের বন্যায় প্রায় সাড়ে তিন হাজার বাড়ী নষ্ট হয়েছে অথচ তাদের একটা ত্রিপল পর্যন্ত দেওয়া হয়নি। সামনে শীত আসছে কাজেই তাদের জন্য যদি অবিলম্বে ব্যবস্থা করা না হয় তাহলে তারা শীতে মারা যাবে। আমি ত্রাণমন্ত্রীর কাছে অনুরোধি করছি তাদের গৃহ নির্মাণের ব্যবস্থা করা হোক এবং শীত বস্ত্র দেবার ব্যবস্থা করা হোক। তারপর দেখছি কলাই পাট এবং অরহরের যথেষ্ট ক্ষতি হয়েছে এবং চাষীরা বীজ খেয়ে জীবনধারণ করছে। কাজেই অনুরোধ করছি এই এলাকার চাষীদের বিনা পয়সায় বীজ সরবরাহের ব্যবস্থা করা হোক।

[2-10—2-20 p. m.]

শ্রীশরৎচন্দ্র দাস :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরা সম্বন্ধে অনেক মাননীয় সদস্য নিজ নিজ জেলার বক্তব্য রেখেছেন। কিন্তু বিভিন্ন জেলার সঙ্গে পুরুলিয়া জেলার মৌলিক পার্থক্য রয়েছে। অন্যান্য জেলায় একবার ফসল নষ্ট হয়ে গেলে আর একবার ফসল হওয়ার সম্ভাবনা থাকে কিন্তু পুরুলিয়া জেলায় যদি একবার ফসল নষ্ট হয় তাহলে প্রায় দেড় বছর তার দুর্ভোগ ভোগ করতে হয়। এই বছর পুরুলিয়া জেলার রঘুনাথপুর, ঝালদা এবং আরও কয়েকটি ব্লকে একেবারেই প্ল্যানটেসান হয়নি। এছড়াও আরও বিভিন্ন ব্লকে যা হয়েছে তাতে তারা আংশিক খরার কবোলে পড়েছে। আমি জানি ১৪টি ব্লকে কিছু ধান রোপণ করা হয়েছিল সেগুলি জলের অভাবে নষ্ট হতে চলেছে এবং এর জন্য ওখানকার চাষীদের দেড় বছর ধরে দুর্ভোগ এবং যাতনা সহ্য করতে হবে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের ঘটা করে বলার কোন প্রয়োজন ছিল না। আপনি স্যার জানেন হারুনল রসিদ এবং ৩২ সিংহাসনের রাজা বিক্রমাদিত্য তারা রাত্রিতে বেরিয়ে প্রজাপুঞ্জের সুখ দুঃখের খবর নিতেন কিন্তু আধুনিক হারুনল রসিদরা শীততাপ নিয়ন্ত্রিত ঘরে বসে শুই যে এত বড় খরা এবং বিপর্যয় হয়ে গেল এটা তারা বুঝতে পারলেন না। গতকাল যখন খাদ্যমন্ত্রী বললেন গত বছর যে টারগেট করা হয়েছিল এ বছরও তাই রাখলেন। গতবছর তিন লক্ষ টন বরাদ্দ ছিল

এ বছরও তাই রেখেছেন। গত যে যে জেলায় কর্ডনিং ছিল এবছরও সেই সেই জেলায় রেখেছেন। সুতরাং আধুনিক হারুনল রসিদ কি ব্যবস্থা দিচ্ছেন এবং ভিলেজের কত খবর রাখেন সে সম্বন্ধে আমরা যথেষ্ট জ্ঞান লাভ করলাম। আমি গত দুইদিন ধরে খরার কথা বলিনি কারণ আমি ভেবেছিলাম এদের অনেক রকম সোর্স আছে, খবর নেবার। কিন্তু তিনি যা স্টেটমেণ্ট দিলেন বিরাট শসাহানী হয়েছে তার পরিপ্রেক্ষিতে যে টারগেট আমাদের ছিল সেটা কিছু পরিবর্তন করবেন এবং সে সম্বন্ধে কিছু আলোকপাত করবেন সেটা আমরা আশা করেছিলাম। কিন্তু খাদ্যমন্ত্রী মহাশয়ের বক্তব্য থেকে আমরা বুঝলাম তিনি পশ্চিমবঙ্গের কতটুকু খবর রাখেন। এই আধুনিক হারুনল রসিদরা গ্রামে গ্রামে একটু ঘুরে দেখেন যে কোথায় বন্যা এবং খরা হয়েছে এবং সেই অনুয়ায়ী যদি প্রতিকারের ব্যবস্থা করেন এই আশা নিয়ে আমি এই বক্তব্য রাখলাম। স্যার, আমাদের ওখানে ৬টি ব্লকে গোবাদি পশুর পানীয় জলের অভাব রয়েছে। যে বছর ভাল বৃষ্টি হয় সে বছরও পানীয় জলের অভাব হয়। আর এ বছর বৃষ্টি হয়নি সুতরাং পানীয় জলের কি অবস্থা সেটা খবর নিয়ে যেন প্রতিকারের ব্যবস্থা করেন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবতরণ চক্রবর্তী :-- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শক্তিপদ মাঝি মহাশয় বাঁকুড়া জেলার খরা পরিস্থিতির কিছুটা আভাস এখানে দিয়েছেন। বাঁকুড়া জেলার উত্তর অঞ্চলে গঙ্গা জল ঘাটী শালতোড়া থানায় যে দুরবস্থা শস্যের কি অবস্থা সে সম্বন্ধে তিনি বিশেষভাবে এখানে বলেছেন। বাঁকুড়া জেলায় সমগ্রভাবে দেখতে গেলে অধিকাংশ জায়গায় এই খরা পরিস্থিতি চলেছে। বৃষ্টি ভাল হয়নি। অনেক জায়গায় আবাদ পর্যন্ত হয়নি, যেটুকু আবাদ হয়েছে তাতে শেষদিকে বৃষ্টির অভাবে গাছগুলির ধান একেবারে শুকিয়ে গিয়েছে। রোদ্রে জোর খুব বেশী, মেঘ কিছু আসছে চাষীরা আশা করছে বৃষ্টি হবে, অথচ বৃষ্টি হচ্ছে না। সেচ পরিকল্পনা যা আছে তাতে কোন কাজ হচ্ছে না। দামোদর এবং কংসাবতী পরিকল্পনার উৎপত্তিস্থল বাঁকুড়া হলেও সেখানে খুব কম পরিমাণ জমি সেচ ব্যবস্থার আওতার মধ্যে এসেছে।

তার ফলে যে এলাকায় যতটুকু সেচের ব্যবস্থা আছে সেই সেই এলাকায় কিছু হয়তো ধান হবে, বাকী, জেলার অধিকাংশ জায়গাতে শতকরা ৭৫ ভাগ ধান ভাল হবে না এবং ধান গাছগুলি এখনি হলদে হয়ে যাচ্ছে বা শুকিয়ে যাচ্ছে। মাস খানেক আগে আমাদের প্ল্যানিং এ্যাণ্ড ডেভালপমেণ্ট কমিটির মিটিং-এ এখানে যেসব ছোট খাল আছে সেগুলির জল আটকে রেখে কিছু ধান বাঁচাবার জন্য ব্যবস্থা করার জন্য জেলা ম্যাজিষ্ট্রেটের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত সেগুলি কার্যকরী

হচ্ছে না। এইভাবে যেটুকু ধান বাঁচান যায় তা যদি চেষ্টা করা যায় তাহলে কিছুটা সুরাহা হতে পারে। তাছাড়া আমাদের এলাকায় একটা বিরাট সংখ্যক মজুর শ্রেণী আছে, যারা তপশীল জাতি ও উপজাতি ভুক্ত, যারা স্বাভাবিকভাবে ধান রোয়া ও ধান কাটার সময় কয়েক মাস বর্ধমান ও হুগলী জেলায় কাজ করে তাদের সংসার প্রতিপালন করে তাদের এই বৎসর কি অবস্থা হবে সেই কথা চিন্তা করে এখনি তাদের কাজ দেবার পরিকল্পনা করা উচিত। এইদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিস মহম্মদ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুর্শিদাবাদ জেলার দুই-নং সুতী থানার ব্লকের জে, এল, আর, ও,র দুর্নীতিপরায়ণের কথা এই হাউসের সামনে রাখতে চাই এবং ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই জে, এল, আর, ও, ফারাক্কার সমস্ত গরীব চাষীদের জ্বালিয়ে পুড়িয়ে শেষ পর্যন্ত আমাদের এলাকায় নিয়ে এসেছেন। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের ভূমি ডিষ্ট্রিবিউশন কমিটি আছে, অবশ্য আমাদের তাতে একজন সদস্য আছেন, সরকারের চারজন আছেন, আর সেই অঞ্চলের অধ্যক্ষ আছেন। জমি যখন যে সমস্ত গরীব চাষী, প্রান্তিক চাষী, বা ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হয় তখন তিনি আবার এনকোয়ারি করে বলেন যে এরা জমি পাবার যোগ্য নয়। জমি ডিস্ট্রিবিউশন কমিটি মিটিং করে রেজলিউশন করে ঠিক করলো যে এরা জমি পাবে, কিন্তু তিনি বললেন যে না, তারা জমি পাওয়ার যোগ্য নয় তাছাড়া যেসব মিটিং হয় তাতে চিরাচরিত এ্যাটেন্ডেন্সে সই করিয়ে নেওয়া হয় এবং তারপর রেজলিউশন লেখা হলে চেয়ারম্যানকে দিয়ে তা সই করিয়ে নেওয়া হয়। এখন অধিকাংশ অধ্যক্ষই চেয়ারম্যান, তাঁরা লেখাপড়া জানেনা, অধিকাংশ সময়ে টিপ সই দেন—আমি এমনো দেখেছি যে মাসের ১৯ তারিখে মিটিং হয়ে গেল ভাগনপুর গ্রামে. সেখানে জমি দেবার সিদ্ধান্ত গৃহীত হয়ে গেল, মাত্র কয়েকজন লোক জমি পাবে কিন্তু পরে দেখা গেল আবার তাদের ডাকিয়ে নিয়ে এসে রেজলিউশন বদলে দিয়ে সই করে নেওয়া হল। এই অভিযোগ তদন্ত করবার জন্য যখন এস, ডি, ও, আসেন বা এস. এল. আর, ও তদন্ত করেন তখন আমরা শুনেছি যে তাদের অধীনস্ত অফিসারদের বিরুদ্ধে যদি অভিযোগ প্রমাণিত হয় তাহলে সেটা তাদের পক্ষে ডিসক্রেডিট।

[2-20 2-30 p. m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিচার চাইছি। যদি মন্ত্রিসভার প্রান্তিক চাষীকে বাঁচাতে চান, এস ডি ও, এস এল আর ও—এর প্রেস্টিজ বাঁচাতে চান, আমি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তাহলে অবিলম্বে এই জে, এল, আর, ও-কে যিনি ঘুষখোর, দুর্নীতির সঙ্গে জড়িত, তাকে ট্রান্সফার করুন। আমাদের দলের সদস্যদের কথা ছেড়েই দিন, এমন কংগ্রেস দলের সদস্যরা যাঁরা রয়েছেন, তাঁরা পর্যন্ত থানায় ডায়েরী করেছেন। আমি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে তার দুর্নীতি ধরবার চেষ্টা করুন, অবিলম্বে তাকে অন্য জেলায় ট্রান্সফার করে দেওয়া হোক্।

শ্রীকানাই ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকবার অনেক সমস্যার কথা আপনার কাছে উত্থাপন করেছি, কিন্তু তার খুব একটা প্রতিকার হচ্ছে না। এবারেও দেখছি বন্যা, খরা, ভাগচাষীর সমস্য এবং অন্যান্য অনেক বিষয় আমরা তুলছি, কিন্তু তার পরিণতি কি হবে তা আমরা জানিনা। কিন্তু আজকে একটি বিশেষ গ্রামে এবং শহরের মানুষ বিচলিত, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম যেভাবে বেড়ে চলেছে, তার জন্য। আপনি জানেন জরুরী পরিস্থিতি জারী হওয়ার পরে ভয়েই হোক্ কি যে কোন কারণেই হোক জিনিসপত্রের দাম যেটুকু কমে গিয়েছিল, সেগুলির দাম আবার বাড়তে আরম্ভ করেছে। সর্ষে তেলের দাম আট টাকা, চিনির দাম শুনছি সোয়া ছ' টাকা বাজারে প্রতি জেনিষের দাম বাড়ছে। অপর দিকে কৃষিজাত পণ্যের দাম কমছে। চাষীরা কম দাম পাচ্ছে। কিন্তু বাজারে আলুর দাম তেলের দাম সবই বাড়ছে। আলুর দাম এখন ১·৩০ টাকা ১·৩৫ টাকায় কেজি কিনতে হচ্ছে। এই যে কৃষিজাত জিনিসের দাম কমছে তাতে যে সাধারণ মানুষ উপকৃত হচ্ছে তা কিন্তু হচ্ছে না, সাধারণ মানুষ যে অল্প দামে কম পয়সায় কিনে খাবে তা কিন্তু পারছে না, তারা বেশী দাম দিয়ে বাজার থেকে কিনছে। এইরকম একটা অসহনীয় অবস্থা গ্রাম এবং সহরের মানুষকে বিচলিত করে তুলেছে। আপনি জানেন তবে সবটা জানেন কিনা জানিনা রেশনেও প্রতিবারে দেখতে পাচ্ছি চালের দাম বড়িয়ে দিচ্ছে। ৭৭ টাকা কুইন্টাল, যে চাল ছিল ১·৯৩ টাকা কেজি সেটা এখন ২·৩১ টাকায় এসে দাঁড়িয়েছে। সে হিসাবে চালের দাম রেশনেও বেড়ে যাচ্ছে, অথচ কৃষিজাত পণ্য হিসাবে সেই চালের দাম কুইন্টাল ৭৭ টাকা রেখেছেন। এই যে কৃষিজাত পণ্যের দাম কম এই সম্বন্ধে অবিলম্বে নীতি নির্ধারণ করা হোক। বারে বারে মন্ত্রী সভার কাছে আমরা আপিল করছি, এ সম্বন্ধে একটা সুনির্দিষ্ট নীতি নেওয়া দরকার। যেদিন এ আই সি সি-তেও কিছুটা গ্রহণ করেছিলেন, স্টেট ট্রেডিং করা,

পাইকারী ব্যবসা হাতে নেওয়া কিন্তু তাঁরা সেদিকে যাচ্ছেন না। আমরা বলেছিলাম মাত্র আটটি সাবজেক্ট, আটটি আইটেম গভর্ণমেণ্ট হাতে নিলে পশ্চিমবাংলার জনসাধারণের দুঃখদুর্দশা খানিকটা লাঘব হতে পারে। চাল, ডাল, সর্ষের তেল চিনি, কাপড় এই সমস্ত আটটি জিনিস গভর্ণমেণ্টের হাতে নিন এবং পাইকারী ব্যবসা তুলে দিন, সমস্ত জিনিস সাপ্লাই দিন এবং তার দাম বেঁধে দিন এবং সেই দামে বিক্রী করার ব্যবস্থা করুন। এই জিনিস আমরা বারে বারে উত্থাপন করছি সেদিন এ আই সি সি মিটিং-এও উত্থাপিত হয়েছে। কিন্তু সব কিছু একচেটিয়া চাপের ফলে, তার মধ্যে বিদেশী সাম্রাজ্যবাদীদের চাপ রয়েছে, সমস্ত বানচাল হয়ে যাচ্ছে। এতবড় একটা জিনিস সম্বন্ধে অবিলম্বে মন্ত্রীসভা একটা সুনির্দিষ্ট নীতি গ্রহণ করুন এই অনুরোধ এবং দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Narayan Goswami : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খরা কবলিত বাকুড়া ও পুরুলিয়া জেলার কথা—সমগ্র হাউসের কাছে তুলে ধরতে চাই। আমরা '৭৬-এর মন্বন্তরের কথা শুনেছি—আজ অবশ্য ১৯৭৬ সাল—শতবর্ষপূর্তি উপলক্ষ্যে খরার কথা শুনছি। এ ব্যাপারে প্রকৃতিও সহযোগিতা করে চলেছে—বাঁকুড়া ও পুরুলিয়ায় বুকে। আজ সমগ্র বাঁকুড়া ও পুরুলিয়া জেলা খরা কবলিত—সামান্য দু-একটা জায়গা বাদে যেমন শোলতোড়া, গঙ্গাজলঘাটী, ওন্দা, বড়জোড়া, ছাতনা, বাঁকুড়া ব্লক ১ নম্বর ও দুনম্বর, ছেদপুর, সোনামুখী—সেখানে মাঠঘাট পুকুর সব শুকিয়ে গিয়েছে এই আশ্বিন মাসে। কল্যাণী ও জগদ্দল অঞ্চলে পুকুরের পানীয় জল পর্যন্ত শুকিয়ে গেছে। আবার শুনলাম—বাঁকুড়াতে লেভী টার্গেট গত বারের মতই করা হয়েছে। লেভী তো জোদ্দাররা ফাঁকি দেয় হাইকোর্টে কেস করে। আর লেভীর জন্য হামলা হয়। ছোট চাষীর উপর পুলিশী নির্যাতন পর্যন্ত চলে। আমার অনুরোধ হচ্ছে উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে যেন লেভীর ব্যবস্থা করা হয়। নর্ম্যাল টী আর, জি আর-এর পরিমাণ বাড়ানো হোক এবং অন্যান্য রিলিফের বন্দোবস্তও সরকার থেকে অবিলম্বে করা হোক।

Shri Shamsuddin Ahmed : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে কানাইবাবু দ্রব্যমূল্যবৃদ্ধি সম্পর্কে বলে গেছেন। আমিও ছোট্ট একটি কথা আপনার মাধ্যমে সভায় পেশ করছি। সেটা ছোট্ট হলেও খুবই important. প্রতিটা জেলার প্রতিটা মানুষের যেটা প্রয়োজন, সেটা হচ্ছে লবণ। গত দুর্গাপূজা ও লক্ষ্মীপূজার সময় আমি বিভিন্ন জায়গায় পরিভ্রমণ করে দেখেছি—যে লবণ লোনাজল থেকে

তৈরী হয়—সেই লবণের মূল্য দেড় টাকা দু-টাকা কেজি। মালদহ জেলায় এখনো দেড় টাকা প্রতি কেজি লবণ বিক্রী হচ্ছে। শুনেছি প্রতি জেলার জন্য নাকি একজন হোলসেলার—ফলে সামান্য লবণ জেলার প্রত্যেক মানুষের কাছে গিয়ে পেঁাচাচ্ছে না, অবিলম্বে এই লবণ সমস্যার প্রতিকারের ব্যবস্থা করা হোক—এই অনুরোধ আমাদের সরকারের কাছে রাখছি।

Shri Bireswar Ray : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা লোমহর্ষক ঘটনার কথা আপনার মাধ্যমে হাউসে তথা মন্ত্রীসভার কাছে রাখছি। সেটা হলে land distribution-এর ব্যাপার নিয়ে একটা লোমহর্ষক ঘটনা ঘটে গেল—জঙ্গলপুর গ্রামে বালুরঘাট মৌজায়। এর সম্পূর্ণ দায়িত্ব স্থানীয় সরকারী কর্মচারীর। ১৯৭৩ সালে হায়ার সেকেণ্ডারী স্কুলের সংলগ্ন এক খণ্ড জমি বিলি করা হয়েছে।

[2-30—2-40 p. m.]

অথচ ১৯৭৬ সালের আগষ্ট মাস পর্যন্ত সেই জমির পাট্টা দেওয়া হয় নি। আমি গত বছর ১৯৭৫ সালে সেখানে গিয়েছিলাম। প্রতি বছর এখানে শান্তিভঙ্গের কারণ ঘটতো। কারণ যাদের জমি বিলি করা হয়েছে তাদের এবং আধিয়ার যারা ছিলো তাদের মধ্যে জমির পজিসান নিয়ে মারামারি হতো। থানার লোকজন গিয়ে গোলমাল মিটাতো। ১৯৭৫ সালে গিয়ে দেখলাম ১৯৭৩ সালে জমি বিলি করা হয়েছে, কিন্তু অফিসে গিয়ে দেখলাম অফিসে ফাইল নেই, ফাইল উধাও হয়ে গিয়েছে। অফিসার বললেন আমি অতি শীঘ্র এই জমির পাট্টা দেওয়ার ব্যবস্থা করছি। ১৯৭৬ সালের ১২ই আগষ্ট তারিখে একটা ঘটনা ঘটে। সেখানে যখন চাষবাস করতে যাচ্ছিল যাকে জমি দেওয়া হয় তীর-ধনুক দিয়ে আঘাত করে। এরা আদিবাসী সম্প্রদায়ের। এর ফলে একজন প্রাণ হারান এবং কয়েকজন গুরুতর আহত হন। এই বিষয়টা আমি জানিয়ে ভূমি সদ্ব্যবহার মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিয়েছি এবং বিভাগীয় অফিসারদের কাছেও চিঠি দিয়েছি। আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। এই যে লোকটা প্রাণ হারালো এ সম্পর্কে আমি তদন্ত দাবী করছি। ১৭জনকে এফ, আই, আর করা হয়েছে।

Mr. Speaker : I now call upon the Hon'ble Minister to make a statement.

শ্রী গুরুপদ খাঁন ঃ—মাননীয় স্পীকার মহোদয়, অতিশীঘ্র খুব সম্ভবতঃ কালকেই মুখ্যমন্ত্রীর কাছ থেকে শ্রী বীরেশ্বর রায় মশাই যেটা মুখ্যমন্ত্রীকে পাঠিয়েছিলেন সেটা পেয়েছি। তদন্ত করবার ব্যবস্থা ইতিমধ্যেই নিয়েছি। আমি আশা করছি তাড়াতাড়ি তদন্ত করে যথোপযুক্ত ব্যবস্থা করতে পারবো।

শ্রী বীরেশ্বর রায় ঃ—তিন বছর যে ফাইল উধাও হয়ে গেলো সে সম্পর্কে কি করবেন ?

শ্রীগুরুপদ খাঁন ঃ—ওই কথাও আপনার চিঠির মধ্যে আছে কাজেই এই সম্পর্কে তদন্ত করা হবে।

শ্রীগৌতম চক্রবর্তী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি রিলিফ ডিপার্টমেণ্ট থেকে রিলিফ সেক্রেটারী এক সারকুলারে খরা এলাকায় বা বন্যা এলাকাতে কিছু ধুতি শাড়ী, জামা, কাপড় যা বিতরণ করা হবে এই সমস্ত জামা কাপড় ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেটের থ্রু দিয়ে বা বিভিন্ন ব্লকে বি, ডি, ওর থ্রু দিয়ে ডিসট্রিবিউট করা হবে এই কথা বলেছেন। এর আগে ষ্টেট গভর্ণমেণ্ট একটা পলিসি নিয়েছিলেন যে রিলিফের ব্যাপারে এবং অন্যান্য ডেভোলপমেণ্ট কাজে এম, এল, এরা থাকবেন। আমার বক্তব্য হচ্ছে দু-চারশো ধুতি বা শাড়ীর কথা নয় যেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা খরচ করে দারিদ্র্য মোচন করা যায় না সেখানে দু চারশো ধুতি বা শাড়ীর সম্পর্কে আমাদের বিধানসভার সদস্যদের কোন বক্তব্য নেই। কিন্তু আমি প্রশ্ন করতে চাই একজন বুরোক্র্যাট আই, এ, এস অফিসার যিনি রিলিফ ডিপার্টমেণ্টের সেক্রেটারী তিনি সারকুলার দিলেন এম, এল, এ ছাড়া এই সমস্ত জামাকাপড় বিলি করা হবে। একজন আই, এ, এস অফিসার এইভাবে দিনের পর দিন কিভাবে পিপলস রিপ্রেজেনটেটিভদের হিউমিলেট করতে পারবে। কে এই অধিকার দিয়েছে ? আমরা এক একজন এক একটি এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি এক লক্ষ দেড় লক্ষ লোকের নির্বাচিত প্রতিনিধি হয়ে। আমরা চুরি করে আসি নি। এটা আমাদের চাকরি নয়। আমরা মানুষের মঙ্গলের জন্য এগিয়ে যেতে চাই। একজন আই, এ, এস অফিসার কোন অধিকার, কার ইঙ্গিতে এই রকম করতে পারে আমি সেই সম্পর্কে প্রশ্ন করতে চাই। যখন আমার জেলার মন্ত্রী সেচ এবং বিদ্যুত মন্ত্রী ডিসট্রিক্ট ম্যাজিসট্রেটকে বললেন আমার জেলার এম, এল, এ ছাড়া ডিসট্রিবিউট হবে না, উনি বললেন, স্যার, আমি আপনার কথা মানতে পারছি না।

আমি প্রশ্ন করতে চাই যে এই গণতান্ত্রিক রাষ্ট্রে একজন আই, এ. এস বা একজন আই. পি. এস. অফিসার কি করে একজন পিপলস রিপ্রেজেণ্টেটিভ মন্ত্রীর ক্ষমতাকে খর্ব করতে চায় এইভাবে অপমান করতে চায়। আমি কৃতজ্ঞ কারণ তারপর বিদ্যুত মন্ত্রীর রিলিফ মন্ত্রীকে চিঠি দিয়ে এই কথা জানাবার পর আমাদের নাম বহাল হয়ে যায়। আমি আপনার মাধ্যমে তাই আলোচনা করতে চাই যে আজকে দিনের পর দিন এই সমস্ত পিপলস রিপ্রেজেনটেটিভদের এই সমস্ত আই, এ, এস ; আই, পি, এস অফিসাররা কিভাবে হিউমিলেট করছে তাদের প্রতি অন্যায়ভাবে অত্যাচার করছে অন্যায়ভাবে এ্যারেণ্ট করা হচ্ছে। এবং জানতে চাই কার ইঙ্গিতে এই সমস্ত আই. এ. এস. অফিসাররা আই. পি. এস. অফিসাররা এই সমস্ত ক্ষমতা পাচ্ছে এবং পিপলস রিপ্রেজেণ্টেটিভ এম. এল. এ-দের এই গণতান্ত্রিক রাষ্ট্রে তাদের অধিকারকে খর্ব করছে।

শ্রীসচিনন্দন সাউ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বীরভূম জেলার একটি শিল্প প্রতিষ্ঠান সম্বন্ধে বলতে চাই। বীরভূম জেলার একমাত্র শিল্প প্রতিষ্ঠান পাঁড়াময়ূরাক্ষী কটন মিল। খুবই দুঃখের কথা যে এই শিল্প প্রতিষ্ঠানটিতে গত ১৯৭৫ সালের ২৬শে অক্টোবর হতে ১৯৭৬ সালের ৫ই জানুয়ারী পর্যন্ত লে-অফ চলে। ১৯৭৬ সালের ১০ই জুন হতে লক আউট ঘোষণা করলেন মিল কর্তৃপক্ষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লে অফের সময় কোন শ্রমিককে কোন রকম কমপেনসেসন দেওয়া হয়নি সি ডি.—এর টাকা এই মিলের শ্রমিককে এখনও পর্যন্ত দেওয়া হয় নি। গত জুলাই মাসে এই মিলের প্রায় ৪৫০ জন কর্মী প্রভিডেণ্ট ফাণ্ড-এর টাকা হতে লোন-এর আবেদন করেও আজ পর্যন্ত কেহ পায় নি। এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে আমি বারে বারে সরকার এই মিলটিকে অধিগ্রহণ করার জন্য আবেদন জানিয়েছি। শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য মহাশয় দুবার এই মিলে গিয়েছেন, কেন্দ্রীয় মন্ত্রী শ্রীপ্রণব মুখার্জি মহাশয় সেখানে গিয়েছেন। প্রায় ৭৫০ জন কর্মী এই মিলে কাজ করে। আমার বলার কথা হচ্ছে যেখানে আমরা বার বার এই বিধানসভায় বলে থাকি যে এই সরকার শ্রমিকদের সরকার সেখানে এই যে ৭৫০ জন শ্রমিকের ক্ষতি হচ্ছে খেতে পাচ্ছে না, তাদের পরিবারের লোকেদের পরনে কাপড় নাই তাদের সম্বন্ধে আমরা কি ব্যবস্থা করছি ? খুব দুঃখের সঙ্গে বলছি যে এই পূজার যে সাড়ে চারশ কাপড় সরকার থেকে দেওয়া হয়েছে সেই কাপড়ের কাপড় আমি সেখানে কোন মানুষকে দিতে পারি নি। কি অবস্থার মধ্যে তারা আজকে দিন কাটাচ্ছে। আজকে এতদিন ধরে এই যে মিলটি বন্ধ হয়ে পড়ে আছে তার কোন ব্যবস্থা করা হচ্ছে না। এই

সাড়ে সাতশ শ্রমিক পরিবার অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে। তাই আমি অনুরোধ জানাচ্ছি মন্ত্রীসভার কাছে যে অবিলম্বে এই মিলটিকে জাতীয়করণ করা হোক।

শ্রীদ্বিজপদ সাহা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার সদস্যদের ও মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিগত দু মাস আগে বীরভূম জেলার হিংলো বাঁধের উদ্বোধন করলেন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়। এই বাঁধের কাজ গত কয়েক বছর আগে থেকে আরম্ভ হয়েছিল। এই বাঁধ তৈরী করার ব্যাপারে যে সমস্ত বাড়ী-ঘর জমি জায়গা নেওয়া হোল তার কোন ক্ষতিপূপণের টাকা এখনও পর্যন্ত দেওয়া হোল না।

এখন সত্যিকারের বীরভূম জেলার খরা চলছে কোনরকম বৃষ্টি নাই তাই রক্ষা। তা নাহলে যে সমস্ত লোকদের বাড়ী ঘর নেওয়া হয়েছে তাদের যে কি দুর্গতি হোত তা কল্পনা করা যায় না। সেখানে এমন অবস্থার সৃষ্টি করা হয়েছে যে কোন রকম নোটিশ না দিয়ে বিভিন্ন জায়াগায় জমি ডুবিয়ে দেওয়া হয়েছে—বাঁধ দেবার ফলে ডুবে গেছে। এবং তার ফলে যে সমস্ত গরীব চাষী সেখানে চাষাবাদ করেছিল তাদের ফসল চলে গেছে—কারণ আগে থেকে তারা জানতে পারে নি যে সেখানে জল ঢুকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আরও দুঃখের কথা হচ্ছে আর এল-এর দোহাই দিয়ে লোককে বিভিন্নভাবে বিভ্রান্ত করা হচ্ছে।

[2-40—2-50 p. m.]

একটা বাড়ীর একটা দিক খড়ের আর একটা পোরসান টিনের। একই লেভেলের মধ্যে দেখতে পাচ্ছি টিনের অংশটা অধিগ্রহণ করা হল আর খড়ের বাড়ীটা অধিগ্রহণ করা হল না। একই সংলগ্ন এলাকার উপরের দিকটা অধিগ্রহণ করা হল কিন্তু নিচের দিকটা নেওয়া হল না। একটা রাস্তার এক সাইডের বাড়ীগুলি অধিগ্রহণ করে যদি বলা হয় সেগুলি জলে ডুবে যাবে তাহলে অন্য সাইডের ঘরগুলি কি করে বেঁচে যাবে তা আমরা কল্পনা করতে পারি না। স্যার, এই সমস্ত অভিযোগের কথা জানানো সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয়নি। আমি উদ্বোধনের দিনে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকৃষ্ট করাতে তিনি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে সত্বর ব্যবস্থা অবলম্বন করবার জন্য বলেছিলেন কিন্তু স্যার, দু'মাস গত হয়ে গেলেও কোন ব্যবস্থা এখনও করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাঁধ নির্মাণ করার ফলে কি উপকার হয়েছে আমি জানি না। সেখানে যে জল দেবার কথা ছিল তা পওয়া যাচ্ছে না। গেটগুলি এমনভাবে বসানো হয়েছে যে তার মধ্যে

দিয়ে জল যাচ্ছে না। অথচ স্যার, মাননীয় সেচমন্ত্রী সেই প্রকল্পের অফিসার এবং ইঞ্জিনিয়ারদের পঞ্চমুখে এমন প্রশংসা করে এলেন যে সে সব কথা ভাবতেই অবাক লাগে। আমি স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে নিবেদন করবো যে, সমস্ত জিনিসটা ভালোভাবে দেখে বা বিচার বিবেচনা করে সেই এলাকার জনসাধারণ যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। যে সমস্ত এলাকা ডুবে গিয়েছে বা ডুবে যাবার উপক্রম হয়েছে অথচ নেওয়া হচ্ছে না এবং যাদের ঘর বাড়ীর টাকা এখনও দেওয়া হচ্ছে না তাদের সম্পর্কে বিচার বিবেচনা করবার জন্য বা সমগ্র বিষয়টি ভালোভাবে পর্য্যালোচনা করার জন্য আমার প্রস্তাব একটি উচ্চ পর্য্যায়ের তদন্ত কমিশন গঠন করা হোক এবং যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করা হোক। এই দাবী মন্ত্রীসভার কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীতপন চাটার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালিকদের পোয়াবারো শিল্পে চলছে ভয়াবহ দুর্দিন আর শ্মশানের শান্তি বিরাজ করছে। ন্যাশানাল ট্যোবাকোতে ১১৮০ জন ছাঁটাই। অরিয়েণ্ট্যাল ইঞ্জিনিয়ারিং-এ ২৬৫ জন, বেঙ্গল কেমিক্যালে ২০০ জন ছাঁটাই-এর মুখে। বাসন্তি কটন মিলের শ্রমিকদের বিনা নোটিশে গায়ের জোরে মালিকরা ২॥ হাজার লোক যেখানে, সেখানে লক আউট ডিক্লিয়ার করে দিল। অরিয়েণ্টাল ইঞ্জিনিয়ারিং-এ ৪৫০ জন, অরিয়েণ্টাল মেটালে ২৬৭ জন, কুসুম ইঞ্জিনিয়ারিং-এ ১০১ জন—কত আর লিষ্ট দেব স্যার। প্রতিটি কারখানায় ছাঁটাই, লে অফ ইত্যাদি চলছে এই হচ্ছে। ব্যারাকপুর মহকুমার বিভিন্ন কারখানার এই অবস্থা। শুধু তাই নয়, কারখানাকে রুগ্ন দেখিয়ে মালিকরা আই, আর, সি, আই-এর কাছ থেকে টাকা নিচ্ছে। স্যার, সেই আই, আর, সি, আই-এর মধ্যে বসে আছে কিছু বাস্তুঘুঘু। তারা যে টাকা সেই রুগ্ন কোম্পানীগুলিকে দিচ্ছে সেই টাকা কোম্পানী ৬ মাসের মধ্যে খেয়ে নিয়ে আবার সেই কারখানা বন্ধ করে দিচ্ছে। স্যার, আই, আর, সি, আই-এর বড় বড় অফিসাররা আমাদের বোঝাচ্ছেন যে, শ্রমিক ছাঁটাই করে কারখানা ভ্যায়াবল করতে হবে। স্যার, আমি এই ধরণের অর্থনীতির কথা জীবনে কোনদিন শুনি নি যে শ্রমিক ছাঁটাই করলেই সেই ইণ্ডাষ্ট্রি ভ্যায়াবল হতে পারে। স্যার, আমরা জানি, প্রোডাক্সান করতে গেলে অনেকগুলি জিনিষ প্রয়োজন। সেখানে শ্রমিক লাগে, কাঁচা মাল লাগে এবং অর্থ লাগে। এই তিনটির সংমিশ্রনে উৎপাদন হয়। আজকে জরুরী অবস্থা আমরা বলছি শিল্পে উৎপাদন বাড়াও, কিন্তু শ্রমিকরা সেই উৎপাদন বাড়াবে কি করে? আজকে যদি শ্রমিকরা ছাঁটাই হয়ে যায়, তারা যদি কাঁচামাল না পায়, সেই কারখানায় যদি অর্ডার না থাকে তাহলে আজকের এই উৎপাদন বৃদ্ধির শ্লোগান অর্থহীন হয়ে পড়ে। আজকে স্যার, শিল্পে এই ভয়বহ

অবস্থা সম্পর্কে যদি অচিরে ব্যবস্থা না নেওয়া হয় তাহলে কিন্তু চরম সংকট দেখা দেবে। আর তা যদি দেখা দেয় তাহলে কোন জনপ্রতিনিধি তাঁর এলাকায় ঘুরতে পারবেন না। কারণ স্যার, আপনি জানেন, শ্রমিকরা রাইটার্স বিল্ডিং চেনে না, তারা নিউ সেক্রেটারিয়েট বা মন্ত্রীদের চেনে না। তারা চেনে তাদের অঞ্চলে যারা ট্রেড ইউনিয়ান করেন বা তাদের এলাকার প্রতিনিধিকে। তাঁদের কাছেই শ্রমিকরা বারবার আসে এবং আব্দার করে। আজকে শুধু চটশিল্প নয় সমস্ত শিল্পেই ভয়াবহ অবস্থা দাঁড়িয়েছে। তাই আজকে এই ভয়াবহ অবস্থা দূর করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভা এবং বিশেষ করে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে পশ্চিমবংগ সরকারেরও দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া থানার অন্তর্গত কুলতলী গ্রামে দুটি মানুষকে ওখানকার আর, জি, পার্টি যেটা করা হয়েছে সেই আর, জি, পার্টির লোকেরা অনিলকুমার ভুঁইয়াকে ৬।৯।৭৬ তারিখে তার মায়ের, তার ছোট ছোট ৩ জন ভাইকে সামনে রেখে মুখে এ্যাসিড ঢেলে সাবল দিয়ে ছুরী দিয়ে খুঁচে খুঁচে মেরে ফেলেছে। তার মা থানায় গেলে পুলিশ তার মাকে গালাগাল দিয়ে তাড়িয়ে দেয়। ঐ জায়গায় আর একটা ঘটনা হচ্ছে, বিজয় হাজরা, তাকেও মারা হয়েছে এবং সেটাও ঐ আর, জি, পার্টির লোকেরা কাশীনাথ বারিক—অবিনাশ বারিক, বেচু, রঞ্জিত, মুরারী দাস, আরো অনেকে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ বিজয় হাজরাকে ২৮।৪।৭৬ তারিখে পিটিয়ে পিটিয়ে মেরে লরী করে পাচার করা হয়েছে। তার মা আমার বাড়ীতে এসেছিল ৩ জন ছোট ছোট ছেলেকে নিয়ে। আমি পুলিশের কাছে তাদের পাঠিয়েছিলাম। পুলিশ তদন্ত করতে গিয়ে তার মাকে গালাগালি দিয়ে বলেছে যে আরো তোমাদের পিটিয়ে মারা হবে এবং যারা আসামী, পুলিশ তাদের সঙ্গে বসে আলোচনা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পর্যন্ত কোন আসামী সেখানে গ্রেপ্তার হয়নি। আমি গতকাল এস. পির কাছে জানিয়েছি। আজ পর্যন্ত সেই কুলতলী গ্রামের সেই আসামী ব্রড ডে লাইটে গরীব মানুষের উপর হুমকী দিচ্ছে যে এইভাবে তোমাদের পিটিয়ে মারা হবে। আপনি ওখানে অনেকবার গিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনিলকুমার ভূইয়া এবং বিজয় হাজরা, তাদের যারা নৃশংস পশুর মত বর্বর পশুর মত পিটিয়ে মেরেছে তাদের পুলিশ গ্রেপ্তার করছে না। আজকে আমরা কোন রাজত্বে বাস করেছি? আজকে জরুরী অবস্থার সুযোগ নিয়ে

কি পুলিশ তাদের কাছ থেকে পয়সা খাবে, এইরকম অত্যাচার চলবে, তাদের গ্রেপ্তার করবে না ? আমারা দেখেছি যে যুক্তফ্রন্টের রাজত্বে সি. পি. এম. এইভাবে মানুষকে পিটিয়ে মেরেছে। আজকে তাদের পশ্চিমবাংলার জনসাধারণ ডাস্টবিনে ফেলে দিয়েছে। আজকে যদি পশ্চিমবাংলার প্রগতিশীল সরকার-এর পুলিশ যদি এই অত্যাচারের প্রতিকার না করে তাহলে পশ্চিমবাংলার মানুষ নিশ্চয়ই তাদের ক্ষমা করবে না। তাই আমি অনুরোধ করছি অবিলম্বে তদন্ত করে এইসব আসামীকে গ্রেপ্তার করা হোক এবং সেই আর. জি. পার্টিকে বাতিল করা হোক এবং তাদের মায়ের চোখের জলকে মুছে দেবার জন্য যে কোন একটা ব্যবস্থা নেওয়া হোক।

শ্রীনন্দলাল গুরুং—মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে আমাদের দার্জিলিং জেলায় দুটো ইন্ডাষ্ট্রি আছে। একটা হচ্ছে টী গার্ডেন আর একটা হচ্ছে টুরিজম। তিন মাস হয়েছে দুখানা টী গার্ডেন বন্ধ হয়ে গেছে। একটা হচ্ছে ভায়াটাকবর, আর একটা হচ্ছে রুনীট টী এষ্টেট। এইরকমভাবে যদি গার্ডেন বন্ধ হয়ে যায় তাহলে আমাদের ফিউচারে কি হবে তা আমরা বুঝতে পারছি না। আমাদের হিলে একটি মাত্র টী গার্ডেন আছে। এই নিয়ে ১২ খানা টী গার্ডেন অলরেডি ক্লোজ হয়ে গেল। কাজেই এই ব্যাপারে আমাদের ভেবে দেখতে হবে। এখানে টুরিজম অপারেশান হয়ে গেছে। টুরিজম কমিশান হয়ে গেছে এবং সেখানে অনেক এমপ্লয়মেণ্ট পাচ্ছে, অনেক রিটায়ার্ড পারসন তারা ওখানে কাজ পাচ্ছে। আজকে দার্জিলিংয়ের লোকেরা সেখানে সুবিধা পাচ্ছে না। দার্জিলিংয়ের লোকেরা কি খাবে, তারা কি মাটি খাবে নাকি ? দার্জিলিংয়ে টুরিষ্ট লজ আছে ওখানে যে কুক আছে, হাই অফিসিয়াল সে ২৫ শত টাকা পাচ্ছে। একটা ষ্টোর কীপার নিয়ে গেছেন তাকে দেখতে টি. বি. পেশেণ্টের মত। তাকে দেখলে কোন লোক থাকবে না, সব পালিয়ে যাবে। স্যার, এই মাস্ট অব অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বরে দার্জিলিংয়ে আরো অনেক লোক আসছে। কিন্তু তারা থাকছে কোথায় ? তারা থাকছে মাউন্ট অপেরা হোটেল, উইণ্ডারমেয়ার হোটেলে, টুরিষ্ট লজে কেউ থাকছে না কারণ সেখানে নো এ্যারেঞ্জমেণ্ট ফর ফায়ার।

[2-50—3-00 p. m.]

যখন বৃষ্টি হয় তখন ঘরের ভিতর বৃষ্টির জল চলে যায়। কত টাকা খরচ হয়েছে এ বিল্ডিং তৈরী করতে, টোয়েণ্টি ফাইভ ল্যাক্স অব রুপিজ স্পেণ্ট বাই দি গভর্নমেণ্ট। দার্জিলিং-এ যখন প্রাইম মিনিষ্টার লাস্ট ভিজিট করেছিলেন তখন

বেনিফিট ফান্ড থেকে ৭০ লাখ টাকা দেওয়া হয়েছিল, সেই টাকা কোথায় গেছে জানি না। কোন কাজ সেখানে হচ্ছে না। সেই রকম ভাঙ্গাচোরা রাস্তাঘাট রয়েছে। দিনের পর দিন টি গার্ডেনগুলো বন্ধ হয়ে যাচ্ছে। আমাদের ওখানকার লোকেদের কিভাবে চলবে সেটা গভর্নমেণ্ট একটু ভেবে দেখুন। আপনারা জানেন শিলিগুড়িতে মিউনিসিপ্যালিটি হয়েছে, দার্জিলিং, কালিম্পং-এ ছয় বছর হয়ে গেল এখনও সেখানে কিছু হল না। দার্জিলিং, কালিম্পং-এ গভর্নমেণ্ট সুপারসিড করেছে, কিন্তু কাজ করুন, কাজ কিছু হচ্ছে না।

শ্রীনন্দলাল ব্যানার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি দই-এর দুধের কথা বলেছিলাম প্রদীপ ভট্টাচার্য্য মহাশয়ের বিলে। সেই জন্য রাত্রিবেলা স্বপ্ন দেখছিলাম কি সুন্দর ঘী এর গন্ধ পাচ্ছি। হাঠাৎ ঘুম ভেঙ্গে গেল—এত ঘি-এর গন্ধ কোথা থেকে আসছে, সারা ইস্টার্ন বেল্ট জুড়ে? সকালে খবরের কাগজে দেখলাম উল্টোডাঙ্গার গুদামে এক হাজার টন বাটার অয়েল রাখা ছিল, সেই গুদামে আগুন লেগে সারা এলাকা ঘিয়ের গন্ধে মাত করে দিয়েছে। আমার এখানে মন্ত্রী সভার কাছে প্রশ্ন, যখন মহাষ্টমী, সপ্তমী, নবমী দশমীতে খাবারের দেকোনে ঘি-এর অভাবে তেলেভাজা তৈরী হয়েছে এবং বিক্রি হয়েছে—যখন কালিপুজা আসছে এবং ডালডা ১৩/১৪ টাকা কিলো প্রতি দামে বিক্রি হচ্ছে, সেখানে এক হাজার টন বাটার অয়েল সরকার থেকে সদ্ব্যবহার করতে পারেন নি। তাঁরা অনুসন্ধান করুন, যে ঐ হিমঘরে যে এক হাজার টন বাটার অয়েল ছিল, সেটা কি সরকারের হিসাবের মধ্যে ছিল, না, বাইরে ছিল। যদি হিসাবের মধ্যে থাকে, তাহলে সরকার কেন সেটা রিয়্যালাইজ করতে পারেন নি? আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে বিষয়টা জানতে চাইছি।

West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Bill, 1976.

Shri Gurupada Khan : Mr. Speaker, Sir, I beg to introduce the Non-Agricultural Tenancy (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Considerable areas of land both agricultural and non-agricultural at the disposal of the State Govt. are settled without a

premium with homeless persons in rural areas for building dwelling houses thereon. Unlike the West Bengal Reforms Act, 1955 which restricts transfer of allocated agricultural lands the West Bengal Non-Agricultural Tenancy Act, 1949 did not provide for such restrictions. It was, therefore, considered immediate necessary that restrictions should so be imposed on the transfer of non-agricultural land settled without any premium for building dwelling houses thereon so that the purpose for which these lands were settled, was not frustrated. In view of the urgency of the matter and as the Legislative Assembly was not in session the West Bengal Non-agricultural Tenancy Act, 1949 was amended for the purpose aforesaid by promulgating the West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Ordinance, 1976.

(Secretary then read the title of the Bill)

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Bill, 1976 be taken into consideration.

অধ্যক্ষ মহাশয়, জমির উর্দ্ধ সীমা সংক্রান্ত বিধি-নিষেধ প্রয়োগের ফলে কৃষি এবং অকৃষি জমি সরকারে বর্তেছে। তার মধ্যে গৃহনির্মাণের উপযুক্ত বেশ কিছু জমি গ্রামাঞ্চলে গৃহহীন ব্যক্তিদের মধ্যে বসবাসের জন্য গৃহনির্মাণের উদ্দেশ্যে বিনা সেলামীতে বিতরণ করা হয়েছে। প্রয়োজন হলে সরকার অতিরিক্ত জমি acquisition করে বন্দোবস্ত দিচ্ছে। বন্দোবস্ত কৃষি জমি হস্তান্তরের ব্যাপারে W. B. Non-Agriculture Tenancy Amendment বিশেষ প্রয়োজনীয় বাধা নিষেধ আছে। কিন্তু অকৃষি জমির ক্ষেত্রে এরূপ কোন বাধা নিষেধ নাই। গৃহহীনদের উদ্দেশ্যে যা অকৃষি জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে তার উপর জমি হস্তান্তর করার ক্ষেত্রে যদি কোন বিধি নিষেধ আরোপ না করা হয় তাহলে জমি বন্দোবস্ত দেবার উদ্দেশ্য ব্যর্থ হবে। সুতরাং W. B. Non-Agriculture Tenancy Act. প্রয়োজনীয় সংশোধন করে বিনা সেলামীতে গৃহহীনদের উদ্দেশ্যে বন্দোবস্ত দেবার হস্তান্তর নিষিদ্ধকরণ করা

হয়। বিধানসভায় অধিবেশন তখন না থাকায় রাজ্যপাল এই উদ্দেশ্যে W. B. Non-Agri. Amendmend Odinance, 76 জারী করেন। গৃহনির্মাণের জন্য যে ব্যক্তিকে বিনা সেলামীতে জমির বন্দোবস্ত দেওয়া হয়েছে বা হচ্ছে তিনি ঐ Ordinance, 76 বিধান অনুযায়ী ব্যাঙ্ক, সমবায় সমিতি বা জীবন বীমা Corporation-এর কাছে মর্টগেজ রাখা ছাড়া আর কোন উপায়ে হস্তান্তর করতে পারবেন না। তবে গৃহনির্মাণের জন্য অন্য কারুর জমি উপযুক্ত হবে মনে করলে বন্দোবস্ত জমি Collection-এর অনুমতি নিয়ে বিনিময় করা যাবে।

[3-00 -3-40 p. m.]

বে-আইনীভাবে জমি হস্তান্তর করলে কালেক্টার উপযুক্ত তদন্ত করে এবং যিনি হস্তান্তর করেছেন তাঁকে বক্তব্য রাখার সুযোগ দিয়ে প্রয়োজন মনে করলে জমি হস্তান্তর এবং বন্দোবস্ত দুই-ই বাতিল করতে পারেন। উক্ত অর্ডিন্যান্সের বিধানগুলি বিধান সভার মাধ্যমে বিধিবদ্ধ করার জন্য বর্তমান বিধেয়কটি উপস্থাপিত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ সকলেই এই বিধেয়কটি সমর্থন করবেন।

(At this stage the House was adjournment for 30 minutes)

(After Adjournment)

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল উপস্থাপিত হয়েছে ওয়েষ্ট বেঙ্গল নন-এগ্রিকালচারাল টেনান্সি বিল, ১৯৭৬, যা একটা অর্ডিন্যান্স মারফত উপস্থাপিত করা হয়েছিল, যেটাকে অপরিবর্তিত আকারে বিল হিসাবে উপস্থাপিত করা হয়েছে, আমি প্রথমে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই এই বিলে আমার এবং আমাদের সম্পূর্ণ সমর্থন আছে, কোথাও কোন বিরোধিতা নেই। এই কথা প্রথমে বলে দু'চার কথা তাঁর অবগতির জন্য আপনার মাধ্যমে উপস্থাপিত করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ২০ দফা কর্মসূচী যা প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন তার একটা বড় অংশ হচ্ছে গ্রামীণ জনসাধারণ বিশেষ করে নির্যাতিত এবং দরিদ্র জনসাধারণ তাদের জীবনে একটা পরিবর্তন আনার জন্য। এই দেশের প্রগতিশীল গণতান্ত্রিক শক্তি আমরা সকলেই এই কর্মসূচীকে সমর্থন

করেছি এবং আন্তরিকতার মধ্যে ব্যক্তিগতভাবে তারতম্য থাকলেও, আমরা সকলে মিলে এই [illegible] কার্যে পরিণত করতে কৃতসংকল্প।

এই ব্যাপারে প্রশাসনিক ত্রুটি বিচ্যুতি যেগুলো আছে, দৃষ্টিভংগির সামান্যতম তারতম্য যেগুলো আছে সেটা নিয়ে আমরা অন্যত্র আলোচনা করব। এই বিলটা তার সংগে সংযুক্ত এবং সংযুক্ত এই কারণে যে, গ্রামের যারা বাস্তুহীন মানুষ, যারা দরিদ্র ক্ষেতমজুর, যারা আমাদের দেশে চিরকাল নির্যাতিত হয়েছে, অসহায় হয়ে রয়েছে, যাদের বাস্তু নিয়ে টানাটানি হয়েছে যুগ যুগ ধরে সেই বাস্তুহীনরা বাস্তু পাবে, তারা তাদের মাথার উপর আচ্ছাদন পাবে। শুধু তাই নয়, সভ্যতার এই উন্নতম যুগে তাদের আর প্রকৃতির দয়ার উপর নির্ভর করে থাকতে হবে না, সূর্যের প্রচন্ড তাপ তাদের আর সহ্য করতে হবে না, প্রচন্ড বৃষ্টিতে তাদের আর ভিজতে হবে না সেই জন্য আমরা এটা সমর্থন করি। স্যার, পশ্চিমবাংলায় বাস্তুহীন কৃষকদের জমি বিলি করা হয়েছে তাদের বাস্তু তৈরী করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর্মসূচীর মধ্যে যেটা নেই কিন্তু কর্মসূচী থেকে যেটা স্বাভাবিক ভাবে অনুমান করতে পারি সেটা হচ্ছে জমি দিলেই তার ঘর তৈরীর ব্যবস্থা করে দিতে হবে। অথাৎ যাদের জমি ছিল না তাদের জমি দিলে ঘর তৈরী করবার ব্যবস্থাও করে দিতে হবে। ভারত বর্ষের বিভিন্ন রাজ্যে এই সম্পর্কে কর্মসূচী গৃহীত হয়েছে, আমাদের রাজ্যেও হয়েছে। আমাদের রাজ্যে যেমন ঘর তৈরী হয়েছে অন্যান্য রাজ্যেও তেমনি ঘর তৈরী হয়েছে। অন্য কোন রাজ্য হয়ত আমাদের চেয়ে এগিয়ে আছে, আমরা হয়ত কিছুটা পিছিয়ে আছি এরকম ঘটনা হতে পারে। এই সম্বন্ধে এই বিল প্রসংগে কিছু বলার নেই। আমি শুধু সমগ্র মন্ত্রীসভার কাছে একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে এই সদ্য বাস্তু পাওয়া ক্ষেতমজুরদের মধ্যে আদিবাসী শ্রেণীর লোক আছে, তপশীল শ্রেণী লোক যারা আছে তারা কি ঘর তৈরী করবার জন্য তাদের জমি মর্টগেজ দিতে পারবে ফাইনানসিয়াল ইন্সটিটিউটের কাছে, সমবায় সমিতির কাছে বা এল আই সি-র কাছে? স্যার, আমরা জানি আমাদের সমাজে অর্থনৈতিক অধিকারকে প্রয়োগ করবার জন্য হাঁটুর উপর জোর থাকা চাই। আমি মন্ত্রীসভাকে জিজ্ঞাসা করতে চাই এর মধ্যে আপনাদের কি এই পরোক্ষ ইংগিত আছে যে, দায়িত্ব তোমরা কিছু নাও, আমরা সবটা নিলাম না? আমি জানতে চাই এই পরোক্ষ ইংগিত আপনাদের আছে কিনা মন্ত্রী মহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন যাদের এই প্রবল সামাজিক অত্যাচারের হাত থেকে বাঁচবার চেষ্টা করছেন, যাদের মাথার উপর আচ্ছাদন দেবার চেষ্টা করছেন সেই জিনিসগুলো করবার দায়িত্ব আপনাদের। তারা তাদের তাগদ দিক, বাকী সমস্ত দায়িত্ব গভর্ণমেন্টকে নিতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি এই সমস্ত

লোক যাদের আমি ইটাহারে দেখেছি কাঁকুড়ায় দেখেছি সেই দরিদ্র মানুষগুলো যদি এল আই সি, ব্যাংক বা কো-অপারেটিভ সোসাইটি থেকে ঋণ নেয় তাহলে তারা কি ওই চড়া হারে সুদ দিতে পারবে। আমার তো মনে হয় তারা আসলই শোধ করতে পারবে না। তাহলে তাদের ভবিষ্যৎ কি? অধিকার দিচ্ছেন সেটা ভাল কথা, কিন্তু গড ফরবিৎ সেই অধিকার তাদের যেন প্রয়োগ করতে না হয়, সরকার যেন তাদের হয়ে সেই অধিকার প্রয়োগ করেন। আমি আশা করি মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে নিশ্চয়ই কিছু বলবেন।

[3-40 3-50 p. m.]

দ্বিতীয় কথাটা আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে উপস্থিত করতে চাই যদিও এই বিলের সঙ্গে প্রত্যক্ষভাবে সংযুক্ত নয় সেটা হচ্ছে এই যে গ্রামীণ দরিদ্র মানুষের বাস্তু করে দেওয়ার কথা আপনারা ভাবছেন এবং কমবেশী পরিমাণে জমিও বিলি করেছেন। প্রথম যে কথা আমার একটু অভিজ্ঞতা হলো এখানে জয়নাল সাহেব উপস্থিত আছেন ইম প্লিমেনটেসান কমিটির মিটিং-এ আমি গিয়েছিলাম সেখানে জেলা প্রশাসনের তরফ থেকে রিপোর্ট করা হয়েছে যে ২৪ পরগণার জেলায় যত হোমলেস লোক আছে তাদের সব বাস্তু জমি বিলি হয়ে গেছে। সেখানে কি বলা হলো? আপনাদের এই কংগ্রেসের একজন এম পি, বললেন আমার কাছে প্রচুর লোক আসছে তাদের জমি দেওয়া হয়নি অর্থাৎ সরকারের হিসাব দেওয়ার যে যন্ত্রটা স্ট্যাটিস্টিকস্ যে যন্ত্র সেটা মালটিপ্‌ল এবং শেষ পর্যন্ত আপনাকে গ্রাম সেবকের ওপর নির্ভর করতে হয় যদিও আমি বলতে চাই সব গ্রামসেবক ফাঁকি দেয় না কিন্তু সব গ্রাম সেবকদের উপর নির্ভরশীল। সুতরাং আমাদের পশ্চিম বাংলায় এখনও পর্যন্ত যারা বাস্তুহীন মানুষ তাদের একটা পুরো বৈজ্ঞানিক সংখ্যাতত্ত্ব সেটাকে গ্রহণ করবার জন্য আমরা পুরো মেশিনারী তৈরী করতে পারিনি। আমরা যখন আইন করবো পরস্পর ঘটনাগুলি পরস্পরের সঙ্গে যুক্ত। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলবো এই মেশিনারীটা ডেভোলাপ করা দরকার। আমরা নিশ্চয়ই সকলে মিলে সাহায্য করবো কিন্তু আমরা জনসংখ্যাতত্ত্ব বিশারদ নই এবং আমাদের কাছে যেসব মানুষ আসে তার ঠিক নেই। সেইজন্য আমি বলতে চাই এটা বৈজ্ঞানিকভাবে সংখ্যাতত্ত্ব নেওয়ার ব্যবস্থা করবার জন্য আমি মন্ত্রীসভাকে অনুরোধ করবো। তাহলে আমরা সত্যি সত্যি বুঝতে পারবো যে আমরা কোথায় দাঁড়িয়ে আছি এবং কি পরিমাণ কাজ আমাদের এই ব্যাপারে বাকি

আছে। তাহলে আমরা অন্য রাজ্যের সঙ্গে একটি প্রতিযোগিতার অবতীর্ণ হতে পারি। তৃতীয় যে কথাটা আমি বলতে চাই সেটা হচ্ছে আমার বন্ধু মাননীয় সদস্য শিবপদ মহাশয় বাস্তুহারা অঞ্চলের লোক তিনি ভাল করে এই বিষয়ে বলবেন। আমি শুধু একটা সামাজিক প্রশ্ন আপনাকে বলছি গ্রামাঞ্চলে দরিদ্রতম মানুষদের আমরা বাস্তুজমি দিচ্ছি, তাদের বাড়ী করে দেওয়ার কথা ভাবছি ও এই সম্বন্ধে আমরা চেষ্টা করছি। শহরাঞ্চলে প্রচুর মানুষ আছে যারা অত্যন্ত গরীব তাদের মধ্যে সমস্ত জাতির মানুষ আছে, সমস্ত ধর্মের মানুষ আছে এবং সমস্ত পূর্ব ভারত-বর্ষের কলকাতা মহানগরী এর জন্য একটা অস্বাভাবিক গ্রোথ হয়েছে, তারাই এই কলকাতা ও শহরতলীতে বাস করে এবং বংশানুক্রমে বাস করছে কিন্তু তাদের কোন বাস্তুজমি নাই। তাদের মধ্যে কারখানার শ্রমিক আছে, বস্তিবাসী অতি নিম্ন মধ্যবিত্ত ভাড়াটিয়া আছে এই রকম অনেক মানুষ আছে। আমি মন্ত্রীসভার কাছে বলি আরবান ভ্যাকেন্ড ল্যান্ড সিলিং-এর আইনে যে সুযোগ উপস্থিত হয়েছে যার ফলে শহরাঞ্চলে প্রচুর জমি উদ্বৃত্ত হবে। আপনি জানেন এই কলকাতা শহরে অনেক নাম করা লোক আছে তারা এখনও পর্যন্ত এই সিলিং আইনকে ফাঁকি দিচ্ছে। বড় বড় বাড়ী তৈরী হয়ে যাচ্ছে তারজন্য কর্পোরেশনের সংসান নেরয়ার প্রয়োজন হয় না। যদিও এই জমিগুলি সম্বন্ধে সরকার একটা নথি তৈরী করেছেন যে কার কার কত উদ্বৃত্ত জমি আছে কিন্তু সেগুলিকে পজেসান নেওয়া এবং তার সম্পর্কে সোসাল অবজেকটিভও কিছু করা হয়নি। সোসাল অবজেকটিভটা কি? কলকাতার মহানগরী ও তার আসেপাশে যে প্রচুর উদ্বৃত্ত জমি পাওয়া যাবে বিশেষত ফ্রিনজ আউটস্কার্ট-এ সেই জমিগুলি নিয়ে আমরা কি করতে চাই। তার সোসাল অবজেকটিকভটা কি শ্রমিকদের জন্য বা কারখানা তৈরী করবার জন্য সরকার হয়তো জমি সংগ্রহ করে দেবেন। তা ছাড়াও যে বহু হোমলেস মানুষ শহরাঞ্চলে আছে তার শ্রেণী ভিত্তিক বদলানোর জন্য এটা দরকার। আমাদের শহরের সামাজিক জীবনে যারা বেশী জমির মালিক তাদের সামাজিক প্রতিষ্ঠা বাড়ছে, তারা নানাভাবে অর্থের জোরে লিডার অব দি সোসাইটি হচ্ছে, তারাই সর্বক্ষেত্রে তাদের ময়লা হাতকে সংস্কৃতি, শিক্ষা এবং সর্বক্ষেত্রে তারা বাড়াচ্ছে এটা পরিবর্তনের জন্য আমাদের চেষ্টা করা দরকার। আমি এই সুযোগে মাননীয় গুরুপদবাবুকে বলবো যে গ্রাম এবং শহর এই দুটো উন্নতি আমরা একসঙ্গে চাই। দুটোরই সামাজিক পরিবর্তন এবং সামগ্রিক সোসাল অবজেকটিভ ও সামাজিক দৃষ্টিভঙ্গীর সঙ্গে জড়িয়ে আছে সেইজন্য তাঁকে গ্রামের সঙ্গে সঙ্গে শহরের দিকেও দৃষ্টি দিতে হবে। আমি ভেবেছিলাম মন্ত্রীমহাশয় এই ব্যাপারে একটা ষ্টেটমেণ্ট

দেবেন যে পশ্চিমবঙ্গ সরকার এই কেন্দ্রীয় আইনের আওতায় যে জমি পাবেন তার সম্পর্কে কি সামাজিক দৃষ্টিভঙ্গী গ্রহণ করছেন। শহরের দরিদ্র মানুষ তারা এই আইনে কিভাবে উপকৃত হবেন সেটা তিনি বলবেন।

বাস্তুহারা স্কোটার্স কলোনী আছে যেগুলি নানা ক্ষেত্রে সরকার এখন পর্যন্ত এ্যাকুইজেশন করে নিতে পারেননি বা এ্যাকুইজেশন কমপ্লিট হয় নি, সেটা করে নিতে পারেন। কিছু জমি আছে সরকারের পতিত জমি হয়তো দখল করে তারা স্কোটার্স কলোনী করেছেন। এই রকম বহু জমি—আমি বলছি এখানে জয়নাল সাহেব আছেন ও গুরুপদবাবু আছেন, আমাদের কলকাতা মহানগরী এবং তার [illegible] উদবাস্তু পল্লীগুলি এদের মানুষদের ক্রমবর্ধমান যে ভূমিকা নৈতিক জীবনে, আমাদের সামাজিক জীবনে তারা একটা ফোর্স, একটা বিরাট শক্তি। '৭২ সালের দিকে তাকিয়ে দেখলে এটাকে অস্বীকার করার কথা নয়। '৬৭ সালে যেমন তারা একটা টেবিল টার্ণ করে দিয়েছিল '৭২ সালে আবার তারাই উল্টো দিকে টেবিল টার্ণ করে দিয়েছে। এই যে বিরাট সংখ্যক মানুষ তারাই হচ্ছে প্রধানতঃ বাঙ্গালী নিম্ন মধ্যবিত্ত, পূর্ববংগ থেকে আগত, এরাই হচ্ছে বাংলাদেশের সব চাইতে গতিশীল শক্তি এবং যারা আমাদের রাজনৈতিক ও সামাজিক জীবনে একটা বিরাট ভূমিকা গ্রহণ করে আছে, এই যে মানুষগুলো যাদের কিছু অর্পণ পত্র দেওয়া রয়েছে যাতে তারা ট্রান্সফার ইত্যাদি করতে পারে কিন্তু এই কলকাতা সহরের পাশেই এই সমস্তগুলিকে রেগুলারাইজেশন করে তাদেরও এই অধিকার দেওয়া, তারা লোন নিয়ে বাড়ী করতে পারে—তাদের আমি বিনা পয়সায় বাড়ী করে দিতে বলছি না, লোন নিয়ে বাড়ী করতে পারবে যে কোন জায়গায়, এই সুযোগ তাদের দেবার জন্যে এই রকম একটা কমপ্রিহেনসিভ বিল আনবার জন্য আমি আমাদের যে ল্যান্ড রেভিনিউ মিনিষ্টার তাঁকে অনুরোধ করছি। তিনি ভেবে দেখবেন কারণ এটা প্রতিশ্রুতি দেওয়া আছে সরকারের পক্ষ থেকে, এই প্রতিশ্রুতি এখন পর্যন্ত কার্যকরী হয়নি। এই সম্বন্ধে অন্যান্য বন্ধুরা বলবেন আমি শুধু এই সামাজিক সমস্যার দিকে দৃষ্টি দেবার জন্য স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই ছোট বিলটি সমর্থন করতে উঠে বিলের সংগে প্রত্যক্ষভাবে জড়িত নয় এমন কতকগুলি কথা বলতে হল কিন্তু আমি এই সুযোগটা গ্রহণ করলাম যে আমরা যখন একটা সামাজিক পরিবর্তনের কথা বলছি সকলে মিলে এটাকে গ্রহণ করার জন্য। আর রমিকৃষ্ণবাবু তো নেই, কেরলেতে বাড়ীটাড়ি হয়েছে, জয়নাল সাহেবকে বললাম ১৯৭৪ সাল থেকে হয়েছে, ছোট ছোট দু কামরা ঘর আমি দেখে এসেছি, আসুন তাদের সংগে একটা সমাজতান্ত্রিক

প্রতিযোগিতা করি, Let us have a socialist competition আমরাও কত দ্রুত মানুষদের বাড়ী করে দিতে পারি, সেই আমরা একটু দেখে সেই প্রোগ্রাম গ্রহণ করি সেটাও বোধ হয় এর সংগে পরোক্ষভাবে যুক্ত। এই কয়েকটি কথা বলে আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমল পাইক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রী ওয়েষ্ট বেঙ্গল নন- এগ্রিকালচারাল টেনান্সি এ্যাক্টের যে এ্যামেন্ডমেণ্ট এনেছেন, অন্ততঃ তার উদ্দেশ্য কে আমি ১৬ আনা সমর্থন করি। তবে গুরুপদ বাবুকে আমরা ভালবাসি এইজন্য যে আমরা যা চাই তাও তিনি বলেছেন এবং আমরা যা চাই না তাও তিনি বলেছেন। যা চাই না সেই কথাই আলোচনা করবো। এই বিলের সারাংশ কি? যে সকল জমি গরীবদের বন্দোবস্ত দেওয়া হয়েছে সেই সব জমি যদি তারা ট্রান্সফার করে দেয়, এই ট্রান্সফার-এর ব্যাপারে সেক্সন টুতে বলেছেন যে ক্যানসেল হয়ে যাবে। কিন্তু এই আইনের, নন-এগ্রিকালচারাল টেনান্সি এ্যাক্টের ঐখানে আমার একটু খটকা আছে। এই বিলের উদ্দেশ্য মহত কিন্তু একটা জিনিস আমরা ভুলে গিয়েছি যে নন-এগ্রি-কালচারাল ল্যাণ্ড এবং নন-এগ্রিকালচারাল টেনান্সি-এর মধ্যে গাল্ফ অব ডিফারেন্স আছে।

[3-50—4-00 p. m.]

দুটোতে ভয়ানক তফাৎ রয়েছে। উনি নন-এগ্রিকালচারাল ল্যাণ্ডকে যদি বলতেন আমার বিশেষ আপত্তি ছিল না। নন-এগ্রিকালচারাল টেনান্সী আইনগত কি ডিফেক্ট আছে সেটা আপনার মাধ্যমে জানাবো। একথা নিশ্চয়ই জানেন, বোধ হয় উনি নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড মীন করতে চাইছেন। গোটা এ্যামেণ্ডমেণ্ট পড়লাম, এস্টেট একুইজিশন এ্যাক্টে যে ল্যাণ্ডগুলি ভেস্ট করেছে, সেগুলি কি কি? ২৫ একরের বেশী যদি থাকে কোন ল্যাণ্ড সেগুলি ভেস্ট হবে, এগ্রিকালচারাল ল্যাণ্ড ১৫ একরের বেশী যদি থাকে সেগুলি ভেস্ট করবে এবং হোম স্টেড ল্যাণ্ড যদি পাঁচ একরের বেশী থাকে তো সেগুলি ভেস্ট করবে। এই ছিল তিন প্রকারের ল্যাণ্ড সেগুলি ভেস্ট করবে। হোমস্টেড ল্যাণ্ডকে নন-এগ্রিকালচারাল ল্যাণ্ডের ভিতর ফেলা হয়নি। ধরা যাক সেই আইন অনুসারে কি বলতে চাইছে, টেনান্সী হবে কিনা পরে আসছি। এটা নিশ্চয়ই জানবেন ল্যাণ্ড আর টেনান্সীতে ডিফারেন্স আছে। মনে করুন এই যে জমিদারী উচ্ছেদ আইন হল, আজ পর্যন্ত কোথাও দেখবেন না সেপারেট টেনান্সী সেখানে হয়েছে। সেখানে হয়েছে স্থিতিবান রায়তী, পাঁচটি পল্ট

একটি জলা জমি, একটা ডোবা, একটা বাস্তু আর একটা ডোসা জায়গা। এখানে শুধু ট্যাংকটাকে ধরে নিতে হবে নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড, কিন্তু নন-এগ্রিকালচারাল টেনান্সী নয়। নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড বলে ধরে নেওয়া হবে এবং গোটাটাকেই ধরে নেওয়া হচ্ছে নন-এগ্রিকালচারাল কাম রায়তী। আজকে সেই জায়গায় বলতে এলেন যে নন-এগ্রিকালচারাল টেনান্সী। এতে ডিফিকাল্টি দেখুন। আজকাল নন-এগ্রিকালচারাল টেনান্সী বলে কিছু নেই, সমস্তই হয়ে গেছে নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন বোধ হয় নিশ্চয়ই, একরডিং টু দি ল্যাণ্ড রিফরমস এ্যাক্ট-এর যে সেক্সন ৮ সেখানে কনসিডারেশন মানি তার সঙ্গে শতকরা ১০ টাকা করে দাখিল করতে হবে আর নন-এগ্রিকালচারাল যদি হয়ে থাকে শতকরা ৫ টাকা করে দাখিল করতে হবে। তাহলেই দেখুন নন-এগ্রিকালচারাল ল্যান্ড আর নন-এগ্রিকালচারাল টেনান্সী এই দুটোতে তফাৎ আছে। সেটি একটি মাত্র জায়গায় থাকবে, সেই টেনান্সী লীজ নেওয়া হবে এবং লীজ নেওয়ার পর সেটা হবে টেনান্সী। উনি বলতে চাইছেন নন-এগ্রিকারচারাল ল্যাণ্ড। ১৯৭৫-এ যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেই এ্যামেণ্ডমেণ্টে বলেছি—যদি কোন এগ্রিকালচারাল ল্যাণ্ড বন্দোবস্ত দেওয়া হয় ট্রান্সফার করা হয়, সেই ট্রান্সফারটা এনাল হয়ে যাবে এবং একরডিং টু দি ল্যাণ্ড রিফরমস এ্যাক্ট সেই হোমস্টেডকেও এগ্রিকালচারাল ল্যাণ্ড-এ ধরে নিচ্ছেন। অতএব এ্যামেণ্ডমেণ্ট করে দিয়েছেন ১৯৭৫ সালে। আজকে এটা করবার জন্য কি ডিফিকাল্টি এসেছে, আইনের ডিফিকাল্টি। উদ্দেশ্য মহৎ পুনঃ পুনঃ বলছি। আপনি দেখবেন নন-এগ্রিকালচারাল টেনান্সী এ্যাক্ট এনেছি, সেক্সন নাইনের পরে কিন্তু ৯এ-টা এ্যামেণ্ডেড হয়েছে, টেনান্সী সম্বন্ধে পরিষ্কারভাবে ডেফিনিশন দেওয়া হয়েছে। সেক্সন ৯এ-তে ক্ষমতা কি দেওয়া হয়েছে। টেনান্সী আনবার কি ডিফিকাল্টি তা দেখতে হবে। The interest of the tenant in any non-agricultural land to which the provision of sub. section (i) applies shall, subject to the provision of this Act, be capable of being transferred and equipped in the same manner and to the same extent as his other unmovable property.

৯এ-তে এসে বলে দিলেন করবার ক্ষমতা নাই। সেক্সন ৯এ বলে দিচ্ছে একডিং টু নন-এগ্রিকালচারাল টেনান্সী এ্যাক্ট, সেখানে বলছে যে কোন অবস্থায় করতে পারে, বিক্রী করতে পারে, ট্রান্সফার করতে পারে, ৯এ-তে এসে বলে দিচ্ছেন করতে পারে না কোন কোন ক্ষেত্রে প্রোভাইসো এক্সটেণ্ড করার জন্য। তাহলে আজকে দেখুন নন-এগ্রিকালচারাল টেনান্সী এ্যাক্টের ভিতরে এটাকে আনার কোন যৌক্তিকতা ছিল

কিনা। কোন যৌক্তিকতা নাই এবং এটা দেখবেন নন-এগ্রিকালচারাল হোল্ডিং এবং টেনান্সীতে তফাৎ আছে, দ্বিতীয়তঃ নন-এগ্রিকালচারাল টেনান্সী এ্যাক্টে সেটাকে ধরা হচ্ছে হোল্ডিং।

গোলমালটা কি হবে—এবার আপনি দেখুন। যদি বলা হয় যে—না, এই জমিদারী উচ্ছেদ আইনের সময় যে জায়গা vested হয়েছিল, এ জায়গা নয়, হয়ত বলতে পারেন—সে ধরনের জায়গা এটা তাহলে কোন্ জায়গা—tenancy অনুসারে আছে? গভর্ণমেণ্ট সেটা লীজ দিয়েছেন—ধরুন ৫০ বছর পূর্বে একটা non-agricultural tenancy সেখানে ৫০ বছর পূর্বে—আমি বিমল পাইক, আমার নামে গভর্ণমেণ্ট লীজ দিয়েছেন, সেই জায়গায় আমি transfer করে দিয়েছি। ৩০ বছর আগে। আজকে যদি সেটা এই non-agricultural Act এর মধ্যে আসে, তাহলে সেই transfer annualled হয়ে যাবে? মানে canselled হয়ে যাবে? তারা কোন্ transfer-কে cancelled করবে। Land Reforms Act-এ বা Estates Acquisition Act এ যে land-টা vested হয়েছিল—সেই vested জায়গাটা যেটা বন্দোবস্ত দেওয়া হয়েছে তার homestead করবার জন্য, সেই landটা যদি transfer হয়ে গিয়ে থাকে, তাহলে সেটা canceled হবে? না, ঐ non-agricultural tenancy Act-এ ৫০/৬০ বছর পূর্বে গভর্ণমেণ্ট যেটা লীজ দিয়েছিলেন, সেই land-টা যদি transfer হয়ে গিয়ে থাকে—কোন্টা? সেজন্য আমি বলছি ৭, ৮, ১০ বছর পূর্বে ছিল, এমন নয়। মাননীয় আইন মন্ত্রী যখন তুললেন—যেটা non-agricultural Act tenancy Act before Estates Acquisition Act was issued. তার জমিগুলো এবং Estates Acquisition Act-এ এসেছে জমিগুলো vested হয়েছে। এবং সেই vested homes tenancy non agricultural কি agricultural কিছুই নয়--যা আমি বলেছি homestead তাদের সেই homestead ছিল ৫ একর পর্যন্ত রাখার অধিকার ছিল। Land Reforms Act-এ homestead-টা agricultural land হয়েছে। আজকে যদি কেউ সেই homestead land-টা transfer করে দিয়ে থাকে -according to the non-agricultural tenency Act যেটা বহু পূর্বে পাস হয়েছিল—তাতে দেখবেন, অনেক রেকর্ড বাঁদিনীকে বলে লেখা আছে—, হাট বলে লেখা আছে। তার জন separate খতিয়ান তৈরী হবে। Non-agricultural Act-এর ৫টা জায়গার মধ্যে একটা non-agricultural land থাকলে—যেমন কোন ট্যাংক এটা কখনো non-agricultural tenancy হবে না; non-agricultural land হবে। প্রত্যেক জায়গায় দেখবে—non agricultural land বলে আছে। Non-agricultural tenancy আর non agricultural land একই কথা নয়,

samething নয়। দুটো পৃথক জিনিষ। আমি ঐ কথাটাই বলতে চেয়েছি এর দ্বারা দেখবেন। এই বিলের উদ্দেশ্য খুবই মহৎ হলেও—ঐ দুটি কথা থাকার জন্য প্রকৃতপক্ষে অসুবিধা হচ্ছে। বর্তমান Estates Aequisition Act এর পরে যে পরীক্ষা হয়েছিল তাতে tenancy বলে কিছু নাই। তাই সাধারণতঃ ঐ Preamption এর বেলায় এবং হাইকোর্টের রুলি হয়েছে not clear বলে। যেমন মনে করুন আইন করা হয়েছে পুকুর non agricultural land কিন্তু খতিয়ানের মধ্যে হয়ত রায়তি holding দশটা জায়গায় আছে সেখানে পুকুর কি non-agricultural tenancy act এর মধ্যে রাখা হবে? না, land Reforms act এর section 8 ও হবে? বা non agricultural tenancy act এর section 24 এ হবে? কোনটা হবে? section-8 যদি হয়ে থাকে yes, I do agree then if does not come within the purview of the non agricultural tenancy act অতএব আমি বলছি non agricultural land এবং non agricultural tenancy এক জিনিষ নয়—দুটি পৃথক জিনিষ। আশা করি সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। এই বিলের উদ্দেশ্য অতি মহৎ। এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Md Safiullah :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধান সভায় পশ্চিমবঙ্গ অকৃষি প্রজাস্বত্ব আইনের যে সংশোধনটা আনা হয়েছে তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। পশ্চিমবঙ্গের গ্রাম বাংলার এই সরকার ক্ষমতায় আসার পরে ভূমি হীন কৃষক এবং যাদের বাস্তু জমি নাই সেই ধরণের মানুষকে আমাদের এই সরকার লিখিয়া দিতে চেয়েছেন এবং ভূমিহীনদের ভূমি এবং বাস্তুহীনদের বাস্তু জমি দান করেছেন। কৃষিজমি তারা যাতে হস্তান্তর না করতে পারে তার জন্য আইন আমরা প্রণয়ন করেছি এবং তাতে কিছুটা অন্ততঃ পক্ষে হস্তান্তর রোধ করা সম্ভব হয়েছে। অকৃষি জমির ক্ষেত্রে এই ধরণের আইন অত্যন্ত সময়োপযোগী হয়েছে। এখানে কিন্তু বলার কথা আছে—অকৃষি জমি সাধারণতঃ আমরা এই আইনের মধ্যে দেখতে পাচ্ছি নে এই অকৃষি জমি যারা গ্রহণ করেছে তারা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে বা সমবায় ব্যাঙ্ক থেকে টাকা ধার নিতে পারে না। গ্রামগুলে আমরা দেখতে পাই যে দরিদ্র বা ভূমিহীন মানুষদের ঋণ নেওয়ারই ক্ষমতা নাই।

[4-00—4-10 p.m.[

আমাদের সরকারের এই নীতি হওয়া উচিত আমরা যখন জমি দান করবো তখন সেগুলোর উপর ঘরবাড়ি করে দেবো। অথাৎ সমবায় ব্যাংকই হোক আর রাষ্ট্রায়ত্ত ব্যাংকই হোক ঋণ প্রতিষ্ঠানের যেন দ্বারস্থ তাদের না হতে হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এই যদি উদ্দেশ্য না হয় তাহলে সত্যিকারের উপকার হতে পারে না। হরিজন এবং আদিবাসী সম্প্রদায়ের অবস্থার কথা অজানা নয়। যত কম সুদেই হোক এই ধরনের নিম্ন শ্রেণীর লোকেরা যদি ঋণ নেয়, সেটা রাষ্টায়ত্ত ব্যাংক বা সমবায় ব্যাংক হোক, আমরা মনে করি তার এই ঋণের সুদ দেবার ক্ষমতা থাকবে না। এরা দিন আনে দিন খায়। সরকার যখন এই ধরনের আইন প্রনয়ণ করেছেন তখন এই সিদ্ধান্ত করা উচিত যে আমরা যত বাস্তু জমি করে দেবো তা বাড়ি করে দেবো। আমরা কৃষিজমি দিয়ে দায়িত্ব খালাস করতে পারি না। কৃষি জমি দিলে হস্তান্তর বন্ধ করে আবার তারা যাতে লোন পায়, বীজ পায় সেটা দেখতে হবে। অকৃষি জমির ক্ষেত্রেও এই রকম করলে আইনটা কার্য্যকরী হবে এবং মাননীয় সদস্য শ্রীবিমল পাইক অলরেডি এগ্রিক্যালচারাল এবং নন এগ্রিক্যালচারাল টেন্যান্সির মধ্যে যে পার্থক্য বুঝিয়ে দিয়েছেন সে সম্বন্ধে আমি আর যেতে চাই না। এই আইনটার ভাল দিকের জন্য একে আমি সমর্থন করছি। আর আইনের যে লুপহোলস আছে সেটা যাতে বন্ধ করে দরিদ্র মানুষদের সুযোগ দেওয়া যায় সেদিকে লক্ষ্য রাখবেন এই কথা বলে এই বিলটা সমর্থন করে আমি আমার ব্যক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রী একটা ইম্পিত অর্থে যাতে ভূমির সদ্ব্যবহার হয় সেজন্য যে বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। এই বিলকে সমর্থন করে আমি দু একটা প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। ২০ দফার এক দফা এই বিলটার সঙ্গে জড়িত আছে এবং এটা ঠিক সেই দফাকে কার্য্যকরী করতে গিয়ে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের বহু বাস্তুহীনকে লোককে আমরা জমি দিয়েছি। কিন্তু আমার প্রশ্ন মাননীয় ভূমি সদ্ব্যবহার মন্ত্রীর কাছে আপনি জমি হস্তান্তর বন্ধ করছেন ভাল করছেন। কিন্তু আপনার দপ্তর আজ পর্যন্ত যত লোককে জমি দিয়েছে তত লোককে জমির পাট্টা দিতে পারে নি। আমার কাছে খবর আছে। যত লোককে পাট্টা দিয়েছেন তত লোককে জমি বুঝিয়ে দিতে পারে নি। আমার কাছে খবর আছে আমরা যত বাস্তুজমি দিয়েছি এখনও পশ্চিমবঙ্গে বহু লোক পাট্টা হাতে ঘুরে বেড়াচ্ছে

তারা জমির দখল পায় নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আজ উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে যাতে না যায়। আমাকে একটা পাট্টা দেওয়া হলো আমি সেই জমি হস্তান্তর করতে পারবো, কিন্তু সেই জমিতে গুরুপদ খাঁন বসে আছেন, করা যাবে না। অথচ সরকারী খাতায় আমার নামে জমি রেকর্ড হয়ে গেলো, অথচ উনি বসে আছেন। এই ধরণের এ্যানোমলি অফিসে অফিসে আছে। সেটা দয়া করে বন্ধ করে আগে সুষ্ঠুভাবে তারপর আইনের ব্যবস্থা যদি করেন তাহলে ভাল হয় বলে মনে হয় এবং আমি আশা করি এই আইনের আগে সেটা ভালভাবে কার্যকরী করবেন। আর একটা কথা আজকে হস্তান্তর করা যাবে না কিন্তু মর্টগেজ দেওয়া যাবে। আমার ৪ কাঠা জমি সেই জমি এল. আই. সির কাছে বন্ধক রেখে জমিতে বাড়ী করলাম, আমি ঠিক করলাম অধ্যক্ষ মহাশয় আপনার কাছে বাড়ীটা বিক্রি করবো। আমি এল, আই, সিকে টাকা দিলাম না। আপনার সাথে আণ্ডার গ্রাউণ্ড কন্ট্রাক্ট করলাম, এল. আই. সির টাকা ফেরত দেবো না। এল, আই, পসেসান নিয়ে অকসান সেল করবে। আপনার সাথে আন্ডার গ্রাউন্ড কণ্ট্রাক্ট থাকলে এল, আই, সি অকসান করলে আপনি নামমাত্র দিয়ে কিনে নেবেন।

সেক্ষেত্রে কি হবে। ব্যাঙ্ককে মটগেজ দেওয়া হচ্ছে—এখন ব্যাঙ্ককে যদি টাকা দেওয়া না হয় তাহলে জয়নাল আবেদিন সাহেব কি বলতে পারেন যে জমি নিয়ে নেবেন না। এখানে আইনের প্রশ্ন দাঁড়াবে। মন্ত্রীমহাশয় যদি এই পয়েণ্টটা ক্লিয়ার করে দেন তাহলে ভাল হয়। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বহু উদ্বাস্তু কলোনীতে এই রকম জমি দেওয়া হয়েছে। তারাও এই আইনের আওতায় আসবে। এবং যে সব আরবানাইজ রুর‍্যাল এরিয়া আছে সেই সব জায়গাতেও জমি দেওয়া হয়েছে সেগুলিও এই আইনের আওতায় আসবে। স্যার, আপনি দেখতে পাচ্ছেন মাননীয় মন্ত্রী মহাশয় আজকে হস্তান্তর বন্ধ করছেন—আরবানাইজ রুর‍্যাল এরিয়াতে জমি দিচ্ছেন বাস্তুহীনদের মধ্যে। ব্যাঙ্ক থেকে সেখানে টাকা নিয়ে যদি বাড়ী তৈরী করে বাড়ী ভাড়া বা লিজ দেওয়া হয় তাহলে কি হবে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় কিছু বলছেন না। এখানে আইনের ফাঁক থেকে যাচ্ছে। এই সব জমি লিজ দেওয়া যেতে পারবে কিনা সেটা বলে দিন। বহু লোক এই রকম লিজ নেবার জন্য প্রস্তুত হয়ে আছে। এই রকম হয়তো হতে পারে যে একটা আরবানাইজ রুর‍্যাল এরিয়াতে একটা লোক ইণ্ডাষ্ট্রি করবে। ধরুন পাঁচজন লোক দু কাটা করে জমি পেয়েছে। একজন লোক তাদের সেই জমি লিজ নিয়ে একটা ইণ্ডাষ্ট্রি করলো তখন কি হবে? তাই বলছি মন্ত্রীমহাশয় বলুন এই রকম লিজ বা ভাড়া নেওয়ার বাধা আছে কিনা। আমি

জানি এই রকম চক্রান্ত হচ্ছে এবং হবে। এই রকম গণ্ডগোল কারখানা চলছে বহু জায়গায়। বহু আরবানাইজ রুর‍্যাল এরিয়াতে এই ধরণের কাণ্ডকারখানা সুরু হয়ে গেছে এবং ভবিষ্যতে চলবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে পরিষ্কার করে বলে দেওয়ার জন্য অনুরোধ করি যে লিজ বা ভাড়া দেওয়া চলবে কিনা এই জিনিসটা আইনে পরিষ্কার থাকা দরকার। আর একটা কথা বলে আমি শেষ করছি। মাননীয় ভূমি সদ্ব্যবহার মন্ত্রী মহাশয় ১০ জনকে কি আরও কয়েক জন লোককে দুকাঠা করে জমি দিলেন। এখন ধরুন ১৬জন মিলে একটা হাউসিং কো-অপারেটিভ করে ফেললো। তাহলে কো-অপারেটিভ থেকে বাড়ী করার জন্য লোন পাবে। এখন হাউসিং কো-অপারেটিভ থেকে টাকা লোন নিলে সেখানে জমি ভেষ্ট করবে কিনা। তাহলে একথা পরিষ্কার আইনে থাকা দরকার যে এই সমস্ত লোক মিলে হাউসিং কো-অপারেটিভ করতে পারবে কিনা। এবং যদি হাউসিং কো-অপারেটিভ করে তাহলে গভর্ণমেণ্ট যে টাকা দেবে বাড়ী করবার জন্য সেখানে হাউসিং কো-অপারেটিভ জমি ভেষ্ট করবে। তাহলে পোজিসনটা কি হবে এটা যদি মন্ত্রী মহাশয় একটু ক্লিয়ার করে দেন তাহলে ভাল হয়। এখানে আমার সাজেসন হচ্ছে আমরা সোস্যালিজম করছি ২০ দফা কর্মসূচী করছি তাহলে একটা কাজ করা যাক না কেন শহরে যেমন ফ্লাট করে দিচ্ছি সেই রকম গ্রামাঞ্চলে এই সব জমি নিয়ে ছোট ছোট বাড়ী তৈরী করে তার মধ্যে ভূমিহীন লোকগুলিকে বসিয়ে দেওয়া হোক না কেন। তাহলে এই প্রশ্ন আর আসবে না। আইনের ফাঁক থাকার, প্রশ্ন থাকবে না, আইনের অনেক জটিলতা থেকে আমরা মুক্তি পাবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p. m.]

শ্রীশিবপদ ভট্টাচার্য্যঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, মানুষ কেন জমি হস্তান্তরিত করছে বা তা করার টেনডেনসি কেন তাদের মনে জাগছে এটা আগে বোঝা দরকার। যে মানুষকে আপনি বাস্তুজমি দিলেন তাকে যদি ঘর করে দেবার ব্যবস্থা না করে দেন তাহলে সে জমিটা নিয়ে করবে কি? সে জমি আইন করলেও বেনামে হস্তান্তরিত হয়ে যাবে। কাজেই যে মানুষটিকে বাস্তুজমি দেওয়া হল সে কি ভাবে বাড়ীটা করতে পারবে সেটা আগে দেখা দরকার। তা যদি না করেন তাহলে এই আইন শুধু মাত্র আইনই থেকে যাবে, এতে কাজ কিছু হবে না বলেই আমার ধারণা। এই প্রসঙ্গে স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আমাদের হাউসিং ডিপার্টমেণ্টের বহু সরকারী টাকাতে বিভিন্ন

ব্যবসায়ী মহল করে খাচ্ছে কিন্তু সেই টাকা দিয়ে আমরা গরীব মানুষদের বাড়ী করে দেবার জন্য ভাল মতন প্রকল্প নিচ্ছি না। যাও বা নেওয়া হচ্ছে সেটা কি রকম তা স্যার, আপনি ভালোই জানেন। সেখানে ৫শো টাকাতে কি রকম বাড়ী হতে পারে তা আপনি একটু বুঝে দেখুন। স্যার, আমাদের দক্ষিণ ২৪ পরগণাতে এইরকম কিছু বাড়ী হয়েছিল কিন্তু একটি ঝড়েই সমস্ত বাড়ী ভুমিশয্যায় শায়িত হয়েছে। কাজেই আমি বলব, বাড়ী যেগুলি করবেন সেগুলি যদি ভাল ভাবে না করেন তাহলে এই আইন দ্বারা কোন কার্যকরী পন্থা আপনারা অবলম্বন করতে পারবেন না। এই প্রসঙ্গে স্যার, আমি বলব, কেরালা সরকার সে ভাবে ভাল বাড়ী তৈরি করছে এবং তা করে সবাইকে বাড়ী পাবার অধিকার দিচ্ছে সেইভাবে আমাদের এখানেও ব্যবসায়ী মহলের মারফত না গিয়ে ডিপার্টমেণ্টের যে টাকা আছে সেই টাকা দিয়ে একটা ব্যবস্থা যাতে করা যায় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উদ্বাস্তুদের কথা কিছু বলব। স্যার, আপনি জানেন, উদ্বাস্তু মানুষদেরও গ্রামাঞ্চলে কিছু কিছু জমি দেওয়া হয়েছিল কিন্তু এদের যে সুযোগটা দেওয়া হচ্ছে সেখানে তাদের সেই সুযোগ ছিল না বা নেই। সেই জমি বন্ধক রেখে কিছু লোন পেতে পারে। তার মতন অবস্থা তাদের দেওয়া হয়নি। তারাও মানুষ, তারাও বাস্তুহীন তাদেরও এই আইনের আওতায় আনা হোক ও তাদের বাস্তুর ব্যবস্থা করা হোক অনুরোধ আমি জানাচ্ছি। আজকে অনেক উদ্বাস্তু মানুষ বাস্তুহীন হয়ে পড়ে রয়েছে, আমি মনে করি না যে আপনি সমস্ত উদ্বাস্তুদের বিনা পয়সায় বাড়ী করে দেবেন, কিন্তু লোন করার মতন যে আইন সে আইনও আজকে গ্রামাঞ্চলে তাদের জন্য নেই। তাদের জমি দিয়েছিলেন সরকার—আজকে গ্রামাঞ্চলে বহু কলোনী রয়েছে, কিন্তু বাস্তু জমি পাওয়া সত্ত্বেও তারা আজ পর্যন্ত বাড়ী করতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০ দফা কর্মসূচীর মধ্যে আছে যে, বাস্তুহীন বাড়ী পাবে, এখন সে বাস্তুহীন উদ্বাস্তুই হোক বা স্থানীয় লোকই হোক সকলের বাড়ী পাওয়া দরকার। কিন্তু এখানে উদ্বাস্তুদের ক্ষেত্রে কেন এটা প্রযোজ্য হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। আইনটা এদিকে প্রযোজ্য করার দরকার আছে বলে আমি মনে করি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলেও যেমন বাস্তুহীন রয়েছে শহর এবং শহরতলিতেও সেইরকম বাস্তুহীন রয়েছে। আমাদের দেশে লোক এখনও ফুটপাথে, ব্রীজের নীচে বা রাস্তার দুপাশে বাস করছে। আজকের এই সুসভ্য যুগেও যারা এইভাবে বাস করছে বাস্তুহীন হয়ে তাদের কথাও ভাবা দরকার। আমরা স্যার, সংবিধানে সমাজতন্ত্র নেবার কথা বলছি কিন্তু তাদের কথা আজ পর্যন্ত আমরা চিন্তা করছি না। এই

প্রসঙ্গে আমি বলব, আরবান সিলিং এ্যাক্ট যেটা আসছে সেখানে তাদের কথা চিন্তা করা দরকার। যদিও মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন গরীব মানুষদের জন্য ব্যবস্থা করবেন যাতে তারা ভাড়া থাকতে পারেন কিন্তু এখন দেখছি সরকার ব্যবস্থা করছেন। মধ্যবিত্ত মানুষ বা গরিব মানুষ যাতে বাড়ী না পান তার ব্যবস্থাই করা হচ্ছে। যারা লাখপতি তারা ছাড়া আর কারুর শহর বা শহরতলীতে বাড়ী পাবার সম্ভাবনা থাকছে না। আজকে ২০ দফা কর্মসূচীকে যদি বাস্তবায়িত করতে হয় তাহলে কিন্তু শহর বা শহরতলীতে যারা বাস্তুহীন হয়ে রয়েছেন তাদের জমি দেবার ব্যবস্থা করা দরকার এই আইনের সংগে সঙ্গতি রেখে একথা বলার দরকার আছে বলে আমি মনে করি।

তাছাড়া আরো রয়েছে। এই শহরতলীতে বহু উদ্বাস্তু মানুষ রয়েছে, যারা ১৯৫০ সনের পর থেকে কয়েকশত কলোনীতে বাস করছে। সরকার যে ২০ দফা কর্মসূচী ঘোষণা করেছেন যে বাস্তুহীনরা বাড়ী পাবে, তারা সেই জমিতে কয়েক বছর ধরে ১৯৫০ সনের পর থেকে অবস্থান করছে কিন্তু আজ পর্যন্ত তাদের স্বীকৃতি সরকার দেন নি বা দিচ্ছেন না। আমার মনে হয় আজকে যদি ২০ দফার spirit কে আমাদের নিতে হয় তাহলে এই ১৯৫০ সনের পরের যে সমস্ত উদ্বাস্তু রয়েছে, যারা মাথা গোঁজবার মত একটু স্থান করেছে, যেটাতে তারা বাস করছে, এবং যে কথা সরকার বারবার বলছেন, আজকে এই ২০ দফা কর্মসূচীকে যদি রূপায়িত করতে হয় তাহলে বাস্তুহীন দের বাড়ী দিতে হবে, এদের কথা আজকে চিন্তা করতে হবে যাতে তারা বাস্তু পায়। অনেক লোককে বাস্তু দিয়েছেন, শহর ও শহরতলীর উদ্বাস্তু মানুষকে দেওয়া হয়েছে কিন্তু তাদের জন্য কোন loan এর ব্যবস্থা নেই। আজকে বলছেন যে mortgage করতে পারবেন। Rural এলাকায় উদ্বাস্তুদের ছিলেন যে তারা mortgage রেখে কোন জায়গায় কোন loan পেয়ে বাড়ী করতে পারে এবং শহর এলাকাতেও পারবো উদ্বাস্তু মানুষের জন্য যারা এখন আসছেন, সরকার তাদের একটা জমি দিচ্ছে। কিন্তু তাদের আজকে বাস্তু করবার মত এমন কোন আইন প্রয়োগ করছে না। তারা যা বলেছেন, আমরা master plan এর কথা শুনেছি। সুতরাং আমার মনে হয় সেদিক থেকে যদি আজকে ২০ দফা কর্মসূচীকে রূপায়িত করতে হয় তাহলে তাদের প্রতি সমপর্য্যায়ে নজর দেওয়া প্রয়োজন আছে। আমি এই আইন প্রসংগে একথা বলতে চাই। এখনও বহু মানুষ গ্রামাঞ্চলে রয়েছে, যারা জমি পায়নি বা যারা জমি পেয়েছেন আমার বন্ধু যে কথা বললেন যে পাট্টা হাতে করে ঘুরে বেড়াচ্ছেন, দখল পাচ্ছে না। সুতরাং এই আইনের পরিপ্রেক্ষিতে সেটা আমাদের বোঝা দরকার

তাই মন্ত্রী মহাশয়ের কাছে এটা অপ্রাসংগিক হলেও আমি মনে করবো যে সামগ্রিক ভাবে যদি ২০ দফা কর্মসূচীকে রূপায়িত করতে, যদি সমাজতান্ত্রিক সরকার গঠনের দিকে আমাদের পদক্ষেপ থাকে তাহলে শহর এবং গ্রামাঞ্চলের উদ্বাস্তুদের জন্য বাস্তু জমি অন্ততঃ minimum দেবার কথা চিন্তা করতে হবে যাতে তাদের রাস্তার ফুটপাতে না থাকতে হয়, যাতে তাদের drain এর pipe এর মধ্যে না থাকতে হয়, যাতে তাদের ব্রীজের মধ্যে না থাকতে হয়, ঐ রাস্তার মধ্যে থেকে প্রতিদিন উচ্ছেদ না হতে হয় এবং গ্রামাঞ্চলে জমি পেয়েও সেই জমিতে বাস্তু না করতে পেরে পথে পথে ঘুরতে না হয়, এই রকম ব্যবস্থা যদি কার্যকরী না করেন তাহলে এই আইন যদি করেনও, এই আইন যদি progressive-ও হয় যতই আমরা একে সমর্থন করি না কেন এই আইন কখনই কার্যকরী হবে না। তাই, আমি মনে করছি, আজকে ২০ দফাকে সামনে রেখে এবং মাননীয় ইন্দিরা গান্ধী যে কথা বলেছিলেন, আমরা দেখতে চাই যারা বাস্তুহীন তারা অন্ততঃ বাস্তু পায়—তাকে যদি কার্যকরী করতে হয় এই দিকে নজর দিয়ে একটা সামগ্রিক comprehensive আইন আজকে আনা দরকার বলে আমি অন্ততঃ মনে করি।

শ্রীমহঃ দোদার বক্সঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ভূমি সদ্ব্যবহার ভূমি সংস্কার, ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী মহোদয় পশ্চিমবাংলা অকৃষি প্রজা স্বত্ব সংশোধন বিধেয়ক, ১৯৭৬ এই বিধান সভায় পেশ করেছেন অনুমোদনের জন্য আমি তাকে সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে নিশ্চয়ই হয়ত কিছু ত্রুটি আছে, তবে এর উদ্দেশ্য মহৎ। কেন না, যখন আমাদের প্রিয় প্রধানমন্ত্রী এই ২০ দফার মাধ্যমে গ্রামাঞ্চলে যারা গৃহহীন, যাদের কোন সময়েই নিজেদের রোজ গারে জমি কিনে সেই জমিতে বাড়ী করবার ক্ষমতা ছিল না, সেই গৃহহীনদের বাস্তু নির্ধারণের জন্য এই জমি যেগুলি খাস ছিল সেটা কৃষি বা অকৃষি সময়ে হয়ত সেই বাস্তু নির্ধারণের জন্য অনেক সময় অধিগ্রহণের মাধ্যমে এই বাস্তুহীনদের জমি দেওয়া হয়েছে। কিন্তু এই যে অসহায় মানুষ, যারা কোন দিনই হয়ত এই জমি না পেলে বাসগৃহ করতে পারবে না, যাদের পথে পথে ঘুরতে হবে সেই সব লোকের গৃহনির্মাণের জন্য এই ভূমি দিয়েছিলেন বা দেবার চেষ্টা করছেন। কিন্তু কৃষিজমি যেটা সেটা ১৯৫৫ সালে ৪৯ ধারার এক এর 'ক' উপধারা অনুযায়ী ঐ অবণ্টীত ভূমি যেটা বিনা সেলামীতে রাজ্য সরকারের নিয়ম অনুযায়ী ভূমি সংস্কার কমিটির মাধ্যমে দেওয়া হয়েছে সেগুলি কিন্তু হস্তান্তর করবার বাধা নিষেধ ছিল, যে হস্তান্তর করতে পারবে না।

[4-20—4-30 p. m.]

কিন্তু যে সমস্ত অকৃষি জমি যেগুলো অধিগ্রহণের মাধ্যমে কিংবা খাস হয়েছে, সেইগুলো যারা পজেশন পেয়েছে, তারা অনেক ক্ষেত্রে দারিদ্রের তাড়নায় কিংবা তাদের সংসর্গ দোষে এই ভাবে হস্তান্তর করে থাকে, তাই এই অর্ডিন্যান্স করে আজ যে বিল এসেছে, এটা নিশ্চয়ই ভাল কাজ হয়েছে। এই রকম বিধি ব্যবস্থা যদি না করা হয় তাহলে ২০ দফার মাধ্যমে প্রিয় প্রধানমন্ত্রীর গৃহহীনদের গৃহনির্মাণের যে উদ্দেশ্য, সেটা বিফল হবে। কারণ জমি পাওয়ার পরে তারা হস্তান্তর করে দেবে। তারা হস্তান্তর করবে নিশ্চয়ই যদি জলার জমি যেটা বাস্তু নির্মাণের জন্য বণ্টিত করা হয়েছে, সেই জমির বিনিময়ে অন্য কোন জমি ভাল থাকে, সেখানে যদি গৃহনির্মাণ করে, তাহলে কিন্তু সেখানে বাধা নেই। তবে তার জন্য কালেকটারের কাছে অনুমতি নিতে হবে। কালেকটার বিচার বিবেচনা করে অনুমতি দিলে তবেই সেখানে হস্তান্তর করতে পারবেন। এবং তিনি মর্টগেজ রাখতে পারবেন। কিন্তু কোন সদস্য বলেছেন যেখানে সমবায় মন্ত্রী জয়নাল আবেদিন আছেন—সমবায় সমিতির কাছে মর্টগেজ করতে পারবেন। কিন্তু যে ব্যাঙ্কের টাকা শোধ করতে পারবে না, সেখানে নিলামে বিক্রি করতে পারবে। মানুষের যখন আর্থিক অবস্থা খুব খারাপ হয়ে যায়, কোন কিছু করার থাকে না, তখই সে বন্ধক রাখে। কিন্তু পরে আবার এমন সময় আসে যখন সে তার বন্ধকী জমি মুক্ত করতে পারে—এই প্রশ্ন না জাগাই ভাল। এই যে গ্রামাঞ্চলেই কেবল দৃষ্টি দেওয়া হয়েছে—আমি বলি আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীকে বিশেষ করে আমাদের রাজস্ব মন্ত্রী মহাশয়কে এই যে উচ্চ সিলিং শহরে প্রবর্তন করা হয়েছে, সেই শহরে বাস্তু জমির উপযোগী যে সমস্ত জমি রয়েছে, সেই ক্ষেত্রে এটা প্রসার লাভ করলে ভাল হত। গতকাল যখন খাটাল উচ্ছেদ সম্পর্কে আলোচনা হচ্ছিল তখন পুরঞ্জয় প্রামাণিক মহাশয় গরুর সঙ্গে মানুষের বাস করার কথা বলছিলেন। শহরের সেইসব জমিগুলোকে এই আইন সম্প্রসারণ করে তাদের যদি গৃহনির্মাণের জন্য জমি দেওয়ার ব্যবস্থা করেন—আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, এই জিনিস আপনি করুন তাহলে প্রধানমন্ত্রীর উদ্দেশ্য সফল হবে। এবং প্রধানমন্ত্রীর যে ২০ দফা তার এক দফা স্বার্থক ভাবে রূপায়িত হবে। তাই আমি আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রীকে বিবেচনা করতে বলবো যে এই শহরে যারা দরিদ্র লোক ফুটপাথে থাকে, তারাও কিন্তু ভারতবর্ষের নাগরিক, তারা পশ্চিমবাংলায় বাস করে, নিশ্চয়ই তারা দরিদ্র, তাদেরও নিশ্চয়ই দাবী আছে গ্রামাঞ্চলের দরিদ্র শ্রেণী যদি গৃহ নির্মাণের সুযোগ পায়, তাহলে তারা পাবে না কেন? এই প্রস্তাব বিচার বিবেচনা করুন। বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাহা আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে ২/১ জন বন্ধুরা বক্তৃতা করেছেন তাতে মনে হচ্ছে কিছু কিছু অপ্রাসঙ্গিক আলোচনা হয়েছে। এখানে agri. land-এর বিধি নিষেধ আরোপ করার একটা আইন করা আছে এবং তাতে vested land যেগুলি ভূমিহীনদের মধ্যে দেওয়া হয়েছে সেইসব জমির যারা পাট্টা পেয়েছে তারা যাতে বিক্রি না করতে পারে তার ব্যবস্থা আইনে করা হয়েছে। কিন্তু non-agri. Tenancy Act-এ তার কোন anomaly ছিল না। অর্থাৎ বাস্তু ভিটার জন্য যারা জমি পেল তারা যদি বিক্রি করে দেয় তাহলে তার জন্য কোন protective ছিল না। প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচী ভারতবর্ষে চালু হয়েছে। পঃ বঃ সরকার সেই কর্মসূচী গ্রহণ করেছেন। ওর মধ্যে একটা দফা আছে বাস্তু ভিটা যাদের নেই তাদের জমি দিতে হবে। পঃ বঃ সরকার কয়েক লক্ষ লোককে এইভাবে জমিও দিয়েছেন। আমি বলতে যখন কোন জমি হস্তান্তর কাউকে করা তখন একটা কথা বলতে চাই free from all encumbrances. আমরা এই সমস্ত জমি বিতরণ করেছিলাম, সেই জমি যাই হোক না কেন সরকার এই সমস্ত অধিগ্রহণ করার পর নিজের দখলে নিলেন না এবং তা না নিয়ে বাস্তুহীনদের ২রা Oct. এইসব জমি দিলেন। B.D.O. list অনুযায়ী জমি বিতরণ করেন। কোথাও কোথাও মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীরা জমি বিতরণ করেন। এইভাবে পাট্টা বিতরণ করা হয়। পাট্টা একটা দলিল। কিন্তু কথা হচ্ছে কার জমির উপর distribution হল। তাহলে এই বাধ্যবাধকতা করার পর কি তাদের উপকার করেছেন ? এ বিষয়ে কতকগুলি অসুবিধার কথা বলব যেগুলি বাস্তবতার দিক থেকে ঠিক করতে হবে। সেজন্য আগে ঠিক করুন whether the lands distributed to the peasants according to the scheme are free from all encumbrances তাহলে আর তাদের land free from all encumbrances ছিল কিনা সেটা আগে ঠিক করুন। যদি দেখেন যে free from all encumbrances এবং সরকার দখলে নিয়েছেন এবং নিয়ে বন্দোবস্ত করেছেন এবং এটা যদি তাঁদের report-এ থেকে থাকে তাহলে সেটা আংশিক সত্য। যে পাট্টা দেওয়া হয়েছিল সেখানে নীচের দিকে লেখা আছে জমি বুঝিয়া পাইয়া দেখিয়া লইয়া টিপসই করিলাম। আমরা যখন পদযাত্রায় গিয়েছিলাম তখন আমাদের জেলার মন্ত্রীও একজায়গায় পদযাত্রায় নেবে সেখানে আমরা home site plot দেখতে গিয়েছিলাম। সেখানে দেখলাম কেউ হাঁড়ির মধ্যে দলিল রেখে দিয়েছে। তাকে তার জমির কথা জিজ্ঞাসা করায় সে বলল তার জমি কোথায় সে তা জানে না। D. M-কে জিজ্ঞাসা করলাম জমির কি actual possession হয়েছে তার উত্তরে তিনি দলিলের নীচে

দেখিয়ে দিলেন জমি বুঝিয়া পাইয়া টিপ সই করিলাম। এটা হলেই যদি actual possession হয়ে যায় তাহলে বলার কিছু নেই। সেজন্য আজ ঠিক করতে হবে কিরকমভাবে সত্যিকারের possession দিতে হবে।

[4-30—4-40 p. m.]

প্রথম কথা হচ্ছে কিছু কিছু এগ্রিকালচারাল ল্যান্ড ডিস্ট্রিবিউটেড হয়ে গেছে, এতে এ্যানোম্যালি আছে, সেই এগ্রিকালচারাল ল্যান্ড ডিস্ট্রিবিউসান হয়ে গেল ফর হোমসাইট প্লট, সেগুলি এগ্রিকালচারাল ল্যান্ড হিসাবে লিস্ট দাখিল হয়ে যাচ্ছে। এগুলি ক্ল্যারিফাই করে এ্যাকচুয়্যাল ফ্যাক্টস এন্ড ফিগারসের মধ্যে যেতে হবে, ক্লিয়ার আন্ডারস্ট্যান্ডিং-এর মধ্যে আসতে হবে, ক্লিয়ার পজিসান, সিচুয়েসান এন্ড সারকাম-স্ট্যানসেস তৈরি করতে হবে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে হোমসাইট প্লট ডিস্ট্রিবিউসান করলাম, ডিস্ট্রিবিউসান করার পর আমরা বাড়ী করব বলেছি। এটা ঠিকই যে সীমিত অর্থের মধ্যে ফেজওয়াইজ বাড়ী করব, কিন্তু পি. ডবলু. ডি. বাড়ী করবে, আমরা যে সমস্ত এলাকায় বাড়ী-ঘর করবার জন্য টাকা দিয়েছিলাম সেখানে আদৌ কাজ আরম্ভ করতে পেরেছি কি, প্রোগ্রাম হাতে নিতে পেরেছি কি? এখনও পারিনি। আমি আমার কনস্টিটিউয়েন্সির ২ ব্লকের কথা বলতে পারি এই স্কীমে হোমসাইট প্লটের উপর হোমসটেড তৈরি করতে হবে সেই রকম কিছু ব্যবস্থা হয়নি। তবে কিছু কিছু নিশ্চয়ই হয়েছে, জয়ন্তি ভিলেজে নিশ্চয়ই হয়েছে, কিন্তু হাফডান, কাঠ যায় তো তার যায় না, ফলে ইলেকট্রিসিটি হল না। সেজন্য আমার বক্তব্য হল পারপাস যেটা আছে সেটা যেন পরিপূর্ণভাবে করা হয়। যে টাকা পি. ডবলু. ডি. কে দেওয়া হয়েছে তার ফুল এন্ড প্রপার ইউটিলাইজেসান যেন হয়। এটাকে টাইম বাউন্ড প্রোগ্রাম নিয়ে করা উচিত ছিল, কিন্তু সেটা হয়নি। তারপর রিফিউজিদের জায়গার ব্যাপারে যে সন্দেহ হয়েছে সেটা এই নন-এগ্রিকালচারাল টেনান্সি এ্যাক্টের মধ্যে পড়বে না, সেই সন্দেহ নিরসন হয়ে যাবে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা নিবেদন করতে চাই বাস্তবতার দিক থেকে যত লোককে জমি দেওয়া হয়েছে তত লোক দখল পায়নি। তারপর হোমসাইট প্লটে গেলে তার জন্য তাকে সম্পূর্ণ হতে হবে, প্রথমে তার একটা বাড়ী চাই, সেই বাড়ী তৈরি করবার জন্য যে প্রোগ্রাম নেওয়া হয়েছিল সেই প্রোগ্রামে এখন পর্যন্ত ২০ দফা অর্থ-নৈতিক কর্মসূচী হাতে নেওয়ার পর কয়েক মাস কেটে গেল এখন সমস্ত ব্লকে হাত দিতে পারলাম না। এই ত্রুটি দূর করতে হবে, তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে

হবে। আমাদের কো-অপারেটিভ করার প্রয়োজন হবে। [illegible] যে ল্যান্ড দেওয়া হবে সেটা যেন ফ্রি ফ্রম অল ইনকামব্যানসেস হয়। তাদের দলিল যেটা দেওয়া হবে শুধু লাস্ট কলাম দেখে যেন পজেসান না নেওয়া হয়, এ্যাকচুয়্যাল এণ্ড ফিজিক্যাল পজেসান যেন নেওয়া হয়। গভর্নমেণ্ট উইল টেক পজেসান অব দি ল্যাণ্ড ফাস্ট এণ্ড দেন ডিষ্ট্রিবিউট দি ল্যাণ্ড। আজকে যে আইন এসেছে সেই আইনের উদ্দেশ্য মহৎ, বাস্তুহীনদের যে জমি দেওয়া হবে সেই জমি সে আউট অব প্রেসার হস্তান্তর করে দেয় টু এ প্রভস্টেড পার্সন অর টু এ পার্সন হু হ্যাজ গট সাম ক্যাপাসিটি টু পার্চেজ দি ল্যাণ্ড, সেটা যদি হয় তাহলে দেখা যাবে যে আমরা যে তিমিরে ছিলাম সেই তিমিরেই আছি। হোমসাইট প্লট দেওয়ার জন্য যেভাবে আইন প্রণয়ন করা হয়েছে বাস্তবতার দিক থেকে মহৎ উদ্দেশ্য নিয়ে গরীব মানুষের উপকারের জন্য তাদের স্বার্থ সংরক্ষণের জন্য করা হয়েছে। বর্তমান সমাজ ব্যবস্থায় দরিদ্রতম মানুষের জন্য আমাদের সরকার যে ব্যবস্থা করেছেন এটা অত্যন্ত ভাল ব্যবস্থা, এটা আমাদের কাছে সমর্থণযে।গ্য, তাই সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সহকর্মী বন্ধু শ্রীগুরুপদ খাঁ মহাশয় যে বিল উত্থাপন করেছেন এর আলোচনায় সামান্য দিনের বেরোধী দল সি, পি, আই-এর বক্তব্যের সুর প্রায় এদিকের মাননীয় বন্ধুদের বক্তব্যের সুরের সঙ্গে এক হয়ে গেছে। বিশ্বনাথবাবু এদিকে বসেছিলেন, স্থায়ী আসার প্রয়াসে অস্থায়ী-ভাবে এদিকে বসেছিলেন, তাহলেও এই বিলে আমার অংশগ্রহন করার প্রয়োজন হত না, কিন্তু অনেক বন্ধু কো-অপারেশান সম্পর্কে একটা প্রশ্ন উত্থাপন করেছেন, সেই কারণে আমি অংশগ্রহণ করছি।

এই হাউসে ১৯৭৩ সালে একটা কমপ্রিহেনসিভ কো-অপারেটিভ বিল ফলোড বাই কো-অপারেটিভ সোসাইটির রুলস্ আমরা রেখেছি এবং এই হাউস সেটা অনুমোদন করেছে। তাতে কোথাও বাধা নেই যদি গরীব এবং দুঃস্থ মানুষ সব একসংগে মিলিত হয়ে বাড়ী তৈরী করবার জন্য প্রয়াস নেয়। বিশ্বনাথবাবু সঠিক তথ্য জানেন না। ব্যাংকের যে সুদ তার চেয়ে কো-অপারেটিভের মাধ্যমে এল আই সি-র ঢাকা যেটা আমরা পাই তার সুদ অপেক্ষাকৃত কম। আরও কম হলে অবশ্য ভাল হোত। একজন মাননীয় সদস্য বাধা দেবার কথা বললেন। আমি তাঁকে জানাতে চাই, আমরা সমস্ত সদস্যের কাছে চিঠি দিয়ে জানিয়ে দিয়েছি আপনারা যদি প্রমোট করেন, কো-অপারেটিভ সোসাইটি ডেভলপ করেন তাহলে সমবায় দপ্তর সর্ব রকম সাহায্য করবে। দুর্বল মানুষদের স্থায়ী বাসগৃহ দেবার জন্য যখনই প্রয়োজন

হবে তখনই কো-অপারেটিভ দপ্তরকে সমস্ত রকম সাহায্য দেবে। এখন আপাততঃ ৩ লক্ষ মানুষ আইডেনটিফাইড হয়েছে। আমি বলেছি ৩ লক্ষ, বিশ্বনাথবাবু বলেছেন ৩ লক্ষ ২ হাজার ৯৯০। যে দেশের মানুষ অধিকাংশ দুঃখী, অভাবে পড়ে তাদের শেষ সম্বলটুকু হারিয়ে ফেলে, সেখানে বাধা দেওয়া হচ্ছে যে এটা করা চলবে না। তবে এটা দেখেছি তাদের বাসযোগ্য জমি যদি লোকালয়ের বাহিরে হয় তাহলে অনেকে পজেসন নিচ্ছে না। আমার জেলায় আমরা নোটিশ দিয়েছি, মিটিং করেছি এবং আউট অব টুয়েন্টি সিক্স থাউজ্যান্ড টুয়ান্টি থ্রি থাউজ্যান্ড যেটা ডিমার্কেট করেছি সেখানে দেখেছি অনেক লোক আসছে না লোকালয় থেকে একটু দূরে বলে। এই যে এনাবলিং প্রভিসন এসেছে এটা সাবজেক্ট টু দি স্যাটিসফ্যাকসন অব দি এ্যাডমিনিস্ট্রেসন—ডিস্ট্রিক্ট কলেক্টর, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। যদি একচেঞ্জের প্রভিসন থাকে তাহলে সেই একচেঞ্জ করা সম্ভব হবে। অসুবিধার কথা যেটা বলা হয়েছে তাতে বলতে পারি আমরা যদি সামাজিক দায়িত্ব নিই তাহলে এটা দিতে পারব। এই প্রসঙ্গে বিশ্বনাথবাবু এবং শিবপদবাবু কেরলের নজির তুলেছেন। আপনারা সকলেই জানেন ভারতবর্ষ একটা বিশাল দেশ। ১৯৫২ সালের সাধারণ নির্বাচনের পর কেরলে সরকার আছে, পশ্চিমবাংলাতেও সরকার আছে। ১৯৫৭ সালে বিশ্বনাথবাবুরা ভাগাভাগি করেনি যেখানে ছিলেন। তবে একথা ঠিক কংগ্রেস যে পর্যন্ত না সেখানে গেছে সে পর্যন্ত কেরল সরকার কিছু করতে পারেননি। আপনারা জানেন এখন কেরল সরকারে কংগ্রেসের সদস্য সংখ্যা সি, পি. আই-র চেয়ে অধিক। কেরলে যখন ওঁরা একক ছিলেন তখন কিন্তু এই আইডিয়া ওঁদের হয়নি, এখানে ১৯৬৭ সালে কিংবা ১৯৬৯ সালে যখন ওঁরা দায়িত্ব পেয়েছিলেন তখন কিন্তু এই আইডিয়া বা প্রোগ্রাম ওঁদের ছিল না যে চিন্তা আজকে গুরুপদবাবু এবং ভোলাবাবু করছেন বাসগৃহ নির্মাণের জন্য।

[4-40—4-50 p.m.]

সেইজন্য আমি বলতে চাই ভারতবর্ষ বিশাল দেশ এবং সমস্যাগুলিও আলাদা। আমাদের এখানে সমস্যা কেরল সরকার সেই সমস্যার সম্মুখীন হননি। ওদের সমস্যার সঙ্গে আমাদের সমস্যার অপেক্ষাকৃত পার্থক্য আছে। আর কি কোন দেশ আছে যেখানে সাতলক্ষ উদ্বাস্তু ভাইবোন এসেছে? আমরা জানি যে সাত লক্ষ উদ্বাস্তু ভাইবোন তাদের এখনও পুনর্বাসন হয়নি। কেরলে এই ধরনের কোন সমস্যা আছে? কেন আপনারা বারবার কেরলের কথা বলেন। ওখানে যে সি, পি, আই-এর সামান্যতম অংশ আছে তার গৌরব প্রচারের কোন বাসনা

যদি করে থাকেন তাহলে আমি বলবো তার সঙ্গে আপনাদের এইটুকুও ভাবা উচিত ছিল যে কংগ্রেস এই সরকারে যোগদানের আগে তাদের এটা আনা সম্ভব হয়নি। কংগ্রেসে আদর্শ সেখানে প্রাধান্য আছে। পরক্ষোভাবে আপনারা যেটা চাইছেন তা প্রতিষ্ঠিত হচ্ছে না। নিশ্চয়ই আমাদের চেষ্টা করা উচিত শুধু জমি দিলেই হবে না, বাসগৃহ দেওয়া উচিত। আমার জেলায় আমি জানি ক্লাষ্টার করে দেওয়া হচ্ছে এবং মডিফায়েড টেষ্ট রিলিফের মাধ্যমে মাটির দেওয়াল করবার চেষ্টা করছি আমরা তাদের মজুরী দিচ্ছি। আমরা তাদের রুফিং মেটিরিয়াল দিচ্ছি। আমরা আপাতত একটা বাসগৃহের কথা ভাবছি। যারা সমাজের নেতৃত্ব দিচ্ছেন তাদের দেখা উচিত কাজটা যখন হয় তখন। যদি কেউ খারাপ মেটিরিয়াল দিয়ে কাজ করে তখন সেখানকার নেতৃবৃন্দের প্রতিবাদ করা উচিত যে উইক কংস্ট্রাকসান চলবে না। ইনফিরিয়ার মেটিরিয়াল এখানে দেওয়া চলবে না। আজকে একা গুরুপদবাবু কিংবা ভোলাবাবুর পক্ষে সুপারভিসান করা সম্ভব নয়। সমাজের প্রশাসন এবং সমাজের মানুষ সকলে মিলে এর দায়িত্ব না নেন তাহলে শুধু মন্ত্রীসভা বা প্রশাসন বাধা দিতে পারবে না। এইজন্য বৃহত্তরভাবে আন্দোলন করা উচিত যে সামাজিক কোন প্রোগ্রামকে কোন অপশক্তি যেন বানচাল করতে না পারে। এইজন্য আপনার মাধ্যমে সকলকে অনুরোধ করবো। আমি খুশি হবো প্রত্যেক এরিরায় যিনি সদস্য সেখানে যত ভূমিহীন আছে, বাস্তুহীন আছে তাদের প্রতি যদি দৃষ্টি দেন। স্যার আপনি রোজই যেমন বলেন যদি শপথ কেউ না নিয়ে থাকেন তবে নিন। আমার মনে হয় সামান্য কয়েকজন শপথ নেননি। কিন্তু যারা এই বিধানসভার সক্রিয় অংশগ্রহণ করছেন তারা একজন এক সোসাইটি একটি অরগানাইজ করেন তাহলে একটি মুভমেন্ট দানা বেধে ওঠে ওয়ান রুরাল হাউসিং কো-অপারেটিভ। সম্প্রতি দিল্লীতে যে আলোচনা হচ্ছে তাতে স্যার আপনি দেখেছেন রুরাল হাউসিং কো-অপারেটিভ করবার জন্য। এটিকে ওয়েটেজ দেওয়া হচ্ছে। এবং রিল্যাকসেসানের যে প্রভিসান আছে ফুল এই ধারায় ইউটিলাইজেসান করে এক একজন এক একটি সোসাইটির দায়িত্ব যদি আমরা নিই যত রিল্যাকসেসান এবং যত কনসেসানের প্রয়োজন আছে তা করে আমরা যদি এই গরীব মানুষদের অনুকূলে তাদের বাসস্থান করে দিতে পারি তাহলে সমাজের স্থায়ী সম্পদ হবে। এর কোন বিকল্প নেই। আজকে কমার্শিয়াল ব্যাঙ্কগুলিতে যে ইন্টারেস্ট দেয় আমরা এল আই সির কাছ থেকে হাউসিং রিফাইন্যাস পাই সোসাইটি অর্থাৎ এ্যাপেক্স হাউসিং সোসাইটি আমরা প্রতিষ্ঠা করেছি এবং আপনাদের দলেরই একজন প্রবীণ মানুষ। ওখানে নেতৃত্ব দিচ্ছেন তার পুরো সুযোগ আপনারা নিতে পারেন। রাজস্থানকে কপি করা বা কেরলকে কপি

করার কথা নয়। আমি আপনাদের সহযোগিতা চাইছি। একজন সদস্য এক একটি হাউসিং কো-অপারেটিভ সোসাইটি অরগানাইজ করুন। বিশ্বনাথ বাবুকে আমি বলতে চাই এটির একটি বিরাট সম্ভাবনা আছে এবং এর প্রটেনসিয়েলিটিও ব্যাপক।

এই আমার বক্তব্য। Thank you, Mr. Speaker, Sir, for this kind permission given to me for this spech.

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ—মাননীয় স্পীকার, স্যার, কো-অপরেটিভ মন্ত্রী মহাশয়, তিনি অবশ্য বিকৃতভাবে বলেছেন, দরিদ্র মানুষদের সাহায্য করার আগে তাদের দেখার কথা বলেছেন, আমরা নিশ্চয়ই এটা ওয়েলকাম করি। কিন্তু সেই সঙ্গে সঙ্গে কয়েকটি কথা জানাতে চাই, প্রথম কথা যে বাংলা দেশে ৩ লক্ষ ২ হাজার আর কত সংখ্যক বলেছেন মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় যে এদের হাউসিং সাইট দেওয়া হয়েছে, আমি তাঁকে এটা বিচার করে দেখতে বলবো যে হাউসিং সাইট বিলটা যেভাবে হয়েছিল, বিলটা তাড়াতাড়ি করিয়ে নেওয়া হয়েছিল তাতে প্রকৃতপক্ষে বাসোপযোগী বাড়ী তোলার মত অবস্থা অনেক ক্ষেত্রেই নেই। এটাই হচ্ছে সব চেয়ে বেশী অসুবিধা এবং যেকথা এখানে অনেক মাননীয় সদস্যই বলেছেন যে অনেক লোকে এই হাউসিং এ ষ্টেট-এর দখল নেয়নি। তাঁরা হয় তো পদযাত্রার মাধ্যমে এটা জানতে পেরেছেন যে হাউসিং সাইট তাদের দেওয়া হয়েছে সেই হাউসিং সাইট-এর দখল নেয়নি। এটা সত্যি কথা। এর কারণ হচ্ছে যে জায়গা তাদের দেওয়া হয়েছে বর্তমানে সেইসব ভূমিহীন মানুষদের সেখানে বসবাস করা সম্ভব হচ্ছে না, সেই জায়গা হয়তো তাদের জীবিকার্জনের জায়গা থেকে অনেক দূরে, এমন বিচ্ছিন্ন জায়গা যেটার হয়তো লোকালয়ের সঙ্গে যোগাযোগ অসম্ভব। তবুও এর উদ্দেশ্য মহৎ বলে এই বিলকে আমরা সমর্থন করছি কিন্তু একে কার্যকরী করতে গেলে আমাদের কেবল স্থান দিলেই হবে না, সেখানে বাসস্থান, বাসগৃহ এবং তার ব্যবস্থাপনার কথাটা বিবেচনা করা সর্বাগ্রে প্রয়োজন। হাউসিং কো-অপরেটিভের মাধ্যমে—যেটা মাননীয় কো-অপরেটিভ মন্ত্রী মহাশয় বলেছেন, নিশ্চয়ই আমাদের সকলের চেষ্টা করা উচিত যাতে যৌথভাবে আমরা সমস্ত বাসগৃহ গড়ে তুলতে পারি। কিন্তু আমি এই সঙ্গে বলতে চাই সেখানে আগের যে স্কীম ছিল কিড ইওর ওন হাউস স্কীম, তাতে যারা গরীব মানুষ তারা নিজেরা কিছু মেটিরিয়ালস্ তৈরি করে নিতে পারে, সে কাদা দিয়ে ঘর হোক, তাহলে সেটা পুড়িয়ে দেওয়ার জন্য যে কয়লা দরকার সেই কয়লার যদি ব্যবস্থাপনা হয় তাহলেই কো-অপরেটিভ করা উৎসাহ তারা পেতে পারে। সেজন্য আমি বলতে চাই এই ব্যবস্থাপনাগুলি কার্যকরী হতে পারে সেই দিকে লক্ষ্য রেখে যদি আমরা প্রচেষ্টা

চালিয়ে যাই তাহলেই এটা সাফল্যমণ্ডিত হবে। তৃতীয় কথা, যে সল্প পরিমাণ টাকা এই গৃহ নির্মাণের উদ্দেশ্য খরচ করা হয়েছে সেটা কন্ট্রাক্টারের মারফত হয়েছে এবং এইরকম ঘটনা ঘটে গিয়েছে যে কিছু সংখ্যক ঘর যা হয়েছিল তা শুধু বাঁশের খুটি পুতে দিয়ে তার উপর ছাউনি দিয়ে দাঁড় করিয়ে দেওয়া হল কিন্তু যে সাইক্লোন হয়ে গেল তাতে সবগুলি ঘর পড়ে গেল। বিশেষ করে ২৪ পরগণা ও মেদিনীপুর, এখানে যে সব গৃহ নির্মাণ করা হয়েছিল তা সব পড়ে গেল। এইভাবে টাকা খরচ করার কি সার্থকতা আছে তা বুঝতে পারি না। এই কারণে বলতে চাই আজকে মানুষকে জায়গা দিয়ে বাসগৃহ তৈরি করে দেওয়ার যে স্কীম, সেই প্ল্যানটা সেইভাবে নেবার জন্য মাননীয় সদস্য শিবপদবাবু ও বিশ্বনাথবাবু বলেছেন।

[4-50 –5-00 p. m.]

কেরলের মত কিন্তু আমাদের প্রচেষ্টা নাই। গৃহ করে প্রকৃত গৃহহীনদের যদি বসতি করার ব্যবস্থা করার প্ল্যান রেখে আমরা অগ্রসর হই. তাহলে এই বিল সার্থক হবে এবং আমরা মূল লক্ষ্যে উপস্থিত হতে পারি . যে সমস্ত মানুষকে আমরা জায়গা দিয়েছি অমোদের লক্ষ্য রাখতে হবে যেখানে আমরা তাদের বাসগৃহ থেকে তাদের দৈনন্দিন জীবিকার্জন করার পক্ষে অনুকূল কিনা, সেই পরিবেশ আছে কিনা তাদের বাসগৃহ দিয়ে দিলেই হবে না. সেই বাসগৃহ যদি এমন দূরবর্তী জায়গায় হয়, বিচ্ছিন্ন জায়গায় হয় যেখানে দৈনন্দিন রুজি রোজগার-এর পক্ষে ব্যবস্থাপনা নাই, সেই রকম করলে পর সেই বাসগৃহ দেওয়াটা একটা মহৎ উদ্দেশ্যে হয়েছে বলে মনে হয় না। সেই কারণেই আমার যেটা বক্তব্য সেটা হলো এমনভাবে এমন জায়গা-গুলি তাদের দেওয়া দরকার যে জায়গায় সেই বাসগৃহে থেকে তাদের রুজি রোজগার করতে পারে। সেদিকে লক্ষ্য রেখেই গৃহনির্মাণ পরিকল্পনা গ্রহণ করা উচিত। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করে বলব যে যাতে ভবিষ্যতে সেদিকে লক্ষ্য রেখে বিল কার্যকরী করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন। আমরা এই বিলকে সকলেই সমর্থন করছি। কেরলের যে ব্যবস্থাপনা সেখানে আমাদের মুখ্যমন্ত্রী আছেন বলেই গৌরবের কথা এইরকম ভাববার কোন দরকার নাই। আপনাদের এটা দেখা দরকার যে সেখানে ৭০ হাজার গৃহ তৈরী করে সেখানে গৃহগুলি ভূমিহীনদের দেওয়া হয়েছে। ভূমিহীন- দের গৃহ দেওয়া হয়েছে। এটা নয় যে তাদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুবিধা করে দেওয়া হয়েছে। এটা লক্ষ্য করার বিষয়। সেদিকে লক্ষ্য রেখে আগামী দিনে যেন প্ল্যান করা হয় এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি।

শ্রীগুরুপদ খাঁন ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যবৃন্দ যাঁরা এই বিলের আলোচনায় অংশগ্রহণ করেছেন, তাঁরা সকলেই এই বিলের যে উদ্দেশ্য সেটাকে সমর্থন করেছেন। তাই আমি তাঁদের সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ দিচ্ছি। আমরা এই পর্যন্ত এই বিভাগ থেকে সরকারে যে ভেস্টেড ল্যান্ড অর্থাৎ ন্যাস্ত জমি কেবলমাত্র বাস্তুহীন যারা তাদের বাসগৃহ নির্মাণের জন্য দিতে পেরেছি তার পরিমাণ কৃষি এবং অকৃষি উভয়ে মিলিয়ে ১৩৮৬৯ একর। এর মধ্যে অকৃষি জমি হচ্ছে ৮২০৭ একর। আমি এই হিসাবে বিধানসভার মাননীয় সদস্যবৃন্দের কাছে পেশ করছি যেটা ২০শে আগষ্ট ১৯৭৬ সাল পর্যন্ত আমরা যোগাড় করতে পেরেছি। আর জরুরী অবস্থা ঘোষণার সময়ে অর্থাৎ গত জুলাই ১৯৭৫ সাল থেকে ২০ শে আগষ্ট '৭৬ সাল পর্যন্ত কৃষি এবং অকৃষি মিলিয়ে অমরা বাস্তুহীনদের কাছে দিতে পেরেছি ১২৫৪৩ একর। এখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনীর প্রয়োজন হল কেন, এটা নিশ্চয়ই যাঁরা সমর্থন করেছেন তাঁরা উপলব্ধি করেছেন। অনেক জায়গা থেকে আমাদের কাছে খবর এসেছিল অনেক জায়গায় বাস্তুহীনদের যে জমি দেওয়া হয়েছিল গ্রামের মধ্যে কোন কোন লোক যারা ধনী, তাদের কাছ থেকে সেই জমি গ্রহণ করে নিচ্ছিল, কিনে নিচ্ছিল।

এর ফলে যে জমি আমি বেশী জমি-ওয়ালাদের কাছ থেকে নিয়েছি—সেই জমি ঘুরিয়ে ফিরিয়ে আবার তাদের হাতে চলে যাচ্ছে। একথা অনস্বীকার্য্য –যে পল্লী বাংলার বাস্তুহীন যারা, তারা সমাজের মধ্যে সব চাইতে নিম্নস্তরে রয়েছে বলে আমরা জানি। তারা অজ্ঞ, মূর্খ—তাদের অধিকার কি বা তাদের ভবিষ্যৎ কি—কিছুই তারা জানে না। তাদের কাছে একটু আশার আলো তুলে ধরবার জন্য—, মাথা গুজবার জন্য একটু ঠাঁই করে দেবার জন্য যে প্রয়াস সরকার করছেন, সরকারের সেই প্রচেষ্টাকে বাঞ্চাল করবার জন্য—পল্লী অঞ্চলে তাদের বিভিন্নভাবে ভুল বুঝিয়ে, ফাঁকি দিয়ে বা অতি কম টাকা দিয়ে এক শ্রেণীর লোক কিনে নিচ্ছে এবং আবার কয়েকজন ধীন লোকের কাছে সেই জমি চলে যাচ্ছে। তাদের সেই প্রচেষ্টাকে বাধা দেবার জন্য এই আইন আমরা প্রয়োগ করতে চাচ্ছি—, তার জন্য এই আইনের সংশোধনী নিয়ে এসেছি। মাননীয় বিমল পাইক মহাশয় একজন বহুদর্শী অভিজ্ঞ আইনজীবী, আইনের কূট তর্ক তিনি তুলেছেন, আমি তার মধ্যে যেতে চাচ্ছি না। শুধু তাঁরা কাছে বলতে চাই—এই non-agricultural land অকৃষি জমির বিলি ব্যবস্থার যে আইনকানুন যে ব্যবস্থায় তাদের নামে non-agricultural tenancy Act-এ যে জমি বিনা সেলামীতে বিনা পয়সায় বিনা খাজনায় তুলে দিচ্ছি বাস্তুহীনদের কাছে—যার ফলে তারা non-agricultural tenant হয়ে যাচ্ছে।

তিনি যদি দেখেন—non-agricultural tenant-এর সংজ্ঞা দেওয়া হয়েছে—যারা বাস্তুহীন , যাদের আমরা বিনা পয়সায় জমি তুলে দিচ্ছি, তারা সরকারের অধীনে non-agricultural tenant হিসেবে পরিগণিত হয়ে যাচ্ছে। সুতরাং এই আইনের সংশোধন প্রয়োজন হয়ে পড়ে। আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত, অত্যন্ত ব্যথিত অন্তরে দুঃখ প্রকাশ করছি। আজ যদি এমন কোন কেস কোথাও থেকে থাকে যে কাউকে জমির পাট্টা দেওয়া হয়েছে, অথচ সেই জমিতে তাকে দখল বা অধিকার দেওয়া হয় নাই, এর চেয়ে দঃখের আর কিছু হতে পারে না। যাদের জন্য এই ত্রুটি, যারা অপরাধী তাদের নিশ্চয় যথাযোগ্য শাস্তি পেতে হবে। যিনি পাট্টা পেয়েছেন, যাতে জমি তার দখলে আসে তার ব্যবস্থা অবশ্যই করতে হবে। আমার সহকর্মী জয়নাল সাহেব বলেছেন সীমা চিহ্নিত করে দেওয়া হয়েছে তবু অনেকে সেখানে আসছেন না। তার অবশ্য বিভিন্ন কারণ আছে—সামাজিক, মানসিক ও অর্থনৈতিক। যেখানে তারা ১৪ পুরুষ ধরে বসবাস করছে, সেখানকার মাটির প্রতি বিশেষ একটা আকর্ষণ বশতঃ তারা নাড়ির টান অনুভব করে ; সেটা ছাড়তে অনেক গররাজি হয়ে থাকেন। আমরা সকলে মিলে প্রচেষ্টা করে চলবো আমাদের সরকারের অর্থসঙ্গতি সীমিত বছরের পর বছর এদের এক সঙ্গে কলোনী করে ঘরবাড়ী তৈরী করে যাতে তাদের সেখানে নিয়ে যেতে পারি। গৃহহীন লোক যে কষ্টে রয়েছে—তাদের ছোট্ট একখানি বাড়ী হবে—সেখানে গুছিয়ে যাতে তাদের নিয়ে যেতে পারি তার ব্যবস্থা করতে হবে। তাহলে আমি ও আপনাদের সকলের সঙ্গে সুখী হব—যখন সকল গৃহহীন লোকের জন্য আমরা গৃহের ব্যবস্থা করতে পারবো। সরকারের আর্থিক পদ্ধতি কতটা তা আপনারা জানেন। যেভাবে আমরা কাজ করে চলেছি, যে পরিকল্পনা নিয়েছি তাতে বছরের পর বছর ধরে এই কাজ আমাদের চলতে থাকবে।

[5-00—5-10 p. m.]

হয়তো খুব ভালো অট্টালিকা এদের জন্য গড়ে দেওয়া যাবে না। তবুও মাথা গোঁজার ঠাঁইটা সেটা নিশ্চয় করে চলেছি। বিভিন্ন জায়গায় সেগুলো হচ্ছে, তা চোখে দেখতে পাওয়া যাচ্ছে, মাননীয় সদস্যরা নিশ্চয় দেখতে পাচ্ছেন। প্রশ্ন উঠেছে এমন অনেক জমি দেওয়া হয়েছে যে জমি একেবারে অনুপযুক্ত। হয়তো খাল বা কোন নালার একটা অংশ হয়ে গিয়েছে। হয়তো এমন উঁচু জমি দেওয়া হয়েছে, পাহাড়ে জমি সেখানে বাস করা যাবে না। আমি মাননীয় সদস্যদের অনুরোধ

করবো সত্য তারা যে সমস্ত কথা উল্লেখ করেছে সেটা সত্যিই প্রণিধানযোগ্য। যদি এইরকম ঘটনা ঘটে থাকে তাহলে সেই জমি যে তাকে দেওয়া হয়েছে যা গৃহ-নির্মাণে সম্পূর্ণ অনুপযুক্ত যদি এটা পরীক্ষা করে দেখা যায় তাহলে সেটা সরকারকে ফিরিয়ে দিলে আবার জমি খুঁজে তাকে দেওয়ার ব্যবস্থা নিশ্চয় করা হবে। কোনভাবে করা যায় সেটা গভীরভাবে চিন্তা করা হচ্ছে। আমি অনুরোধ করবো মাননীয় সদস্যদের এই রকম ধরনের ঘটনা ঘটলে আমাকে জানালে আমরা সেই অসুবিধা দূরীকরণের চেষ্টা নিশ্চয় করবো। যদিও এই সংশোধনীর সঙ্গে সঙ্গতি নেই, তবুও এই বিল সম্বন্ধে বলতে গিয়ে অনেকে অনেক কথা বলেছেন। তা হচ্ছে দরিদ্র ব্যক্তিদের দুঃখের কথা, অন্তরের সঙ্গে তা উপলব্ধি করে বিধানসভায় তা প্রকাশ করেছেন। আমি তাদের সঙ্গে একমত। দরিদ্রদের দারিদ্র দূর করে প্রধানমন্ত্রীর ২০ দফা কর্ম-সূচীকে একটু একটু করে পরিপূর্ণ করার জন্য এগিয়ে নিয়ে যাচ্ছি। সেগুলো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমাদের এই বিভাগের প্রচেষ্টা রয়েছে—এটা নিশ্চয় অকুণ্ঠভাবে বলতে পারি এবং তা দিয়েও যাবো। এর বেশি বলছি না। কোন মাননীয় সদস্য বিলের বিরোধিতা করে কিছু সংশোধনী নিয়ে আসেন নি। তারা সমর্থন করেছেন। যে উদ্দেশ্য নিয়ে বিলটা আনা হয়েছে, সেই মহত্তর উদ্দেশ্য সকলের সহযোগিতায় পরিপূর্ণ হোক এই আশা প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Gurupada Khan : Sir I beg to move that the West Bengal Non-Agricultural Tenancy (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Thirteenth Report of the Business Advisory Committee

Mr Speaker : I beg to present the Thirteenth Report of the Business Advisory Committee which at its meeting held on 13th

October, 1976, in my Chamber considered the question of allocation of dates and time for disposal of the legislative and other business and recommended as follows :

Friday—15th October, 1976 :

(i) Discussion on the subject of food...2 hours.

(ii) Discussion on the subject of price of essential commodities —2 hours.

Monday—18th October, 1976. :

(i) The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1976 (Introduction, Consideration & Passing)...1 hour.

(ii) The West Bengal Public Land (Eviction of Unauthorised Occupation) (Amendment) Bill, 1976 (Introduction, Consideration & Passing)...3 hours.

Tuesday, 19th October, 1976 :

(i) The Bengal Municipal (Second Amendment) Bill, 1976 (Introduction, Consideration & Passing)—1½ hours.

(ii) The Calcutta Municipal Second Amendment) Bill, 1976 (Introduction, Cosideration & Passing)...2½ hours.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Thirteenth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Mr. Spea : I now call upon Shri Ajit Kumar Panja.

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসফিউল্লা মহাশয় গতকাল একটা দৃষ্টি আকর্ষণী নোটিশ এনেছিলেন ম্যালেরিয়া রোগের উপর। এবং তাতে তিনি যে সমস্ত খবর বলেছিলেন বিশেষ করে থাইল্যান্ড বার্মা নেপাল ইত্যাদি জায়গার আমি সেগুলি সম্পূর্ণ করতে পারি নি। তিনি ইংরাজীতে এই

ষ্টেটমেণ্ট এনেছিলেন। এটা আমি বাংলাতে দিতে চাচ্ছি। তাই আজকের বদলে কালকে আমাকে এই ষ্টেটমেণ্টটি করবার অনুমতি দেন তাহলে ভাল হয়।

Legislation

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1976.

Shri Gurupada Khan : Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1976 and also place a statement under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

It was considered necessary to amend the West Bengal Premises Tenancy Act, 1956, to provide for a summary trial of application made for recovery of possession of rented out premises for his own occupation by a land owner who is an employee of the Central or State Govt. or any local authority and who being in occupation of residential accommodation allotted to him by his employer is required to vacate such residential accommodation on the ground that he owns residential accommodation either in his own name or in the name of his wife or dependent child at or near the place where he is posted. As the matter was urgent and as the Legislative Assembly was not in session the required amendment was made by promulgating the West Bengal Premises Tenancy (Amendment) Ordinance, 1976.

(Secretary then read the title of the Bill)

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1976, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের কর্মস্থলের নিকট নিজস্ব বাড়ী আছে কেন্দ্রীয় সরকার সম্প্রতি তাদের সরকারী বাসস্থানে থাকা

নিষিদ্ধ করেছেন। ফলে এই শ্রেণীর সরকারী কর্মচারীরা যাদের নিজেদের বাড়ী ভাড়া দেওয়া আছে তারা বিশেষ অসুবিধায় পড়েছেন।

[5-10—5-20 p. m.]

এরা যাতে নিজেদের বাড়ীর দখল তাড়াতাড়ি পেতে পারেন সেই উদ্দেশ্যে দিল্লী রেণ্ট কণ্ট্রোল এ্যাক্টের প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের এইরূপ কর্মচারী পশ্চিমবঙ্গেও আছেন। তাছাড়া এইরূপ নির্দেশ রাজ্যসরকার ও স্থানীয় সংস্থার কর্তৃপক্ষও দিতে পারেন। সুতরাং ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সী এ্যাক্টে দিল্লী রেণ্ট কণ্ট্রোল এ্যাক্টের অনুরূপ বিধান রাখা একান্ত প্রয়োজনীয় হয়ে পড়ে। বিধানসভার অধিবেশন না থাকায় এবং বিষয়টি জরুরী বিবেচিত হওয়ায় মাননীয় রাজ্যপাল ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সী (এ্যামেণ্ডমেণ্ট) অর্ডিন্যান্স, ১৯৭৬ জারী করেন। এই অধ্যাদেশের ফলে যেসব কেন্দ্রীয় সরকারী কর্মচারী বা রাজ্যসরকারী কর্মচারী বা স্থানীয় সংস্থার কর্মচারীর চাকরিস্থলের নিকটে নিজের নামে বা স্ত্রীর নামে বা ছেলেমেয়েদের নামে বাড়ী থাকার জন্য অফিসিয়াল কোয়ার্টার ছেড়ে দেবার আদেশ দেওয়া হয়েছে তার নিজের থাকার জন্য তার ভাড়া দিয়ে রাখা বাড়ীর দখল যাতে তাড়াতাড়ি ফেরত পেতে পারেন তারই ব্যবস্থা এই সংশোধনীতে করা হয়েছে। দেওয়ানী আদালতের পরিবর্তে এইসব মামলার শুনানী হবে রেণ্ট কণ্ট্রোলারের কাছে এবং এরজন্য একটা বিশেষ কার্যবিধির ব্যবস্থা করা হয়েছে যাতে মামলাগুলির নিষ্পত্তি দ্রুততর হয়। রেণ্ট কণ্ট্রোলারের আদেশের বিরুদ্ধে কোন আপিল করা যাবে না। তবে মাননীয় হাইকোর্ট ইচ্ছা করলে নথী তলব করে দেখতে পারবেন রেণ্ট কণ্ট্রোলারের আদেশ আইনানুগ হয়েছে কিনা। হাইকোর্টে রিভিসানের জন্য আবেদন না করলেও রেণ্ট কণ্ট্রোলার নিজেই নিজের আদেশ প্রয়োজনবোধ করলে পুর্ণ বিবেচনা করতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি (এ্যামেণ্ডমেণ্ট) অর্ডিন্যান্স, ১৯৭৬-এর বিধানগুলি বিধিবদ্ধ করার জন্য বর্তমান বিধেয়কটি বিধানসভায় উপস্থিত করলাম। আমি আশা করি মাননীয় সকল সদস্য এটিকে সমর্থন করবেন।

শ্রীঅশ্বিনী রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি এবং ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রীমহাশয় আজ যে বিল এনেছেন সেটা একটি মাত্র ধারার সংশোধনী। এখন এই পশ্চিমবঙ্গ ভাড়াটিয়া সংশোধনী আইনের এই সংশোধনীটা আসছে কিসের

জন্য দেখা দরকার। এটা সংশোধন করলেই আজকে যে সামাজিক চাহিদা বা প্রয়োজনীয়তা সেটা কি মিটবে? উনি এখানে একটা সমস্যা দেখে সংশোধন করছেন। সমস্যাটা হচ্ছে, এই আইন যখন হয়েছিল ২০ বছর আগে তারপর বহু শিল্পের বিকাশ হয়েছে, ব্যবসাবাণিজ্যের উন্নতি হয়েছে - সরকারী ক্ষেত্রে, বেসরকারী ক্ষেত্রে, বেসরকারী ক্ষেত্রে সব ক্ষেত্রেই এটা বেড়েছে, সেটা বাড়ার ফলে কর্মচারীর সংখ্যাও বেড়েছে। কেন্দ্রই বলুন, রাজ্য বলুন সব ক্ষেত্রেই এটা বেড়েছে। এখন এদের সরকারের কাছে যে বাধ্যবাধকতা আছে যে, সরকারী কর্মচারী বা আধা সরকারী কর্মচারী তাদের বাসস্থানের ব্যবস্থা করা, এই যে অবলিগেশান আছে সেটা মেটাবার জন্য দেখা যাচ্ছে যে অনেক ক্ষেত্রে সরকারী কর্মচারী তার নিজের বাড়ী আছে আবার তিনি সরকারী বাড়ীতে বাস করছেন তখন এই প্রয়োজনীয়তাটা দেখা দিয়েছে। অন্য যাদের বাস করবার বাড়ী নেই সেই রকম কর্মচারীর বাড়ী পাবার যে চাহিদা সেটা মেটানো যাচ্ছে না। সেইজন্য উনি সংশোধনীটা এনেছেন। এখন প্রশ্ন, একটা আইনের পরিবর্তন বা সংশোধন কখন হয়? এটা হয় যখন সামাজিক প্রয়োজনীয়তা বা চাহিদা বাড়ে তখন সেই অনুযায়ী আইনটা পরিবর্তন করতে হয় সেই চাহিদা মেটাবার জন্য।

তাহলে ১৯২০ সালের আগের যে আইনে যে সমস্ত ধারা আছে সেই ধারা অনুযায়ী আজকে নানা রকমভাবে সামাজিক সমস্যা উদ্ভূত হয়েছে। সেই সমস্যা-গুলি আজকে ভাবা উচিত। সেগুলি না ভেবে এই সরকারী কর্মচাররীদের ক্ষেত্রে একমাত্র সংশেধনটা আনা আমার মনে হয় যেন আজকে সামাজিক চাহিদাটাকে অস্বীকার করা হয়েছে। এখন পুরানো আইনে আছে যে ভাড়া অর্থাৎ fare rent কিভাবে নির্ধারিত হবে। তারপর ভাড়াটিয়াকে কি কি অবস্থায় উচ্ছেদ করতে পারবে এবং বিশেষ করে যেটা আছে, আমার মতে এই মধ্যবিত্ত ঘরেরে কর্মচারী বলুন, আর যাই বলুন, কলকাতায় যারা থাকেন বা পৌর অঞ্চলে যারা থাকেন ছোট বলুন আর মাঝারী বলুন তারা অনেক সময় হোটেলে থাকেন বা থাকতে হয়। এই যে হোটেলে যখন থাকতে হয় তখন seat rent দিতে হয়। এখন এই seat rent-এর ব্যাপার আছে। এই হোটেল আবাসাস্থলে seat rent নিয়ন্ত্রন করার ধারাটা এর মধ্যে আছে। এই সব সমস্যাগুলি, এগুলি কি ২০ বছর আগে যা ছিল, আজকে ২০ বছর পরেও কি সেই একই রকম সমস্যা আছে? সমস্যাগুলি বেড়েছে। কারণ কি? এই যে ঘরবাড়ী, এই ঘরবাড়ী তৈরী করার ক্ষেত্রে আমাদের দেশের যে black money, যে কালো টাকা যাকে বলি, আজকে কলকারখানা তৈরী করার ক্ষেত্রে নিয়ন্ত্রণ খুব কম কিন্তু হোটেল তৈরী করার

ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এই black money involve হচ্ছে। এখন এটাকে একটা সবচেয়ে বেশী মুনাফার ক্ষেত্র হিসাবে ধরে নিচ্ছি। এখন বাড়ী তৈরী করবার ক্ষেত্রে আমরা জানি যে দার্জিলিং ইত্যাদি দূরবর্তী এলাকা আছে, সেই এলাকায় আগে সেলামী ছিল না। এখন সেলামী বেড়ে গেছে। ৫ হাজারের নীচে কোন সেলামী নেই। আর কলকাতার দিকে তো কোন কথাই নেই। এমন কি ছোট ছোট যে সমস্ত পৌর এলাকা আছে সেখানেও এই সেলামী প্রথা ব্যাপকভাবে চালু হয়েছে। তাহলে আজকে কর্মচারীদের ক্ষেত্রে বলুন আর নিম্ন মধ্যবিত্তই বলুন, যাদের কোন ঘরবাড়ী নেই, তাদের বাসস্থান সংগ্রহের ক্ষেত্রে এই বাড়ীভাড়া একটা বড় সমস্যা। কাজেই এই সমস্যা সমাধানের জন্য আজকে আইনের যে বিভিন্ন ধারা আছে সেগুলি আজকে প্রয়োজন হয়েছে সংশোধন করা। যদি বলেন না সেটার দরকার নেই, এটাই সমস্যা এবং এই সমস্যা সমাধানের জন্য এই সংশোধনি করেছিলাম। তাহলে সামাজিকতা কি? এখন ডঃ জয়নাল আবেদিন বললেন, যে কেরলাতে তো আপনাদের সরকার ছিল, তখন এসব বাড়ীঘর হয়নি। পশ্চিমবাংলায় আমরা করেছি, কেরলাতেও আছে, আপনার যুব সংখ্যালঘুও বাড়ীঘর পেয়েছে। এখন কারা সংখ্যায় বেশী বা কম আছে এটা নিয়ে বিচার হয় না আজকের দিনে। আজকে সামাজিক প্রয়োজনিয়তা বেড়েছে, Order of the day পরিবর্তন হচ্ছে। কাজেই সেই order of the day মধ্যে ইচ্ছা থাক আর অনিচ্ছা থাক এটা করতে হবে এবং এই order of the day বলে আজকে প্রয়োজনীয়তা এসেছে সংবিধান পরিবর্তনের। সেই সংবিধান পরিবর্তন আজকে হতে যাচ্ছে। কাজেই সামাজিক প্রয়োজনীয়তা এসব পরিবর্তনগুলি হয়। যদিও এটা খুব সীমিত তাহলেও আমাদের মন্ত্রী-মহাশয়কে বলবো যে এই আইনের যে ধারাগুলি আছে, এগুলি আজকে পুণর্বিবেচনা করা উচিৎ। আজকে ৮ নম্বর ধারাতে যেভাবে আইনটা আছে, আমার মনে হয় যদি আমরা এই নিম্নমধ্যবিত্ত বা নীচু স্তরের মানুষকে সাহায্য করতে চাই তাহলে আইনের এই ৮ নম্বর ধারার পরিবর্তিত হওয়া উচিৎ। তেমনি ১১ নম্বর ধারাতে সেখানে এই fair rent-কে review করার বিধান আছে এটাও পরিবর্তনের জন্য নতুন করে ভাবা উচিৎ এবং এটাও পরিবর্তন হওয়া উচিৎ। আজকে ঘরভাড়া কি রকম হয়েছে? যেটা ২০ টাকা ভাড়া ছিল ২০ বছর আগে, সেটা আজকে ১২০ টাকা, ১৫০ টাকা হয়েছে।

[5-20—5-30 p. m.]

কাজেই এটাতে সামাজিক প্রয়োজনীয়তা এসে গেছে। সামগ্রিকভাবে যদি আমরা নিচের তলার মানুষগুলোকে সাহায্য করতে চাই, এটা অডার অব দি ডে, সেটা যদি করা যায় তাহলে এই ধারাগুলোকে বিচার বিবেচনা করে পরিবর্তন করা উচিত। তারপর ২৫(ক) ধারায়—হোটেলের আবাসস্থলে কি ধরণের সিট রেণ্ট হবে--কারণ এটা বিরাট ভাবে বেড়ে যাচ্ছে, নিচের তলার মানুষগুলোর পক্ষে অসহনীয় হয়ে পড়েছে। এগুলো নূতন করে ভাবা উচিত। এটা বন্ধ করার জন্য সামগ্রিকভাবে আইনটাকে পুনর্বিচার করে সংশোধন করা উচিত সংশ্লিষ্ট ধারাগুলিকে। বর্তমানে এই আইনটার বিস্তৃতি লাভ ঘটেছে—কলকাতা এবং পৌর অঞ্চল ছিল এবং তার একটা প্রোভাইসো ছিল, এটা যে কোন জায়গায় এক্সটেণ্ড করা যেতে পারে। আইনটা দুর্গাপুরেও প্রযোজ্য হয়েছে। আমি নিজে এক সময় চেষ্টা করেছিলাম দুর্গাপুরেও প্রযোজ্য হোক। ততকালীন যে সরকার ছিলেন, সেটা তারা দুর্গাপুরে প্রযোজ্য করেছিলেন। কারণ যে ব্লকে, যে এলাকাতে গঞ্জগুলো আছে, সেইগুলোর চেহারা বদলে গেছে এবং আধা শহরে পরিণতহয়েছে, যার ফলে বাড়ি ভাড়া সংক্রান্ত ব্যাপার জটিল হয়ে পড়েছে। আমার মনে পড়ে দুর্গাপুরে ৩৫ জন দোকানদারের বিরুদ্ধে ল্যাণ্ডলর্ড হাইকোর্টে মামলা করে, সেই সময় আমি সরকারকে বলি এই আইনটা প্রয়োগ করুন। এই প্রয়োগ করার ফলে সেই ছোট ছোট ৩২টি দোকানদার বেঁচেছিল। কাজেই এই আইনের বিস্তৃতিলাভ ঘটেছে। সুতরাং এই আইনের সংশোধন করে সামগ্রিক ভাবে যাতে এই আইনটা আনা যায়, তার জন্য চেষ্টা করতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। বর্তমান আইনে খুব একটা ত্রুটি নেই, তবে আমার চোখে কতকগুলো ঠেকেছে, সেইগুলো সম্বন্ধে একটু বলছি। স্টেট গভর্ণমেণ্ট, লোকাল গভর্ণমেণ্ট, লোকাল অথারিটি এইসব বলেছেন, কিন্তু আসল ব্যাপার হচ্ছে আইনের কাছে এই ব্যাখ্যা টিকবে না। এই সংজ্ঞা আরও একটু বিস্তারিত ভাবে বলা উচিত ছিল। তারপর ডিপেণ্ডেণ্ট চাইল্ডের কথা বলেছেন, এর বহু ব্যাখ্যা হতে পারে। কাজেই এই ডিপেণ্ডেণ্ট, এটা আইনের মধ্যে এক্সপ্লেন করে সংজ্ঞায় দেওয়া উচিত ছিল। সুতরাং ডিপেণ্ডেণ্ট চাইল্ড বা ডিপেণ্ডেণ্ট চিল্ড্রেন-এর একটা সংজ্ঞা দেওয়া উচিত ছিল।

তারপর location সম্বন্ধে বলব। সরকারী কর্মচারীদের বাড়ী সেই জায়গায় যাক বা তার নিকটে যাক—এই নিকটে কথাটা কি—১ নং, ৩ নং, ৮ মাইল দূর সেটার ব্যাখ্যা থাকা উচিত ছিল। আপনি বলবেন original আইনে আছে। আমরা rule তৈরি করে এগুলি ব্যাখ্যা করব। কিন্তু এগুলি যদি আইনে না থাকে তাহলে rule

আদালতে টেকাতে পারবেন না। আইনে tenant-এর সংজ্ঞা আছে। কিন্তু এখানে একটা sub-tenant জুড়ে দিয়েছেন। What is sub tenant। আপনি যদি বলতেন অমুক আইনে আছে, তাহলে বুঝতে পারতাম। এই সমস্ত ছোটখাট ত্রুটি-গুলি থাকা সত্ত্বেও আবেদন করছি বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে এই আইনটা ভালভাবে বিচার করে আগামী দিনে একটা Comprehensive Bill নিয়ে আসবেন। এইসব ছোটাখাট ত্রুটি থাকা সত্তেও আমি এটাকে সমর্থন করছি।

শ্রীকাশীনাথ মিত্র ঃ --মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাহা সমর্থন করছি এই কারণে যে সব অসুবিধাগুলিকে সরকারী, পশ্চিমবঙ্গ সরকারী কর্ম-চারী বা কোন সংস্থায় কর্মচারীদের স্বার্থে আঘাত হানছিল সেখানে একটা নীতি নির্ধারিত হচ্ছে যে তাদের নিজস্ব বাড়ী থাকলে সরকারী বাড়ীতে থাকতে পারবে না। এই সুযোগে ভাড়াটে যে আছে তাকে ফাঁকা করে দেবার জন্য এই আইন হয়েছে। সাধারণভাব একটা case এর মাধ্যমে আদালতে যে দীর্ঘ সময় লাগে সেই দীর্ঘ সময় কিছুটা উপেক্ষা করা হয়েছে। সেখানে Rent controller তার বিচার করবে এর সেটা ন্যায় সঙ্গতভাবে করেন কিনা সেখানে High court এর যে ক্ষমতা তার নথিপত্র তলব করার মাধ্যমে যুক্তিসঙ্গত হয়েছে কিনা সেটাই বিচার করা হবে। এইভাবে যারা কিছুটা relief আশা করেছেন তাঁদের কাছে এই আইননটা কিছুটা আশাপ্রদ। আমাদের এই ভাড়াটে আইনে কিছু ত্রুটিবিচ্যুতি অছে। এই সরকার আসার পর থেকে ভাড়াটে বাড়ীতে যারা থাকে তাদের যে সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে—সেখানে সামান্য কতকগুলি ত্রুটি বিচ্যুতি আছে যা লক্ষ্য করা হয়েছে। এগুলি উপলব্ধি করার মাধ্যমে নিশ্চয় ১৭ (বি) (সি), (ই) ধারার মধ্যে দেখতে পাই একজন ভাড়াটিয়া যে তার ভাড়া ঠিকমত জমা দিচ্ছে, কিন্তু তাকে বিভিন্ন অসুবিধার মধ্যে থাকতে হচ্ছে।

[5-30 5-40 p. m.]

অতএব এইসব কারণে আমি উপলব্ধি করি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই ১৭বি ১১ডি, ১৭ই এই ধারাগুলির আসতে আসতে পরিবর্তন আনা প্রয়োজন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল উপস্থাপিত হয়েছে তাতে সামান্য একটা ধারা নিয়ে আসা হয়েছে জনস্বার্থের সুবিধার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জিনিস দেখতে পাচ্ছি, দ্বিতীয় তফসিলে যেটা আছে, 'বাড়িওয়ালা যুক্তিসঙ্গত প্রয়োজনের হেতুতে'—এই যুক্তিসঙ্গত কথাটার ব্যাখ্যার প্রয়োজন আছে। যুক্তিসঙ্গত কি কারণে হতে পারে সেটার একটা ব্যাখ্যা করে দেওয়ার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের উপস্থাপিত এই কে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও রাজস্ব মন্ত্রী মহাশয় যে ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসের টেন্যান্সি (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৬ এনেছেন আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে বিলের উদ্দেশ্য সম্বন্ধে পরিষ্কারভাবে বলা হয়েছে যে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারী কর্মচারী যাঁরা সরকারের ফ্ল্যাটে বা বাড়ীতে রয়েছেন সেই ফ্ল্যাট বা বাড়ীগুলি তাঁদের ছেড়ে দিতে হবে তাঁদের নিজেদের বাড়ী আছে বলে যাঁদের কর্মস্থলের কাছাকাছি নিজেদের তৈরী করা বাড়ী আছে তাঁরা সেখানে সরকারের বাড়ীতে থাকতে পারেন না এটা খুব সত্য কথা। আমরা অনেক সময় দেখতে পাই নিজেরা বাড়ী তৈরী করল এবং সেই বাড়ীগুলি ভাড়া দিয়ে দিল, দিয়ে সরকারের বাড়ীতে বা ফ্ল্যাটে রইল, এটা সত্যই নিন্দার্হ। সেজন্য এটা বন্ধ করার জন্য সরকার যে বিল এনেছেন এই বিলকে স্বাগত জানাচ্ছি। আর একটা কথা যেটা সরকারী ক্ষেত্রে হচ্ছে সেটা বেসরকারী ক্ষেত্রে হওয়া উচিত। ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে একই নিয়ম প্রয়োগ হওয়া উচিত বলে আমি মনে করি। এই ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট যাতে ব্যাপকভাবে ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে প্রয়োগ করা যেতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট, ১৯৭৬ যেটার আজকে এ্যামেন্ডমেন্ট করা হচ্ছে এটা শতাব্দির আগেকার আইন, আমার মনে হয় বর্তমানে এই রকম একটা এ্যামেন্ডমেন্ট না এনে গোটা আইনের ব্যাপক সংশোধন এবং পরিবর্তন দরকার। কারণ, টেন্যান্সি এ্যাক্টের মধ্যে অনেক ত্রুটি বিচ্যুতি রয়ে গেছে। সরকারী ফ্ল্যাটে যারা রয়েছে সে ক্ষেত্রে তো বটেই, ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে সেই একই নিয়ম প্রয়োগ করা যেতে পারে। তাই আমি বলছি টোটাল স্ট্রাকচার অব দি ওয়েষ্ট বেঙ্গল টেন্যান্সি এ্যাক্টের এ্যামেন্ডমেন্ট হওয়া দরকার, শুধু পার্ট এ্যামেন্ডমেন্ট করলে সমস্যার সমাধান হবে না।

স্যার, মূল সমস্যাকে উপলব্ধি করে তার যদি আমরা সমাধান করি তাহলে সেটাই হবে বড় কথা। এই ত্রুটিপূর্ণ আইনের একটা অংশ বার করে নিয়ে এসে তার সংশোধন করার মধ্য দিয়ে এই সমস্যার সমাধান হতে পারে না। আমি সেইজন্য বলছি গোটা স্ট্রাকচার অব দি টেন্যান্সি এ্যাক্ট স্যুড বি এ্যামেনডেড। আমরা দেখতে পাচ্ছি বিশেষ করে বস্তি অঞ্চলের মানুষ যাদের আগে ৪ টাকা ভাড়া দিতে হতো তাদের এখন ১৬ টাকা ভাড়া দিতে হচ্ছে। বস্তিতে মানুষ যেভাবে বাস করছে

তাতে দেখছি তাদের কোন সুযোগ সুবিধা নেই, তাদের ল্যাট্রিনের ব্যবস্থা নেই, তাদের যাতায়াতের ব্যবস্থা নেই অথচ এই অস্বাভাবিক রেটে তাদের ভাড়া দিতে হচ্ছে। আমি মনে করি এই যে এত টাকা ভাড়া তাদের কাছ থেকে আদায় করা হচ্ছে এটা অযৌক্তিক। আমি আশা করি সরকার এদিকে দৃষ্টি দেবেন। তারপর, সরকারী ফ্ল্যাটে যাঁরা থাকেন সেখানে দেখেছি মেন্টেনেন্সের ক্ষেত্রে অনেক ত্রুটি বিচ্যুতি আছে। সরকারের এই ফ্ল্যাটগুলোতে সরকারী অফিসাররাই থাকেন অথচ দেখেছি সেগুলি ঠিকভাবে মেরামত করা হয় না। এবং আরও নানা রকম অসুবিধা সেখানে রয়েছে। আমি অনুরোধ করছি এই ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস্ টেনান্সি (এ্যামেন্ডমেন্ট) বিলকে আপনারা একটা নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে দেখুন। এই কথা বলে এই বিলকে আন্তরিকভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিল সম্পর্কে বলতে উঠে প্রথমেই বলতে চাই যে এই ব্যাপারে একটা পূর্ণাঙ্গ আইন আনা দরকার। যেভাবে আইনকে আনা হয়েছে সেটা অত্যন্ত খাপছাড়া মনে হচ্ছে কাজেই অনুরোধ করব আপনারা একটা পূর্ণাঙ্গ আইন আনুন। দ্বিতীয় কথা বলা হয়েছে সরকারী কর্মচারী যাদের নিজেদের বাড়ী আছে তাদের সম্পর্কে। আমরা জানি অনেক নিম্ন আয়ের সরকারী কর্মচারী আছেন যাদের নিজেদের কোন বাড়ী করবার ক্ষমতা নেই। এইসব কর্মচারীরা সরকারের ফ্ল্যাটে থাকেন এবং সরকারের কাজকর্মে সাহায্য করেন। এর মধ্যে নানা রকম কর্মচারী রয়েছেন, পুলিশ কনস্টেবেলও রয়েছেন। কিন্তু আমরা একটা জিনিস দেখছি যখনই এই সমস্ত কর্মচারীদের কার্য শেষ হয়ে যাচ্ছে অর্থাৎ তারা পেনসন নিচ্ছেন তখনই তাদের সেই গভর্ণমেণ্টের বাড়ী থেকে উচ্ছেদ করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যাদের এইভাবে উচ্ছেদ করা হচ্ছে তাদের হয়ত বাড়ীঘর নেই কাজেই তাদের ব্যাপারটা একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখা দরকার। একজন সরকারী কর্মচারী যে টাকা পেনসন পায় অনেক সময় দেখা যায় সেই পেনসনের টাকার চেয়ে তার বাড়ীভাড়া বেশী ধার্য করা হয়। বাড়ী থেকে উচ্ছেদের কথা যেটা আমি একটু আগে বললাম সে সম্পর্কে উদাহরণ দিয়ে আপনাকে দেখাতে পারি এই এ্যাসেম্বলীর অনেক কর্মচারী আছেন যাঁদের উপর এই উচ্ছেদের খড়্গ ঝুলছে। কাজেই শুধু আইন করলেই হবে না, বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে, পূর্ণাঙ্গ দৃষ্টিভঙ্গী নিয়ে এর বিচার করতে হবে। প্রদীপের নীচেই যদি অন্ধকার থাকে তাহলে কি ফল আপনারা লাভ করবেন। তারপর, নিম্নতম সরকারী কর্মচারী যাঁরা রয়েছেন তাঁদের অবস্থা আপনারা জানেন তাঁরা নিম্নতম মজুরী পাচ্ছেন না।

[5-40—5-50 p.m.]

আজ কেন্দ্রীয় সরকারের কর্মচারী বা অন্যান্য প্রদেশের কর্মচারীরা তারা যা ডি এ পান বা তারা বেতন এবং বাড়ী ভাড়া পান তাতে তারা একটা বাড়ী ভাড়া করে থাকতে পারেন। কিন্তু পশ্চিমবঙ্গের কোন সরকারী কর্মচারীরা যা বেতন বা বাড়ী ভাড়া পান তাতেও তাদের ঘর ভাড়া করে থাকাও তাদের পক্ষে সম্ভব নয়। আমরা ডেভলোপমেণ্ট-এর ব্যাপারে অনেক টাকা খরচ করছি কিন্তু আমার ধারণা হচ্ছে যে এই ডেভলোপমেণ্ট-এর টাকা ত্রিশ পঁয়ত্রিশ ভাগ আজকে জলে যেতে বসেছে। যদি সামগ্রিক-ভাবে এই সরকারী কর্মচারীদের কথা আমরা চিন্তা না করি তাহলে কিছুই হবে না। সেইজন্য আমি মনে করি যে একটা আংশিক আইন আনলে এদের সমস্যার সমাধান হবে না। এদের পুরোপরি অবস্থাটা বিচার না করি তাহলে কেবলমাত্র বলে দিলাম তোমাদের উচ্ছেদ বন্ধ করে দিলাম কিন্তু তাও আবার আইনের ফাঁক রেখে দিলাম। যেমন এখানে বলা হয়েছে নিকটবর্তী, কোন নিকটবর্তী, কতটা নিকটবর্তী এইরকম একটা আইনের ফাঁক রেখে একটা আইন আনতে পারেন তাতে সরকারী কর্মচারীদের সামগ্রিক উপকার করা হবে না। কেননা আমি জানি বহু সরকারী কর্মচারী যারা নর্থ বেঙ্গল থেকে চলে এসেছেন সাময়িকভাবে তাদের বাড়ীর সঙ্গে কোন সম্পর্ক নাই তারাও এখন উচ্ছেদ হয়ে যাবে। অথচ এখানে তারা বাড়ী ভাড়া করে তাদের ছেলে-মেয়েদের পড়াশুনা করাচ্ছে, তাদের এমন অবস্থা নেই যে তারা বাড়ী ভাড়া দিতে পারে। সুতরাং সামগ্রিক অবস্থাটা বিচার করে আইনটা আনতে হবে। দ্বিতীয়ত এই রকম যদি একটি ভাসা ভাসা আইন করেন তাহলে এই আইনের দ্বারা সরকারী কর্মচারীরা লাভবান হবে বলে আমি মনে করি না। তারজন্য আমি মনে করি বাড়ীভাড়া সংক্রান্ত সমস্তকিছুই তাদের যে সমস্যা রয়েছে এবং তারা যা হাউস রেণ্ট পান তা দিয়ে একটা বাড়ী ভাড়া করা যায় না। সুতরাং এই সমস্ত সমস্যাগুলি সরকারকে বিচার করতে হবে। এবং এদের প্রতি সরকারের দৃষ্টিভঙ্গীও পাল্টাতে হবে। একটা আংশিক আইন আনলে তাতে হয়তে উপরতলার কর্মচারীর ক্ষেত্রে সুবিধা হতে পারে আই. সি. এস. আই. পি. এস অফিসারদের ক্ষেত্রে সুবিধা হতে পারে যাদের বড় বড় বাড়ী রয়েছে তাদের সুবিধা হতে পারে কিন্তু ছোট কর্মচারী, চতুর্থ শ্রেণী কর্মচারী তারা এই আংশিক আইনের দ্বারা উপকৃত হবেন না। সুতরাং এই এনটায়ার টেনেন্সি এ্যাক্ট সংশোধন করে একটা কম্প্রেহেনশিভ আইন আনুন। আর একটা কথা আমি বলতে চাই এই যে সরকারী কর্মচারীদের ব্যাখ্যা দিয়েছেন এখন সরকার অনেকগুলি করপোরেসান গঠন করেছেন এঁরাও সরকারী আওতায় আসবে কিনা সেটাও জানা

দরকার। আজকে বিভিন্ন বিভিন্ন ধরণের ব্যাংক রয়েছে তাদের আমরা ন্যাসালাইজ করেছি এল. আই. সি. রয়েছে, করপোরেসান হয়েছে তাদের কর্মচারীদের সম্বন্ধেও এই আইনে পরিপূর্ণ ব্যাখ্যা দেওয়া নাই। সেইজন্য আমি অনুরোধ করবো এদের সামগ্রিক অবস্থাটা বিচার করে একটা কম্প্রিহেনশিভ আইন আনুন তবেই এদের প্রতি সুবিচার করা হবে।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিলটা পেশ করেছেন সেটা অত্যন্ত টেকনিক্যাল ব্যাপার। কেমন করে বাড়ী ভাড়াওয়ালা বা বাড়ী ভাড়া নিয়েছে সেখানে যদি সে কোন জায়গায় সরকারী বাসস্থান ভাড়া দিয়ে থাকে তাহলে তার ক্ষেত্রে কি কি বিধি প্রযুক্ত হবে সেটা বলা হয়েছে। আমরা লক্ষ্য করেছি এবং লক্ষ্য করলে দেখবেন যে কি সি. আই. টি ফ্ল্যাট বা গভর্ণমেণ্ট হাউসিং ফ্ল্যাট বা অন্যান্য সরকারী বাসস্থানগুলি যদি দেখেন তাহলে দেখবেন অনেক সরকারী কর্মচারী তারা নিজেদের নামে গভর্ণমেণ্টের কাছ থেকে ফ্ল্যাট নিয়েছে এবং সেই ফ্ল্যাট নেবার পর তার বোনের নামে অথবা অন্য কোন লোককে ভাড়া দিয়েছে। এমনও দেখা গিয়েছে যে একজন ভদ্রলোক তিনি নিজে একটা বাড়ী করেছেন আবার গভর্ণমেণ্টের বাড়ী নিয়ে তার বোনকে ভাড়া দিয়েছেন এবং তার বোন আবার অন্য লোককে ভাড়া দিয়েছে। অথচ সেখানে বাড়ী ভাড়ার জন্য বিরাট চাহিদা আছে এবং বহু লোক এ্যাপ্লিকেশন করে বসে আছে। আজকে এই আইনের মাধ্যমে যে প্রচেষ্টা হচ্ছে তাতে এটা ঠিকসময়েই নিয়ে আসা হয়েছে। নিজের বাড়ী ও তার সঙ্গে সঙ্গে সরকারী ফ্ল্যাটেও থাকবে এটা চলতে পারেনা। সঙ্গতই হয়েছে, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে বিলটা এনেছেন তার যৌক্তিকতা স্বীকার করি। এই সব ফ্ল্যাটগুলি প্রিঅকুপায়েড হয়ে আছে। একজন সরকারী কর্মচারী তিনি সেই ফ্ল্যাটে থাকেন না, ১০ বৎসর ধরে থাকেন না. অন্যকে ভাড়া দিয়েছেন কিন্তু তাকে উচ্ছেদ করা সরকারের পক্ষে অসুবিধা আছে। যেহেতু বাড়ী ভাড়া সরকারী অফিসারদের ঠিকমত জমা পড়ে বা রেণ্ট কণ্ট্রোলে জমা দেয় সেইজন্য আইন সঙ্গতভাবে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যায় না। এখানে সেই ব্যবস্থা হচ্ছে এবং সমন কিভাবে যাবে—যদিও এগুলি সব টেকনিক্যাল ব্যাপার, আদালত কিভাবে ব্যবস্থা করবেন তা এতে আছে। এমন কি দেখা গিয়েছে যে আগে হয়তো একটা প্রাইভেট মালিকের বাড়ীতে ভাড়া থাকতো এখন সরকারী ফ্লাটে বসবাস করছেন কিন্তু যেহেতু সেই প্রাইভেট মালিকের সঙ্গে তার মনমালিন্য আছে সেহেতু তাকে নানা রকম মামলায় ফেলে হ্যাবল দিচ্ছে। সেইজন্য এই আইন কড়াকড়িভাবে করা উচিত। আমরা এর

আগে পি, ডবলিউ. ডি. মিনিষ্টারের সঙ্গে দেখা করেছিলাম এবং বলেছিলাম যে এখানে পেনাল কোডের ব্যবস্থা নেওয়া দরকার। আজকে মাননীয় শিবপদ ভট্টাচার্য মহাশয় বলেছেন অনেক সরকারী কর্মচারীদের কথা। কিন্তু এখানে সরকারী কর্মচারীদের বাসস্থানের কথা, সেটা আলাদা, এখানে প্রশ্ন হচ্ছে সরকারী বাড়ী নেবেন ও তা অন্যকে ভাড়া দেবেন এর বিরুদ্ধে আইন সঙ্গত ব্যবস্থা করা উচিত। এই বিল আনার জন্য মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এবং এটা একটা টেকনিক্যাল প্রসিডিয়োর, এটা যদি তাড়াতাড়ি কার্যকরী করা যায় তাহলে কলকাতা শুধু নয়, বাসস্থানের জন্য পশ্চিমবাংলার মানুষ আশার আলো দেখতে পাবে।

[5-50—6-00 p.m.]

Shri Giorge Albert Wilson Deroze: Mr. Deputy Speaker, Sir, I rise to support this Bill because this is in line with the social objeetives of the Government - it is preventing creation of new class of landlords. The Government servants who move into Government flats and are renting out their own buildings to others they are just becoming of new kind of renteers. I would like to take the opportunity to point out to the Minister as one of my honourable friends has pointed out that there are also other new classes of renteers coming into existence. In the ownership flats you have new form of investment. People are buying ownership flats and renting out. In the co-operative sector some persons from the secieties for the purpose of constructing flat and after that renting out those flats. They are entirely new classes of landlords being created through the aegis of the Government with the aid from the Government, with the money from the Government. So, the Hon'ble Minister should not stop at this simple measure with regard to Government servant only but he should also look into the whole Act, look into the question of renting of Houses in the arban areas. In the last 10 years the present West Bengal Premises Tenency Act has more or less become, in practice, obsolete. This has no real effect upon the present situation. At the pre oment you have got two kinds of situations. One is that peo e holding flats under the law, rent is fixed under the law but those flats are now in such a condition of neglect; being so ill-maintained, that they practically have become slums. That is the situation in regard to half of

the housing in Calcutta. In regard to new housing the flats which are becoming vacant and new let out, rent is nominal even compared to bustee areas, where perviously hust could be get for 6 to 10 rupees, to day in the bustee areas rent is 20 to 30 rupees. All sorts of new things are taking place. Accomodation is used now for business purpose in the busttee areass. in the residential areas. Busenessmen are coming in and taking residential premises for busines purposes. That is the situation, Sir, I would suggest that a high power commission composed of members of the House be formed to go into the enqire question of housing in the urban areas of West Bengal. This is the problem which is of very great importance. The present Rent Act is not easing the situation and I feel that this is a great social problem which the Government must look into immediately.

I have a few comments in regard to provisions of the Act. These are purely legal observaiions. There are two clauses in the act which I feel the Government should look into. That is in regard to procedure of service of notice as is provided in the Act. In section 2 (b) it is said thad the Controller will give notice to the tenant or sub-tenant and when acknowledgments purporting to be signed by the tenant, sub-tenant or their agents and are received by the Controller with endorsements purporting to have been made by a postal employee to the effect that the tenant, sub-tenant or their agents had refused to take delivery of the registered article, he will take this as good service. This is, Sir, a fraud upon the Controller's jurisdiction because there may be false signatures made either by the people acting on behalf of tenants, sub-tenants or people purporting to be postal employees who make false declaration, false signature and the Controller woule be bound to act upon this and if any application is made for review on the ground that it is not the signature of the tenant or the signature of the postal employee the party will have no relief because all that is required is the signature of tenant or the sub-tenant or the postal employee. The second to which I wish to draw the attention of the Hon'ble Minister is that the entire burden of proof has been thrown upon the tenant or sub-tenant. The landlord, the Govt. employee, has not got to show that he requires the

accommodation. He may have their accommodation in addition to Government flats but he has not got to show that he requires the whole of accommodation which he asks for. These are the two things which appear to be missing in the Act. In that case I feel there would be difficulty and it will not help the purpose of the Act. So I would request the Hon'ble Minister once again to look into this aspect of the procedure. With these words I support this Bill. Thank you.

Shri Gurupada Khan : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা এই সংশোধনীর উপর যে বক্তব্য রেখেছেন, তা আমি মনোযোগ সহকারে শুনেছি। যে উদ্দেশ্যে এই বিলের সংশোধনী নিয়ে এসেছি সেটা ভাল হবে সে আমাদের এই বিলের মধ্যে দেওয়া হয়েছে। উদ্দেশ্যে আর কিছুই নয়,—কোন সরকারী কর্মচারীর যদি নিজস্ব বাড়ী থেকে থাকে, তাহলেও এমনি আমরা আমাদের বিভাগ থেকে অনেক বাড়ী requisition করে দেই, কম ভাড়াতে সেটা পাওয়া যায়। কোন সরকারী কর্মচারী নিজস্ব বাড়ী থাকলেও সেখানে তিনি না থেকে কম ভাড়াতে এইসব বাড়ীতে থাকেন। সেটা তাদের থাকতে দেওয়া উচিত নয়। অনেক সরকরী কর্মচারীকে আমরা বাড়ী দিতে পারি না। সরকারী কর্মচারীদের যে বাড়ী আমরা দিচ্ছি—তার ভাড়া বাজার দরের তুলনায় অনেক কম। সরকারী কর্মচারীদের বাড়ী দেওয়া সরকারের দায়িত্ব ঠিকই। এই সংশোধনী নিয়ে এসে আমরা বলতে চেয়েছি—যদি কোন সরকারী কর্মচারীর নিজস্ব বাড়ী থেকে থাকে—তার স্ত্রী কিংবা পুত্রের নামে বা যারা তার উপর নির্ভরশীল হয়ে রয়েছে—তাদের নামে যদি বাড়ী থাকে, তাহলে সরকার থেকে তাদের যে বাড়ী দেওয়া হয়েছে—সেই সরকারী বাড়ী ছেড়ে দিয়ে তার সেই নিজস্ব বাড়ীতে যেতে হবে। তার জন্য তাড়াতাড়ি যাতে তার নিজস্ব বাড়তিে দখল দেওয়াতে পারি তার জন্য এই বিলে কিছু কিছু ক্ষমতা অমাদের দেওয়া হয়েছে। এখন লক্ষ্য রাখতে হবে কোনকোন ক্ষেত্রে তা প্রযোজ্য হচ্ছে। প্রথমতঃ যার উপর এই আইন আমরা প্রয়োগ করছি—তাকে সরকারী কর্মচারী হতে হবে। নিয়োগকর্তা যিনি তিনি আলাদা করে—তার স্ত্রী-পুত্রের নামে যদি বাড়ী থেকে থাকে, তাদের নিয়োগকর্তা নোটিশ দিচ্ছেন বাড়ী ছেড়ে দেবার জন্য। আমরা দেখেছি—অর্ডিন্যান্স জারী করবার সময় দুটি আবেদন এসেছিল—তার একটা রেন্ট কণ্ট্রোলারের কাছে পাঠান হয়েছে Simarily disposed করবার জন্য, আর একটা নিয়ে বিচার-বিবেচনা চলছে। সমস্যা আপনারা যেভাবে দেখছেন—, তা তত বড় নয়। এই সম্পর্কে

মাননীয় [illegible] অন্যান্য দলের কথা বলেছেন। শিবপদ ভট্টাচার্য্য বলেছেন—সামগ্রিকভাবে এই বিলটা দেখা উচিত। বর্তমানে যে ব্যবস্থা রয়েছে—যে এডিশন রয়েছে তা নাকি ঠিকভাবে রয়েছে। আর নতুন করে বিলটিকে নিয়ে আসার কোন প্রয়োজনীয়তা এখন অনুভব করা যাচ্ছে না। এখন যে অবস্থায় আছে, তাতে ঠিক-উদ্দেশ্যে চালিয়ে নিতে পারছি। ডিরোজ সাহেব যে বক্তব্য রেখেছে—আমরা যে উদ্দেশ্যে এটা করতে যাচ্ছি—এর চেয়ে বেশী এখানে আর কিছু বলবার নাই। অন্য কেউ আর এর সংশোধনী নিয়ে আসেন নি। তার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। আশা করি সকল মাননীয় সদস্য এই বিলকে সমর্থন কবেরন।

[60-0—6-02 p. m.]

The motion of Shri Gurupada Khan that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1976, be taken into consideration, was than put and agreed to,

Clauses 1 to 5 and Peramble

The question that clauses 1 to 5 and preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gurupada Khan : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment:) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put agreed to.

Adjournment

The house was then adjourned at 6-02 P. M. till 1 P. M. on Thursday the 14 October, 1976 at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 14th October 1976, at 1·00 P.M

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 6 Ministers, 3 Ministers of State, 1 Deputy Minister and 156 Members.

[1-00—1-10 p. m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY

Mr. Speaker : Honourable members, I had to make a reference to the passing away of one- of the ex-members of our House yesterday and to-day I have again to perform the melancholy duty of referring to the demise of another esteemed ex-member of this House and a valiant freedom figher Shri Manoranjan Gupta who passed away from our midst last evening. Born at Barishal in March, 1890 late Manoranjan Gupta joined the Jugantar Party and suffered imprisonment for his participation in the country's liberation movements for more than 22 years. He was a member of the Legislative Assembly of undivided Bengal. Later he became a member of the West Bengal Legislative Council in 1956 and continued to be a member till the abolition of the Council in 1969. He was the author of a number of books covering the fields of politics as well as literature. He died as a bachelor. He was closely associated with the Co-operative Movement in our country and a number of educational and cultural organisations. In him the country has lost an eminent

patriot and an uncompromising fighter for the freedom of the country.

May his soul rest in peace.

I would now request you, ladies and gentlemen, to rise in your seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(Members then rose and stood in silence for 2 minutes)

Thank you, Secretary will send the message of condolence to the bereaved family.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr Speaker : I have received 23 notices of calling attention on various subjects out of which I have selected the notices of Shri Sambhu Narayan Goswami and seven others on the subject of fire in the Manicktolla Cold Storage. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 18th, Sir.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1. Closure of Shree Durga Cotton Mills—from Shri Shish Md.
2. Illegal construction of Houses in Calcutta—from Shri Md. Safiullah and 8 others.
3. Beautification of city road sites with plantation of trees—from Shri Md. Safiullah.
4. Supply of baby food -from Shri Md. Safiullah and 2 others.
5. Rise in price of Vanaspati - from Shri Md. Safiullah & 2 others
6. Fire in cold storage at Canal West Road - from Shri Md. Safiullah and 3 others.
7. Theft of man-hole in Calcutta—from Shri Md. Safiullah and 3 others.
8. Suppply of fish at fair price - from Shri Md. Safiullah and 3 others.

9. Increase in the manufactnre of illicit liquor—from Shri Md. Safiullah and 3 others.
10. Re-construction of collapsed school buildings in flood affected areas—from Shri Md. Safiullah and 4 others.
11. Supply of par-boiled rice through ration shops—from Shri Md. Safiullah and 4 others.
12. Supply of mustard oil at fair price—from Md. Safiullah and 4 others.
13. Employment for the unemployed people—from Md. Dedar Bask and Shri Kashinath Misra.
14. Prohibition on the use of mike during the ensuing Kali Puja —from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
15. G. R. and T. R. for the flood affected and drought affected areas from Shri Md. Dedar Baksh and 2 others.
16. Recognition of imformation High and Junior High Schools— from Shri Md. Dedar Baksh and 2 others.
17. Alleged defulcation of about 2 lakha of rupees in National I ibrary at Calcutta -from Shri Sambhu Narayan Goswami and 3 others.
18. Fire in the Maniktala Cold Storage—from Shri Sambhu Narayan Goswami and 7 others.
19. Exemption of agricultural and other loans in the flood affected and draught affected areas—from Shri Kashinath Misra and 3 others.
20. Extreme irregularity in the publication of results of the exeminations conducted by the Universities and the Secondary Board -from Shri Kashinath Misra and 5 others.
21. Non-avallability of Ration Cards in rural areas -from Shri Kashinath Misra and 5 others.
22. Inadecuate par-capita supply of rice, wheat and sugar through ration in rural areas- from Shri Kashinath Misra and 6 others.
23. Problem of admission in Class XI of newly introducted N. S. Course—from Shri Kashinath Misra and 9 others.

MENTION CASES

শ্রীসুশান্ত ভট্টাচার্য্য :—মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর একটি বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। গত ৪ বছর ধরে পশ্চিম বাংলার পান চাষীদের একটি মাত্র দাবী ছিল যে তারা পশ্চিমবাংলায় রেকগনিসন পেতে চায় চাষী হিসাবে—বাগনানে ক্যাবিনেট মিটিং-এ মাননীয় মুখ্যমন্ত্রী বলে এসেছিলেন পান চাষীদের চাষী হিসাবে স্বীকৃতি দেওয়া হবে - এটা ১৯৭৩ সালের কথা। তারপর আবার ১৯৭৫ সালে বাগনানে ক্যাবিনেট মিটিং হয়েছে এবং তখন সেই মিটিং-এ ক্যাবিনেটের সমস্ত মন্ত্রীরা কথা দিয়েছিলেন পরবর্তী পর্যায়ে নিশ্চয় পান চাষীদের চাষী হিসাবে স্বীকৃতি দেওয়া হবে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আজ পর্যন্ত পান চাষীদের চাষী হিসাবে স্বকৃতি দেওয়া হয় নি। কেন এখন পর্যন্ত তাদের চাষী হিসাবে স্বীকৃতি দেওয়া হল না সেটা নিশ্চয় রহস্যজনক ব্যাপার বলে আমাদের মনে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রীসভা এবং মাননীয় মুখ্যমন্ত্রী যিনি কথা দিয়েছিলেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই পান চাষীদের যেন চাষী হিসাবে স্বীকৃতি দেওয়া হয়। ২ বছর অতিক্রান্ত হয়ে গেছে এখন পর্যন্ত কেন পান চাষীদের চাষী হিসাবে স্বীকৃতি দেওয়া হল না এটা আমাদের কাছে অত্যন্ত লজ্জার কথা। সেই জন্য আমি বলছি পশ্চিমবঙ্গ সরকারের ভাবমূর্তি ঠিক রাখবার জন্য অবিলম্বে এই পান চাষীদের চাষী হিসাবে যেন স্বীকৃতি দেওয়া হয়। হাওড়া এবং মেদিনীপুর জেলায় পান চাষের উপর বেশ খানিকটা অর্থনীতি নির্ভর করে। আজ পর্যন্ত কেন এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হল না, সেটা আমি বুঝতে পারছি না। এখানে কৃষি মন্ত্রী নেই, মুখ্যমন্ত্রী নেই, এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই ব্যাপারে যেন একটা সিদ্ধান্ত নেওয়া হয়।

Mr. Speaker : Tnis point was raised by another member from Midnapore and the Hon'ble Minister Dr. Zainol Abedin gave a reply and made statement on the floor of the House. So I would request the honourable member also to look into the statement that was mode by Hon'ble Dr. Zainal Abedin.

শ্রীনীরোদ বরণ সাহা :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। জয়নগর অঞ্চলের অধিবাসী কানাই ভট্টাচার্য্য, অতি অল্প বয়সে যাঁরা স্বাধীনতা সংগ্রামে আত্মাহুতি দিয়েছিলেন তিনি তাঁদের মধ্যে অন্যতম এবং তিনি আলীপুর সেসান জাজ গালিফ সাহেবকে হত্যা করে

১৯৩১ সালে শহীদ হন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আজ পর্যন্ত তাঁর স্মৃতি রক্ষার কোন ব্যবস্থা করা হয় নি। জয়নগরের অধিবাসীরা অনেক চেষ্টা করে সেখানকার নসিপুর মিউনিসিপ্যালিটির মধ্যে এক খণ্ড জায়গা সংগ্রহ করেছেন এবং আমাদের সংসদ সদস্য শ্রীপ্রিয়রঞ্জন দাসমুন্সী মহাশয় তার ভিত্তিপ্রস্তর সংস্থাপন করে এসেছেন। কিন্তু অর্থাভাবে তাঁর স্মৃতি রক্ষার ব্যবস্থা করা যাচ্ছে না। সেই জন্য এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রী এবং হাউসের সমস্ত সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই তরুণ বিপ্লবীর স্মৃতি রক্ষার ব্যবস্থা করা যায় সেদিকে দৃষ্টি দেবেন।

[1-10—1-20p. m.]

শ্রীরূপসিং মাঝি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়াজেলার বরাভূম সেচ প্রকল্পে বহু সংখ্যক গরিব চাষী ভূমিহীন তথা গৃহহীন হয়ে পড়েছেন। তারা ভূমিহীন এবং গৃহ-হীন হওয়ার পর আজ পর্যন্ত ক্ষতিপূরণ না পাওয়ায় এবং তাদের জীবনধারণের বিকল্প উপায় বা সুযোগ না করে দেওয়ায় সেখানকার মানুষগুলি বিপদগ্রস্ত হয়ে পড়েছেন। আপনার মাধ্যমে স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ অবিলম্বে সেই সমস্ত গরীব চাষী যারা গৃহহীন এবং ভূমিহীন হয়ে বিপদগ্রস্ত হয়ে পড়েছেন তাদের অবিলম্বে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক এবং জীবনধারণের জন্য একটা বিকল্প ব্যবস্থা বা উপায় তাদের জন্য করে দেওয়া হোক।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ পৌরসভার অযোগ্যতা এবং দুর্নীতির বিষয় আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়গঞ্জ মিউনিসিপ্যালিটির টোট্যাল হোলডিং নাম্বার ৯ থেকে ১০ হাজার এবং এর মধ্যে শতকরা ৯০ সার্ভিস ল্যাটরিন। গত ৬ মাস থেকে কনজারভেন্সী সার্ভিস ফেল করেছে ফলে সারা শহরে গুরুতর স্বাস্থ্যহানির সম্ভাবনা দেখা দিয়েছে। রেট-পেয়াররা বাধ্য হচ্ছে তাদের ল্যাটরিনের পাশে সুইপারকে পয়সা দিয়ে মল ড্যাম্প করাতে। এর ফলে গোটা টাউনটা ট্রেনচিং গ্রাউণ্ডে পরিণত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বাদেও চরম দুর্নীতি চলেছে। ডুপলিকেট রসিদ বই ছাপিয়ে ট্যাক্স কালেকটিং সরকাররা ৩৫ থেকে ৪০ হাজার টাকা মেরে দিয়ে বসে আছে। এর কোন প্রতিকার হয়নি। এই ছাড়াও নানান রকমের দুর্নীতি চলেছে। এমপ্লয়ীদের প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা জমা দেওয়া

হয়নি, হচ্ছে না। গত ৯ বছর আগে ইলেকসান হয়েছিল সেই একই বডি ৯ বছর ধরে অযোগ্যতার সঙ্গে কাজ করে চলেছে। আমি এ বিষয়ে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলমি কিন্তু কোন প্রতিকার পাইনি। আজকে স্যার, আপনার মাধ্যমে আবার অনুরোধ করছি, অবিলম্বে, জনস্বার্থে এই মিউনিসিপ্যালিটিতে ইলেকসান করা হোক। অথবা অ্যাডমিমিষ্ট্রেটার বসান হোক, জয়হিন্দ।

শ্রীমতী ইলা মিত্র ঃ —মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারা ভারত কৃষক দিবস এবং কৃষকসভার পক্ষ থেকে আজকে সারা ভারতবর্ষের সমস্ত প্রদেশের জেলা, মহকুমা এবং ব্লকের সরকারী দপ্তরে গণডেপুটেশান ও স্মারকলিপি পেশ করা হচ্ছে। এ বিষয়ে আমি দু একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আপনি জানেন, আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে ২০ দফা কর্মসূচীর কথা ঘোষণা করেছেন তার মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামের ঐ গরীব প্রান্তিক বা ছোট চাষীর অবস্থার উন্নতি সাধন। কিন্তু বর্তমানে যে পরিস্থিতি তাতে আমরা দেখছি যে ছোট কৃষকদের উপর সরকারী ঋণ আদায়ের জুলুম বেড়েই চলেছে। সেচকর, ট্যাক্স আগের থেকে অনেক বেশী বেড়ে গিয়েছে। কৃষি ফসলের দাম একদিকে পড়ে যাচ্ছে অন্যদিকে শিল্পজাত দ্রব্যের দাম অনেক বেশী বেড়ে যাচ্ছে। কৃষকদের প্রয়োজনীয় যেসব জিনিস যেমন সার, বীজ ইত্যাদির দাম বেড়েই যাচ্ছে। পাট-চাষীরা নায্যমূল্য পাচ্ছে না। ডিসট্রেস সেল করার ফলে ধানচাষীরা আরো বেশী অভাবগ্রস্ত হয়ে পড়ছে, তারা ঋণগ্রস্ত হয়ে পড়ছে। হিমঘরে অভাবের জন্য আলু চাষীরা মার খাচ্ছে, তারা নায্য দাম পাচ্ছে না। স্যার, ২০ দফা কর্মসূচীর প্রথম দফা হচ্ছে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দরবৃদ্ধি রোধ এবং মজুতদার ও মুনাফা খোরদের ও কালোবাজারীদের কঠোর হস্তে দমন করা। এ বিষয়ে স্যার, সরকারের পক্ষ থেকে কোন রকম রূপায়ন দেখতে পাওয়া যাচ্ছে না। তা ই প্রতিবাদে আজকে সারা ভারত কৃষক সভার ডাকে এই স্মারক লিপি পেশ করা হচ্ছে। আপনার মাধ্যমে স্যার, আমি মন্ত্রীসভার কাছে কতকগুলি বিষয় উপস্থিত করছি। কৃষকদের পাট, ধান, গম, আলু, প্রভৃতি কৃষি ফসলের নায্য দাম দেওয়ার ব্যবস্থা করতে হবে। খাদ্যশস্য এবং পাট এই সমস্ত কৃষি ফসলের রাষ্ট্রায়ত্ব ব্যবস্থা চালু করতে হবে।

২। খাদ্যদ্রব্য ও কাপড় প্রভৃতির নিত্য ব্যবহার্য্য জিনিষের দর বেড়ে চলেছে সেটা কমাতে হবে এবং নিয়মিতভাবে সরবরাহের ব্যবস্থা করতে হবে। কৃষি ও শিল্পজাত পণ্যের সামঞ্জস্য রেখে দর নির্ধারণ করতে হবে। খাদ্যদ্রব্য ও কৃষি ফসলের

দরের ক্রয় ও বিক্রয়ের মূল্যের ব্যবধান শতকরা ১৫ ভাগের বেশী কিছুই না হয় সেই বিষয়ে দৃষ্টি রাখতে হবে।

৩। সাইক্লোন ও বন্যাবিধ্বস্ত এলাকায় প্রয়োজনীয় রিলিফ ও পুনর্বাসনের সাহায্য দিতে হবে।

৪। আগামী রবি ফসলের জন্য সরকার রাষ্ট্রায়ত্ব ব্যাংক ও সমবায় থেকে সময় মত কৃষি ঋণ দেওয়ার ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে গরীব ও প্রান্তীক চাষী ও ছোট কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

৫। রবি মরশুমে ধান, গম ও অন্যান্য ফসল চাষের জন্য গরীব ও প্রান্তিক চাষীর জন্য সেচকর কমান এবং ফসল উঠার পর কর আদায় নেওয়ার ব্যবস্থা করতে হবে।

৬। ৩ একর পর্যন্ত জমির মালিক কৃষকদের জমি নিষ্কর করা। ৩ একর থেকে ৭ একর পর্যন্ত জমির মালিক কৃষকদের উপর খাজনা পূর্বের ন্যায় স্থিতাবস্থা চালু করতে হবে। হাজা, শুকা ও বন্যা এলাকার খাজনা মকুব করতে হবে।

৭। ক্ষেতমজুর, গ্রাম্য কারিগর এবং কৃষকদের উপর বিভিন্ন ক্ষেত্রে আমলা অফিসার ও পুলিশের যে নির্যাতন ও আমলা অফিসারদের সমস্ত প্রকার ঘুষ দুর্নীতি ও পক্ষপাতিত্ব চলছে সেগুলি সরকারকে কঠোর হস্তে দমন করতে হবে। কৃষক ও ক্ষেতমজুর ইউনিয়নের কর্মীদের উপর সমস্ত রকম মিথ্যাও সাজান মামলা প্রত্যাহার করতে হবে এবং মিসায় আটক কর্মীদের মুক্তি দিতে হবে।

৮। ক্ষেতমজুরদের জন্য সরকারের নির্ধারিত মজুরীর হার চালু করা এবং ব্লকে বিধিবদ্ধ কমিটি গঠন করার ব্যবস্থা করতে হবে।

৯। অবিলম্বে ক্ষেত মজুরদের বিভিন্ন প্রকল্পে ও টেষ্ট রিলিফ স্কীমে কাজ দিতে হবে। সস্তায় খাদ্যদ্রব্য এবং কাপড়, কেরোসিন ইত্যাদি সরবরাহ করতে হবে। বাস্তু জমির স্বত্ব দিয়ে বাস্তু তৈরীর জন্য সাজ-সরঞ্জাম এবং নগদে উপযুক্ত পরিমাণে সাহায্য দিতে হবে।

১০। সমবায় চাষের কাজে উৎসাহ দান এবং ঋণ, সার সেচের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

১১। গ্রামাঞ্চলে বৈদ্যুতিক শক্তির প্রসার এবং তা কৃষিতে নিয়োগের দ্রুত ব্যবস্থা করতে হবে।

আমি আশা করি এগুলি শুধু আমাদের কথা নয়, এখানে যে সমস্ত বিধান-সভার সদস্য আছেন, তারা সকলেই নিজ নিজ এলাকা সম্পর্কে অবহিত আছেন।

আমি [illegible] দৃষ্টি আকর্ষণ করছি এবং মন্ত্রীসভা এই বিষয়ে যথোচিত ব্যবস্থ নেবেন সেই আশা রাখছি।

শ্রীহরেন্দ্রনাথ হালদার ঃ—মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় বিভাগীয় মন্ত্রীর কাছে উপস্থাপিত করতে চাই। স্যার, গত ২ বছর হল কাঁদি মহকুমায় খড়গ্রাম কেন্দ্রের উপর হাটপাড়া টুমারগ্রাম সাবসিডারি হেল্থ সেণ্টার-এর যে পাকা রাস্তাটি স্যাংশান হয়েছিল কয়েক লক্ষ টাকার, দুভাগ্যের বিষয় কয়েক বছর অতিবাহিত হওয়া সত্ত্বেও, সেই রাস্তাটির জন্য টাকা এলটমেণ্ট হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত না হওয়ার কারণ আমি বুঝতে পারছি না। ইতিমধ্যে আমরা লক্ষ্য করেছি যে কয়েক মাইল এ্যাকুইজিশান করেছেন এ. ডি. এম., এল. আর। অথচ কাজ এখনও আরাম্ভ হচ্ছে না কেন তার কারণ আমি বুঝতে পারছি না এবং তার ফলে হতাশায় দিন গুণছি। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, যদিও বিদ্যুৎ মন্ত্রী এখানে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গ্রামীণ বৈদ্যুতিকরণ পরিকল্পনা সরকারের আছে। সেই পরিকল্পনার মাধ্যমে প্রত্যেক মৌজাতে বৈদ্যুতিকরণ করা হয়। কিন্তু দেখা যায় ৫ থেকে ৮টি পোল দিয়ে কাজ সমাপ্ত করা হয়। স্যার, আপনি যদি যান বা মন্ত্রীসভার সদস্যরা যদি যান তাহলে দেখবেন যে বৈদ্যুতিকরণ বিপ্লবে গ্রামের মানুষ ভিত হয়ে গেছে। বৈদ্যুতিকরণের নামে দেখা যায় কতকগুলি কাঁচা শাল-বল্লা পুতে দেওয়া হচ্ছে এবং সেগুলিও আবার ঠিকমত পোতা হচ্ছে না।

[1-20—1-30 p. m.]

আমার এলাকা এবং বাঁকুড়া জেলায় বিদ্যুৎ পৃষ্ঠ হয়ে কত লোক মারা গেছে তার একটা হিসাব আপনার মাধ্যমে জানাচ্ছি। ওন্দা থানায় একটি রাখাল ছেলে সেই পড়ে যাওয়া শাল বল্লার তারে বিদ্যুৎ পৃষ্ঠ হয়ে মারা যায় এবং তার সঙ্গে পাঁচটি গরু মারা যায়। বড়জোড়া গ্রামে তিনজন লোক একই ভাবে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মারা গেছে এবং তার জন্য সেখানে ল এ্যাণ্ড অর্ডার ব্রেক করেছিল, এবং সেখানে পুলিশ আসতে বাধ্য হয়েছিল ল অ্যাণ্ড অর্ডার মেনটেন করবার জন্য। ওন্দা থানায়

আর একজন মারা গেছে, রাণিবাঁধ থানায় একজন মারা গেছে, বেলটুকরী গ্রামে একজন এর পা কেটে বাদ দিতে হয়েছে, এইরকমভাবে নানা দুর্ঘটনা ঘটছে। এই যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা গ্রামীণ বৈদ্যুতীকরণের জন্য খরচ হচ্ছে—আপনারা এইসব তদন্ত করার জন্য একটা টীম পাঠান এবং দেখুন সেখানে কি অবস্থা চলছে। এস. ই-কে বললে, তিনি বলেন এটা আমাদের একতিয়ারে নয়, আমাদের কণ্ট্রাক্টার আসছে তারা করে দিয়ে যাচ্ছে। এই যদি গ্রামের অবস্থা হয়—বলা হচ্ছে রুর্যাল ইলেকট্রিফিকেশন ফর এগ্রিকালচার পারপাস বিপ্লব করা হচ্ছে—আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করবো এই বিষয়ে তদন্ত কমিশন বসানো হোক, কারণ কোটি কোটি টাকা কিভাবে বরাদ্দ হচ্ছে এবং কিভাবে বরবাদ হয়ে যাচ্ছে এবং গ্রামীণ বৈদ্যুতিকরণ আদৌ হচ্ছে কিনা সেটা দেখা হোক। একটু ঝড় হলেই পোল সব পড়ে যাচ্ছে এমন ভাবে বসানো হচ্ছে। কোটি কোটি টাকা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে দেওয়া হচ্ছে। এবং তার ফলস্বরূপ এই রকম ঘটনা ঘটছে, এই সব বিষয়ের তদন্ত করা হোক এবং গ্রামের লোককে বাঁচানো হোক।

শ্রীগণেশচন্দ্র হাটুই :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, পশ্চিমবাংলায় জুনিয়ার হাই এবং ক্লাস টেন এই রকম বহু স্কুল আজ তিন চার বছর ধরে মাধ্যমিক শিক্ষা পর্ষদ-এ অনুমোদনের জন্য পড়ে আছে। অথচ ১০ ক্লাস স্কুল যেগুলো আছে সেই সব স্কুলের ছাত্ররা বোর্ডের অনুমোদন নিয়ে পরীক্ষা দিয়েছে এবং সেই সমস্ত স্কুলের ছেলেদের ফলাফল সন্তোষ জনক। অথচ কেন জানিনা এই বছর সেই সব বিদ্যালয়ের ছাত্রদের পরিক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হচ্ছে না এবং তাদের এক্সটারনাল স্টুডেন্ট হিসাবে পরীক্ষা দিতে হবে। এক্সটার্নাল হিসাবে পরীক্ষা দিতে গেলে তার সিলেবাস আলাদা, এর ফলে সেই সব স্কুলের প্রধান শিক্ষক, অভিভাবক এবং ছাত্র ছাত্রীরা মুসকিলে পড়েছেন এবং ছাত্রদের ভবিষ্যত নষ্ট হয়ে যাচ্ছে। ১৯৭২ সালে একমাত্র সামান্য কিছু কোটা দেওয়া হয়েছিল বোর্ড থেকে, তার থেকেই জুনিয়ার হাই এবং ১০ ক্লাস কিছু অনুমোদন পেয়েছে, তারপর আর একটাকেও দেওয়া হয়নি। ওনারা বলছেন টাকার অভাব। বিনা বেতনে জুনিয়ার হাই এবং ১০ ক্লাসে যারা এতদিন শিক্ষিত বেকার যুবকরা কাজ করে চলেছে—এর জন্য আমার মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন এই সমস্ত বেকার শিক্ষিত যুবকরা যে বিনা পয়সায় কাজ করছে এবং তারা যে এই সমস্ত ছেলে তৈরী করছে—তাদের যে এই রকম এক্সপ্লয়টেশন করা হচ্ছে, এই এক্সপ্লয়টেশন

বন্ধ করতে হবে। শিক্ষামন্ত্রী এই যে শিক্ষিত বেকার যুবকদের এমপ্লয়টেশন করছেন তাদের শ্রমকে, এটা বন্ধ করুন। তারপর আমি অনুরোধ করছি এই সব স্কুলগুলোকে কি করে অনুমোদন দেওয়া যায় তার কথা চিন্তা করে দেখুন।

টাকা যদি না দেন তাহলে তাদের অনুমোদন দিন। যখন টাকার সংস্থান হবে তখন তাদের lump grant দেবেন এবং আস্তে আস্তে তাদের deficit grant এর আওতায় আনবেন। কিন্তু তাদের অনুমোদন না দিলে শিক্ষার সংকোচন হবে। সুতরাং তাদের কথা চিন্তা করে দেখুন কিভাবে অনুমোদন দেওয়া যায়। তারা রাজি আছে ২/৪ বছর বাদে না হয় টাকা দেবেন। কিন্তু তাদের অনুমোদন দিন যাতে ছেলে মেয়েরা মাধ্যমিক পরীক্ষায় বসতে পারে। এ কম অসংখ্য ছাত্র ছাত্রী আছে তারা কোথা থেকে পরীক্ষা দেবে। মাধ্যমিক শিক্ষা পর্ষদ যে সমীক্ষক দল গঠন করেছিলেন তারা জেলায় জেলায় ঘুরে দেখে এসে বলেছেন যে জনসাধারণের চাহিদামত অনুমোদন দেওয়া হয় নি। এই বিষয় আপনার কি বলার আছে সেটা আমরা জানতে চাই।

শ্রীমতী ইলা মিত্র ঃ—এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। এখন যারা class X এ পরীক্ষা দেবে গত বছর তাদের জন্য একটা spl. permission দেওয়া হয়েছিল। কিন্তু আর permission দেওয়া হবে না বলে একটা statement করা হয়। আমরা সকলে বলছিলাম যেমন গত বছর দেওয়া হয়েছিল এবারও যেন spl. permission দেওয়া হয়। মন্ত্রী মহাশয় তার উত্তরে বলেছিলেন সে ব্যবস্থা করা হবে। কিন্তু স্কুলগুলিকে এখনও অনুমোদন দেওয়া হয়নি। গত বছর spl permission নিয়ে পরীক্ষা দিয়েছে এবার যাতে তাই হয় সে জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—সে ব্যবস্থা হয়ে গেছে আপনারা অনুগ্রহ করে বোর্ডে গিয়ে খোঁজ নেবেন। যাদের গতবার permission দেওয়া হয়েছিল তাদের অধিকারকে on merit basis-এ এবারেও দেওয়া হয়েছে।

[1-30—1-40 p. m.]

শ্রীকৃষ্ণপদ রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি গুরুত্বপূর্ণ কিনা জানি না, কিন্তু বিষয়টি শ্রমিক-শ্রমিক নিয়ে। আমি দেখছি সভাতে মাননীয় শিক্ষা, স্বাস্থ্য এবং ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় আছেন। স্যার, গত অধিবেশনে আমি একাধিকবার ছাওড়ার একটা বৃহৎ শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়া সম্পর্কে সরকারের দৃষ্টিআকর্ষণ

দাবি জানিয়েছিলাম। ৮ মাস যাবত এই কারখানার ২ হাজার শ্রমিক, যাদের কো অপরাধ ছিল না, যারা ধর্মঘট বা অন্য কোন কারণে কারখানা বন্ধ হওয়ার কো অজুহাত সৃষ্টি করেনি, তারা দীর্ঘ ৮ মাস যাবত অনাহারে বেকারত্বের জ্বাল মধ্যে দিন যাপন করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিষয়টিতে নজর দেবেন বে আশ্বাস দিয়েছিলেন, কিন্তু তারপর মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রীর কাছে একাধিকবা দরবার করবার পরও ন্যাশন্যাল আইরন অ্যান্ড স্টীল কোম্পানীর কর্তৃপক্ষের অনমনী মনোভাব এবং কারখানা বন্ধ হয়ে যাবার জন্য তাদের ত্রুটিপূর্ণ পরিচালন পদ্ধা একমাত্র দায়ী, একথা পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীকে জানান সত্বেও আমরা দেখছি পশ্চিমব সরকারের কাছে এই ২ হাজার শ্রমিকের স্বার্থের জন্য আমরা কোন সুবিচার পাইনি আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই ২ হাজা শ্রমিকের স্বার্থে অবিলম্বে এই কারখানা যেন খোলার বন্দোবস্ত করা হয়।

শ্রীহেমন্ত দত্ত :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডল কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। স্যার, আপনি জানেন আমরা যারা কাঁথি তমলুক এবং ২৪-পরগণায় বঙ্গোপসাগরের তীরে বাস করি আমাদের সর্বদাই ভ আছে কখন সমুদ্রের জলোচ্ছ্বাস হয়, কখন সাইক্লোন আসে। স্যার, আপনি দীঘ কয়েকবার গেছেন. আপনি জানেন যে অন্যান্য জায়গায় যখন ড্রাউট প্রোন তখ কন্ট্রাই সাব-ডিভিসান বা তমলুক এলাকাকে সাইক্লোন প্রোন হিসাবে গণ্য করে পারা যায়। গত ১১।৯।৭৬ তারিখে কাঁথি মহকুমা ঘূর্ণি ঝড়ের ফলে আমাদে ফসল নষ্ট হয়েছে, বরোজের পান নষ্ট হয়েছে এবং ধান নষ্ট হতে বসেছে এবং সে অঞ্চলের অধিবাসীদের প্রাণ রক্ষা করা দায় হয়ে পড়েছে। আর একটা বিষয় হয়েছে সেখানে প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের বাড়ীগুলি সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে প্রাথমিক স্কুলগুলিকে রক্ষা করবার কেউ নেই, সরকারের টাকা নেই, দেশের লোকে আর্থিক অনটনের জন্য তারা প্রাথমিক স্কুলের ঘরগুলি সংরক্ষণ করতে পারে না। ঘূর্ণি ঝড়ের ফলে প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ের বাড়ীগুলি নষ্ট হয়ে গেছে রিপোর্টে দেখা যায় কাঁথি মহকুমার কেবলমাত্র ৪৫০টি স্কুল গৃহ নষ্ট হয়েছে। ক্ষয়-ক্ষা এ্যাসেস করবার জন্য আমাদের রাজ্যপাল এবং ত্রাণমন্ত্রী কাঁথিতে গিয়েছিলেন, দীঘ বসে মিটিং করেছিলেন। তাঁদের সঙ্গে শিক্ষকমণ্ডলী এবং অভিভাবকবৃন্দ দে করেছিলেন এবং আবেদন রেখেছিলেন প্রাথমিক বিদ্যালয়ের গৃহগুলি মেরামতে ব্যবস্থা করার জন্য। ত্রাণমন্ত্রী বলেছিলেন যে তাঁর পক্ষে স্কুল গৃহ মেরামতের জ টাকা দেওয়া সম্ভব নয়, কারণ রিলিফের যে রুলস আছে তাতে একটা বাড়ী তৈ

করতে ২০০ টাকা বেশী প্রভিসান নেই। এমতাবস্থায় তিনি বলেছিলেন স্কুল গৃহ মেরামতের জন্য শিক্ষা বিভাগ থেকে টাকা দিতে হবে, আমি এই ব্যাপারে শিক্ষা বিভাগের কাছে মুভ করব। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর কাছে আবেদন এই সমস্ত বিদ্যালয় গৃহ মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থ যেন তিনি বরাদ্দ করেন। এই সমস্ত বিদ্যালয়ের কোন কোন বিদ্যালয় গাছের তলায় হচ্ছে, কোন কোন বিদ্যালয় লোকের বাড়ীতে বসছে, কোথাও বি, ডি, ও অফিস থেকে তাঁবু ইত্যাদি নিয়ে বিদ্যালয় চালিয়ে যাচ্ছ। এতে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা ব্যহত হবে। আজকে শিক্ষমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, শিক্ষা বিভাগে বিল্ডিং গ্রাণ্টের জন্য বাজেটে টাকা আছে কিনা জানি না, না থাকলে কিছু টাকা মঞ্জুর করে এইসব অঞ্চলের বিদ্যালয় গৃহগুলি মেরামতের ব্যবস্থা যেন করা হয় এই আমার নিবেদন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের সামনে রাখছি। আপনি জানেন আমাদের বাঁকুড়ায় কোন শিল্প নেই। সেখানে যদিও প্রাইভেট সেক্টরে বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে কয়েকটা লেটার অব ইনটেণ্ড পাওয়া গিয়েছিল কিন্তু সেখানে কোন শিল্প প্রতিষ্ঠিত হয়নি। সেখানে বেকারত্বের জ্বালা ভয়ানকভাবে রয়েছে এবং প্রায় ৩২ হাজার বেকার সেখানে রয়েছে। বাঁকুড়ায় বেকারদের কি অবস্থা সেটা সেখানকার প্রত্যেকটি লোক এবং জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁরা সকলেই জানেন এবং বাঁকুড়া জেলার মন্ত্রীও সেটা উপলব্ধি করেছেন। স্যার, অত্যন্ত দুঃখের বিষয় এই বেকারত্ব দূরীকরণের জন্য কোন বিকল্প ব্যবস্থা সে শিল্পের মাধ্যমেই হোক বা সেলফ্ এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের মাধ্যমেই হোক আজ পর্যন্ত সেটা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি ওখানকার যারা বেকার ছেলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করে রেখেছেন তারা দীর্ঘদিন অপেক্ষা করেও একটা ইণ্টারভিউ পাননা। এবং ইণ্টারভিউ পেলেও দেখা যায় তাদের চাকুরী হয় না। তারা যে আবার দ্বিতীয়বার ইণ্টারভিউ পাবে তারও কোন স্কোপ থাকে না। বাঁকুড়ায় কোন সরকারী শিল্প প্রতিষ্ঠান না থাকায়, বেসরকারী কোন শিল্প প্রতিষ্ঠান না থাকায় সেখানকার লোক যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে তারা অন্য কোথাও গিয়ে চাকুরী পায় না। এই অবস্থার ফলে সেখানে তপশীল সম্প্রদায়, উপজাতি সম্প্রদায় এবং মাইনরিটি কমিউনিটির লোক যারা রয়েছে এবং সাধারণ মধ্যবিত্ত যুবক যুবতী যারা রয়েছে তাদের অবস্থা একটা চরম পর্যায়ে এসেছে। আজকে আমরা দেখছি সেখানে বিভিন্ন বাড়ীতে অনাহার অর্ধাহারে চলেছে, কেউ কোন চাকুরীর স্কোপ পাচ্ছে না। মেঝিয়া থানায় কয়লাখনির

কাজ মোটামুটিভাবে সুরু হয়েছে, প্রাথমিকভাবে কাজ চলছে কিন্তু সেখানে উৎপাদন এখনও সুরু হয়নি। আমার অনুরোধ হচ্ছে সেখানে যখন উৎপাদন সুরু হবে তখন স্থানীয় বেকার যারা রয়েছে, তা স্কিল্ড হোক বা আনস্কিল্ড হোক তাদের যেন সুযোগ দেওয়া হয়। কিছুদিন আগে একটা এ্যাডভার্টাইজমেণ্ট হয়েছিল এবং তখন দেখেছি বর্ধমান, আসানসোলের স্কিল্ড লেবাররা দরখাস্ত করেছিল কিন্তু বাঁকুড়ার ছেলেরা সেখানে দরখাস্ত করেও কোন ইণ্টারভিউ পায়নি। তাহলে কি এটাই বুঝব যে বাঁকুড়ায় কোন স্কিল্ড লেবার নেই ? আমরা দেখছি বাঁকুড়ায় শিল্পের দিক থেকে গত ২০ বছরে কোন সুযোগ আসেনি এবং সেখানকার প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার করা হয়নি। আমার আবেদন হচ্ছে সেখানকার প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার করা হোক এবং সেখানে যে সমস্ত স্কিল্ড এবং আনস্কিল্ড লেবার রয়েছে এবং অন্যান্য বেকার যুবক যুবতী যারা রয়েছে তাদের নিয়োগের ব্যবস্থা করা হোক। এই বেকারদের জ্বালা আমরা বাঁকুড়ার লোক, পুরুলিয়ার লোক যেটা উপলব্ধি করছি সেটা অন্য জেলার লোক উপলব্ধি করতে পারে না। আমাদের ওখানে কোন স্কোপই এতদিন ছিল না, তবে আজকে যখন স্কোপ হতে যাচ্ছে তখন যেন স্থানীয় বেকারদের চাকুরীর ব্যবস্থা করা হয় এই আবেদন আমি রাখছি। ইস্টার্ন কোল মাইন্স-এর সঙ্গে যোগাযোগ করে বাঁকুড়ার যুবক যুবতীদের এবং শ্রমিকদের যেন নিয়োগ করা হয় যখন সেখানে উৎপাদন সুরু হবে এই আবেদন রাখছি।

[1-40—1-50 p. m.]

এটা আজকের দিনে আমরা আশাকরি এই সরকার যখন প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে সবকিছু বিবেচনা করছেন সেখানে বেকারত্ব দূরীকরণের জন্য অসহায় ছেলেদের যাদের বয়স চলে গেছে তারা কোন রকম সুযোগ পাবেন না এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। আজ পর্যন্ত আমরা যেটা উপলব্ধি করছি এই সব বেকার যুবকরা কোন সুযোগ পায়নি। কেননা আমাদের ওখানে সরকারী যে [illegible] আছে তাতে হয়ত কিছু কিছু বেকার যুবকদের কর্মসংস্থান হয়েছে কিন্তু সেটা এত লিমিটেড এবং এত স্কোপ কম যে সেখানে বেশী সংখ্যক বেকার যুবকদের চাকরীর ব্যবস্থা করতে পারা যায়নি। এছাড়া যে স্পেশাল এম্পলয়মেণ্ট প্রোগ্রাম এবং এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামে আজকে সরকার অগ্রণী ভূমিকা নিয়েছেন সেখানে যাতে আমরা কর্মসংস্থানের সুযোগ পাই তার জন্য মন্ত্রী মহাশয়ের বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন এখানে গ্রামাঞ্চলে রাস্তা ঘাট সম্পর্কে অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বলেছিলেন গ্রামাঞ্চলের প্রত্যেকটি এম. এল. একে ভিত্তি করে একটী করে পাকা রাস্তা করা হবে কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় প্রায় ৫ বছর অতীত হতে চললো কোন একটা পাকা রাস্তা হয়নি এবং এটা এতই গুরুত্বপূর্ণ জিনিস এবং মন্ত্রী মহাশয় প্রত্যেক এম. এল. এ-র কাছ থেকে প্রেফারেন্স করে একটি করে রাস্তা নিয়েছিলেন। কিন্তু সে রাস্তা হয়নি। সেই সব রাস্তা ছিল কোন স্বাস্থ্য কেন্দ্রে কিংবা শহরে রাস্তা যোগাযোগ করে। আমি স্যার, আমার এলাকার একটি রাস্তার কথা বলতে চাই সেটা হচ্ছে খড়িবোনা রাণীতলা। এই রাস্তাটি ৭ মাইল রাস্তা কিন্তু এক থেকে দেড় মাইলের মধ্যে ৮টি জায়গায় ভাঙ্গা। কোথায় কোথায়ও হাঁটু জল বা কোথায়ও কোথায়ও কোমর জল। আমাকে এই রাস্তা দিয়ে বাড়ী যেতে হয়। এই রাস্তাটি জিয়াগঞ্জের সঙ্গে যোগাযোগ করে। এবং সেখানে এগ্রিকালচার মার্কেটিং-এর কথা হয়েছে এবং এই রাস্তা দিয়ে দৈনন্দিন চাষীরা পাটের গাড়ী বা তাদের জিনিস বিক্রির জন্য নিয়ে যেতে পারে না। এই রাস্তার অন্যান্য অংশে যে কয়টি রাস্তা সাঁকো আছে তা ভাঙ্গা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করবো যে এই রাস্তাটি সম্বন্ধে তদন্ত করা হোক। এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন খরা বন্যা এবং ঘূর্ণি ঝড়ে বিধ্বস্ত এলাকা-গুলিতে শ্রমিক এবং ক্ষেতমজুররা বেকার অবস্থায় দিন কাটাচ্ছে। এদের দিয়ে যদি রাস্তার মাটির কাজ করানো হয় এবং এক একটা কেন্দ্রভিত্তিক যেটা অত্যন্ত প্রয়োজন তা যদি করানোর ব্যবস্থা করা হয় তাহলে আমার মনে হয় এই সব বেকার লোকেরা কাজ পাবে। যে সমস্ত খরা প্রবণ জেলা এবং বন্যায় ক্ষতিগ্রস্ত জেলা যেখানে শস্য হানি হয়েছে এবং সেখানকার লোকের না খেতে পেয়ে মরছে এবং সেখানে রিলিফও অত্যন্ত অপ্রচুর দেওয়া হয়েছে সেইসব জায়গায় এইসব রাস্তার কাজ করানো হোক এইটা হচ্ছে আমার দাবী।

ডাঃ এক্রামুল হক বিশ্বাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমরা গ্রামবাংলার প্রতিনিধি, আমাদের চোখে একটি সংক্রামক ব্যাধির বিশাল ব্যাপ্তি পরিলক্ষিত হচ্ছে। এটা হচ্ছে আমাদের গ্রামাঞ্চলে, বিশেষ করে মুর্শিদাবাদে টি, বি, রোগ বিশালভাবে বেড়ে যাচ্ছে। আমাদের জেলায় বি, সি, জি, ভ্যাকসিনেশন ইউনিট-এ আমরা দেখেছি,

আমার যতদূর স্মরণে আছে, চার বৎসর আগে একবার এসেছিল এবং ঐ অঞ্চলে দু'একটি গ্রামে ওরা সমীক্ষা চালিয়ে কিছু ইনজেকশন দিয়ে গিয়েছিল এবং বলে গিয়েছিল যে পরবর্তী কালে আবার এসে ব্যবস্থা করবে। অত্যন্ত দুঃখের কথা আজ পর্যন্ত তারা এই সমস্ত এলাকায় আসেনি বা পরিদর্শন করেনি। আমরা জেলার কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছিলাম, তারা বললো যে আমাদের জেলায় অর্থাৎ নদীর ওপারে যে ইউনিট আছে সেখানে কর্মীরা কাজ করছে। আমাদের যে বি, সি, জি, ইউনিট আছে, তার সভ্য সংখ্যা অত্যন্ত অপ্রতুল এবং প্রয়োজনের তুলনায় সকলের চাহিদা মিটাতে পারে না, সকলের ডাকে সর্বত্র সাড়া দিতে পারে না। তার ফলে আমাদের জেলায় বিশেষ করে গ্রামাঞ্চলে এই টি, বি, রোগের বিশাল ব্যাপ্ত পরিলক্ষিত হচ্ছে। আমার মনে হয় গ্রামবাংলার মানুষদের যে পুষ্টিকর খাদ্য খাওয়া দরকার তারা খেতে পায় না এবং অস্বাস্থ্যকর জায়গায় বাস করে বলে এই রোগের বিশালতা প্রকাশ পাচ্ছে। এর প্রতিকার র প্রতিষেধক ব্যবস্থা যা রয়েছে তাও সুষ্ঠু নয়। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি এই বিষয়ে দৃষ্টি দিয়ে যাতে গ্রামের মানুষ এই দুরারোগ্য ব্যাধিতে না ভোগে এবং এই রোগের যাতে চিকিৎসার ব্যবস্থা হয় তা করবেন। সঙ্গে যে সমস্ত রোগীরা চিকিৎসার জন্য রুরাল হেল্‌থ সেণ্টারে ষ্ট্রেপ্টোমাইসিন দেওয়া হয় তাতে হাসপাতালে দেখেছে যে একটা ফাইল তিন দিন দেওয়া হয়, এই ষ্ট্রেপ্টোমাইসিন ইনজেকশন ও অন্যান্য যে সমস্ত জিনিস দেওয়া হয় তাও সুষ্ঠুভাবে দেওয়া হয় না। সেদিকে আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের গ্রামাঞ্চলে মশার উপদ্রব আগের মত আবার বেড়ে গিয়েছে এবং ম্যালেরিয়া প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এইদিকে দৃষ্টি দেবার অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা :—মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য দৃষ্টি আকর্ষণ করে তিনটি জিনিস একত্রে বললেন। উনি প্রথম যেটা বলেছেন আমি সেটার উত্তর দিচ্ছি। মুর্শিদাবাদে যক্ষ্মা রোগের যে প্রাদুর্ভাব হয়েছে এরকম কোন খবর আমাদের মধ্যে নেই। তবে আওরংগাবাদে বিড়ি শ্রমিকদের ভিতর যক্ষা রোগ হওয়ার সংবাদ পেয়ে আমরা সেখানকার একটা ষ্ট্যাটিসটিকস নিই এবং নিয়ে দেখা গেল সেখানকার বিড়ি শ্রমিকদের মধ্যে খানিকটা যক্ষ্মা রোগের বৃদ্ধি হয়েছে। তাই ওরংগাবাদে গত বৎসরে একটা-ক্লিনিক খোলা হয়েছে এবং তারা খুব ভালভাবেই কাজ করছে। কোন একটা পার্টিকুলার জায়গার কথা যদি জিজ্ঞাসা করেন তাহলে খোঁজ নিয়ে জানাবো।

আর মশার কথা বলেছেন, মশা শুধু বাংলাদেশে নয় সারা ভারতবর্ষে বেড়েছে। বাড়লেও তা কমাবার ভার স্বাস্থ্য দপ্তরের নয় তবে ম্যালেরিয়া ও [illegible] কিছু হচ্ছে, সেগুলি যাতে না হয় তারজন্য আমরা সচেষ্ট আছি এই সম্বন্ধে আজকে আমি একটা ষ্টেটমেণ্ট করবো। আর ওষুধ কম দেওয়া ষ্টেপটোমাইসিন কোথায় কম দেওয়া হচ্ছে সেই রকম পার্টিকুলার জায়গা যদি আপনার জানা থাকে তাহলে আমাদের লিখিতভাবে জানালে আমরা তা দেখার চেষ্টা করবো। মাননীয় সদস্যদের একটা কথা জানা দরকার যে ষ্ট্রেপটোমইসিন ব ঐ জাতীয় ওষুধের অপব্যবহার হচ্ছে।

[1 -50—2-00 p. m.]

কতকগুলি ঔষধ আমরা রেসট্রিক্ট করেছি, যতক্ষণ না পেশেণ্ট ভর্তি হচ্ছে ততক্ষণ আউটডোর থেকে তাকে দিচ্ছি না। তবে প্রতিটি রোগীর প্রতি আমরা সেব যত্ন দিই। পেনিসিলিন গ্রুপ অব ড্রাগ পেশেণ্ট অ্যাডমিটেড না হলে দেওয়া হচ্ছে না, ইনডোর পেশেণ্ট হলে দেওয়া হচ্ছে,, আউটডোরে বন্ধ করে দিয়েছে।

শ্রীনাসিরুদ্দিন খাঁন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমাজে চালাক আ বোকা আছে, তাদের সম্বন্ধে দুইটি কথা বলবো। এক সময়ে ছিল একটা বোকা লো আর তার চালাক বন্ধু। সে কাঠাল পাড়তে উঠল, তখন, চালাক বন্ধু বোব বন্ধুকে জিজ্ঞাসা করল হ্যাঁরে, তোর বাবা কিসে মরল? সে দীর্ঘ এক কাহিন শোনাতে আরম্ভ করল। পরবর্তীকালে সেই বোকা যে কিরকম বোকা, এই থেকে বোঝা যাবে, সে রোজ যে বদনা নিয়ে পায়খানা যেত সেটা ছিল ফুটো, তাই পা যা নিত তার জলশৌচের জন্য সেটা আগেই পড়ে যেত, পায়খানা করার পর আ জলশৌচ করতে পারত না। এই রকম দু তিন দিন চলার পর সে একদিন আগেই জ শৌচ করে ফেলল কিন্তু পরে যখন প্রয়োজন পায়খানা করার পর, তখন আর জ পেল না, তার আর ধোয়া হল না। চিরদিনই এইরকম চালাক আর বোকা আমাদে সমাজে আছে। আমরা চাষী শ্রেণীর লোক, আমাদের মত বোকা শ্রেণীর লো চিরকাল সমাজে আছে বুদ্ধিমানরা ভুলিয়ে ভালিয়ে ঠকিয়ে নেয়। সম্প্রতি ফসলে দাম কমেছে বটে কিন্তু কাপড় চোপড়ের দামতো কমছে না, সেজন্য বোকা আমর একটু শিখে গেছি, বললাম যদি কাপড়-চোপড়ের দাম না কমাও তবে আমর ফসলের দাম বাড়াবার জন্য আন্দোলনে নেমে পড়ব। কিন্তু কাপড়-চোপড় যার

তৈরী করে তারা এমনই চালাক যে তারা তখন কাপড়ের দাম কমিয়ে দিল। কিন্তু সে কোন্ কাপড়ের দাম? যে কাপড় এই এই শ্রেণীর লোকরা পরবে। আপনি অধ্যক্ষ মহাশয়, এটা সকলেই জানেন, আপনি তো, ভাল মতোই জানেন, এই যে চালাক শ্রেণীরা কাপড় বার করল কম দামে, তাতে সুতো এত কম যে সে কাপড় পরা যায় না। কাপড়ে যেখানে সুতো লাগত ১০০, সেখানে ৭০ দিয়ে তৈরী করল এবং বলে দিল যে কম দামে কাপড় দিচ্ছে। চিরকাল যেভাবে চালাক এক শ্রেণীর লোক বোকা লোকদের ঠকিয়েছে, তেমনি এই মিল মালিকেরাও আজকে এই যে সুতো কম দিয়ে চালাকি করে দাম কমিয়ে দিয়েছি বলে বলছে, আমি চ্যালেঞ্জ করছি যে এই কাপড় পরা যায় না তাতে এই রকম ফুটো, এর, বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ghiasuddin Ahmed : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নদীয়া জেলার প্রধান দুটী রাস্তার দুরবস্থা সম্পর্কে পূর্তমন্ত্রী তথা সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। এর একটা হচ্ছে ৩৪ নম্বর জাতীয় সড়ক যেটা রাণাঘাট থেকে কৃষ্ণনগর পর্যন্ত, অপরটা হলো—নদীয়া জেলার কৃষ্ণনগর-করিমপুর-শিকারপুর রোড। রাণাঘাট থেকে রাস্তাটী নর্থবেঙ্গলে চলে গেছে, ৫টীর জেলার সঙ্গে যোগসাধন করেছে, যার উপর দিয়ে সমস্ত যাত্রী সাধারণ যাতায়াত করে ও নানাপ্রকার কৃষিজাত পণ্যের আমদানী রপ্তানী হয়ে থাকে। এই রাস্তার দুরবস্থার ব্যাপার নিয়ে নদীয়ার এম. এল. এ-রা বহুবার বহুভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। কিন্তু অদ্যাবধি তার কোন সুরাহা হয়নি। গত এক বছর যাবৎ ঐ রাস্তার রাণাঘাট কৃষ্ণনগর অংশটা ভেঙ্গেচুরে নিরাপদে যাতাযাতের অযোগ্য হয়ে পড়ে আছে। অনবরত সেখানে দুর্ঘটনা লেগেই আছে। এই রাস্তাটীর অবিলম্বে সংস্কারের দাবী জানাচ্ছি।

আর কৃষ্ণনগর-করিমপুর-শিকার রোড—এটী ৬০ মাইল লম্বা। কিন্তু চওড়া মাত্র বারো ফুট। সেখানে কোন রেল লাইন নাই—এই রাস্তাই যাত্রী সাধারণের একমাত্র যাতায়াতের পথ। গাড়ীঘোড়া সাইড দিয়ে পাস হবার সময় প্রায়ই accident হয়ে থাকে। রাস্তার দুপাস ভাঙ্গাচোরা—loaded lorry পাস দিয়ে যেতে গিয়ে accident হয়। এমন একটা সপ্তাহও যায় না, যে সপ্তাহে এক-দুটী দুর্ঘটনা না ঘটে, প্রাণহানি না ঘটে। এই রাস্তটা অবিলম্বে প্রশস্ত করবার ব্যবস্থা যাতে হয়—সেজন্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

Shri Md-Safiullah : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরামবাগে যে বিধ্বংসী বন্যা

হয়েছে—সেই বন্যা উদ্ভূত পরিস্থিতির মোকাবেলা করবার জন্য ত্রাণ মন্ত্রীর আশু দৃষ্টি আকর্ষণ করছি। একদিকে যেমন বন্যার তাণ্ডব চলছে, অপর দিকে তেমনি খরার প্রচণ্ড উত্তাপ চলছে সব শস্যাদি শুকিয়ে মরে যাচ্ছে—এই উভয় পরিস্থিতির মোকাবেলা কি করে করা যায় তার জন্য মন্ত্রীসভার কাছে দাবী করছি। আরামবাগ মহকুমায় গত ১৯শে সেপ্টেম্বর এক বিধ্বংসী বন্যা ঘটে গেল। তার কারণ তার কয়েকদিন আগে প্রায় বিনা নোটীসে বলা চলে শর্ট নোটীসে ডি. ভি. সি লক্ষাধিক কিউসেক জল ছেড়ে দিল। তার ফলে আরামবাগের বিস্তীর্ণ অঞ্চল জলের তলায় ডুবে গেল আরামবাগ পুরশুড়া, খানাকুল এক নম্বর, দু-নম্বর চণ্ডীতলা থানার ৩১টী অঞ্চল প্লাবিত হয়ে গেল। গবাদি পশু মারা গেল, ৯ কোটীর টাকার উপর ফসল হানি ঘটলো। এই যে প্রচণ্ড ক্ষয়ক্ষতি হলো—এটা কি বাস্তবিকই অনিবার্য্য ছিল? এ সম্বন্ধে একটা উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিশন বসিয়ে সমস্ত ব্যাপারটা তদন্ত করা হোক—এই দাবী রাখছি। বন্যায় যে আর্থিক ক্ষতি হয়েছে, তার জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য দুঃস্থদের জন্য বরাদ্দ করা হোক—বিনা পয়সায় ধানের বীজ চাষীকে দেওয়া হোক, মাছের পোনা দেওয়া হোক, যেসব বিদ্যালয় ভবনের ক্ষতি হয়েছে, সেই ভবনের সংস্কার করা হোক। আর ঐসব বন্যা প্লাবিত অঞ্চলে যাতে ব্যাপকভাবে মহামারীর প্রাদুর্ভাব না ঘটে, তার সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করা হোক। ডি-ভি-সি'র কাছ থেকে কৈফিয়ৎ নেওয়া হোক, এই অল্প নোটীসে জল ছাড়ার জন্য। যার ফলে ঐ অভূতপূর্ব বন্যা সৃষ্টি হয়েছে।

Shri Habibur Rahaman : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জঙ্গীপুর মহকুমার ভেতর দিয়ে ভাগীরথী প্রবাহিত। এক পারে মহকুমা অফিস অবস্থিত, অপর পারে কলেজ-স্কুল ইত্যাদি অবস্থিত। এখানে প্রতিদিন শত শত লোক—অফিস যাত্রী—স্কুল-কলেজের ছাত্রছাত্রী ও জনসাধারণ বিভিন্ন প্রয়োজনে যাতায়াত করছে। কিন্তু সেখানে লোকজনের নিরাপদে পারাপার হবার কোন সুবন্দোবস্ত নাই। এই পারাপার হয়ে গিয়ে প্রায়ই দুর্ঘটনা ঘটেছে। কত স্কুলের ছাত্র পারাপার হতে গিয়ে নদীতে ডুবে মারা গেছে। এমন কি শিক্ষামন্ত্রী একদা এক অনুষ্ঠানে যাবার সময়ে তাঁর চোখের সামনে একটা পুলিশের জীপ গাড়ি জলে ডুবে যায়।

[2-00—2-10 p. m.]

এইভাবে নদী পার হতে গিয়ে দিনের পর দিন অঘটন ঘটছে। যখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পাট্টা বিতরণের জন্য যান তখন জনসাধারণ আবেদন করে ব্রীজের

জন্য। আমাদের কৃষিমন্ত্রীর কাছে তারা আবেদন করেছে। যতজন মন্ত্রী গিয়েছেন তাদের কাছে ব্রীজের জন্য আবেদন জানিয়েছে। গত সেপ্টেম্বর মাসে সেচমন্ত্রী যখন হারভেসটিংয়ের সময় যান তখন দেখেন শত শত গরু নিয়ে এবং গাড়ী নিয়ে কৃষকরা কষ্টে দিন যাপন করছে। তিনি আশ্বাস দেন যে এটা পূর্ত দপ্তরের এবং তিনি পূর্তমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে কথা বললেন এবং যতদিন না ব্রীজ হচ্ছে ততদিন যানবাহন চলাচলের একটা সাময়িক ব্যবস্থা করবেন। পূর্তমন্ত্রীর কাছে আবেদন রাখছি অতি সত্বর ব্রীজের কাজ শুরু করা হোক এবং যতদিন না ব্রীজ হচ্ছে ততদিন ফ্ল্যাট বোটের ব্যবস্থা করা হোক।

শ্রীনিতাইপদ সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নেত্রী শ্রীমতী ইলা মিত্র আজকে কৃষক দিবসে কৃষকদের বিভিন্ন দাবী-দাওয়া সম্পর্কে বিস্তারিতভাবে বলেছেন। আমি এই সমস্ত দাবী সমর্থন করে এবং কৃষকরা যাতে কৃষি ফসলের নায্য দাম পায় সেইজন্য দাবী জানাচ্ছি। কৃষকরা বঞ্চিত হচ্ছে। এই কৃষি ফসলের নায্য দাম যাতে কৃষকরা পায় তার ব্যবস্থা করার দাবী জানাচ্ছি। আমরা জানি কৃষকদের ঘরে ঘরে প্রবাদ আছে, কেউ মরে বিল সেঁচে, কেউ খায় কই। আপনি জানেন কৃষকরা ফলিডল শিশি হাতে নিয়ে পাট ক্ষেতে ঢোকে নিজেদের জীবন বিপন্ন করে। সেই পাটচাষীরা এইবার পূজোর আগে দারুণভাবে মার খেয়েছে। সেদিনকে জয়নাল সাহেবের অনেক আত্ম সন্তুষ্টির মনোভাবের কথা বলেছেন। কিন্তু আমার মনে হয় আত্ম সন্তুষ্টির মনোভাব ঠিক নয়। কারণ আমি মনে করি আমাদের জেলা বা উত্তর-বংগের এবং অন্যান্য যে সমস্ত জেলাতে পাট হয় সেখানকার চাষীরা দারুণভাবে পাট বিক্রি করে ঠকেছে এবং তারা নায্য দাম পায় নি এবং যে টাকা তাদের পাওয়া দরকার তা তারা পায়নি। কিন্তু পাটের ব্যবসা করে মাত্র ১২টি পরিবার চাচোরিয়া, বাজোরিয়া প্রভৃতিরা লক্ষ লক্ষ টাকা মুনাফা অর্জন করেছে আইনসঙ্গতভাবে এবং বেআইনীভাবেও। আপনি জানেন আনডার ইনভয়েসিং করে এরা বহু টাকা পায়। তারা ২।৩ টি পরিবারের লোক এই দুর্নীতি করছে। সরকারের এই সম্পর্কে ব্যাপক তদন্ত করা দরকার। এই পাটচাষীদের সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী যখন নদীয়া জেলায় গিয়েছিলেন দারুনভাবে বলেছিলেন। আজকে সরকারের দৃষ্টি আকর্ষণ করবো এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে এই বছর পাটচাষীরা দাম পায় নি। আমরা যেখানে মনে করি মন প্রতি একশো টাকা নায্য দাম, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেখানে মনে করেন ১৬৪ টাকা কুইন্ঠল প্রতি খরচ হয় এবং সেইজন্য পশ্চিমবঙ্গ সরকার ১৮০ টাকা দাম ধার্য্য

করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করেছিলেন। কিন্তু সে দাবী কেন্দ্রীয় সরকার মানেন নি, কেন্দ্রীয় সরকারের প্রাইসিং কমিশন মানেন নি। তা না মানার জন্য পূর্বাঞ্চলের রাজ্যগুলির কৃষকরা যারা গরীব তারা দারুনভাবে ঠকছে এবং তাদের দারুণভাবে শোষণের পথে ঠেলে দিচ্ছে। আমরা সর্বসম্মতিভাবে এই বিধান-সভা থেকে এই প্রস্তাব নিতে পারি কি পশ্চিমবঙ্গ সরকার পাটের সর্বনিম্ন ১৮০ টাকা দাম যে বেঁধেছেন সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ১৩৫ টাকা যে বেঁধেছেন তার ফলে পাটচাষীদের দারুনই বিপর্যয়ের মুখে ঠেলে দিয়েছেন। এই ব্যাপারে সোচ্চার হওয়া দরকার।

এছাড়া আপনি জানেন গমের দামের ব্যাপারে আমরা সোচ্চার হয়েছি, ধানের দামের ব্যাপারে আমাদের একটা খাদ্যমন্ত্রী ষ্টেটমেণ্ট করেছেন ধান তিনি ৭০।৭৬ টাকায় লেভির ধান সংগ্রহ করবেন। এবং আজকে চাষের যে রকম খরচ বিশেষ করে হাই ইলডিং ভ্যারাইটি উৎপাদন করতে যে খরচ তা সকলেই জানেন। কৃষকরা আজকে ধানের দাম থেকে বঞ্চিত হচ্ছে গমের দাম থেকে বঞ্চিত হচ্ছে। তাই সরকারের কাছে দাবী করছি যে গ্রামের অধিকাংশ মানুষ কৃষক তারা যে ফসলগুলি উৎপাদন করবে আলু, ধান, পাট, কলা, গম ইত্যাদি সবকিছুর ক্ষেত্রে কৃষকরা যে ন্যায্য দাম পাচ্ছে না সেই ন্যায্য দাম পাবার ব্যাপারে সরকারকে উদ্যোগী হতে হবে। সেইজন্য আমি দাবী করছি পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় যে প্রাইসিং কমিশন আছে তাদের কাছে অবিলম্বে এই পাট, ধান এবং গমের সর্বনিম্ন দাম বিবেচনা করার জন্য আবেদন করতে। এবং একথাও জানাচ্ছি সরকার কাঁচা পাটের পাইকারী ব্যবসা নিজের হাতে নিন। মহারাষ্ট্র সরকার তুলার পাইকারী ব্যবসা হাতে নিয়েছে। আমার পশ্চিমবঙ্গ সরকার এটা করতে পারেন এবং পাটকলগুলিকে জাতীয়করণ করতে হবে এই কথা আমি বলবো এবং রপ্তানী বাণিজ্যকেও জাতীয়করণ করতে হবে এবং খাদ্যশস্য গম, ধান তার একমাত্র ক্রেতা হবে সরকার এই দাবী আমি রাখছি।

শ্রীসচীনন্দন সাউ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ সময়ের পরিসরে আমি আপনার সামনে একটি বিশেষ বক্তব্য রাখছি। আমি বীরভূম জেলার পাঁচামি হাটগাছা ষ্টোন কোয়ারীর কথা আমি জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এই ষ্টোন তৈরীর ব্যাপারে আনন্দবাজার যুগান্তর ও বিভিন্ন পত্রিকায় এ সম্বন্ধে সমস্ত সংবাদ পরিবেশিত হয়েছে। বিধানসভায় আমরা বার বার বীরভূম জেলার জনপ্রতিনিধিরা আপনার সামনে এ সম্বন্ধে অনেক বক্তব্য উপস্থিত করেছেন।

স্যার, আপনি জানেন ১৯৭২ সালে বীরভূমে যখন জেলাওয়ারী ক্যাবিনেট করা হয় সেই ক্যাবিনেটে মন্ত্রীসভা থেকে সিদ্ধান্ত হয় যে বীরভূমে হাটখোলা-পাঁচামিতে ষ্টোন তৈরী করা হবে। এই কারণে যে সেখানে প্রচুর ষ্টোন রয়েছে যে ষ্টোন বিহারের পাকুড় ষ্টোনের সমতুল্য। এবং বীরভূমের শুধু হাটখোলা-পাঁচামি নয়, রামপুরহাট নলহাটি থানারও বিস্তৃত অঞ্চলে এই সমস্ত পাথার রয়েছে যেখানে ৪০/৫০ হাজার শ্রমিকের এবং শিক্ষিত যুবকের কাজ পাওয়া সম্ভব। মন্ত্রীসভার এই সিদ্ধান্ত গ্রহণের পর দেখা গেল সেখানে একটা মিনারাল ডেভেলপমেণ্ট করপোরেসন গঠিত হোল এবং গঠিত হবার পর শিক্ষিত ছেলেরা ইউনাইটেড কমারশিয়াল ব্যাঙ্ক থেকে লোন নিয়ে কাজ সুরু করবার ব্যবস্থা করলো সমস্ত প্লট ভাগ করে দেওয়া হোল অন্যান্য সব কাজ সুরু করা হোল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়. সেখানে আজ পর্যন্ত বিদ্যুত গেল না সেখানে কোন রাস্তা তৈরী হোল না। শিক্ষিত ছেলেরা সব লোন নিল ব্যাঙ্ক থেকে। কিন্তু এখন তারা সব মাথা খুঁড়ে মরছে। আমাদের বীরভূমের মন্ত্রী ডাঃ মোতাহের হোসেনকে নিয়ে আমরা শিল্প বাণিজ্য মন্ত্রীর সঙ্গে দেখা করলাম। এই যে বীরভূমে মিনারেল ডেভেলপমেণ্ট করপোরেসন হয়েছে তারা এই ষ্টোন তৈরীর কাজ করবে কিনা। এই ষ্টোন তৈরীর কাজ আসলে হবে কি হবে না। তখন ডাঃ মোতাহের হোসেনকে সভাপতি করে একটি কমিটি হোল এবং সেই কমিটির সভা হোল। কিন্তু মোতাহার হোসেন কমিটি যে সমস্ত কাজের কথা বললেন তা রূপায়িত হোল না। মাননীয় আমরা মুখ্য মন্ত্রীর কাছে বার বার ব্যক্তিগতভাবে এ সম্পর্কে জানিয়েছি যে অবিলম্বে এই ষ্টোন তৈরীর কাজ হবে কি হবে না। মুখ্য মন্ত্রীর যথেষ্ট সদিচ্ছা আমরা দেখতে পেয়েছিলাম। এবং মুখ্য মন্ত্রী ডেভেলপমেণ্ট কমিশনারের সঙ্গে যোগাযোগ করার জন্য আহ্বান জানালেন। তাকে সমস্ত তথ্য জানানো হোল। কিন্তু তারপর দেখা গেল ষ্টোন তৈরীর কাজ হচ্ছে না। বিদ্যুত পাওয়া যাচ্ছে না রাস্তা তৈরীর কাজ হচ্ছে না এবং এ ষ্টোন কোয়ারীর কাজকে রূপায়িত করা সম্ভব হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই বিধানসভায় পাবলিক অণ্ডারটেকিং কমিটি করেছেন যার সভাপতি হলেন সত্যরঞ্জন বাপুলি মহাশয় তিনি নিজে এবং এ কমিটির সদস্যরা সেখানে গিয়েছিলেন এবং আরও বিধানসভার সদস্যরা সেখানে গিয়েছিলেন— তাঁরা ঘুরে ঘুরে দেখে এসেছেন এবং বলেছেন এতো সম্ভাবনা থাকা সত্ত্বেও এতো লোকের চাকুরীর যেখানে সম্ভাবনা আমরা যেখানে বেকারদের জন্য প্রাণপাত করছি সেখানে বিদ্যুৎ কেন গেল না কেন রাস্তা হোল না। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই মিনারেল ডেভেলপমেণ্ট করপোরেশন করে আমরা এতো বেশী টাকা খরচ করছি এতো অফিসারকে যে মাইনে দিতে হচ্ছে আর সেখানে এই ষ্টোন

কোয়ারীর কাজ হোল না ? সত্যরঞ্জন বাপুলী মহাশয় সেখান থেকে ফিরে এসে চীফ ইঞ্জিনীয়ার পি. ডবলিউ. ডি. (রোডস) পাওয়ার কমিশনার সেক্রেটারী, কমার্স এণ্ড ইনডাষ্ট্রি ডিপার্টমেণ্ট ডেপুটি সেক্রেটারী, কমার্স এণ্ড ইনডাষ্ট্রি ডিপার্টমেণ্ট এবং ম্যানেজিং ডিরেক্টার, মিনার‍্যালস ডেভেলপমেণ্ট করপোরেশন এই সমস্ত অফিসারদের ডেকেছিলেন।

[210—220 p. m.]

ডেকে বলেছিলেন যে আমরা বীরভুম জেলা ঘুরে এলাম এবং ঘুরে এসে দেখলাম যেখানে এত সম্ভাবনা রয়েছে সেখানে কেন বিদ্যুৎ দিচ্ছে না, কেন রাস্তা তৈরী করছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিনারেল ডেভেলাপমেন্ট করপোরেশনের ম্যানেজিং ডাইরেক্টর কত টাকা মাইনে পান সেটা আপনি জানেন। স্যার, এতবড় একটা সম্ভবনা যেখানে রয়েছে সেটা আজকে বিলুপ্তির মুখে। মিনারেল্স ডেভেলাপমেন্ট করপোরেশন বলেছিলেন যে ষ্টোন কোয়ারি করব ক্রাসার মেশিন দিয়ে, কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নি। পাকুড়ের পাথরের মত এই পাথর—সি. এম, ডি, এর কাজে, বাড়ি তৈরীর কাজে এই পাথর ব্যবহার করা যেতে পারে। শুধু বীরভুম জেলার মানুষ নয়, পশ্চিমবাংলা সরকার রয়্যালটি পাবে, আর বেকার ছেলেরা কাজের সুযোগ পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি কথা আপনার কাছে বলতে চাই, এত সম্ভাবনা থাকা সত্বও পশ্চিমবাঙ্গের অন্যতম মন্ত্রী মোতাহার হোসেন কমিটি যে রিপোর্ট পেশ করেছিলেন সেই রিপোর্ট কেন কার্যকরী করা হল না—পাবলিক আণ্ডারটেকিংস কমিটিকে ডেকে মিনিষ্টার ভোলা সেন, বিদ্যুৎ মন্ত্রী গনি খান চৌধুরী বলেছিলেন অবিলম্বে কাজ করতে নেওয়া হবে— মন্ত্রী সভা সিদ্ধান্তও নিয়েছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় আমলাতন্ত্রের কারসাজী, আমলাতন্ত্রের ব্যর্থতা, তাদের অপদার্থতার বিচার হবে কি হবে না—পশ্চিমবঙ্গের শিক্ষিত বেকার যুবক ব্যাংক থেকে লোন নিয়ে আজকে মাথা খুঁটে মরছে। আমি এই পবিত্র বিধান সভায় দাঁড়িয়ে সেখানকার জনপ্রতিনিধি হিসাবে দাবি রাখছি অবিলম্বে এনকোয়ারি করে যথাযথ ব্যবস্থা করা হোক।

শ্রীভুহিন কুমার সামন্ত :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে যে ঘটনাটি বিবৃত করব—জানি না সেটা কোন ভাষায় করব। আমি যে ঘটনাটি আজকে এখানে উপস্থাপিত করব সেই ঘটনাটি নিশ্চয় সমস্ত সদস্যদের স্তম্ভিত করবে বলে বিশ্বাস রাখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শঙ্করী চন্দ্র, সেন্ট্রাল ক্যালকাটা ছাত্র পরিষদ, যুব কংগ্রেসের একজন কর্মী। সি, পি, এম, আমলে তার বাড়ী পুড়িয়ে দেয় এবং শঙ্করী চন্দ্রকে বোধ হয় আমরা সকলেই জানি। পশ্চিম

পশ্চিমবঙ্গ কংগ্রেসের একজন মহিলা কর্মী হিসাবে তাঁর যথেষ্ট সুনাম আছে, সমাজসেবী হিসাবেও বেশ সুনাম আছে। শঙ্করী চন্দ্রের বাড়ীর পাশে পুলিশ ব্যারাক নারকেল-ডাঙ্গা থানার—পুলিশ ব্যারাকের পাশেই একটি বাড়ী আছে, সেই বাড়ীতে পুলিশ অফিসারের ছেলে মদ খেয়ে পাড়ার ছেলে মেয়েদের টিটকিরি মারে, মেয়েদের হাত ধরে টানে। শঙ্করী চন্দ্র সেই অবস্থা সহ্য করতে না পেরে প্রতিবাদ জানাতে গিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর কি ঘটনা ঘটল সেটা শুনলে আপনি শিউরে উঠবেন। আমার মুখ দিয়ে ওসব কথা বলা অসম্ভব—আমি একজন পুরুষ হয়ে নারীর প্রতি অত্যাচার সটিকভাবে বলতে পারব না। ২১/৭/৭৬ তারিখে সেই ঘটনা ঘটল। ২২/৭[৭৬ তারিখে বেলা ২॥ টার সময় ওসি, সার-ইন্সপেক্টর, কন্সটেবল তার উপর অত্যাচার চালায়। এই ঘটনা মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কান পর্যন্ত পেঁাছেছে কিনা আমি জানি না। শঙ্করী চন্দ্র দরজায় দরজায় ঘুরে বেড়িয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা তাকে দেখতে এসেছিলেন এবং তার চিকিৎসার সুবন্দোবস্ত করে দিয়ে এসেছিলেন। ঘটনাটি এই—পুলিশ কোয়াটারে পুলিশ কন্সটেবল বিশ্বনাথ পাল, জীবন দাস, তারা ডি ব্লকে থাকে। বাবলু পুলিশ অফিসারের ছেলে মদ খায় এবং মদ খেয়ে তারা অত্যাচার করত এবং পাড়ার ছেলে—মেয়েদের ধরে টানাটানি করত। এরই প্রতিবাদ করেছিল নব—যুবক সংঘের ছেলেদের দিয়ে, সেখানকার মেয়ে সদস্যদের দিয়ে।

২০.৭.৭৬ তারিখে সকাল ৯-৩০ টার সময় বিশ্বনাথ পাল, জীবন দাস, মিহির সেন, মানিক সেন, ইন্দ্রজিৎ গুহ, সুমিত দত্ত, দীনেশ সরকার, জীবন গাঙ্গুলী এরা প্রায় সকলেই পুলিশ অফিসারের ছেলে, দলবল নিয়ে এসে হামলা করে এবং সেই নব দিগন্ত সংঘে গিয়ে বোমাবাজী করে। তারপর থানায় গিয়ে জানালে থানা থেকে এনকোয়ারী করার নামে ২১.৭.৭৬ তারিখে একটার সময় পুলিশ অফিসাররা এসে চলে যায়। ২২.৭.৭৬ তারিখে ২॥ টার সময় সার্জেন্ট প্রদীপ ব্যানার্জী, কনষ্টেবল হরেন, চিত্ত এরা সকলে এনকোয়ারী করার নাম করে আসে। তারপর সার্জেন্ট প্রদীপ ব্যানার্জী একজন কনষ্টেবলকে দিয়ে ও. সি'র কাছে খবর পাঠান। কিছুক্ষণের মধ্যেই নারকেলডাঙার ও, সি এস, আই অরবিন্দ সাহা এবং পুলিশ ফোর্স নিয়ে সেখানে আসেন। এস, আই অরবিন্দ সাহা এবং একজন কনস্টেবল শংকরীর উপর অত্যাচার করে। তারপর ও, সি'র নির্দেশে শংকরীর উপর আরো অত্যাচার শুরু হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সভ্য দেশে—আমাদের এই পশ্চিমবঙ্গে, এ রকম একটা ঘটনা ঘটতে পারে সে বিশ্বাস আমাদের ছিল না। স্যার, পুলিশের রুল যেখানে ব্যবহার করা হয়েছে এবং আপনি শুনলে অবাক

হয়ে যাবেন যে, একজন মহিলার নিম্নাঙ্গে রুল পুশ করিয়ে দেওয়া হয়েছে। স্যার, তার ফলে শংকরী এখনও পর্যন্ত হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এই ঘটনা ঘটার পর যেহেতু শংকরী পুলিশ অফিসারদের ছেলেদের নোংরামির বিরুদ্ধে কথা বলেছিল সেই হেতু তার বিরুদ্ধে ফল্‌স কেস করে তাকে থানায় ধরে নিয়ে যায় এবং ও, সি সেখানে তার [illegible] তার উপর আরো অত্যাচার করার জন্য বলল। স্যার, সেখানে তাকে থানায় ধরে নিয়ে যাবার সময় বলা হয়েছে, "শালী থানাতে চল তোকে মজা দেখাবো, পার্টি করা বার করে দেব।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি জানতে চাই এই ঘটনা স্বরাষ্ট্র দপ্তরের নজরে আছে কিনা? তাকে ৭ দিন জেল কাস্টডিতে রাখা হল। তার উপর প্রচণ্ড অত্যাচার যা হল তারপর সে বেল পাবার পর সে নিয়ে সে প্রত্যেকের দরজায় দরজায় ঘুরেছে। এখানে মাননীয় অজিত পাঁজা মহাশয় থাকলে বলতে পারতেন, তিনি নিজে সহানুভূতিশীল, তিনি নিজে শংকরীর চিকিৎসার ব্যবস্থা করে দিয়েছেন। আজকে স্যার এইরকম একটা পরিস্থিতিতে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই, একজন যুব কংগ্রেস কর্মী হয়ে বা ছাত্র পরিষদের কর্মী হয়ে বা কংগ্রেসের মহিলা কর্মী হয়ে যদি এই ধরনের অন্যায়ের প্রতিবাদ করার জন্য তার উপর পুলিশী অত্যাচার হয় তাহলে তার জন্য আমরা কোন ভাষায় প্রতিবাদ জানাবো। তার প্রতিকারের আশাই বা আমরা কার কাছে করবো এটা স্যার, আপনার কাছে জানতে চাই। স্যার, আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে ক্ষোভের সঙ্গে, লজ্জার সঙ্গে এত কথা আমাকে বলতে হচ্ছে। পুলিশের ছেলেরা অন্যায় করলে তার প্রতিবাদ করলে যদি একজন মহিলা কর্মীকে মারধোর করা হয়, তার শ্লীলতা করা হয়, তার উপর দৈহিক নির্যাতন করা হয় এবং তার যদি কোন প্রতিকার না করা হয় তাহলে আমরা তাকে কোন ভাষায় নিন্দা করবো জানি না। এই অত্যাচারের [illegible] জন্য আমি [illegible] মহাশয়কে এ ব্যাপারে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীঅজয়কুমার বন্দ্যোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে ঘটনার কথা এখানে বিবৃত করলেন তা শুনে হাউস বিক্ষুব্ধ হয়েছে। এখানে স্যার, স্বরাষ্ট্রমন্ত্রীমহাশয় উপস্থিত আছেন, আপনার মাধ্যমে, তাঁকে বলব, ঘটনা যা ঘটেছে সে ব্যাপারে এনকোয়ারী করুন এবং আগামী সোমবারের মধ্যে তিনি কি ব্যবস্থা অবলম্বন করছেন সে সম্পর্কে হাউসে একটি ষ্টেটমেন্ট রাখুন। আমি মনে করি এ ব্যাপারে হাউসে একটা ষ্টেটমেন্ট রাখা অত্যন্ত প্রয়োজন।

ডাঃ মোতাহার হোসেন ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটার আমি যথাযথ তদন্ত করে দেখবো।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—আমি জানতে চাই এ বিষয়ে শংকরী চন্দ স্বরাষ্ট্র দপ্তরে কোন দরখাস্ত করেছেন কিনা এবং করে থাকলে এখনও পর্যন্ত কেন ব্যবস্থা করা হয়নি ?

[2-20 2-30 p. m.]

শ্রীসুকুমার ব্যানার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৭শে আগষ্ট ১৯৭৬ তারিখে বেলা ১১-৩০ মিনিটের সময় পশ্চিমবাংলার বিধানসভার একজন সদস্য, মাননীয় সফিউল্লা, যাকে আমরা সকলে ব্যক্তিগতভাবে চিনি, অত্যন্ত ভদ্র মানুষ। বন্য প্রাণী উপদেষ্টা পর্ষদের তিনি একজন সভ্য। তিনি তার সেই দায়িত্ব পালন করার জন্য C. I. T. Road-এ বন-বিভাগের যে directorate আছে সেখানে গিয়েছিলেন। সেখানে মহম্মদ সফিউল্লা প্রহৃত হন, লাঞ্ছিত হন এবং তাকে ৩ তলা থেকে তাড়া করে একতলা নিয়ে এসে প্রহার করা হয় এবং চোর চোর করে তার বিরুদ্ধে চিৎকার করা হয়। অবশেষে তিনি একটা taxi-তে চেপে সেখান থেকে পালিয়ে প্রাণ রক্ষা করেন। ঘটনার পটভূমিকা হচ্ছে এই, বিধানসভার সদস্য হিসাবে তিনি যে অধিকার পেয়েছেন এবং যে অধিকার প্রয়োগ করার জন্য তাকে বন্য প্রাণী উপদেষ্টা পর্ষদের সভ্য করা হয়েছে, তিনি বিধানসভার সভ্য হিসাবে সেই দায়িত্ব পালন করার জন্য সারজমিনে তদন্তে গিয়েছিলেন। Chief Conservator of Forest, Jayanta Ganguli, তার আন্দালী, বীর বাহাদুর এবং আরো কয়েকজন কর্মচারী তাকে অফিসে ঢুকতে বাধা দেয়। তিনি তার পরিচয় দেন এবং তিনি বলেন, এই অফিসে আমি বহুবার এসেছি, আপনারা সকলে আমাকে চেনেন, আজকে আমাকে আটকানো হচ্ছে কেন ? তখন তার প্রতি কটুভাষা প্রয়োগ করা হয় এবং আটক করে রাখা হয়, তার কিছু কিছু কর্মচারী আসার পরে তিনি রেহাই পান। তারপর তিনি ওখান থেকে বাইরে আসেন। তখন তার প্রতি সংঘবদ্ধ এবং দলবদ্ধভাবে আক্রমণ চালান হয়। জয়ন্ত গাঙ্গুলি, Cheif Conservator of Forest, তার আচরণ সম্পর্কে, তার দুর্নীতি সম্পর্কে মহঃ সফিউল্লা বিধানসভার অভ্যন্তরে এবং বাইরে বহু অভিযোগ রেখেছিলেন এবং তার অভিযোগ সত্য প্রমাণিত হয়েছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সন্দেহ করছি, জয়ন্ত গাঙ্গুলি, Cheif Conservator of Forest, তার ইশারায় এবং

ইঙ্গীতে, তার প্ররোচনায় তার খাস আর্দ্দালী বীর বাহাদুর এবং Forest দপ্তরে আরো অন্য কর্মচারীরা মহম্মদ সফিউল্লার উপরে এই আক্রমণ চালিয়েছে। আজকে আমার জিজ্ঞাস্য বিধানসভার সভ্য হিসাবে, বিধানসভার শুধু সভ্য নয়, বন্য প্রাণ উপদেষ্টা পর্ষদেরও তিনি সভ্য। Divisional Forest Officer আছেন, তিনি সেই rank-এর একজন ব্যক্তি। তিনি যখন বিধানসভার সদস্য হিসাবে কোন সরকার অফিসে দায়িত্ব পালন করতে যাবেন তখন কি তার উপর সংঘবদ্ধভাবে হামলা এব আক্রমণ করা হবে? Chief Secretary মহাশয়, circular পাঠিয়েছেন, সরকারে প্রতিটি দপ্তরে যে বিধানসভার প্রতিনিধি তারা যদি কোন কাজের জন্য সরকারের দপ্তরে যান তাহলে তাদের প্রতি যেন যথাযোগ্য মর্যাদা প্রদর্শন করা হয়। Chie Conservator of Forest-এর অফিসে এবং forest directorate সেখানে Chie Secretary-র circular-এর প্রতি সম্মান জানান হল ঐ আর্দ্দালী দিয়ে, peon দিয়ে কর্মচারী দিয়ে মহঃ সফিউল্লাকে ঘেরাও করে, তাকে আক্রমণ করে, তার জামা ছিঁড়ে দিয়ে, তাকে লাথি মেরে, আপনি চিন্তা করে দেখুন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে অধ্যক্ষের পবিত্র আসনে বসে আছেন। আপনিও বিধানসভার সদস্য ছিলেন। আপনি জানেন যে বিধানসভার সদস্যদের কি দায়িত্ব এবং কর্তব্য পালন করতে হয়। আপনি জানেন, একজন উচ্চশিক্ষিত বিধানসভার সদস্য, যিনি M. A পাশ করেছেন, তিনি আইনও পাশ করেছেন। তিনি নিজের কোন ব্যক্তিগত স্বার্থে নয়, নিজস্ব তদ্বীরের জন্য নয়, কেবলমাত্র বন-বিভাগ সম্পর্কিত ব্যাপারে যেরকম তিনি আগ্রহী এবং উৎসাহি, সেই সম্পর্কে আলোচনা করার জন্য গিয়েছিলেন এবং তা পুরস্কার হচ্ছে আর্দ্দালীর হাতে মার, তার পুরস্কার হচ্ছে চাপড়াসীর হাতে মার, তা পুরস্কার হচ্ছে peon-এর হাতে মার। এবং আমি ভাল করে জানি যে অজিত পাঁজ মহাশয়ের কাছে যদি খবর না যেত তাহলে ৪ দিন পরে সেই কর্মচারীদের suspen করা হত না। আজ জানতে পারি কিনা মাননীয় অধ্যক্ষ মহাশয়, forest-এর যিনি সচীব এবং যিনি Chief Conservator of Forest, তিনি বিরাট আমলা বলে ধরাকে সরা জ্ঞান করে মহঃ সফিউল্লার সেই আক্রমণের পর ৪ দিন পর্যন্ত কর্মচারীদের বিরুদ্ধে কোন action নিলেন না, action নিতে হল বনমন্ত্রী মহাশয়, অজিতকুমার পাঁজা মহাশয়কে। সেই M. L. A. যখন তাঁর কাছে গিয়ে চোখের জল ফেলতে ফেলতে তার ছেঁড়া জামা দেখায়, তার উপর অত্যাচারের, কলঙ্কিত কাহিনী বর্ণনা করেন তখন বনমন্ত্রীর নির্দেশে ৪ জনকে suspend করা হয়। আমি কি জিজ্ঞাসা করতে পারি suspend করা হবে, কেন বরখাস্ত করা হবে না? আমি কি জিজ্ঞাসা করতে পারি, Chief Conservator of Forest কি এই দায়িত্ব এড়ি

যেতে পারেন ? আমি কি জিজ্ঞাসা করতে পারি Forest বিভাগের যিনি সচিব, সেই আমলার কানে মহঃ সফিউল্লার উপর আক্রমণের এবং লাঞ্ছনার খবর পেঁছায়নি ! আজকে M. L. A.-দের মধ্যে থেকে মন্ত্রীসভা নির্বাচিত হয়।

এম, এল, এ হিসাবে যখন নির্বাচিত হন, জনগণ তাঁদের অধিকার দিয়ে পাঠান এবং আপনি সেই অধিকার সংরক্ষণ করেন। আগষ্ট মাসের ঘটনা এবং সেপ্টম্বর মাসের যুগান্তর কাগজের প্রথম পৃষ্ঠায় বেরিয়েছিল অন্য একজন বন্য প্রাণী উপদেষ্টা পর্ষদের সদস্য শ্রীবিশ্বনাথ দত্ত দাবী করেছিলেন প্রতিকারের এবং এই ঘটার তদন্ত দাবি করেছিলেন কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পর্যন্ত কেবলমাত্র লোক দেখানো গ্রেপ্তার ছাড়া আর কোন এ্যাকশন নেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি মনে করি, বনমন্ত্রী অজিত কুমার পাঁজা মহাশয়ের নির্দেশে মাত্র সাসপেন্ড করা হয়েছে, এই ধরণের ঘটনা পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী অফিসে ঘটছে, এই ধরণের—এম, এল, এ'রা যখন পুলিশ অফিসে যান তখন ঘটে, সরকারী অফিসে ঘটে, বিভিন্ন আমালার অফিসে ঘটে। তাঁরা এম, এল, এ, দের কটাক্ষ্য করেন বা ব্যাঙ্গ করেন, তাঁরা বিদ্রুপ করেন—এম, এল, এ কোন ন্যায় সংগত দাবী নিয়ে গেলে বলেন, আপনারা বড় জোর আমাকে বদলি করবেন আর কিছু করতে পারবেন কি ? এম, এল, এ-রা দপ্তরে দপ্তরে ঘোরেন, মন্ত্রীদের কাছে যান, যাঁরা হৃদয়বান মন্ত্রী আছেন, তাঁরা তৎক্ষণাৎ প্রতিকার করেন, আর অনেকে শোনেন, তারপর আমলারা যা বলেন তাই করেন—যথা পূর্বং তথা পরং। আমরা নিয়ে সরকার, আমলাদের নিয়ে রাজত্ব, আমলারা যা বলবেন তাই সত্য, আমলাদের ফাইলের কথা সত্য এম, এল, এ, দের অভিযোগের কোন দাম দেই। আজ পরিস্কার ভাষায় মাননীয় অধ্যক্ষ মহাশয় বলতে চাই, এটা এম, এল, এ, দের সামনে চ্যালেঞ্জ, এটা জনগণের সামনে চ্যালেঞ্জ। জনপ্রতিনিধি হিসাবে এম, এল, এ, দের অধিকার এবং কর্তব্য আছে তার প্রতি চ্যালেঞ্জ জানিয়েছে ফরেস্ট ডাইরেক্টরেটের কর্মচারীরা, তার প্রতি চ্যালেঞ্জ জানিয়েছে পরোক্ষভাবে ফরেস্ট ডাইরেকটরেটের সচীব, চ্যালেঞ্জ জানিয়েছেন চিফ কনজার্ভেটার অব ফরেস্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সবিনয়ে নিবেদন আমি জানি, যদি কেউ আমাদের পিছনে না দাঁড়ায় আপনি আমাদের পাশে দাঁড়াবেন আপনার কাছে নিবেদন করছি এই বিষয়টি বিধানসভার অধিকার রক্ষা কমিটির কাছে পাঠানো হোক, প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক, চিফ কনজার্ভেটার অব ফরেস্ট জয়ন্ত গাঙ্গুলি এবং ফরেস্ট ডিপার্টমেন্টের সেকরেটারীকে বিধান সভায় ডাকা হোক, সেই কমিটির সামনে হাজির করা হোক এবং যে সমস্ত কর্মচারীরা এই মহম্মদ সফি-উল্লার প্রতি জঘন্য আক্রমনের জন্য দায়ী তাদের বরখাস্ত করা হোক। আপনার কাছে

আমি আবেদন রাখছি—দাবী রাখছি—আমি বিশ্বাস করি আপনি এম, এল, এ, দের পবিত্র অধিকার এবং মর্যাদা রক্ষার জন্য এগিয়ে আসবেন।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা খুব গুরুতর সফিউল্লা সাহেবের মত একজন সজ্জন ভদ্রলোকে সবাই আমরা চিনি। এই রকম একটা নৃশংস ব্যাপার এবং কাগজে যেটা বিকৃত ভাবে প্রকাশিত হ'ল, এই ব্যাপারটার একটা পূর্ণাঙ্গ তদন্ত হওয়া উচিত এবং উপরতলার অঙ্গুলি হেলনে যদি এটা হয়ে থাকে তাহলে সেই সম্পর্কে গভর্ণমেণ্টের সিরিয়াস স্টেপ নেওয়া দরকার। এই সম্পর্কে আমাদের সকলের পূর্ণ সমর্থন আছে। আপনি মন্ত্রীসভাকে বলুন এই ব্যাপারে যেন অবিলম্বে তদন্ত করা হোক এবং যা যা স্টেপ নেওয়া দরকার তা করা হোক। যদি বড় অফিসার কেউ এই ব্যাপারে জড়িত থাকেন তাহলে সেটা খুঁজে বার করা হোক।

Shri A. H. Besterwitch : This is a very serious charge and I think this should go before the privilege Committee. If an MLA even if/he goes round the constituency or otherwise, is assaulted or manhandled it becomes a serious matter and it is a very serious crime. So I think this should go before the Privilege Committee If the Government make an inquiry this will be an eye-wash This shold be done by the Privilege Committee. So I request you to kindly send this to the Privilege Committee.

শ্রীপ্রদ্যোত কুমার মহান্তি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় যে কথা বললেন, ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত আমরা এম, এল, এ, হিসাবে আছি, এই রকম ঘটনা এই বিধান সভায় আমলে কখনও ঘটেনি যা ঘটেছে সফিউল্লা সাহেবের ক্ষেত্রে। মাননীয় বিশ্বনাথবাবু বললেন যে তিনি একজন সজ্জন ব্যক্তি ভদ্র ব্যক্তি—তিনি একজন এম, এল, এ, ভদ্র কি অভদ্র সেটা বড় কথা নয় এই ক্ষেত্রে এম, এল, এ, তাঁর official duties and responsibilities as a member of the Legislative Assembly. সেটা ডিসচার্জ করতে গিয়ে বিশেষ করে কোন সরকারী কর্মচারীর দ্বারা যদি বাধা প্রাপ্ত হন এবং লাঞ্ছিত হন, সেই ক্ষেত্রে এই ব্যাপারট সরকারের হাতে ছেড়ে দেওয়া উচিত কি না বিধান সভার অধ্যক্ষ হিসাবে এটা বিচার বিবেচনা করতে আপনাকে অনুরোধ করি, এটা একমাত্র বিচার্য্য বিষয় হবে বিধান

সভার প্রিভিলেজ কমিটির। সেই জন্য আমি মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেবকে সমর্থন করে বলি, সরকারের হাতে এটা যেন না ছেড়ে দেওয়া হয়, যেহেতু বিধান সভার সদস্য কার্য্য করতে গিয়ে তিনি বাধা প্রাপ্ত হয়েছেন, লাঞ্ছিত হয়েছেন, অপমানিত হয়েছেন, এটা প্রিভিলেজ কমিটিতে প্রেরণ করা হোক, এটাই আপনার মাধ্যমে আমার অনুরোধ।

[2-30—2-40]

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—স্যার, আমি অত্যন্ত দুঃখিত যে এই রকম ঘটনা ঘটেছে। আমি নিজে জানতাম না। কিন্তু যখন সফিউল্লা সাহেব আমার কাছে এসে ঘটনার কথা বললেন সেদিনই ১ ঘণ্টার মধ্যে ৩জন কর্মচারী যাদের পুলিশ গ্রেপ্তার করেছিল তাদের বরখাস্ত করা হয়। আমি খবর নিতে বলেছি যে কেন আমি বলার পর বরখাস্ত করতে হবে। পুলিশ গ্রেপ্তার করলেই suspend করা হয় গভঃ রুল অনুযায়ী। আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত যে সম্পূর্ণ impartial enquiary যেন হয় এরা আমাদের privilege কমিটি best কমিটি। আর একটা জিনিষ আমাদের খুব বেশী ভাবে দেখা দরকার যে কোন কমিটিতে পাঠাবার আগে সেটা আইনতঃ গ্রাহ্য কিনা সেটা দেখুন। (গোলমাল)

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—We want immideate suspension of Jayanta Ganguli.

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—আমি বলেছি impartial enquiary privilege committee-র দ্বারা হওয়া চাই। এটা ওদিককার সকলেই শুনতে পেয়েছেন। সুকুমারবাবু যদি শুনতে না পান তাহলে আমার অন্য deptt. আছে সেখানে treatment-এর জন্য যেতে পারেন। Impartial Enquirays privilege কমিটি দ্বারা হওয়া চাই। এটা যদি তাঁরা শুনতে না পান তাহলে তার জন্য আমি দুঃখিত। উত্তেজনাবশে এই রকম হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ—ওঁর এই কথায় আমি প্রতিবাদ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—সেজন্য বলছি যাতে আমরা ভালভাবে শুনতে পাই, দেখতে পাই এবং যারা দোষী তাদের শাস্তি দিতে পারি তার জন্য সম্পূর্ণভাবে সেই

ভার আপনার উপর ছেড়ে দিচ্ছি। আমাদের দিক থেকে আমরা step নিয়েছি Govt. থেকে enquiry হচ্ছে, polic case-ও আরম্ভ হয়েছে। কিন্তু আপনি যদি মনে করেন privilege breark হয়েছে এবং impartial Enquiry করা সম্ভব নয় আপনি দেখুন। মাননীয় সফিউল্লা সাহেব বন দপ্তরের কাজেই গিয়েছিলেন এবং তাঁর কাছে identity card-ও ছিল। কিন্তু তা সত্ত্বেও এই জিনিষটা ঘটেছে। আপনি যেটা ভাল বোঝেন সেটাই করবেন। সরকারের তরফ থেকে বলতে পারি impartial Enquiry করা হোক এবং impartial Enquiry করে যা যা হয়েছে তা বার করা হোক। সদস্যরা বললেন immidiate suspend কেন, বরখাস্ত কেন করা হল না ? আমাদের তো Govt. rule অনুযায়ী কাজ করতে হবে।

(ভয়েস ঃ সেই কর্মচারীদের সাসপেন্ড করা হয়েছে কি ?
(গোলমাল)

সাসপেণ্ড করা হয়েছে, আমার দিক থেকে যতটুকু করার তা করেছি। তার পরের দিন তাদের ডেকে জানিয়ে দিয়েছি যে তাদের সাসপেণ্ড করা হয়েছে। যদি মনে হয় উর্ধতন মহল এর মধ্যে ইনভলভড আছে তাহলে সে সম্বন্ধে নিশ্চিত হতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বিরাট ব্যাপার, প্রত্যেক মাননীয় সদস্য এবং আমাদের নিজস্ব প্রিভিলেজ এটা, আমরা যে কাজ করছি এটা জনসাধারণের জন্য করছি। এই হাউসের সম্মান রাখতে যা যা প্রয়োজন আপনি ব্যবস্থা নিন, আমার দিক থেকে কোন বাধ্য নেই। আপনকে জানাতে পারি সরকার থেকে কিছু নথিপত্র এই বিষয়ে আমার নিজের তদারকিতে আমি এই দপ্তরে পাঠিয়ে দেব।

শ্রীহুহিন কুমার সামন্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের চীফ সেক্রেটারী সব অফিসে সার্কুলার পাঠিয়ে দিয়েছেন, সেই সার্কুলারে বলা আছে প্রত্যেক এম, এল, এ, কে সম্মান দিয়ে উপযুক্ত মর্যাদা দিয়ে যেন অফিসের কাজকর্ম দেখাশুনা করান হয়। সেই ডাইরেকসান অনুযায়ী কেন সেই দপ্তরের কাজ কর্ম হল না, সেই ডেরিলিকসান অব ডিউটিজের জন্য উর্ধতন মহলের জয়ন্ত গাঙ্গুলী-কে নিশ্চয়ই সাসপেণ্ড করা যায়, আমি এই দাবি আপনার কাছে রাখছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় যে অভিযোগ এখানে উত্থাপন করেছেন এবং অনেক মাননীয় সদস্য তাঁদের মন্তব্য রেখেছেন, তাঁদের উদ্বেগ এবং ঘটনার গুরুত্ব সম্পর্কে আমি একমত। শুধু

একটা এ্যাপ্রোচ টু দি প্রবলেম আমি আপনাদের সামনে রাখছি—আমাদের সফিউল্লা সাহেব এই বিধান সভার সদস্য, বিধান সভার কোন সদস্য অপমানিত হলে বিধানসভা তার থেকে মুক্ত হয় না। কিন্তু কারা করেছে এই জিনিসটা দেখার কথা। দুটো অভিযোগ সুকুমার বাবুর—এক, একজন দারোয়ান এবং তার ঔদ্ধত্য, তার প্রহার, আর একটা হচ্ছে ষড়যন্ত্রের ইংগিত করেছেন—উপরের কোন অঙ্গুলি হেলন, কিছু নির্দেশ, কিছু সংকেত ছিল কি না। আমার নিজের মনে হয় ডিপার্টমেণ্ট কিংবা আপনি এ্যাকশন নিতে পারেন। যে দারোয়ান সফিউল্লা সাহেবকে লাঞ্ছনা করেছে, সেই দারোয়ানের সামারি ট্রায়াল হওয়া উচিত, সেখানে প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত নয়। আমি প্রস্তুত নই বিধান সভার সদস্যদের সম্মান একজন দারোয়ানের সঙ্গে ইকোয়েট করার জন্য। সেখানে তার সামারি ট্রায়াল হওয়া উচিত, এগজিকিউটিভ ডিসিসান এখানে হওয়া উচিত। কারণ এই অভিজ্ঞতা আমাদের অনেকের আছে সব জায়গায় সম্পূর্ণ সম্মান পাওয়া যায় না, ন্যায্য সম্মান তাও পাওয়া যায় না। অভিযোগ যা আনা হয়েছে সেটা গুরুতর, এটা ফ্যাক্ট, এর জন্য ভেরিফিকেসানের প্রয়োজন নেই, কিন্তু সংকেত বা ইংগিত এই বিষয়ে তদন্তের অভিযোগের আমি বিরোধী নই। আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন রাখছি দারোয়ানের সংগে প্রিভিলেজ ইসুকে এক করবেন না, দারোয়ানকে প্রিভিলেজের সামনে/টেনে না এনে পরের যেটা ঘটনা সেটা এর থেকে বিচ্ছিন্ন ঘটনা নয়, সেই ঘটনার তদন্ত হোক, মর্যাদার যে প্রশ্ন তুলেছেন সেটা অপেক্ষাকৃত লঘু হয়ে যায়। এই ঘটনা যে কোন মাননীয় সদস্যদের বেলায় ঘটে যেতে পারে। আমি সে জন্য যেটা চাইছি সেটা হচ্ছে দারোয়ানের ডিপার্টমেন্ট বা বিধানসভার কাছে সামারি ডিসিসান হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাদ্রাজে যে চীপ হুইপ কনফারেন্স হয়েছিল, তখন আমি বিরোধী ডেপুটি চীপ হুইপ ছিলাম, সেখানে একটা কোড অব কনডাক্ট ঠিক হয়েছিল, সমস্ত রাজ্য বিধানসভাগুলিতে নির্দেশ দেওয়া আছে কি কোড অব কনডাক্ট হবে, কে কিভাবে ডিল করবে তাও বলা আছে, কি কার্টিসি দেখতে হবে তাও বলা আছে।

[2-40—2-50 p. m.]

আমরা যেটা গুরুতর অভিযোগ পাচ্ছি সেটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। প্রি-প্ল্যান্ড এই কথাটা সুকুমারবাবু বলেছেন। এই দুর্ঘটনার জন্য হয় প্রিভিলেজ কমিটির মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হোক বা ডিপার্টমেণ্টের মন্ত্রী যিনি রয়েছেন তিনি নিরপেক্ষ ইনস্ট্রুমেণ্ট সেটআপ করে, তদন্ত করে বিধানসভায় রিপোর্ট দিন এবং

সদস্যদের যে উদ্বেগ রয়েছে এই ব্যাপারে সেটা নোট করুন। আমার মনে হয় দারোয়ানের ঘটনাটা প্রিভিলেজে আনা সবদিক থেকে বোধহয় সমীচীন হবে না। আমি এটা অবশ্য মাননীয় সদস্যদের শুভবুদ্ধির কাছে রাখছি। আজকে মাননীয় সদস্য সফিউল্লা সাহেবের যে আঘাত সেটা আমাদের সকলেরই আঘাত। এই কথাটা চিন্তা করে, উপলব্ধি করে আমরা এর প্রতিশোধ বা প্রতিকার চাচ্ছি। তবে সেই পথ যেন অশোভনীয় অবস্থা সৃষ্টি না করে সেদিকে মাননীয় সদস্যরা দৃষ্টি রাখবেন এই অনুরোধ আমি রাখছি।

শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে কথা বললেন সেটা আমি শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারে আপনার কাছে সুবিচার প্রার্থনা করছি। কণ্ডাক্ট অব বিজনেসের রুল ২২৪-এ বলা আছে, এনি মেম্বার মে, উইথ দি কনসেণ্ট অব দি স্পীকার, রেইজ এ কোশ্চেন। আমি এই আবেদনটি আপনার কাছে রাখছি, আপনি আশাকরি এর বিচার করবেন যে, এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া যায় কিনা। মাননীয় সদস্য সফিউল্লা সাহেবের ক্ষেত্রে যে ঘটনা ঘটেছে সেই ঘটনার চেয়ে কম গুরুত্বপূর্ণ ঘটনা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ঘটে থাকে। মাননীয় সদস্য সফিউল্লা সাহেব বিধানসভার একজন প্রতিনিধি হিসেবে ওই কমিটির সদস্য এবং তিনি সরকারী কাজেই গিয়েছিলেন। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে এই অনুরোধ রাখছি বিধানসভার প্রতিনিধিরা জনসাধারণের কাজে বিভিন্ন সরকারী অফিসে যখন যাবেন তখন সেখানে তাঁদের যথাযথ মর্যাদা যেন রক্ষা করা হয়। আমি মনে করি প্রিভিলেজ কমিটির মাধ্যমে এর তদন্ত হওয়া দরকার। আমি শুধু বিধানসভার সদস্য হিসেবেই বিশেষ অধিকার চাই না, আমি মনে করি দেশের একজন নাগরিক হিসেবে আমার অধিকার থাকা উচিত।

Shri George Albert Wilson Deroze : Mr. Speaker, Sir with great respect I want to say that I do not follow the argument made by Hon'ble Minister, Dr. Zainal Abedin. A crime has been committed by a durwan. In a democratic society there is no difference between any kind of criminal whether he is the highest officer in the land or he is a durwan. There is no particular reason that because he is a durwan he should be dealt with at different level. This is an offence committed against a member of this House. I supp-

ort the proposition that this should go before the Privilege Committee as much as an offence committed by a high officer.

শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে বক্তব্য রেখেছেন সেটা আমি সমর্থন করি। আমি যদি ভুল শুনে না থাকি তাহলে মাননীয় মন্ত্রী অজিতবাবু বোধহয় এই কথাই বলেছেন যে, ৩ জন পিয়নের উপর সাসপেনসনের অর্ডার দেওয়া হয়েছে টিল ফার্দার এনকোয়ারী। শুধু তাই নয়, তার সংগে সংগে তিনি একাও বলেছেন যে, তিনি জানতে চেয়েছেন আমার কাছে না আসা পর্যন্ত কেন সাসপেণ্ড করা হয় নি অর্থাৎ আগে কেন তাদের সাসপেণ্ড করা হয় নি। স্যার, এখানে উপর থেকে একটা ষড়যন্ত্র থাকার সম্ভাবনা আছে। আমি এই ব্যাপারে আবেদন রাখছি সরকার দুটি ইস্যুর উপর তদন্ত করবে এবং তার একটা হচ্ছে কেন তারা এইভাবে তাঁকে অপমান করল এবং আর একটা হচ্ছে মিনিস্টারকে কেন সাসপেণ্ড করতে হল, অফিসার ইনচার্জ কেন তাদের সাসপেণ্ড করেননি। আমি আপনার কাছে এই দুটি জিনিস জানতে চাই।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ—স্যার, আমি যেকথা বলতে চাচ্ছিলাম চীফ সেক্রেটারী একটা সার্কুলার পাঠিয়েছেন তার মাধ্যমে তিনি বলেছেন এম, এল, এ.-রা গেলে পরে তাঁদের সংগে যেন সহযোগিতা এবং ভাল ব্যবহার করা হয়। আমি মনে করি তাহলে সহযোগিতার অভাব ছিল এবং জানি সহযোগিতার অভাব আছে। কবে শুনলে আশ্চর্য হব না মুখ্যমন্ত্রী সার্কুলার পাঠাবেন দপ্তরে দপ্তরে যে এম, এল, এ,-রা গেলে যেন ভাল ব্যবহার করা হয়। আমি মনে করি স্যার, এখানে প্রশ্ন হচ্ছে সফিউল্লা সাহেবের যে অপমান এর পেছনে শুধু পরিকল্পিত ব্যাপারই নয় এটা একটা য়্যাটিচুডের প্রশ্ন ও আছে। ডিপার্টমেন্টে ডিপর্টামেণ্টে যে বুরোক্রাটিক মনোভাব, পুরানো ইংরাজ আমলের যে কলোনিয়াল মনোভাব আছে সেন্টিমেন্ট আছে সেটাইকার্যকরী হচ্ছে। আমরা দাবী করব মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, এই য়্যাটিচুড অব দি বুরোক্রাটস এটাকে পাল্টানোর যেন চেষ্টা তিনি করেন।

শ্রীসিদ্ধার্থ শংকর রায় ঃ—অধ্যক্ষ মহাশয়, আমি ঘর থেকে শুনছিলাম যে খুবই গুরুতর অভিযোগ করা হয়েছে। তিন জন যে দারোয়ান যে এই অপকর্ম করেছে তাদের কেবল সাসপেণ্ড করা হয় নি, তাদের বিরুদ্ধে মামলা ও করা হয়েছে, তাদের গ্রেপ্তারও করা হয়েছে। কিন্তু সেটা বড় কথা নয়, এই সাহস পেল কোথা থেকে এটাই জানা দরকার এম, এল, এ.-রা হচ্ছেন জনপ্রতিনিধি, এটা পরিষকারভাবে প্রত্যেক

সরকারী কর্মচারী জানা দরকার মম, এল, এ,-রা যখন তাদের কাছে যান তিনি নিজে এম, এল, এ, হিসাবে বা ব্যক্তি হিসাবে যান না, তিনি যান ৭০ হাজার মানুষের প্রতিনিধি হিসাবে। তারজন্য আমি সরকারের তরফ থেকে এই কথা বলছি—স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে আমার এক্ষনি কথা হয়েছে ইনকোয়ারী হতে হবে অন্য কাউকে দিয়ে নয়, স্বাস্থ্যমন্ত্রী নিজে ইনকোয়ারী করবেন, উপরতলার কোন অফিসার দিয়ে নয়, যদি দেখি স্বাস্থ্য মন্ত্রীর ইনকোয়ারীর ফলে উপরতলার কোন অফিসার ইনভল্ভড আছেন তার বিরুদ্ধে আমরা একসন নেব এই বিষয়ে কোন সন্দেহ নেই। কোন অফিসার বা কোন জজ দিয়ে এনকোয়ারী নয়, এনকোয়ারী করবেন স্বাস্থ্যমন্ত্রী এবং তারপর রিপোর্টটা আমাকে দেবেন, আমার সরকার থেকে ক্যাবিনেট থেকে পরামর্শ করে উচিত ব্যবস্থা গ্রহণ করব। এই তিন জন দারোয়ানের কথা ডাঃ জয়নাল আবেদিন যা বলেছেন, সেটা তিনি ঠিকই বলেছেন. কারণ প্রিভিলেজ করে তাদের খুবই গুরুত্ব দেওয়া হবে। তাদের এ্যারেষ্ট করা হয়েছে এবং এফ, আই, আর-ও নিশ্চয়ই হয়েছে। সফিউল্লা সাহেব কখনোই মিথ্যা কথা বলবেন না, তাঁকে আমি অনেক দিন ধরে চিনি, আপনারাও চেনেন, আর কেনই বা তিনি এই দারোয়ানদের বিরুদ্ধে মিথ্যা কথা বলতে যাবেন! তাদের যে শাস্তি সেটা বিচারালয় থেকেই হবে। আর বিচারালয় থেকে শাস্তি হলে চাকুরীর ব্যাপারে আপনারা জানেন যে আইনে আছে যদি শাস্তি হয় তাহলে চাকুরী চলে যায়, কোন রকম পানিসমেণ্ট হলে চাকুরী চলে যায়। সুতরাং যখন এখানে প্রিভিলেজের প্রশ্ন উঠেছে তখন স্যার, আপনার রাইট আছে তবে যদি হাউস আমি যে কথা বলছি সেটা মেনে নেয় তাহলে আপনি বলতে পারেন যে, রায় দেবার দরকার নেই, আবার আপনি রায়ও দিতে পারেন। এটা আপনার ওপর ছেড়ে দিচ্ছি। এটা কি আমি ধরে নিতে পারি স্যার, যে আমি যেটা বললাম সেটা হাউস মেনে নিচ্ছেন। (সকল সদস্য ঃ—হ্যাঁ।) তাহলে ঠিক আছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ—মাননীয় স্পীকার মহাশয়, এখানে মাননীয় সদস্য শ্রীসুকুমার বন্দোপাধ্যায় মহাশয় যে প্রশ্নটা তুলেছেন তার মধ্যে দুটো ব্যাপার আছে। দারোয়ানের ব্যাপার যেটা মুখ্যমন্ত্রী বললেন পুলিশ কেস হয়েছে, এফ, আই, আর হয়েছে, কিন্তু প্রিভিলেজ কমিটি যদি কোন এ্যাক্সন নেয় তাহলে সে এ্যাক্সন আদালতের চেয়েও বড়। কারণ স্যার, আপনি জানেন ইউ. পি.-র একটা কেসের ব্যাপারে হাই কোর্ট বলেছে [illegible] সেই জন্য আমি মনে করি এটা যদি স্যার, ক্রিমিনাল কেস বা সাধারণ আপনারা মনে করেন-- দারোয়ানের ব্যাপার, তাহলে আমি বেদনার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি স্যার, কিছুদিন

আগে ডাক্তার এবং ইঞ্জিনীয়ারদের স্ট্রাইকের সময় একজন ডাক্তারের গাফিলতির জন্য পেসেন্ট মারা গিয়েছিল এবং তার জন্য এই বিধানসভায় কমিটি তৈরী করা হয়েছিল এবং বিধানসভার সেই কমিটি একটি রিপোর্টও পেশ করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেই রিপোর্ট বিধানসভায় আসেনি। সেই রিপোর্টে যে সুপারিশ করা হয়েছিল ডাক্তারের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য সেই ব্যবস্থা কিন্তু আজ পর্যন্ত নেওয়া হয়নি।

[2-50—3-00 p. m.]

সেইজন্য আমি মনে করি যে একটা ইমপার্শিয়াল কমিটি, এ্যাসেম্বলী কমিটি বা এ্যাসেম্বলী মেম্বার দিয়ে কমিটি গঠন করা উচিত। কেননা সরকারী আমলাতন্ত্রের এমনই ব্যাপার যে মন্ত্রী মহাশয়ের সদিচ্ছা থাকলেও এটা ঠিকমত করতে পারবেন বলে আমার মনে হয় না। কেননা, আমি নিজে ব্যক্তিগতভাবে সেই তদন্ত কমিটির সদস্য ছিলাম, আমি জানি, তিন বৎসর আগে রিপোর্ট দিয়েছি আজ পর্যন্ত কোন এ্যাক্সন নেওয়া হয়নি। তাই আপনার কাছে নিবেদন করবো এখানে নিশ্চয়ই এই বিষয় একটা ইমপার্শিয়াল কমিটি বা প্রিভিলেজ কমিটি বা এ্যাসেম্বলী সদস্য দিয়ে কোন কমিটি করা হোক যাতে এই যে জয়ন্তবাবু যিনি চিফ কনজারভেটার অব ফরেষ্ট, যার বিরুদ্ধে দিনের পরদিন এই বিধানসভায় সফিউল্লা সাহেব বলে গিয়েছেন, যার দুর্নীতির কথা দিনের পর দিন বলে গিয়েছেন, সেই লোকটার বিরুদ্ধে তিনি চক্রান্ত করে এইভাবে লাঞ্ছিত করেছেন, অপমানিত করেছেন, তার ব্যবস্থা হওয়া উচিত।

শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় ঃ—পুরঞ্জয়বাবু যা বললেন তাতে খানিকটা যুক্তি থাকতে পারে কিন্তু পুরঞ্জয়বাবুকে অনুরোধ করবো তিনি যা বললেন সেটা তিনি প্রেস করবেন না। মন্ত্রী এনকোয়ারি খুব তাড়াতাড়ি করতে পারবে এবং তাড়াতাড়ি যাতে এনকোয়ারিটা হয় তা ব্যক্তিগতভাবে আমি দেখবো। তাই আশা করি পুরঞ্জয়বাবু যেটা বললেন তার যুক্তি থাকলেও এটা তিনি জোর করবেন না।

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—স্পীকার মহাশয়, পুরঞ্জয়বাবু একটা ভুল বলেছেন যে এ্যাকশন নেওয়া হয়নি, তা ঠিক নয়। এ্যাকশন নেওয়া হয়েছে, তাকে সাসপেন্ড করা [illegible] এ্যাসেম্বলীর কোন কমিটি তৈরি করতে গেলে একটা রুলসের কমিটি করতে হয়।

আমি চেয়েছিলাম, আপনি তার সদস্য ছিলেন, আমি চেয়েছিলাম আপনারা তদন্ত করে আমাকে একটা রিপোর্ট দেবেন। আপনাদের রিপোর্ট অনুযায়ী একটা প্রাইমাফেসি কেস আমরা পেয়েছিলাম এবং সেই ডাক্তারবাবুকে আমরা সাসপেন্ড করেছি। এখন তার বিরুদ্ধে ডিসিপিলিনারি এ্যাকশন চলছে। আপনি জানেন না বলে কথাটা বললাম।

Mr. Speaker : Today on the floor of the House a mention of this incident was made by Shri Sukumar Bandyopadhyay, M.L.A. Many other speakers spoke on this issue including the present Minister-in-charge of Forest Shri Ajit Kumar Panja, Dr. Zainal Abedin and leader of the House Shri Siddhartha Sankar Ray. The Leader of the House was kind enough to assure that the allegation of assault on Shri Md. Safiullah, M.L.A. at the office of the Chief Conservator of Forests as mentioned on the floor of the House today would be thoroughly enquired into personally by Shri Ajit Kumar Panja, Minister-in-charge. The House was also satisfied that the aspect of privilege involved in this issue would also be taken care of in course of the proposed inquiry by the Minister himself. An assurance was also given by the Leader of the House that the report of such inquiry would be placed before the House in the next session.

I, therefore, consider that the time is not ripe to take a definite view on the question of privilege at this moment and the administrative machinery of the Government should be given the opportunity to take its full round of action in the matter as has been assured so the aspect of privilege may be viewed in the appropriate perspective.

I, therefore, propose not to take any action on this matter at this moment. But a copy of the letter written to me by Shri Md. Safiullah, M.L.A., may be sent to Shri Ajit Kumar Panja, Minister in-charge together with the extracts from the proceedings containing the speeches of different members on this subject on the floor of the House today in order to facilitate the enquiry to be conducted by the Minister.

The Burdwan University (Amendment) Bill, 1976

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the Burdwan University (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the tittle of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1976, be taken in to consideration.

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে দুই একটি কথা আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের সামনে রাখতে চাই। আমরা কিছু দিন আগেই একটা অর্ডিন্যান্স করেছিলাম, আজকে সেটা বিধানসভার মাধ্যমে আইনে পরিণত করার উদ্দেশ্যে এই বিলটা এখানে এনেছি। আমাদের একটু ইরেগুলার ব্যবস্থা চলছিল, আগে থেকে সেটা অর্ডিন্যান্স মারফত রেগুলারাইজ করার চেষ্টা করেছি। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ আগে থেকেই ক্যালকাটা ইউনিভার্সিটির য়্যাফিলিয়েটেড হয়ে আছে, যদিও বাঁকুড়ায় অন্যান্য সাধারণ কলেজগুলি বর্ধমান ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত। প্রথমতঃ প্রি-মেডিক্যাল কোর্স পড়াতো বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ য়্যাফিলিয়েটেড টু দি ইউনিভার্সিটি অব বার্ডওয়ান। তাদের সেইভাবেই পড়া চলছিল। আমরা সেটা পরিবর্তন করে বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজকে ক্যালকাটা ইউনিভার্সিটিতে আনার জন্য অর্ডিন্যান্স/এর ব্যবস্থা করেছিলাম শুধু ফর দি পারপাস অব দি প্রি-মেডিক্যাল কোর্স। আজকে সেই অর্ডিন্যান্সকে রেগুলারাইজ করার প্রস্তাব করা হয়েছে। এর ফলে প্রি-মেডিক্যাল কোর্সের পড়ার জন্য যে ক্রিশ্চিয়ান কলেজ আছে, সেটা ক্যালকাটা ইউনিভার্সিটিতে য়্যাফিলিয়েটেড থাকবে, ক্যালকাটা ইউনিভার্সিটি মোটামুটি তার বন্দোবস্ত, তার পরিচালনার দায়িত্ব নেবে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আমি সংক্ষিপ্ত বক্তৃতা দিতে চাই। আমি এটাকে সমর্থন করে ওঁকে দুটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ [illegible]সা বিদ্যা পড়াবে আর প্রাক চিকিৎসা বিদ্যা পড়াবে য়্যাফিলিয়েটেড কলেজ, এটা কতদিন চালু থাকাটা বাঞ্ছনীয় কিনা, তাতে জাসটিস হবে কিনা প্রি-মেডিক্যাল কোর্সের প্রতি সেটা শিক্ষা দপ্তরে মন্ত্রী মহাশয়কে

ভেবে দেখতে বলি, তিনি এ বিষয়ে কি মনে করেন সেটা জানতে চাই। দ্বিতীয় যে কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে, আমি অন্য প্রসংগে আসছি, এই বিধানসভায় আমরা বার বার বলেছি যে পশ্চিমবাংলায় একটা মেডিক্যাল ইউনিভার্সিটি করা হোক। সরকারী আর্থিক সামর্থ্য কতখানি হবে, কেন্দ্র থেকে টাকা আনতে পারবেন কিনা, বোধ হয় এটা এখন ভাববার সময় এসেছে বিশ্ববিদ্যালয় যে মেডিক্যাল য়্যাফিলিয়েশন দেয় প্রত্যক্ষ এবং পরোক্ষ ব্যবস্থাপনা করে, তার হাত থেকে মেডিক্যাল এডুকেশন নিয়ে একটা মেডিক্যাল ইউনিভার্সিটি করা। এ সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে মন্ত্রীসভায় তুলতে বলি। এটুকু বলেই তাঁর বিলকে সমর্থন করছি।

[3-00—3-40 p. m.]

Shri Monoranjan Pramanik : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে amendment বিলটা এনেছেন—Burdwan University Act সম্বন্ধে আমি এই amendment বিলটা সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বিলটা সমর্থন করতে গিয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন করছি যে গোটা Burdwan University Act-টার একটা ব্যাপক পরিবর্তন হওয়া দরকার বলে আমি মনে করি। Burdwan Act at 1959-এ তৈরী হয়েছে। তারপর থেকে গঙ্গা নদীর অনেক জল বয়ে গেছে—ব্যাপকভাবে সমাজের পরিবর্তন হয়েছে এবং শিক্ষাক্ষেত্রেও ব্যাপক পরিবর্তন এসেছে। কাজেই এই ব্যাপক পরিবর্তনের পরিপ্রেক্ষিতে আমি মনে করি এই আইনের একটু আধটু সংশোধন না করে গোটা Act নিয়ে একটা ব্যাপক পর্য্যালোচনা করে সামগ্রিক একটা সংশোধন এই আইনের হওয়া উচিত বলে আমি মনে করি। তার কারণ হিসেবে আমি প্রথমে বলছি—এই Burdwan University Act-এর clause 15 এ বলা হচ্ছে—Governor of the State of West Bengal shall be ex-officio Chancellor of the University and shall when present preside over a meeting of the University including the Convocation of the University.

আপনি স্যার দেখবেন—বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে রাজ্যপাল বা গভর্নর হচ্ছেন সবার উপরে এখন। কিন্তু এই বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে একটা ব্যতিক্রম দেখা যাচ্ছে। গভর্নরকে আমরা একটা ষ্টেটের হেড করতে পেরেছি। কিন্তু বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে গভর্নরকে সর্বোপরি ক্ষমতা দিতে পারিনি। সেখানে Vice-Chancellor হচ্ছেন সর্বেসর্বা। এই ত্রুটি এই ১৯৫৯ সালের বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের

আইনে রয়েছে। আজ ১৯৭৬ সাল অনেক পরিবর্তন সমাজে এসেছে গঙ্গা দিয়ে ও অনেক জল বয়ে গেছে। মাননীয় শিক্ষামন্ত্রী যে সংশোধনী এনেছেন তাকে আমি সমর্থন করছি। সেই সঙ্গে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে অদূর ভবিষ্যতে এই Burdwan University Act, 1959-এর একটা ব্যাপক পরিবর্তন হওয়া প্রয়োজন। সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে শিক্ষাক্ষেত্রেও বিরাট পরিবর্তন হয়েছে। আপনি জানেন ওখানে মেডিকেল কলেজ হয়েছে, দুর্গাপুর রিজিওন্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে—এইভাবে পরিধি বেড়েছে। তাই এর ব্যাপক পরিবর্তনের দরকার আছে বলে মনে করি। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অতি বিনয়ের সঙ্গে নিবেদন করছি তিনি এ বিষয়ে একটু চিন্তা করুন।

সর্বশেষে এই যে সংশোধনী আনা হয়েছে, এটাকে আমি সম্পূর্ণ আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Mrityunjoy Banerjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঠিক এই যে সংশোধনী বিলটা আছে এটার উপর মন্তব্য খুব কম এসেছে। কাজেই এ নিয়ে উত্তর দেবারও কিছু নাই। তবে বিশ্বনাথবাবু বলেছেন, premedical পড়া সাধারণ কলেজে না হলেই ঠিক ছিল। তিনিও তো সাধারণ কলেজে পড়ান। আমি মনে করি না যে premedical-এর basic subject-গুলি সাধারণ কলেজে পড়ান যাবে না। তারা তো ৪।৫ বছর মাত্র মেডিকেল কলেজে পড়ে। তার আগে ১০/১২ বছর যেটা foundation সেটা তো সাধারণ শিক্ষালয়ে হয়ে থাকে। তাছাড়া অনেক সময় সেখানকার অবস্থার পরিপ্রেক্ষিতে, সেখানকার facilities, availabilities-এ জিনিস দরকার হয়। কাজে কাজেই আমাদের এই ব্যবস্থা করতে হয়েছে। আমি বিশ্বাস রাখবো—মাননীয় সদস্যগণ আমার এই সংশোধনী অনুমোদন করবেন।

The motion of Shri Mrityunjoy Banerjee that the Burdwan University (Amendment) Bill, 1976, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 3 and the Preamble

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hour)

(After Adjournment.)

The Calcutta University (Amendment) Bill, 1976.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1976, and place a statement as required under rule 72(i) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1976, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি এই প্রসঙ্গে দু একটি কথা মাননীয় সদস্যদের সামনে রাখতে চাই। আমাদের কলকাতা ইউনিভারসিটির ১৯৬৬ সনের আইনে তার উপাচার্য্য মহোদয়ের আমাদের মূল মাসে ৩ হাজার টাকা সর্বসমেত বেতন দেওয়া হতো তিনি তাঁর কার্য্যকালের সুরু থেকেই একটা ইউনিভার্সিটির বাড়ীতে থাকতেন এবং তারজন্য অবশ্য তিনি কিছু রেন্টদিতেন। পরবর্তীকালে ১৯৭৪ সালে কলকাতা ইউনিভার্সিটি সিণ্ডিকেট তারা একটা প্রস্তাব গ্রহণ করেন যাতে তারা সুপারিশ করেন অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যকেও ফুল এ্যাণ্ড ফারনিসড কোয়াটার দেওয়া হক। অবশ্য এটা সিণ্ডিকেটের ক্ষমতার মধ্যে পড়ে না। তাই আমরা সেই সুপারিশ অনুযায়ী আইন প্রবর্তন করতে হয়েছিল। আমরা এই আইনটি অর্ডিন্যান্স বলে প্রবর্তন করি।

[3-40—3-50 p. m.]

আজকে সেই অর্ডিন্যান্সটি বিধানসভার সামনে আইনে পরিণত করবার জন্য প্রস্তাব নিয়ে এসেছি। মোটামুটি অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে মাননীয় উপাচার্য-গণকে আমরা যে বেতন দিই তাছাড়া ফ্রী ফারনিসড কোয়াটার দেওয়া হয় Free use fo University car for the purpose of University. দেওয়া হয় এখানে তার

প্যারালাল প্রভিসন হিসাবে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ৩ হাজার টাকা মাইনে দেওয়া ছাড়া ফ্রী কারনিসড কোয়াটার এই সুযোগ দেবার উদ্দেশ্যে এই সংশোধনী করা হয়েছিল। আজকে সেইজন্য এই সংশোধনী বিলটি উত্থাপিত হয়েছে।

340—345 p. m.

শ্রী প্রত্যুৎ কুমার মহান্তি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় The Calcutta University (Amendment) Bill, 1976

যেটা আমাদের কাছে উপস্থিত করেছেন সেটা এর পূর্বে মাননীয় রাজ্যপালের অর্ডিন্যান্স অনুযায়ী effective হয়ে গেছে। উনি সেটাকে আইনে পরিণত করার জন্য বিলের আকারে এখানে উপস্থিত করেছেন। মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য রাখতে গিয়ে বললেন যে আমাদের পশ্চিমবাংলায় যে কয়টি ইউনিভার্সিটি আছে কলিকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া সেই সব বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার-রা মাহিনা পান মাসে ২৫০০ টাকা, well furnished quarter এবং University Car অথচ ১৯৬৬ সালের এ্যাক্ট অনুযায়ী/কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার পান ৩০০০ টাকা, well furnished/এর কথা নেই। কেবল লেখা আছে inclusive of all allowances, he will get Rupees 3000/- per month.

জানি না তখনকার বিধানসভা কি ভেবে এটা করেছিলেন। আমার মনে হয়েছে যেহেতু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার-রা সাধারণতঃ কলিকাতার বাসিন্দা, কলিকাতাতে বাড়ী-ঘর আছে। সেই জন্য হয়ত well furnished quarter এর কথা ভাবেননি। অপরপক্ষে বর্ধমান, উত্তরবঙ্গ, যাদবপুর ও কল্যাণী বিশ্ববিদ্যালয়গুলি কলিকাতার বাহিরে বলে সেখানে কলিকাতা থেকে লোক পাঠাতে হতে পারে ভাইস-চ্যান্সেলার হিসাবে। তাই সেখানে furnished/quarter এর কথা লিখেছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় একটি বিখ্যাত এবং এশিয়ার বৃহত্তম বিশ্ববিদ্যালয়। তার ভাইস-চ্যান্সেলার well furnished quarter পেতে পারেন, University Car ব্যবহার করতে পারেন এর provision নিশ্চয়ই থাকা উচিত এবং আজকের amendment দ্বারা এই যে উপরোক্ত সুযোগগুলো দেওয়া হয়েছে তা আমি আন্তরিকভাবে সমর্থন করি। এই amendmend অনেক আগে আনা উচিত ছিল এ বিষয়ে কোন সন্দেহ নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আপত্তি অন্য জায়গায় এবং সেই আপত্তি আমি রাখছি। মন্ত্রী মহাশয় বলেছেন "as the assembly

was not in session the amendment was made by an ordinance, The Calcutta University Amendment Ordinance, 1976 whice was promulgated by the Governor and published in the 14th June, 1976 and made effective from the date of appointment of the first Vice-Chancellor under the Calcutta University Act, 1966.

আমি জানতে চেয়েছিলাম বিধানসভার সচিবের কাছ থেকে কবে Uuder the Act of 1966 প্রথম ভাইস-চ্যান্সেলার appointed হয়েছে, কেননা ঐ তারিখটা আমার জানা নেই বা মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যেও উল্লেখ নাই। একটা কথা জানলাম Calcutta University-এর Syndicate ১৯৭৪ সালের ৬ই সেপ্টেম্বর এই সব সুযোগ সুবিধা দেওয়ার কথা recommend করেছেন এবং resolution এর মাধ্যমে মন্ত্রী মহাশয় বলেছেন বেল সিণ্ডিকেট থেকে অনুরোধ করলে তো হতে পারে না যতক্ষণ পর্য্যন্ত আইনে পরিণত না হয় ততক্ষণ পর্য্যন্ত effective হতে পারে না।

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে আমার জিজ্ঞাসা যে দিন আপনারা এই অর্ডিন্যান্স promulgate করলেন অর্থাৎ ১৪ই, জুন, ১৯৭৬ সেদিন থেকে effective না করে ৬ই সেপ্টেম্বর, ১৯৭৪ সাল যেদিন সিণ্ডিকেট recommend করে আপনাদের কাছে পাঠালো, খুব বেশী পেছনে হলে সেদিন থেকে effective না করে একেবারে from the date of appointment of first Vice-Chancellor অর্থাৎ ১৯৬৬ সাল থেকে কেন effective করলেন ? এই বিলে কোন Financial memorandum দেওয়া নেই—কারণটা বোধহয় সরকারের টাকা যাচ্ছে না, টাকা যাচ্ছে কলিকাতা বিশ্ববিদ্যালয় তহবিল থেকে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন কেবলমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয় নয় সমস্ত বিশ্ববিদ্যালয় আমাদের এই রাজ্যে ভিক্ষা পাত্র নিয়ে সরকারের কাছে দিনের পর দিন হাজিরা দিচ্ছেন। আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য্য যিনি একটি বই "The largest and the poorest University/Calcutta University কে লক্ষ্য করে লিখে আমাদের কাছে পাঠিয়েছেন সেই বিশ্ববিদ্যালয়ের টাকা ১৯৬৬ সালের retrospective/effect দিয়ে দেওয়ার কি যৌক্তিকতা আছে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে এখাতে রাখবেন কি ?

যেখানে কলিকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সরকারের কাছে, রাজ্য সরকারের কাছে দিনের পর দিন ধর্না দিচ্ছে টাকার জন্য বিশ্ববিদ্যালয় চালাতে গিয়ে সেখানে এই সুযোগ সুবিধা from the date af promulgation of this ordinance effect

না দিয়ে অথবা from the date of recommendation by the Syndicate. না দিয়ে একেবারে ১৯৬৬ সাল থেকে effect দেওয়ার কোন অর্থ হয় কি ?

এটা পরিস্কার না জানলে এটা আমাদের মনে হতে পারে Calcutta University-এর ভাইস-চ্যান্সেলার আইনের মধ্যে না থাকা সত্ত্বেও এই সুযোগ সুবিধাগুলি বেআইনীভাবে ১৯৬৬ সাল থেকে ভোগ করে আসছেন এবং তাঁকে regularise করার জন্য Amendment আনা হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের Right of reply-তে এগুলো জানতে চাই। Calcutta University এর ভাইস-চ্যান্সেলার শ্রীসত্যেন্দ্র নাথ সেন মহাশয়ের প্রতি ব্যক্তিগতভাবে আমি খুবই শ্রদ্ধাশীল কিন্তু ভাইস-চ্যান্সেলার এর কাজ করতে গিয়ে এমন অনেক কাজ তিনি করেছেন বা করতে বাধ্য হয়েছেন চক্রের আবর্তে পড়ে সেই সমস্ত কাজের আমি সমালোচক হলেও এক্ষেত্রে সে বলার প্রয়োজন নেই।

কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের বর্তমান আর্থিক দুরবস্থার চিন্তা করে কেন এই সুযোগ সুবিধার জন্য যে অর্থ ব্যয় করা হয়েছে বা হবে তা ১৯৬৬ সাল থেকে effective করা হোল তা বিধানসভার সদস্যরা অনেকে জানতে চাইবেন। আমি তাই Calcutta University এর স্বার্থে retrospective effect দেওয়ার বিরোধীতা করে এই বিলকে সমর্থন করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ —মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৬ এনেছেন তাকে সমর্থন করছি। গোটা ভারতবর্ষের মধ্যে বৃহত্তর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য মহাশয়, অন্যান্য বিশ্ববিদ্যালয় যে সমস্ত সুযোগ সুবিধা পেয়ে আসছেন, সেগুলি থেকে তিনি বঞ্চিত ছিলেন। আজকে দুভাগ্যের বিষয় হল এই, দীর্ঘদিন ধরে এইভাবে বঞ্চিত থাকার কারণ সরকার উপলব্ধি করতে পেরেছেন এবং উপলব্ধি করতে পেরেছেন বলেই ওয়েল ফার্নিসড কোয়ার্টার্স, তার সাথে বিশ্ববিদ্যালয়ের কাজের সুবিধার জন্য একটা গাড়ী এবং এইগুলি তাঁর মাসিক বেতন ৩ হাজার টাকার সাথে যুক্ত থাকছে না—এর জন্য একটা সেপারেট এ্যারেঞ্জমেন্ট করা হচ্ছে। স্বাধীনতার পরে যে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির জন্ম হল তার উপাচার্য্য মহাশয় যে সকল সুযোগ সুবিধা গ্রহণ করেছেন, অত্যন্ত দুঃখ এবং পরিতাপের বিষয় যে ভারতবর্ষের মধ্যে একটি বৃহত্তর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য মহাশয় এতদিন পর্যন্ত সেই সমস্ত সুযোগ সুবিধা থেকে বঞ্চিত ছিলেন।

আজকে এই ব্যবস্থাপনার জন্য মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেটাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানি না এটা

প্রাসংগিক হবে কিনা, এই বিলের আলোচনা প্রসঙ্গে আমি আরো দু/একটি কথা বলতে চাই। কলকাতা বিশ্ববিদ্যালয় যা ভারতবর্ষের মধ্যে একটা নামকরা বিশ্ববিদ্যালয় সেই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিভিন্নভাবে যারা যুক্ত আছেন তাদের অসুবিধাগুলির কথাও আমাদের এই ভাবেই উপলব্ধি করার দরকার আছে বলেই আমি মনে করি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় জানেন, এই বিশ্ববিদ্যালয়ের আর্থিক দুরবস্থা কি রকম। আজকে এই আর্থিক দুরবস্থার বিলোপসাধন করা একান্ত প্রয়োজন। কারণ আজকে লক্ষ লক্ষ ছাত্র ছাত্রীর ভবিষ্যত এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জড়িত। আজকে যে ভাবে মাননীয় উপাচার্য্য মহাশয়ের ব্যক্তিগত অসুবিধাগুলি—বিশ্ববিদ্যালয় চালাতে গেলে তাঁকে সময় দিতে হয় কাজেই তার অসুবিধাগুলি দুর করা দরকার, দুর করা হচ্ছে তেমনি লক্ষ লক্ষ ছাত্র ছাত্রীর যে সমস্ত অসুবিধা আছে সেগুলিও দুর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়, আজ যে বিল উত্থাপন করেছেন আমি সেই বিলটি সমর্থন করছি। সমর্থনের পক্ষে যে যুক্তি গুলি সেগুলি স্বভাবতঃই সকলে বলেছেন এবং বলবেন, আমি আর এ সম্পর্কে বিস্তৃতভাবে বলতে চাই না। স্যার, আমি মাননীয় প্রদ্যুতবাবুর বক্তৃতা শুনছিলাম প্রদ্যুতবাবু কিছু যেন মনে না করেন, আমি আপনার মাধ্যমে স্যার, কয়েকটা কথা বলছি। স্যার, এই বিধানসভায় সব কিছু বলার অধিকার সকলের আছে। কিন্তু স্যার, আমরা আলোচনা করছি একা একজালটেড পোষ্ট সম্পর্কে। কলকাতা বিশ্ব বিদ্যালয় ভাইস-চ্যান্সেলারের পদ আমাদের স্বাধীনতার আগে থেকে এমন বড় বড় লোক অলংকৃত করেছিলেন যাঁরা আমাদের উনবিংশ এবং বিংশ শতাব্দীর সমাজ আন্দোলন এবং শিক্ষা আন্দোলনের নেতা ছিলেন। পরবর্তীকালে অবশ্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের লোকজন এবং ভাইস-চ্যান্সেলারের পদ সম্পর্কে বা এ্যাপয়েটমেণ্ট সম্পর্কে আপত্তি এবং বিতৃষ্ণা থাকলেও কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে আমরা একটু দুর্বল এই পোষ্ট সম্পর্কে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার একটা বিল এনেছেন, সিন্ডিকেট অনুরোধ করেছিলেন, এখন সেই রেট্রোসপেকটিভ এফেক্ট কবে থেকে তারা দেবেন সেখানে তাদের ইচ্ছা অনুযায়ী সরকার করেছেন।

আমার মনে হয় না সরকারের এই ব্যাপারে কিছু করার আছে। উনি বিলটি উত্থাপন করার সময় বাড়ী করার ব্যাপারে যে কথা বলেছেন, সম্ভবত সেই ব্যাপারে যে anomolous position ছিল, বিল পাশ হবার পরে অর্ডিন্যান্স-এর পর সেটা regularise হচ্ছে। এই সম্পর্কে বেশী টাকা নাই বা দুর্নীতির পরোক্ষ থাকা উচিত

নয়। আমার বিশেষ করে বর্তমান যিনি Vice-Chancellor আছেন, ১৯৬৬ সালের থেকে তার প্রতি পরিপূর্ণ শ্রদ্ধা আছে। প্রদ্যুৎবাবু তো একজন শিক্ষক, সেজন্য তিনি এই ব্যাপারে ইঙ্গীত না দিলে ভাল করতেন। যাই হোক, এই বিল উত্থাপন হয়েছে, এটা পাশ হল, ভাল হয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের Vice-Chancellor যা পাবেন সেই সুযোগ-সুবিধা তাকেও দিন। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী ২'১টি কথা নিবেদন করতে চাই। আমাদের তরুণ বন্ধু কাশীবাবু খুব আবেগের সঙ্গে বিশ্ববিদ্যালয়কে বাঁচাবার কথা বলেছেন এই বিষয়ে কোন সন্দেহ নেই। আমি শুধু আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলি যে উপাচার্য্য বিশ্ববিদ্যালয়ের সব থেকে উঁচুতে আছেন। কলকাতা বিশ্ববিদ্যালয় তো বড় বিশ্ববিদ্যালয়। তাকে চালান অসংখ্য কর্মী। এবং অধ্যাপকরা, কর্মীরা সকলে মিলে বিশ্ববিদ্যালয়কে ভাল করতে পারেন। এ ব্যাপারে ছাত্ররাও একটা বড় উপাদান। আমি ছাত্রদের পরিচালনায় আনবার কথা ভেবেছি। আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলি, উপাচার্য্যের বেতন ইত্যাদি সুযোগ-সুবিধা সম্পর্কে যে anomoly ছিল, সেটা আপনি দূর করলেন। কিন্তু আপনি জানেন যে বিশ্ববিদ্যালয়ের অসংখ্য কর্মচারী বর্তমানে বিক্ষুব্ধ। এই প্রসঙ্গে ধান ভাঙতে শিবের গীত হলেও আপনাকে মনে করিয়ে দিই, পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের সরকারের মতই যখন সরকারী কর্মচারীদের pay scale-এর সঙ্গে D. A. marge হয়ে গেল তখন তাদেরও D. A. marge হয়ে যায় pay scale-এর সঙ্গে এবং তারা যে মাইনা পেতেন। এরপর সরকার একটা সাধারণ বেতনক্রম করলেন বিশ্ববিদ্যালয় কর্মচারীদের জন্য এবং সেটাতে দেখা গেল যে কলকাতা বিশ্ববিদ্যালয় তো বটেই সমস্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের বেতন ৩৫ টাকা থেকে ৭০ টাকা কমে গেছে। এটা শিক্ষামন্ত্রী মহাশয় জানেন। আমি তাঁকে বলবো যে এই বিষয়ে তারা বিক্ষুব্ধ। বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরাও একটা বড় উপাদান। এই যে result বেরুতে দেরী হয়, অসুবিধা হয়, এদের সহযোগিতা ছাড়া একা Vice-Chancellor পারেন না, Controller পারেন না, Registrar পারেন না। কাজেই এটা দূর করার জন্য তাঁকে অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, তাঁর যে pay protection দেবার সুযোগ আছে। যেটা syndicate দিতে চেয়েছেন, Vice-Chacellor দিতে চেয়েছেন সরকার সেই সুযোগ তাদের দিচ্ছেন না সে সম্পর্কে যেন সরকার একটা সিদ্ধান্ত গ্রহণ করেন কর্মচারীদের পক্ষে। তৃতীয় আর একটি কথা, মানীয় অধ্যক্ষ মহাশয়, Vice-Chancellor-এর allowance বাড়ালেন। কিন্তু সরকারী কর্মচারীদের যে পরপর additional D.A. বাড়ালেন সেটাও তারা বিশ্ববিদ্যালয় কর্মচারীদের দিচ্ছেন

না কেন, এটা চিন্তা করা দরকার। আজকে তারা বিক্ষুব্ধ হয়ে আছে। মাননীয় শিক্ষা মন্ত্রীকে বলবো, এটা এই বিল সম্পর্কে খানিকটা অপ্রাসংগিক হলেও বিশ্ব-বিদ্যালয়ের ব্যাপারে যখন এসব কথা এসেছে তখন এই ব্যাপারে সরকারকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং কর্মচারীদের বিক্ষোভকে প্রশমিত করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের আর্থিক দুরবস্থার কথা সকলেই জানেন, প্রায়ই ভিক্ষাপাত্র হাতে নিয়ে বিশ্ববিদ্যালয় মন্ত্রীসভার কাছে আসেন। গাড়ী দেবার ব্যবস্থা হয়েছে, সেটা খুব ভাল হয়েছে। কেন না, রোজ writers' Buildings-য়ে আসবার জন্য Vice-Chancellor-দের গাড়ী দরকার হয়। আমি ২ মাসের মধ্যে যে কয়দিন writers' Buildings গেছি সেখানে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের Vice-Chanellor-কে দেখেছি। সম্ভবত তিনি টাকা তুলবার জন্য আসেন। এখন বিশ্ববিদ্যালয়ের পরিবর্তন এবং তার পুনর্গঠন সম্পর্কে সরকার কি করবেন আমি জানি না, Gharni Committee একটা report করেছিলেন সেটাও shelved, U.G.C যে নূতন নূতন সুপারিশ করেছেন সেগুলি কি হবে আমি জানি না। তবে কলিকাতা বিশ্ববিদ্যালয়কে বাঁচানোর দায়িত্ব আমাদের সকলের আছে। এই ব্যাপারে সকলেই সহযোগিতা করবে। একা সরকার পারেন না। কিন্তু একটা সিদ্ধান্ত গ্রহণ করলে শিক্ষাবিদ, ছাত্র, শিক্ষক সকলের সহযোগিতায় একটা পরিনর্তন ঘটান যায়, তাদের আর্থিক অবস্থা সুদৃঢ় করা যায় এবং সেকথা আমাদের বন্ধু কাশীবাবু বললেন যে লক্ষ লক্ষ ছাত্র ছাত্রীর ভবিষ্যৎ এই বিশ্ববিদ্যালয়ের সংগে জড়িত সেই ব্যাপারে আমাদের একটা দৃঢ় পদক্ষেপ এবং একটা সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোন ব্যক্তির উপর দোষ দিয়ে বলছি না। system-টা এমন হয়েছে যে একটা পরীক্ষা হলে এক বছর বাদে তার result বেরুবে। একটাপরীক্ষা হলে তাতে শতকরা ১৫, ২০, ৩০ জন পাশ করবে। এটা একটা সাংঘাতিক অবস্থা হয়েছে। আসুন, আমি শিক্ষামন্ত্রীর কাছে বলি, ছোটখাট amendment তিনি পাশ করছেন, ছোটখাট অন্যায়, অযৌক্তিক যেগুলি ছিল সেটা তিনি দুর করছেন, সামগ্রিকভাবে এই বিশ্ববিদ্যালয়কে বাঁচাবার জন্য হাত বাড়ান। আমরা সকলে মিলে সমবেত প্রচেষ্টায় পরিবর্তন করি। এই বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 p.m.]

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সামনে বিশ্ববিদ্যালয়ের যে ১৯৬৬ সালের বিধানটি তৈরী হয়েছিল, তারই অষ্টম ধারার দ্বিতীয় উপাধারা সংশোধনের জন্য শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এনেছেন। আমি এটাকে নিশ্চয়ই সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে আমি ভাবছি, কতদূর পর্যন্ত এই সমর্থনটা রাখা যায়। এই কারণে যে আমরা আশা করেছিলাম যে ১৯৭৪ সালের ৬ই সেপ্টেম্বর যে প্রস্তাব সিণ্ডিকেট পাঠিয়েছিল তার অনেক আগেই বিচার হবে এবং তার অনেক আগেই এই এ্যাক্ট অর্ডিন্যান্স হবে এবং এ্যাক্ট হিসাবে পাশ হয়ে যাবে। আমার যতদূর মনে আছে ১৯৭৪ সালের ৬ই সেপ্টেম্বর বোধ হয় সিণ্ডিকেটে রেজলিউশনটা শুধুমাত্র ভাইসচানসেলারকে কেন্দ্র করে ছিল না। আমার যতদূর মনে হচ্ছে, সিণ্ডিকেটের রেজলিউশনটা ভাইসচানসেলার এ্যান্ড প্রো-ভাইসচানসেলারস ছিল। অর্থাৎ উপাচার্যের গাড়ির ব্যবস্থা ইউনিভার্সিটি করতে বাধ্য ছিল, ইনক্লুশিভ অল এ্যালাউয়েন্সেস. তা সত্ত্বেও প্রয়োজন হয় এবং সহ উপাচার্য্য দুজনেরও গাড়ির ব্যবস্থা করতে হয়েছিল। রেজিষ্ট্রারের গাড়ি আছে, ভাইস-চানসেলার এবং প্রো-ভাইস-চানসেলারের ব্যবস্থা ইউনিভার্সিটিকে করতে হয়েছিল। যখন অষ্টম ধারার দ্বিতীয় উপধারা সংশোধন করছেন, তখন আশা ছিল এটা পূর্ণাঙ্গ ভাবে করবেন, এখানে সহ উপাচার্য্য এবং উপাচার্যের ব্যাপারে পূর্ণাঙ্গ ব্যবস্থা করবেন। তা তিনি করলেন না। কেন, সহ উপাচার্য্য তো ইনক্লুসিভ অব অল এ্যালাউয়েন্সেস—আমরা সিণ্ডিকেটে ঐ কথা বলেছিলাম, সহ উপাচার্যের কথা বলা হয়েছিল বলে আমার ধারণা। সহ উপাচার্য্য আজও গাড়ি ব্যবহার করছেন, সেই গাড়ি তিনি ব্যবহার করতে পারেন না, হয়তো আইনগতভাবে হত, সেটাকে এই ধারার মধ্যে আনলে পূর্ণাঙ্গ হত। এবারে আর একটা কথা বলবার আছে, আপনারা জানেন নতুন ইউ. জি. সি. পে স্কেল সংশোধিত হয়েছে। প্রিন্সিপ্যালদের দুটো স্কেল আছে, একটা স্কেলে যদিও আট দশজন পাবেন পশ্চিমবাংলায়। একটা স্কেল ২ হাজার ৫ শত টাকা এবং ইউনিভার্সিটির অধ্যাপক ২ হাজার ৫ শত পর্য্যন্ত। রেজিষ্ট্রার, কণ্ট্রোলার, ইন্সপেক্টার অব কলেজেজ এদের স্কেল ২ হাজার পাঁচ শত, আর প্রো ভাইসচানসেলারের ২২৫০, কিন্তু এঁদের সকলের উপরে প্রো-ভাইসচানসেলার, সেখানে আপনি অল ইনক্লুশিভ দেখলেন না। একটা জায়গায় এ্যানমলি দূর করবার চেষ্টা করলেন বটে, কিন্তু সেই রেজলিউশনে প্রোভাইসচানসেলারের সম্বন্ধে যে উল্লেখ করা ছিল, সেটা আনলেন না। সুতরাং এই যে বিল এনেছেন, এটা নিশ্চয়ই সমর্থনযোগ্য, সেই সঙ্গে পূর্ণাঙ্গ বিল আনতে প্রোভাইসচানসেলারের কথা বলতে হবে। তা না বললে দুদিক থেকেই ইউনিভার্সিটির এ্যানমলি থেকে যাচ্ছে। একদিক থেকে তাঁদের মাইনে

প্রফেসার, রেজিস্ট্রারদের থেকেও কম হয়ে আছে আজকে যিনি প্রফেসার হয়ে চলেছেন, তিনি তো ২৫০০ টাকা মাইনে পাচ্ছেন, তিনি আবার প্রোভাইসচানসেলার হয়ে আসবেন কেন, আবার ২২৫০ থেকে আরম্ভ করতে যাবেন কেন? আর একটা কথা বলবো, ভাইসচানসেলারকে অন্যান্য জায়গায় ২ হাজার ৫০০ টাকা দেওয়া হয় এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে তিন হাজার টাকা দেওয়া হয়। সুতরাং প্রোভাইসচান-সেলারের ২২৫০ টাকা থাকতে পারে না, যদি ২ হাজার ৫০০ টাকা করেন. তাহলে অন্যান্য ইউনিভার্সিটির ভাইসচানসেলারদের ২৭০০ টাকায় রাখতে হয়, তাহলে এই প্রোভি. সি. মাইনেটা কিরকম হবে, সেটা আবার ভাবতে হবে।

সুতরাং এই সমস্ত জিনিস চিন্তা করলে ভাল হোত। আর একটা কথা বলব আপনি রবীন্দ্র ভারতী, নর্থ বেঙ্গল, বর্ধমান, যাদবপুর ২৫০০ করলেন, আর কোলকাতায় ৩ হাজার করলেন—কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সম্মান এজন্য কি? নীতির দিক থেকে বিচার করতে হবে। এরা হচ্ছে affiliated under at par হওয়া উচিৎ ছিল। কোলকাতার কলেজের অধ্যাপক, আর গ্রামের কলেজের অধ্যাপকের মাইনে একই থাকছে। রবীন্দ্রভারতী, যাদবপুর, কল্যাণীর সঙ্গে সমান করে কোলকাতা যেমন রাখেন নি, তেমনি বর্ধমান, নর্থবেঙ্গল রাখবেন কিনা এই সমস্ত জিনিস চিন্তা করে একটা পূর্ণাঙ্গ বিল আপনাকে করতে হবে। না হলে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের anomally দূর হবে না Pro-V. C. ২২০০ টাকায় পাবেন না, কারণ উপরের অফিসার হবে কম মাইনে নেওয়া যায় না দেওয়াও যায় না। এই প্রসঙ্গে বিশ্বনাথবাবু ও কাশীবাবু যেসব কথা বললেন তা চিন্তা করতে হবে। সুতরাং শুধু মাইনে বৃদ্ধি করলেই হবে না, যেসব anomally গুলি আছে যেসব Pro-V.C.-এর ব্যাপার এর সঙ্গে সঙ্গে salary-র ব্যাপারগুলি যা আছে সেগুলিও দেখতে হবে। এবং দেখে একটা পূর্ণাঙ্গ বিল আনুন না হলে ২ বছর পর এই বিল আনুন। এই বিল নিশ্চয় সমর্থন করছি এবং বলছি আর একটা বিল আনুন না হলে ২ বছর পর এই বিল এল, তাতে আরও ২বছর পরে এলে কি হবে জানি না। প্রসেনবাবু বললেন বেআইনী নিশ্চয় তাই, কারণ all inclusive বলে যা ঘটছে সেটা দূর করার ব্যবস্থা করুন। সুতরাং আর একটা পূর্ণাঙ্গ বিল আনুন এবং এই বিলকে পুনঃ সমর্থন করে শেষ করছি।

Shri George Albert Wilson-Derose : Mr. Speaker, Sir, I support this Bill but I have just only to say that the amount asked for is too low. At Rs. 2, 500·00 I do not see how you can get someone

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সামনে বিশ্ববিদ্যালয়ের যে ১৯৬৬ সালের বিধানটি তৈরী হয়েছিল, তারই অষ্টম ধারার দ্বিতীয় উপাধারা সংশোধনের জন্য শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এনেছেন। আমি এটাকে নিশ্চয়ই সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে আমি ভাবছি, কতদূর পর্যন্ত এই সমর্থনটা রাখা যায়। এই কারণে যে আমরা আশা করেছিলাম যে ১৯৭৪ সালের ৬ই সেপ্টেম্বর যে প্রস্তাব সিণ্ডিকেট পাঠিয়েছিল তার অনেক আগেই বিচার হবে এবং তার অনেক আগেই এই এ্যাক্ট অর্ডিন্যান্স হবে এবং এ্যাক্ট হিসাবে পাশ হয়ে যাবে। আমার যতদূর মনে আছে ১৯৭৪ সালের ৬ই সেপ্টেম্বর বোধ হয় সিণ্ডিকেটে রেজলিউশনটা শুধুমাত্র ভাইসচানসেলারকে কেন্দ্র করে ছিল না। আমার যতদূর মনে হচ্ছে, সিণ্ডিকেটের রেজলিউশনটা ভাইসচানসেলার এ্যান্ড প্রো-ভাইসচানসেলারস ছিল। অর্থাৎ উপাচার্যের গাড়ির ব্যবস্থা ইউনিভার্সিটি করতে বাধ্য ছিল, ইনক্লুশিভ অল এ্যালাউয়েন্সেস. তা সত্ত্বেও প্রয়োজন হয় এবং সহ উপাচার্য্য দুজনেরও গাড়ির ব্যবস্থা করতে হয়েছিল। রেজিষ্ট্রারের গাড়ি আছে, ভাইস-চানসেলার এবং প্রো-ভাইস-চানসেলারের ব্যবস্থা ইউনিভার্সিটিকে করতে হয়েছিল। যখন অষ্টম ধারার দ্বিতীয় উপধারা সংশোধন করছেন, তখন আশা ছিল এটা পূর্ণাঙ্গ ভাবে করবেন, এখানে সহ উপাচার্য্য এবং উপাচার্যের ব্যাপারে পূর্ণাঙ্গ ব্যবস্থা করবেন। তা তিনি করলেন না। কেন, সহ উপাচার্য্য তো ইনক্লুসিভ অব অল এ্যালাউয়েন্সেস—আমরা সিণ্ডিকেটে ঐ কথা বলেছিলাম, সহ উপাচার্যের কথা বলা হয়েছিল বলে আমার ধারণা। সহ উপাচার্য্য আজও গাড়ি ব্যবহার করছেন, সেই গাড়ি তিনি ব্যবহার করতে পারেন না, হয়তো আইনগতভাবে হত, সেটাকে এই ধারার মধ্যে আনলে পূর্ণাঙ্গ হত। এবারে আর একটা কথা বলবার আছে, আপনারা জানেন নতুন ইউ. জি. সি. পে স্কেল সংশোধিত হয়েছে। প্রিন্সিপ্যালদের দুটো স্কেল আছে, একটা স্কেলে যদিও আট দশজন পাবেন পশ্চিমবাংলায়। একটা স্কেল ২ হাজার ৫ শত টাকা এবং ইউনিভার্সিটির অধ্যাপক ২ হাজার ৫ শত পর্য্যন্ত। রেজিষ্ট্রার, কণ্ট্রোলার, ইন্সপেক্টার অব কলেজেজ এদের স্কেল ২ হাজার পাঁচ শত, আর প্রো ভাইসচানসেলারের ২২৫০, কিন্তু এঁদের সকলের উপরে প্রো-ভাইসচানসেলার, সেখানে আপনি অল ইনক্লুশিভ দেখলেন না। একটা জায়গায় এ্যানমলি দূর করবার চেষ্টা করলেন বটে, কিন্তু সেই রেজলিউশনে প্রোভাইসচানসেলারের সম্বন্ধে যে উল্লেখ করা ছিল, সেটা আনলেন না। সুতরাং এই যে বিল এনেছেন, এটা নিশ্চয়ই সমর্থনযোগ্য, সেই সঙ্গে পূর্ণাঙ্গ বিল আনতে প্রোভাইসচানসেলারের কথা বলতে হবে। তা না বললে দুদিক থেকেই ইউনিভার্সিটির এ্যানমলি থেকে যাচ্ছে। একদিক থেকে তাঁদের মাইনে

মহাশয়. আমি এই বিলটা সমর্থন করতে উঠে আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের কথা চিন্তা করার প্রয়োজন আছে। যদিও এই বিলে ভাইস-চ্যান্সেলারকে সুযোগ সুবিধা দেওয়ার কথা, তাঁকে ৩ হাজার টাকা স্কেল দেওয়ার কথা আছে, কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের বাসস্থান নেই, তাদের স্কেলে ডিস্প্যারিটি আছে. তাদের সেখানে মিছিল বেরোয়. তাদের স্কেল এবং সুযোগ সুবিধার ব্যাপারে যে অসন্তোষ আছে সে সম্বন্ধে চিন্তা করার দরকার আছে। সুতরাং আগামী দিনে শিক্ষা মন্ত্রী মহাশয় তাদের সুযোগ সুবিধার কথা চিন্তা করবেন এবং চিন্তা করে তিনি তাঁর বলিষ্ঠ পদক্ষেপ এবং প্রগতিশীল চিন্তাধারার মধ্য দিয়ে সেই কর্মচারীদের মধ্যে একটা সন্তোষ ভাব সৃষ্টি করবেন। কারণ, ভাইস-চ্যান্সেলার একা মাত্র বিশ্ববিদ্যালয় চালান না, ভাইস-চ্যান্সেলার বিশ্ববিদ্যালয় চালান প্রফেসর, রিডার, বিভিন্ন হেড অব দি ডিপার্টমেন্টের মধ্য দিয়ে, সর্বপরি বিশ্ববিদ্যালয় কর্মচারীদের মধ্য দিয়ে। বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের অসন্তোষের কথা বার বার শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে জানান হয়েছে, তাঁদের বিভিন্ন দাবি দাওয়ার কথা জানান হয়েছে। আজকে যদি শুধু আমরা ভাইস-চ্যান্সেলরের মাইনে ফিক্স করে দিয়ে মনে করি যে শিক্ষা জগতে আমরা একটা নতুন যুগান্তরকারী পদক্ষেপ নিলাম তাহলে সেটা ঠিক হবে না। তাই আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ করব আগামী দিনে প্রফেসর, রিডার, হেড অব দি ডিপার্টমেন্ট-এর স্কেল এবং সুযোগ সুবিধার কথা তিনি যেন চিন্তা করেন। কারণ, ছাত্রদের সংগে ডাইরেক্টলি যোগাযোগ যাঁরা করেন তাঁদের কথা বিবেচনা করার দরকার আছে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে ভাইস-চ্যান্সেলরের নিয়োগের ক্ষেত্রে নতুন করে প্যানেল কমিটি তৈরি করা হচ্ছে। এটা আনন্দের কথা. আগামী দিনে পশ্চিমবঙ্গ সরকারকে নিশ্চয়ই মানুষ সমর্থন জানাবে। তার কারণ, লক্ষ্য করেছি একটু তেল দিতে পারলেই, একটু যোগা-যোগ করতে পারলেই ৩ হাজার টাকা মাইনের ভাইস-চ্যান্সেলর হতে পারা যায়, আজ কে সেই ব্যবস্থার যে পরিবর্তন হচ্ছে তার জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। সর্ব পরি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী. রিডার. প্রফেসর. হেড অব দি ডিপার্টমেন্ট সকলের সুযোগ সুবিধার কথা চিন্তা করে আগামী দিনে নতুন করে একটা বিল আনবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়. আমি খুব আনন্দিত যে প্রায় সকলেই এই সংশোধনী বিলটা সমর্থন করেছেন। এখানে দুটো জিনিস বিচার্য. একটা সাধারণ নীতির কথা. আর একটা উপাচার্যের কাজের কথা। নীতিগতভাবে

আমরা এটাই সমর্থন করেছি এখানে যে কলকাতা বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের তথা এশিয়ার সবচেয়ে বৃহত্তম বিশ্ববিদ্যালয়, সেখানকার যিনি উপাচার্য্য তার পদের দায়িত্ব, তাঁর পরিশ্রম, তাঁর ঝুঁকি অনেক বেশী, সেই কারণে অন্যান্য উপাচার্য্যদের তুলনায় তাঁর বেতন হার ৩ হাজার টাকা রেখেছি, সঙ্গে সঙ্গে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যদের যেসব এ্যালাওয়েন্স আছে আমরা তাঁর ক্ষেত্রেও সেগুলিকে প্রয়োগ করবার পদক্ষেপ গ্রহণ করেছি।

যে কোন কারণেই হোক এটা আগে ছিল না। এই ব্যবস্থা যুক্তিপূর্ণ ছিল না বলে আমার আগেকার সেই এ্যানোম্যালি রিমুভ করেছি। তারপর, আমাদের বর্তমান যিনি উপাচার্য আছেন তাঁর এ্যালাউন্স সম্বন্ধে কথা উঠেছে। এই প্রসংগে আমি বলতে পারি তিনি বিশ্ববিদ্যালয়ের একটা বাড়ী ব্যবহার করে আসছিলেন এবং তারজন্য তাঁর বেতনের শতকরা ১১ ভাগ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে আসছিলেন। আজকে এই সংশোধনী বিল পাশ হবার ফলে তাঁর আর টাকা জমা দেবার দরকার হবে না, বরংচ যে টাকা তিনি জমা দিয়েছিলেন সেটা তিনি ফেরত পাবেন। তবে আমার মনে হচ্ছে তিনি উদার মনোভাবের পরিচয় দিয়ে সেই টাকা ফেরত নাও নিতে পারেন। তাঁর এই ব্যাপারটায় আমি তাঁকে প্রশংসা না করে পারছি না। এর সঙ্গে সঙ্গে এখানে অন্য বিষয় যে আলোচনা হয়েছে তার আর উত্তর দিতে চাই না। একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং সেটা হচ্ছে এই উপাচার্যের ব্যাপারটায় মোটামুটি এ্যানোম্যালি দূর করা হোল, এটা রেগুলারাইস করা হল কিন্তু বিশেষ করে প্রো—ভাইস-চ্যান্সেলর এবং অন্যান্য অফিসারের ক্ষেত্রে নিশ্চয়ই এ্যানোম্যালি রয়েছে। আপনারা জানেন ইউ জি সি স্কেল চালু হবার ফলে আমাদের অধ্যাপক সম্প্রদায়ের বেতনের হার আমূলভাবে পরিবর্তিত হয়েছে এবং তার ফলে কিছু কিছু ল্যাক অব সেমিট্রি, ইররেগুলারিটি দেখা দিয়েছে। আমি এটা নিশ্চয়ই নীতিগতভাবে বিশ্বাস করি এরজন্য একটা ব্যবস্থা হওয়া দরকার এবং এই এ্যানোম্যালি দূর হওয়া দরকার। বিভিন্ন অধ্যাপক এবং অন্যান্য অফিসার যাঁরা আছেন তাঁদের বেতনের হারে একটা সমতা হওয়া উচিত। ইউ জি সি এই ব্যাপারে এখনও কিছু করতে পারে নি যে ইউনিভার্সিটি পর্যায়ে কতটা বেতন হার হবে। এটা হয়ে গেলে আমরাও অন্যান্য ক্ষেত্রে এ্যানোম্যালি দূর করে নূতন নূতন বেতন হার চালু করব এরকম একটা পরিকল্পনা আমাদের আছে। তবে সবগুলি মিলিয়ে একটা কনসোলিডেটেড রেগুরাইজিং মেজার আনতে পারলে ভাল হোত। এটা আমাদের আগামী দিনের লক্ষ্য হবে।

The motion of Shri Mrityunjoy Banerjee that the Calcutta

University (Amendment) Bill, 1976, be taken into cansideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1976, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The Calcutta University (Second Amendment) Bill, 1976.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the Calcutta University (Second Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Mrityunjoy Banerjee :—Sir, I beg to move that the Calcutta University (Second Amendment) Bill, 1976, be taken into consideration.

[4-20—4-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আপনার অনুমতি নিয়ে আমি দুই একটা কথা এই হাউসের সামনে রাখতে চাই। আমরা জানি কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মনোনীত হন মাননীয় চ্যান্সালারের দ্বারা এবং শিক্ষামন্ত্রীর পরামর্শক্রমে এই ব্যাপারে সিণ্ডিকেট একটা কমিটি গঠন করেন তাতে তিনজন সদস্য সিণ্ডিকেটের থাকেন তারা তিনজনের নাম দেন, সেই প্যানেল থেকে মাননীয় চ্যান্সালার মহাশয় উপাচার্য মনোনয়ন করেন। এই ব্যবস্থা আগে থেকে চালু ছিল। আমরা এর দুটী একটী ধারাতে অসুবিধা পাই, কার্যক্ষেত্রে একটী হচ্ছে তারা যে প্যানেল দেন তার

মধ্যে আমরা আগে দেখেছি কেউ কেউ ভাইস-চ্যান্সালার হতে অসম্মত ছিলেন, অথচ আমরা তার বদলে অন্য প্রার্থী মনোনয়ন করার কোন উপায় ছিল না। তাছাড়া ইতিমধ্যে গজেন্দ্রগদকার কমিটি তারা সমস্ত বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা অনুসন্ধান করে তারা একটী মোটামুটি সুপারিশ করে গেছেন, তার মধ্যে যেখানে বিশ্ববিদ্যালয় খুব বড় সেখানে তারা এই মর্মে পরিবর্তন চেয়েছেন যে সেখানে ইউ. জি. সি. একজন প্রতিনিধি থাকবেন এবং সরকারের একজন প্রতিনিধি থাকবেন এই নমিনেটিং কমিটিতে, তাহারা তাদের মত ছিল এই যে সিণ্ডিকেট থেকে দুইজন নমিনি এবং একাডেমিক কাউন্সিল থেকে একজন নমিনি থাকবেন। আমরা তাই গজেন্দ্রগদকার কমিটির সুপারিশ মেনে নিয়ে একটা সংশোধন অরডিন্যান্স আগে আমরা পাশ করেছিলাম, আজকে সেই অর্ডিন্যান্সটা রেগুলারাইজ করা হচ্ছে। এখানে খুব একটা আপত্তি কারো কিছু নাই তার কারণ হচ্ছে ইউনিভার্সিটির নমিনেটিং কমিটির যে কয়জন সদস্য আগে ছিলেন তারা তাই রয়ে গেছেন। তিনজন তার মধ্যে দুইজন সিণ্ডিকেট এবং একজন একাডেমিক কাউন্সিলের—এখানে একাডেমিক কাউন্সিল অধ্যাপকদেরই সংস্থা, আর সিণ্ডিকেট তো তাদের বডি, একজিকিউটিভ কাউন্সিলের মত। এছাড়া আমরা মাত্র সরকারের একজন সদস্য সেখানে দিয়েছি। আর সব চেয়ে বড় কথা ইউ. জি. সি. যারা বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে অনেক অর্থ সাহায্য করেন—বিশ্ববিদ্যালয়ের এই ব্যাপারে যারা ভারপ্রাপ্ত আছেন তাদের একজন প্রতিনিধি মাত্র দিয়েছি। পাঁচজনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের যারা প্রতিনিধি থাকবে তারা মনে করেন যে তাদের যারা নমিনি হবেন তাদের মধ্যে উপাচার্য নিয়োগ করতে হবে তাহলে তারা তা করতে পারবেন, কারণ পাঁচজনের মধ্যে তিনজন প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে আসছে। সুতরাং মোটামুটি ভাবে বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা বজায় রেখে গজেন্দ্রগদকার কমিটির সুপারিশ অনুযায়ী সংশোধনটা এনেছি। তাই মাননীয় সদস্যদের অনুরোধ করব তারা যেন মোটামুটি এটাকে সমর্থন জানিয়ে আমরা যেটা চাইছি সেটা সহজ করেন।

শ্রীমতী ইলা মিত্র ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কমিটির মারফত ভাইস-চ্যানসালার নিয়োগ করা হবে, এই সম্পর্কে আগেই অর্ডিন্যান্স হয়ে গেছে এবং সেইটা বিল আকারে আজকে বিধানসভায় উপস্থিত করা হয়েছে হাউসের অনুমোদনের জন্য। এখানে এর আগে যখন শিক্ষার ব্যাপারে এখানে আলোচনা হচ্ছিল তখন অনেক সদস্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে দুরাবস্থা হয়েছে তার টুকরো টুকরো একটা সংশোধন এনে এর ক্ষত দূর করা যাবে না সামগ্রিকভাবে একটা আইন আনতে হবে যাতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সুনাম আজ নষ্ট হতে চলেছে সেই সুনাম যাতে সকলে মিলে রক্ষা

করতে পারি তার জন্যই সকলে অনুরোধ করেছিলেন। আমিও সেই মতের সঙ্গে একমত। কাজেই এই টুকরো একটী সংশোধনী এনেছেন মন্ত্রী মহাশয় এই টুকরো সংশোধনী না এনে যদি একটা পূর্ণাঙ্গ আইন আনতেন তাহলে আমরা আরও বেশী খুসী হতাম। আপনারা অনেক অর্ডিন্যান্স করেছেন কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর আমলে আমাদের যে অনেকগুলি দাবী ছিল একটা শিক্ষা এ্যাডভাইসরি কমিটির জন্য যদিও মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় একটা এ্যাডভাইসরি কমিটি করেছেন।

একটা শিক্ষা এ্যাভাইসরি কমিটি এবং এই শিক্ষামন্ত্রী মহাশয় সেই এ্যাভাইসরি কমিটি তৈরি করেছেন এবং যারজন্য তিনি আমাদের সকলেরই ধন্যবাদের পাত্র হয়েছেন। কিন্তু এই অর্ডিনেন্সটা করবার আগে যদি তিনি একটিবার সেই এ্যাডভাইসরি কমিটির সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করতেন তাহলে বোধহয় ভাল হতো এবং আমাদের মতামতও সেখানে ভালভাবে দিতে পারতাম। এখানে অনেক সদস্যই বলেছেন যে সকলে মিলে যদি আমরা একটা কাজ করি তাহলে সেই কাজটা সুষ্ঠুভাবে হতে পারে। সেদিক থেকে যদি তিনি এটা করতেন তাহলে আরো ভাল হতো। এখন গজেন্দ্র গদকার কমিটির যে রেকমেণ্ডেশন আমরা তার অনেক কিছু সমর্থন করি এবং গজেন্দ্র গদকার কমিটির রেকমেণ্ডেশন অনুযায়ী ছাত্র প্রতিনিধিত্বের কথা সেখানে আছে এবং অনেক প্রদেশের বিশ্ববিদ্যালয়ে সেই ছাত্র প্রতিনিধিত্বের আইনটাও পাশ হয়ে গিয়েছে। আমাদের এই বিধানসভাতেও গত বৎসরে এই বিষয়ে আমরা আলোচনা করি এবং আমরা একটা আইনও প্রস্তুত করি। কিন্তু দুঃখের বিষয় যদিও আমি সেই সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম, তার অনেক কিছু জিনিস ভাল হয়েছে, কিছু কিছু খারাপ আছে, ল্যাকুনা আছে, সেগুলি নিয়ে মন্ত্রীমহাশয়ের সংগে আলাপও হয়েছে এবং সেখানে কেবলমাত্র সিনেটের পরিবর্তে ছাত্র প্রতিনিধিত্ব, সিনেটের কিছু কিছু পরিবর্তন আমরা করি। কিন্তু সিণ্ডিকেট বা এ্যাকাডেমিক কাউন্সিল এই সম্পর্কে কোন আলোচনা এই আইনে আমরা করতে পারিনি। অথচ কলকাতা ইউনিভার্সিটিতে এত বিরাট ক্ষতি হয়ে গিয়েছে তাতে সম্পূর্ণ আলোচনার জন্য আমরা যদি খুব তাড়াতাড়ি না বসে পারি তাহলে কলকাতা ইউনিভার্সিটিকে রক্ষা করা যাবে না এবং এই সিলেক্ট কমিটি থেকে যে বিল আমরা পাশ করেছিলাম তার তার যে ল্যাকুনাগুলি আছে সেগুলি দূর করে সিনেট তারপর সিণ্ডিকেট তা মন্ত্রী মহাশয় করবেন এই আশা আমি করছি। এখন এখানে গজেন্দ্র গদকার কমিটির সুপারিশ অনুযায়ী কলকাতার ভাইস চ্যানসেলার নিয়োগের যে অর্ডিনেন্স বা যে বিলটা এখানে উপস্থিত করেছেন—গজেন্দ্র গদকার কমিটির রেকমেন্ডেশন আমরা অধিকাংশই মানি একথা আপনাকে আগেই বলেছি

কিন্তু গজেন্দ্র গদকার কমিটি পরিষ্কারভাবে বলে দেয়নি যে সিন্ডিকেট থেকে নেওয়া হবে বা এ্যাকাডেমিক কাউন্সিল থেকে নেওয়া হবে। তারা বলেছে যে একটা কমিটির মারফত হবে, শুধুমাত্র সিন্ডিকেটএর মারফত হবে না। এই নিয়ে অবশ্য অনেকে বলছেন যে কলকাতা ইউনিভার্সিটির স্বাতন্ত্র নষ্ট হয়ে যাচ্ছে, সিন্ডিকেটেরও স্বাতন্ত্র নষ্ট হয়ে যাচ্ছে কিন্তু ইউ, জি, সি, টাকা দেন বল ইউ, জি, সির একজন নমিনি থাকে, এই ধরণের কথা আমরাও অনেকবার বলেছি। সেইজন্য গজেন্দ্র গদকার কমিটির যে রেকমেন্ডেশন তাতে আপত্তি করার কিছু আছে বলে মনে করি না। কাজেই এখানে ৫ জনের কমিটির জায়গায় আমি একটা সংশোধনী দিয়েছি পাঁচ জনের জায়গায় ৭ জনের মিলিত কমিটি হোক আরো একটু ওয়াইডার আলোচনা যাতে হতে পারে। সিন্ডিকেটের এবং আপনাদের রেকমেন্ডেশন হচ্ছে ৫ জন, গজেন্দ্র গদকার কমিটি দু'তিন রকম রেকমেন্ডেশন করেছেন এবং সেই সমস্তটা রিপোর্ট পড়েই আমি বলছি যে আপনাদের যদি এই পাঁচ জনকেই রাখতে হয় তাহলে হয় এইভাবে রাখতে পারতেন সিন্ডিকেটের একজন, এ্যাকাডেমিক কাউন্সিল-এর একজন, সিনেটের একজন, চ্যান্সেলারের নমিনি একজন এবং ইউ, জি, সি,-র নমিনি একজন। কিন্তু আপনারা যে কারণে সিন্ডিকেটের দুজন নমিনি দিয়েছেন এবং একাডেমিক কাউন্সিলের একজন নমিনি দিয়েছেন সেইজন্য আমি একটা সংশোধনী এনেছি যে দুজন সিনেটের নমিনি আপনি এর সংগে যুক্ত করে দিন। আপনি হয়তো বলবেন যে সিনেট থেকেই তো সিন্ডিকেটে নির্বাচিত হয়ে যাচ্ছে সেখানে তো সিনেটের প্রতিনিধি আছে কিন্তু সেই যুক্তির খাতিরে আমি বলতে পারি যে এ্যাকাডেমিক কাউন্সিল থেকেও তো সিন্ডিকেটে নির্বাচিত হয়ে যায় তাহলে সিন্ডিকেটে যারা যাচ্ছে সেখান থেকে একাডেমিক কাউন্সিলের প্রতিনিধি নির্বাচিত হতে পারে। সেদিক থেকে আপনি যদি সিন্ডিকেটের দু'জন রাখেন তার সংগে আমি অনুরোধ করব যে আপনি সিনেটেরও দু'জন প্রতিনিধি এর সংগে যুক্ত করুন। আর একটা বিষয়, যেটা আগে অনেকেই বলেছেন, শিক্ষাক্ষেত্রের দুরাবস্থা এবং ছাত্রদের অবস্থা। এবার বি, পাট, ওয়ানের রেজাল্ট বের হল তাতে মাত্র ৬০ ভাগ পাশ—কিরকম বিশৃঙ্খল একটা অবস্থা। আগে টোকাটুকি যে পরিমাণ চলছিল তার তুলনায় অনেক কমেছে কিন্তু একেবারে সম্পূর্ণ গিয়েছে তা নয়। এই যে একটা দুরাবস্থা চলছে এই দুরাবস্থা থেকে উদ্ধার করার জন্য কি পদ্ধতি অবলম্বন করা দরকার সেটা আমি সরকারকে ভেবে দেখতে বলছি।

[4-30—4-40 p. m.]

সেকথা ভাবতে গিয়ে আমি বলেছি গণি কমিটির রিকমেন্ডেশনকে সমর্থন

করি এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে এ নিয়ে আলোচনা করেছি। এবং নূতন ভাইস চ্যানসেলার হচ্ছেন, সেই ভাইস চ্যানসেলার সম্পর্কে আমি সরকারকে বলতে চাই এমন একজন একাডেমিশিয়ান যেন হতে পারেন একটু দেখবেন, এটা আমার মত, যিনি ইউনিভার্সিটির খুঁটিনাটিগুলি জানেন। আপনার মনে কি আছে জানি না, বাইরে থেকে এক্সপার্ট এনেও বসাতে পারেন, যদি সেটা করেন কলকাতা ইউনিভার্সিটির কোথায় কোথায় ক্ষত আছে সেটা তিনি বুঝতে পারবেন না। সেজন্য একজন একাডেমিশিয়ানকে করা হোক। তার সংগে ভেবে দেখতে বলছি গণি কমিটি রিকমেন্ডেশন কার্যকরী করতে হবে। সেটা কার্যকরী করতে গিয়ে আগের যে ভাইস চ্যানসেলার ছিলেন ডঃ সত্যেন সেন, যদি সম্ভব হয়, তবে তাঁকে কিছুদিন এক্সটেনশন দিয়ে গণি কমিটির কাজটা খানিকটা অগ্রসর করে নিতে পারেন কিনা সেটা ভেবে দেখতে পারেন। আমি এর উপর জোর দিচ্ছি না। আমার মনে হচ্ছে গণি কমিটির রিকমেন্ডেশন কার্যকরী করতে গেলে এ সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তি হলেই ভাল হয়। আমি এই কয়েকটি কথা বলে যাতে সম্পূর্ণ আইন আনেন এটাই বলবো এবং যদি সম্ভব হয়, আমি প্রেস করছি না, সিনেট থেকে একজন প্রতিনিধি থাকলে ভাল হয়। একথাই আমি শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন করছি।

প্রফেসার চন্দ্রকান্ত দে ঃ—মাননীয় স্পীকার স্যার, আমি শিক্ষামন্ত্রী কর্তৃক আনীত দি ক্যালকাটা (সেকেণ্ড এ্যামেন্ডমেণ্ট) বিল, ১৯৭৬-কে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সেই সঙ্গে রাজ্যপাল বাহাদুরকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি নিজে উৎসাহ নিয়ে অর্ডিন্যান্স জারী করে শিক্ষা ব্যবস্থাকে পুনর্গঠন করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। এই যে বিলটা এসেছে এই বিলের আলোচনা ক্ষেত্রে প্রথম একথা বলা হয় রাজ্যপাল বাহাদুর নিশ্চয়ই একথা উপলব্ধি করতে পেরেছেন বর্তমান যিনি ভাইস-চ্যান্সেলর আছেন, তাঁর যে ক্ষমতা বর্তমানে আছে, তার চেয়ে বেশী হওয়া উচিত। আমি তাই তাঁকে ধন্যবাদ দিই যে তিনি ঠিকই—উপলব্ধি করতে পেরেছেন। সঙ্গে সঙ্গে একথাও বলি যে এই ভাইস-চ্যান্সেলর বর্তমান দুর্দশার মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গনের নোংরা রাজনীতির গণ্ডীর মধ্যে পড়ে গিয়েছেন। একটি ঘটনার কথা আমি বলি এবং সেই ঘটনার প্রতি বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করি। ভাইস-চ্যান্সেলরের হস্তক্ষেপের অনেক কারণ রয়েছে কিন্তু এখন তিনি সঠিকভাবে শক্ত হাতে ব্যবস্থা অবলম্বন করতে পারছেন না। যে ঘটনার কথা এখন উল্লেখ করছি সেই ঘটনা ঘটেছিল আমার কলেজে, নৈহাটির ঋষি বংকিম কলেজে। সেই কলেজের গভর্নিং বডি এবং প্রিন্সিপ্যালের মধ্যে গত প্রায় চার বছর ধরে সংঘর্ষ চলেছে। সেই ব্যাপারে আমরা ভাইস

চ্যান্সেলর শক্ত হাতের বিচার চেয়েছিলাম, কিন্তু সেই বিচার আজ পর্যন্ত পাইনি। আপনি কি ভাবতে পারেন আজকে যখন কলকাতার প্রত্যেক টীচারই ইউ জি সি এর টাকা পেয়ে থাকেন, সেখানে একজন প্রিন্সিপ্যাল কাজ করছেন চার বছর ধরে, তাঁকে ইউ জি সি-র টাকা নিতে গভর্নিং বডি এলাউ করছেন না, যে সভাপতি আছেন তার নির্দেশে এবং যে প্রিন্সিপ্যাল আছেন তিনি গত চার বছর যাবৎ শুধুমাত্র কলেজের টাকায় প্রায় ১২/১৪ ঘণ্টা কাজ করে যাচ্ছেন। এটা নিন্দার কথা। সারা পশ্চিম-বাংলায় ইউ জি সি-র দেওয়া সুবিধা ভোগ করছেন না এমন কে আছেন ? এই ব্যাপারে ভাইস-চ্যান্সেলরের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তিনি প্রিন্সিপ্যালের এতটুকু উপকারে আসেন নি। গভর্নিং বডির প্রেসিডেণ্ট হয়ে ইউ জি সি-এর টাকা আটকে রেখেছেন, এটা সাধারণতঃ হয়না, গভর্নিং বডির প্রেসিডেন্ট হয়ে তিনি কলেজে মাটি মাড়াবেন না।

তিনি বলেন কলকাতা ইউনিভার্সিটিতে গিয়ে মিটিং করতে হবে প্রিন্সিপ্যালকে সমস্ত খাতাপত্র কেরাণী অফিসের সব কিছু নিয়ে ইউনিভার্সিটিতে মিটিং করতে হবে। যিনি এই গভর্নিং বডির সভাপতি হয়েছেন তিনি কিছুতেই পদত্যাগ করতে চান না। ভাইস-চ্যান্সেলরও এই ব্যাপারে একটু শক্ত হাতে কোন সিদ্ধান্ত নিতে পারছেন না। এটা অবশ্য ভাইস-চ্যান্সেলরের দোষ নয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে নোংরা রাজ-নীতি হয়ে থাকে এটা সেই পরিবেশের দোষ। ভাইস-চ্যান্সেলরকে আমি জানি তিনি খুব সম্মানিত গুণী মানুষ। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে সেই দুষ্ট রাজনীতির চক্রান্তের শিকার হয়ে নৈহাটী কলেজের ছাত্র ছাত্রীদের নানা প্রকার নির্যাতন ভোগ করতে হচ্ছে, শিক্ষক ও কর্মচারীরা নানা প্রকার অন্যায় অবিচার সহ্য করছেন। গত চার বছর ধরে নৈহাটী কলেজের গভর্নিং বডির কোন মিটিং হচ্ছে না। নৈহাটীর ঋষি বংকিমচন্দ্র কলেজ ঐ অঞ্চলের সব চেয়ে বড় নিষ্ঠা নামকরা কলেজ বহু ছাত্রছাত্রী সেখানে পড়াশোনা করে। এই কলেজের গভর্নিং বডির সদস্যদের সঙ্গে দলের personal enenuity আছে। এ সম্বন্ধে ভাইস-চ্যান্সেলর একটা enquiry কমিটি নিযুক্ত করেছিলেন। অনেক স্বনামধন্য লোক সেই কমিটির সদস্য ছিলেন। সেই কমিটি তাদের রিপোর্ট পেশ করেছেন। সেই রিপোর্টে পরিস্কার লেখা আছে, Principal is our efficient and completed officer এই Recommendation তাঁরা করেছেন। রিপোর্টে সিন্ডিকেটের সুপারিশ রয়েছে ঐ গভর্নিং বডি ভেঙ্গে দেবার। এই নির্দেশও Recommendation কমিশনের enquiry রিপোর্টে রয়েছে। জনৈক প্রভাবশালী ব্যক্তির তদারকীর ব্যবস্থায় এই সুপারিশ এখানে কার্যকরী হচ্ছে না। আমাদের নৈহাটী কলেজের দুর্ভাগ্য যে বর্তমান ভাইস-চ্যান্সেলর পরিবর্তন হয়ে

যাচ্ছেন। আর ভবিষ্যতে কি হবে এ সম্বন্ধে তাও আমরা সঠিকভাবে জানতে পারছি না। এই বিলকে সমর্থন করবার সাথে সাথে আশা করব সরকার ভাইস-চ্যান্সেলর-দের যোগ্য ক্ষমতা দেবেন এবং শিক্ষা প্রাঙ্গণে যে অরাজকতা চলছে তা দূরীকরণের জন্য তিনি সবিশেষ চেষ্টা করবেন। এই বিলটিকে সমর্থন করার সাথে সাথে মাননীয় শিক্ষামন্ত্রী ও গভর্নর বাহাদুরকে আমার ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি এই বিলকে সমর্থন করছি আরো একটি কারণে যে এই বিলে ভাইস-চ্যান্সেলরকে যে ক্ষমতা ভান্ডার তুলে দেবেন, সেই ক্ষমতা ব্যবহার করে তিনি ইউনিভার্সিটির পবিত্র প্রাঙ্গণ থেকে সমস্ত নোংরামি দূর করতে সমর্থ হবেন এবং তাতে পশ্চিমবাংলার সমস্ত অধীনস্ত কলেজ তার সহায়ক হবে।

আমরা বহুদিন থেকে শুনে আসছি কলকাতা বিশ্ববিদ্যালয় আর্থিক কষ্টে ভুগছে। যার জন্য সময়মত পরীক্ষা নেওয়া যায় এবং পরীক্ষার ফলাফলও প্রকাশ করতে পারা যায় না। সুতরাং এই বিলটি Act-এ পরিণতি হবার পথে কলকাতা ইউনিভার্সিটির সেই বহুদিনকার আর্থিক দুর্গতি দূরীভূত হবে। এবং ভালভাবে তাদের কার্যকলাপ তাঁরা পরিচালনা করতে পারবেন। আশা করি এই বিলটি পাশ হয়ে যাবার পরে, ভাইস-চ্যান্সেলর একজন যোগ্য ব্যক্তি হবেন এবং কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে শিক্ষাক্ষেত্রে নোংরা রাজনীতি নিয়ে যুগযুগ ধরে ডুবে রয়েছে, তা বিস্তারিত করবার সুব্যবস্থা তিনি করবেন, শিক্ষাকে যোগ্যস্থানে স্থাপন করবার চেষ্টাও তিনি করবেন। এই বিলটা পাশ হবার পরে কলকাতা ইউনিভার্সিটির আর্থিক দুর্যোগ ও সংকট যেমন চলে যাবে, তেমনি আবার কিছু ভয়ও আছে। কলকাতা ইউনিভার্সিটি একটি autonomous body. আমরা আশা করব গভর্নর বাহাদুরের অর্ডিন্যান্সটি আইনে পরিণত হবার পর কলকাতা ইউনিভার্সিটির সেই autonomy'র উপর কোন হস্তক্ষেপ করা হবে না, সেটা বজায় রাখা হবে। এটা অবশ্য সরকারের উপর নির্ভর করছে। এই সরকারের উপর আমার আস্থা আছে আমি বিশ্বাস করি কলকাতা ইউনিভার্সিটির autonomy'র উপর কোন প্রকার হস্তক্ষেপ করা হবে না। আমার ধারণা সরকারের সতর্কতার ফলে এই তথা কথিত হস্তক্ষেপের আশংকা ভুল বলে প্রমাণিত করা যাবে।

[4-40—4-50 p. m.]

আমি শেষ বার একটা কথা বলতে চাই সবচেয়ে যেটা প্রয়োজনীয়, সেই প্রয়ো-জনীয় ব্যবস্থা ভাইস-চ্যান্সেলর যিনি আসছেন তার মাধ্যমে পাবো, আশা করি। আমরা আশা করবো ছাত্র-ছাত্রীর কল্যাণে, শিক্ষক শিক্ষিকাদের কল্যাণে এই বিল ভাইস-চ্যান্সেলরকে যোগ্য ক্ষমতা দেবে এবং এই বিলের মাধ্যমে শিক্ষা ব্যবস্থার উন্নতি

ঘটবে। ছেলেরা ঠিক সময় পরীক্ষা দিতে পারবে এবং পরীক্ষার ফলও তাড়াতাড়ি বেরোবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করছি এবং শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি।

Shri Abdur Rauf An ari : Mr. Speaker, Sir, I fully support the Calcutta University (Second Amendment) Bill, 1976. The Bill as it is placed is democratic, fair and just which serves the need and caters the requirements which the nation needs to stand, rise and run. Hon'ble Shrimati Ila Mitra has mentioned that we have got here a committee consisting of five persons which will recommend a panel of not less than three persons and the Committee shall consist of five persons of whom two shall be the nominees of the syndicate, one shall be the nominee of the Academic Council, one shall be the nominee of the Chairman of the UGC and one shall be a nominee of the Chancellor. She wants that there should be two more from the senate. But I find that the Vice-Chancellor is in a very responsible position serving a very resposible job to the nation and the body which will be formed for the appointment of the Vice-Chancellor an important body must be as minimum as possible. Govt. tries to minimise the number and that is the maximum which they could have. It should not be made a debating society. That is why there are provisions for representations of intellectuals who will come from both the syndicate and the Academic Council. So I do not feel there is any need to add more. The minimum is better and morever here I find that Govt. has tried to consider the pattern suggested by the Gajendragadkar Committee. Of course, the Committee has made very valuable suggestions after moving round the length and breadth of the country. They have made the recommendations for the betterment and advancement of the nation. Here the Govt. of West Bengal in the Education Department have gone thoroughly, have gone in to all aspects whether it should be extended to the Senate. But I feel it is a very wise step, a very intelligent step as they have formed a committee consisting of five persons giving representation to all and at the same time giving dignity and high status to the Committee. So I wholeheartedly support the Bill.

I do not think it will be proper to extend the representation to the Senate. Let it remain as it is. Let it start its functions and produce results. I feel that regarding the appointment not only of the Vice-Chancellor but other important responsible positions of the Calcutta University, Govt. of West Bengal will reconsider and exmine all aspects. Definitely after the Emergency there is general improvement in different walks of life.

Similary, we find that the Calcutt University is marching towards improvement it is known to you also. But I will request the Hon'ble Minister to exmine the various processes, various procedures, for appoint of persons to different important posts. That should be reviewed. Sir, the lady member from the other side referred to Ghani Committee. I find that Government have gone through both the Committee's reports and are following the recommendations which Government find suitable. I ast time in Midnapore when we had discussed about establishment of a university there a reference was made to the Ghani Committee and the Government came forward to say that due consideration would be given to that Committee's report. I know Government is keen about it. Whatever is good would be given due consideration for the cause of the country, for the cause of the people. So for the cause and interest of the nation, for the cause of education and for a bright future generation Calcutta University has to take the responsibility. This University has a glorious past, It has produced so many illustrious sons. So, I hope future Vice-Chancellors will prove up to the mark.

With these words, I again thank the Government for coming forward with a very useful, educative and at the same time informative Bill before this House. I hope we should be unanimous in accepting this and I request the lady member to withdraw the amendment that she has placed.

শ্রীসুব্রত মুখার্জী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি এই বিলটি সমর্থন করার জন্য। তাঁরা অনেকেই ভাল যুক্তি দিয়ে এটা সমর্থন করেছেন। তবে আমি জানি না শ্রীযুক্তা ইলা মিত্র মহাশয়া কেন আবার এর উপর আর একটি সংশোধনী প্রস্তাব এনেছেন। তিনি বলেছেন ৭ জনের সদস্য

হলে ভাল হয়। এই ৫ জন করাতে নানা ক্ষেত্রে সমালোচনা হয়েছে। যদিও আমরা চেষ্টা করেছি বিশ্ববিদ্যালয়ের কর্মীদের সংখ্যা সমান রেখে মাত্র একজন ইউ, ডি, সি ও একজন সরকার বা চ্যান্সেলরের প্রতিনিধি বাড়িয়েছি। বেশী মনোনয়নকারী ব্যক্তি হলে পরিস্থিতি আরও জটিল হয়ে যাবে সেটা অন্তত যাঁরা বিশ্ববিদ্যালয়ের কার্যধারার সঙ্গে পরিচিত তাঁরা আমার সঙ্গে একমত হবেন। এবং শ্রীযুক্তা মিত্র নিশ্চয় এ বিষয়ে অভিজ্ঞা। আমি আশা করবো তিনি যেন এই সংশোধনী ব্যাপার নিয়ে পেশ না করেন। কেউ কেউ বলেছেন কলিকাতা বিশ্বিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি নিয়ে আর একটা বড় আইন উপস্থিত করা উচিত ছিল। হয়তো উচিত ছিল। তবে আমি মনে করি না যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে পরিস্থিতি এটা ঠিক যে আইন করে তা ভাল করা যাবে না। একে ভাল করতে হলে বিভিন্ন পর্যায়ে বিভিন্ন দিক থেকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। ভিতরের প্রশাসনিক দিক থেকে বাইরের আবহাওয়ার দিক থেকে পড়ানোর দিক থেকে পরীক্ষা পদ্ধতির দিক থেকে পদক্ষেপ নিতে হবে। সব চেয়ে বড় কথা এর যে বিরাট আকার হয়েছে এই আকার সম্বন্ধে যদি কোন কার্যকরী ব্যবস্থা না করতে পারি তাহলে বোধ হয় আমরা যত কিছু আইন যত কিছু পরিবর্তন মূলক পদক্ষেপ নিই না কেন তাতে আমরা খুব একটা কিছু ফলপ্রসূ হতে পারব না। সেই দিক থেকে আমাদের গনি কমিটির রিপোর্ট যেটা অনেক দিন পেশ করা হয়েছে সেই ব্যাপারে যদি কলিকাতা বিশ্বিদ্যালয়ের কর্তৃপক্ষ তার মূল সিদ্ধান্তগুলির উপর তাদের মতামত আমাদের কাছে জানান তাহলে বোধহয় আমরা সবচেয়ে ভাল কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারব। যাহোক আমার বিশ্বাস এই নূতন পদ্ধতিতে মনোনীত আগামী দিনের উপাচার্য মহাশয় নিশ্চয় এই ব্যাপারে এবং সামগ্রিক কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি এবং তার উন্নয়নকল্পে আরও একটু এগিয়ে আসবেন। এই কথা বলে আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি এই সংশোধনী বিলটিকে সমর্থন জানানোর জন্য।

[4-50—5-00 p. m.]

The motion of Shri Mrityunjoy Banerjee that the Calcutta University (Second Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clauses 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Mr. Speaker : There are amendments to clause 2 by Shrimati Ila Mitra, amendmets No. 1 and 2. I call upon Shrimati Ila Mitra to speak.

শ্রীমতী ইলা মিত্র ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী যে কথা বলেছেন কমিটির মেম্বার বেশী বাড়ানো উচিত নয়, সেদিক থেকে আমি একমত। আমি আমার বক্তৃতার সময় সেই বিষয়ে বলেছি। ৫ জন থেকে ৭ জন—এই ৫ জনের মধ্যে সিনেটের মেম্বার বললাম। গজেন্দ্র গাদকর কমিটির রিপোর্ট আনতে ভুলে গেছি, তার মধ্যে একজন সিনেটের নমিনি বলা ছিল—যতদূর আমার মনে পড়ছে, সেই জন্যই আমি বলেছি। আমার যতদূর মনে পড়ছে সিনেটের নমিনির কথা লেখা ছিল। এটা নিয়ে আমি আর বক্তৃতা করছি না। শিক্ষামন্ত্রী যখন অনুরোধ করেছেন তখন আমি আমার সংশোধনী মুভ করছি না, এটা উইথড্র করছি।

Mr Speaker :—So, Shrimati Ila Mitra is not moving her amendment.

The question that clause 2 do stand part of the Bill was then put agreed to.

Clause 3 and Preamble

The question that clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Calcutta University (Second Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Statement under rule 346

Mr. Speaker : I now call upon Hon'ble Minister Shri Ajit Kumar Panja to make a statement under rule 346.

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহম্মদ সফিউল্লা সাহেব দুদিন আগে একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছিলেন এবং তাতে তিনি ভারতবর্ষের কয়েকটি জায়গা ও ভারতবর্ষের বাইরের কয়েকটি জায়গার কথা বলেছিলেন, আমি তখন বলেছিলাম সব জায়গায় খোঁজ খবর করে আমি একটি রিপোর্ট দেব। সেই রিপোর্টটি আমি এখন টেবিলের সামনে রাখছি। এটি স্যার, একটি বড় রিপোর্ট, আমি সমস্ত রিপোর্টটি পড়ে সময় নষ্ট করতে চাই না, খানিকটা পড়েছি এবং বাকি সমস্তটা মাননীয় সদস্যরা যাতে দেখতে পারেন সেজন্য টেবিলে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৫ সালে পশ্চিমবাংলায় ৩৯॥ হাজার ম্যালেরিয়া কেস ডিটেকটেড হয়েছিল। গুজরাটে ৭॥ লক্ষের উপর, মহারাষ্ট্রে সাড়ে ছয় লক্ষের উপর, হরিয়ানাতে পাঁচ লক্ষের উপর, মধ্যপ্রদেশ প্রায় ৫ লক্ষের কাছাকাছি, উত্তর প্রদেশ প্রায় সাড়ে তিন লক্ষ, রাজস্থান সাড়ে তিন লক্ষের কাছাকাছি, কর্ণাটক প্রায় সাড়ে তিন লক্ষ, পাঞ্জাব প্রায় তিন লক্ষ, উড়িষ্যা আড়াই লক্ষের উপর, অন্ধ্র প্রদেশ এক লক্ষের বেশী, বিহার প্রায় এক লক্ষ, আসাম প্রায় পঁচানব্বই হাজার, দিল্লী সাঁইত্রিশ হাজারের উপর। এই সংখ্যা দেবার উদ্দেশ্য এই নয় যে এটা দেখানো যে, ওখানে ৭ লক্ষের উপর হলেও আমাদের এখানে ৩৯ হাজারে আমরা আছি বলে ভাল আছি। সংক্রামক রোগ একটিও যাতে না হয় সেটা দেখাই আমাদের উদ্দেশ্য। তবে তথ্য হিসাবে এগুলি আমি আপনাদের সামনে তুলে ধরলাম। দ্বিতীয় তালিকায় পশ্চিমবাংলায় গত তিন বছরে জেলা ভিত্তিক এবং এ বছর আগস্ট মাস পর্য্যন্ত যা এ্যাটাক এবং ডেথ হয়েছে সেটা আপনাদের সামনে আমরা তুলে ধরেছি। পশ্চিমবাংলায় এ বছর আগস্ট মাস পর্য্যন্ত ১৬ হাজার ৬ শো ৯৩ টি কেস আমরা ডিটেক্ট করতে পেরেছি। গত বছর ছিল ৩৯ হাজার ৬৩৪টি যেটা আমি আগেই বলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ম্যালেরিয়া কন্ট্রোলের যে ডিপার্টমেন্টটি আছে তাকে খুব ভালভাবে টোন আপ করেছি এবং নানান কাজগুলি যাতে সংঘবদ্ধভাবে হয় তার জন্য বেশ কয়েকটি বিষয় আমরা কাজ করতে শুরু করেছি। আমি ডিটেলস এর মধ্যে দিয়েছি, এখানে এখন খালি কয়েকটি প্রধান বিষয় সম্বন্ধে বলে যাচ্ছি। আমরা পশ্চিমবঙ্গকে ২৬টি ইউনিটে ভাগ করেছি এবং ২৬টি ইউনিটকে তিনটি ধারায় বিভক্ত করে কাজ করছি। এ্যাটাক ফেজ, কনসোলিডেশন ফেজ, মেন্টিনেন্স ফেজ। এ ছাড়া আমরা ম্যালেরিয়া নিবারণী [illegible] আরো ৪টি ভাগে ভাগ করেছি। স্প্রে করার কর্মসূচী, রোগী অনুসন্ধান, রক্ত পরীক্ষা, রোগীর চিকিৎসা। এই স্প্রে করার কর্মসূচী, রোগী অনুসন্ধান, রক্ত পরীক্ষা এবং রোগীর চিকিৎসা কিভাবে হবে তার ডিটেলস আমি এই রিপোর্টের মধ্যে দিয়েছি। তারপর গত বছর আমাদের ৮টা ম্যালিগন্যান্ট ম্যালে-

বিহারে মৃত্যু হয়েছিল, এ বছর আমরা ভালভাবে কাজ করার ফলে একটিও ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ার কেস নেই। একটি শুধু এসেছে নাগাল্যান্ড থেকে যেটাকে আমরা ডিটেক্ট করি দুর্গাপুর অঞ্চলে এবং সেটাকে আমরা ট্রিটমেন্ট করেছি। এ ছাড়া এ বছর এ অবধি/ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া যাতে মৃত্যু হয়, রোগীকে বাঁচানো প্রায় সম্ভব হয় না, একটিও ঘটনা নেই। এ ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে যে বক্তব্যটা আমি রেখেছি তা থেকে নিশ্চয় দেখতে পাবেন যে, আমাদের সমস্ত পশ্চিম-বাংলার মধ্যে কুচবিহার, জলপাইগুড়ি যেটা আসামের বর্ডারেতে এবং বিহারের বর্ডারে পুরুলিয়া এবং বাঁকুড়ার কিছু অংশ, আমাদের সবচেয়ে বেশী কেস হয়েছে। এর কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রিপোর্ট দিয়েছি, বিহারে এক লক্ষ কেস ডিটেকটেড হয়েছে। তাই বর্ডার এলাকাতে আমরা যাতে ভালভাবে কাজ করতে পারি—কুচবিহার এবং জলপাইগুড়ির যতটুকু অংশ নাগাল্যান্ডের সংলগ্ন বা কাছাকাছি রয়েছে এবং পুরুলিয়া ও বাঁকুড়ার যেটুকু বিহারের কাছাকাছি রয়েছে, উড়িষ্যার কাছাকাছি রয়েছে সেখানে আমরা বিশেষ ব্যবস্থা নিতে শুরু করেছি। আসামে কুচবিহার এবং জলপাইগুড়ির যে কিছু অংশ যেটা সংযুক্ত সেখানে আমরা প্রায় ৯৫ হাজার কেস দেখতে পাচ্ছি। তার থেকে ক্রশ ইনফেকশান খুব বেশী করে হবার সম্ভাবনা থাকায় আমরা একসঙ্গে মিটিং করছি তাদের ডাইরেক্টার অব হেলথ সার্ভিসেস কে নিয়ে যে এ বিষয়ে কি ব্যবস্থা আমরা করতে পারি তা দেখার জন্য। বিহারের যে অংশ এবং উড়িষ্যার যে অংশ আমাদের খুব বেশী করে ভাবিয়ে তুলেছে সেটা হচ্ছে পুরুলিয়ার কিছু অংশ এবং বাঁকুড়ার কিছু অংশ। আমরা দেখতে পাচ্ছি সেই এলাকাতে উড়িষ্যায় ২॥ লক্ষের উপর ম্যালেরিয়া কেস রয়েছে এবং বিহারেতে প্রায় এক লক্ষের উপর। তবুও এখানে স্যার, আপনার মাধ্যমে জনসাধারণ এবং মাননীয় সদস্যদের জানাতে চাই যে, ভয়ের কিছু নেই। গত বছরের তুলনায় এ বছর আমরা ম্যালেরিয়া রোগকে আরো ভালোভাবে আয়ত্বাধীনে রাখতে পেরেছি। আমাদের কর্মীরা খুব ভালোভাবে কাজ করতে পারছেন। আমরা ল্যাবরেটরি সেট আপ করেছি এবং খুব তাড়াতাড়ি যাতে কেস ডিক্টেটেড হতে পারে সেজন্য স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, মেডিক্যাল কলেজের ল্যাবরেটরী, এস, এস, কে, এম' এর ল্যাবরেটরি বা ল্যাবরেটরি যেখানে আছে সবগুলিকে আরো জোরদার করার জন্য ইতিমধ্যেই আমরা ব্যবস্থা নিয়েছি। ব্যাক লগ স্লাইডস যেগুলি আছে সেগুলি ডিজপোজালের জন্য আমরা খুব তাড়াতাড়ি এরোপ্লেনের মাধ্যমে সেগুলি আনিয়ে নিচ্ছি কলকাতায় যাতে খুব তাড়াতাড়ি তার ডিটেকসান হয় এবং আমরা তাড়াতাড়ি তার নোটিফি-কেশান জানাতে পারি। এ ছাড়া কলকাতা শহরে ম্যালেরিয়া বেশী দেখা দেওয়ায়

কলকাতা কর্পোরেশন এবং হেল্থ ডিপার্টমেন্টের যৌথ উদ্যোগে মসকিউটো অয়েল এবং প্যারিস গ্রীন ছড়ানোর দায়িত্ব কলকাতা কর্পোরেশনের উপর কলকাতা কর্পোরেশন এবং স্বাস্থ্য দপ্তর যাতে একসঙ্গে কাজ করতে পারে তাই প্রতি মাসে কিম্বা দুমাস অন্তর একবার করে আমরা সভা করে কাজটা এগিয়ে নিয়ে যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমার রিপোর্টটি আমি টেবিলের সামনে রাখলাম, মহম্মদ সফিউল্লা সাহেবকেও একটি কপি দেব।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিপোর্টটি সাইক্লোস্টাইল করিয়ে সদস্যদের দেওয়া হোক।

Mr. Speaker : It has been cyclostyled, I understand. The entire report is taken as read.

Statement of Ajit Kumar Panja, Minister-in-charge I **Health** of Family Planing Deptt. taken as read.

পশ্চিমবাংলার ম্যালেরিয়া পরিস্থিতি ও তার মোকাবিলা

ভারতবর্ষের প্রতিটি রাজ্যের গত তিন বছরের ম্যালেরিয়া পরিস্থিতি (১৯৭৩-৭৫) ১নং তালিকায় দেওয়া হল। এই তালিকা থেকে দেখা যাবে যে, অধিকাংশ রাজ্যেই গত তিন বছরে ম্যালেরিয়া বেড়েছে। ১৯৭৫ সালের ম্যালেরিয়া প্রকোপের যে চিত্রটি আমরা পাই তা হলো ঃ—

১। গুজরাট—সাড়ে সাত লক্ষের উপর
২। মহারাষ্ট্র—সাড়ে ছয় লক্ষের উপর
৩। হরিয়ানা—পাঁচ লক্ষের উপর
৪। মধ্যপ্রদেশ--প্রায় পাঁচ লক্ষের কাছাকাছি।
৫। উত্তরপ্রদেশ—প্রায় সাড়ে তিন লক্ষ।
৬। রাজস্থান—সাড়ে তিন লক্ষের কাছাকাছি।

৭। কর্ণাটক—প্রায় সাড়ে তিন লক্ষ।
৮। পাঞ্জাব—প্রায় তিন লক্ষ।
৯। উড়িষ্যা—আড়াই লক্ষের উপর।
১০। অন্ধ্রপ্রদেশ—এক লক্ষের বেশী।
শ্রীশীশ মহম্মদ :—স্যার, আমার বক্তব্য হচ্ছে আমাদের সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করুন যাতে পশ্চিমবাংলায় এই আইন প্রয়োগে স্থগিত রাখা হয়। আইনে ধারা আছে এই আইন চালু নাও করতে পারে।

Mr. Speaker : I will now draw the attention of the honourable members to select individual matter whether it comes within purview of section 351.

শ্রীরাধারমণ সাহা :—মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রীমহশয় এবং খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে মন্ত্রীসভারও দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বোধ হয় জানেন আগামী ৪.১১.৭৬ থেকে নবদ্বীপে রাসের উৎসব সুরু হবে এবং ৮.১১.৭৬ তারিখ পর্যন্ত সেই উৎসব চলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন পৃথিবীর শ্রেষ্ঠ বৈষ্ণব মহাপুরুষ শ্রীচৈতন্যদেব এই নবদ্বীপে জন্মগ্রহন করেছেন এবং এখানে জন্ম গ্রহন করেছেন বিখ্যাত তান্ত্রিক কৃষ্ণানন্দ আগমবাগীশ। বৈষ্ণব এবং শাক্তদের মিলন ক্ষেত্র এই নবদ্বীপে প্রতি বছর রাস উৎসবে লক্ষ লক্ষ নরনারীর সমাবেশ হয় এবং এখানে যে সব মাটির মূর্তি আনা হয় বিভিন্ন দেব-দেবীর তাতে দেখা যায় একটা বিরাট ঐতিহ্য বহন করে চলেছে। এখানে এই উৎসবের সময় ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে লক্ষ লক্ষ নরনারী আসেন এবং ভারতবর্ষের বাইরে থেকেও বহু চৈতন্য ভক্ত লোক এখানে এসে উপস্থিত হন। এই রাস উৎসব কেবলমাত্র ভারতীয় ধর্মীয় উৎসব নয়, এটি একটি আন্তর্জাতিক ধর্মীয় উৎসব। এই আন্তর্জাতিক ধর্মীয় উৎসব একটা বিরাট ঐতিহ্য বহন করে চলেছে। কজেই আমি আমাদের তথ্য এবং জনসংযোগ মন্ত্রীর কাছে আবেদন করছি তিনি সংবাদপত্র, রেডিও এবং সিনেমার মাধ্যমে এই রাস উৎসব সম্বন্ধে যাতে প্রচার হয় তার ব্যবস্থা করুন। আর খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি এই উৎসব উপলক্ষে এই যে লক্ষ লক্ষ লোক সমবেত হবে তাদের খাওয়া দাওয়ার যেন কোন রকম অসুবিধা না হয় এবং মিস্টান্ন ব্যবসায়ী যারা আছে

তাদের যেন ময়দা সরবরাহ করা ব্যবস্থা করা হয়। আগামী ৪।১১।৭৬ তারিখ থেকে এই উৎসব সুরু হবে এবং ৮।১১।৭৬ তারিখ পর্যন্ত এই উৎসব চলবে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ভারতের অন্যতম বৃহৎ একচেটিয়া পুঁজিপতি জয়প্রকাশ-এর আন্দোলনে যিনি ফ্যাইন্যানসিয়ার ছিলেন সেই গোয়েঙ্কা গোষ্ঠীর পরিচালিত আগরপাড়ায় ন্যাশন্যাল টোবাকোর একটি কারখানা আছে। সেখানে গত বছরে ২১শে অক্টোবর তারিখে এই কুখ্যাত গোয়েঙ্কা গোষ্ঠী তারা তাদের ন্যাশানাল টোবাকো কোম্পানীর ১১৮০ জন শ্রমিককে ছাঁটাই করেছে। তারপরে শ্রম দপ্তরের কাছে অনেক দরবার করার পর বলা হয় শেষ পর্যন্ত আগষ্ট মাসে অর্থাৎ প্রায় ৯/১০ মাস বাদে শ্রম দপ্তর একটি ওয়ান ম্যান কমিশন করেন এই ব্যাপারে বিচার করার জন্য। ডেপুটি সেক্রেটারী মিঃ সিদ্ধার্থ মিত্র তিনি সব সাক্ষ্য প্রমাণাদি নিয়েছেন এবং শ্রমিকরাও তাদের বক্তব্য বলেছেন মালিকরাও তাদের বলেছেন কিন্তু এখন পর্যন্ত কমিশন কোন অজ্ঞাত কারণে তাদের উপস্থিত করছেন না। যার ফলে এক বছরের বেশী কাল হল হাজার হাজার শ্রমিক তারা অর্ধাহারে আছে, একটা পয়সাও তারা পাচ্ছে না। তাদের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে পড়েছে। স্যার শুধু তাই নয় এই যে গোয়েংকা যারা জয়প্রকাশজীর আন্দোলনে মদত দিয়েছিল এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীকে হটানোর জন্য আন্দোলন করেছিল এবং প্রচুর টাকা খরচ করেছিল এবং ওখানে যে স্বীকৃত ইউনিয়ন আছে যারা ২০ দফা কর্মসূচী সমর্থন করে সেই স্বীকৃত ইউনিয়নের কর্মকর্তাদের উপর যথেষ্ট লাঞ্ছনা এবং অপমান এবং মাঝে মাঝে তাদের উপর সাসপেন্সানের ভয় এবং শো কজ্-এর নোটীশ দেওয়া হচ্ছে। আমি বুঝতে পারছি না স্যার, ইমারজেন্সি যাদের বিরুদ্ধে তারাই কি এই সুযোগ গ্রহণ করবে। স্যার, আমি আপনার মারফৎ শ্রমদপ্তর এবং সমস্ত মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং এই হতভাগ্য ১১৮০ জন শ্রমিককে বাঁচানোর জন্য যেন মন্ত্রী মহাশয় তৎপর হন।

শ্রীরমেন দত্ত ঃ—স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় জুডিসিয়াল মন্ত্রী মহাশয়ের একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। পঃ দিনাজপুর রায়গঞ্জ মহকুমা সাব-ডিভিশানাল জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের কোর্টে কোন ঘর নাই। কোর্ট একটা ভাড়া বাড়ীর ছোট ছোট ঘরে বসে থাকে। সেখানে কোর্ট চলাকালীন ঘরে এমন কনজেসসন হয় তার সংগে কলকাতার অফিস আওয়ার্সে বাসের ভীড়ের সংগে

তুলনা করা যেতে পারে। এই কোর্টে হাকিম দেড় জন, একজন বুড়ো হাকিম, আর আর একজন মুনসেফ বিকালবেলা এসে কাজ করেন। কোন কোন মামলা ডিসপোজ অফ হতে বছরের পর বছর লেগে যায়। হাকিমের অভাবে মামলা মুলতুবী হয়ে যাচ্ছে, ফলে গরীব জনসাধারণ হয়রানি হচ্ছে। আমার অনুরোধ ওখানে মুনসেফ কোর্টের ময়দানে অনেকটা খালি জায়গা আছে, সরকার সেখানে উপযুক্ত কোর্ট বিল্ডিং করুন। আর ইমিডিয়েট কিছু ট্রায়িং ম্যাজিস্ট্রেট বাড়িয়ে ওখানে যাতে বিচার তাড়াতাড়ি করা যায় তার ব্যবস্থা করুন এই আমার অনুরোধ।

শ্রীসরোজ রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে উদ্দেশ্য করেই প্রথমে বলি, আপনি এখানে অনেকদিন ধরে আছেন, আপনার অভিজ্ঞতা অনেক বেশী—আমরা কি দেখছি, একজন মাননীয় মন্ত্রীমহাশয় এখানে ষ্টেটমেণ্ট দিলেন, তার পাঁচ মিনিট পরে সদস্যরা তারা কন্ট্রাডিক্ট করল কিন্তু তার পরে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে আর কোন জবাব আসে না। একটা জিনিস আমরা লক্ষ্য করেছি—কোন ডিপার্টমেণ্টে কত টাকা খরচ হল সেটা দিলেই জনতার যথেষ্ট কাজ করা হয়ে গেল। আমি একটি আর্জেণ্ট ব্যাপারে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে সরকার থেকে জনতা কাপড় দেওয়ার ব্যবস্থা হয়েছে ধুতি এবং শাড়ী এবং সেইমত তা নেবার জন্য বড় বড় অর্গানাইজেসন হয়েছে, যেমন খড়্গপুর হোলসেল কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি যেটা আছে তারা সমস্ত মেদিনীপুর জেলাকে ধুতি এবং শাড়ি বিভিন্ন দোকানে সাপ্লাই করে কিন্তু এখন দেখছি তার সঙ্গে একটা গ্যাড়াকল যোগ হয়েছে, ধুতী শাড়ী নিলে তার সঙ্গে কিছু ছিটের কাপড় পাঠিয়ে দেওয়া হয়। সেখানে দোকানে লোক গেলে তাদের বলা হয় ধুতি শাড়ী পাবে যদি সঙ্গে ছিটের কাপড় নাও।

[2-20—2-30 p. m.]

গরীব মানুষ কিনতে পারছে না। সেটা একটা টিপিক্যাল গ্যাড়াকল। একদিকে বলছেন গরীব মানুষদের জন্য ধুতি শাড়ী দেবেন, গরীবরা যখন যাচ্ছে তখন দোকানদার বলছে এই ছিটের কাপড় ৫ গজ নিতে হবে। কেন? না, উপর থেকে বলে দিয়েছে যে এই ৫ গজ ছিটের কাপড় না নিলে শাড়ী পাবে না। ব্যাচারা কাঁদতে কাঁদতে চলে গেল। ঐ যে গ্যাড়াকলওয়ালারা, কিছু লোক থাকে, তারা আবার শাড়ী, ছিটের কাপড় নিয়ে গিয়ে অন্য দোকানে বিক্রি করছে। ইট ইজ ভেরি সিরিয়াস অফেন্স, লোক ঠকানর কারবার হচ্ছে। আমি বিশেষ করে

মন্ত্রী মহাশয়কে বলছি একটু শুনুন, আমি একটা স্পেসিফিক কেস বলছি আপনি জবাব দেবেন। গড়বেতায় একটা দোকান আছে, আদিত্য দেব, তিনি কাপড় নেন খড়্গপুর হোলসেল কনজিউমার্স সোসাইটি, যার চেয়ারম্যান হল আপনাদেরই একজন সভ্য অজিত বসু মহাশয়, সেখানে যখন গরীব মানুষ কাপড় নিতে যায় বলা হয় পাঁচ গজ ছিট নিতে হবে নইলে কাপড় পাবে না। তাকে, স্যার, কাঁদতে কাঁদতে চলে যেতে হচ্ছে। এভরি হোয়ার এইভাবে জোর করে কিছু চাপান হচ্ছে। এই গ্যাড়াকল থেকে লোককে রক্ষা করুন। একদিকে প্রচার হচ্ছে এত লক্ষ ধুতি শাড়ী জনতাকে দেওয়া হল, তার ভিতর যে গ্যাড়াকলটা থাকবে এই সম্পর্কে শীঘ্রই একটা ব্যবস্থা নেওয়া হোক। নইলে অত্যন্ত খারাপ হচ্ছে, বদনাম হচ্ছে, গোপনে গোপনে কুকাজ করে লাভ নেই, প্রকাশ হয়েই পড়ে। আপনারা দয়া করে এই ছিট দেওয়া গ্যাড়াকলটা বন্ধ করুন এটাই আমার রিকোয়েষ্ট। দিস ইজ মাই রিকোয়েষ্ট টু ইউ।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি উঠলেই কানাই বাবু আতংকিত হয়ে উঠেন, আমার দেখলে দুঃখ হয়। স্যার, দেখলেন তো কাণ্ডটা, মাননীয় সরোজবাবু অত্যন্ত পুরানো লোক আপনাকে হাউসের নেতা বানিয়ে দিলেন। আমরা দুঃখিত, জানতাম আপনি এই হাউসের সম্মানিত প্রিজাইডিং অফিসার, আমার মনে হয় শ্রীসিদ্ধার্থ শংকর রায়ই এই হাউসের নেতা। তাও উনি ওলোট পালোট করে দিলেন। সেটা বয়সের দোষে করলেন কিনা জানিনা। তাহলেও যে অভিযোগটা করেছেন উনি সেটা আমার কাছে এখন পর্যন্ত আর কোথায় থেকে আসেনি। আপনি জানেন ২৯টি হোলসেল কাজ করছে এখানে খুব ভালভাবে। হোসসেলগুলি পিপিলস্ ওন অর্গানাইজেশন। এই কনজিউমার্স হোলসেল কো-অপরেটিভ সোসাইটির মূল উদ্দেশ্য দুটি। প্রাইস লাইন হোল্ড করে রাখা এবং ডিস্ট্রিবিউশনটা যেন ইকুইটেবেল হয়। কণ্ট্রোল ক্লথ সামান্য প্রাইভেট এজেন্সিকে দিলেও মূলতঃ কো-অপরেটিভ স্ট্রাকচার যেখানে আছে টেক্সটাইল লাইসেন্স দিয়ে, আমরা তাদের ডিলিং পারমিশন দিয়ে দিয়েছি ইন কণ্ট্রোলক্লথস্। আমাদের এখানে ধুতি শাড়ীর বরাবরই একটা টান চলছে কারণ আমাদের প্রেফারেন্স অব দি কাস্টোমার্স এ্যান্ড কনজিউমার্স বাংলায় অন্য রকম। আপত্তি কোথাও কোথাও দেখলাম যে এই জিনিস এখানে চলেনা। আমাদের ন্যাশনাল কো-অপরেটিভ ফেডারেশন এ্যালোকট করে এবং আমাদের ধুতি শাড়ী নিতেগেলে ওগুলিও নিতে হয়। অনেক সময় আমরা দেখলাম কণ্ট্রোল ক্লথ এ্যাজ সাচ, নট ধুতি শাড়ী এ্যালোন, অনেক

জায়গায় অনেকটা জমে গিয়েছে। আমাদের নিজস্ব টাকা নেই, আমরা যে ব্যবসা করি, কনজিউমার্স কো-অপরেটিভ মূলতঃ ব্যাংকের টাকা নিয়ে ব্যবসা করে। মালটা যদি বিক্রি না হয় ইনটারেস্টটা কনজিউমার্স কো-অপরেটিভ সোসাইটিকে দিতে হয় কিন্তু তার জন্য আমরা বলিনি যে তুমি পাশ অন কর টু সি পুয়োর ফারমার—আমরা এই ব্যবস্থা করিনি। প্রেফারেন্স অধিকাংশ জায়গার উপর ছেড়ে দিয়েছি। যেখানে যে জিনিস চাই সেখানে সেই জাতীয় কাপড় পাঠান হোক। গড়পেতায় আমরা কোটি কোটি কাপড় ডিলকরি, এখন উনি যে কথা বললেন অজিত বসুর এলাকা তা আমার নজরে আসেনি। এর হাউসে মেনশন করার আগে এই দু'একটি ছোটখাটো ঘটনা—উনি যে ভাষা ব্যবহার করেছেন সেটা আমি রেকর্ডে জানতে চাইনা, কিন্তু এই জাতীয় কোন কিছু দুর্ভোগ যদি দেখা যায় আমাদের নজরে আনলে কিম্বা এন, সি, সি, এফ এর নজরে আনলে কিম্বা ফেডারেশনের নজরে আনলে ইট ইজ এ পিপ্‌লস্ অগানিজেশন এটার প্রতিকার করা যায় এবং ওখানে যাঁরা আছেন পিপিলস্ রিপ্রেজেনটেটিভ এবং গভর্ণমেণ্ট নমিনি এবং ডিষ্ট্রিক্ট ম্যাজিজট্রেটও জড়িত আছেন বলে আমি জানি ইন সাম ক্যাপাসিটি অব আদার উইথ খড়গপুর হোলসেল, এটার প্রতিকার না হলে আমাকে বলবেন। আমার কাছে এখন পর্যন্ত কোন জেনারেল কমপেলেন আসেনি এটাই আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়।

শ্রীসুশান্ত ভট্টাচার্য্য ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সারা পশ্চিম বঙ্গে তথা ভারতবর্ষে পরিবার পরিকল্পনা নিয়ে আন্দোলন চলছে, ভারত সরকার এটাকে জাতীয় আন্দোলন হিসাবে গ্রহণ করেছে। কিন্তু দুঃখের বিষয় যদিও পশ্চিমবাংলায় এই পরিকল্পনা গ্রহণে মানুষের মধ্যে আগ্রহ দেখা দিয়েছে, কোথাও কোথাও প্রশাসনের দুর্বলতা এবং ব্যর্থতায়, যারা এই পরিবার পরিকল্পনা গ্রহণে ইচ্ছুক তাদের প্রচণ্ড অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আমি—ব্যক্তিগতভাবে জানিয়েছি যে বিভিন্ন ক্লাব এবং লাইব্রেরী অর্গেনাইজেশনকে এই পরিবার পরিকল্পনায় পার্টিসিপেশন করান হচ্ছে এবং তাদের মাধ্যমে বিভিন্ন জায়গায় পরিবার পরিকল্পনা করা হচ্ছে। এইভাবে একটি জায়গায় পরিবার পরিকল্পনার জন্য যখন তুলসীবেরিয়ার দেশপ্রাণ পাঠাগার একটা ক্যাম্প তৈরী করে, সেখানে ৮০ জন লোক ভ্যাসেকটমি করতে আসে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যখন সমস্ত ক্যাম্প তৈরী হয়ে গেছে, তখনও ডাক্তার এসে পৌঁছলনা। অনেক পরে বি ডি ও ডাক্তার নিয়ে আসে এবং পরবর্তী পর্যায়ে ৪০ জনকে ভ্যাসেকটমি করা হয়। অত্যন্ত দুঃখের কথা যে ভ্যাসেকটমি

করার পরেও তাদের অর্থ দেওয়া সম্ভব হল না। মাননীয় স্পীকার স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার যে এখানে বি ডি ও এবং যারা অর্গেনাইজার তারা নিজেরা ধার করে রেশন দোকান এবং আসেপাশের যারা আর্থিক দিক থেকে স্বচ্ছল, তাদের কাছ থেকে টাকা নিয়ে সেই ৪০ জনকে যারা ভ্যাসেকটমি করেছিল তাদের দেওয়া হল। মাননীয় মন্ত্রী মহাশয় যেন এটা দেখেন যে যারা ভ্যাসেকটমি করাবেন তারা পরবর্তী পর্যায়ে টাকাটা পেয়ে যান এবং সমস্ত পান, এদিকে এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায়ঃ স্যার, উনি ছিট কাপড় না নিলে ধুতি শাড়ী দেওয়া হবে না এই যে বাধ্যতামূলক ব্যবস্থা সেটা তুলে দেবেন কিনা সে সম্বন্ধে কিছুই বললেন না।

শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ—মাননীয় স্পীকার মহাশয়, খড়গ্রামে যে অঘটন ঘটছে সে সম্বন্ধে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে পেশ করছি। আপনি জানেন খড়গ্রামে কেন্দ্রে কৃষি প্রধান এলাকা। এই কৃষিপ্রধান এলাকায় ৭৫ হাজার একরের মত জমি আছে আমন ধানের। ৭৫ হাজার একরের ভিতর প্রায় ৫০ হাজার একর জমি ক্যানাল ইত্যাদি সেচ এলাকা বলে ঘোষিত। কিন্তু দুর্ভাগ্যের বিষয় অতীতে যেমন নীল চাষীদের বেলায় ঘটত, সেই রকম এই এলাকার সমস্ত জমি সেচ এলাকার অর্ন্তভুক্ত বলে সেখানে যেভাবে কর ধার্য্য করা হচ্ছে তাতে জনসাধারণ চরম বিক্ষোভ প্রদর্শন করছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে, বিভাগীয় মন্ত্রীর কাছে এর প্রতিকার দাবি করছি।

শ্রীরবীন্দ্র ঘোষঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় যে কয়টি জেলা আছে তার মধ্যে হাওড়া জেলা একটি অত্যন্ত ঘাটতি জেলা। সেই জেলার নিম্ন দামোদর পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ হচ্ছে। কিন্তু উলুবেড়িয়া, শ্যামপুর, আমতা বাগনান এলাকায় খরা। দামোদরের জল ছাওনপুর হতে আলিপুর পর্যন্ত পলি পড়ে আছে। যখন দামোদরে বন্যা হল সেই জল স্লুইস দিয়ে পাশ করান হতে পারেনি। যে সব এলাকা নিম্ন দামোদর এলাকা সংলগ্ন, সেখানে হাজার হাজার বিঘা জমিতে ধানে পোকা লাগে, তাতে সমস্ত ধান নষ্ট হয়ে গেছে। মানুষ এক দিকে খরা কবলিত, অন্য দিকে তাদের জন্য কোন জি আর নাই, টি আর নাই, কোন রিলীফ তাদের জন্য নাই ফলে সমস্ত মানুষ অনাহারে দিন কাটাচ্ছে। বরং হচ্ছে কি নিম্ন দামোদর সংলগ্ন এলাকায় একটা বাংলো তৈরী করছে ইরিগেশন দপ্তর কোটি কোটি টাকা খরচ করে।

[2-30—2-40 p. m.]

সেখানকার সেই গরীব মানুষের অশেষ দুঃখ ভোগ করছে। তার সংলগ্ন চাষীরা আগামীদিন কি খাবে তার কোন ঠিক নাই। যে আমন ধানের উপর তারা নির্ভর করতেন সেই হাজার হাজার বিঘা জমির সমস্ত ফসল আজ নষ্ট হয়ে গেছে। গরিব মানুষের বাঁচার আর কোন পথ সেখানে নাই। এ বিষয়ে একটি তদন্ত করার ব্যবস্থা হোক সমস্ত গরীব চাষীকে রিলিফ দেওয়ার জন্য, সেখানে ক্ষেতমজুরের কোন কোন কাজ নাই, তাদের কাজ দেবার জন্য ব্যবস্থা হোক এই লোয়ার দামোদরের জন্য কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে। সেখানে টাকার অপচয়ও করা হচ্ছে। sluice না সচল না থাকতে পলি সরান যাচ্ছে না, দিনের পর দিন সে সব অচল হয়ে পড়ে যাচ্ছে। একদিকে বন্যা অন্য দিকে খরা এই দুইয়ের তান্ডবে হাওড়া জেলার উলুবেড়িয়ার সাবডিভিশন ভীষণভাবে মার খাচ্ছে। তাই আপনার মাধ্যমে অনুরোধ করছি রিলিফ মন্ত্রী ও irrigation দপ্তর একটা তদন্ত করে ঐ সব গরিব মানুষদের বাঁচাবার ব্যবস্থা করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যদিও উনি এখন বিধান সভায় নেই। রামায়ণে আছে লক্ষন শক্তিশেলে মারা গেলে পর তাঁকে বাঁচানোর জন্য হনুমান বিশল্য করণী আনবার জন্য গোটা গন্ধমাদন পর্বতটাই নিয়ে এসেছিলেন। এখন আমাদের শিক্ষা ক্ষেত্রে বিরাট এক সমস্যার সৃষ্টি হয়েছে 12 class school, junior 4 class school, special examination মাধ্যমিক পাশের পর উচ্চ-মাধ্যমিকে ভর্তির সমস্যা এই বিবিধ সমস্যা মাথায় নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী ঘুরে বেড়াচ্ছেন। আমার এলাকাকে উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে না পেরে ছাত্র ছাত্রী অভিভাবকদের মধ্যে দারুণ হতাশার সৃষ্টি হয়েছে, অনেক স্কুল ১২ ক্লাসের অনুমোদন পাচ্ছে না যদি অনুমোদনের জন্য অনেক আগে পর্ষদের কাছে পাঠান হয়েছে। অথবা আমরা দিনের পর দিন বিধানসভায় এ নিয়ে বলছি। আজ পর্যন্ত শিক্ষা দপ্তরের এই recognition দেওয়া সম্পর্কে policy কি নীতি কি কিছুই জানা গেল না। কী নীতি তাঁরা নির্ধারণ করেছেন যে কতগুলি স্কুলকে তাঁরা recognition বা অনুমোদন দেবেন। একটা ফাণ্ডেড কমিটী হলো তাদের কী সিদ্ধান্ত কিছুই বোঝা যাচ্ছেন। অথচ ছাত্ররা ভর্তি হতে না পেরে উদ্বিগ্ন ও উদভ্রান্তের মতো ঘুরে আগামী ডিসেম্বর মাসে টেষ্ট পরীক্ষা স্কুল ফাইনালের সুরু হবে। যে সব স্কুল গতবার special permission পেয়েছি সাভেঁ কমিটির রিপোর্টের ভিত্তিতে, এবার কি আবার সেই সব স্কুলে specia]

permission দেওয়া হবে ফাইন্যাল পরীক্ষায় বসবার জন্য ? এ কথা জানতে না পেরে ছাত্র ছাত্রীরা মহা দুঃচিন্তার মধ্যে দিন কাটচ্ছে। সমস্ত বিষয়ে গোলমাল পাকিয়ে গেছে। আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করবো—তিনি কতদিন আর সমস্যার পাহাড় নিয়ে ঘুরে বেড়াবেন শীঘ্র এর একটা সুব্যবস্থার ব্যবস্থা করুন।

Shri Biswanath Chakraboarty :—মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এ্যাসেম্বলীতো আগামী মঙ্গলবার শেষ হয়ে যাচ্ছে। Higher Secondary-তে admission নিয়ে বিরাট সমস্যা দেখা দিয়েছে। গত ১০-২০ তারিখে test date ছিল ভর্তির তারিখ শেষ হয়ে গেছে। আর একটা হচ্ছে গতবার অনেক স্কুল special permission নিয়ে পরীক্ষা দিতে পেরেছিল, এবার তারা ছাত্র ছাত্রী পাঠাতে পারবেন কিনা জানা যাচ্ছে না। শিক্ষাদপ্তর এখনো কোন কিছু ঠিক করে উঠতে পারে নাই। এই ব্যাপারে যদি দয়া করে শিক্ষামন্ত্রী একটা statement দেন আগামী সোমবারে এই অনুরোধ আপানাদের কাছে রাখছি।

Mr. Speaker : Regarding admission on 11 and 12 class I have admitted a calling attention Notice already and the Hon'ble Minister will perhaps make a statement on monday next.

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা শর্ট নোটিশ কোশ্চেন করে দেবো আপনি কি বলবেন এঁদের উত্তর দিতে ?

মিঃ স্পীকার :—It is upto the Hon'ble Minister, you can approach him.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবংগে এই সরকার আসার পর বহু বেকার যুবক নিজেদের ক্ষুদ্রশিল্পে নিয়োজিত করেছিলো এবং বহু ক্ষুদ্রশিল্প পশ্চিমবঙ্গে করা সম্ভবপর হয়েছিলো। ওয়েষ্টবেঙ্গল ফাইন্যানসিয়াল কর্পোরেশান এবং অন্যান্য যে সমস্ত সংস্থা ঋণ দিয়েছেন সরকার মারজিন মানি দিয়েছেন। কিন্তু এইসব সত্ত্বেও পশ্চিমবংগে যে ক্ষুদ্রশিল্প সেই শিল্পের সামনে একটা বিরাট সংকট দেখা দিয়েছে। সেই সংকটের মূল কারণ হচ্ছে এই ক্ষুদ্র-শিল্পগুলিকে পশ্চিমবংগের বৃহৎ শিল্পগুলি তার চাহিদা অনুযায়ী অর্ডার সাপ্লাই

করছে না। ফরিদাবাদ, মহারাষ্ট্র কিংবা বিহারের যে সমস্ত বৃহৎ শিল্প রয়েছে সেই সমস্ত শিল্প সব সময় নিজ নিজ রাজ্যের ক্ষুদ্র শিল্পগুলিকে অর্ডার দিয়ে থাকেন। কিন্তু দুঃখের সঙ্গে আপনাকে জানাচ্ছি পশ্চিমবঙ্গের যে সমস্ত বৃহৎ শিল্প আছে যেমন লোহা, ইস্পাত কিংবা রেল শিল্প এবং অন্যান্য শিল্প যারা সরকারী নিয়ন্ত্রণাধীন আছে বা বেসরকারী শিল্প তারা পশ্চিমবংগের ক্ষুদ্র শিল্পগুলির মালিকদের কোন অর্ডার দেন না প্রসঙ্গত উল্লেখ করছি ইস্টার্ণ কোল ফিলডস লিমিটেড ১০ কোটি টাকার মতো অর্ডার দেন। কিন্তু তারা তা দেন দক্ষিণ ভারত, হরিয়ানা কিংবা অন্যান্য রাজ্যে। এর ফলে পশ্চিমবঙ্গের শিল্প মার খায়। যেমন চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস ৫ কোটি টাকার মতো যন্ত্রপাতি কেনে। সম্প্রতি বিহার সরকার একটা বলিষ্ঠ সিদ্ধান্ত নিয়েছেন। মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্র বিহারের শিল্পগুলিকে আবশ্যিকভাবে ক্ষুদ্রশিল্পের কাছে জিনিষ কিনতে হবে। যদি না কেনেন তাহলে শাস্তিমূলক ব্যবস্থার কথা বলা হয়েছে। মুখ্যমন্ত্রী নিজে যিনি শিল্পবাণিজ্য মন্ত্রীও নিজে বৃহৎ শিল্পগুলের মালিকদের ডেকে বলে দিয়েছেন যে সেই রাজ্যের ক্ষুদ্রশিল্পগুলিকে অর্ডার দিতে। মাননীয় মন্ত্রী জয়নাল আবেদীন সাহেবকে বলছিলাম যে ইনসেনটিভ না থাকার জন্য ক্ষুদ্রশিল্পগুলি মার খাচ্ছে। আপনারাও বিহারের মতো পন্থা বার করুন। তিনি বললেন রাজ্যপালের সভাপতিত্বে একটা রিজিওন্যাল কমিটি হয়েছে, এ্যাডভাইসারি কমিটি। কিন্তু আজ পর্যন্ত বৃহৎ শিল্পগুলিকে অর্ডার দেওয়ার ব্যাপারে বাধ্য করতে পারেন নি। আমি অনুরোধ করছি সমস্যা অত্যন্ত জটিল সমস্যা। মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় শিল্প বাণিজ্যমন্ত্রী এই সম্পর্কে দায়িত্ব নিয়ে পশ্চিমবংগের ক্ষুদ্রশিল্পগুলিকে রাখার জন্য ব্যবস্থা করুন। ক্ষুদ্রশিল্প রাখার জন্য সরকার যে সমস্ত ব্যবস্থা করেছেন বা যে সমস্ত কর্মপন্থা গ্রহণ করতে চলেছেন সে সম্পর্কে মন্ত্রীসভাকে বলতে অনুরোধ করছি। পশ্চিবংগের হাজার হাজার ক্ষুদ্রশিল্পের কথা ভেবে মন্ত্রীসভা কি করছেন তা বলুন।

[2-40—2-50 p. m.]

শ্রীশিবশঙ্কর ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন অনেক হলাহল পান পান করে উনি মৃত্যুঞ্জয় হয়েছেন। আমি সামান্য একটু বিষের কথা এখানে বলতে চাই। সাংবিধানিক প্রতিশ্রুতি পালন করার জন্য আমরা গ্রামে গ্রামে এক বা একাধিক প্রাইমারী স্কুল করেছি। স্যার, আপনি যদি যান দেখবেন স্কুল আছে মাষ্টার মহাশয়

আছেন স্কুল বিল্ডিং নাই। স্যার, আপনি যদি কোন প্রত্নতাত্ত্বিক আবিষ্কারক গ্রামে যান তিনি এ স্কুল বিল্ডিংস খুঁজে পাবেন না। এডুকেসন ডিপার্টমেন্ট অবশ্য স্কুল বিল্ডিংস করেন না—নাই করুন ক্ষতি নাই। তবে তিনি একটা ক্যাস প্রোগ্রাম করেছিলেন যে ১ হাজার টাকা জমা দিলে তিনি ৬৫০০ টাকা দিয়ে স্কুল বিল্ডিংস করে দেবেন। ৪ বছর আগে লোকে সেই ১ হাজার জমা দিয়েছে কিন্তু বিল্ডিংস হয় নি। যদি ব্যাঙ্কে ফিক্স ডিপোজিটে এ টাকাটা জমা থাকতো তাহলে অনেক টাকা সুদ হোত। দঃখের কথা অত্যন্ত ক্ষোভের কথা আমরা লোকের থেকে টাকা নিয়ে জমা দিয়েছি বিল্ডিংস হয় নি। এক আপনি টাকা ফেরত দিন না হলে বিল্ডিংস করে দিন। আমরা সাধারণ মানুষের কাছে দাঁড়াতে পারছি না। যাদের টাকা জমা দেওয়া হয়েছে তারা আমাদের চেপে ধরে—বলে 'কই মহাশয় বিল্ডিংস কই। আমি শিক্ষা মন্ত্রীর কাছ থেকে জানতে চাই বিল্ডিং হবে কিনা। আর যদি না হয় তাহলে আপনি টাকা ফেরত দিন।

শ্রী গৌতম চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুগান্তরে যে একটা রিপোর্ট বেরিয়েছে তার দিকে আপনার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতের বিস্তার কাগজে কলমে এই শিরোনামায় ফাষ্ট পেজে একটি সংবাদ বেরিয়েছে। যখন বিদ্যুত মন্ত্রী ভারতবর্ষে নাই তিনি U. No গিয়েছেন ভারতবর্ষকে রিপ্রেজেন্ট করতে ঠিক সেই সময়ে আজকে একটি ওয়ান সাইডেড রিপোর্ট যুগান্তরে বেরিয়েছে। যার পরিপ্রেক্ষিতে আমি কিছু বলতে বাধ্য হচ্ছি। বিভিন্ন বিধানসভার সদস্য এ বিষয়ে নাকি একমত। আমি জানি বিভিন্ন সমস্যা আছে এবং সেই সমস্যা প্রতিবিধানের জন্য আমি আবেদন করছি। কিন্তু শুধুমাত্র মন্ত্রীর অনুপস্থিতিতে তাঁর ডিপার্টমেন্টকে যেভাবে ওয়ান সাইডেড করে হিউমিলেট করে পশ্চিমবাংলার মানুষের কাছে তুলে ধরা হয়েছে তার প্রতিবাদে আমি এই বক্তব্য রাখছি। স্যার, বীরভূমে ১৯৭১ সালের আগে মোট ১০৬৮ বীরভূম জেলার মৌজার ইলেকট্রিফায়েড হয়েছিল। কিন্তু এই সরকার আসার পর ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সালের মধ্যে সেখানে ৫৪২টি মৌজায় আমরা ইলেকট্রিফায়েড করতে পেরেছি। হাওড়ায় ১৯৭১ সালের মধ্যে ১৭২টি মৌজায় ইলেকট্রিফায়েড আর এই ১৯৭২—সাল থেকে ১৯৭৬ মধ্যে ৭৭১টি মৌজা ইলেকট্রিফায়েড হয়েছে। বর্ধমানে আমরা দেখতে পাচ্ছি ১৯৭১ সাল পর্যন্ত ৫৪৪টি ইলেকট্রিফায়েড হয়েছিল আজকে সেখানে ১৯৮৪টি গ্রাম ইলেকট্রিফায়েড হয়েছে। আমি এই বক্তব্য এই কারণে রাখছি যে যদি ভারতবর্ষে ইমারজেন্সি না থাকতো এবং এই রিপোর্ট বেরুতো কিছু বক্তব্য থাকতো না। এখানে

তথ্যমন্ত্রী আছেন। আমি এ নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম। তাঁকে আমি বললাম এই ওয়ান সাইডেড গেম হতে পারে না। তিনি আমাকে বললেন আমি কিছু না তথ্যমন্ত্রীর কাছে যাও। আমি তথ্য মন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে বর্তমানে আমাদের দেশে ইমারজেন্সি থাকা সত্ত্বেও এই রকম ওয়ান সাইডেড গেম কি করে হতে পারে—কিভাবে এই মিথ্যা রিপোর্ট যুগান্তর প্রকাশ করতে পারে। বীরভূম হাওড়া মুর্শিদাবাদ বর্ধমান এই সব জায়গার এম. এল, এ আমরা ক্যাটাগরিক্যালি বলেছি যে এই রকম রিপোর্ট বেরিয়েছে। হয়তো কিছু ইণ্টারাপসন হতে পারে ট্রান্সমিসন গণ্ডগোলের জন্য ব্রিক ব্যাট থ্রো করার জন্য তার চুরির জন্য নানা কারণে হতে পারে। কিন্তু মন্ত্রী মহাশয়ের ডিপার্টমেণ্টকে কিভাবে হিউমিলেট করা হয়েছে সেটা আমি এখানে তুলে ধরতে চাই।

শ্রীসুশান্ত ভট্টাচার্য্য ঃ—অন এ পয়েণ্ট অব পারসোনেল এক্সপ্লানেসান, স্যার, এখানে হাওড়া ডিসট্রিক্টের কথা বলা হয়েছে এবং আজকে কাগজে আমার একটি ষ্টেটমেণ্টও বেরিয়েছে সেইজন্য আমি কয়েকটি কথা বলতে চাই। আমার বক্তব্য, হচ্ছে মন্ত্রীকে হিউমিলিয়েট করার জন্য কিছু করা হয় নি বা সেই ধরণের কোন ব্যাপার এতে নেই। পশ্চিমধাংলার গ্রামাঞ্চলে ইলেকট্রিফিকেসান হয়েছে বলা হচ্ছে কিন্তু কোথাও একটি ডিপওয়েল হয়েছে কোথাও বা একটি পোল রয়েছে। যখন মাননীয় মন্ত্রীমহাশয় ছিলেন তখন স্পেসিফিক কেস দিয়েছিলাম। আমার কনস্টিটিউয়েন্সীর গোপালপুর নামে একটি গ্রাম, সেখানে প্রথম পর্যায়ে পোষ্ট পড়লো কিন্তু পরবর্তী পর্য্যায়ে দেখা গেল সেই পোষ্ট উঠে চলে গেল। যারা এ্যাসিসটেণ্ট ইঞ্জিনিয়ার, যারা বুরোক্রাটস, তারা এই ধরণের কাজ আজকে পশ্চিমবাংলায় চালিয়ে যাচ্ছে। যেহেতু স্যার আমার নাম জড়িত রয়েছে সেই হেতু পারসোনেল এক্সপ্লনেসান দিতে উঠে আপনার মাধ্যমে বলতে চাই যে, যিনি বিদ্যুৎমন্ত্র তিনি আমাদেরও নেতা, তাঁর বিরুদ্ধে ব্যক্তিগত কোন ব্যাপার ছিল না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি মন্ত্রীদের ভাবমূর্তি নষ্ট করবার জন্য ওয়েষ্টবেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডে এক শ্রেণীর কর্মী তারা অত্যন্ত তৎপর। মাননীয় গৌতমবাবুর বক্তৃতার পর আমি আবার বলতে চাই যে, কারুর প্রতি এটা ব্যক্তিগত এ্যাসপারসান বা অন্য কিছু নয়। সরকারি যে ঘটনা ঘটছে পশ্চিম-বাংলায় বা ঘটেছে সেই ঘটনাই সংবাদপত্রকে জানিয়েছি। এরমধ্যে উদ্দেশ্যমূলক কিছু করা হয়নি বা ব্যক্তিগত আক্রমণের কোন প্রশ্ন ওঠে না।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু কোন মন্ত্রী সম্পর্কে সংবাদ বেরিয়েছে এবং সে সম্পর্কে সেনসারশিপের প্রশ্ন উঠেছে সেই হেতু স্বভাবতঃই আমার একটা নৈতিক দায়িত্ব থাকে উত্তর দেবার। তাছাড়া মাননীয় সদস্য গৌতমবাবু বললেন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আমার সঙ্গে যোগাযোগ করতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংবাদটি আমার নিজের দৃষ্টিতে এসেছে। কোন মন্ত্রীর দপ্তরের সম্পর্কে আক্রমণাত্মক কোন সংবাদ বেরুলে তার সত্যতা নিশ্চয় আমাকে যাচাই করে দেখতে হবে এবং এটা সেনসারের আইনের মধ্যে দিয়ে হয়েছে কিনা সেটাও দেখতে হবে। আজকেই বেরিয়েছে, আমি নিশ্চয় এটা দেখবো এবং দায়িত্বশীল সদস্যমহাশয়কে নিশ্চয় এ বিষয়ে জানাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গ সাংবাদিকদেরও একটি কথা বলে রাখা ভাল—এই হাউসেই সে কথাটা বলছি, কোন মন্ত্রীর দপ্তর সম্পর্কে মন্ত্রীর অনুপস্থিতিতে অথবা উপস্থিতিতে খুব বড় রকমের নিউজ বিশেষ করে সমালোচনা ভিত্তিক নিউজ যদি বার করতে হয় তাহলে তার সঙ্গে মন্ত্রীর অথবা তার দপ্তরের বক্তব্যটাও যুক্ত করা উচিত। যাতে একপেশে না হয়ে যায় তার জন্যই এটা করা উচিত। মন্ত্রীমহাশয় যদি উপস্থিত না থাকেন তাহলে তাঁর দপ্তরের সঙ্গে যোগাযোগ করা উচিত, তা না হলে এক দৃষ্টিভঙ্গীতে এটা বেরিয়ে যায় এবং মন্ত্রীমহাশয় ভাবতে পারেন এরমধ্যে কোন সংকীর্ণ উদ্দেশ্য আছে। যাইহোক, পরিশেষে আমি শুধু এইটুকুই বলতে চাই যে, এর আইন সংগত দিকটা আমি বিচার করে দেখবো এবং সম্পাদকের কাছে নিশ্চয় আমি এ ব্যাপারে কৈফিয়ত তলব করবো।

শ্রীহেমন্ত দত্ত :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগেই মাননীয় সদস্য শ্রীগৌতম চক্রবর্তী মহাশয় যে বিষয়টির অবতারণা করলেন আমিও সেই বিষয় সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। তবে আমি বলতে গিয়ে কোন বিশেষ মন্ত্রী বা ডিপার্টমেণ্ট সম্পর্কে কোন কটাক্ষ করতে চাই না। আমাদের রামনগরের কতগুলি গ্রাম বৈদ্যুতিকরণ হয়েছে সে সম্পর্কেই আমি কয়েকটি কথা রাখছি। স্যার, লেট দেয়ার বি লাইট এণ্ড দেয়ার ওয়াজ লাইট বাইবেলের যে কথা—আলো হয়ে যাক এবং আলো হয়ে গেল, এরকম কোন কথার দ্বারা মাননীয় মন্ত্রীমহাশয় পশ্চিমবাংলার সমস্ত গ্রামকে আলোকিত করবেন এরকম কোন প্রত্যাশা আমাদের মনের মধ্যে নেই। স্যার, আমাদের মেদিনীপুরের সঙ্গে অন্যান্য জেলার যদি তুলনামূলক বিচার করা যায় তাহলে দেখা যাবে মেদিনীপুর জেলার যে সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে তার হিসাব হচ্ছে, শতকরা ১৫·৩, হুগলীর ৫১, হাওড়ার ৫২, মালদহের ৩৮, নদীয়ার

৭১, ২৪ পরগনার ৩২। মেদিনীপুরের গ্রামগুলি কিন্তু স্যার, বেশী সংখ্যায় বৈদ্যুতিকীকরণ হওয়া দরকার কারণ সেখানকার অর্থনীতি হচ্ছে কৃষিভিত্তিক। আমার নির্বাচনী এলাকায় যখন থেকে এই সরকার বা আমরা ক্ষমতায় এসেছি তখন থেকে বা সেই ১৯৭২ সাল থেকে মাত্র গোটা দশেক গ্রামে বিদ্যুৎ গিয়েছে। আমি এ সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করেছিলাম। তিনি চিফ ইঞ্জিনীয়ারকে লিখেছেন, প্লিজ ডিসকাস। তারপর অনেকদিন অপেক্ষা করার পর আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চিফ ইঞ্জিনীয়ারের সঙ্গেও সাক্ষাৎ করেছি। চিফ-ইঞ্জিনীয়ার গ্রাজুড ওয়াটা এ্যাভেলেবিলিটি সম্পর্কে রিপোর্ট চেয়েছেন, সে রিপোর্টও দাখিল করা হয়েছে। তারপর পাওয়ার ডিপার্টমেন্টের মিনিষ্টারকে নিয়ে আমাদের রামনগরের যত স্যালো টিউবওয়েল আছে--প্রায় ১০০, সেগুলির স্পটও আমি দেখিয়েছি।

[2-50—3-00 p. m.]

এবং তিনি আমার দরখাস্তের উপর দিস মে বি টেকেন আপ ইমিডিয়েটলি এই রকম নোট দিয়েছেন কিন্তু তা সত্বেও মাত্র গোটা দশেক গ্রাম আলো পেয়েছে। এই ক্ষেত্রে গ্রামীণ অর্থনীতি ভেঙ্গে পড়ছে, অন্যান্য কনষ্টিটিউয়েন্সিতে যে ভাবে বৈদ্যুতীকরণ হয়েছে তার তুলনায় ওখানে কম হবার ফলে সেখানকার গ্রামীণ অর্থনীতি নষ্ট হচ্ছে। এই গুরুতর বিষয়টি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের গোচরে আনলাম।

শ্রীনন্দলাল বন্দ্যোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিষয়ের জের আবার টানতে হচ্ছে, কারণ এখনও সেই আগুন জ্বলছে। আমি সেদিন বাটার অয়েলের কথা বলেছিলাম, জয়নাল আবেদিন সাহেব থাকলে সুবিধা হত --আজকে একটা খবর খবরের কাগজে দেখলাম, বালতিতে করে বাটার অয়েল ঐ খাল থেকে তুলে নিয়ে যাচ্ছে, এবং পুলিশ তাদের পাঁচজনকে ধরেছে। পুলিশ হয়তো ভাববে এই বাটার অয়েল যদি শহরে গিয়ে মানুষের খাদ্য হিসাসে বিক্রি হয় তাহলে বোধ হয় আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের আবার মাথা ব্যাথা একটু বেশী হয়ে উঠবে। সেই জন্য তাদের ধরা হয়েছে। কিন্তু আমার একটা মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনতে চাইছি, যেটা অন্ততঃ জানা উচিত ছিল। এই বাটার অয়েল দিয়ে ঘি তৈরী হয় আর দালদা তৈরী হয়, দাম দিয়েছিলেন বিভিন্ন রাষ্ট্র, সেটা মানুষের পেটে গেল না, সেটাকে সরকার অন্যভাবে ব্যবহার করতে পারতেন। সাবানের ব্যবসাদাররা লার্ড,

চাঁষ হিসাবে ব্যবহার করবার জন্য এ্যাডভ্যান্স পেমেন্ট করে এই গরীব মানুষদের এজেন্ট হিসাবে লাগিয়েছে। যার ফলে তারা ছাঁকনি করে ছেঁকে তুলে নিয়ে যাচ্ছে। কয়েক বছর আগে যখন লার্ডের অভাব হয়েছিল, চাঁবর হয়েছিল তখন সাবান কারখানাগুলোতে হাহাকার পড়ে গিয়েছিল। এই বাটার অয়েলের বিষয় মন্ত্রী মহাশয় সোমবার ষ্টেটমেন্ট করবেন বলে দিয়েছেন, যখন তিনি তাঁর ষ্টেটমেন্ট করবেন তখন মন্ত্রী মহাশয় যেন এই ওয়েস্টেজ, লস্টাকে ইউটিলাইজ করতে পারলেন না কেন, যেট ব্যবসাদাররা করতে পারলো বিভিন্ন গরীব দুঃখীদের মাধ্যমে।

DISCUSSION ON THE SUBJECT OF FOOD

Mr. Speaker : We now take up the next item of bussiness, viz., discussion on the subject of food. I call upon Shri Biswanath Mukherjee.

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ভালই হয়েছে যে খাদ্যশষ্য সংগ্রহ সম্বন্ধে একটা পৃথক আলোচনা হচ্ছে এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্বন্ধে একটা পৃথক আলোচনা হবে। মন্ত্রী মহাশয়ের যে বিবৃতি দেখলাম, তাতে দেখতে পাচ্ছি গত বছর যা ছিল সেই পলিসিই থাকবে বলে তিনি ঘোষণা করেছেন। আমি এখনকার আলোচনা তার মধ্যেই সীমাবদ্ধ রাখছি। দ্বিতীয় আলোচনা যখন আসবে, তিন্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে তখন সেই বিষয়ে আলাচনা করবো। আমাদের আইন সভা বসবার কিছুদিন আগে আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন সংবাদপত্রে পশ্চিমবাংলার খরার ব্যাপারটা ওয়াকিবহাল করেছিল আমাদের আইনসভা বসবার পর মাননীয় সদস্যরা বিভিন্ন জেলার খরার চিত্র তুলে ধরেছেন। আবহাওয়া বিভাগ থেকে বলা হয়েছে যে মৌসুমী বায়ু নাকি চলে গেছে, তবে আজকে আকাশে মেঘ দেখলাম, কবে বৃষ্টি হবে জানি না, কালিপূজার আগে হবে কি পরে হবে গ্রামে হবে কি কলকাতায় হবে সেটাও বলা যায় না। কিন্তু অবস্থা খুবেই ভয়াবহ সেই বিষয়ে কোন সন্দেহ নেই।

আমি কাল আমার এলাকায় গিয়েছিলাম। সেখানে সমস্ত জায়গা থেকে কৃষকরা এসেছিল। কালকে কৃষিজাত ফসলের ন্যায্য দাম নিয়ে সারা ভারতব্যাপী একটা দিবস ছিল। B. D. O., S.D.O. কাছে দাবী করার কথা ছিল। তাদের কাছ থেকে জানলাম অবস্থা সাংঘাতিক। দেরীতে জল হয়েছে। আমি কংসাবতী Project-এরEngineer-কে জিজ্ঞাসা করলাম যে জল কি পাওয়া যাবে? তিনি

বললেন সেখানে জল ফুরিয়ে গেছে। ময়ূরাক্ষীতে জল ফুরিয়ে গেছে। একমাত্র D, V, C,-তে জল আছে। কিন্তু তাও জলের এত হাহাকার চলছে যে নীচু পর্যন্ত জল এসে গেছে। মন্ত্রী যখন এবছরের জন্য procurement policy ঘোষণা করেছিলেন আমরা তার সমালোচনা করেছিলাম এবং দাঁড়িয়ে আমি তাঁর সমালোচনা কঠোরভাবে করব এবং তাঁর policy সংশোধন করার জন্য দাবী করছি। আকাশের সব সময় ঠিক থাকে না। গতবারে খুব ভাল হয়েছিল। কিন্তু সে সময় কত procurement হয়েছিল? আজও ফসল ভাল হয়েছিল। কিন্তু নানারকম পোকায় নষ্ট করেছে। অনেক জায়গায় গাছ ভেঙে গেছে। এতে পঃ বাংলার অবস্থা কি হবে? ভারতবর্ষের যেসব রাজ্যে surplun হয়েছে সেখানে থেকে ভাল-ভাবে procure করে এবং বাইরে থেকে আমদানী করে ভারত সরকারের কাছে একটা ভাল stock আছে। এখন তা থেকে যদি আমাদের কিছু দেন তাহলে দুর্দিনে আমরা কিছু করতে পারব। কিন্তু পশ্চিমবাংলা সরকার ভারত সরকারকে কিছু বলতে পারবেন না। আমাদের যে bumper crop হয়েছিল তা থেকে আমরা এত procure করেছি। তাঁরা ৩ লক্ষ টনের মত procure করেছেন। এর চেয়ে বেশী তাঁরা করতে পারেন নি। প্রকৃতি কোন সরকারের হুকুমে চলে না। সুতরাং বলেছিলাম ভাল বৃষ্টি হয়েছে, ফসল ভাল হয়েছে এসময় procurement করুন এবং আগামী বছর যদি ভাল হয় খুব ভাল। কিন্তু তা না হলে কি হবে। কিন্তু সরকার এই নীতি গ্রহণ না করে ৩ লক্ষ টন target করলেন। অবশ্য ৩ লক্ষ টন কোথায় যায় তা জানি না। কলকাতায় ration যা দেওয়া হয় তার নমুনা আমার কাছে dealer-রা দিয়ে গেছে এগুলি দেওয়া হবে বলে ঘোষণা করা হয়েছে, circular দেওয়া হয়েছে এটা ৭৫০, এটা ২৫০, এটা ২০০। এগুলি সমস্ত বাহিরের, আমি sample এনেছি। আপনার পা ভেঙে গেছে, কিন্তু নাক ভাল আছে দেখবেন কোনগুলি ভাল, আর কোনগুলি খারাপ। আপনার officer-রা দেখে এসেও কিছু করেননি। দোকানদারদের বলা হয়েছে তারা check করবে। কিন্তু এগুলির দাম ১ ৭০ থেকে আরম্ভ করে ১.৮২, ১.৯৩, ২.৩২, ২.২, ২ টাকা। এই সব দামের sample আমি পেয়েছি। কিন্তু Bengal fine কোথায় গেল?

[3-00—310 p. m.]

গত ৬ মাসের মধ্যে আমরা কলকাতার লোকেরা বেঙ্গল ফাইন দেখিনি। প্রোকিওরমেন্টে রেখেছেন মোটা ৭৪ টাকা, ফাইন ৭৭ টাকা, সুপার ফাইন ৮০ টাকা।

বেঙ্গল ফাইন, সুপার ফাইন কোথায় গেল জানি না, সেটা উনি বলবেন কোথায় গেল। তবে মিল মালিকরা জোচ্চুরি করে কিনা সেটা আমি জানি না। গম দেখুন—কিছু দিন আগে আমি কাকদ্বীপে দেখেছি সেখানকার দুর্গত লোকদের রিলিফে যে গম দিচ্ছিল তা এমনই পচা এবং অখাদ্য যে আমি ডিষ্ট্রিক ম্যাজিস্ট্রেটকে গিয়ে বললাম দেখুন তো, এই গম মানুষে খেতে পারে কিনা। আমরা কলকাতায় রেশনে যে গম পাচ্ছি তার ভেতরে পোকা, আধ খাওয়া গম আপনাদের সরবরাহ করা হচ্ছে। যাই হোক, আমি এখন প্রোকিওরমেণ্ট সম্বন্ধে আলোচনা তুলছি। আমাদের দেশে ভারি মজা চলছে। ভাল উৎপাদন যদি হয় তাহলে দাম বাড়বে, কিন্তু চাষী বিক্রি করার সময় দাম পড়ে গেল। প্রথম দিকে ছোট, মাঝারি প্রান্তিক চাষী খুব কম দামে ধান বিক্রি করেছে। এখন ধানের দাম কত নতুন ধান ১১০, ১১৫, ১২০ টাকা কুইন্ট্যাল দরে বিক্রি হচ্ছে, আর পুরান ধান ১৩৫, ১৪০, ১৫০ টাকা কুইন্ট্যাল দরে বিক্রি হচ্ছে। চাল নতুন ২১০, ২১৫, ২২০ টাকা কুইন্ট্যাল, পুরান ২৫০ কোথাও কোথাও ২৬০, আবার কোথাও ২৯০ টাকা কুইণ্টল দরে বিক্রি হচ্ছে। এই অবস্থা বিভিন্ন জায়গায় হয়েছে. কেননা এই বছর খরা হয়েছে, ফসল ভাল হয়নি, তাই দাম বেড়ে গেল। যারা জমিয়ে রেখেছিল তারা বেশী দামে বিক্রি করে মুনাফা লুঠ করল। যখনই ফোরকাষ্ট হল যে নতুন ফসল ভাল হয় নি অমনি দাম বেড়ে গেল। যে ক্ষেত্রে বেশী ধান হবে বলে ফোরকাস্ট হয়েছে সে ক্ষেত্রে ধান উধাও হয়ে গেল। আমাদের দেশে অর্থনীতিতে এমনই মজা যে এদিকও কাটবে আবার ওদিকও কাটবে। ভাল ফোরকাস্ট হলে দাম কমেনা যেহেতু বড় বড় লোকেরা বিক্রি করবে, চিনি বাদামের ক্ষেত্রে আমরা সেটা দেখেছি কিন্তু ধান, পাটের ক্ষেত্রে ভাল ফসল হয়েছে বলে দাম পড়ে গেল। এই হচ্ছে অবস্থা। কৃষক ফসলের ন্যায্য দর পাচ্ছে না। কৃষক সস্তায় বিক্রি করলেও ক্রেতারা সস্তায় পাচ্ছে না। এই যে মুনাফাখোরী চলছে এটা চলছে হোল সিস্টেমের ভেতর। এই মুনাফা-খোরীকে উচ্ছেদ করতে হলে গভর্ণমেন্টকে উপযুক্তভাবে সংগ্রহ করতে হবে এবং উপ-যুক্তভাবে সরবরাহ করতে হবে। আমাদের প্রোকিওমেণ্ট পলিশিতে আমি প্রথমেই বলব গত বছর যে অপরাধ করেছেন মন্ত্রীসভা তার কোন শাস্তি নেই। এত জঘন্য অপরাধ করেছেন যে ভাল ফসল হওয়ার সময় সংগ্রহ করেননি, এখন কেন্দ্রীয় সরকার যা দেবেন তার উপর ভরসা। আইন সভায় আমি দাবি করব আজকে পশ্চিম-বঙ্গে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে সরকারের যথেষ্ট স্টক আছে বলে কাগজে বেরিয়েছে, তাদের কাছ থেকে এনে এখনই দরের ঊর্ধ গতিটাকে চেক করা হোক। তাতে কেন্দ্র যদি গালাগালি দেয় সেই গালাগাল শুনতে হবে, কিন্তু ওখান থেকে এনে দরের ঊর্ধ গতিটাকে করুন যদি ভবিষ্যতে প্রোকিওরমেণ্ট করতে চান এই হল আমার ১ নম্বর

কথা। ২ নম্বর কথা হচ্ছে আপনি প্রোকিওরমেন্টে ধানের দাম করেছেন ৭৪.৭৭.৮০ টাকা কুইন্টল। কেউ যদি সুপার ফাইন চাল/এত বেশী দামে কিনে খায় তাহলে আপনি চাষীকে মারবেন কেন? ৭৪,৭৭,৮০ টাকা কুইন্টল দরে চাষীরা স্বেচ্ছায় গভর্ণমেন্টের কাছে ধান বিক্রি করবে? করবে না।

আপনি জোর জবরদস্তি করে তাদের কাছ থেকে কিনতে পারবেন? আমরা দেখছি মিল মালিকরা ডবল, তিনগুণ দামে বিক্রয় করেছে। সাধারণ কৃষক যারা আছে তারা আপনাকে এই দামে বিক্রি করতে পারবে না। চাষীকে যদি ন্যায্যভাবে ধানের দাম দিতে হয় তাহলে আপনাকে কুইন্টল প্রতি ৮৫ থেকে ১০০ টাকা দিতে হবে। কিন্তু তখনই তো আবার চীৎকার সুরু হবে কোন হিসেবে ৮৫ টাকা ধানের কুইন্টল হলে ২৫০ টাকা চালের কুইন্টল হয়। আপনি রেশন থেকে যেটা সরবরাহ করছেন তার দাম ২.২০ পয়সা, ২.২২ পয়সা, ১.৮০ পয়সা, ১.৮২ পয়সা। আমরা লক্ষ্য করছি গরীব, ছোট এবং মাঝারি চাষীরা ন্যায্য দাম পাচ্ছে না অথচ যারা বড় চাষী, যারা জমি করে রেখেছে তারা বেশী দামে বিক্রি করছে এবং মিল মালিকরা সরকারকে কিছু কম দামে দিয়ে বাকীটা বেশী দামে বিক্রি করবে এই হচ্ছে আমাদের অবস্থা। আমি মনে করি এই অবস্থার পরিবর্তন করা দরকার। ভারত সরকার একটা জিনিস ঠিক করে দিয়েছে কাজেই তার বাইরে আপনি যেতে পারছেন না। আমার বক্তব্য হচ্ছে আপনি বোনাস দিয়ে ছোট এবং মাঝারি চাষীদের কাছ থেকে সংগ্রহ করুন। অনেকে বলেছেন ধান নষ্ট হচ্ছে, কাজেই লেভি ছেড়ে দেওয়া হোক। আমি সেকথা বলব না। আমি মনে করি এতে যাদের খোরাকীর চেয়ে বেশী ধান থাকবে তারা চড়ভাবে লাভ করবে। আপনি বলেছেন সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর। আমার বক্তব্য হচ্ছে প্রত্যেকটি চাষীর ক্ষেত্রে এটা ইনভেস্টিগেশন করে দেখা হোক। যাদের উদ্বৃত্ত থাকবে তারা সেটা নিয়ে মুনাফাখোরী করুক এটা আমরা চাইনা। তাদের উপর আপনি লেভি বসান। কিন্তু যারা ছোট চাষী, মাঝারি চাষী তাদের যদি ফসল হানী হয়ে থাকে তাহলে সেখানে ইনভেস্টিগেসন করে তাদের লেভির হাত থেকে মুক্তি দিন। তারপর আমার বক্তব্য হচ্ছে সরকার যাতে ডাইরেক্ট প্রোকিওরমেন্ট করতে পারেন তার ব্যবস্থা আপনারা করুন। আপনি যদি বেশী দাম দিতেন তাহলে আপনারা নিজেরাই স্টক করতে পারতেন। এবারের ফসল যদি খারাপ না হয় তাহলে সে কথা, কিন্তু অবস্থা যা দেখছি তাতো সাংঘাতিক। আমার বক্তব্য হচ্ছে আপনারা যদি লেভি করেন তাহলে আপনাদের ন্যায্য দাম দিতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে আপনারা যদি টাকা এ্যাডভান্স করেন এবং তাদের কাছ থেকে নেন তাহলে গভর্ণমেন্ট নিজের স্টক হতে পারে। তৃতীয় কথা হচ্ছে মিলের ক্ষেত্রে ফিফটিপারসেন্ট যেটা

করেছেন সেটা অত্যন্ত কম, এটা বাড়ান দরকার। বর্তমানে এই যে আড়াই টাকা পার কে জি বিক্রি করছে তারা কত দামে এই ধান ক্রয় করেছিল ? আজকে তারা আড়াই টাকা দরে চাল বিক্রি করছে কাজেই কেন আপনি তাদের কাছ থেকে ফিফটি পারসেন্ট নেবেন ? আমি মনে করি তাদের কাছ থেকে আরও বেশী নেওয়া দরকার। আপনি বলেছিলেন মিলগুলোকে টেকওভার করবেন, সেটা আপনি করেন নি। কাজেই মিলের কাছ থেকে লেভি হিসেবে আরও বেশী নেওয়া দরকার এবং তারা সেটা ঠিকভাবে দিচ্ছে কিনা সেটা দেখার জন্য একটা পপুলার কমিটি থাকা দরকার এবং কৃষক ও জনসাধারণের সহযোগিতা নেবার জন্যও কমিটি থাকা উচিত।

[310—320 p. m.]

আমি জেলারেল ডিস্কাসন এর সময় অনেক বিষয় তুলবো—আমি শুধু এখন চাল এবং সম্বন্ধে বলতে চাই। প্রথম প্রকিওরমেণ্ট পলিসি ফেল হয়েছে। এই প্রকিওরমেণ্ট পলিসি বদলানো দরকার। যে সময় আমাদের বলতে হচ্ছে যখন প্রডাকশান খারাপ হয়েছে, প্রডাকশান যখন ভাল হয়েছিল তখনও আমি বলেছিলাম কিন্তু তখন কানে নেননি। কিন্তু আজকে প্রডাকশান খারাপের বছরে যদি অন্তত কিছুটা চেষ্টা করলে কিছুটা সাকসেসফুল হন তাহলে ভাল। আরেকা জিনিষ গ্রামে আপনি রেশন সরবরাহ করছেন কিন্তু আজকে আপনার বক্তৃতা শুনলাম এবং আমাদের ইম্পলিমেনটশান কমিটির মিটিং হবে আসছে কাল তারজন্য যে ফিরিস্তি দেওয়া হয়েছে তাও পলাম, গ্রামে আপনি কিছু গম সরবরাহ করছেন ৫০০ গ্রাম করে কিন্তু গ্রামে চাল সরবরাহ করছেন না, তাদের চাল কিনে খেতে হয় তাদের চাল সরবরাহ করছেন না কেন ? সহরে ডিস্ট্রিক টাউনে সাবডিভিশান টাউনে সেখানে কিছু কিছু চাল সরবরাহ করছেন আর ৫০০ গ্রাম করে গম দিচ্ছেন। তাও সব জায়গায় সাপ্লাই যাচ্ছে না শুনলাম। কতকগুলি জায়গায় মাঝে মাঝে একবার যাচ্ছে কতকগুলি জায়গায় মাসে দুবার করে যাচ্ছে। আবার অনেক সময় সাপ্লাই থাকছে না। অথচ শুনছি অঢেল গম আছে, কাগজে দেখছিলাম মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী জগজীবন রাম এবং মাননীয় মন্ত্রী সিদ্ধে বলেছেন আমাদের বিপুল পরিমাণে গম ষ্টক আছে। যদি ষ্টক প্রচুর থাকে তাহলে সেই ষ্টক থেকে আনিয়ে এই দুঃসময়ে গ্রামে গ্রামে রেগুলারলি দিন এবং চালের কোয়ালিটি একটু ভাল করুন। খারাপ চালের সঙ্গে একটু ভাল চালও দিন। এই যে অন্ধ্র থেকে যে চাল এনেছেন অন্ধ্র লংষ্টেপেল্ দু টাকা ২২ করে ২৫০ গ্রাম করে দিচ্ছেন। এর ফলে কি হচ্ছে ৫।৭ রকম যে দিচ্ছেন যার জন্য রেশনের

দোকানের সামনে ভীড় হচ্চে এটা ২৫০ গ্রাম ওটা ৭৫০ গ্রাম সেজন্য দেরী হচ্ছে লোকে বিরক্ত হচ্ছে। এই হচ্ছে অবস্থা। আবার আপনারা সারকুলার দিয়েছেন নিতেই হবে। এটা হাইয়েষ্ট লেভেলের ডিসিশান—ইনভাওলেবেল্—এ বদলাতে পারবেন না। আমি বুঝি না প্ল্যানিংটা কি এবং তার ভাওলেবেল্ আর ইনভাও-লেবেল এসব কথার মানে কি? আমি আপনাদের সারকুলার দেখেছি। খারাপ চাল পচা চাল আপনাদেরই লোক চেক করে দেখে এসেছে। আপনারা কেন তা রিজেক্ট করছেন না। সুতরাং আমার মোট কথা হচ্ছে গত বছর প্রকিওরমেণ্ট পলিসি আপনাদের ফেল করেছে। গত বছরে ভাল ফসলে আপনারা প্রকিওর করেন নি। আর এ বছর অবস্থা খারাপ তাকে যদি সামাল দিতে হয় আপনারা এক্সুণি প্রচুর পরিমাণে আমদানী করে দরটাকে কন্ট্রোল করুন। কৃষকদের ন্যায্য দাম দিতে হবে। ছোট মাঝারি কৃষককে দাম দিলে তাতে দাম বাড়েনা। কৃষককে ৮৫।৯০ টাকা ধানের দর দিলে চালের দাম ২৫০ টাকা ৫ টাকা হয় না। সেটা হয় মজুতদার তারাই করে, যারা ব্যবসা করে তারাই জমিয়ে রাখে তারাই দাম বাড়ায়। সুতরাং কৃষকদের ন্যায্য দাম দিন তাদের সহযোগিতা নিয়ে যা পারেন প্রকিওর করুন। মিলের উপর লেভী বাড়ান এবং তাদের উপর তদারকির ব্যবস্থা করুন। গ্রামের লোকের উপর লেভীর ব্যাপারে চাপ কমান না হয় তাদের উপর রদ করে দিন। বড়দের কাছ থেকে লেভী সংগ্রহ করুন। গ্রামের বাইরে থেকে এনে তাদের সরবরাহ করুন। আর গমটা একটু বাড়ান এবং তাহলে দরের ঊর্দ্ধগতি আপনি চেক করতে পারবেন এবং প্রকিওরমেন্টে ও আপনাদের সাহায্য করবে। লাষ্টলি আমি বলতে চাই যে খারাপ কোয়ালিটির চাল আমদানী হচ্ছে এটা আপনারা সেণ্ট্রাল গভর্মেণ্টের দৃষ্টি আকর্ষণ করুন। এই চাল গুলি আসে কোথা থেকে? এই যে পোকা ধরা গম এইগুলি কি জন্মানোর সময় পোকা নিয়ে জন্মায়? এই সম্বন্ধে বারে বারে মানুষ প্রতিবাদ করে তার কোন প্রতিকার হয়না। আপনাদের এই পলিসি সমালোচনা যোগ্য এবং সংশোধনযোগ্য। এই পলিসি সংশোধন হওয়া উচিত। আপনারা একটু চেষ্টা করলে হয়ত বরো ধান ভাল হতে পারে। গম কি রকম হবে বলতে পারিনা। কিন্তু আমন আমাদের প্রধান ফসল তার অবস্থা খারাপ। এখানে মাননীয় সদস্যরা যা বলেছেন সেই মত নতুন খাদ্যনীতির প্রয়োজনীয় সংশোধন করুন।

[3-20—3-50 p. m.]

শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ—মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে বর্ধমান জেলার

করেছেন সেটা অত্যন্ত কম, এটা বাড়ান দরকার। বর্তমানে এই যে আড়াই টাকা পার কে জি বিক্রি করছে তারা কত দামে এই ধান ক্রয় করেছিল ? আজকে তারা আড়াই টাকা দরে চাল বিক্রি করছে কাজেই কেন আপনি তাদের কাছ থেকে ফিফটি পারসেন্ট নেবেন ? আমি মনে করি তাদের কাছ থেকে আরও বেশী নেওয়া দরকার। আপনি বলেছিলেন মিলগুলোকে টেকওভার করবেন, সেটা আপনি করেন নি। কাজেই মিলের কাছ থেকে লেভি হিসেবে আরও বেশী নেওয়া দরকার এবং তারা সেটা ঠিকভাবে দিচ্ছে কিনা সেটা দেখার জন্য একটা পপুলার কমিটি থাকা দরকার এবং কৃষক ও জনসাধারণের সহযোগিতা নেবার জন্যও কমিটি থাকা উচিত।

[310—320 p. m.]

আমি জেলারেল ডিস্কাসন এর সময় অনেক বিষয় তুলবো—আমি শুধু এখন চাল এবং সম্বন্ধে বলতে চাই। প্রথম প্রকিওরমেণ্ট পলিসি ফেল হয়েছে। এই প্রকিওরমেণ্ট পলিসি বদলানো দরকার। যে সময় আমাদের বলতে হচ্ছে যখন প্রডাকশান খারাপ হয়েছে, প্রডাকশান যখন ভাল হয়েছিল তখনও আমি বলেছিলাম কিন্তু তখন কানে নেননি। কিন্তু আজকে প্রডাকশান খারাপের বছরে যদি অন্তত কিছুটা চেষ্টা করলে কিছুটা সাকসেসফুল হন তাহলে ভাল। আরেকা জিনিষ গ্রামে আপনি রেশন সরবরাহ করছেন কিন্তু আজকে আপনার বক্তৃতা শুনলাম এবং আমাদের ইম্পলিমেনটশান কমিটির মিটিং হবে আসছে কাল তারজন্য যে ফিরিস্তি দেওয়া হয়েছে তাও পলাম, গ্রামে আপনি কিছু গম সরবরাহ করছেন ৫০০ গ্রাম করে কিন্তু গ্রামে চাল সরবরাহ করছেন না, তাদের চাল কিনে খেতে হয় তাদের চাল সরবরাহ করছেন না কেন ? সহরে ডিস্ট্রিক টাউনে সাবডিভিশান টাউনে সেখানে কিছু কিছু চাল সরবরাহ করছেন আর ৫০০ গ্রাম করে গম দিচ্ছেন। তাও সব জায়গায় সাপ্লাই যাচ্ছে না শুনলাম। কতকগুলি জায়গায় মাঝে মাঝে একবার যাচ্ছে কতকগুলি জায়গায় মাসে দুবার করে যাচ্ছে। আবার অনেক সময় সাপ্লাই থাকছে না। অথচ শুনছি অঢেল গম আছে, কাগজে দেখছিলাম মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী জগজীবন রাম এবং মাননীয় মন্ত্রী সিদ্ধে বলেছেন আমাদের বিপুল পরিমাণে গম ষ্টক আছে। যদি ষ্টক প্রচুর থাকে তাহলে সেই ষ্টক থেকে আনিয়ে এই দুঃসময়ে গ্রামে গ্রামে রেগুলারলি দিন এবং চালের কোয়ালিটি একটু ভাল করুন। খারাপ চালের সঙ্গে একটু ভাল চালও দিন। এই যে অন্ধ্র থেকে যে চাল এনেছেন অন্ধ্র লংষ্টেপেল্ দু টাকা ২২ করে ২৫০ গ্রাম করে দিচ্ছেন। এর ফলে কি হচ্ছে ৫।৭ রকম যে দিচ্ছেন যার জন্য রেশনের

বর্ধমানকে গ্র্যানারি অব ওয়েস্ট বেঙ্গল বলা হয়ে থাকে কিন্তু এই সব জায়গায় দারুণ খরা, আবার উত্তরবঙ্গের পশ্চিমদিনাজপুরে ধান হয়, সেখানে বন্যা দেখা দিয়েছে। এইসব অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের যদি নির্ধারিত লক্ষ্যে পৌঁছুতে হয়, তাহলে আমাদের খাদ্য সংগ্রহ নীতিকে আরও বলিষ্ঠ করার প্রয়োজন আছে, আরও দৃঢ় পদক্ষেপে যে সব ফুটো ফাটা আছে সেগুলি বন্ধ করতে হবে। কেন না গতবারে অভিজ্ঞতায় এটা দেখা গিয়েছে যে ধান সংগ্রহ করতে গিয়ে, ক্রয় করতে গিয়ে ভুল ত্রুটি দেখেছি। সেজন্য ল্যাকুনা যেগুলি আছে সেগুলি দূর করার জন্য আগে থেকে ব্যবস্থা নেবার জন্য আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করবো যাতে এই রকম ঘটনা আর না ঘটে। যেমন ধরুণ চাষবাস শেষ হলে সবে যখন ধান উঠে তখন বাজারে ধানের দর বেশ কম থাকে, ডিস্ট্রেস সেল হয়, কিন্তু সেই সময় সরকারের লোক ধান সংগ্রহের জন্য সেখানে হাজির হয় না, সেখানে তখন বাজারে ফোঁড়েরা ধান কিনে। সেই সময় এমন যে, সরকার নির্ধারিত দর অপেক্ষাও ধানের দর কমে যায়। তাই সেই ধান সংগ্রহ করতে কি অসুবিধা হয়? কাজেই গোড়া থেকে চেষ্টা নিয়ে আমরা অনেক ধান সংগ্রহ করে দিতে পারি। কাজেই বিরোধী দলের নেতা বিশ্বনাথবাবু বলেছেন ছোট ছোট চাষীদের দিকে নজর না দিয়ে বড় বড় চাষীদের দিকে নজর দিন। সরকারের পলিসিও তাই। যারা বড় চাষী তার অনেক ধার কুক্ষিগত করে রাখে, তাদের কাছ থেকে যদি লেভি করে অতিরিক্ত ধান সংগ্রহ কি করতে পারা যায় সেটা লক্ষ্য। কিন্তু বিপদ হচ্ছে বিশ্বনাথবাবুর দল কাজ করতে দেন না। প্রকৃতপক্ষে কাজের বেলায় দেখা যায় আমরা যখন লেভি সংগ্রহ করার ব্যাপারে সরকারকে সাহায্য করি, তখন আপনাদের দলের লোকে নানাভাবে লেভি যাতে সংগ্রহ না হয় তারই চেষ্টা করেন। আমি খাদ্য-মন্ত্রীকে বলবো যে গোড়া থেকে বিশেষ ভাবে লক্ষ্য রাখুন যাতে খাদ্য নিয়ে পলিটিক্যাল ইনভেলভমেণ্ট না হয়, কোন রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত হয়ে খাদ্যনীতি বানচাল না হয়, সেদিকে লক্ষ্য রাখার প্রয়োজন আছে। একটা কথা বিরোধী দলের নেতা বিশ্বনাথবাবু বললেন যে এবার নাকি রেশনে চাল কমিয়ে দিয়ে গম বেশী দেওয়া হয়েছে। এটা প্রকৃত পক্ষে ভুল তথ্য, সেটা আমি একটা ছোট্ট হিসাবে দিলেই যাবে। ১৯৭৫ সালের জুন মাসে মডিফায়েড রেশনিং-এ গম দেওয়া হয়েছিল ৩৫৭৫০ মেট্রিক টন, সেই জায়গায় এই বছর জুন মাসে দেওয়া হয়েছে ৪৪৬২৮ মেট্রিক টন। অক্টোবর মাসের যে তাতে গত বছর গম দেওয়া হয়েছিল ৪৩ হাজার মেট্রিক টন, এবারে ৬০০০৫ মেট্রিক টন।

গতবার মডিফায়েড রেশনে চাল দেওয়া হয়েছে—২৪০০০ মেট্রিক টন—আর সেই জায়গায় এবার দেওয়া হয়েছে ৩৫৩০০ মেট্রিক টন এই অক্টোবর পর্যন্ত।

একটা ব্যাপারে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৬৯-৭০ সালে পশ্চিমবাংলার ৭২৬টা চাল কল ছিল, আজ সেখানে এই সংখ্যা দাঁড়িয়েছে ৩৮৫টা এবং তার মধ্যে ১৫৬টা modern machine ভারতবর্ষের কোথাও সিদ্ধ চাল তৈরী করবার ব্যবস্থা নাই—একমাত্র আমাদের এই পশ্চিমবঙ্গ ছাড়া। কেবলমাত্র পশ্চিমবঙ্গে এই ব্যবস্থা থাকার জন্য—Here the member reabhed the time limit

না হোক খাদ্যমন্ত্রী এখানে যে বিবৃতি দিলেন—আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Shri Birendra Bijoy Malladev : মাননীয় স্পীকার মহোদয়—গত বছর আমাদের যে procurement terget ছিল তাতে আমরা আজ বছর বাদে সেই টার্গেট fulfil করতে পেরেছি। তার জন্য নিশ্চয়ই সমগ্র মন্ত্রীসভাকে বিশেষ করে খাদ্যমন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এই সাথে সাথে তিনি যে নতুন খাদ্য নীতি ঘোষনা করেছেন তার ও সমর্থন জানাচ্ছি। যে নীতি গত বছর কৃতকার্য্য হয়েছিল, এ বছর সেই নীতিটা রেখে তার যে গলদ—সেগুলি সংশোধন করে যদি মন্ত্রী মহাশয় এগিয়ে যেতে পারেন তাহলে নিশ্চয়ই আমার মনে হয় যে টার্গেটটা তিনি করেছেন তাতে আমরা পৌঁছাতে পারবো। কিন্তু এ বছর প্রকৃতি বিরূপ। বাঁকুড়ায়, পুরুলিয়ায়, মেদিনীপুরের পশ্চিমবঙ্গে ভীষণ খরা দেখা দিয়েছে। উত্তরবঙ্গের জেলা গুলি ও বন্যায় বিশেষ ক্ষতিগ্রস্থ হয়েছে যদিও অন্যান্য বহু জেলায় বন্যা দেখা দিয়েছে। এই পরিপ্রেক্ষিতে আমার মনে হয়—খাদ্য নীতির কিছু কিছু পরিবর্তন দেখা দিতে পারে। যেমন যেহেতু আজ খাদ্যে কিছু সরবরাহ কম থাকতে পারে, উৎপাদন কম হতে পারে—এই খরা এবং বন্যার জন্য। সেই জন্য আমি বলবো যে যেখানে Rice মিলগুলির কাছ থেকে procurement হচ্ছে fifty fifty বসিসে। প্রয়োজন হলে সেখানে তাদের কাছ থেকে আরো বেশী নিতে হবে। এমন কি দরকার হলে সবটাই নিতে হবে। এজন্য আমাদের তৈরী থাকতে হবে। এই খরা ও বন্যা পরিস্থিতির জন্য সরকারের উপর বিরাট চাপ আসবে। তারপর দ্বিতীয় কথা হচ্ছে যেহেতু এবছর খরা দেখা দিয়েছে—সেই হেতু খাদ্যমন্ত্রী যে কথা বলেছেন যে খাদ্য সংগ্রহের যে নীতি ও পদ্ধতি তার কতকগুলির পরিবর্তন একটু প্রয়োজন। যেখানে তিনি বলেছেন—producer-দের কাছ থেকে লেভীর কথা বলেছেন—সেখানে তিনি জমি Categary ভাগ করেছেন—Irrigated ও non irrigated জমির একটা slab করে দিয়েছেন। যাদের বেশী জমি আছে, তাদের বেশী লেভী দিতে হবে এবং যাদের কম জমি আছে, তাদের কম দিতে হবে। এটা খুব ভাল কথা।

Irrigated land এবং non-Irrigated land-এর মধ্যে পার্থক্য রাখতে হবে ঠিক কথা। কিন্তু আরো কয়েক রকম জমি আছে—তার উপর দৃষ্টি রেখে যদি প্রডিউসারদের কাছ থেকে লেভী আদায় না করা যায় তাহলে নিশ্চয়ই আগামী দিনে লেভী ঠিকমত আদায় করতে পারবো না। আপনি জানেন যে আমাদের রেকর্ডে আছে সেটেলমেণ্টের তাতে ৪।৫ রকমের জমির কথা বলা হচ্ছে। কিন্তু খাদ্যমন্ত্রী মহাশয় এখানে মাত্র দুরকম জমির কথা বলেছেন—Irrigated and non irrigated land এবং সেই মত তিনি লেভী ধার্য্য করেছেন। যেহেতু বর্তমানে খরার প্রকোপে অনেক জমি বিশেষ করে ডাঙ্গা জমি উচু জমি তাতে ফসলের উৎপাদন অনেক কম হবে। আমার মনে হয় কেবল Irrigated and non irrigated land এর উপর যে সংগ্রহ নীতি ঠিক করা হচ্ছে—। সেই নীতিতে যদি করা হয়, তাহলে আমার মনে হয় gradation হয়েছে। জমির gradation দেখে এই সংগ্রহ নীতি ঠিক করলে ভাল হতো বলে মনে হয়। যাহোক আরো কিছু বলবার ইচ্ছা ছিল। সময় নাই—এই বছরের খাদ্য নীতি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি!

[400—410 p. m.]

শ্রীতুহিন কুমার সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যনীতি একই ধরণের হুবহু একই রকমের করে পশ্চিমবঙ্গবাসীকে উপহার দিয়েছেন। আমি বিশেষ করে কতকগুলো কথা বলতে চাই। বর্ধমান জেলার চাষীর ঘর থেকে এসেছি বলেই এই কথা বলবো। এইজন্য কোন অসুবিধা বোধ করছি না। এই বছরও সার ১৪০ টাকা এবং ব্লাকে সার কিনতে হয়েছে। খোল একশো টাকা দরে চাষীদের কিনতে হয়েছে। আজকে যদি মিনিমাম ওয়েজেস এ্যাক্টের কথা ধরা হয় ৬ টাকা কি সাড়ে ৬ টাকা মিনিমাম ওয়েজেস এ্যাক্ট তার হিসাব ধরা হয় তাহলে খাদ্যমন্ত্রী হিসাব করে বলতে পারবেন কি এক একরে যে পরিমাণ চাষ হয় এবং এক একর জমির চাষের খরচ যা, তার লাঙ্গল, বলদ সার—ইত্যাদি সমস্ত কিছু নিয়ে তাতে ৭০।৭৮ টাকা যে দর পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়েছে আমি মনে করি না চাষীদের পক্ষে এটা উপযুক্ত হয়েছে। লেভীর কথা বলতে গিয়ে মাননীয় খাদ্যমন্ত্রীকে বলি একটা গ্রামে যদি ৫ হাজার পরিবার হয় তাহলে তার মধ্যে মাত্র ৫ শো পরিবার লেভীর আওতার মধ্যে পড়ে। আর বাকি চার হাজার পাঁচশো পরিবার তাদের হয়তো কিছু খরচ করে উদ্বৃত্ত থাকে। সংসারের খরচ ব্যতিরেকে কিছু ধান তারা উপযুক্ত দাম পেলে সরকারী গুদামে দিতে পারে। কিন্তু উপযুক্ত দাম না পাওয়ার জন্য সরকারী গুদামে দিতে

চায় না। লেভীর মাধ্যমে ব্লকে ৩ হাজার কুইন্টাল ধান সংগ্রহ হতে পারে। যে দাম দেওয়া হয়েছে সেই দামের যদি একটু বেশি দাম দেওয়া হয় তাহলে প্রান্তিক চাষী, ছোট ছোট জোতের মালিক তাদের উদ্বৃত্ত ধান সরকারের গোলায় দিতে আসতে পারে। তাই শুধু লেভীর সংগ্রহের উপর নির্ভর না করে সাধারণ মধ্যবিত্ত গৃহস্থ তারা উপযুক্ত দাম পেলে যাতে দিতে পারে আনন্দদের সঙ্গে তার ব্যবস্থা করা উচিত। কর্ডণিং এর কথায় আসা যাক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে বারবার কর্ডণিং জোরদার করার চেষ্টা করা হয়েছে। খাদ্যমন্ত্রী কি বুকে হাত দিয়ে বলবেন কর্ডণিং জোরদার থাকলে বর্ধমান থেকে কলকাতায় চাল আসে কি করে? কি নদীয়ার কি করে চাল যায়। অনেকে বিপক্ষে বা পক্ষে যুক্তি দিয়ে বলেন কর্ডণিং থাকলে জিনিষপত্র ঠিকভাবে সরবরাহ হয়। আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে বলতে চাই গত বছরে ৫ টাকা ইনসেনটিভ চেয়েছিল চাষীরা, গরুর গাড়ীর ভাড়া চেয়েছিল। তারা তা পেলে অনায়াসে চাল দিতো। মাননীয় অধ্যক্ষ মহাশয় এক বছরে ৪৫ কোটি টাকা খরার জন্য খরচ হয়েছে। সেই ১৫ কোটি টাকার ইনসেনটিভ দিলে অনেক খাদ্য সরকারী গুদামে আসতো। তাই খাদ্যমন্ত্রীকে অনুরোধ করবো বর্ধমানের চাষীদের তরফ থেকে সংগ্রহের দাম একটু বাড়ান তাহলে খাদ্যনীতি সাফল্যমণ্ডিত হবে।

শ্রীশিয়াসুউদ্দিন আমেদ :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্য মন্ত্রী খাদ্য সম্পর্কে যে বক্তব্য এই বিধানসভায় রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করে দু একটি কথা নিবেদন করতে চাই। আমার প্রথম কথা হচ্ছে প্রোকিওরমেন্টের মূল্য নির্ধারণ সম্পর্কে তিনি যে মূল্য বিভিন্ন ধানের ক্ষেত্রে নির্ধারণ করেছেন আমি গ্রামাঞ্চল থেকে এসেছি এবং আমার নিজেরও কিছু কিছু চাষ আবাদ আছে আমি ক্যাটাগরিক্যালি বলতে পারি যে এই যে নির্ধারিত মূল্য তা কস্ট অব প্রোডাকসনের অনেক নীচে। আমরা জানি যে গত বছর গমের উৎপাদন খুব ভাল হয়েছিল। তাই যাতে গমের মূল্য না পড়ে যায় তার জন্য গমের মূল্য সরকার নির্ধারণ করেছিলেন। তিন মাস চেষ্টা করেও সেই দাম ঠিক রাখা যায় নি। চাষীদের ৯০/৯২ টাকায় কিংবা তার নিচের দরে গম বিক্রি করতে হয়েছে। কারণ প্রডাকসনের উদ্বৃত্ত চাষীকে জীবন ধারণের তাগিদে বিক্রি করতে হবেই। গম বিক্রি করে চাষী গত বছর কস্ট প্রোডাকসন পায় নি। আজকে মূল্য যদি এই রকম হয় তাহলে চাষীরা প্রোকিওমেন্টের ধান দিতে উৎসাহিত হবে না। এবং যতকাল কৃষকদের বাঁচবার মত উপযুক্ত মূল্য না দেওয়া হয় ততদিন প্রোকিওর-মেন্টের যত টারগেটই ঠিক করা হোক না কে সেখানে আমরা পৌঁছাতে পারবো না। আর একটা কথা আমি বলবো যে সমস্ত ডি. পি. এজেন্ট করা হয় তারা গ্রামের কাছা

কাছি জায়গায় থাকে না ১০/১২টি গ্রামের মধ্যে একটি জায়গায় ডি. পি. এজেন্ট থাকে। চাষীকে তার বাড়ীতে গিয়ে ধান দিয়ে আসতে হয় এবং সে ইচ্ছামত ছাঁটখাট করে ধান নেয় এমন কি সঙ্গে সঙ্গে তাদের দাম পর্যন্ত মেটায় না। আমি এ সম্পর্কে গতবার নদীয়ার জেলা শাসককে জানিয়েছিলাম। আর একটি জিনিস হচ্ছে ডি হোডিংয়ের নামে দারিদ্র কৃষকদের কাছে ডি, এম, লোক পাঠায় সে এফ, সি, আই এর লোকই হোক আর সরকারী কমচারীই হোক—তারা যে কোন ফিকটিসাস ফিগার দিয়ে চাষী-দের কাছে দর কষাকষি করে। এবং বুঝতেই পারছেন যেখানে দর কষাকষির ব্যাপারে আছে উৎকোচ গ্রহণ করারও ব্যবস্থা আছে। আমি ৮টি ঘটনা ডি, এম,-কে জানিয়ে ছিলাম নাম দিয়ে জানি না আজ পর্যন্ত কি ব্যবস্থা নেওয়া হয়েছে সে সম্পর্কে। সর্ব-শেষে আমি রেসন কার্ড সম্পর্কে বলবো। মন্ত্রী মহাশয় বলেছিলেন যে নূতন কার্ড দেওয়া হবে। এই নূতন কার্ড দেওয়া সম্পর্কে যে কি রকম অবস্থার সৃষ্টি হয়েছে তা সকলেই জানেন। এখনও পর্যন্ত এ নিয়ে নানা রকম গোলযোগ পড়েছে। এই দিকটি বিশেষভাবে লক্ষ্য করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীশ মহম্মদ —মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে আমি আপনার মাধ্যমে এই সভায় দু একটি কথা রাখতে চাই। ১৯৭৫ সালে আমাদের পশ্চিমবাংলার সংগ্রহ টারগেট ধরা হয়েছিল ৫ লক্ষ টন। আজকে ১৯৭৬ সালে সেটা নেমে এসে ৩ লক্ষ টন ধরা হয়েছে এবং শিববাবু বললেন গতবারে ৩ লক্ষ টন প্রোকিওরমেণ্ট হয়েছিল। বাহবা দিয়েছেন—অবশ্য যদি ৩ লক্ষ টন হয় তাহলে বাহবা পাবার যোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বলতে পারি প্রোকিওরমেণ্ট আরও হতে পারে—এই সামান্য প্রত্যেক এম, এল, এ, প্রতি যদি ১ কেজি করে ধরা হয় তাহলে এইখানেই ২৮০ কেজি হয়ে যায়। কিন্তু তা কি হয়? কিভাবে খাদ্য সমস্যার মোকাবিলা হবে তা খাদ্য মন্ত্রী ভালভাবেই বুঝতে পারছেন। তিনি খাদ্য প্রোকিওর করবেন ঠিক কথা। কিন্তু গত বছর তো ৩ লক্ষ টন হয়েছিল—কিন্তু তা সত্ত্বেও গ্রামাঞ্চলের প্রকৃত ছবি কি? যারা দৈনিক চাল কেনে যারা ধান ডাল উৎপাদন করে না। তাদের আজকে কি দরে কিনতে হচ্ছে?

[4-10 4-20 p. m.]

এরপর যে আইটেম আসছে সেটাতে বিস্তৃতভাবে জানাব। কিন্তু স্যার, আজকে পশ্চিমবাংলার ভাণ্ডার পূর্ণ থাকা সত্ত্বেও বা লেভির যে টার্গেট তা পরিপূর্ণ-

ভাবে পাওয়া সত্ত্বেও গ্রামাঞ্চলে ২'৫০ থেকে ২'৯০ পয়সা পর্যন্ত দর দিয়ে চাল কিনে খেতে হচ্ছে। অথচ আমরা বাহবা দিচ্ছি, হাততালি দিচ্ছি এইজন্য যে আমাদের সংগ্রহের টার্গেট পূর্ণ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে স্টেটমেণ্টটি দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি যে ৪ একর পর্যন্ত ছাড় কিন্তু তার উর্ধে হলেই একটা ধরে নেওয়া হচ্ছে। সেখানে ৫ একরের উর্দ্ধে হলেই তখন পরিমাণটা বেড়ে যাচ্ছে। তা ছাড়া দাম যেভাবে নিধারণ করা হয়েছে তাতে চাষীরা সরকারকে সেই দামে দেবার পর কিছু লাভ থাকে না। স্যার, আমি গ্রামবাংলার সাধারণ চাষীর ঘরের ছেলে, আমি জানি এক কুইণ্ট্যাল ধান উৎপাদন করতে গেলে ৮০/৯০ টাকা খরচ হয় অথচ সেখানে মোট দর ৭৪ টাকা তিনি বেঁধে দিয়েছেন। মাননীয় বিশ্বনাথবাবুও বলেছেন, আমিও বলতে চাই যে, এর দর যদি একটু বাড়িয়ে দেওয়া যায় তাহলে বি. ডি. ও বা অফিসারদের পাঠিয়ে বা দল পাঠিয়ে ঘর থেকে ধান টেনে বার করতে হবে না, চাষীরা স্বেচ্ছায় সরকারকে ধান দিয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি ৮৫/৮৬ টাকা ধানের কুইণ্ট্যাল ধরা হয় তাহলে এক মনের দাম ৩৪॥/৩৫ টাকার বেশী পড়ে না। এক মন ধান ভেঙ্গে ২৫ কেজি. চাল উৎপাদিত হয়। কিন্তু স্যার, সেই সরকারের সংগৃহিত চাল রেশন দোকান মারফত আমাদের কত দরে খেতে হচ্ছে সেটা আপনি জানেন। স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এফ. সি. আই আমাদের ঘর থেকে ধান নিয়ে যাওয়া সত্ত্বেও সেই ধান আকাশছোঁয়া দরে সরকারের কাছ থেকে নিতে হচ্ছে। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনের মাধ্যমে যে চাল দেওয়া হয় তা একেবারে পচা, টানলে সুতোর মতন বেরিয়ে আসে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, এফ. সি. আই সমস্ত চালের ব্যাপারে নেতৃত্ব দেবে। স্যার, এফ. সি. আই সেই ধান সংগ্রহ করে কোথায় পাঠায় আমরা জানি না। পশ্চিমবঙ্গের ধান পশ্চিমবঙ্গে থাকে না। স্যার, আমাদের আর কতকাল এ পচা আতপ চাল খেয়ে থাকতে হবে জানি না। স্যার, আমরা পশ্চিমবঙ্গবাসীর নারী পুরুষ নির্বিশেষে সবাই বিধবার পর্যায়ে এসে পৌঁছে গিয়েছি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, চালকল সম্বন্ধে যে নীতি ঘোষণা করা হয়েছে তাতে বলা হয়েছে চালকল মালিকরা যে ধান সংগ্রহ করবে তার ৫০ ভাগ সরকারকে দিতে হবে এবং বাকি ৫০ ভাগ তারা সৎ উপায়ে বাজারে বিক্রি করবে। তা না করে তারা যদি দর বৃদ্ধি করার চক্রান্ত করে তাহলে সেটা ওঁরা দেখবেন। এখন স্যার, আপনি এটা চিন্তা করে দেখুন, সেই চালকল মালিকরা কতটা সংগ্রহ করলো খোলা বাজার থেকে বা গ্রামে কানাঘুষা করে তারা কি সেটা ঠিক বলবে? খাদ্যমন্ত্রী মহাশয় যতই নিজেকে বুদ্ধিমান বলে মনে করুন তাঁর থেকেও বুদ্ধিমান লোক এ চালকল মালিকরা।

সরকার মনে করছেন তাঁরা খুব বুদ্ধিমান, কিন্তু চালকল মালিকরা তার থেকে অনেক বেশী বুদ্ধিমান তাদের এক নম্বর এবং দু নম্বর খাতা আছে। এক নম্বর খাতায় যা থাকবে তার ফিফটি পার্সেণ্ট দিতে হবে। এবং দু নং খাতা যেটা রয়েছে সেটা থাকে কর্মচারীদের কাছ থেকে হিসাব নেবার জন্য এবং সেই দু নং খাতায় হিসাবের মাল গোপনে গোপনে বাজারে ছাড়ে এবং আস্তে আস্তে চালের দর বৃদ্ধি করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাজেই পশ্চিমবাংলার খাদ্যের চালের যে দুরবস্থা, খাদ্যের যে পরিস্থিতি, একটু আপনারা যদি সজাগ না হন তাহলে পশ্চিমবাংলার খাদ্য সমস্যার সমাধান করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি, কারণ আমার আর সময় নেই। আমি অনুরোধ করছি আপনার মাধ্যমে, আপনারা কৃষকদের কাছ থেকে ধান বেবেন, কৃষকরা স্বেচ্ছায় দেবেন, বহু কৃষকের সঙ্গে আলোচনা করেছি, তারা স্বেচ্ছায় ধান দেবে, কিন্তু ধানের দরটা একটু বৃদ্ধি করুন। কারণ এই ধান উৎপাদন করতে লাঙ্গলের খরচ লাগে, কাদা করতে খরচ লাগে, বীজের খরচ লাগে, সারের খরচ লাগে, নিড়ানির খরচ লাগে, তারপর যদি আপনি হিসাব করে দেখেন কত পড়লো, তাহলে দেখবেন ধানের দাম যা ধার্য করেছেন পার কুইণ্টল তার থেকে বেশী পড়ে যায়। সেই জন্য অনুরোধ জানাচ্ছি ধানের দরটা আর একটু বাড়িয়ে দিন। আর একটা বিষয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, আপনি চার একর পর্যন্ত ছাড় দিয়েছেন, এটাকে বাড়িয়ে সাত একর পর্যন্ত করুন। কারণ ল অফ ইনক্রিজিং রিটার্ন অনুসারে ধানের উৎপাদন হয় না—উৎপাদন বৃদ্ধি হয় না। যার দু বিঘা জমি আছে, তার যে ফলন হয়, ১০ বিঘাতেও সেই ফলন হয়। যারা সত্যকারের দেশের মালিক, যারা আমাদের অন্ন দিচ্ছে, বাঁচিয়ে রাখছে, তাদের দিকে লক্ষ্য রেখে ৭ একর পর্যন্ত ছাড় দিন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় খাদ্যমন্ত্রী ফুড প্রকিয়োরমেণ্টের ব্যাপারে যে খাদ্যনীতি ঘোষণা করেছেন, এতে অংশগ্রহন করতে গিয়ে কয়েকটি সাজেসন আপনার মাধ্যমে রাখছি। আমরা আনন্দ বেশী পেতাম যদি এই ডিবেট হবার পর এই ফুট প্রকিয়োরমেণ্ট পলিশি ঠিক করতেন। তার ফলে পশ্চিম-বাংলার খাদ্য প্রকিয়োরমেণ্টের যে আন্দোলন, এটা আরও জোরদার হত। তবে সুখের বিষয় এই হাউজ থেকে অন্ততঃ এই আশা নিয়ে যেতে পারবো আগামী দিনে, যে টার্গেটের কথা বলা হয়েছে, এই টার্গেট ডিস্ট্রিক্ট ওয়াইজ কি ভাবে ভাগ করা হবে, এই সম্বন্ধে নিশ্চিত ভাবে বিভিন্ন জেলা থেকে যারা বিধানসভার সদস্য আছেন তাঁদের

মাধ্যমে তাঁদের বক্তব্য শুনে ব্যবস্থা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বছর খাদ্য উৎপাদনের যে অবস্থা এতে মনে হচ্ছে যে টার্গেট ধরা হয়েছে, আমার মনে হয়, এই টার্গেট আরও কম করা উচিত। কারণ একদিকে যেমন খরা, অন্যদিকে অতিরিক্ত বর্ষার জন্য ধান চাল নষ্ট হয়েছে, এই খবর বিধানসভার সকল সদস্যর মুখ থেকেই শুনেছেন। সেই জন্য অনুরোধ জানাবো এই টার্গেট কম করা যেন হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে খাদ্য প্রকিয়োরমেন্ট পলিশি, এটাকে ইমপ্লিমেন্ট করতে গেলে এফ, সি, আই, এর একটা বিরাট সহযোগিতা প্রয়োজন। দীর্ঘ চার বছর ধরে দেখছি, তাদের যে মনোভাব সেটা অত্যন্ত বৈরী।

[4-20—4-30 p. m.]

তখন দেখা যাচ্ছে F.C I এর কর্মচারীরা ঠিক মতন তাদের D. Payment টাকা পয়সা দিচ্ছে না এরা যেন জায়গায় গিয়ে খাদ্য সংগ্রহ করা দরকার তা করছে না। এতে মনে হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য বিভাগের সঙ্গে এদের একটা গোলমাল আছে। সুতরাং F.C.I যাতে সেখানে গিয়ে খাদ্য সংগ্রহ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। Food Procurement এর ব্যাপারে Cordening এর একটা ভূমিকা আছে। আমাদের জেলায় পুলিশ super একটা statement-এ বলেছিলেন কোন জায়গা থেকে খাদ্য সব বেরিয়ে যাচ্ছে সেটা তিনি জানেন। তিনি যখন জানেন তখন পুলিশ থেকে কেন action নেওয়া হয়নি সেটা জানতে চাই ? আমাদের খবর আছে ঘুষ দিলে লাল ধান সাদা হয়ে যায় এবং একই permit-এ ৩।৪ বার ধান আনা যায়। অন্যদিকে গরীব মানুষকে অযথা harash করা হয়েছে। সঙ্গে এই Cordening ব্যবস্থা যদি জোরদার করা যায় তাহলে পশ্চিমবঙ্গে food procurement policy যেটা ঘোষণা করা হয়েছে সেটা সফল হবে।

শ্রীরবীন বেরা : স্যার, খাদ্যমন্ত্রী যে খাদ্যনীতি উপস্থিত করেছেন তার উপর আলোচনা করার সুযোগ দেওয়ায় আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি পরিষ্কার ভাবে খাদ্যমন্ত্রী ও মন্ত্রীসভাকে জানাতে চাই ধানের ক্রয়মূল্য বৃদ্ধি করতে হবে। এই দাবীটা শুধু বিধানসভার সদস্যদের নয় পশ্চিমবাংলা কৃষক সমাজেরও এটা দাবী। এর মধ্যে যথেষ্ট যুক্তি আছে। এর সঙ্গে বলতে চাই শুধু production cost নয়, একটা জমির উপর যা খাজনা ছিল ২ বছর আগে এক একরে ৪ টাকা ছিল, সেখানে সেটা ৩ গুণ বৃদ্ধি করে ১২ টাকা করা হয়েছে : irrigation tax ৫ টাকা ছিল, সেটা

২০ টাকা করা হয়েছে, মজুরীর মূল্যও বৃদ্ধি করা হয়েছে। এই সমস্ত দিক বিবেচনা করে দেখা যাচ্ছে ২ বছর আগে যা খরচ ছিল এখন তা অনেক দিক থেকে বৃদ্ধি হয়েছে। এই কথাটা কৃষক সমাজ বারবার সরকারকে বলেছে। সেজন্য মন্ত্রীসভার কাছে অনুরোধ যে ধানের ক্রয়মূল্য বৃদ্ধি করা হোক। গতবার যখন আলোচনা হয় অনেকে বলেছিলেন আমন ধানের উপর একটা কমিশন করা হোক। সরকার যদি এটা করেন তাহলে ভাল হয়। আর একটা জিনিস বলতে চাই লেভি ধার্য্য করার জন্য যে stpping করা হয়েছে তাতে দেখতে পাচ্ছি অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত জমির মালিককে বাদ দেওয়া হয়েছে এবং সেচ এলাকায় ৪ একর পর্যন্ত বাদ দেওয়া হয়েছে।

কিন্তু সেচ, অসেচ নিয়ে আগে অনেক বিভ্রান্তি দেখা গেছে। আমরা জানি ভূমি রাজস্ব বিভাগ থেকে যারা জরীপের কাজে বিব্রত আছে তারা ইরিগেশান ডিপার্টমেণ্ট থেকে যেসব রিপোর্ট নিচ্ছে তাতে দেখা গেছে এক একটা কন্সটিটিউয়েন্সিকে পুরো ইরিগেটেড এরিয়া বলে তাদের কাছে রিপোর্ট দেওয়া হচ্ছে। তার ফলে তারা জরীপে নেমেই সমস্ত জমি সেচভুক্ত বলে রেকর্ড করে যাচ্ছে। এতে সঠিক ভাবে লেভি রোল তৈরি করা যাবে না এবং প্রকৃতপক্ষে কার উপর কতটা লেভি ধার্য হওয়া উচিত সেটা ঠিক হবে না। সে জন্য ইরিগেশন ডিপার্টমেণ্ট থেকে রিসেন্ট রিপোর্ট নিয়ে লেভি রোল যাতে যথাযথ তৈরি করা হয় তারজন্য আমি সেচ মন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি খাদ্য মন্ত্রী মহাশয়কে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীতলচন্দ্র হেমব্রম ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় হাউসের সামনে যে খাদ্য নীতি ঘোষণা করেছেন সেই নীতিকে সমর্থন করছি, সাথে সাথে আমাদের পুরুলিয়া জেলার ব্যাপারে দু' একটা সাজেসান রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পুরুলিয়া জেলা অনুন্নত, শিল্প বঞ্চিত, সেচ বিহীন, খরা ক্লিষ্ট একটা জেলা। এই জেলার কৃষকগণকে সম্পূর্ণ বর্ষার উপর নির্ভর করতে হয়। যদি বছরে সময় মত সেখানে বৃষ্টি হয় তাহলে সেখানকার অনুর্বর কঙ্করময় ডাঙ্গা জমিতে গড়ে একরে ৬/৭ মন ধান হয়। মাননীয় খাদ্যমন্ত্রী গত বছরের মত এ বছরে খাদ্য নীতি ঘোষণা করেছেন এবং সেই ভিত্তিতে আজকে ৩ লক্ষ মেট্রিক টন খাদ্য সংগ্রহের লক্ষ্য মাত্র ঠিক করা হয়েছে। আজকে এই লক্ষ্যমাত্রা দেখে আমাদের পুরুলিয়ার অধিবাসীরা আতংকিত। গত বছরের মত এ বছরে যদি টার্গেট ঠিক করা হয় তাহলে পুরুলিয়ার গরীব চাষী উদার মানুষ সেই টার্গেট ফুল

ফিল করতে পারবে না এবং ধার্য লেভি না দিতে পারলে তাদের আদালতের কাঠ গোড়ার দাঁড়াতে হবে। সে জন্য অনুরোধ করব পুরুলিয়া জেলা অনুন্নত জেলা, খরা ক্লিষ্ট জেলা, সেখানকার উদার সরল মানুষের কথা চিন্তা করে আমাদের পুরুলিয়া জেলার টার্গেট ঠিক করবেন। আপনি জানেন এ বছর বিলম্বে বৃষ্টি হওয়ার জন্য পুরুলিয়া জেলায় রোপণের কাজে বিলম্ব হয়েছে। কোন রকমে আমরা ৬০/৭০ পার্সেণ্ট ধান চাষ করেছি। কিন্তু দুঃখের বিষয় ভাদ্র মাস থেকে বৃষ্টি না হওয়ায় ধান কিছুই হয়নি। যদিও নিচু জমিতে আমন ধানের চাষ করা হয়েছে, কিন্তু আশ্বিন মাসে বৃষ্টি না হওয়ায় আজ পর্যন্ত ধানে ফুল আসেনি। সেই কারণে পুরুলিয়া জেলার গরীব জনসাধারণের অর্থনৈতিক অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা এখনও ঠিক করতে পারছে না। সেই কারণে খাদ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব মানবিক দিক থেকে বিচার করে আমাদের জেলার প্রতি সদয় হবেন এবং তাদের অবস্থা দেখে লেভির টার্গেট ঠিক করবেন। খাদ্য নিশ্চয়ই আমাদের সংগ্রহ করা দরকার, কিন্তু বর্তমান পরিস্থিতিতে আমাদের পুরুলিয়া জেলার টার্গেট বিচার করে ঠিক করবেন এই আশা রেখে এবং আমাদের প্রতি সদয় হবেন এই বিশ্বাস রেখে খাদ্য নীতিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 —4-40 p. m.]

শ্রীকমলাকান্ত হেমব্রম ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী খাদ্য সংগ্রহের নীতি যেটা পাঠ করে শোনালেন তাতে দেখলাম নীতির দিক থেকে তিনি কোন পরিবর্তন করেননি অর্থাৎ গত বছর যে নীতিতে খাদ্য সংগ্রহ করেছিলেন এই বছরও সেই নীতি বহাল রেখেছেন। আমি এই নীতি সমর্থন করছি। তবে একটা কথা তাঁর কাছে নিবেদন করছি, গত বছর যেভাবে লেভি আদায় হয়েছে এবং যেভাবে লেভি ধার্য করা হয়েছিল সেটা কিন্তু ত্রুটিহীন ছিল না। যে কয়টা ত্রুটি ছিল সেটা আমি আপনাদের সামনে তুলে ধরছি। প্রথমতঃ দেখা গেছে যারা ১০ বছর আগে মারা গেছে তাদের উপরেও লেভি ধার্য করা হয়েছে। তারপর যারা একান্নবর্তী পরিবার তাদের সেই হিসেবে গন্য করে লেভির হেরফের করা হয়েছে। আমার মনে হয় এটা ইচ্ছাকৃতভাবে করা হয়েছে। আমরা জানি এই লেভি ধার্য করেছে তহশীলদাররা এবং তারা যে সুষ্ঠুভাবে লেভি ধার্য করেছে এটা আমি মনে করি না। সেই লেভি ধার্য করার মধ্যে অনেক ত্রুটি ছিল। তারপর দেখছি যারা জি, আর হোল্ডার তাদের উপরেও লেভি ধার্য করা হয়েছে। এটা কি করে সম্ভব ? কাজেই এই সমস্ত ত্রুটি যাতে এবারে

আর না হয় আশাকরি মন্ত্রী মহাশয় সেদিকে দৃষ্টি দেবেন। তারপর তাঁর রিপোর্টে দেখলাম বাঁকুড়া জেলাকে উদ্বৃত্ত জেলা বলে ধরা হয়েছে। আপনারা জানেন পশ্চিম-বাংলায় এবারে যে কয়টি জেলায় খরা হয়েছে তার মধ্যে বাঁকুড়া হচ্ছে একটি জেলা। কাজেই এই খরাক্লিষ্ট এলাকা থেকে যদি লেভির মাধ্যমে ধান আদায় করা হয় তাহলে সেটা ভাল হবে না। আমি অনুরোধ করছি আপনারা যখন লেভি ধার্য করবেন এবং আদায় করবেন তখন আপনারা মানবতার সঙ্গে যেন সেটা ধার্য এবং আদায় করেন। তারপর এই হাসকিং মিল সম্বন্ধে সরকারে কোন নির্দিষ্ট নীতি আমরা জানতে পারলাম না। আমরা কাগজে দেখেছিলাম কিছু কিছু হাসকিং মিল দেওয়া হয়েছে এবং অনেকে হাসকিং মিল কিনেও ছিল। তারপর দেখলাম তা নিয়ে অনেক হাঙ্গামা হোল, হাইকোর্ট হোল, ইনজাংসন হল। শুধু তাই নয়, যাদের লাইসেন্স আছে তারা ৮ ঘণ্টার বেশী চালাতে পারবে না অথচ যাদের লাইসেন্স নেই তারা দিবারাত্র চালাবে এবং তাদের কোন রিটার্ণ ও দিতে হবে না এটা কোন ধরণের নিয়ম? এই ব্যাপারে ডিপার্টমেন্ট থেকে, পুলিশ থেকে কোন ব্যবস্থাও নেওয়া হচ্ছে না। আমি এই সমস্ত ব্যাপারের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বণ্টন নীতি সম্বন্ধেও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, আজ থেকে এক যুগ আগে যে সমস্ত রেশন কার্ড বিলি করা হয়িছিল সেগুলো আজ পর্যন্ত রিপ্লেশ করা হল না। এই সময়ের মধ্যে অনেক লোকসংখ্যা বেড়ে গেছে অথচ কার্ডে সেই পরিবর্তন উল্লেখ করা হচ্ছে না। আমি এই বিষয়টিও মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি।

শ্রীশচীনন্দন সাহু ঃ মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। গত বছর যে খাদ্যনীতি ধার্য করা হয়েছিল তাতে আমাদের এবারে খুব ভাবতে হচ্ছে, কারণ এবছর আমাদের কাছে চরম সংকট। দেশের চারিদিকে বন্যা হয়েছে এবং চারিদিকেই খরা চলছে। আমাদের বীরভূম জেলায় সবচেয়ে বেশী ধান উৎপন্ন হয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এই সভায় আমি সেদিন বলেছিলাম মুরারই এক নম্বর ব্লক, রামপুরহাট এক নম্বর ব্লক, নলহাটি এক নম্বর ব্লক, দুবরাজপুর, ইসলামপুর, শিউড়ি এক নম্বর ব্লকে যথেষ্টভাবে খরার প্রকোপ দেখা দিয়েছে। গত বছর আমরা চাষীদের কাছ থেকে যেভাবে ধান নিয়েছিলাম এই বছর সেইভাবে ধান নেওয়া সম্ভব হবে না।

সেদিন আমরা এই কথাই বলছিলাম আমাদের সরকারকে এই সরকারী আমলারাই বিভ্রান্ত করছে। আমলাদের কথামত সরকার বিভ্রান্ত হচ্ছে। উৎপাদনের যে রিপোর্ট আমরা দেখছি তখন ভাবছি যে প্রচুর উৎপাদন হচ্ছে কিন্তু স্যার আমরা

যখন গ্রাম গঞ্জে লক্ষ্য করছি তখন দেখছি না এগুলি সত্যি নয়। কাজেই আমি মনে করি আমলারাই এই মন্ত্রীসভাকে বিভ্রান্ত করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সামান্য একটা ঘটনা দিয়ে বুঝাতে চাইছি, আজকে পঃবাংলার খাদ্যনীতির ব্যাপারে আমার এলাকায় দুবরাজপুর কেন্দ্র সেই এলাকায় লেভী ধার্যের নোটীশ দেওয়া সুরু হয়েছে—সেখানে কি দেখছি যে এলাকা নন-ক্যানেল এলাকা সেখানে বলছেন যে ক্যানেল এরিয়া। স্যার, একটু ভাবুন তো যে চাষীর উপর যা ধান ধার্য করা হল সেই ধান কি চাষী দিতে পারবে। সে কখনই দিতে পারবে না। কাজেই সরকারের যে নীতি নির্ধারিত হবে তিন লক্ষ টনই হউক আর ৭ লক্ষ টনই হউক তখন দেখা যাবে সেই ধান তাদের কাছ থেকে আদায় করা যাচ্ছে না। এবং এই সমস্ত মানুষরা আমাদের উপর অসন্তুষ্ট হয়ে পড়ছে। স্যার, সরকারের প্রতি এই অসন্তোস আমি মনে করি আজকে খুব ঠাণ্ডা মাথায় ভেবে দেখা দরকার। অনেক বন্ধু এখানে বলছিলেন ধানের দাম বাড়াতে হবে। আমি বলি ধানের দাম যে বাড়াবেন তার সময়টা কখন। আজকে কেন্দ্র ধানের দাম নির্দ্ধারণ করে দিচ্ছেন। চাষীর যে খরচ খরচা তা দেখা উচিত, তার ফসল ফলাতে কি পরিমাণ খরচা হচ্ছে। গত বছরের কথা ছেড়ে দিন এই বছর খরা এবং বন্যার জন্য গ্রামে প্রচণ্ড সংকট চলেছে। এই প্রচণ্ড সংকটের মুহূর্তে চাষীদের ধানের দাম আজকে বিবেচনা করে দেখতে হবে। আমাদের সরকারের নীতি এবং মাননীয়া প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচী ঘোষিত নীতি, সেই নীতি হচ্ছে গরিব মানুষের স্বার্থে গরিব কৃষকদের স্বার্থে। আজকে গরিব কৃষক কখন ধান বিক্রি করে ধান উৎপাদন হবার সঙ্গে সঙ্গে। আজকে অধিকাংশ সদস্য গ্রাম বাংলা থেকে এসেছেন তারা জানেন যে উৎপাদনের সঙ্গে সঙ্গে তারা ধান বিক্রি করে আর গ্রামের যারা ফড়ে যাদের পয়সা আছে তারা সেই ধান তখন ধরে রাখে। গত বছর ধানের দাম বাড়ান হয়েছে, সেখানে সরকারকে দৃঢ় হস্তে সেই ধানের দরকে সারা বছর ঠিক করে ধরে রাখতে হবে। আমি মনে করি সরকারকে গত বছর প্রতিক্রিয়াশীল শক্তির কাছে মাথা নত করতে হয়েছে। সেজন্য আমি মনে করি যে ভুল এবং ত্রুটী গতবছর হয়ে গেছে—আমি মনে করি না মন্ত্রী মহাশয়ের কোন দোষ আছে আমলারা তাঁকে বিভ্রান্ত করেছিল তা যেন এবারে না হয়। সেদিকে যেন মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি থাকে। আমি আজকে বিধানসভায় যে কথা বলতে চাই যে সময় লেভী ধার্য করবেন তখন যেন সদস্যদের সঙ্গে আলোচনা করে ঠিক করেন এই অনুরোধ আমি জানাতে চাই। বর্তমানে লেভীর ব্যাপারে এম. এল. এদের কিছু বলার থাকে না আমরা জানি সেই এলাকার প্রতিনিধি হিসাবে যে কার কত জমি আছে এবং তার উপর কার কত লেভী ধার্য হওয়া উচিত। কিন্তু আমাদের সঙ্গে কোন আলোচনা না করার জন্য বিভ্রান্তির

সৃষ্টি হয় এবং আমাদের নানা রকম অসুবিধায় পড়তে হয় এবং নানা সমস্যা দেখা দেয় এবং যার ফলে সরকারের প্রতি মানুষের অসন্তোষ আসে। কাজেই খুব শান্ত মাথায় আমাদের ভেবে দেখতে হবে কারণ এই বছর খুব ভয়াবহ বছর। সেজন্য আমাদের সকলের সমবেত শক্তি দিয়ে এর মুকাবিলা করতে হবে। এবং যতই দুঃখ কষ্ট আসুক এই আমলাতন্ত্র এবং মিল মালিক এবং প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে আমাদের আরও সক্রিয় হতে হবে। সরকার গরিব মানুষের দিকে নজর রেখে ধানের দর ঠিক করবেন এবং সারা বছর যাতে সেই দর বজায় থাকে তারদিকে নজর রাখবেন। এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দেমাতরম।

[4-40—4-50 p. m.]

শ্রীকানাই ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, খাদ্যনীতি এবং প্রোকিয়োরমেন্ট নীতি আমাদের ঘোষিত হয়েছে, গত বৎসর যা এ বৎসরও তা কিন্তু পরিস্থিতি আলাদা গত বৎসর বাম্পার ক্রপ, আর এই বৎসরও আমরা সেই নীতি নিয়েছি যখন সাংঘাতিক খরা ও বন্যায় ফসল নষ্ট হয়ে যাবার আশংকা দেখা দিয়েছে। সেইজন্য প্রথমেই একথা বলতে হয় যে নীতিটা অত্যন্ত অবৈজ্ঞানিক, এর কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই। যখন বাম্পার ক্রপ হল তখন যা নীতি আর যখন একটা পজিশন দাঁড়াচ্ছে যে এই বৎসর খরায় ফসল হানি হবে প্রচণ্ডতমভাবে সেই সময়েও একই। সেইজন্য নীতিই প্রথমে আলোচনা হচ্ছে। এটা অত্যন্ত অবৈজ্ঞানিক, হুইমজিক্যাল এবং একটা মতগড়া নীতি। একটা টারগেট ঠিক করে দাও যে এই টারগেট হবে কিন্তু কি বৈজ্ঞানিক ভিত্তিতে ঠিক করলেন সেকথা বলেন নি। দ্বিতীয় কথা হচ্ছে, এই খাদ্য পলিসি কার দিকে লক্ষ্য রেখে করা হয়েছে। আমরা ৩ লক্ষ টন টারগেট করলাম কি বৈজ্ঞানিক ভিত্তিতে? কেন ৩॥ লক্ষ টন নয়, কেন ২ লক্ষ টন নয়, এর ভিত্তিটা কি? আমরা কি পশ্চিমবাংলার গরীব মানুষ, যারা খেটে খায়, যারা কিনতে পারে না, তাদের দিকে লক্ষ্য রেখে করেছি, না, মিল মালিক, ব্যবসাদার, মজুতদারদের দিকে লক্ষ্য রেখে করেছি? ৩ লক্ষ টন এই অঙ্কটা এলো কি বৈজ্ঞানিক ভিত্তিতে, কোন যুক্তিতে এলো? আমাদের এখানে যখন কম ফসল হয়েছিল তখন ৫ লক্ষ টন ছিল, ৫ লক্ষ টনও টারগেট ফুলফিল হয়েছে, এর কাছাকাছিও হয়েছে—৪ লক্ষ, ৪॥ লক্ষ টনও হয়েছে, আর এই বৎসর, গত বৎসর বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও ৩ লক্ষ করলেন, আগামী বৎসরও হয়তো ৩ লক্ষ টন করবেন, এর যুক্তিটা কি? এর কোন যুক্তি নেই। গরীবদের দিকে যদি লক্ষ্য রেখে করেন তাহলে এই খাদ্যনীতির বিরুদ্ধে যে সমস্ত সমালোচনা

হচ্ছে সেই নীতি সম্পর্কে কি বক্তব্য? যারা বিক্রি করবে, বেশীর ভাগ লোক ডিসট্রেস সেল করবে তারা কোন ন্যায্য দাম পাবে না। মন্ত্রী মহাশয় হয়তো উত্তর দিতে গিয়ে বলবেন এটা দিল্লী করে দিয়েছে, এগ্রিকালচার কমিশন করে দিয়েছে, আমাদের কিছু করবার নেই। আপনাদের করার আছে, আপনারা ইচ্ছা করলে বোনাস দিয়ে দাম বাড়িয়ে দিতে পারেন, আপনারা যদি মনে করেন যে চাষীদের দেবেন তাহলে দেবার অনেক পদ্ধতি আছে, উপায় আছে। দেবেন কি দেবেন না তা আগে মনস্থির করুন। কাজেই কেন্দ্রের উপর দোষ দিয়ে দায় সারা সারবেন না। এটা হচ্ছে এড়ান। কাজেই আপনারা দাম বাড়াতে পারেন। আমরা ১০০ টাকা দাবী করেছি আপনারা শুনলেন, কংগ্রেসের অনেক বন্ধুরা এই দাবী করেছেন। দামটা অত্যন্ত অন্যায্য হয়েছে, জিনিসপত্রের বা উৎপাদন খরচ যা বেড়েছে তার সঙ্গে এটা সামঞ্জস্যহীন, এখানেও কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই, দর দেবার ব্যাপারেও কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই যে এই দর ঠিক করা হয়েছে। তারপর বলি, তাঁরা ঠিক করলেন রাইস মিলকে ৫০ পার্সেণ্ট তাঁরা ছেড়ে দেবেন, আর রাইস মিল ৫০ পার্সেণ্ট যা দামে তাঁরা পারে বিক্রি করবে। ৫০ পার্সেণ্ট কিভাবে ঠিক হল, কি বৈজ্ঞানিক ভিত্তিতে ৫০ পার্সেণ্ট হল? এই কংগ্রেস সরকারই এককালে ১০০ পার্সেণ্ট নিয়েছিলেন, ৭৫ পার্সেণ্ট নিয়েছিলেন। তারপর এখন তারা ৫০ পার্সেণ্ট নিচ্ছেন, এটা কি কম প্রকিয়োরমেণ্ট করবেন বলে, কি কম ফলন হয়েছে বলে? কোন বৈজ্ঞানিক যুক্তিতে ৫০-৫০ পার্সেণ্ট হয়েছে না, তাদেরকে সন্তুষ্ট করবার জন্য, ভবিষ্যতে তারা যাতে রেগে না যায় এবং বিভিন্ন দিক থেকে তাদের কাছ থেকে যে সাহায্য নিতে হয়, সে যাতে না চটে যায় সেইজন্য নেওয়া হয়েছে? এবং এটা কোন নীতিতে হল যে ৫০ পার্সেণ্ট তারা গভর্ণমেণ্টকে দেবে আর ৫০ পার্সেণ্ট তারা যা খুশী দামে বাজারে বিক্রি করবে? গভর্ণমেণ্ট তো ধরে নিয়েছেন আগামী বৎসরে সরকারী দামের তুলনায় দাম বাড়বে। এটা ধরে নিয়েই তারা করছেন। তা না হলে ৫০ পার্সেণ্ট ছেড়ে দিচ্ছেন কেন। তারা জানেন ৫০ পার্সেণ্ট ছেড়ে দিয়েছি এই লোভ দেখিয়ে ৫০ পার্সেণ্ট আদায় করবো। তাও আবার একজন মাননীয় সদস্য বলেছেন যে ৩ লক্ষ টন টার্গেট পূরণ হল কিন্তু আপনাদের দিক থেকে আনন্দ প্রকাশ করা হল না। আমরা গতবারেই বলেছিলাম যে ৫ লক্ষ টন কর, ভাল ফসল হয়েছে ভাল প্রকিয়োরমেণ্ট কর, সেই নীতি গ্রহণ করেননি। ৩ লক্ষ টন যখন করলেন তখন বললেন যে আমরা ভবিষ্যতে আরো বাড়াবো। আর এই ৩ লক্ষ টন কিভাবে আদায় করেছেন, কত রকম ফন্দি ফিকির করে, কত দেরীতে আদায় করেছেন এটা দয়া করে বলবেন? ফলে এই ৩ লক্ষ টনে আপনারা আনন্দিত হতে পারেন আপনারা মনে করতে পারেন যে পশ্চিমবাংলাকে

বাঁচানর জন্য করেছেন কিন্তু আমরা তা মনে করতে পারি না এবং সেই জন্য আজকে যে খাদ্য নীতি তারজন্য আমরা মোটেও সন্তুষ্ট নই, আমরা সমর্থন জানাতে পারছি না। এই কারণে যে এই মধ্যে কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই, কোন যুক্তি নেই, একটা খামখেয়ালি, হুইমজিক্যাল নীতি চালিয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের এত বড় একটা সংকট যেটা এসেছে তাকে মোকাবিলা করার জন্য তার কোন ব্যবস্থা নেই। আমরা অনেকবার বলেছি যে এত বড় সংকট আসছে ষ্টেট ট্রেডিং করতে আপত্তি কেন ? কেন সরকার একটা দায়িত্ব নেন না ?

সরকারের একটা নীতির প্রমাণ হচ্ছে দেশের গরীব মানুষের খাদ্যের উপর তাঁরা কি ব্যবস্থা করেন। সেখানে স্টেট ট্রেডিং করতে আপত্তি কি ? কেন তাঁরা স্টেট ট্রেডিং নীতিকে আগামী বছর সংকট জেনেও নিচ্ছেন না ? তাঁদের টার্গেট হচ্ছে তিন লক্ষ টন, বাকী ১০/১২ লক্ষ টন বড় বড় চোরা কারীবারী ব্যবসায়ীরা বিক্রী করবে বাড়তি দামে। তাঁরা কি এই তিন লক্ষ টন নিয়ে তাদের সঙ্গে মোকাবিলা করবেন ? এই বছর দাম কমিয়ে দিতে পেরেছেন, ২.৯০ টাকা থেকে কি তাঁরা কমাতে পেরেছেন ? মডিফায়েড রেশনিং এ কতটুকু সাপ্লাই দিয়েছেন ? এই রকম খাদ্য নিয়ে পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ-এর জীবন নিয়ে ছিনিমিনি খেলা ঠিক নয়। এখন আসুন আগামী দিনে দেশকে বাঁচাতে হবে একটা বৈজ্ঞানিক পদ্ধতি নিন কি করে আগামী দিনে পশ্চিমবাংলাকে বাঁচাবেন। এখন থেকে বড় বড় মজুতদার, চোরাকারবারীরা চেষ্টা করছে—আগামী দিনে ফসল কম হবে, তাই দাম বাড়াবার জন্য তারা যা করার তাই করবে। তা নিয়ে খাদ্য নীতি রচিত হয়নি। দ্বিতীয় কথা পোস্ট মোর্টেম করার জন্য আমাদের বক্তৃতা দিতে হয়, নীতি যা হবার তো হয়ে গেছে। আইনসভায় আলোচনা হয়নি, আমাদের কথা শুনে যে নীতি নেবেন তাও নয়। এমন কি কংগ্রেস পার্টি যাঁরা চালাচ্ছেন, তাদের সঙ্গে পরামর্শ করে খাদ্যের মত একটা গুরুত্বপূর্ণ নীতি নেওয়া হবে তাও নয়, দেশে পার্লামেন্টারী গণতান্ত্রিক পদ্ধতি চলেছে, সেটা সাধারণ নিয়ম এবং নীতি তাদের সঙ্গে পরামর্শ করে খাদ্যের মত গুরুত্বপূর্ণ বিষয়ে নীতি গ্রহণ করা হল না। মন্ত্রীসভা ঠিক করলেন, পুরানো নীতিই ঘোষিত হয়ে গেল। কেউ কেউ বলেছেন, সাজেশন দিয়েছেন, কি হবে জানি না। অবশ্য খাদ্যনীতি পরিচালনা ব্যাপারে কি পদ্ধতি কর্ডনিং-এর ব্যাপারেই বলুন, লেভির ব্যাপার থেকে আরম্ভ করেই বলুন, প্রকিওরমেন্ট ব্যাপারেই বলুন, ডিস্ট্রিবিউশন ব্যাপারেই বলুন এই সমস্ত ব্যাপারেই আমলাতন্ত্রের উপর নির্ভর শীল এই খাদ্য নীতি, এর প্রয়োগ আগামী বছরও এখানে চলবে। আপনি শুনেছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন সদস্য বিভিন্ন ত্রুটি সম্পকে উল্লেখ করেছে। এটা যে অজানা নয়। এটা যে

হচ্ছে সেই নীতি সম্পর্কে কি বক্তব্য? যারা বিক্রি করবে, বেশীর ভাগ লোক ডিসট্রেস সেল করবে তারা কোন ন্যায্য দাম পাবে না। মন্ত্রী মহাশয় হয়তো উত্তর দিতে গিয়ে বলবেন এটা দিল্লী করে দিয়েছে, এগ্রিকালচার কমিশন করে দিয়েছে, আমাদের কিছু করবার নেই। আপনাদের করার আছে, আপনারা ইচ্ছা করলে বোনাস দিয়ে দাম বাড়িয়ে দিতে পারেন, আপনারা যদি মনে করেন যে চাষীদের দেবেন তাহলে দেবার অনেক পদ্ধতি আছে, উপায় আছে। দেবেন কি দেবেন না তা আগে মনস্থির করুন। কাজেই কেন্দ্রের উপর দোষ দিয়ে দায় সারা সারবেন না। এটা হচ্ছে এড়ান। কাজেই আপনারা দাম বাড়াতে পারেন। আমরা ১০০ টাকা দাবী করেছি আপনারা শুনলেন, কংগ্রেসের অনেক বন্ধুরা এই দাবী করেছেন। দামটা অত্যন্ত অন্যায্য হয়েছে, জিনিসপত্রের বা উৎপাদন খরচ যা বেড়েছে তার সঙ্গে এটা সামঞ্জস্যহীন, এখানেও কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই, দর দেবার ব্যাপারেও কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই যে এই দর ঠিক করা হয়েছে। তারপর বলি, তাঁরা ঠিক করলেন রাইস মিলকে ৫০ পার্সেণ্ট তাঁরা ছেড়ে দেবেন, আর রাইস মিল ৫০ পার্সেণ্ট যা দামে তাঁরা পারে বিক্রি করবে। ৫০ পার্সেণ্ট কিভাবে ঠিক হল, কি বৈজ্ঞানিক ভিত্তিতে ৫০ পার্সেণ্ট হল? এই কংগ্রেস সরকারই এককালে ১০০ পার্সেণ্ট নিয়েছিলেন, ৭৫ পার্সেণ্ট নিয়েছিলেন। তারপর এখন তারা ৫০ পার্সেণ্ট নিচ্ছেন, এটা কি কম প্রকিয়োরমেণ্ট করবেন বলে, কি কম ফলন হয়েছে বলে? কোন বৈজ্ঞানিক যুক্তিতে ৫০-৫০ পার্সেণ্ট হয়েছে না, তাদেরকে সন্তুষ্ট করবার জন্য, ভবিষ্যতে তারা যাতে রেগে না যায় এবং বিভিন্ন দিক থেকে তাদের কাছ থেকে যে সাহায্য নিতে হয়, সে যাতে না চটে যায় সেইজন্য নেওয়া হয়েছে? এবং এটা কোন নীতিতে হল যে ৫০ পার্সেণ্ট তারা গভর্ণমেণ্টকে দেবে আর ৫০ পার্সেণ্ট তারা যা খুশী দামে বাজারে বিক্রি করবে? গভর্ণমেণ্ট তো ধরে নিয়েছেন আগামী বৎসরে সরকারী দামের তুলনায় দাম বাড়বে। এটা ধরে নিয়েই তারা করছেন। তা না হলে ৫০ পার্সেণ্ট ছেড়ে দিচ্ছেন কেন। তারা জানেন ৫০ পার্সেণ্ট ছেড়ে দিয়েছি এই লোভ দেখিয়ে ৫০ পার্সেণ্ট আদায় করবো। তাও আবার একজন মাননীয় সদস্য বলেছেন যে ৩ লক্ষ টন টার্গেট পূরণ হল কিন্তু আপনাদের দিক থেকে আনন্দ প্রকাশ করা হল না। আমরা গতবারেই বলেছিলাম যে ৫ লক্ষ টন কর, ভাল ফসল হয়েছে ভাল প্রকিয়োরমেণ্ট কর, সেই নীতি গ্রহণ করেননি। ৩ লক্ষ টন যখন করলেন তখন বললেন যে আমরা ভবিষ্যতে আরো বাড়াবো। আর এই ৩ লক্ষ টন কিভাবে আদায় করেছেন, কত রকম ফন্দি ফিকির করে, কত দেরীতে আদায় করেছেন এটা দয়া করে বলবেন? ফলে এই ৩ লক্ষ টনে আপনারা আনন্দিত হতে পারেন আপনারা মনে করতে পারেন যে পশ্চিমবাংলাকে

ব্যবসাদার মজুতদার চোরাকারবারীর দিকে কোটি কোটি মানুষ অসহায়ভাবে চেয়ে থাকবে। তারা দেখবে চোখের সামনে চালের দাম বাড়ছে—সাপ্লাই নাই। বাজে জিনিস কিছু কিছু যাবে। এই জিনিস অচিরে ঘটবে। তাই আবার আপনাদের হুঁসিয়ার করে দিতে চাই—আর এ জিনিস হতে দেবেন না। আবার কথাগুলো একটু ভেবে দেখবার চেষ্টা করুন এর পেছনে কোন যুক্তি আছে কি না! আপনাদের নীতির মধ্যে কোন বৈজ্ঞানিক নীতি আছে কি না এটা ভেবে দেখবার চেষ্টা করুন। যাতে সকলে মানুষের খাদ্যনীতি করা যায় তার কথা বিবেচনা করুন। এই কথা বলে আপনার খাদ্যনীতির আলোচনাও সমালোচনা করেও সমর্থন করতে পারছি না।

[4-50—5-00 p.m.]

Shri Prafulla Kanti Ghosh : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে এই বিধানসভায় আমি খাদ্যনীতি পেশ করেছিলাম এবং আপনার কাছে নিবেদন করেছিলাম—একটা দিন ধার্য্য করে দেবার জন্য যেদিন মাননীয় সদস্যগণ এই খাদ্যনীতির উপর আলোচনা ও সমালোচনা রাখতে পারবেন এবং আমিও আজকে সেই আলোচনা ও সমালোচনার যথাযথ উত্তর দেবার জন্য সুযোগ পাব। আপনার কাছে কৃতজ্ঞ যে আপনি সেই দিন ধার্য্য করে দিয়েছেন। আমি পক্ষের ও বিপক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শুনেছি। সেগুলোর আমি একটার পর একটা উত্তর দেবার চেষ্টা করবো। আমি উত্তর দেবার আগে বিনীতভাবে নিবেদন করবো মাননীয় পক্ষের ও বিপক্ষের সদস্যদের কাছে যে খাদ্য এমন একটা জিনিস যেখানে আমরা চেষ্টা করবো, রাজনীতির উর্ধে থেকে এর সম্বন্ধে সমালোচনা বা আলোচনা করতে পারি। আঘাত দিলে প্রত্যাঘাত করবার ক্ষমতা সকলেরই আছে। আঘাতের পূর্বে আমি প্রত্যাঘাত করতে চাই না। যা হোক আমি প্রথমে বলতে চাই লেভীর কথা। কারণ এই লেভীর উপর সকল সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন। আজ আমার দুঃখ কানাইদার এটা অপছন্দ, আর বিশ্বনাথবাবুর কাছে ওটা কিছু নয়। গতবারে বিধানসভার নির্দেশমত আমরা ৩ লক্ষ টন টার্গেটে পৌঁছতে পেরেছি বলে আনন্দিত এবং বিধানসভার সকল সদস্যের নিকট কৃতজ্ঞ। কারণ তাঁদের চেষ্টা না থাকলে আজকে এই ৩ লক্ষ টন procure করা আমাদের পক্ষে সম্ভব হত না। আজকে লেভীর কথা বলতে গিয়ে বিভিন্ন বক্তা বিভিন্নভাবে তাঁদের বক্তব্য রেখেছেন। আমি কোন avoid করবার চেষ্টা করছি না। কিন্তু আমি বলতে বাধ্য—Agricultural Price Commissioner - এই লেভীর যে জমি ধার্য্য করেছেন, দুটোকে এক সঙ্গে আমরা করতে চাই—লেভী ও procurement price.

এই যে প্রকিওরমেণ্ট প্রাইস এটা এগ্রিক্যালচার প্রাইস কমিশন করেছেন। এইবার আপনাদের কাছে আমি একটা ছোট্ট তথ্য রাখছি। আমরা গত বছর ৩ লক্ষ টন টারগেট করেছিলাম। ৩ লক্ষ ৩ হাজার আমরা ২৪শে সেপ্টেম্বর পর্যন্ত প্রকিওর করেছি। এরমধ্যে দেখা যাক আমরা লেভি থেকে কতটুকু করেছি এবং রাইস মিল থেকে কতটুকু পেয়েছি। আমরা ৮১ হাজার ৯৮ মেট্রিক টন প্রডিউসার লেভি হিসাবে আদায় করতে পেরেছি। (শ্রী নানাই ভৌমিক ঃ—টারগেট কত ছিল ?) আমি এখনই বলতে পারছি না পরে দিতে পারবো। আমি মাননীয় সদস্যদের কাছে বিনীতভাবে নিবেদন করছি, পশ্চিমবঙ্গের মানুষদের আমরা খাওয়াবো কিনা এটা আগে নির্ধারণ করুন। যদি খাওয়ানোর কথা ভাবেন তাহলে এই লেভীর কথা ভাবতে হবে। এই লেভীর কথা ভাবতে গিয়ে আপনি নিশ্চয় ভাববেন, সরকারও নিশ্চয় ভাববেন, গরীব চাষীদের উপর অত্যাচার হচ্ছে কিনা। সরকার এই কথা সামনে রেখে ৪ একর ইরিগেটেড এবং ৬ একর নন-ইরিগেটেড জমির উপর কোন লেভী করবে না। দ্বিতীয়তঃ, বোরো, আউস গমের উপর কোন লেভী করবে না। তাহলে একটা জিনিস হচ্ছে ৮১ হাজার দিলেন আর টোট্যাল প্রোডাকসান হয়েছে ৫২ লক্ষ টন। ৫২ লক্ষ টন যেখানে প্রোডাকসান হয়েছে সেখানে প্রোডিউসারস লেভী হিসাবে আদায় করার কথা বলবো বা প্রকিওর করার কথা বলুন সেটা করেছি ৮১ হাজার ৯৮ মেট্রিক টন। আজকে শহরাঞ্চলে আমরা যে রোজগার করি—ডাক্তার হক, চাকুরিজীবি হক, ইঞ্জিনিয়ার হক আজকে ন্যাশন্যাল ডেভোলাপমেণ্টের জন্য আমরা ইনকাম ট্যাক্স দিই। যেমন যেমন রোজগার করি তেমন তেমন পড়ে ইনকাম ট্যাক্স। আপনি জানেন ৮০ পার্সেণ্ট ৯০ পার্সেণ্ট ইনকাম ট্যাক্স পর্যন্ত ইনকাম ট্যাক্স দিতে হয়। যেমন অনেক টাকা রোজগার করি অনেক টাকা ইনকাম ট্যাক্স দিতে হয়। বেশি ইনকাম ট্যাক্স না হলে ভালোভাবে ন্যাশন্যাল ডেভোলাপমেণ্ট হবে না। তাহলে আমরা যদি মনে করি পশ্চিমবাংলার মানুষকে খাওয়ানোর জন্য আমাদের একটা দায়িত্ব আছে তাহলে লেভী সিসটেমকে মেনে নিতে হবে। সঙ্গে সঙ্গে নিশ্চয় আমাদের দেখতে হবে আমাদের গরীব ভাইদের উপর যাতে অত্যাচার না হয়। সেইজন্য ৪/৬ একরের জমির উপর লেভী আমরা বাদ রাখলাম এবং যেখানে আগে ৪ লক্ষ টন গম হতো সেখানে আজকে ১১ লক্ষ টন গম হচ্ছে, কিন্তু গমের উপরও লেভী রাখছি না। আজকে ইরিগেসান এবং এগ্রিক্যালচার ডিপার্টমেণ্ট যেভাবে কাজ করছে আপনাদের কাছে অজানা নয় প্রোডাকসান আজকে অনেক বেড়ে গিয়েছে বোরো এবং আউসের। কিন্তু আমরা আমাদের চাষী ভাইদের কথা ভেবে, তাদের উপর যাতে অত্যাচার না হয়, অন্যায়, অবিচার না হয় সেইজন্য বোরো, আউস এবং গমের উপর লেভী করলাম না। আমরা

এইবার যখন দেখলাম যে গমের দাম পড়ে যাচ্ছে তখন তা প্রোটেকসান দেবার জন্য প্রত্যেক ডিসট্রিক্ট ম্যাজিসট্রেটকে এফ. সি. আইকে এ্যাসেন্সসিয়াল কমডিটিস ডাইরেকটরকে বললাম তোমরা চলে যাও।

[5-00—5-10 p. m.]

যাতে ১০৫ দামের কমে গম বিক্রি না হতে পারে। তাহলে চাষীদের উপর বিপ্লভাবে আঘাত আসবে। সুতরাং মাননীয় সদস্যরা আমাদের বিরোধী দলের সদস্যদের কাছে নিবেদন রাখছি যে আজকে আমরা যখন খাদ্যের উপর সমালোচনা করছি খাদ্য নিয়ে যখন বিশ্লেষণ করছি তখন আমরা কিছুটা পার্টি নীতির উর্ধে গিয়ে পশ্চিমবাংলার দিকে চেয়ে কথা বলতে পারি কিনা সেটা দেখবেন। কানাইদা জিজ্ঞাসা করেছেন যে কোন সায়েন্টিফিক বেস আছে কিনা যাতে গতবারে ৩ লক্ষ টন হোল এবং এবারেও তা হোল কেন? নিশ্চয় এর সায়েন্টিফিক ব্যাখ্যা আছে। বর্তমানে আমরা ভেবেছি গ্রামবাংলাকে যদি ২৫ হাজার করে চাল দিতে পারবো এবং এটা যদি রাখতে হয় তাহলে আমাদের তিন লক্ষ দরকার। আপনারা জানেন ১৯৭২ সালে এই সরকার আসার পর ২৫ হাজার টন করে চাল ডিস্ট্রিক্টওয়াইজ দেওয়া হয়। আমরা একথাও ভেবেছি যে এটা বাড়ানোর দরকার এবং এটা ভেবেছিলাম বলে আপনাদের কাছে রাখছি যে চালের দাম যাতে না বাড়ে তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। আমি বিশ্বনাথদাকে বিনয়ের সঙ্গে বলছি যে তিনি যে তথ্য দিয়েছেন সেটা ঠিক নয়। গত বছর ১৯৭৪ সালে নভেম্বর মাসে চালের দাম গড়পড়তা ২৮৭ আর ১৯৭৫ সালের নভেম্বর মাসে চালের দাম ছিল ২২২ টাকা এবং সবচেয়ে কম ছিল ২৫৮ টাকা। আমরা যদি ১৯৭৬ সালের অক্টোবর মাসে চলে আসি তাহলে দেখবো চালের দাম যেখানে সবচেয়ে বেশি আছে তাহলে ২৪০—এটা এভারেজ। গত বছর এর দাম ছিল ২৫৭ টাকা এবং সবচেয়ে কম এবারের এ্যাভারেজ হচ্ছে ২'১০—এখানে বিশ্বনাথবাবু বলেছেন ২৯০ চলছে আর গত বছর এর দাম ছিল ২৩১। চালের দাম বাড়ছে দেখে আপনার সরকার আপনাদের খাদ্য দপ্তর নিশ্চয় ব্যবস্থা নিয়েছে। জুন জুলাই আগষ্ট সেপ্টেম্বর এবং অক্টোবর এই কয়টি মাসকে আমরা লিন পিরিয়ড বলি। আপনারা যদি দেখেন তাহলে দেখতে পাবেন গত জুন মাসে আমরা ১৭ হাজার ৪৪ চাল দিয়েছিলাম জুলাই মাসে ১৮ হাজার ৬২ চাল দিয়েছিলাম আগষ্ট মাসে ১৯ হাজার ৬০০ চাল দিয়েছিলাম সেপ্টেম্বর মাসে ২১ হাজার তিন শত চাল দিয়েছিলাম অক্টোবর মাসে ২৪ হাজার ৪০০ চাল দিয়েছিলাম। আর

সেপ্টেম্বর গত বছর দিয়েছিলাম ২১ হাজার সেই জায়গায় এবারে আমরা দিয়েছি ৩৫ হাজার এবং অক্টোবর মাসেও ৩৫ হাজার। সুতরাং গ্রামবাংলায় চালের দাম উর্ধমুখী হচ্ছে দেখে সেটাকে রুখবার জন্য আমাদের দপ্তর সঙ্গে সঙ্গে চিন্তা করে চালের যে কোটা সেটাকে বাড়িয়ে দিয়েছি। ঠিক তেমনিভাবে গমের ব্যাপারটাও যদি দেখি তাহলে দেখবো ঐ তিন মাসের কথাই বলি আগষ্ট মাসে আমরা দিয়েছিলাম ৪০ হাজার সেপ্টেম্বর মাসে দিয়েছিলাম ৩৯ হাজার এবং অক্টোবর মাসে দিয়েছিলাম---আই এ্যাম টকিং এভারেজ এবং এটা ১৯৭৫ সালের কথা বলছি। আর ইন দি ইয়ার ১৯৭৬ এই তিন মাসে আমরা দিয়েছি ৬২ হাজার ৬০ হাজার ৬০ হাজার। এবং এই দেবার ফলে আমি মাননীয় সদস্যদের বলেছি যে চালের দামের উপর এফেক্ট হয়েছে। আমি এম, আর এলাকার কথা বলছি। মাননীয় সদস্য বিশ্বনাথদাকে বলছি অপানি নিশ্চয় জানেন যে একটা কোটা দেওয়া হয়—চালের ডিস্ট্রিবিউসন সিস্টেম হচ্ছে এম, আর যে চাল দেওয়া হয় তাতে এম, আর-এর কোটা ধরে দেওয়া হয় তাতে এম, আর-এর একটা কোটা ধরে দেওয়া হয় ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেই কোটা সেখানে যেভাবে প্রয়োজন সেই অনুযায়ী ডিস্ট্রিবিউট করেন।

আমরা সেখানে বলে দিই না কিন্তু ইয়ারমার্ক করা থাকে যে 'এ' ও 'বি' ক্যাটাগরিকে তুমি সবচেয়ে আগে দেবে। সুতরাং সরকারের নিশ্চয় এই তিনলক্ষ টন করার পেছনে যুক্তি আছে, সায়েনটিফিক বেসিক আছে। শুধু তাই নয়, আজকে যখনই চালের দাম বাড়ছে তখনই সরকার সে সম্পর্কে সম্পূণ সজাগ থাকছেন। সজাগ থেকে চালের দর কমানোর জন্য এই লিন পিরিয়ডে মেনলি আগষ্ট, সেপ্টেম্বর অক্টোবর, মাসে গত বছর যে চাল এবং গম আমরা দিয়েছিলাম তার থেকে অনেক বেশী দিলাম এবং তার ফলে চালের দাম পড়ে যাচ্ছে। আমি এবারে লেভিতে আসছি। এই বিষয়ে আমি মাননীয় সদস্যদের বলব, আজকে যদি আমরা বিধান সভায় দাঁড়িয়ে সবাই বলতে থাকি যে, যেভাবে খরা হচ্ছে, অতিবৃষ্টি হচ্ছে তার ফলে একটা ভয়াবহ চিত্র সামনে ফুটে উঠছে তাহলে আপনারা কি একথাটা ভাবছেন না, যে, আমাদের পক্ষে প্রকিওরমেণ্টের কাজটা করা কতটা অসম্ভব হয়ে উঠবে? আর তা যদি হয় তাহলে এরপর যখন ডিষ্ট্রিক্ট থেকে চাহিদা আসবে তখন সরকারের পক্ষে সমানভাবে সেই চাহিদা মেটানো অসম্ভব হয়ে উঠবে। আমি মাননীয় বিরোধী দলের নেতৃবৃন্দকে বলব, আপনারা পলিটিক্যালি এসব কথা বলার পর চাষীদের মনে একটা প্রশ্ন তুলে ধরছেন যার ফলে তারা আজকে সেই ধান হোর্ড করবে। ৫২ লক্ষ যেখানে ধান হয়েছে আমরা সেখানে চাইছি মাত্র ৮১ হাজার। তাহলে সেটা কত পারসেণ্ট হয় মাননীয় সদস্যদের কাছে আমি বলব, আপনারা সেটা একটু

সাব করে দেখুন বা অংক কষে দেখুন। আপনারা যখন টাকা রোজগার করে নের পর দিন খাবার ব্যবস্থা করেন জিনিষপত্র কিনে তখন আপনারা কি হারে নকাম ট্যাক্স দেন সেটাও একটু তার সাথে হিসাব করে দেখবেন। মাননীয় অধ্যক্ষ হাশয়, আসল কথাটা হচ্ছে, আমাদের বাংলাদেশের মানুষকে খাওয়াতে হবে। াজকে ওঁরা স্যার বলছেন, লেভির ব্যাপারটা আবার ভাবা দরকার। এই সঙ্গে বলি, প্রথম কথা হচ্ছে, লেভিটা সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে হয়, শ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতে হয় না। সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে যখন ভি ধার্য হয় তখন এরজন্য ভরতবর্ষে একটা প্রাইস কমিশন বসেছে। এই প্রাইস মিশন ডিটেলসে যায়। এখানে কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে, আজকে ্যার, বীজ, জলের দাম বেড়ে এত হয়েছে ইত্যাদি। এগুলি সমস্তটাই তারা ধরে ন। যে কমিশন বসেছে আমরা আশা করতে পারি সে কমিশন চোখ বুজে কোন াজ করেন না, তারা চোখ চেয়েই কাজ করার চেষ্টা করেন। সেই চোখ চেয়ে কাজ রার পর তারা একটা সাজেসান গভর্মেন্টের কাছে দেন যে আমাদের মতে এই ওয়া দরকার। মাননীয় সদস্যরা জানেন যে, সেই কমিশনের ভাবনার পেছনে nflation-এর কথা, চাষীদের কথা যেমন থাকে তেমনি অগণিত খেটে খাওয়া ানুষ যারা আছেন তাদের ক্রয়ক্ষমতা কতটা সে ভাবনাটাও থাকে। সুতরাং াটা একটা জিনিষের উপর হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিধান-ভায় বক্তৃতা প্রসঙ্গে সবাই চাষীভাইদের কথা ভাবি-ভাবতে আমরা বাধ্য, সেই াবি বলেই আজকে আমরা বোরো, আউস এবং গমের উপর কোন লেভি রাখি ন। বিশ্বনাথবাবু তার বক্তৃতায় বলছেন যে, ফাইন সুপারফাইন বা বেঙ্গল াইস কোথায় যায়? এই সরকার মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আনন্দের সঙ্গে াবং গর্বের সঙ্গে একথা ঘোষণা করতে পারে যে আমরা লেভি বাবদ যা কিছু াল পাই গ্রামবাংলা থেকে সেটা আমরা সবটাই গ্রামবাংলায় দিই, আমরা শহরে ানি না।

5-10—5-20 p.m.]

তাই এস, আর এর এলাকার লোক আমাদের ধিক্কার দেন, আমাদের সমালোচনা রেন। আমাদের সিদ্ধান্ত হচ্ছে গ্রামাঞ্চলের মানুষের কাছ থেকে যে ধান নিয়েছি, ার পরিবর্তে সেই চাল গ্রামাঞ্চলের মানুষের কাছে যাবে।

শ্রী এ, এইচ, বেষ্টার উইচ :—নো, ইট ইজ নট কারেক্ট।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—বেঙ্গল রাইস কলকাতায় কে পায় দেখিয়ে দিতে পারেন ? সমালোচনা যদি করতে চান তাহলে দেখান এস, আর. এর মাধ্যমে কে বেঙ্গল রাইস পাচ্ছে ? টি গার্ডেনের ডিমাণ্ড রয়েছে সেন্ট্রাল গভর্ণমেন্টের, আনফরচুনেটলি সেটা আমাদের দিতে হয়। আমি ১৯৭৩ সাল থেকে ফুডে আছি, তার আগে আমার পূর্বতর্ীরা চেষ্টা করেছিলেন পশ্চিমবাংলার মানুষ যাতে সিদ্ধ চাল খেতে পায়। আমি বাপুজীকে বলেছিলাম পশ্চিমবাংলার জন্য সিদ্ধচাল দাও, তিনি আমাকে আমার নাম ধরে ডেকে বলেছিলেন ১৯৭৭ সালেয় মাঝামাঝি থেকে তিনি সিদ্ধ চাল দেবেন এবং তিনি আরও বলেছিলেন যে এর জন্য কে. জি, প্রতি তিন পয়সা করে বেশী দিতে হবে। আমি বলেছিলাম যে আতপের জন্য ১.৭০ পয়সা দিই সুতরাং সিদ্ধ চালের জন্য ১'৭৩ টাকা দিতে আমার কোন আপত্তি নেই সুতরাং ইউনিয়ন মিনিষ্টার ফর এগ্রিকালচার, শ্রীজগজীবন রাম, তিনি সম্পূর্ণ সজাগ এবং পশ্চিমবাংলার মানুষ সিদ্ধ চাল ছাড়া অন্য চাল খেতে পারে না, সে সম্বন্ধে তিনি ওয়াকিবহাল। তিনি পঞ্জাব, হরিয়ানা, ইউ, পি. অন্ধ্র, উড়িষ্যা, সকলকে বলেছেন যে তোমাদের যদি রাইস মিল পরিবর্তন করতে হয়, তা করেও তোমরা বয়েল্ড রাইস কর। কেন্দ্রের সঙ্গে এই বিষয়ে আমরা বারবার যোগাযোগ চালিয়ে যাচ্ছি এবং কেন্দ্রও আমাদের এই সমস্যা সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল। মিল এর কথা এসেছে, মাননীয় সদস্য শ্রীশীস মহম্মদ মহাশয় সাহেব বলেছেন যে এই মিলরা দুটো করে খাতা রাখে। আমি মাননীয় সদস্য-এর কাছে বিনীতভাবে নিবেদন করবো, তিনি যদি আমাদের পাশে একটু দাঁড়ান এবং ধরিয়ে দেবার চেষ্টা করেন তাহলে বাধিত হব।

শ্রীবিশ্বনাথ মুখার্জী : I think I do not have to repeat it to you that there are Committees. As food Minister I know that in each district the District Magistrate has specifically said that you will have to made committee for collection. Unless you attend the committees how will you know ?

প্রত্যেকটির উপর কমিটি আছে। আমি মাননীয় সদস্যদের কাছে দায়িত্ব নিয়ে বলছি, কোন সদস্য যদি ফিল করেন যে কোন কমিটি প্রপার ভাবে ফাংশান করছে না, ফাংশান করার ব্যাপারে অসুবিধা দেখা দিচ্ছে—সেই কথা যদি তাঁরা জানান তাহলে সরকার পক্ষ থেকে অধিকাংশ ক্ষেত্রেই সেটা গ্রহণ করা সম্ভব হবে, সেই ক্ষেত্রে পরিবর্তন আনতে। আমার শুধু জিজ্ঞাস্য, তাঁরা কি পারেন না এই খাদ্যনীতিকে রাজনীতির উর্ধে আনতে ? আজকে আমরা পশ্চিমবাংলার এস, আর এলাকায় ২॥ হাজার করে সিরিল দিচ্ছি। এটা কোন আমলে হয়েছিল কি ?

আপনারা যদি গ্রাম বাংলার খবর নেন তাহলে দেখবেন আজ থেকে ৩ মাস আগে যখন গম হয়েছিল তখন তার কোন off take ছিল না। বাংলাদেশের প্রতিনিধি হিসেবে জানা উচিৎ ছিল off take 50/- হয়ে গিয়েছিল। গম লোকে নিচ্ছিল না বাজারে আমাদের চেয়ে দাম কম ছিল। কয়েকজন মাননীয় সদস্য একটা গুরুত্ব পূর্ণ কথা বলছিলেন সেটা হচ্ছে ration card এর বিষয়। কোন এলাকায় যদি এখনও ration card renewed না হয়ে থাকে তাহলে আমি বলব D.M. এর সঙ্গে এখুনি কথা বলুন এবং আমাকে জানান ration card এর অভাবের ফলে মানুষ দুর্গতগ্রস্ত হচ্ছে। এ কথা জানালে নিশ্চয় তার ব্যবস্থা হবে। বিশ্বনাথদা বলেছেন কত রকমের চাল আছে। আমি তাঁকে বলব can a begger be chooser ? আমার দরকার সেদ্ধ চাল। আমি পূজার আগে থেকেই ৫০০ গ্রাম করে চাল S.R এর মাধ্যমে দিয়েছি। আমাকে এর জন্য উড়িষ্যা, অন্ধ্র, নেপালের কাছে যেতে হয়েছিল। এরা সেই সব সাদরে গ্রহণ করেছে। কারণ পূজার আগেই কিছু সেদ্ধ চাল চাই। S.R-এর মানুষ ৫০০ গ্রাম করে সেদ্ধ চাল পাচ্ছে। কত রকমের দাম দেব এই সম্যার সমাধান করতে গেলে সেদ্ধ চাল দেব না বলতে হবে। খাদ্যমন্ত্রী হিসাবে আমি যদি সেদ্ধ চাল দিতে পারি তাহলে আপনারা নিশ্চয় খুশী হবেন। আমি আমার সাধ্যমত চেষ্টা করছি এবং সেই অনুযায়ী পূজার সময় তা দেবার চেষ্টা করছি। যতগুলি পয়েন্ট টোকার চেষ্টা করেছিলাম তার উত্তর দিয়েছি। আমি মাননীয় সদস্যদের কাছে যে কথাগুলি বলেছি তাঁরা আমার কথাগুলি শুনছেন কিনা জানি না। আমি সর্বশেষে তাদের ধন্যবাদ দিচ্ছি আমি ৩ লক্ষ টন সংগ্রহ করতে পেরেছি তার জন্য এবং আপনি সুযোগ করে দিয়েছেন বলার, বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আর একটি কথা এই সরকার সম্পূর্ণ সজাগ পঃ বাংলার উপস্থিত যে খরা ও অতিবৃষ্টি হয়েছে। তার জন্য precautin নেওয়া দরকার তা নেওয়া হবে কিন্তু সরকার চিন্তা করে এটাই শেষ নয়। এবার বোরো, আউস ও গম আছে। এই সরকার পশ্চিমবাংলার সাধারণ খেটে খাওয়া মানুষ চাষী যাতে খেতে না পেয়ে মারা যায় তার সমস্ত দায়িত্ব নেবে।

5-20—5-30 p. m.

Mr. Speaker : The discussion is over. Now we take up the next item of business.

Discussion on the subject of
prices of essential commodities.

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের সামনে আর একটা সমস্যা, আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে, কেন বাড়ছে এবং তারজন্য সরকার কি প্রতিকার করার চেষ্টা করছেন তার একটা জবাব মাননীয় সদস্যদের কাছে দেওয়া আমার কর্তব্য এবং আপনি সেই কর্তব্যে সাহায্য করার জন্য আবার আপনার কাছে আমি আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। এসেনসিয়াল কমোডিটিজ বলতে অনেকগুলি জিনিস বোঝায়, কিন্তু আমি মেন্‌লি ডিল করব চিনি, বেবি ফুড, সরষের তেল এবং ডালডা নিয়ে। কেরোসিন তেলের অভাবের কথা আমি শুনিনি, সেটা সম্বন্ধে যদি কিছু বলেন পরবর্তীকালে তার উত্তর দিতে পারব। কিন্তু আজকে যেটার সম্বন্ধে আমি বলতে পারব এবং যেটার সম্বন্ধে আমি সম্যক আলোচনা করে এসেছি সেটা সম্বন্ধে বলব। ১১ তারিখে আমাদের একটা ক্যাবিনেট মিটিং হল, মুখ্যমন্ত্রী সেই ক্যাবিনেট মিটিংএ আসার পর তিনি ঢুকে প্রথম কথা মন্ত্রী সভার সদস্যদের কাছে বললেন একটা জিনিস সম্বন্ধে আমাদের আলোচনা করা দরাকার, বিশেষ করে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বললেন এসেনসিয়াল কমোডিটিজের দাম বড্ড বেড়ে যাচ্ছে, এটা নিয়ে কি করব। সঙ্গে সঙ্গে আর যেসব মন্ত্রীসভার সদস্যরা ছিলেন তাঁরাও তাঁর সঙ্গে যোগ দিলেন, তাঁরা তাঁদের বক্তব্য এবং ব্যাখ্যা রাখলেন। আমি প্রথমে আপনাদের কাছে সরষের তেলের একটা চিত্র তুলে ধরার চেষ্টা করছি। আজকে সরষের তেল দুইভাবে পশ্চিমবাংলায় আসে, একটা হচ্ছে মাষ্টার সীড, আর একটা মাষ্টার ওয়েল। মাষ্টার সীড ১৯৭৫ সালের জানুয়ারী মাসে এখানে এসেছিল ১ লক্ষ ৬১ হাজার ৯ ইমপোর্টেড ইন কুইন্টল। Wholesale price in rupees per quintal, minimum 295 in the year 1975 and 1976 it is 220. But maximum was 400 in 1975 and 248 in 1976.

ইমপোর্ট অব অয়েল ইন কুইনটল ১৯৭১ সালে হল ১৯ হাজার ৭০৪ এবং ১৯৭৬ সালে হল ৩৮ হাজার ৭০২।

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ ১৯৭৬ সালে সর্ষে কত এসেছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ ২০৭৯৬২ কুইন্টাল। ইমপোর্ট ইন কুইনটল—মাস্টার্ড অয়েল ১৯৭৫ সালে হয়েছিল ১৯ হাজার ৭০৪ এবং ১৯৭৬ সালে হয়েছিল ৩৮ হাজার ৭০২। হোলসেল প্রাইস পার কুইনটল মিনিমাম ছিল ৭৪০ এবং ১৯৭৬ সালে ছিল ৫৪৫। ম্যাক্সিমাম ছিল ১৯৭৫ সালে ৮৭৫ এবং ১৯৭৬ সালে ছিল ৫৬৫ এবং দাম

ছিল ১৯৭৫ সালে ৮ টাকা এবং ১৯৭৬ সালের জানুয়ারী মাসে ছিল ৫ টাকা ৮০ পয়সা পার কে, জি, ১৯৭৬ সালে ম্যাক্সিমাম ছিল ১০ টাকা ৭৫ পয়সা এবং ৬ টাকা ৫০ পয়সা প্রতি কেজি।

শ্রীকালাই ভৌমিক :—আপনি এই যে স্ট্যাটিসটিক দিচ্ছেন তার সোর্স'—টা কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :—এদের চেম্বার আছে, এ্যাসোসিয়েসন আছে এবং এসেনসিয়াল কমোডিটিস্ কর্পোরেসন বলে আমাদের একটা সংস্থা আছে। আমরা সরাসরি ইউ পি-তে লিখি এবং বিভিন্ন মণ্ডী থেকে আমরা সরাসরি দাম নেই। আমি একটা ছোট নোট আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি। The vegetable oil market is governed by Ground nut oil. All vegetable oils including mustered oil are determined by the supply prices of Groundnut oil. Almost the entire department of Groundnut, in the State is required to be imported from Gujarat, Tamilnadu, Karnatak aand Andhra Pradesh. There was heavy arrival of Ground nut oil in Calcutta market in February and March, 1976 and the price of ground nut oil fell down. সর্ষে'র তেলের সঙ্গে গ্রাউণ্ড নাট অয়েলের একটা দারুন সম্পর্ক আছে।

[5-30—5-40 p. m.]

This also found relaction in the prices of mustered oil by Rs. 410 per quintal. The prices of the ground nut oil have shot up in the production stage. The arrival of ground nut oil is practically nil now. Of late, both the prices of mustered seed and oil have shown a rising trend because of excessive pressure on mustared seeds. The hervest of the new ground nut crop which is reported to be a bumper one is expected to arrive in the Calcutta market within the next 40 to 45 days The unofficial quotation for delivery of the ground nut oil in the production centre such as Gujarat and Tamilnadu is reported to be around 550 in quintal.

The prices of both the mustered oil and ground nut oil are likely to fall in the next few weeks when the new crop will start coming into the market.

আজকে মাস্টার সীডসের দাম গত বছরের মাস্টার সীডেসের চেয়ে প্রায় এ্যভারেজ কুইন্টাল পিছু ৮৫ টাকা ধরে দাম পাচ্ছে এবং মাননীয় সদস্যরা জানেন তিন কুইন্টালে ১ কুইন্টাল সরষের তেল হয়। এর ফলে আজকে দেয়ার হ্যাজ বিন এ বিট চেঞ্জ ওপরের দিকে ওঠা। আমরা সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে গিয়ে ইমপোর্টেড ওয়েল চেয়ে আজকে বনস্পতির প্রোডাকসান বাড়ানোর ফলে আজকে সরষের তেলের দাম আজ থেকে এক মাস আগে যা দাম ছিল নিশ্চয়ই মাননীয় সদস্যরা স্বীকার করবেন সরষের তেলের দামটা কিছুটা কমে গেছে। এক মাসে যা দাম ছিল তার চেয়ে কমে গেছে। এটার আগে দাম ছিল ৮ টাকা ৪৯ পয়সা, এখন ৭টাকা ৩০ পয়সা থেকে ৭'৫০ টাকা ভিতর তেল পাওয়া যায়। (জনৈক সদস্য ঃ আপনি বিভ্রান্ত করছেন) বিভ্রান্ত করার কোন কারণ নাই। আপনারা যদি এর থেকে বেশী দামে কেনেন সেটা আমাকে জানাবেন আমরা ব্যবস্থা নেব। এখন আমি একটি একটি করে আসছি যেমন বেবি ফুড। ১৯৭৫ সালে জানুয়ারী মাসে আমুল আসতো এখানে ৩৪০'২০ মেট্রিক টন। আদার দেন আমুল আসতো ১৯১'৫৬ মেট্রিক টন. টোটাল হচ্ছে ৫৩১'৭৬ মেট্রিক টন। ৭৬ সালে যদি করসপেনডিং সাল দেখি এখানে আমুল আসছে ৫৪০'৮৪ মেট্রিক টন আর অন্যগুলি আসছে ১১৬ মেট্রিক টন। যেখানে ৫৩১ টন আসতো সেখানে এখন আসছে জানুয়ারী মাসে ৭৬ সালে ৬৫৫'০৪ মেট্রিক টন। আমি যদি তলার দিকে চলে আসি তাহলে আগস্ট মাসে দেখা যাবে ১৯৭৫ সালে আমুল এসেছে ৩৬২'৭৪ মেট্রিক টন আর আগস্ট মাসের ৭৬ সালে আমুল এসেছে ৪২২ মেট্রিক টন। এবং অন্যগুলিও বেড়েছে। কিন্তু সেপ্টেম্বর মাসে আমুল আসাটা কমেছে। আপনারা জানেন তাদের অরিজিন্যাল যে ম্যানুফ্যাকচারিং সেন্টার সেখানে বন্যা হওয়ার ফলে ফ্যাক্টরিটা কিছুদিন বন্ধ ছিল। এবং ব্রীজ ভেঙ্গে যাওয়ার ফলে আসতে পাচ্ছিল না। এখন আবার আসাটা আরম্ভ হয়েছে, এবং আমরা ভোল্টাস এবং পেনসাব এই দুটি কোম্পানী হচ্ছে তাদের এজেন্ট। তাদের সংগে পরশুদিন কথা বলেছি, তারা বলেছে নিশ্চয় পেয়ে যাবে।

এবং আর একটা জিনিস বলতে চাই আমুল. এর সব চেয়ে বিশেষ করে দেখবার জিনিস '৭৪ সালে এর এক কেজির দাম ছিল ২২'৬০ টাকা, আর হাফ কেজির দাম ছিল ১১.৭২ টাকা. এই বৎসর '৭৬ সালে এক কেজির দাম ছিল ১৮'৮১ টাকা, এবং

হাফ কেজির দাম ৯.৮০ টাকা। এই দাম হওয়ার ফলে আমুল স্প্রের বিক্রয় বাজারে অভাব দেখা গেল। আমরা খোঁজ নিয়ে জানতে পারলাম যে এই আমুল বেবি ফুড আজকে মিস্টির দোকানে এবং হোটেলওয়ালারা নিয়ে যাচ্ছে। আমরা তখনি এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টকে ইনস্ট্রাকশন দিয়ে দিলাম যে এই রকম জিনিস দেখলেই ধরবে এবং আশা করতে পারি যে কিছু দিনের মধ্যেই এই আমুল স্প্রের যে অভাব দেখা গিয়েছিল তা আর থাকবে না। চিনি, চিনি আপনারা জানেন যে চিনির উপর স্টেট গভর্ণমেন্টর কোন হাত নেই। চিনির হোল মুভমেন্ট, চিনির কোটা, কিভাবে তা বণ্টন হবে সেটা সম্পূর্ণভাবে কেন্দ্র রেগুলেট করে। আমাদের ধরুন জুলাই, ১৯৭৫ টু ডিসেম্বর, আমরা ২২.৮৬৫ মেট্রিক টন চিনি পেয়েছিলাম, আমরা জানুয়ারী, ১৯৭৬ টু অক্টোবর, এখন যেটা চলছে—এটা স্লাইস্ড ডাউন করে বলছি, ১৮.৭৬০ মেট্রিক টন। এর মধ্যে ওরা নিষেধ করে দিয়েছে কোন প্রাইভেট হাসপাতালে এই চিনি দিতে পারবে না এবং ক্যানটিনে দিতে পারবে না। শুধু এ্যালাউ করেছে সরকারী হাসপাতাল, জেল, স্টুডেণ্টস হস্টেল, পুলিশ পার্সোনেল। প্রাইভেট হাসপাতাল বলতে যেমন মাড়োয়ারী হাসপাতালগুলি, মুসলিম হাসপাতাল এইগুলিকে বন্ধ করে দেওয়া হল। আমরা এই নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করার পর এইগুলি ছেড়ে দেওয়া হয়েছে কিন্তু ক্যাণ্টিন ছেড়ে দেওয়া হয়নি। এটা কমিয়ে দেবার ফলে আমরা এস. আর. এলাকায় আমরা আগে ২॥ শত গ্রাম করে দিয়েছি সেটা কমিয়ে ২ শত গ্রাম করে দিলাম। আর গ্রাম বাংলায় আমরা ৬০ গ্রাম করে দিতাম সেখানে ১০ কমিয়ে ৫০ গ্রাম করলাম। এখন আপনারা জানেন বিহারে ফ্লাড হওয়ার ফলে চিনি আমাদের যেখান থেকে আসছিল সেখানে অসুবিধা হয়ে গেল এবং তার জন্য কোন একটা সময়ে চিনির দাম বেড়ে গেল। কালকের আগের দিন আমার ঘরে বসে সমস্ত চেম্বার্স এর সঙ্গে আমার কথা হয়েছে এবং কালকে চিফ সেক্রেটারী ও ফুড কমিশনারের সঙ্গে সুগার ডিলার্স এ্যাসোসিয়েশনের কথা হয়ে গিয়েছে এবং এখন থেকে ৫'১২ মেট্রিকটন করে লেভি ফ্রি চিনি আপনি পাবেন। এবার আমি আসছি বনস্পতিতে। আমাদের পশ্চিম বাংলায় ছয়টি কম্পানী আছে যারা বনস্পতি ম্যানুফ্যাকচার করে। আমাদের পশ্চিমবঙ্গের টোটাল রিকয়ারমেন্টস হচ্ছে সাড়ে তিন হাজার টন।

[5-40—5-50 p. m.]

এখন এই ৬টি মিলে ম্যানুফ্যাকচার করত ১৫০০ টন আর ১৫০০ টন আসত বিভিন্ন স্টেট থেকে। কিন্তু আজকে গ্রাউণ্ড নাট অয়েলের দারুণ অভাব দেখা দিয়েছে। ইউ পি থেকে, অন্যান্য স্টেট থেকে যেটা আসত, তা বন্ধ করে দিয়েছিল। ফলে আমাদের

এখানে প্রডাকশন-এর অসুবিধা হয়েছিল, ইম্পোর্টেড অয়েল পাচ্ছে না সাফিশিয়েন্টলি, ফলে বনস্পতির অভাব হয়েছিল। এজন্য আমি মুখ্যমন্ত্রীকে সঙ্গে করে দিল্লী গিয়েছিলাম, কেন্দ্রের মন্ত্রীর সঙ্গে আলোচনা করেছিলাম, তাই পুজোর আগে সরাসরি ১ হাজার টন রিলিজ করে দেন। কিন্তু আনফরচুনেটলি পুজোর আগে সেই এক হাজার টনকে তুলতে পারেননি। আমার সঙ্গে পরশু দিন আলোচনা করার পর ১২ তারিখে আলোচনা করার ঠিক হয়েছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ—কতদিন আগে আসল যার জন্য তুলতে পারে নি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—পুজার আগে ব্যাংক বন্ধ হয়ে যেতে পারে তার জন্য তুলতে পারেনি এই পলিশি তারা নিচ্ছিল কিন্তু আমি ফুড কমিশনার, চীফ সেক্রেটারী এবং পুলিশ কমিশনার এই তিন জনের উপর ভার দিয়েছি প্রকৃত তথ্য অনুসন্ধান করে জানাবার জন্য। ইন দি মিন টাইম প্রোগ্রাম দিয়ে যা হয়েছে ফ্রম ফার্স্ট টু থারটিনথ অক্টোবর, ওরা বলেছে ১০৫১ টন বনস্পতি দেবে আর ফোরটিনথ টু টোয়েনটিয়েথ অক্টোবর আরো ৯২৭ টন দেবে, আর ২১ থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত ১০৩৫ টন দেবে। যেখানে তারা ১৫০০ টন এর বেশী দিত না সেখানে পশ্চিমবঙ্গের চাহিদা সামনে রেখে ৩০০০ টন দিতে পারবে। কারণ হচ্ছে কেন্দ্র থেকে বাড়তি ১০০০ টন ইমপোর্টেড ওয়েল এনে দিতে পেরেছি।

শ্রীগঙ্গাধর নস্কর ঃ—আমি এখানে এক মিনিট একটু বলি। আমরা দেখেছি ছোট ছোট টিন—১ কে. জি টিনে আগে বনস্পতি আসত দ্যাট ওয়াজ নট এ্যাট অল য়্যাভেলেবল এবং বড় বড় টিনে কিছু কিছু বিক্রি করার ব্যবস্থা করত যাতে ভেজাল মেশানো সুবিধা হত। আপনি এই হাউসে এনকোয়ারী করে প্লেস করবেন কি এবং ফ্যদার য়্যাসিওরেন্স দেবেন কি ছোট ছোট কন্টেনারে যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা হবে কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—কেন্দ্রের কাছে অফিসিয়ালি এই কথা জানিয়েছিলাম যে ছোট ছোট টিনে যেভাবে বনস্পতি ম্যানুফ্যাকচার করে প্যাক করত সেইভাবেই প্যাক করবে এবং তা থেকে ডিভিয়েট করতে পারবে না। যদি কোন ম্যানুফ্যাকচাররা ছোট টিনে না করে তাহলে ছোট টিনে করা অনুমতি কেন্দ্র থেকে পাবে না। এখানে স্টট গভর্ণমেণ্টের হাত নেই। আমি এই যে তিন দিন তাদের সঙ্গে মিটিং করেছিলাম

তখন বনস্পতি ম্যানুফ্যাকচারদের কাছে ভেরি ষ্টংগলি এটা বলেছিলাম যারা ছোট প্যাকেট করত কেন করে না ? যাতে ছোট প্যাকেধ করে সেই ব্যবস্থা করা হবে। কিন্তু অসুবিধা হচ্ছে মাথাপিছু দাম বেড়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এসেনসিয়াল কমোডিটিজের দাম বাড়ছে—কেন বাড়ছে এবং সরকার সেই সম্বন্ধে ওয়াকিবহাল কিনা তার সম্বন্ধে মাননীয় সদস্যদের কাছে সামান্য একটা বিবরণ রাখলাম, তাদের যদি কোন বক্তব্য থাকে তবে পরে সাধ্যমত উত্তর দেবার চেস্টা করব।

Shri Biswanath Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বন্ধু মন্ত্রীর কথা বেশ মন দিয়ে শুনেছি। এখন একটা কথা বলতে চাই—ব্যক্তিগতভাবে মন্ত্রীদের কারো সঙ্গে আমার সম্পর্ক খারাপ নয়, ভাল। কাজেই কাউকে আমি ব্যক্তিগতভাবে আঘাত দিতে চাই না এবং প্রত্যাঘাত ও আশাকরি না। কিন্তু এই প্রশ্নটা এত গুরুতর যে এটা আমাদের দৈনন্দিন জীবনের সঙ্গে জড়িত। প্রয়োজন হলে সে সম্বন্ধে কঠোর সমালোচনা করতে হবে। এই খাদ্যনীতি প্রসঙ্গে প্রধানতঃ ধানচালের সংগ্রহের ব্যাপারে আমাদের রাজ্য সরকারকে দায়ী করেছিলাম কম procure করবার জন্য—যখন আমাদের bumper crop হয়েছিল। আর এই নিত্য প্রয়োজনীয় জিনিসের কথা আমি মনে করি বেশীর ভাগ জিনিস আমাদের বাইরে থেকে আমদানী করতে হয়। এই আলোচনা সারা ভারতের অর্থনীতির সঙ্গে জড়িত হলেও তা আমি করতে চাই কতকগুলো প্রকাশিত তথ্যের ভিত্তিতে। ধরুন আমরা একটা কথা শুনছি যে জরুরী পরিস্থিতিতে একটা সুফল হয়েছে যে জিনিসপত্রের দাম কমেছে। প্রথমতঃ এটা আংশিক সত্য। কারণ অনেক জিনিষপত্রের দাম ঠিকই কমে গেছে। কিন্তু ওষুধপত্রের দাম কমেনি। অনেক শিল্পজাত ও অন্যান্য জিনিসের দাম কমেনি। প্রধানতঃ কমেছে—কৃষিজাত পণ্যের দাম। সেটা কীভাবে কমেছে ? আবার আজকে বাড়ছে। কেন বাড়ছে ? It is a crime একটা প্রচণ্ড ক্রাইম চলছে—primary producer—যারা প্রাথমিক উৎপাদক সরিষা, আলু, বাদাম, আখ ইত্যাদি ফলালো, পাট বাদ দিন essential commodity নয়, তারা এই সব জিনিস কম দামে বেচেছে, দামটা খুব কম পেয়েছে—আগের বছরের তুলনায়। এক সিজনেই আবার অনেক দাম বাড়ছে, এত দাম বেড়েছে যে কল্পনা করা যায় না। এই দাম কেন বাড়লো ? সেটা season production—সেই জিনিষের দাম কেন বাড়লো ? কত বাড়লো ? প্রতিটা জিনিসেই আমাদের দেশের অর্থনীতির এতবড় জোচ্চরি চলছে কেন, এটা পরিষ্কার হওয়া দরকার। আমাদের দেশের পণ্ডিতরা বললেন, দাম কেন বাড়লো। এই inflation হয়েছে—সুতরাং ব্যাংকের ধার দেনা কমাও, ক্রয় ক্ষমতা বাড়িয়ে দাও ;

মজুর দের, কর্মচারীদের Dearness allowance অর্ধেক আটকে দেও, বোনাস দিও না ; কমিয়ে দেও সবকিছু। মধ্যবিত্তদের ক্রয় ক্ষমতা কমিয়ে দিলে দাম পড়তে পারে। আর কি, প্রাইমারী producer চাষী সেখানে মারো, দাম কমাও। সব জিনিসের দাম কমলো না একটা জিনিসের দাম কমলো তো অন্য জিনিসের দাম বাড়লো। কী রকম ? আমাদের সরকার ও চাষীরা গর্ববোধ করতে পারে একটা জিনিসে সে হলো আলু, পশ্চিমবঙ্গে আলুর উৎপাদন বেড়েছে—bumper crop হয়েছে এবার আলুর। শুধু পশ্চিমবঙ্গে নয় U. P.-তেও দারুন bumper crop হয়েছে আলুর কি দরে বিক্রী করেছে ? পশ্চিমবঙ্গের চাষী সবচেয়ে বেশী দামে—আলুর কুই'টাল বিক্রী করেছে। কাগজে বেরিয়েছিল U. P.-তে আলুর কুই'টাল, ২০/২২ টাকায় বিক্রী হয়েছে। আর পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী দামে বিক্রী করেছে, ৩০্, ৩৫্, ৪০্, ৪৫্, কুই'টাল। সেই আলু দুমাসের মধ্যে হয়ে গেল—১০০্, ১১০্, ১২০্, ১৩০্ ; কলকাতার বাজারে হলো ১৫০্ টাকা আলুর কুই'টাল। এর ব্যাপারটা কি ? হিমঘরে আলু রাখবার জন্য যে ঋণের প্রয়োজন, এক কুই'টাল আলু সেখানে ৪০্ টাকা কিনেছে—সেটা ১৫০্ টাকা কি করে হয় ? Three times-এর বেশী। কারা সেগুলি করে দিয়েছে ? কে দিচ্ছে সে পয়সা ? কে পাচ্ছে মুনাফা ? আর চাষী কী পাচ্ছে ? তারপর চিনি, সরষের তেল, বাদাম তেল, তুলো—এই কয়টি জিনিসের দামও দেখাবো। আমাদের দেশে নিয়ম এক একজনের জন্য এক এক রকম।

[5-50—6-00 p. m.]

মন্ত্রী মহাশয় অবশ্য একটুখানি ভুল বললেন বাদাম তেলের ব্যাপারটা। আমাদের চীফ সেক্রেটারী তিনি যে হিসাব দিয়েছেন তাতে দেখা যায় সরষের তেলের এবং বাদাম তেলের দর গত বছর এই অক্টোবরে ছিল ৬-৪০ আর এই বছর ৭ টাকা ৫০ পয়সা। আমি কালকে এলাম মেদিনীপুর থেকে ৮ টাকা সরষের তেলের দর। যাই হক ৭ টাকা ৫০ পয়সা যদি বলেন তাহলেও তেলের দর কমে না। আর বাদাম তেল ছিল ৮ টাকা ৫০ এখন হয়েছে ৮ টাকা ৯০। এই বাদাম তেলের ব্যাপারেই একজন কেন্দ্রীয় মন্ত্রীর ষ্টেটমেণ্ট মীর কাশেমের ষ্টেটমেণ্ট আমি আপনাদের একটু পড়ে শোনাই। ব্যাপারটা তাহলে একটু পরিষ্কার হয়ে যাবে। তিনি বলছেন আমরা কমডিটি বাজেট তৈরী করছি। The minister said that there had been a record production of 7 Million tons of ground nut but the prices for the farmers fell so shortly that the emergency programme of

support operations and export of oil had to be drawn up. ৭৩ লক্ষ টন অবশ্য আগের ফিগারে ছিল ৬৯·৯০ লক্ষ টন—একই। তার জায়গায় ৭০ লক্ষ টন বাদাম তৈয়ারী হয়েছে। তাও দাম পড়ে গিয়েছে। চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে, হাহাকার করছে। আজকে বাদাম তেল গত বছরের চেয়ে বেশি দামে বিক্রি হচ্ছে। আমাদের চীফ সেক্রেটারী বলেছেন দাম বাড়চ্ছে। নিশ্চয় দাম বাড়চ্ছে। আবার কেউ কেউ আশার কথা শোনাচ্ছেন দাম পড়বে। দাম তো নিশ্চয় পড়বে। জিনিষ যখন হবে তখন দাম পড়বে, চাষীদের গলা কেটে নিয়ে, তারপর দাম বাড়বে এবং ব্যাটা মুনাফা করার করবে। সরষের আপনি নিজেই বলেছেন কি দাম। চাষীরা সরষে বিক্রি করেছে শুধু আমাদের পশ্চিমবঙ্গে নয় সারা ভারতবর্ষে ২৯৫ থেকে ৩০০ টাকা পাইকারী। এইবার ২২০ থেকে ২৪৮ টাকা। চাষীরা কত দাম পাবে? সরষের তেল সম্বন্ধে চীপ সেক্রেটারী কি বলছেন সরষের তেলের দাম ৬ টাকা ৪০ থেকে বেড়ে হয়েছে ৭ টাকা ৫০ বদিও আমি দেখছি ৮ টাকা। কিছু ছোট এবং মাঝারি তেল কলের মালিকের সঙ্গে আমার জানা আছে। তারা আমাকে বলছে সরষে যে দরে এখন বিক্রি হচ্ছে তাতে ৭ টাকা ৫০ এর কমে দিলে লোকসান হয়। তবে সরষে যখন বাজারে উঠেছিল যারা কিনে রেখেছিল তাদের লাভ হয়েছে। তার মানে সরষের যারা পাইকারী ব্যবসা করে এবং বড় বড় তেলের মিলের মালিক তারা দ্বিগুণ, তিন গুণ দামে পাবে। যে হোরডার তাকে প্রিমিয়ার দেওয়া হচ্ছে আর যে প্রোডিউসার তাকে বধ করা হচ্ছে। শুধু তাই নয় সারা ভারতবর্ষে কৃষকদের এই নিয়ে একটা দারুণ বিক্ষোভ হচ্ছে যে যে চাষীরা সরষে বিক্রি করেছে তারা আজকে সরষের তেল কিনতে এসে দেখছি এই অবস্থা। আখ চাষীর কি অবস্থা? আমি এইবার গিয়েছিলাম উত্তর প্রদেশের সবচেয়ে যেখানে বেশি আখ চাষ হয় সেই পশ্চিম ইউ, পির মুজাফরপুরে। সেখানে এইবার আখ চাষীদের সম্মেলন ছিল। বহু কংগ্রেস নেতা, এম, এল, এ কংগ্রেস এম, পি, গিয়েছিলেন। সেখানে চাষীরা ৮ টাকা কুইন্টাল দরে আখ বিক্রি করেছে।

সেটা কমিয়ে দেবার জন্য গুড়ের কারখানার লাইসেন্স কেটে দেওয়া হোল প্রোডাকসন রেসট্রিকসন করে দেওয়া হোল। চিনির প্রডাকসন সম্বন্ধে বলতে গিয়ে আমি একটা স্টেটসম্যান পত্রিকার স্টেটমেণ্ট অব কমার্স এটা পড়ছি।

"The new sugar season has commenced on the Dasera day in many parts of the country. Many factories have started their cane crushing operations on that day. The remaining are expected to start before Dewali particularly in Uttar Pradesh and Bihar. The

cane crop position is satisfactory. No damage is reported anywhere. The sugar mills, therefore, are hopeful of producing about 50 lakh tonnes of sugar this season a new high against 42 lakh tonnes in 1975-76 season."

আজকে সামনে চিনির বাম্পারের কথা আসছে। কাগজে বেরিয়েছে। আপনারও একটা ষ্টেটমেণ্ট কাগজে বেরিয়েছে যে চিনি ৫'১২ করে বিক্রি করতে হবে। কিন্তু আমরা দেখছি চিনি ৬ টাকা করে বিক্রি হচ্ছে। আমি একটা তথ্য দিচ্ছি এই দিল্লীর পাশেই ওয়েষ্ট ইউ. পি.-তে ৬ টাকা কেজি চিনি বিক্রি হয়েছে। খবরের কাগজে দেখেছি—রেকর্ড আছে আর গভর্ণমেণ্ট ফোর্স করেছে ৪'৯৮ দরে বিক্রি করার জন্য। What is the extent of profit ?

আপনারা ইম্যাজিন করতে পারেন সাড়ে আট টাকা করে কুইণ্টল আখ বিক্রি করবে যাতে কম্পিটিসন না থাকে তারও ব্যবস্থা করেছেন। আর আমরা যারা চিনি খাবো আমাদের বেলায় এই দাম ? বাম্পার ক্রপ হয়েছে চাষীরা পেল কম দাম আর আমরা পেলাম চিনি এই দামে মাঝখান থেকে একচেটিয়া পুঁজিপতিরা প্রচুর মুনাফা করে নিল। তারপর বনস্পতির কথা বলেছেন। এতো পাওয়াই যায় না আর যদি বা পাওয়া যায় তার দাম ১১।১২ টাকা। এটা সাধারণত গ্রাউন্ড নাট অয়েল থেকে হয়। বাম্পার গ্রাউণ্ট নাট হয়েছে এটা সকলেই জানেন আমি তথ্য দিতে চাই না। এই রকম জিনিষ ভারতবর্ষে চলছে। প্রাইমারী প্রডিউসাররা কনজিউমাররা মরছে। আর একচেটিয়া পুঁজিপতি ব্যবসায়ী হোডাররা প্রচুর মুনাফা করছে। প্রতিটি জিনিষের দাম ক্রমশ বেড়েই চলেছে ভাল ফসল হলেও। তাছাড়া তরিতরকারীর কি দাম ? চাষীরা সেই কম দাম পাচ্ছে আর মাঝখান থেকে ফোড়েরা লাভ করে চলেছে। তাদের কোন উপায় নেই অন্য কোন কাজ কর্ম নেই কিছু আনাজ-কোনাজ নিয়ে রাস্তার ধারে যেখানে ষ্টেশনের ধারে এদিক ওদিক বসে পড়ছে। সামান্য রোজগার করে তারা সংসার চালাচ্ছে। তরিতরকারীর কথা বুঝলাম, আলুর কথা বুঝলাম, তেলের কথা বুঝলাম, বনস্পতির কথা বুঝলাম—সবই বুঝলাম চিনির কথা বুঝলাম। কিন্তু মানুষের অবস্থা কি ? তাদের মনোভাব কি দাঁড়াচ্ছে ? বাড়ীর গিন্নি বলছে তোমরা যে বলছো প্রচুর ফসল হয়েছে—কৈ আমরা তা তো দেখতে পাচ্ছি না—জিনিসপত্রের দাম তো বেড়েই চলেছে। আমরা অল ইণ্ডিয়া থিসিস থেকে দেখছি যে একটা বৈষম্যমূলক নীতি চলছে। এটা যদি বন্ধ না হয় তাহলে কিছুই হবে না। রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি গভর্ণর খুব আনন্দে গদগদ হয়েছে বলেছেন যে আর ভয় নাই ইনফলেসন ১০% কনটেণ্ট হয়ে যাবে বাম্পার ক্রপ হয়েছে। আমার তথ্য হচ্ছে প্রধানত কৃষিজাত উৎপাদনের দামের উপর ন্যাশন্যাল ইনকাম ঠিক হয়।

[6-00—6-10 p. m.]

আর তার দামের উপর প্রাইসও এখনও প্রধানতঃ ঠিক হয়। যে কোন ইন্ডাস্ট্রিয়ালী ডেভালপড দেশেতে যারা প্রচুর কৃষি উৎপাদন করে—আমেরিকা, সেখানেও ইন্ডাস্ট্রিয়াল প্রডাকসান এ্যান্ড আদার ভ্যালুস তাদের ন্যাশানাল ইনকামের লায়ন শেয়ার। অত কৃষি উৎপাদন করেও তার মোট দাম তাদের ন্যাশানাল ইনকামের অনেক কম। কিন্তু আমাদের মতন গরীব দেশের অবস্থা তা নয়, সেটা অনেক বেশী। এরা থিসিস দিয়ে দিলেন যে লোকের আয়টা কমিয়ে দাও—যারা কিনে খাবে, আর চাষী-প্রাইমারী প্রডিউসার, তাকে কম দামে বিক্রি করতে বাধ্য কর। বামপার ক্রপ আছে সেই সুযোগটা নাও তাহলেই সব জিনিসের দাম কমে যাবে। এখন এই ইনফ্লেসান সামলাতে গিয়ে রিসেসান, রিসেসান সামলাতে গিয়ে ইনফ্লেসান এবং মাঝখানে পড়ে তোমরা কচুকাটা হও, বেকার বাড়ুক এবং লোকের দারিদ্র ও যন্ত্রণা বাড়ুক। দি হোল কোয়েশ্চেন বা এসেনসিয়াল কমোডিটিস-তার দামের প্রশ্ন, তার দামের ওঠানামার প্রশ্ন আমাদের দেশের অর্থনীতির মূল প্রশ্নকে সামনে তুলে এনেছে। আমাদের এই একচেটিয়া পুঁজিপতিদের দ্বারা ডমিনেটেড যে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা তা আমাদের মতন এই গরীব অনুন্নত, জনবহুল দেশে চলতে পারে না। আর তা যদি চলে তাহলে তার ভেতর দিয়ে কম দর করে সেই বজায় রাখতে পারবেন না। বেশীর ভাগ মানুষের গলা কেটে আপনি কিছু সময়ের জন্য করতে পারেন কিন্তু তাকে আপনি রাখতে পারবেন না, আবার সেই দর বাড়বে। এর মধ্যে রাজ্যসরকারেরও একটু দায়িত্ব আছে, সেইটুকু আমি এবার বলব। আমি অল ইণ্ডিয়ার অর্থনীতি সম্বন্ধে বললাম, এটা একটা মূল প্রশ্ন, এটা আজকে আমাদের দেশের মানুষের সামনে দেখা দিয়েছে যে হতে পারে কি এই রকম নড়াচড়া করে অর্থনৈতিক পণ্ডিতদের এই মনিটারী ম্যানুপুলেসান, ফিসক্যাল ম্যানুপুলেসান তারই ভেতর দিয়ে আপনি দামটা কমিয়ে রেখে দিতে পারবেন কি? পারবেন না এটা বোঝা গেল। রাজ্যসরকারের দায়িত্ব এরমধ্যে এইটুকু আছে যে যখন সস্তায় সরষে বিক্রি হচ্ছিল, যখন ষ্টক করছিল তখন আপনারা কেনেন নি কেন? যখন সস্তায় বাদাম বিক্রি হচ্ছিল—মিনিষ্টার বলেছেন, প্রাইসেস কেল শো শার্পলি দ্যাট উই হ্যাড টু কাম ফরোয়ার্ড ফর সাপোর্ট—সেই সময় আপনারাই বা কি কিনেছেন আর ওঁরাই বা কি কিনছেন? যদি আমদানী বেশী আমাদের করতে হয়—সেই দুর্ভাগ্য যদি পশ্চিমবাংলার হয় এইসব জিনিষের ব্যাপারে তাহলে আপনাদেরও অংশগ্রহণ করতে হবে। তাতে আপনারা যে কর্পোরেশনটি করে রেখেছেন, গতবারও আমি বলেছি, সেই কর্পোরেশনটিকে লিভিং কর্পোরেশন কর। ঠিক যে সময়

জিনিষ উঠবে এবং দাম কম থাকবে। সেই সময় কিনে নিয়ে এস ফোর্স কর এই দামে তোমাকে সাপ্লাই করেছি এই দামে তোমাকে তেল দিতে হবে। এই দামে তোমাকে বাদাম দিয়েছি, এই দামে তোমাকে বনস্পতি দিতে হবে। এগুলি হচ্ছে আপনাদের কর্তব্য। এরপর আমি যেটা বলব সেটা আপনার একিবারে বোধহয় পড়ে না, সেটা হচ্ছে তুলো এবং কাপড়ের কথা। দেখুন, আমরা কৃষক আন্দোলন করি, কৃষকসভা করি সারা ভারতবর্ষে বসি, আমরা জানি। অন্ধ্র, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যের চাষীরা মাথায় হাত দিয়ে বসেছিল যখন এ বছর বাজারে তুলো এল। ৪শো টাকার তুলো দুশো টাকা, ৬শো টাকার তুলো ৩শো টাকা দাম। লং ষ্টেপল কটন বাইরে থেকে আমদানী করতে হয় বলে ভারত সরকার এনকারেজ করলেন, চাষীরা লং স্টেপল কটন প্রডিউস করলো প্রচুর খরচ করে অথচ চট করে দাম ৫০ পারসেণ্ট পড়ে গেল। তারপর খবরের কাগজে দেখলাম তুলোর বাজার আগুন তার বাজার এত চড়ে গিয়েছে যে বাইরে থেকে আমদানী করতে হবে। তা যদি না করা যায় তাহলে আর দাম রাখা যাবে না এইরকম একটা সাংঘাতিক ব্যাপার। তুলোর ব্যাপারে চাষীদের বধ করে মাঝখানে বড় বড় ব্যবসায়ীরা এবং মিল মালিকরা মুনাফা করে নিয়েছে। এখন দেখুন, তুলোর দাম যখন অর্ধেক হয়ে গেল, চাষীরা হখন মাথায় হাত দিয়ে বসলো তখন কি কাপড়ের দাম কমেছিল। ডোট্যালিটির উপর তারা চান্স নিয়েছেন ফিফটিন্ টু টোয়েণ্টি পারসেণ্ট ইনক্রিজ। আমি সেদিন কাগজে পড়লাম শেটসম্যানে, যারা ওদের পক্ষের কথাই লেখে, বিপক্ষে লেখে না, এই সমস্ত ঘটনা চলছে। এই যখন অবস্থা তখন দুটি জিনিষ করা দরকার। আমাদের ষ্টেট গভর্নমেণ্টের বলা দরকার সেন্ট্রাল গভর্নমেন্টকে যে, আপনারা যে এসেনসিয়াল কমডিটিসের বাজেট করবেন বলছেন—কি বাজেট, কিভাবে করছেন করুন, এটা একলা ওয়েষ্ট বেঙ্গল সলভ করতে পারে না। অল ওভার ইণ্ডিয়ায় আপনারা গভর্ণমেণ্ট থেকে যা প্রকিওর করছেন সেটা কি দরে প্রকিওর করছেন, কি দরে সাপ্লাই করছেন, বছরের এক সময় এক দর আর এক সময় আর এক দর, এর মধ্যে সামঞ্জস্য কি থাকছে না থাকছে এটা আপনারা রিপ্রেজেণ্ট করুন এই হচ্ছে এক নম্বর কথা।

দু নং হচ্ছে যে নিজেরা যতদূর সম্ভব এইগুলো কিনে সাপ্লাই করবার ব্যবস্থা করুন। তিন নং হচ্ছে এই মুনাফাখোরীদের দমন করা—আপনারা তো বলে দেবেন, চিফ মিনিষ্টার তো বলে দেবেন. হোম মিনিস্টার বলে দেবেন, মিনিষ্টার অব ষ্টেট বলে দেবেন, এত লোককে এ্যারেস্ট করা হয়েছে। আমার কাছে সব কাটিং করা আছে, কি রকমভাবে মিশা করেছেন আপনারা বলেছেন এত লোককে মিশা করেছি, এত

লোককে গ্রেপতার করেছি কি ব্যাপার, এটা কি ছেলে খেলা ? এই বড়লোকরা—আমি তো জানতাম আমাদের জেলে ধরে রেখে দিল, দু তিন বছর থাকতাম, কিছু যেত আসতো না, ডিভিশন থ্রি বলুন, টু বলুন, ওয়ান বলুন, ইংরাজ আমল থেকে আছি, কোন ক্ষতি নেই। কিন্তু এই বড়লোকরা কি জেলে থাকতে খুব পছন্দ করেন ? এদের ধরছেন, এরা মোটেই ঘাবড়াচ্ছে না ? তাহলে কি ধরছেন আর বার করে দিচ্ছেন ? ধরছেন আর বার করে দিচ্ছেন ? ব্যাপারটা কি ? না, চুনোপুটি ধরছেন, মেজপুটি ধরছেন, রাঘব বোয়াল ধরছে না, রুই কাতলা ধরছেন না, কি হচ্ছে ? না, এক ঘর দিয়ে ঢোকাচ্ছেন আর এক ঘর দিয়ে বার করে দিচ্ছেন। আমি এই কথা বিশ্বাস করি না যে কোটিপতিরা জেলে থাকাটা পছন্দ করে। সুতরাং কি ব্যাপার ঘটছে ? আপনি ওদের জেলে যত ভালই খেতে দিন বাইরের খাবার তার চেয়ে অনেক পায়। আপনারা জনসাধারণের কোন ভিজিলেন্স কমিটি করছেন না। জনসাধারণের সহযোগিতা নিচ্ছেন না। অত্যন্ত হাই প্রাইস হয়ে গেলে মানুষের যখন ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে তখন সেই রেজিস্ট্যান্সে হয়তো কিছুটা দাম পড়ছে কিংবা চাষীর গলা কেটে হয়তো কিছু ফেলছে, তারপর আবার সেটা উঠছে। সাধারণ মানুষের উপর যে শোষন, সেই শোষনটা চলছে। এটা যদি বন্ধ করতে হয়, আমি যে কথা বলেছি, আমি আবার রিপিট করছি, অল ইণ্ডিয়া পলিশি, রিয়্যাল এসেনশিয়্যাল কমডিটি বাজেটে মন্ত্রীরা যে কথা বলছেন, সুব্রমন্যম বলেছেন, পাই সাহেব বলেছেন, মীরকাশেম বলেছেন, সেই বাজেট করা হোক এবং বাজেট করা যখন হবে, তখন শুনবো এবং সেণ্ট্রালের পলিশি এসেনশিয়্যাল কমোডিটির ব্যাপারে ফার্ম পলিশি তারা নিন, অল ওভার ইণ্ডিয়া। পশ্চিমবাংলায় যেটা, সেটা পশ্চিমবাংলায়, ইউ, পি, তে যেটা হচ্ছে সেটা ইউ, পি, তে, অন্য রাজ্যে যেটা হচ্ছে, সেটা অন্য রাজ্যে তাদের সংগ্রহ এবং বণ্টন তার মধ্যে সামঞ্জস্য রাখতে হবে যাতে সস্তায় চাষীকে না মেরে, জনসাধারণকে দিতে পারেন তার ব্যবস্থা করতে হবে, তিন নং হচ্ছে আপনি আপনার এক্তিয়ারের মধ্যে এই বাণিজ্যটা করুন যাতে সস্তায় কিনতে পারেন, সস্তায় সপ্লাই করতে পারেন চার নং এই মুনাফাখোরদের সত্যি সত্যি কঠোর হস্তে দমন করুন। তাদের ভিতর যার সত্যি সত্যি চাঁই, সমস্ত জিনিসগুলোকে যারা ম্যানিপুলেট করছে, যারা আপনাদের হাতে নেই তাদের কথা বলছি না, কিন্তু আপনাদের হাতে যারা আছে, পশ্চিমবাংলায় যারা আছে, তাদের দমন করুন। এবং আমার ফিফথ পয়েন্ট হচ্ছে জনসাধারণের সক্রিয় সহযোগিতা নিন, যে কত দামে কিনছে, কত দামে বেচছে, সেটা প্রত্যেক জায়গায় চেক করবার জন্য ব্যবস্থা করুন। যখনই বলবে এই দামে কিনেছি, কোথা থেকে কিনেছো ? সেখানে গিয়ে ধরা হোক, এই দামে কেন বিক্রি হ'ল ? এই দামে কেন কিনেছো ? এবং

এই দামে কেন বেচছো ? যদি এই স্টেপগুলো নেন তাহলে সুরাহা হতে পারে, তা নাহলে এই দুর্দশা চলবে এবং এই যে হাই প্রাইস তা একটু বাড়বে, একটু কমবে, এই রকম চলতে থাকবে। এবং তার মধ্যে দিয়ে একদিকে প্রাইমারী প্রডিউসার যারা তারা মারা পড়বে এবং আর এক দিকে খরিদ্দার যারা, ওয়ার্কার বলুন, এম্পলয়ি বলুন, অনেক ক্ষেত্রে পিজ্যান্টস বলুন, এগ্রিকালচার ওয়ার্কার বলুন, তারা মারা পড়বে। আমি এই সব আপনাকে আঘাত দেবার জন্য বলছি না, এটা অত্যন্ত গুরুতর সমস্যা, এই সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষন করবার জন্য বলছি। যতটুকু আপনারা নিজগুনে গ্রহন করবেন, ততটুকু করবেন, এই কথা বলে, ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ--মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমাজ জীবনে নানা সংকটের মধ্যে প্রতিটি নাগরিক এগিয়ে চলেছে। দ্রব্যমূল্য যদি বৃদ্ধি হয় তাহলে ত আঘাত সকল শ্রেণীর মানুষকে করে। বিশ্বনাথবাবু ঠিকই বলেছেন ভারতবর্ষে গর্ব করার মত যদি কিছু থাকে এই এমার্জেন্সিতে—এক নং আমরা দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করেছি। এবং আপনি ২০ দফা কর্মসূচীর প্রথম দফা দেখেছেন যে প্রাইস লাইন হোল্ড করতে হবে। কিন্তু এই বিষয়টা নির্ভর করছে অনেকগুলো ফ্যাক্টারের উপর।

[6-10—6-20 p. m.]

আজ দুটি শ্রেণী সমাজ মোটামুটিভাবে সমাজে দাঁড়িয়ে আছে—একদল ক্রেতা, আর একদল manufacturer trader। ক্রেতারা অপেক্ষাকৃত দুর্বল শক্তি নিয়ে দাঁড়িয়ে আছে। আর যারা manufacturers trader এরা সবসময় শক্তিশালী। এই শক্তিশালী সম্প্রদায় সংখ্যায় কম, কিন্তু আর্থিক শক্তিতে এরা বলিয়ান। এদের শক্তি যদি খর্ব করতে হয় তাহলে ৪টা বিধি প্রয়োগ করতে হয়। No. (1) Legislative মুনাফাখোরী বন্ধ করার জন্য production বৃদ্ধি করার জন্য, মুনাফা বেঁধে দেবার জন্য fiscal & financial discipline আনার জন্য আমরা যেটাকে বলি credit planing কেউ বলে credit squeeze ইত্যাদিগুলি নিয়ন্ত্রণ করতে হয়। কিন্তু আমরা একটা এমন economy-তে বাস করছি shortly। দুঃখের বিষয় আমাদের খাদ্য, তেল, essential সমস্ত জিনিস আমদানী করতে হয়। ভারতবর্ষকে যদি স্বয়ংসম্পূর্ণ হতে হয় তাহলে যে জিনিসগুলি আমদানী করছি এবং যদি রপ্তানী programme না নিই তাহলে ভারতবর্ষের অর্থনীতি বিশ্বে কোন প্রভাব আনতে পারবে না। এবং আমাদের অর্থনৈতিক স্বাধীনতা গড়ে উঠবে না। সেজন্য

manufacturer এবং Trader-দের ক্ষমতা খর্ব ৪টা ব্যবস্থার দরকার। No (1) legislative, No (2) শোষণ বন্ধ করার জন্য Financial programme দরকার এবং power See-এর জন্য sevilised রেটে supply দরকার। ৩নং people organisation and consiumers grow করা দরকার। এর জন্য organisation, করা দরকার তার জন্য আপনারা কি ব্যবস্থা করছেন সেটা জানতে চাই ? যারা essential জিনিষ কেনে—তাদের জন্য আমরা নিয়ন্ত্রণ সীমাবদ্ধ রাখতে চাই ৫টা বিষয়ে—চাল, আটা, চিনি, কেরোসিন এবং মোটা কাপড়। আমাদের Food Minister বনস্পতি ও ডালের উপর গুরুত্ব দিয়েছেন। আমাদের সমাজ জীবনে ৫টা জিনিষ নিয়ন্ত্রণ করছে তার বণ্টন, procurement ও production-এরদৃষ্টি আছে। বাকী essential goods হল তৈল এবং baby food। এগুলি যদি নিয়ন্ত্রণ করতে না পারি তাহলে হবে না। যে কথা বলেছেন organsation-এর কথা এতে তো কোন বাধা নেই। Consumer movement চালু হয়েছে চৈনিক যুদ্ধের সময় ১৯৬২ সাল থেকে। আমরা জানি যুদ্ধের সময় essential commodities উপায়েই প্রথমে আঘাত আসে। সেজন্য এদেশে consumerism-এর জন্য Govt. sponsore করেছেন consumer movement সমস্ত কিছু সুযোগ সুবিধা দিচ্ছেন consumer organisation করার জন্য Peoples involvement mass scale দেখানে হবার কথা, কেননা প্রতিটি মানুষ কোন না কোন জিনিষের consumer সেখানে কোন সময়ে দেখিনি mass scale movement হয়েছে। সুতরাং এজন্য কতকগুলি জিনিষের দরকার। যেমন minimum standard of nutrition, dwelling and satfy থাকবে। সেই দায়িত্ব আমরা প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচীর মাধ্যমে রূপায়িত করার চেষ্টা করছি ২ নং হচ্ছে প্রত্যেকটি নাগরিকের অধিকার আছে ন্যায্যমূল্যে নিয়মিতভাবে সরবরাহ পাওয়া। আজ তাই essential commodities-গুলি ভারত সরকার ও রাজ্য সরকার একই সঙ্গে নিয়মিতভাবে সরবরাহ করার ব্যবস্থা করছে। আজ প্রতিটি নাগরিকের অধিকার আছে Net price-এ জিনিষ পাওয়া। আমরা কোলকাতায় জিনিষ কিনি যে দামে, মফঃস্বলে গিয়ে সেই জিনিষ অনেক বেশী দামে কিনতে হয়। Agricalture produce এর বেলাতেও তাই হয়। সেই জিনিষ বন্ধ করার জন্য যে machinery reverse হচ্ছে consumer Co-operative করা। দুঃখের সঙ্গে অজিত বসু মহাশয়কে বলা হচ্ছে এ বিষয়ে তাঁদের কাছ থেকে আশানুরূপ সাড়া পাইনি।

সুতরাং আজকে ক্রেতা সাধারণের স্বার্থ যদি রক্ষা করতে হয় তাহলে কনজিউমার্স মুভমেণ্ট ছাড়া অন্য কোন পথ নেই। ভারত সরকারকে ধন্যবাদ

আজকে এমারজেন্সি প্রবর্তনের পর তাঁরা ফেরার ট্রেড প্র্যাক্‌টিস অর্ডার প্রবর্তন করে, ম্যানুফ্যাক্‌চারার ট্রেডারদের বাধ্য করেছে বলে দিতে যে তোমার কমোডিটি কি, কি কমপোজিসান, কি ওয়েষ্ট কি প্রাইস। আজকে মিনিমাম এই প্রোটেকসান এখানে দেওয়া সম্ভব হয়েছে। তাতেও হয়নি, মাননীয় অধ্যক্ষ মহাশয় এখনে প্রাইস কমিশন প্রবর্তনের প্রয়োজন আছে। এমন কি হাফ এ্যাডভান্সড্ কাণ্ট্রি যেখানে প্রাইস সম্বন্ধে সচেতন, সেখানে আমাদের এখানে প্রাইস কমিশন প্রবর্তনের প্রয়োজন আছে। এসেনসিয়াল কমোডিটিজ, কনজিউমার্স কমোডিটিজ ফ্রম অটোমোবাইল এন্ড স্কাইস্ক্যাপার টু ডোয়েলিং হাউস সমস্ত জিনিস এঁরা চিন্তা করেন। আমাদের মত দুঃখী দেশে ডেভেলপিং ইকনমিতে আমরা তা দাবি করি না। খাদ্যমন্ত্রী মহাশয় যে ন্যারেসান দিয়েছেন, ৭/৮ টা জিনিষকে যদি আমরা নিয়ন্ত্রণে আনতে চাই তাহলে আজকে প্রাইস কমিশনের কথা চিন্তা করতে হবে সম্ভবতঃ। সম্ভবতঃ বলছি এই কারণে যে এর সঙ্গে আমি পরোক্ষভাবে জড়িত। ভারত সরকার সম্প্রতি বোধহয় চিন্তা করছেন এখানে এসেনসিয়াল কমোডিডিজ, ফেয়র ট্রেড প্র্যাক্‌টিস নিয়ন্ত্রণে আনার জন্য একটা কমপ্রিহেনসিভ লেজিসলেসান করা যায় কিনা, এটা হল আমার ফার্স্ট পয়েণ্ট। আমি অন্যত্র দেখেছি প্রাইস কমিশন হচ্ছে বড় বড় ইকনমিষ্টদের নিয়ে, সেই প্রাইস কমিশন ডিটেলসে যায় প্রত্যেকটি জিনিষের ম্যানুফ্যাক্‌চারকে কৈফিয়ত দিতে হয় কেন দাম বাড়াতে চাইছে এবং প্রাইস কমিশন একটা ইনডিপেনডেণ্ট, এনলাইটেণ্ড বডি, তারা বিচার করে দেন জাস্ট লাইক হাই-কোর্ট এন্ড সুপ্রিমকোর্ট যে এই জিনিসের দাম তুমি বাড়াতে পারবে, কি পারবে না। সেই প্রাইস কমিশনের রুলিং বা ডিসিসানের বিরুদ্ধে কোন ম্যানুফ্যাক্‌চারার, ট্রেডার্স যেতে পারে না। আজকে রাজ্যসরকারের ক্ষেত্র সীমিত, এটা চিন্তা করতে হবে ভারত সরকারকে। ভারতবর্ষ বৃহৎ দেশ, তার প্রোডাক্সান এক জায়গায়, কনজাম্পসান আর এক জায়গায়। সরষের তেলের কথাই ভাবুন না, খাদ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন এখানে যে সরষের তেল কনজাম্পসান হয় তার ৯৫ পার্সেণ্ট বাইরে থেকে আনতে হয়। আজকে যদি এর উপর নিয়ন্ত্রণ আনতে হয় তাহলে ভারত সরকারকে উদ্যোগ নিতে হবে। কারণ, আমরা ফেডারাল ষ্টেটে বাস করি। সর্বোপরি প্রধান মন্ত্রী যে কথা বলেছেন এবং আমাদের সকলের বক্তব্য যে কোন জিনিসের সরবরাহ বৃদ্ধি করতে না পারলে মূল্য নিয়ন্ত্রন করতে পারা যায় না, প্রাইমারী এন্ড ফান্ডামেন্টাল অব ইকনমিতে ডিমান্ড এন্ড সাপ্লাই ল অপারেট করে না। আজকে কি বন্ধুদের জিজ্ঞাসা করতে পারি সরবরাহ বৃদ্ধি করার আন্দোলনে আপনারা কতখানি এগিয়ে এসেছেন? উৎপাদন বৃদ্ধি করার জন্য আমরা চেষ্টা

করছি। আর একটা অশুভ সংকেত ইকনমিক জগতে দেখা দিয়েছে—ট্রেডিং হ্যাজ বিকাম লিটিল মোর প্রফিটেবল দ্যান ম্যানুফ্যাক্চারিং এণ্ড প্রোডাকসান। কিন্তু ডেভেলপিং ইকনমিতে একটা মারাত্মক ট্রেণ্ড, এই স্ট্রোভকে সর্বশক্তি দিয়ে বাধা দিতে হবে। সম্ভবতঃ প্ল্যানিং কমিশন, ফাইনান্স দপ্তর এই বিষয়ে অনেকগুলি স্টেপ নিয়েছেন—মানিটারী রেগুলেশান, ক্রেডিট প্ল্যানিং, ক্রেডিট স্কুইজ, আনআরদিং অব ব্ল্যাক মানি, COFE POSA, এই ব্যবস্থাগুলি নিয়ে আজকে নিয়ন্ত্রণের চেষ্টা করতে হবে, সেখানে কোন অবস্থাতে যেন ট্রেডিং ডাজ নন বিকাম মোর প্রফিটেবল দ্যান ম্যানুফ্যাক্চারিং এণ্ড প্রোডাকসান ইটসেল্ফ। দুখের কথা এই দিকটা অপেক্ষাকৃত লঘু দৃষ্টি পেয়েছে এবং যা প্রকৃতপক্ষে সাধারণভাবে সম্ভব ছিল সেটা সম্ভব হয়নি। আজকে বক্তৃতা করার জন্য তথ্য আনতে পারিনি, আমি যতটুকু মনে করতে পারছি তাতে বলতে পারি এখানে এভারেজএ ১৬ লক্ষ টন আলু প্রডিউসড হয়। কো-অপারেটিভ সেক্টর, ইনডিভিজুয়াল সেক্টর, প্রাইভেট সেক্টরে যত হিমঘর আছে তাদের ৪॥ লক্ষ টনের বেশী ক্যাপাসিটি নেই হিমঘরে রাখার। প্রোডাকসাম ১৬ লক্ষ টন, রাখার ক্যাপাসিটি ৪॥ লক্ষ টন, সুতরাং রাখার ক্যাপাসিটি আজকে সবচেয়ে বেশী বাড়াতে হবে। নর্থ বেংগলে ৫ জেলায় একটা হিমঘর নেই। আমি একাধারে চাষীও বটে, চাষীর ঘর থেকে এসেছি, আমি দেখেছি এখানে কোন ব্যবস্থা নেই।

[6-20—6-30 p. m.]

আমি একাধারে চাষীও বটে এবং চাষীর ঘর থেকে এসেছি। আমাদের এখানে বিশেষ কোন ব্যবস্থা নেই এবং পরিবহনের ব্যবস্থাও নেই। কাজেই একটা বিশেষ ব্যবস্থাকে দোষ দিলে হবে না। আমরা সরকারী সংস্থার মাধ্যমে কিছু হিমঘর পরিচালনা করে থাকি। হিমঘরে র‍্যাক্ না করে যদি বস্তার উপর বস্তা সাজিয়ে রাখা হয় তাতে হিমঘর ভাল চলতে পারে না। বর্তমানে যিনি ফুড কমিশনার আছেন তিনি একথা জানেন যে র‍্যাকেটের দাপট বেশী। বর্তমানে হিমঘরের ডিম্যাণ্ড আছে কিন্তু হিমঘরে রাখার ক্ষমতা নেই। তারপর, আপাততঃ আমাদের কাপড়ের বাজার বোধহয় সন্তোষজনক। কিন্তু যে রেটে তুলোর দাম হাণ্ড্রেড পারসেণ্ট বেড়েছে তাতে করেসপণ্ডিংলি সুতোর দাম এখনও বাড়েনি। কিন্তু সেটা যদি বেড়ে পরিপূর্ণ হয় তাহলে কিন্তু আবার স্ট্যাগনেসন দেখা দেবে। কিন্তু কথা হচ্ছে এর প্রতিকার কি? আমি ইকনমিস্ট নই, কিন্তু আমি .... এনি স্টেট অব রিসেসন demand মোর প্রোডাকসন। ধরুন, একখানা শাড়ী অথবা একমন আলু প্রোডিউস করতে যদি

৪ আনা লোকসান হয় এবং সেখানে যদি ৪ মন প্রোডিউস করা যায় তাহলে এক আনা করে মন প্রতি লোকসান হয়। কাজেই একটা রিসেসন কিংবা ইনফেসনের এ্যান্সার হল মোর প্রোডাকসন। কাজেই আমাদের সকলেরই সেদিকে নজর দেওয়া উচিত। আমি মনে করি প্রোডাকসন ছাড়া এর জবাব দেওয়া যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছে কিন্তু এক সঙ্গে অনেকগুলো বিষয় নিয়ে আলোচনা হচ্ছে বলে অনেক দায়িত্বশীল এবং উৎসাহী সদস্য বোধহয় আলোচনায় যোগদান করতে পারেননি। আমি মনে করি এটা আমাদের জীবনে খুব গুরুতর সমস্যা এবং পশ্চিমবাংলার ক্ষেত্রে শুধু কয়লা, পাট, চা, কিছু টিম্বার এবং পাঁকুড় স্টোনকে ডেভলপ করে এর সমাধান করা যাবে না। এটা এসেনসিয়াল কমডিটি-এর মধ্যে পড়ে না। এছাড়া আমাদের সব জিনিসই বাইরে থেকে আনতে হয়। আজকে শুধু ফুড মিনিসটারকে দোষারোপ করলে হবে না, আজকে যে অবস্থার কথা বললাম সেখানে সাধারণের সহযোগিতা দরকার। আমরা কিছুতেই উন্নয়ন করতে পারব না যদি না ফাইনানসিয়াল ডিসিপ্লিন আসে। নাম্বার থ্রি হচ্ছে এডুকেসন, নাম্বার ফোর হচেছ কনসাম্পসেনে এবং নাম্বার ফাইভ হচ্ছে কনজিউমার্স রাইটস্ এবং তারজন্য কনজিউমার্স অগানাইজেসনগুলো গড়ে তোলা দরকার। এই জিনিস নাহলে কিছুতেই অবস্থার উন্নয়ন করা যাবে না। সুখের কথা আমরা দেখেছি আমাদের এখানে কো-অপারেটিভ অগানাইজেসনের মাধ্যমে যে লেনদেন হোত আমস পার এ্যাউট ১৯৭২ এবং আমরা দেখছি প্রতি বছর এটা বাড়ছে। এটা থ্রি টাইম ইনক্রিস করেছে উইথ দিস প্রাইস লেভেল। আমরা যদি এটাকে বাড়াতে পারি এবং এসেনসিয়াল কনজিউমার গুডস-এ মিনিমাম টুয়েন্টিফাইভ টু ফর্টি পারসেণ্ট নিয়ন্ত্রনে আনতে না পারি শুধু কনজিউমার্স কো-অপারেটিভ তাহলে আমার মনে হয় আমরা যে বঞ্চনার কথা বললাম, যে ট্রেডিং প্রফিটের কথা বললাম সেটা নিয়ন্ত্রণ করা যাবে না। সেইজন্য আমি চাইব ইউনিভারস্যালাইজেসন অব কনজিউমার্স অগানাইজেসন। আমরা যদি কনজিউমার্স মেম্বারসিপ ইউনিভারস্যালাইজ না করতে পারি তাহলে এই সমস্যার সমাধান করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মত ডেভলপিং ইকনমিতে আর একটা প্রবলেম হচ্ছে আনএমপ্লয়মেণ্ট প্রবলেম। এই প্রবলেমকে প্রডাকশন যদি এমপ্লয়মেণ্ট অরিএনণ্টেড করতে না পারি তাহলে কিছু হবে না। মাননীয় সদস্য বিশ্বনাথবাবুর যদি এরকম বক্র ইঙ্গিত থাকে যে, ডিয়ারনেস এ্যালাউন্সের ক্ষেত্রে নিয়ম হচ্ছে বর্ধিত আয়ের কিছু অংশ কম্পালসরি ডিপোসিট স্কীমে রাখতে হবে এবং কিছু অংশ ব্যাংকে রাখতে হবে তাহলে আমি তাঁকে বলব ডেভলপিং ইকনমি, সর্টেজ ইকনমি যেখানে সাপ্লাই এ্যাণ্ড ডিমাণ্ড-এ সমতা নেই সেখানে প্রোডাকসনকে ইনক্রিজ করতে

পারছে না। যেখানে এটা দরকার স্যার, আমরা যদি এডুকেসনকে জব অরিএনটেড করতে না পারি, প্রোডাকটিভ এডুকেসন করতে না পারি তাহলে মূল সমস্যার সমাধান হবে না। আমি দেখছি কানাইবাবু একটু উৎসাহিত হয়েছে। আমি জানি না কারণে অকারণে কেন তিনি উৎসাহিত হন। আমি অনুরোধ করব এই দুটো দিকে তাঁদের দৃষ্টি দিতে হবে কারণ আমরা দেখেছি অল আডভান্সড নেসান্স অব দি ওয়ার্ল্ড যারা এমপ্লয়মেণ্টকে এ্যাসিওর করতে গেছে কিন্তু তারা দাম ধরে রাখতে পারেনি। একমাত্র ভারতবর্ষই গর্ব করতে পারে যে আমরা প্রাইস লাইন হোল্ড করেছি। আমরা যদি বন্টনকে র‍্যাসনালাইজ করতে পারি, প্রোডাকসনকে বুস্ট আপ করতে পারি এবং ফাইনানসিয়াল ডিসিপ্লিন আনতে পারি এবং লেজিজলেটিভ মেজার্স যেগুলো নেওয়া হয়েছে সেগুলি আন্তরিকভাবে গ্রহণ করে যদি ইমপ্লিমেণ্ট করতে চাই তাহলে আমি মনে করি প্রাইস রাইস-এর এই যে ট্রেণ্ড দেখা দিয়েছে সেই ট্রেণ্ডকে কার্ব করা যাবে। আমাদের ওয়েস্ট বেঙ্গলে সর্টেজ ইকনমি এবং এখানে বিশেষ সমস্যা হচ্ছে ৪/৫ টি জিনিস ছাড়া আমাদের সবই আনতে হয়। যদি ইনফেসন হয় তার এ্যানসার হচ্ছে প্রোডাকসন। আমি ইকনমিস্ট নই, কিন্তু আমার মতে দি আনসার ইজ মোর প্রোডাকসন। এই আবেদন রেখে আমাদের খাদ্যমন্ত্রী যে আলোচনার অবতারণা করেছেন তাতে যে নীতির ইঙ্গিত আছে, যে কার্যক্রমের উল্লেখ হয়েছে সেই কার্যক্রম সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ মাননীয় স্পীকার মহাশয় আপনাকে ধন্যবাদ।

Shri A. H. Besterwitch : Mr. Deputy Speaker, Sir, I am not going into various problems which the honourable members have just said. I am taking two items : (i) mustard oil and (ii) rise in price of paddy and rice. Hon'ble Minister has said that there is no production of mustard seeds in West Bengal. I am really surprised after hearing this. I think he is thinking of his own district or constitnency but in North Bengal, in Jalpaiguri district there are tons and tons of production of mustard seeds. Even last time during the budget session I expressed this but he has forgotten it. I do not think his officers have ever told him that there are places where mustard seeds are produced in West Bengal. I have got various statistics to show that. Now regarding the rise in price of mustard oil I do not know why should there be such a high price of mustard oil. This year I believe the mill owners got mustard seeds at Rs. 220/- a quintal and Rs. 248/- a

quintal. I am certain and every one in this side and on the other side will agree with me that in four quintals of mustard seeds you get 1½ quintals of mustard oil. What is the value of four quintals of mustard seeds according to the Minister ? At Rs. 248/- per quintal the value will be Rs. 992/- and at Rs 220/- per quintal it comes to Rs. 880/-. What will then be the price of mustard oil ? At Rs. 220/- per quintal the cost comes to Rs. 546·66 and at Rs. 248/- per quintal it comes to Rs. 661-36. So this is the straight account. Now there is one more thing. Besides this mustard oil, we have got oil cakes. If the mill owners get oil cakes, in the market these are sold at 0.75 per kg. i.e. Rs. 75.00 per quintal. If the oil is 1½ quintals the oil cakes will be 2½ quintals, and you can calculate the price accordingly. If it is Rs. 220/- per quintal actually the cost of oil cake will be Rs. 187.50.

Now, if you deduct the price of this think then the cost will be between Rs. 354.16 paise and Rs. 472.82 paise per quintal. The highest price or mustard oil will be less than Rs. 5.00 per K. G. Now comes the question of cost of production. Sir, the mill owners surely do not manufacture 1 quintal or 2 quintals—they manufacture thousands quintal a day. Give them 5 rupees per quintal as manufacturing cost, profit and all that and it will be 5 thousand rupees a day. So, how the price of oil can go up to Rs. 8.00 ? The price should be more or less 4 rupees a K.G. It is an easy calculation of mathematics. But what is this, Sir ? Even when the price of mustard seed is Rs. 220 per quintal the price of oil will be more or less Rs. 4 K. G. I don't think the Food Minister knows the tactics followed by the merchants. They will bring in some telegrams and show him this and that diffficulty about despatch and all that. This is the tactics followed by these blood suckers. Many of you do not know but I know all this because I have some contact with them. But many of you will agree with me about this. So, Sir, the price of mustard oil cannot be in any case more than Rs. 5 a K. G.

Now, regarding price of rice given to the mill owners as well as to the villagers using dhenki. Levy price of dhenki rice is Rs. 110 and Rs. 125 for rice of rice mills. It is nearly 11 rupees more than the price of dhenki rice. You know, Sir, people using

dhenki can produce 20 K. G. of rice a day whereas the mill owners can produce thousands of maunds a day. Then will 11 rupees is given to them extra ? I cannot understand this. I don't know what is the method of fixing the price. You know 3 maunds of paddy if husked in dhenki will give 2 maunds of rice. But you have given them 74 rupees per quintal. Now you calculate as to what should be the price of rice.

What quantity will you get when you pay Rs. 88.80 paise per quintal for paddy and Rs. 121.25 paise per quintal for rice ? You can calculate this is an easy calculation and see what you are giving them. You are giving them Rs. 27/- as production cost. Now you calculate and see whether this wrong. If I am wrong rectify me. So, Sir, this is how the millowners are resorting to blackmarketing. Due to the bad policy the poor villagers are suffering. You have fixed low price for Dhenki rice but for the millowners you are giving them 125 rupees. Whatever they want you are giving them because you have no idea of the rural method of work. The millowners come to you and show the challans. You just see those challans and say that these are all right. This what you do. They bluff you right and left. These blood-suckers come to you and you encourage them. Every challan of theirs is false. The police also detected many cases in regard to the system of accounting. Everywhere there are two books. They will show you one book and they have got another book. In regard to Tea the same thing is happening. You ask the Tea Board they will tell the same thing. Everybody know that this system of accounting is false. My friend Biswanath Babu has told about forming a committee. If you form a committee you will find that price index will go down very rapidly. My friend Shri Zainal Abedin has told that they do not get any co-operation from us. We do not know what kind of co-operation they want. I would say that they do not want co-operation. If they want our co-operation we must co-operate wtth them. But we will not bend our kness for extending co-operation to them I told this previously and I am also telling it now However, I would request the Food Minister to chek up the figures in regard to prices of paddy, rice and other things. If he calculates then he will find the real position.

With these words I conclude.

Shri Harish Chandra Mahapatra : মিঃ স্পীকার স্যার, আজ অত্যাবশ্যকীয় পণ্যের যেভাবে মূল্য বৃদ্ধি হচ্ছে তা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। সেই আলোচনায় যোগ দিতে গিয়ে আমাদের খাদ্যমন্ত্রী এবং সমবায় মন্ত্রী জয়নাল সায়েবের বক্তব্যকে সম্পূর্ণ সমর্থন করে বলতে চাই যে আমাদের দ্রব্যমূল্যবৃদ্ধি সবক্ষেত্রে সব অত্যাবশ্যকীয় পণ্যের ক্ষেত্রে ঘটছে না, কিছু কিছু ক্ষেত্রে অবশ্য ঘটেছে। এবং সেটা ঘটেছে তার উপর আমাদের হাত নাই। যেমন ডালের উৎপাদন পশ্চিমবঙ্গে কম হয়। আমাদের বছরে ডালের প্রয়োজন ৭ লক্ষ টনের মত। সেখানে আমাদের উৎপাদন হয়েছে গতবছর ৪ লক্ষ ১০ হাজার টন। আর বাকিটা বাইরে থেকে আমাদের আমদানী করতে হয়। সরিষার তেলের ক্ষেত্রে ও অন্যান্য তেলের ক্ষেত্রে আমাদের উৎপাদন যৎসামান্যই। সে ক্ষেত্রে রাজ্য সরকারের হাত নাই। তা সত্ত্বেও রাজ্য সরকার চুপ করে বসে নাই। রাজ্য সরকার এই সব জিনিসপত্রের দামের যে ঊর্ধগতির প্রবণতা, সেটা রুখতে তাঁরা সাধ্যমত চেষ্টা করছেন। এটা নিয়ে Recently তাঁরা একটা meeting করেছেন, যাতে জিনিসপত্রের দাম একটা ন্যায্য স্তরে থাকে, তার জন্য সরকার চেষ্টা করছেন। তাঁরা যে চোখ বন্ধ করে বসে আছেন, সেটা ঠিক নয়। তাঁরা যে ব্যবসাদারদের স্বার্থ রক্ষা করতে চান, manufacturr-দের স্বার্থের প্রতি সহানুভূতিশীল নন—এ যুক্তি আমি মানতে পারছি না। জয়নাল সায়েব সেটা বললেন যে দ্রব্যমূল্য বৃদ্ধি একমাত্র ওষুধের ক্ষেত্রে হচ্ছে। আরো production, আরো উৎপাদন যাতে আমাদের পশ্চিমবঙ্গে ভোগ্যপণ্যের বাড়তে পারে তা, তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। সে সঙ্গে আমাদের যে Essential Commodity Corporation আছে যাতে অন্যান্য রাজ্য থেকে তারা উৎপাদন যখন বাজারজাত হবে, সেখান থেকে কিনতে পারে তার ব্যবস্থা করতে হবে; Consumers Cooperative যাতে রাজ্যের বিভিন্ন জায়গায় চালু করা যায়, ছড়িয়ে দিতে পারা যায়, তার জন্য চেষ্টা করতে হবে। এই সঙ্গে আর একটা জিনিস ষ্টেট লেভেলে এবং District লেভেলে বিভিন্ন কমিটি সরকারী এবং বে-সরকারী কমিটি করতে হবে—যাতে মূল্যমান স্থিতিশীল রাখা যায়, দামের ঊর্ধগতি রোধ করা যায়—সেদিক থেকে খাদ্যমন্ত্রী বিবেচনা করবেন। যাতে এই ব্যবস্থা নেওয়া যায়, ও State লেভেলে ও district লেভেলে effective check দিতে পারেন তার চেষ্টা তিনি করবেন। এই কয়টা কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Tapan Chatterjee : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নিত্যপ্রয়োজনীয় জিনিস পত্রের দাম বৃদ্ধি ধনতান্ত্রিক ব্যবস্থার একটা অভিশাপ। ধনতান্ত্রিক ব্যবস্থায় জিনিস-পত্রের দাম নির্ধারিত হয় demand & supply-এর অর্থনৈতিক সংজ্ঞার উপর।

মাঝে মাঝে রাষ্ট্রের ঘোরে তখন, জরুরী অবস্থার ঘোরে জিনিস পত্রের দাম কমে—সেটা temporary, permanent নয়। যতদিন না উৎপাদন ব্যবস্থা রাষ্ট্রের নিয়ন্ত্রণে আসবে, ততদিন এই ধরনের ব্যবস্থা বে-সরকারী পুঁজিপতিরা রাষ্ট্রের অক্ষমতার জন্য চালিয়ে যাবেন। এই অবস্থা থেকে পরিত্রাণের উপায় হচ্ছে সমবায় আন্দোলনকে জোরদার করা। এটা কেবল জনসাধারণের উপর ছেড়ে দিলে হবে না। এটা compulsory করতে হবে। সমবায় muddema-এর ভূমিকা play করতে পারবে, সমবায়ের মধ্য দিয়ে consumers resistance grow করবে। তাতে নিশ্চয়ই আমরা সুফল পাবো।

আর একটা জিনিস মনে রাখতে হবে যে আমাদের কেন্দ্রীয় সরকার ইকনমির ব্যারোমিটার ভারতবর্ষের অর্থনীতির নিয়ন্ত্রণ কর্তা হচ্ছে কেন্দ্রীয় সরকার। সুতরাং অল-ইণ্ডিয়া পলিসি যদি ঠিক না হয় তাহলে পশ্চিমবাংলার মতো একটি রাজ্যে জিনিস-এর দাম ঠিক রাখা কখনই সম্ভব নয়। অনেক জিনিস যেমন তেল, অয়েল সীড যেগুলো ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে পশ্চিমবাংলায় আসে যার উপর পশ্চিমবাংলা সরকারের পুরোপুরি নিয়ন্ত্রণ থাকে না। অথচ তার দাম পশ্চিমবাংলায় বৃদ্ধি পাচ্ছে। আপনি জানেন স্যার, তুলো, আজকে যে সমস্ত বিভিন্ন কটন মিল আছে, সেগুলো দারুণ সংকটের মধ্যে দিয়ে চলেছে। গত বছর ২৩শো টাকা ক্যাণ্ডি ছিল এই বছর ৫ হাজার টাকা ক্যাণ্ডি হয়েছে। সুতরাং যদি জিনিসের দাম কমাতে হয় তাহলে অল-ইণ্ডিয়া পলিসি গ্রহণ করতে হবে। সুতরাং অর্থনৈতিক ব্যবস্থা জোরদার করার জন্য সরকারী নিয়ন্ত্রণ জোরদার করতে হবে। অন্যদিকে জনগণকে সমবায়ের মাধ্যমে শিক্ষা দিতে হবে যাতে তারা যে জিনিসের দাম বাড়বে সে জিনিস গ্রহণ করবে না বাই প্রোডাক্ট গ্রহণ করবে। যেখানে হোর্ডিং আছে সেখানে আন্দোলন করে একটা সুস্থ ব্যবস্থা নিয়ে। এইকথা বলে মন্ত্রী যে আলোচনার সুযোগ দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য্য :—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বসে বসে মাননীয় খাদ্য-মন্ত্রী এবং মাননীয় কুটীরশিল্প মন্ত্রীর যুক্তি শুনছিলাম। সাথে সাথে বিশ্বনাথবাবুর কথাও শুনছিলাম। সমালোচনা যারা করলেন তাদের কথাও শুনলাম, সরকার পক্ষের আমাদের কথাও শুনলাম। দুদিকের কথাও যুক্তি আছে। কিন্তু বাস্তব কথা হলো নিত্য প্রয়োজনীয় জিনিস-এর দাম সুযোগ মতো বাড়ে। আবার সরকার চাপ সৃষ্টি করলে কমে। একটা কথা মাথায় ঢোকে না প্রোডাকসান, কনজিউমারস তাদের কথা বলেছেন। কিন্তু মধ্যস্বত্বভোগী যারা, যারা ব্যবসায়ী যারা বড়বাজারে বসে

সুযোগমতো সাধারণ মানুষের পকেট কাটে। আপনি স্যার, দেখছেন, কলকাতার বুকে এখনও আগুন জ্বলছে, কলকাতার বুকে একটা বিরাট হিমঘর তার মালিক বাইরের লোক। সেখানে নিত্য প্রয়োজনীয় জিনিস কোটি কোটি টাকার মজুত হয়েছিল। সেই সময় কলকাতা থেকে এবং পশ্চিমবাংলা থেকে ডালডা উধাও হয়ে গেলো। পশ্চিমবাংলার মানুষের সারা বছরের উৎসবের দুর্গাপূজা এবং লক্ষ্মীপূজোর যে দ্রব্য তৈয়ারী করতে হয় তাতে ডালডার দরকার হয়, ঘি-এর অনেক দাম, সেই সময় ডালডা পাওয়া গেলো না। অথচ কলকাতার বুকে হাজার হাজার টন ডালডা মজুত হয়ে থাকলো—এটা কি দুঃখের কথা নয়? আমি সরকারকে সবিনয়ে নিবেদন করতে চাই এই বিষয়ে একটা কথা ভাবুন। অনুমান করতে চাই না। রাষ্ট্রায়ত্ত্ব হবে কিনা বলতে চাই না--কিন্তু এই সম্পর্কে একটু ভাবুন। যখন বিধানসভা বসে তখন পোষ্টমর্টেম ডাক্তারের মতো পোষ্টমর্টেম করতে বসি। এটা ঠিক কথা পশ্চিমবঙ্গের খাদ্য ব্যবসায়ীদের যে হাজার হাজার টাকা বিনিয়োগ হতো, লাভ হতো, তাদের কিছু সুযোগ বন্ধ করেছেন। আমরা কৃতজ্ঞ, পশ্চিমবঙ্গের মানুষ খুশী, ভারতবর্ষের মানুষ খুশী। আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী অনেক সময় আমাদের কাছে গোপন ঘরের গোপন কথা অনেক বার বলেছেন। কলকাতার আনাচে-কানাচে কি হচ্ছে তিনি আমার চেয়ে বেশি জানেন।

[6-50 7-00 p. m.]

কোটি কোটি হাজার হাজার কালো টাকা নিয়োগ করেছে এ নিত্য প্রয়োজনীয় জিনিসের ব্যবসায়। স্যার, মসলা কি নিত্য প্রয়োজনীয় জিনিসের মধ্যে পড়ে না? কাপড় কি এর মধ্যে পড়ে না? স্যার, আপনি জানেন এই দুর্গাপূজার আগে মিলের কাপড়ের যা দাম ছিল যে রিটেল প্রাইসে বিক্রি করতে হবে বলা ছিল সেখানে নতুন ছাপ লাগিয়ে বেশী দামে অসাধু ব্যবসায়ীরা বিক্রি করেছে। আমাদের বহু ডিপার্টমেণ্ট আছে এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট আছে তারা এদের সম্পর্কে কি ব্যবস্থা নিয়েছে? এবং এদের সায়েস্তা করবার কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা জানতে চাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিত কুমার বসু ঃ--মাননীয় অধাক্ষ মহাশয়, এই সভার শেষে খুব বেশী আলোচনা করতে চাই না। যদিও আজকের এই আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রথমেই একটা কথা ভেসে আসছে যেটা মন্ত্রী মহাশয় বলবার চেষ্টা করেছেন সেটা হচ্ছে

আমাদের পশ্চিমবাংলায় যে কতকগুলি জিনিস তৈরী হচ্ছে না বাইরের থেকে আসে কোথায় একটা বটলনেক তৈরী হোল এটা হোল সেটা হোল যার ফলে আমাদের দেশে জিনিসের দাম বাড়বে—এটাই হোল স্বতঃসিদ্ধ যে কথা অনেকেই বলেছেন। এখানে শুধু একটা জিনিস আমি মনে করিয়ে দিতে চাই যে আমাদের এই গোটা ভারতবর্ষের অনেক জায়গাতেই চা তৈরী হয় না। অতএব তার উপর আমরা দাম বাড়াতে পারি বিপুল বেশী দামে কেনা উচিত। কিন্তু তা হয় না এতে ওঁরা অব্যাহতি দেবেন। কিন্তু অন্য সব জিনিস যেটা বাইরের থেকে আসে সেটার কেন বেশী দাম হবে? এটা কি কোন সুষ্ঠু অর্থনীতি জ্ঞানের পরিচয় দেয়? আমাদের জয়নাল আবেদিন সাহেব বলে গেলেন আমি তার উত্তর দিতে পারি। কিন্তু সেদিকে যাবার আমার ইচ্ছা নাই। আমি তাঁকে একটা কথা বলবো একদল লোক অত্যন্ত শক্তিশালী কিন্তু তারা সংখ্যায় কম তারা এই সব জিনিসের দাম বাড়াচ্ছে। এটা তিনি স্বীকার করে গেলেন। আর একদিকে কনজিউমার, যাদের ক্ষমতা নাই এদের সঙ্গে মোকাবিলা করার। কারণ ওরা খুব শক্তিশালী। তিনি যে এই কথা স্বীকার করলেন আমি তাঁকে বলি তাহলে গভর্ণমেণ্ট কিসের জন্য আছে? এর জন্য স্টেটই দায়ী। কনজিউমারের প্রতি প্রোডিউসারের প্রতি একদল শক্তিশালী মুনাফাখোর জঘন্য অত্যাচার চালিয়ে যাচ্ছে স্টেট তাদের রক্ষা করতে পারছে না। এটা স্বীকার করে নেওয়া উচিত মন্ত্রী মহাশয়ের। মূল দোষটা কোথায় এটি কোথায় সেদিকে আঙুল দেখাতে ওঁরা ভয় পাচ্ছেন। শেষে যেখানে আসছি সেটা হচ্ছে অনেক কথা বলা হয়ে গেছে অনেকের কথা বলা হয়েছে এবার বলছেন উৎপাদন বাড়াও কো-অপারেটিভ করো। আমি একটা কথা জিজ্ঞাসা করি আমাদের দেশে উৎপাদন তো বাড়ছে কৃষি শিল্প সায়েন্স টেকনোলজি ইত্যাদি দ্বারা এবং আমরা কিছুটা নূতন দৃষ্টিভঙ্গির পরিচয়ও দিয়েছি। মোটামুটিভাবে বলা যায় আমাদের দেশে উৎপাদন বাড়ছে, ছোট ছোট এবং মাঝারী চাষীদের কাছে যাতে সাহায্য পৌঁছায় সেদিকেও নজর দেওয়া হয়েছে। যতটা বাড়া দরকার ততটা বাড়ে নি কিন্তু বাড়ছে। আমাদের দেশে যারা উৎপাদন করে ঐ মাঠ ময়দানের কথা বলছি তাদের আর একটু ভালভাবে সাহায্য করলে আরও ভালভাবে উৎপাদন বাড়ছে উৎপাদন বাড়াতে তারা চায় তাদেরই স্বার্থে। কিন্তু কো-অপারেটিভের কথা যেটা বলেছেন আমরাও বলি কো-অপারেটিভ খুবই দুর্বল আরও কো-অপারেটিভ হওয়া দরকার-কিন্তু এই কো-অপারেটিভগুলিকে মোটামুটি সাপ্লাই কে দেবে এটা আগে ঠিক করুন তো? ন্যায্য দামে সাপ্লাই দিতে গেলে কি দরকার? আপনারা কোন কলওয়ালাকে বলে দেবেন এই অমুক কো-অপারেটিভকে এই দামে জিনিস দাও? এই গত বছর ৪-৬০ এর মধ্যে ঘুরছিলেন এবার তো ৫-১২ পয়সায় চিনির দামে উঠে

গেছেন। অবশ্য ৫-১২তে চিনি পাওয়া যায় না। আমি আজকাল কলকাতায় থাকি ৬ টাকা করে চিনি কিনি। তাহলে এই কথা বলবো আপনারা কলওয়ালাকে চিনি দিতে বলছেন অথচ তার থেকে ৬৫ ভাগ কম দামে কিনে নেবেন এক্সপোর্ট করার জন্য ষ্ট্যাটু-টারী রেসন এলাকায় খাওয়াবার জন্য বাকীটুকু চিনি নিয়ে বলছেন এবার তোমরা দেশে বিলি করো। এই রকম অবস্থায় চিনিকল মালিক যে অন্যায় দুষ্কৃতকারী কাজ করছে তার সঙ্গে আপনারা কি কোলাবরেট করছেন না? তাদের উৎপাদিত মোট মালের ৬৫% কম দামে নিয়ে নিচ্ছেন। এই তো তাকে বেশী দামে বিক্রি করতে উৎসাহিত করছেন।

জয়নাল সাহেব মাঝে মাঝে ভাল ভাল কথা বলেন কিন্তু আবার মাঝে মাঝে তা বলতে গিয়েও চেপে যান। এখন এই কো-অপারেটিভগুলিকে কে সাপ্লাই দেবে। বুনিয়াদী সমাজতান্ত্রিক অর্থনীতি আপনারা এখনই নেবেন তা বলছি না, তা করতে গেলে সমস্ত বণ্টন এবং উৎপাদনের উপর নিয়ন্ত্রণ দরকার। এই যেমন চিনির দর, এর দর ৫.১২ পয়সা হওয়া উচিত নয় এবং কথা হচ্ছে সে দর দিয়েও আমরা চিনি পাচ্ছি না। আপনার কো-অপারেটিভ বড় জোর যে চিনি আমি ৬ টাকায় কিনছি তা ৫.১২ পয়সায় দেবে কিন্তু আসল কথা হচ্ছে এর দামটা ৫.১২ পয়সা হওয়া উচিত নয়। চালক মালিকদের সম্বন্ধেও সেই একই কথা। তাদের কাছ থেকে ৫০ পারসেণ্ট নেবেন এবং বাকিটার ব্যাপারে বলছেন বাজারে বেচে দাও। এর মানে কি? এই যদি অবস্থা হয় তাহলে চালের দামও বাড়বে, তেলের দামও বাড়বে, সব জিনিষেরই দাম বাড়বে, এটাকে আপনারা চেক করতে পারবেন না। এখানেই জয়নাল সাহেবের সঙ্গে আমাদের বিরোধ। এই প্রসঙ্গে আমাদের তরফ থেকে বার বার যেটা বলা হয়ে থাকে সেটা আবার বলছি, সমস্ত উৎপাদনের উপর কণ্ট্রোল এবং বণ্টনের উপর নিয়ন্ত্রণ এটা এখনই করার মতন অবস্থা আপনাদের নেই এবং সে আশাও আমরা করি না কাজেই এই অবস্থায় আপনারা একটা লং টার্ম ষ্ট্রাটিজি নিন বাফার ষ্টক মেণ্টেন করবার। এ কথাটা বিশ্বনাথবাবুও বলেছেন। এটা হলে আমাদের দেশে সরষে উৎপাদন এক বছর না হলেও বাইরে থেকে আসবার আগে অবস্থাটা কিছুটা সামলানো যাবে। তারপর আরো যেটা বলতে চাই সেটা হচ্ছে, অল ইণ্ডিয়া প্রাইস ষ্ট্রাকচার দরকার। তা না হলে কারুর ক্ষমতা নেই এই মূল্য বৃদ্ধি রোধ করার। এখানে ভাসা ভাসা বলে কিছু লাভ নেই। গত এপ্রিল মাস থেকে দাম বাড়তে আরম্ভ করেছিল, তারপর জুলাই মাস থেকে আপনারা বলতে আরম্ভ করলেন সব দেখে নেব ইত্যাদি কিন্তু তার পরেও আগষ্ট মাসে দাম বেড়েছে। এই যে পলিসি, দাম বাড়লেই এর মাথায় একবার ওর মাথায় একবার ধাবড়া দিয়ে বলা—যেমন চিনির ব্যাপারে, গতবারে ৪.৬০ ছিল এবারে

তোমাদের ৪.৯৫ করে দিলাম, তারপর ৪.৯৮—তারপর একটু এ দিক ও দিক হলেই ৫.১২, তাও বাজারে পাওয়া যায় না এই যদি করা হয় তাহলে সমস্যার সমাধান হবে না। সমস্যার মূলে গিয়ে তার সমাধান যদি করতে হয়—মাঝে মাঝে সেকথাটা উঠছে ওখান থেকে একজন বন্ধু একটু বললেনও, কিন্তু পুরোটা না বলে থেমে গেলেন, তাহলে সে দিকে আমাদের চিন্তা করতে হবে। সে সম্পর্কে বিস্তৃত আলোচনা না করে শুধু আপনাদের একটা কথাই বলতে চাই যে, আপনারা একটা বাফার স্টক তৈরি করুন।

[7-00—7-10 p. m.]

বাফার স্টক তৈরী না করলে আপনি যেভাবে এগোচ্ছেন, অনবরতঃ আপনি বাড়াবেন, এই চিনির দর বাড়ছে, সরষের তেলের দাম বাড়ছে, তখন আপনি অজুহাত দেবেন যে আমাদের দেশে হয় না। এই জিনিসগুলো না বাফার স্টক করুন এবং মূল কথা যেটা, অল ইণ্ডিয়া প্রাইস স্ট্রাকচার তৈরী করতে হবে আমাদের দেশে এই অর্থনীতির বুনিয়াদের মধ্যে থেকে আমি সমাজতন্ত্রের কথা আনছি না, সেটা আলাদা কথা। একটা সমাজতন্ত্রের কথা শুনলাম, সেখানে নাকি ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাই এই থিয়োরি অনুযায়ী জিনিসপত্রের দাম ওঠানামা করে। এটা সমাজতন্ত্রের ব্যাপার নয়। প্রডাকশন এবং ডিস্ট্রিবিউশনের উপর কণ্ট্রোল হোক, এটা ভবিষ্যতে হবে কিনা জানি না, স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে আপনারা একটা বাফার স্টক তৈরী করুন এবং প্রাইস রাইজকে রোধ করুন। সেই জন্য অন্ততঃ পক্ষে সারা ভারতবর্ষে একটা প্রাইস স্ট্রাকচার তৈরী হোক, এখান থেকে আওয়াজ উঠুক পশ্চিমবাংলায় এবং পশ্চিমবাংলার মন্ত্রীসভা সেই আওয়াজ তুলুক। এই হচ্ছে আমার আবেদন। মোটামুটিভাবে যে কথাগুলো আপনারা বলেছেন, সেইগুলো স্বীকার করে নিচ্ছি না।

ডাঃ কানাইলাল সরকার ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিশেষ জরুরী সভা, যে সভায় আমাদের জরুরী অবস্থা ঘোষণার পর আমাদের আভ্যন্তরীণ বিশৃঙ্খলা দূর করার পর আমাদের মহান নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী ২০ দফা কর্মসূচী নিয়েছিলেন, তার প্রথম কর্মসূচী ছিল এসেনশিয়্যাল কমোডিটিজের দাম ক্রমশঃ কমানোর চেষ্টা করা, প্রডাকশন বাড়ানো এবং তার সঙ্গে সঙ্গে যাতে নিয়মিতভাবে এসেনশিয়্যাল কমোডিটিগুলো ঠিক ভাবে সরবরাহ হয় তার ব্যবস্থা করা। অবশ্য দু-একদিন আগে আমাদের দলের একজন বন্ধু চিৎকার করে বলেছিলেন যে

আমাদের নামি সমস্ত জিনিসের দাম ভীষণ বেড়ে গেছে এবং যার ফলে সারা ভারতের দুর্বল মানুষদের খুব বেশী অসুবিধা হচ্ছে। আমাদের ২০ দফা কর্মসূচীর যে প্রথম দফা, সেটা হচ্ছে দুর্বল মানুষের কিছুটা সহায় করার জন্য এবং সাহায্য করার জন্য। আমার অবশ্য যেটুকু খবর আছে, কলকাতা শহরে জিনিসপত্রের দাম ঠিক সেই ভাবে বাড়েনি। আমার মনে হয় যদি জরুরী অবস্থা ঘোষণা না হত আজকের দিনে কোন মানুষের কোন জিনিস ছোঁয়ার ক্ষমতা ছিল না। অবশ্য কিছু কিছু দাম বেড়েছে এবং বাড়ানো চেষ্টা চলছে। সেই জন্য আমি মন্ত্রীসভাকে বিশেষভাবে অনুরোধ জানাবো, আত্ম সন্তুষ্টি না দিয়ে বিশেষভাবে চেষ্টা করবেন যে এই জরুরী অবস্থা আমাদের এক বছর এক্সটেনশন করা হয়েছে, আর এক বছরের মধ্যে আমাদের সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম যাতে ভালভাবে কমে যায়। অবশ্য সরিষার তেলের দামের কথা বলা হয়েছে, চিনির দামের কথা বলা হয়েছে, সেইগুলোর কথা বলছি না, যেগুলো আমাদের দেশে উৎপাদন হয়, সেইগুলোর দাম কেন বাড়বে, সেই নিয়ে কিছুটা প্রশ্ন রাখবো। যেমন ধরুন চাল, এই বছর আমার মনে হয় বাম্পার প্রডাকশন হয়েছে এবং চাল যেভাবে কলকাতায় আসছে, তা দেখলে আমরা অবাক হয়ে যাবো। আমরা যদি মাঝেরহাট স্টেশনে যাই, আমরা দেখবো মাথায় বস্তা করে ৮০ বছরের বুড়ি থেকে ১০ বছরের ছেলে পর্যন্ত চাল নিয়ে এগিয়ে চলেছে। কাল রাত্রে ১১॥ টার সময়, আমি আমার চেম্বার থেকে ফিরছি, দুটো ছেলে রিক্সায় করে আসছে তাদের বয়স ১০ থেকে ১২ বছরের মধ্যে হবে। এক দেড় মন করে দুটি বস্তা নিয়ে তারা বাজারে যাচ্ছে বিক্রি করার জন্য পরের দিন বিক্রি করে বলে। এটা একটা ন্যাশনাল এমপ্লয়মেন্ট।

আমার কথা হচ্ছে চাল যদি এত উৎপাদন হয়ে থাকে—যখন চাল উৎপাদন হয়েছে তখন চাষীরা চাল বিক্রি করে দিয়েছে। কিন্তু অধ্যপন্যায় যারা মজুতদার আছে তারা hoard করে নিয়মিতভাবে দাম বাড়িয়ে চলেছে। ২০ দফা কর্মসূচীর মধ্যে মজুত বন্ধ করার একটা পন্থা আছে আমি অনুরোধ করব এটা বন্ধ করার চেষ্টা করুন। মাছের কথায় বলব আজ যে মাছ ৮ টাকা, কাল সেটা ১২ টাকা হয় কিভাবে? এই ৪ টাকার difference কেন হয়? যাহোক আপনারা যেভাবে এ বছর essential commodities-এর দাম কমিয়ে এসেছেন, পরের বছর এটা আরও কমিয়ে দেবেন এই আশা করব।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়: আমি প্রারম্ভে যে কথা বলেছিলাম তারই যোগসূত্র টেনে আবার বলছি পশ্চিমবাংলায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের

দাম যাতে না বাড়ে এবং দামের যাতে স্থিতিশীলতা হয় তার জন্য সরকার, খাদ্য দপ্তর সম্পূর্ণ সচেষ্ট। আমরা সারা বছর ধরে এর উপর চোখ রাখছি। এবার Sept. মাসে দুর্গাপূজা ও ঈদ—একটা জাতীয় উৎসব—এক সঙ্গে হয়েছিল। ২ মাস আগে থেকে সমস্ত জিনিস যাতে পাওয়া যায় তার জন্য কেন্দ্রের কাছে আমি বলেছিলাম এবং এখানে বিভিন্ন প্রতিষ্ঠান আছে তাদের সঙ্গে আলোচনা করেছিলাম এবং তাদের কতটুকু production হয়েছে না হয়েছে সেটা জানার চেষ্টা করেছিলাম। আপনার জানা আছে পশ্চিমবাংলার মানুষ তেল, ডাল, ডালদা, চিনি যা খান সেসব আমাদের দেশে এর কোনটাই হয় না। আমাদের যেটুকুন ডাল হয় তার ডবলের প্রয়োজন আছে। সরষে এখানে হয় না ডালডা হাফ হয়। চিনি সবটাই কেন্দ্রীয় সরকার control করেন। সরষের seed অনেক আগে থেকেই কিনে buffer stock করার জন্য সজাগ ছিলাম। Essential commodities corporation যেসব জায়গায় সরষে হয় এবং যেসব জায়গায় দাম কম আমরা সেসব জায়গায় গিয়ে সরষে কিনেছিলাম। আমাদের সীমিত অর্থ আছে তা দিয়েই এসব কিনেছিলাম। একবার ৫০০ টন কিনেছিলাম এবং আর একবার ৫০০ টনের order দিয়েছিলাম।

আজ থেকে চার দিন আগে আমরা শুনেছি সেখানে তেলের দাম অনেক কমেছে, ৬॥ টাকার মধ্যে তেল পাওয়া যায়। আমরা ৬ ওয়াগন তেলের জন্য পরশু দিন অর্ডার দিয়েছি যাতে করে কলকাতা শহরে বা পশ্চিমবঙ্গে তেলের দাম পড়ে যায়। সরষের তেল নিয়ে পশ্চিমবঙ্গের মানুষের এবং আজকে দেখলাম সদস্যদের একটা দারুণ আলোচনার বিষয় ছিল। সরষে এবং সরষের তেল বেশীর ভাগ আমাদের এখানে আসে ইউ, পি, থেকে।

(এ ভয়েস ঃ ব্যবসাদাররা কিনছে, গভর্ণমেণ্ট কেন কিনতে পারছে না ?)

কলকাতা শহরে যত সরষের তেল লাগে সেটা যদি কিনতে হয় ৬ কোটি টাকা লাগবে। আজকে যদি সেই তেল কিনে রাখি এবং তার জন্য যদি ১২ পার্সেণ্ট ইনটারেস্ট দিতে হয় এবং ওভারহেড কস্ট যা তাতে বাজারে যে দরে তেল পাচ্ছেন তার থেকে বেশী পড়বে। সুতরাং ব্যবসাদারদের চেক রাখার জন্য আমরা নিশ্চয়ই একটা বাফার স্টক রেখেছিলাম। যখন তেলের দাম বাড়ছিল, আজ থেকে ১০/১৫ দিন আগে যে তেলের দাম বেড়েছে, সেপ্টেম্বর মাসের আগে তেলের দাম বাড়া ছিল না, যে মুহূর্তে তেলের দাম বাড়তে আরম্ভ করল আমাদের যে বাফারস্টক দামে ছিল সেটা ছেড়ে দিয়েছি। কিন্তু সবচেয়ে বড় কথা, বিশ্বনাথবাবু যেটা বলেছেন গ্রাউণ্ড নাট ওয়েলের ইউ, পি, তে দারুণ অভাব দেখা দিয়েছে। এই অভাবের জন্য ইউ, পি, বাধ্য হল তাদের যে সরষে এবং সরষের তেল আমাদের দেশে আসছিল তার উপর কণ্ট্রোল

করতে। ইউ, পি, তে গ্রাউন্ড নাট অয়েলের সর্টেজ হওয়ার ফলে ইউ, পি, গভর্ণমেণ্ট তার প্রদেশে যাতে তেল পাওয়া যায় সেই স্টক রেখে আমাদের দেশে দেওয়াতে সরষের তেলের দাম বেড়ে গেল। আমি প্রথমেই যেটা বলেছিলাম গ্রাউন্ড নাট ওয়েল এসেছিল নভেম্বর মাস থেকে, সেটা যদি বাজারে এসে যায় তাহলে সরষের দাম পড়বে, সরষের তেলের দাম পড়তে বাধ্য হবে। যতক্ষণ না আমরা প্রোডাকসান বাড়াতে পারছি, যতক্ষণ না ডিস্ট্রিবিউশনের মাধ্যমকে আমাদের হাতের মধ্যে আনতে পারছি কো-অপারেটিভকে জোরদার করতে পারছি, ততক্ষণ পর্যন্ত আমাদের এই অসুবিধা থাকবে। কিন্তু একটা কথা মাননীয় সদস্যদের কাছে বলতে চাই আপনাদের সরকার সম্পূর্ণভাবে ওয়াকিবহাল, শুধু বসে নেই, সারা বছর এই যে জিনিসগুলি বাড়ছে তার সম্বন্ধে কি করা যায় সেটা দেখছে। আপনাদের কাছে সারা বছরের রিপোর্ট দিয়েছি ডিমাণ্ড এণ্ড সাপ্লাই এর, আমরা কোন জিনিস ম্যানুফ্যাকচার করি না, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যদি কোন জিনিসের দাম বেঁধে দেন তাহলে নিশ্চয়ই মানতে হবে, সেখানে আমাদের সমালোচকের ভূমিকা নেই। আজকে সেখানে চিনির দাম ৪.৯৮ টাকা করেছে। পশ্চিমবঙ্গে এই চিনি থ্রি-টায়ার সিসটেমে আসে, রিটেলাররা নিজেরা সরাসরি নিয়ে আসবেন না, মাঝখানের লোকেরা নিয়ে আসবেন।

আপনারা জানেন চিনি যে প্রদেশে হয় সেটা হচ্ছে বিহার, যেটা পশ্চিমবাংলা থেকে অনেক দূরে এবং তার জন্য ট্রান্সপোর্ট স্টক বেড়েছে। আজকে কেন্দ্রীয় সরকার ৪ টাকা ৯৮ পয়সা যে দর বেঁধে দিয়েছেন তাতে আমরা পশ্চিমবাংলার পরিপ্রেক্ষিতে পুংখানুপুংখরূপে বিচার করে দেখেছি, কনজিউমারকে সামনে রেখে আমরা বিচার করবার চেষ্টা করেছি এবং দেখেছি ৫ টাকা ১২-র নীচে করলে এখানে চিনি আনা সম্ভব হবে না। কেন্দ্রীয় সরকার ৪ টাকা বলার পর এটা হচ্ছে। আজকে ৫ টাকা ১২ তে যাতে চিনি দেওয়া যায় তার ব্যবস্থা সরকার করেছে এবং দেওয়ালির আগে এই ৫ টাকা ১২-র মধ্যে চিনি যাতে সর্বত্র পাওয়া যায় তার ব্যবস্থা হবে।

শ্রীকানাই ভৌমিক :—আপনি যদি চিনির দাম এখানে ৫ টাকা ১২ বলেন তাহলে ভারতবর্ষের বাইরে কি দামে চিনি বিক্রি হচ্ছে ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :—আমি আমার জ্ঞান বাড়াবার জন্য জানতে পারি কিন্তু খাদ্যমন্ত্রী হিসেবে সেটা জানালে বিশেষ কোন অভিজ্ঞতা অর্জন করব বলে মনে করিনা। আমি আপনাদের আগেই বলেছি আমাদের এখানে ৬টি ফ্যাক্টরি আছে যাদের টোটাল প্রোডাকসন ক্যাপাসিটি হচ্ছে ১৫০০ টন। আমাদের সরকার কেন্দ্রীয় সরকারের

সঙ্গে আলোচনা করে ১ হাজার টন ইমপোর্টেড অয়েল আনাতে আমরা অক্টবর মাস থেকে ৩ হাজার টনের বেশী বনস্পতি করতে পারব। বনস্পতি যদি পাওয়া যায় তাহলে সরষের তেলের দাম কমবে এবং গ্রাউণ্ড নাট অয়েল এলে সরষের তেলের দাম কমবে। মাননীয় সদস্য বেস্টারউইস সাহেব উত্তেজিত হয়ে অনেক কথা বলেছেন, আমি তার মধ্যে আর গেলাম না। অন্যান্য সদস্যরা যেসব কথা বলেছেন তাতে আমাদের জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন আমি সেই কথাই বলছি যে, আমাদের প্রোডাকসন বাড়াতে হবে এবং তারপর আমরা বলতে পারব যে এই জিনিস এই দামে বিক্রি করতে পারব এবং আমাদের ২০ দফা কর্মসূচীকে স্বার্থক করতে পারব।

Mr. Deputy Speaker : The discussion on the subject of price of essential commodities is over. The House stands adjourned till 1 p. m. on Monday, the 18th October, 1976.

Adjournment

The House was accordingly adjourned at 7-19 p.m. till 1 p.m. on Monday the 18th October, 1976 at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 18th October 1976, at 1·00 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 8 Ministers, 2 Ministers of State, 1 Deputy Minister and 148 Members.

[1-00—1-10 p. m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY

Mr Speaker : Honourable members, in quick succession I have again a malancholy duty to perform today in referring to the demise of Dr. Beni Datta, a ex-Member of this House who passed away yesterday at the age of 81. Returned from the Howrah East constituency on Congress ticket in 1952 and again in 1957, he was a member of this Assembly for about 10 years. He was a medical practitioner by profession. He was a commissioner of the Howrah Municipality from 1952, and Vice-Chairman, Howrah Municipality from 1948 to 1951. He was connected with several educational institutions of Howrah and also other philanthropic institutions. He was unassumining in character and a man of benevolent disposition. He was loved and respected by all sections of the House during the period of his membership.

May his soul rest in peace.

I will now request you, ladies and gentlemen, to rise in your seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(Members then stood in silence for two minutes).

Thank you, ladies and gentlemen. Secretary will send the message of condolence to the members of the bereaved family.

স্ত্রীশিক্ষা প্রচারকেন্দ্র হিসাবে রাজা রামমোহন রায়ের বাড়ী ব্যবহারের প্রস্তাব

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **শ্রীঅশ্বিনী রায় ও শ্রীমতী ইলা মিত্র :** শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ৮৫নং রাজা রামমোহন সরণিতে অবস্থিত রাজা রামমোহনের আবাসস্থলটিকে স্ত্রীশিক্ষার প্রচারকেন্দ্র হিসাবে ব্যবহারপূর্বক রাজা রামমোহন রায়ের স্মৃতি রক্ষার্থে কোনও প্রস্তাব সরকার পাইয়াছেন কিনা ;

(খ) পাইয়া থাকিলে, তাহার বিশদ বিবরণ কি ;

(গ) সেই প্রস্তাবকে কার্যকরী করিতে কোনও সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(ঘ) না করিলে, উহা এখন কি পর্যায়ে আছে ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী

উত্তর

ক) না।

খ) প্রশ্ন ওঠে না।

গ) প্রশ্ন ওঠে না।

ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রীঅশ্বিনীকুমার রায় :—এই মহান ব্যক্তির স্মৃতি রক্ষার জন্য সরকারের নিজস্ব কোন চিন্তাধারা আছে কি ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :—এটা কি আপনার ঐ প্রশ্ন থেকে আসে ? তবুও বলছি যে ওর দামটা অনেক বেশী হচ্ছে বলে সরকারের চিন্তা থাকলেও করা মুশকিল।

শ্রীঅশ্বিনীকুমার রায় :—(খ)-এর উত্তরে বলেছেন, না, তাহলে এই ধরনের আবেদন, এই স্ত্রী শিক্ষা প্রসারের জন্য যদি কেউ দেন তাহলে সরকার কি সেটা বিচার বিবেচনা করবেন ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :—আপনার প্রশ্নটা ছিল স্ত্রী শিক্ষার ব্যাপারে, প্রচার কেন্দ্রের উদ্দেশ্যে এই রকম কোন প্রস্তাব আসেনি। তবে স্ত্রী শিক্ষা প্রতিষ্ঠান নিজেদের ব্যবহারের জন্য এটা চেয়ে আমাদের কাছে আবেদন করেছিল। আমি আগেই বললাম এটার অধিগ্রহণ সংক্রান্ত ব্যাপারে দামটা বেশী হওয়ায় এগুতে খুব ভরসা পাচ্ছিনা।

শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ—এই যে কলকাতার রামমোহন গার্লস কলেজ তারা কি এই ধরনের কোন প্রস্তাব বা আবেদন করেছিল ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ— করেছিল।

শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ— তাহলে এই আবেদনপত্রের বিচার কে করেছে ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—আমি আগেই বললাম যে দামটা অনেক বেশী হচ্ছে এই জন্য সিদ্ধান্ত নেওয়া তো দূরের কথা ভাবাও শক্ত হচ্ছে।

শ্রীসুকুমার বন্দোপাধ্যায় ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় পর পর তিনটি প্রশ্নের জবাব না বলে হ্যাটট্রিক করলেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, তিনি যে বললেন দামটা খুব বেশী হচ্ছে, এই দামটা কত হচ্ছে জানাবেন কি ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ— আনুমানিক ২৩—২৪ লক্ষ টাকা।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে দামটা বেশী হচ্ছে, বর্তমানে আমাদের কনষ্টিটিউশনের যে এ্যামেন্ডমেন্ট হচ্ছে তাতে ফিক্সেশন অব প্রাইসও করা যাবে। আমার প্রশ্ন হচ্ছে সরকারী আইনের উপর নির্ভর করে মাননীয় মন্ত্রী মহাশয় এটা বিবেচনা করে দেখবেন কি ? তাছাড়া এটা এ্যাকয়ার করা যেতে পারে।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ— এটা আমাদের বিবেচনা সাপেক্ষে আছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায় ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, স্পেশাল এ্যাকুইজেশনে এ্যাসেসমেন্টের যদি কোন ব্যবস্থা থাকে তাহলে সেই এ্যাসেসমেন্টে এটা কত হবে ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ— আগে যে দামটা বললাম সেটা এ্যাসেসমেন্ট করেই বলেছি। তবে কুমারদীপ্তিবাবু যে কথা বললেন সেটারই ব্যবস্থা করছি।

শ্রীসুকুমার ব্যানার্জি ঃ—মাননীয় মন্ত্রী মহাশয়কে দাম জিজ্ঞাসা করায় তিনি বললেন আনুমানিক ২৩—২৪ লক্ষ টাকা। এই অনুমানটা কে করেছিল ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ—ল্যান্ড এ্যাকুইজেশন থেকে এ্যাসেসমেন্ট করা হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে স্ত্রী শিক্ষার ব্যাপার নিয়ে একটা বড় বাড়ী নেবার বিষয় বিগত যে আন্তর্জাতিক নারী বর্ষ হল তাতে সরকারের নিযুক্ত কমিটির কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই পটভূমিকায় রামমোহনের নামে তার নিজস্ব যে বাড়ী সেই বাড়ীটি এই প্রতিশ্রুতি পালনের দিক থেকে বিবেচনা করবেন কি ?

[1-10—1-20 p. m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—আগের উত্তর ভেবে নিন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ—মাননীয় স্পীকার মহাশয়, এর আগে বিধানসভায় একটা প্রশ্ন রেখেছিলাম স্বামী বিবেকানন্দের বাসগৃহ সম্পর্কে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাইছি, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই স্বামী বিবেকানন্দের বাসগৃহ সরকারের অধিগ্রহণ ব্যাপারে যে প্রস্তাব বিধান-সভা কর্তৃক উত্থাপিত হয়েছিল, সরকার কর্তৃক অধিগ্রহণ করা হয়েছে কিনা, হয়ে থাকলে তা সরকার কিভাবে ব্যবহার করবেন ?

Mr. Speaker ঃ The supplementary dose not arise out of the present question.

শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই কাজটা করতে গেলে যে পরিমাণ টাকার দরকার তা নাই, বর্তমানে সংবিধান সংশোধন হবার পরে পুনরায় এসেস করে যদি দেখা যায় তা পশ্চিমবঙ্গ সরকারের সাধ্যে কুলোচ্ছে না, তাহলে কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্যের জন্য অনুরোধ করবেন কি ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—অনুরোধ করতে গেলে যাথার্থ্য থাকা চাইতো, নূতন আইনে যদি দাম কমাতে পারি নিশ্চই চেষ্টা করব।

মিঃ স্পীকার ঃ—আপনারা জিজ্ঞাসা করতে পারতেন কতটা জায়গা, ২৩ লক্ষ টাকা দাম, কি এক বিঘা না দু বিঘা, কতটা ? কয়টা রুম সবটাই দেখতে হবে, আমহার্স্ট স্ট্রীটের উপর জায়গা, এই প্রশ্নতো কেউ আপনারা করলেন না। গভর্ণমেণ্ট

যখন করলেন সেটা কি আন্ডার দি নিউ কন্সটিটিউশন এন্ড নিউ এ্যাক্ট, কোন্ এ্যাক্টে এসেস্‌মেন্ট হয়েছিল—এইটিন নাইন্টি থ্রী এ্যাক্ট না কি এ্যাক্ট টু অব নাইনটিনফোর্টি এইট, সেইগুলিতো আপনারা জিজ্ঞাসা করলেন না।

শ্রীসরোজ রায় ঃ—আমি একটি মাত্র প্রশ্ন করবো, প্রশ্নটা যেভাবে মাননীয় মন্ত্রী মহাশয়কে করা হয়েছিল, অশ্বিনীবাবু যে প্রশ্নটা করলেন—"রামমোহন রায়ের স্মৃতি রক্ষার্থে কোন প্রস্তাব সরকার পাইয়াছেন কিনা?" উনি বলেছেন পাননি, তারপরের প্রশ্নে বলেছেন প্রশ্ন উঠে না। তারপরে এত প্রশ্ন এখানে উঠল ইট ইজ সাচ্ এ্যান ইমপরট্যান্ট থিং, এই কয়টির জবাব দিয়ে দিলেই উপকার হত, সময়তো সেই গেলই। ইমপরট্যান্ট কোশ্চেনের এই যে মিক্যানিক্যাল উত্তর এটা নট বিফিটিন্ দি এডুকেশন মিনিস্টার।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—এইতো মন্তব্য করলেন, যে প্রশ্ন ছিল সে উত্তর দিয়েছি, পরে বলে দিয়েছি আসল অবস্থাটা কি। আবেদন ছিল কিনা আমি জানি না।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE.

Mr Speaker : Now, the Minister of State-in-charge of Municipal Services Department will please make a statement on the subject of fire in the Maniktala Cold Storage. (Attention called by Shri Sambhu Narayan Goswami. Shri Kashinath Misra, Shri Tuhin Kumar Samanta, Shri Monoranjan Pramanik, Shri Md. Safiullah, Shri Md. Dedar Baksh, Shri Sarat Das and Dr. Ekramul Haque Biswas on the 14th October, 1976.)

Shri Subrata Mukhopadhaya : Mr. Speaker Sir,

Information of fire at the Manicktola Cold Storage (Himd Ice Cold Storage) at 23B, Canal West Road, Calcutta was received at the fire Birgade Headquarters at 2.07 P. M. on 12th October. 1976 Immediately 2 fire engines were sent to the place of fire from Central Avenue Fire Station and Canal West Road fire Station There was only one exit in each room of the northern wing of the

cold storage wherein huge quantity of butter oil in tin containers was stored and was involved in fire. As a result, dense smoke was coming out through the doors which rendered it impossible for any one to enter into the rooms. Even the use of Breathing Apparatus Sets was found to be of little avail because of excessive heat and gaseous situation inside the cold storage. The Director, Fire Services and the Divl. Officer, Divn. 'B' personally supervised the fire fighting operations which were conducted with the help of 12 fire engines.

The Cold Storage Plant measured about 600' in length 40' in breadth and 70' in height of four-storey building is divided into two wings having a single central staircase. The Northern Wing of the cold storage contained about 950 metric tonnes of butter oil in sealed tins kept on wooden racks in cubicles right from the ground floor to third floor. The Southern Wing contained huge quantity of shellac in gunny bags. Adjoining to this wing, there is a chamber storing dry fruits, potatoes, cashewnuts and apples etc. etc. which are the only perishable goods required to be kept in a cold storage. On the Western Side of the cold storage, there is an Ice Plant, Ammonia Plant and the Power Generating Station. Besides there are two big business on the Western Side and Northern Side of the said cold storage.

The Fire Brigade shut down the Ammonia Plant immediately on its arrival to prevent the leakage of ammonia gas from fractured pipe lines, if any, and thereby rendering fire fighting operation almost an impossible task. The Power Generating Station was also shut down only keeping the Calcutta Electric Supply like in action for illumination inside the unaffected rooms to prevent loss or danger to life from toxic gasses and electribution of the fire brigade staff engaged in fire fighting operation. To make matter worse it was found that the entrance doors were completely blocked by tin containers of butter oil which fell from the wooden racks and were burning furiously, exploding and were creating terrific heat. Steps were immediately taken by the fire brigade to make some openings on the northern wall of the 3rd floor for inserting water jets into the cold storage and several holes were made on the roof for using nozzles as well as for directing some

jets for cutting off the flame to prevent it from apreading into other rooms of the southern wing which was the only means of entry as the staircase was inaccessible due to volumious smoke and heat coming out from the burning wing.

On 12.10.76 there was sufficient water in the canals wherefrom 12 fire engines worked efficiently pumping out about 600 gallons of water per minute but from the morning of 13th October, 1976 there was shortage of water as the canal water was decreasing rapidly due to ebbtide. Inspite of repeated requests, the Canal Division failed to supply water in the canal due to obbtide as the canal water was leaking out into river Hooghly through the lockgates. The fire brigate adopted relay system from a deep tubewell situated at a great distance for necessary supply of water. The fire brigade by its untiring efforts and with the appliances at its disposal was able to localise and contain the fire and succeeded in preventing the spread of fire towards other combustible mateials stored in other compartments of the cold storage. Had there been sufficient water in the canal the fire could have been extinguished much sooner than it was possible because of non-availability of sufficiet water.

[1-20—1-30 p. m.]

Mr. Speaker : The Minister incharge of the Education Department will please make a statement on the subject of admission problems attention called by Shri Mohammad Dedar Baksh and Shri Kashinath Misra on the 15th October, 1976.

শ্রীমৃত্যুঞ্জয় বানার্জী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ঠিক যে নূতন চালু করা একাদশ এবং দ্বাদশ শ্রেণী সম্বলিত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিশেষ করে শহরাঞ্চলে প্রথমদিকে ভর্তির সমস্যা দেখা দিয়েছিল। বৃহত্তর কলকাতায় ভাল স্কুলগুলিতে ভর্তির চাপ সবচেয়ে বেশি ছিল। তবে অবস্থা এখন অনেক প্রশমিত। এটা ঠিক নয় যে, প্রয়োজনের তুলনায় নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অপ্রতুল। তার কারণ এবার মাধ্যমিক পরীক্ষায় প্রায় ৬৫ হাজারের মতন ছাত্র-ছাত্রী পাস করেছে। তাদের জন্য প্রায় ৯০০ সাধারণ এবং ১০০ বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমোদন

দেওয়া হয়েছে। অর্থাৎ গড়ে প্রায় ৬৫ জন পাশ করা ছাত্রের জন্য একটি করে শিক্ষা প্রতিষ্ঠান আছে। এখনও ভর্তি বিষয়ে বিস্তারিত বিবরণ আমাদের কাছে পৌঁছায়নি। পূজার ছুটি চলছে। ভর্তির শেষ তারিখ ১০ই নভেম্বর। তবে সাধারণ ভাবে জানা গেছে যে, একদিকে যেমন শহরাঞ্চলে ভর্তির ভীড় বেশী, তেমনি গ্রামাঞ্চলে অনেক স্কুলে আসন খালি। নূতন ব্যবস্থা চালু করতে হলে প্রথমদিকে নিশ্চয়ই অসুবিধার সম্মুখীন হতে হয়। আমরা চেষ্টা করছি এই অসুবিধা যতটা সম্ভব লাঘব করতে। যেখানে ভর্তির চাপ আছে সেইসব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সীমা সংখ্যা বাড়ানোর ব্যবস্থা ইতিপূর্বেই করা হয়েছে। শিক্ষক নিয়োগ সম্পর্কে আমরা আশা করছি যে প্রথম বৎসর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষগণ নিজেদের শিক্ষকমণ্ডলীর মধ্য থেকে আংশিক সময়ের জন্য বেশীর ভাগ শিক্ষক নিয়োগ করে কাজ চালাতে পারবেন। পরবর্তী পর্যায়ে প্রয়োজনীয় হ্রাস বা শাখার সংখ্যা বাড়লে তাঁরা পুরা সময়ের জন্য শিক্ষক নিয়োগ প্যানেল থেকে করতে পারবেন। প্যানেল তৈরীর উদ্দেশ্যে অধ্যাপক ও অন্যান্য বিশেষজ্ঞ ব্যক্তিগণ নিয়ে জেলা ভিত্তিক নির্বাচনী কমিটিগুলি গঠন হয়েছে। এটা ঠিক নয় যে সিলেবাস তৈরী হয়নি। সিলেবাস বহু আগেই তৈরী হয়েছে। বিভিন্ন বিষয়ের অধ্যাপক প্রবীণ শিক্ষাবিদ ও অন্যান্য যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সুপারিশ অনুযায়ী সিলেবাসগুলি তৈরী করা হয়েছে। অনেক বিষয়ে বইও প্রকাশিত হয়েছে। আমি এক কপি করে সিলেবাস মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে পেশ করছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিষয়ে অনেক প্রশ্ন দিয়েছিলাম। কিন্তু সে প্রশ্নগুলো এলো না। আগামীকাল এই সেসান শেষ হয়ে যাচ্ছে। আমি আপনাকে অনুরোধ করছি, আগামীকাল এই সম্পর্কে হাফ-অ্যান-আওয়ার ডিসকাসন এ্যালাও করুন। এই বিষয়ে বহু বিশৃংখলার উদ্ভব হয়েছে।

শ্রী অসমঞ্জ দে :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী বলেছেন ছাত্র ভর্তি সংখ্যা বেড়েছে—এটা ঠিকই। কিন্তু কলেজে দেখতে পাচ্ছি বলা হয়েছে একটা শ্রেণীতে গড়ে ৫০ জনের বেশি ক্লাস নেওয়া যাবে না। কিন্তু আমাদের সেখানে বিরাট একোমডেসান দুশো পর্যন্ত ছাত্র নেওয়া যায়। তাই বলছি অবিলম্বে এই আইন সংশোধন করা হোক। অথাৎ কলেজে ৫০ জনের বেশি এ্যাকসেপ্ট যাতে করা যায় সেই ভাবে ছাত্রদের পড়াবার সুযোগ দেওয়া হোক। এইটা না করলে কলেজে ছাত্র ঘাটতি পড়বে। দ্বিতীয়

নম্বর, এখানে বলা হচ্ছে যতদিন পাকাপাকি ব্যবস্থা না হয় এ্যাড ইনটিরিম এ্যারেঞ্জমেন্টের কথা অর্থাৎ যাতে পারট টাইম শিক্ষক নেওয়া যায়। কিন্তু পারট টাইম শিক্ষক নিয়োগ করলে তাদের পারট টাইম এ্যালাউন্স দেওয়ার ব্যাপারে হায়ার সেকেন্ডারী কাউন্সিলের কোন সারকুলার নেই।

পার্ট টাইম টিচার করে দিলেন-কিন্তু সেই পার্ট টাইমে কতটা ক্লাস নেবে এটা বলা হোল না কি রকম এ্যালাউন্স দেওয়া হবে তাও বলা হল না। এ সম্বন্ধে একটা ব্যবস্থা অবিলম্বে হওয়া দরকার। সরকার পক্ষ থেকে একটা সুস্পষ্ট নির্দেশ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে দেওয়া দরকার। মফঃস্বলে তো স্কুলগুলিতে একেবারে ভর্তি হচ্ছেই না। কিন্তু কলেজগুলিতে সিট ভর্তি হয়ে গেছে। কি কারণে তা হচ্ছে এটা একটু পরিস্কার করে বলা দরকার। সব স্কুলে ছাত্রেরা এসে বলছে কো-এডুকেসন আছে কিনা। আমার নদীয়া জেলার স্কুলগুলিতে একটি ছেলেও ভর্তি হয় নি। যখন বলা হচ্ছে ছাত্রদের যে কোন কো-এডুকেসন এ্যারেঞ্জমেন্ট নাই তখন তারা সব পিছিয়ে যাচ্ছে। I can please several numbes of examples before the Hon'ble Minister through the hon'ble speaker. এ সম্পর্কে আজকে সরকারের চিন্তা করা উচিত। খোঁজ নিয়ে তিনি দেখতে পারেন কোথায় কোথায়ও হয়তো ৫/৭টি ভর্তি হয়েছে। It is a reflection on reality. এটা নিশ্চয় কথা যে reconstruction of secondary education আপনারা করে দিলেন কিন্তু তার ফলে কি অবস্থা হয়েছে সেটার দিকে আপনারা মোটেই লক্ষ্য করছেন না। আজকে আমি দাবী করছি· · · ·

(গোলমাল)

আজকে শিক্ষা মন্ত্রী যে রিপোর্ট পেশ করেছেন তাতে এই সমস্যা দূর হবে না এর একটা উপযুক্ত রিপোর্ট আমাদের দিতে হবে। এ বিষয়ে আমি বিশেষভাবে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে গভর্ণমেন্টের এই যে ৫০ এর জায়গায় ৭৫ ছাত্র নেবার কথা তা এখনও গভর্ণমেন্ট স্কুল থেকে আরম্ভ করে অনেক স্কুলে যায় নি। তারা সেই ৫০ জনকেই ভর্তি করছে। সেখানে উনি বলছেন ৭৫ জনের নির্দেশ দিয়েছেন। স্যার, এখনও পর্যন্ত সেই অর্ডার দেওয়া হয় নি দ্বিতীয় জিনিস হচ্ছে বারা পি ডিভিসনে পাশ করেছে তাদের ভর্তি সম্পর্কে [illegible] অসুবিধা হচ্ছে। এ সম্পর্কে একটা পরিস্কার নির্দেশ সরকার থেকে দেওয়া দরকার।

শ্রীমতী গীতা মুখার্জী ঃ—স্যার, এই ভর্তি সম্পর্কে নানা সমস্যা দেখা দিয়েছে আমি আপনার কাছে জানাচ্ছি যে এ বিষয়ে অনেক কিছু আলোচনা করার আছে। আপনি এর জন্য হাফ-এন-আওয়ার ডিসকাস করার সুযোগ দিন। এবং আজকে এই যে সমস্যা এ সম্পর্কে একটা আলোচনা হওয়া দরকার।

(গোলমাল)

শ্রী নরেশচন্দ্র চাকী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বলেছেন আমি দায়িত্ব নিয়ে বলছি যে পরিমাণ স্কুল হওয়া দরকার তা হয় নি। শিক্ষা মন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন যে প্রতিটি ব্লকে অন্তত একটি করে স্কুলকে রেকগনিসন দেওয়া হবে। স্যার, আমার রাণাঘাট ১নং ব্লকে একটি স্কুলকেও দেওয়া হয় নি। আমি অনেক আবেদন নিবেদন করেছি কোন ফল হয় নি। যদিও এক একটা স্কুলকে দেওয়া হয়েছে সেগুলি সাব-স্ট্যান্ডার্ড স্কুলকে দেওয়া হয়েছে স্ট্যান্ডার্ড স্কুলকে দেওয়া হয় নি।

(গোলমাল)

Mr. Speaker ঃ—মাননীয় সদস্যগণ, এই যে এ্যাডমিসন সম্পর্কে উনি একটা স্টেটমেন্ট করলেন সেটা আমার কাছে ফিগার দিয়ে গেছেন। তাতে দেখতে পাচ্ছি সব জেলা মিলে টোট্যাল ৭৬৩টি ১১ এবং ১২ ক্লাসের হায়ার সেকেন্ডারী স্কুল করেছেন। তার মধ্যে বীরভূমে ২৬, মালদায় ১৯, ওয়েষ্ট দিনাজপুরে ২১, পুরুলিয়ায় ২৪, দার্জিলিংয়ে ১১, কুচবিহারে ১৫, মুর্শিদাবাদে ৪১, নদীয়ায় ৪০।

[1-30—1-40 p. m.]

বর্ধমান-৭১, কোলকাতা-৯৫, হাওড়া-৪৯, মেদিনীপুর-৮৫, হুগলী-৫০, ২৪-পরগণা-১৫৫ সব মিলিয়ে ৭৬৩। এখন উনি ফিগার দিয়ে যা বলেছেন তাতে তিনি বলেছেন যে ৬৫ হাজার ছেলে পাশ করেছে এ্যাভারেজে প্রতি স্কুলের জন্য ৬৫ জন হলেও এনাফ স্কোপ আছে। যাই হোক, এই ফিগারটা আমি টেবিলে রেখে দিচ্ছি, আপনারা এগুলি দেখে নেবেন। তা ছাড়া ভোকেষান্যাল কোর্সের জন্য উনি যে ফিগার দিয়েছেন সেটা হচ্ছে, এগ্রিকালচারে, ২১, ইন্ডাষ্ট্রিজ এ্যান্ড টেকসটাই-৬ টেকনিক্যাল কোর্সেস-৩০, প্যারা মেডিক্যাল-১০, ট্রেড এ্যান্ড কমার্স-২৬, সব মিলিয়ে ৯৩। এখন ১১/১২ ক্লাস সেকেন্ডারির জন্য যেটা দেওয়া হয়েছে, সেটাতে ডিষ্ট্রিবিউসান কিভাবে হয়েছে, কি অসুবিধা তা আমি বলতে পারবো না, অনারেবল মিনিষ্টার সেটা বলতে পারবেন। আর আপনারা এ বিষয়ে আলোচনার জন্য যে

হাফ এ্যান আওয়ার ডিসকাসান চেয়েছিলেন সে সম্বন্ধে বলছি যে, আনফরচুনেটলি অনারেবল মিনিষ্টারের অলরেডি প্রোগ্রাম আছে, তিনি বাইরে থাকছে কাজেই আমি এ্যালট করতে পারছি না।

(নয়েজ এ্যান্ড ইণ্টারপ্ল্যান)

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসংগে আমাদের অনেক কিছু বলবার আছে। এর শিক্ষক নিয়োগ পদ্ধতি, সিলেকসান কমিটি ইত্যাদি সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমরা কিছু জানতে চাই, তিনি যাতে সে বিষয়গুলি পরিষ্কার করে দেন তারজন্য আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ রাখছি।

(নয়েজ)

মিঃ স্পীকার ঃ Please take your seat. The Hon'ble Minister is on his legs. If your do not allow him to speak, I will pass over to the next item of business just now. I have given him the floor. Plesae take your seat.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভর্তির কাজটা পূজার আগেই আরম্ভ হয়েছিল, কিছুদিন ভর্তি হয়ে স্কুল কলেজগুলি বন্ধ হয়ে গিয়েছে, তারা এখনও খোলে নি, খুলবে বোধহয় আগামী সপ্তাহে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতার খবরটা মোটামুটি আমরা জানলেও দূর এলাকায় খবর আমাদের কাছে এখনও এসে পৌঁছায়নি। আমি নিজে বিভিন্ন জেলাতে ঘুরি, আমি জানি। এখনও আমার এটাই নির্দেশ আছে, যদি কোথাও খুব বেশী সংখ্যায় ছাত্র ভর্তি হতে পেরে না থাকে তাহলে তাদের সকলের কেন্দ্রস্থলে যদি কোন শিক্ষাপ্রতিষ্ঠান থাকে, সেগুলিকে অনুমোদন দেবার। আজকে জিনিসটা কোন থিয়োরিটিক্যাল পর্যায়ে নেই, আজকে আমরা অবজেকটিভ ফ্যাক্টসের সম্মুখীন। আমরা দেখছি গার্জেনরা কোথায় তাদের ছেলেকে পাঠাচ্ছে, কোথায় ভর্তি হচ্ছে, না হচ্ছে ইত্যাদি ব্যাপারটা। আমাদের বিভিন্ন অফিসার যাঁরা জেলায় আছেন তাঁদের বলেছি ১০ই নভেম্বর বা তারও আগে তারা যদি পারেন তাহলে এ সম্পর্কে ফ্যাক্টসগুলি আমাকে দিতে, তারপর আমি তাঁদের নিয়ে বসব। নিশ্চয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন নূতন জিনিষ চালু করতে গেলে অসুবিধা হয়। আমরা সময় দিয়েছি এবং সে সময় এখনও

চলে যায় নি। এখানে একজন মাননীয় সদস্য প্রস্তাব করেছিলেন কালকে আলোচনা করার জন্য। কালকে আলোচনা হয়তো করা যেত কিন্তু আমার জন্য অসুবিধা আছে এটা হচ্ছে এক নং কথা আর দু নং কথা হচ্ছে সমস্ত রেলেভেণ্ট ফ্যাক্টস আনতে আরো সময় লাগবে। এখনও স্কুল কলেজগুলি বন্ধ, তারা খুলবে নেক্সট উইকে, কাজেই নেক্সট উইকে আবার একটা ভর্তির স্রোত আসবে। অনেকেই ওয়েট করছেন পুজার পর অবস্থাটা দেখে ভর্তি করবেন বলে। আমি সবসময় নিজে এর সঙ্গে এ্যাসোসিয়েটেড আছি এবং সমস্ত খবর রাখছি। এবং আমার ইচ্ছা আছে আমি বিভিন্ন জেলায় গিয়ে সেখানকার ভর্তি সংক্রান্ত সমস্যা আছে সেটা দেখব। আর ম্যানেজিং কমিটির রুলস ইত্যাদি মোটামুটি হয়ে গেছে। গ্রাণ্ট ইট এইড রুলস তৈরী হচ্ছে তবে সময় লাগবে। আরো অনেক ব্যাপার আছে কারণ কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কত টাকা দিতে পারবেন না পারবেন সেটা এখনও তারা ঠিক করেননি। তাদের আলোচনা চলছে, আমরা আশা করছি কেন্দ্রীয় সরকার এই নূতন অবস্থার জন্য আমাদের পঞ্চম পরিকল্পনার যে অবশিষ্ট সময় আছে, সেই সময়ের মধ্যে আমাদের ভাল সাহায্য দেবেন। আমরা এগিয়ে গেছি এবং আমরা চেষ্টা করবো তবে একটু অসুবিধা হতে পারে। এই ব্যাপারে যত অসুবিধা কম করা যায়, যত ডিস্টার্বেন্স থাক তাকে আমরা যাতে মিনিমাইজ করতে পারি সে জন্য প্রত্যেক মাননীয় সদস্যদের সক্রিয় সহযোগিতা কামনা করি।

শ্রী বিশ্বনাথ মুখার্জী :—মাননীয় স্পীকার স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতি শুনলাম। এখন কথা হচ্ছে শুধ এই নয় যে কতগুলি স্কুল দেওয়া হয়েছে বা কলেজে কত ছাত্র ভাগ করলে কত হয়, ভর্তি হওয়ার কি অসুবিধা হচ্ছে শুধু এগুলি নয়। অনেক অসুবিধার কথা মাননীয় সদস্যরা বলতে চান। আমি বলছি উনি যদি কাল না থাকতে পারেন, আজকে হাউসের অনুমতি নিয়ে আধ ঘণ্টা বা তিন কোয়াটারের জন্য আপনি একটা আলোচনার সুযোগ দিন। মন্ত্রী মহাশয় যে সমস্ত ফিগার সংগ্রহ করবেন সেটা করুন। কিন্তু ইন দি মিনটাইম যেহেতু এখন আর হাউস বসবে না সেই ডিসেম্বর-এর আগে সেজন্য উনি শুনে নিন যে সদস্যরা কি ডিফিকাল্টির কথা তুলতে চাচ্ছেন, কি প্রোবলেমগুলি তুলতে চাচ্ছেন, কি জটিলতা দেখা দিয়েছে সেটা তাদের কাছ থেকে উনি শুনুন। তারপর উত্তর পুরো দিতে পারেন বা আংশিক দিতে পারেন দেবেন। সেজন্য আজকে আধ ঘণ্টা থেকে তিন কোয়াটারের মত হাউসকে এক্সটেণ্ট করুন। আজকে এই ডিবেট করার জন্য আমি আপনাকে অনুরোধ করছি।

শ্রীসরোজ রায় :—মাননীয় স্পীকার স্যার আজকে যেভাবে প্রোবলেমগুলি উঠেছে এবং যেটার উপর গুরুত্ব নিয়ে শ্রীমতী গীতা মুখার্জী যা চেয়েছিলেন, আধ ঘণ্টা আলোচনা সেদিক থেকে এটা শুধু এডুকেশন্যাল প্রোবলেম নয়, এটা ন্যাশানাল প্রোবলেম হিসাবে দাঁড়িয়েছে। এখানে ভোকেশন্যাল এডুকেশান, সোসাল এডুকেশান ইত্যাদি নানা প্রোবলেম আছে। আমাদের একটা এষ্টিমেট কমিটি আছে। আমরা ওয়েষ্টবেঙ্গলের এডুকেশানিষ্টদের ডেকেছি, সেই সমস্ত এডুকেশনিষ্টরা যে সব প্রশ্ন আমাদের কাছে তুলেছেন যেটা আমরা জানতাম না। সেটাকে যে ভাবে বললেন, It has become a national problem এবং গভর্ণমেণ্ট যেভাবে এটাকে টেকল করছে, সেণ্টারের টাকা-পয়সার প্রশ্ন আছে আরো অন্যান্য দিক আছে। কাজেই এই যদি হয় তাহলে এটা শুধু ভক্তির প্রশ্ন নয়, এটা শুধু একটা এডুকেশান ডিপার্টমেণ্টের ব্যাপারে নয়, ইট হ্যাজ বিকাম এ ন্যাশান্যাল প্রোবলেম। কাজেই সেটা যদি হয় তাহলে এই ব্যাপারে সময় দেবার ভীষণ ভাবে দরকার। সেজন্য অন্ততঃ আধ ঘণ্টা ডিসকাশন হোক, উনি অন্ততঃ জানুন যে কি হচ্ছে না হচ্ছে এবং আমরাও জানি।

মিঃ স্পীকার :—মিনিষ্টারের কাছে যে ফ্যাক্টসগুলি আছে সাধারণত সেই ফ্যাক্টসগুলি উপস্থিত করলেন এবং তিনি তার বক্তৃতায় বললেন যে আমার কাছে ফাদার ফ্যাক্টস যদি থাকতো তাহলে আমি নিশ্চয়ই বলতাম। আমাকে আবার কালেক্ট করতে হবে। স্কুল ছুটি আছে সমস্ত ফ্যাক্টসগুলি আমার কাছে নেই।

শ্রীবিশ্বনাথ মুখার্জী :—দু'একটি কথা দিয়ে ফ্যাক্টস প্রেস করেছেন, উনি আগে শুনে নিন না, উনি উত্তর নাও দিতে পারেন। কিন্তু লেট হিম হিয়ার হোয়াট দি মেম্বারস ওয়াণ্ট টু সে—কি ডিফিকাল্টি হচ্ছে, কি প্রোবলেম হচ্ছে এটা উনি শুনে নিন। আজকে উত্তর দিতে হবে সেটা আমি বলছি না। ইফ হি ক্যাননট রিপ্লাই টু ডে, হি ক্যান গিভ দি রিপ্লাই লেটার। কাজেই এই ব্যাপারে আধ ঘণ্টা থেকে তিন কোয়াটার সময় দিন না এক্সটেণ্ট করে।

[-140—1-50 p. m.]

সুতরাং আজকেই একটা আধ ঘণ্টা বা তিন কোয়াটার সময় দিয়ে ডিবেটের ব্যবস্থা করুন, কারণ মেম্বার্স আর সো এক্সাইটেড।

মিঃ স্পীকার ঃ—আজকে যে প্রোগ্রাম আছে—অলরেডি এ্যাডপটেড বাই দি হাউজ অন দি রেকমেন্ডেশন অব দি বিজিনেস এ্যাডভাইসারী কমিটি এর উপর এই বিষয়টা আনতে গেলে কোন রুলসে আসবে এবং সেইভাবে নোটিশ দিতে হবে।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ—আজকে তো নর্মাল থেকে আধ ঘন্টা কম সময় আছে।

Mr. Speaker : I have said that the matter is very very urgent and serious.

Shri Bi wanath Mukherjee : I want that you take time to think over it. You should request the Minister to stay in the House so that if you decide to extend the time and have the debate for half-an-hour or fortyfive minutes he may be available and he may listen to what the honourable members have to say.

Mr. Speaker : Then I will have to talk to the Parliamentary Affairs Minister.

Mr. Speaker : I have received 24 notices of calling attention on various subjects out of which I have selected the notice of Md. Dedar Baksh and four others on the subject of problem of recognition of junior high and high schools.

The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the tame.

The remaining calling attention notices are taken as read and laid on the Table.

CALLING ATTENTION

1. Alleged murder at village-Haripur in Murshidabad district on 15.9.76—from Shri Shish Mohammad.
2. Closure in Khardah Jute Mills since March, 1975 – from Shri Shish Mohammad.
3. Supply of par-boiled rice through ration shop - from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
4. Lock-out in cinemas—from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
5. Power failure in Siliguri—from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
6. Dealing with fire hazards in Calcutta - from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
7. Activities of Anti-socials and pick-pockets in parts of Calcutta – from Shri Md. Safiullah and Shri Kashinath Misra.
8. Repair of roads in Calcutta from Shri Md. Safiullah and 2 others.
9. Supply of Bengali type-writing machines from Shri Md. Safiullah and 4 others.
10. Rehabilitation of child beggars from Shri Md. Safiullah and 2 others.
11. Scientific traffic control from Shri Md. Safiullah and 2 others.
12. Delay in receipt of mark-sheets by the external candidates - from Shri Sambhu Narayan Goswami.
13. Depredations by wild elephants in Ranibandh area of Bankura District - from Shri Sambhu Narayan Goswami.
14. Comfiscation of Foreign clothes after raiding of a clandestine godown in Sonabari P. S, of Howrah district from Shri Sambhu Narayan Goswami.
15. Alleged murder of 2 persons in Dayal Banerjee Road of Shibpur P. S. in Howrah – from Shri Sambhu Narayan Goswami.
16. Declaration of Bankura and Purulia districts as draught areas

and Relief work in those parts--from Shri Kashinath Misra and 10 others.

17. Delay in publication of results by the Board of Secondary Education from Shri Kashinath Misra and 5 others.

18. Exemption from repayment of Agricultural and other loans by the small farmers of flood affected and draught affected areas from Shri Kashi Nath Misra and 11 others.

19. Committee for investigation into the incidence of large scale failures in examinations from Shri Kashinath Misra and 11 others.

20. Cease-work by the Class IV staff of the Berhampur Municipality from Shri Md. Dedar Baksh and Dr. Dkramul Haque Biswas.

21. Problem of recognition of Junior High and High Schools from Shri Md. Dedar Baksh and 2 others.

22. Sanction of Agricultural and other loans to the Cultivators in rural Bengal from Shri Md. Dedar Baksh and 2 others.

23. Scheduled Castes and Scheduled Tribes fisherman unemployed from Shri Md. Dedar Baksh and 2 others.

24. Eemployment for the unemployed - from Shri Md. Dedar Baksh and 2 others.

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টা আগেও উত্থাপিত হয়েছে। গত দু তিন বছরে যে রকমভাবে স্কুলগুলোকে রেকগনিশন দেওয়া হয়েছে, তাতে আমরা একটা খুব জটিল এবং খুব শক্ত পরিস্থিতির মধ্যে পড়েছি। আমরা নূতন স্কুলকে গ্রান্ট দেওয়া বন্ধ করে দিয়েছি। কারণ আমাদের অত্যন্ত টাকার অভাব। এই ব্যাপারে বোর্ড থেকে যে সার্ভে হচ্ছে, সেই সার্ভে অনুযায়ী হচ্ছে। আমরা এখন এই বিষয়ে একটা ইম্ব্যালেন্স অবস্থায় আছি, কারণ নূতন স্কুল কে রিকগনেশন দেওয়া মানে তাদের টাকা দেওয়া, সুতরাং আমাদের টাকা নেই বলে দিতে পারছি না।

(At this tage several members nose in this seats)

(Noise)

Mr Speaker ঃ –অনারেবল মেমবার্স, আপনারা যখন কোন একটা বিষয়ে এক্সপ্লানেশন চান বা ক্লারিফিকেশন চান, আই এ্যালাও দ্যাট, কিন্তু আনফরচ্যুনেটলি দু তিন জন মেম্বার এক সংগে বলতে আরম্ভ করেন, তার ফলে তার টোটাল এফেক্টটা জিরো হয়ে যায়, আপনারা যদি এক একজন করে বলেন তার একটা এফেক্ট আছে হাউসে। কিন্তু তিন জনে যদি এক সঙ্গে চিৎকার করতে থাকেন তাহলে তাতে কোন লাভ হয় না। এক জন যখন এক্সপ্যানেসন বা ক্লারিফিকেশন চান তখন যদি আর এক জন ধৈর্য সহকারে শোনেন তাহলে উভয়ের পক্ষেই সেটা লাভের হয়। কিন্তু অনেকেরই সেই ধৈর্য থাকে না, সেই জন্য আই য়্যাম টু পাস ওভার মিছি মিছি এভাবে বলতে দেওয়ার কোন মানে হয় না। একটি বিষয়ে আপনারা একজনই ক্লারিফিকেশন চাইবেন এটুকু ডিসিপ্লিন অন্ততঃ আপনাদের কাছে আশা করব, এক সঙ্গে সবাই বলবেন না।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রসঙ্গগুলি এখানে উঠেছে তার মধ্যে দুটি বিষয় [illegible] একটা বিষয় হচ্ছে হায়ার সেকেন্ডারী স্কুলে ভর্তি [illegible] আর এক [illegible] কতগুলি স্কুলের অনুমোদনের ব্যাপার। এ ছাড়াও আরো কতগুলি ব্যাপার, শিক্ষা সংক্রান্ত ব্যাপার নিয়ে আমাদের মধ্যে কনফিউসন হচ্ছে, যেমন হায়ার সেকেন্ডারী এবং স্কুল ফাইনাল পরীক্ষার রেজাল্ট নিয়ে যে ম্যাসাকার হলো [illegible], তার কোন অনুসন্ধান এখনও পর্যন্ত হলো না। এ ব্যাপারে বোর্ড এক রকম বিবৃতি দিচ্ছে, আবার বিভিন্ন মহল থেকে বিভিন্ন রকম মন্তব্য শোনা যাচ্ছে। অনেক রকম গাফিলতি, অনেক রকম জোচ্চুরী কথা শোনা যাচ্ছে এবং তার অনেক কিছুই আপনারা খবরের কাগজে দেখেছেন। তারপর হায়ার সেকেন্ডারী স্কুলে ভর্তি এবং সিলেবাস নিয়েও বহু জটিলতা সৃষ্টি হচ্ছে। তারপর স্কুল অনুমোদনের ব্যাপারে দেখা যাচ্ছে দীর্ঘদিন ধরে অনেকগুলি স্কুল স্পেসাল পারমিসন নিয়ে চলছে। এই রকম বহু সমস্যা রয়েছে, [illegible] সেটাকে সমর্থন করে আমি আপনাকে অনুরোধ করব যে এই শিক্ষা নিয়ে [illegible] আলোচনা হোক এবং তার জন্য সময় আপনি অনুমোদন করুন। শিক্ষা নিয়ে অনেক ব্যাপার আছে, এগুলি আলোচনা [illegible] মাননীয় শিক্ষা মন্ত্রী ক্লারিফিকেশন দিতে পারবেন। এই ব্যাপার গুলির সমাধানের দিকে তাকিয়ে [illegible] বিভিন্ন প্রান্তের ছাত্র এবং অভিভাবকরা উৎকণ্ঠিত হয়ে বসে আছেন। [illegible] কাছে আমরা কোন জবাব দিতে পারছি না।

সেই জন্য এই পবিত্র বিধান সভায় দাঁড়িয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এবং আপনার কাছে আবেদন করছি যে, আপনারা এ বিষয়ে একটা সুনির্দিষ্ট আলোচনার ব্যবস্থা করুন।

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ—স্পীকার স্যার, মন্ত্রী মহাশয় বলছেন যে, হাতে টাকা নেই এবং স্কুলগুলি খোলেনি। এদিকে কালকে এ্যাসেম্বলি বন্ধ হয়ে যাচ্ছে, যার ফলে উনি স্টেটমেণ্ট করতে পারছেন না, স্টেটমেণ্ট করতে অসুবিধা হচ্ছে। তাহলে আজকে উনি কথা দিন যে, উনি সপ্তাহে তিন দিন এ্যাসেম্বলিতে বসবেন এবং এম. এল. এ.-রা আসবেন তাদের সঙ্গে মিট করে তাদের কথা-বার্তা শুনে তার-পর ব্যবস্থা গ্রহণ করবেন। আমি এই প্রস্তাব রাখছি, উনি এ ব্যাপারে ওনার বক্তব্য রাখুন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে বিধান সভার সভ্যরা নতুন পাঠ্যক্রম নিয়ে শিক্ষা দপ্তরের মন্ত্রী এবং প্রতি মন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন, এটা নিশ্চয়ই মাননীয় শিক্ষা মন্ত্রী জানেন। আজকে যখন বিধানসভা চলছে এবং একটা জরুরী বিষয় নিয়ে বিভিন্ন সদস্য উদ্বেগ প্রকাশ করছেন, যে বিষয়টির সঙ্গে লক্ষ লক্ষ ছাত্রের ভাগ্য জড়িত এবং যার সঙ্গে সকল শ্রেণীর মানুষের আশা-আকাঙ্খা এবং উদ্বেগ জড়িত রয়েছে। সেই হিসাবে আজকে এখানে সরকার পক্ষ থেকে একটা সুনির্দ্দিষ্ট বক্তব্য এবং প্রস্তাব রাখার প্রয়োজন ছিল। আজকে বিধান-সভা চলছে এবং বিভিন্ন সভ্যরা তাঁর সঙ্গে আলাদা ভাবে এবং এক সঙ্গে দেখা করেছেন, এই বিষয় নিয়ে তার সঙ্গে কথা-বার্তা হয়েছে। অথচ একটা সুনির্দ্দিষ্ট বক্তব্য তার দপ্তরের পক্ষ থেকে তিনি রাখতে পারছেন না, যাতে বিধানসভার সদস্যরা খুশী হতে পারেন এবং বাইরের হাজার হাজার ছাত্র, অভিভাবককে খুশী করা যায়। মৃত্যুঞ্জয়দা আমাদের সকলের শ্রদ্ধার ব্যক্তি, তিনি হাজার বছর বাঁচুন, মৃত্যুকে জয় করুন। কিন্তু তিনি আজকে আমাদের প্রশ্নের জবাব দিচ্ছেন না, সুনির্দ্দিষ্ট প্রশ্নের জবাব দিচ্ছেন না, চুপ করে বসে আছেন, তিনি কোন সুনির্দিষ্ট বক্তব্য আমাদের কাছে রাখছেন না। তিনি সেটা রাখুন, সরকারের বক্তব্য কি সেটা তিনি বলুন।

[1-50—2-00 p. m.]

শ্রীশচীনন্দন সাঁউ ঃ—অনেক স্কুল যা ৪।৫ বছর ধরে চলছে তারা সরকারের টাকা চায় না শুধু recognition চায়, এটা দিতে পারবেন কিনা বলুন ?

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ—স্যার আপনি যখন স্বীকার করছেন ব্যাপারটা জরুরী তখন ১৯ তারিখ বন্ধ না করে আর একটা দিন ২০ তারিখ পর্যন্ত বাড়িয়ে দিয়ে সেদিন পূর্ণাঙ্গ আলোচনা করার জন্য তারিখটাকে ধার্য্য করুন। এই দুদিনের মধ্যে সমস্ত data সংগ্রহ করতে পারবেন। সুতরাং ২ hour discussion-এর প্রশ্ন এটা নয়। একটা পুরো দিন আলোচনার জন্য ধার্য্য করলে ভাল হয়।

শ্রীপ্রফুল্লকুমার মাইতি ঃ—স্যার মন্ত্রীমহাশয় statement করে বললেন স্কুল-গুলির ব্যাপারে imbalance আছে এবং যত্রতত্র স্কুলগুলিকে recognition দেওয়া হয়েছে। পর্ষদের সদস্য হিসেবে আমি এটা স্বীকার করছি না। বোর্ড যতগুলিকে দিয়েছেন সেদিকে D. P. I. ও দিয়েছেন। নূতন স্কুলকে recommendation-এর ব্যাপারে যেমন condition আছে সেসব তারা fulfill করেছে এইরকম report আছে। D P. I. যেগুলিকে recomend করেছেন তাদেরকেই দেওয়া হয়েছে। D. P.I. যদি দেন তাহলে inbalance কিভাবে হল? এখনও কয়েক হাজার পড়ে আছে।

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ– কার্য্যত আধ ঘণ্টা আলোচনা হয়ে গেল ৩ দিন করে বিধানসভায় বসতে আমার আপত্তি নেই। তাতে যদি সমস্যার সমাধান হয় তাহলে তাতেও রাজী আছি। আমি প্রায় working day-s ১১টা থেকে ৫টা পর্য্যন্ত অফিসে থাকি লাল আলো জ্বালি না। M. I. A-রা গেলে তাদের সঙ্গে দেখাও হয়। আমরা actin field-এ নেমে গেছি। আজ আর theorit ical-এর ব্যাপার নেই। করণগুলির এখানে আলোচনা হয়েছে। W. B. Higher Secondary Education Act Assembly পাশ করেছে। এবং এ নিয়ে এখানে আলোচনা সমালোচনাও হয়েছে। এখন এমন অবস্থা যে বিচার করার সময় নেই। আমার কাছে এখন facts নেই। কারণ এখন পূজার ছুটি চলছে। এই কারণে 10ht Nov it is a very long period for the last date of admission. The child has not been delivered by the mother. Hardly the hair and the head are visible but we do not know whether the will be male or fimale child. তার সম্বন্ধে সকলেই উদ্‌গ্রীব হয়ে আছেন কিরকম ছেলে হল, তার রঙ কি, মোটা হল কিনা দেখি—এটাও সেই ব্যাপার হয়ে যাচ্ছে। আপনার কাছে অনুরোধ এই ব্যাপার নিয়ে আরও বেশী দীর্ঘ সময় দেন তাহলে পরে আমি তা শুনবো এবং আমার বক্তব্য রাখার সুযোগ পাব। আমি সব খবর পাইনি। পেলে সংবাদ দিতে পারব।

MENTION CASES

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিধান সভায় এবং মাননীয় মন্ত্রী মণ্ডলীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখতে চাই। কিছুদিন আগে আপনারা সকলেই জানেন দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকায় দারুণ বন্যা হয়ে গেছে। বন্যার ফলে প্রায় ৭" হাজার লোক গৃহহারা হয়েছে, ১২ হাজার লোকের গৃহের ক্ষতি হয়েছে। এই বন্যায় ফলে আজকে যে অবস্থা হয়েছে সেটা বিধানসভায় রাখা দরকার এবং তা নিয়ে আলোচনা হওয়া দরকার, কারণ, কিছু দিনের মধ্যে হাজার হাজার লোক মারা যাবে অনাহারে। স্যার, আপনি জানেন বন্যা অন্য জেলায় এক রকম, ২৪ পরগনা জেলার অন্য রকম, এখানে বন্যায় লোনা জল ঢুকে। যেখানে লোনা জল ঢুকে সেখানে চাষ হয় না। ২" হাজার স্কোয়ার মাইলের ১১টি ব্লকে মিষ্টি জল নেই, গরু খাবার জল নেই। যে অঞ্চল এক ফসলী সেই এলাকা লোনা জলে নষ্ট হয়ে যাওয়ায় একটা ঘাস নেই, গরু খাবার সংস্থান নেই, মানুষেরও সংস্থান নেই। মানুষ তার সর্বস্ব দিয়ে এক বছর যে চাষ করে ছিল তা নষ্ট হয়ে গেছে। আগামী বছর যতদিন না ধান কাটতে পারছে ততদিন তাদের খাবার সংস্থান নেই। আজকে পাথর প্রতিমা, নামখানা, সাগর, মথুরাপুর ব্লক -২, কুলতোলি, বাসন্তি, এই সমস্ত [illegible] থেকে [illegible] হাজার লোক গ্রাম ছেড়ে চলে আসছে। স্যার, আপনি যদি গিয়ে দেখেন তাহলে দেখবেন কয়েকটি অঞ্চলে দুর্বা ঘাস পর্যন্ত নেই, মনে হবে [illegible] মাইল ধান কাটা হয়ে গেছে। গরু মানুষের খাবার মত উপযুক্ত জল নেই। সরকারী জি, আর, টি, আর, [illegible] যা বোঝায় তাতে কিছু হবে না। কারণ, এক বছর তাদের খাবারের ব্যবস্থা করতে হবে। যে দুরবস্থার মধ্যে তারা আছে তাতে সরকারের যে সাহায্য ব্যবস্থা তা অত্যন্ত সামান্য। সরকারের যে লঙ টার্ম রিলিফ দেবার ব্যবস্থা তাও যথেষ্ট নয়, এবং কোন পরিকল্পনা আছে বলে আমার জানা নেই। আমরা এই নিয়ে বলেছি, টি, আর, স্কীমে কাজ হবে, অন্যভাবে কাজ হবে, কিন্তু যে অঞ্চল এক ফসলী, সেখানকার সেই একটা ফসল নষ্ট হয়ে গেছে, সামনের বছর ডিসেম্বর মাস পর্যন্ত তাদের বসে খাওয়াতে হবে। ৭ হাজার একর জায়গা নষ্ট হয়েছে বলে সরকারী মতে ঘোষণা, কিন্তু আমার মনে হয় আরো কয়েক ৭ হাজার একর নষ্ট হয়েছে। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে জানাতে চাই এই নিয়ে আলোচনা করুন ৫।৭টা ব্লকের লোক কি করে বাঁচবে। সবচেয়ে দুঃখের কথা যারা মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত তাদের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে তারা মাঠে খাটতে যেতে পারে না, জি, আর, নিতে যেতে পারে না, জমিই তাদের একমাত্র ভরসা। সেই ভরসার উপর নির্ভর করে চাষ করেছিল, তাদের

কি অবস্থা, তাদের রিলিফ নেই, তারা মাঠে যাইতে যেতে পারে না, জমি চাষ করবার টাকা নেই, খাবার সংস্থান নেই। খাদ্যমন্ত্রী আছেন, তিনি ঋণ খাজনা আদায়ের ব্যবস্থা করবেন। ফুড মিনিস্টার ও অঞ্চলের লোডার লিস্ট করে পাঠাবেন। আমি খাদ্যমন্ত্রীকে বলব অবিলম্বে খাজনা মকুব করতে হবে এবং ফুড মিনিস্টারকে বলব ঐ অঞ্চলকে লোডার আভতা মুক্ত করা হোক। আমি এই বিষয়ে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

[2-00—2-10 p.m.]

শ্রীঅসমঞ্জ দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। মহাকবি কৃত্তিবাসের জন্ম পরিস্থান ফুলিয়া গ্রাম শুধু আমাদের নদীয়া-শান্তিপুরের গর্বের বিষয় নয়, এটি সারা পৃথিবীর গর্ব এবং গৌরবের বস্তু। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং প্রত্নতাত্ত্বিক বিভাগের মন্ত্রীমহাশয়ের নিকট দাবী করছি, আবেদন করছি সরকার অগ্রণী ভূমিকা নিয়ে মহাকবি কৃত্তিবাসের স্মৃতি সংরক্ষণের দায়িত্ব গ্রহণ করুন। আমি একথা নিশ্চয়ই স্বীকার করি এই স্মৃতি সংরক্ষণের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার ছোট একটি গ্রন্থাগার তৈরী করেছেন। আমি দাবী করছি মহাকবি কৃত্তিবাসের স্মৃতি সংরক্ষণকে যদি সার্থক করে তুলতে হয় তাহলে এই গ্রন্থাগার লাইব্রেরীকে পূর্ণাঙ্গ মর্যাদা দিয়ে সরকার। গ্রন্থাগারে বহুপাণ্ডুলিপি করা হোক। আমরা একটা সংগ্রহশালা করেছি কিন্তু সেখানে সরকারী অনুদানের পরিমাণ অতি সামান্য। আমরা বিভিন্ন ভাষায় লেখা এবং বিভিন্ন কবি ও লেখকের লেখা রামায়ণের পাণ্ডুলিপি সংগ্রহ করেছি। আজকে আমরা লক্ষ্য করছি পশ্চিমবাংলার বিভিন্ন কবি, সমালোচক এবং সাহিত্যিকদের মধ্যে রামায়ণের বিষয় নিয়ে রামায়ণের উৎপত্তি নিয়ে, তার বিষয়বস্তু নিয়ে নানারকম তর্ক-বিতর্ক চলছে। এই অবস্থায় আমি মনে করি এই সংগ্রহশালার উন্নয়ন প্রয়োজন। আমরা চাই বাংলাদেশের কবি, সাহিত্যিক এবং সমালোচকদের মধ্যে যে দ্বিমত উপস্থিত হয়েছে তার অবসান ঘটিয়ে একটা সিদ্ধান্তে আসা যাক এবং তার জন্য এই সংগ্রহ-শালার বিস্তারের ব্যবস্থা হোক। আমি মনে করি রামায়ণের আদর্শ বাংলাদেশে গ্রামে গ্রামে, [illegible] প্রচারের ব্যবস্থা [illegible] হোক। এবং এই প্রচার করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে রামায়ণ প্রকাশের ব্যবস্থা করা হোক। আমরা চাই বাংলাদেশের এই অগণিত অশিক্ষিত এবং নিম্ন শ্রেণীর লোক যাদের সংখ্যা প্রায় শতকরা ৭০ ভাগ তাদের কাছে রামায়ণের মহৎ আদর্শ প্রচার করার ব্যবস্থা করা হোক।

আমরা কৃত্তিবাস স্মৃতি সংরক্ষণ কমিটির পক্ষ থেকে রামায়ণ প্রকাশ করবার জন্য কয়েক লক্ষ টাকার পরিকল্পনা পেশ করেছিলাম। আমি জানিনা পশ্চিমবঙ্গ সরকার কি চিন্তা করে মাত্র ১৬ হাজার টাকা বরাদ্দ করেছেন সমস্ত রামায়ণ ছবিসহ প্রকাশ করবার জন্য। আমি অনুরোধ করছি এই টাকার বরাদ্দ বাড়ান হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রত্নতত্ত্ব বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, এই ফুলিয়া গ্রাম ভারতবর্ষের হাজার হাজার মানুষের কাছে একটি আদর্শ স্থান। আমরা কৃত্তিবাসের জন্মভূমির উন্নয়নের জন্য এবং সেখানে একটি টুরিষ্ট লজ তৈরী করবার ১ লক্ষ ৩৭ হাজার ৫১২ টাকার একটি পরিকল্পনা পেশ করেছিলাম। শুনেছি সেটা নাকি এখনও সেক্রেটারীর টেবিলে পড়ে রয়েছে। আমি দাবী করছি কৃত্তিবাসের জন্মস্থানের দায়-দায়িত্ব সরকারীভাবে গ্রহণ করা হোক, সেখানে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হোক, সেখানকার রাস্তাঘাটের উন্নতি এবং সংস্কার করা হোক। আগামী ৮ই ফেব্রুয়ারী মহাকবি কৃত্তিবাসের শুভ জন্মদিন। প্রতি বছর এই জন্মদিনে সেখানে একটি মেলা বসে। আমরা প্রতি বছর এই সময় সেখানে একজন মন্ত্রীকে নিয়ে যাই। আমাদের শিক্ষামন্ত্রীমহাশয়ও একবার সেখানে গিয়েছিলেন এবং তখন তাঁর কাছ থেকে এই ব্যাপারে আমরা কিছু প্রতিশ্রুতিও পেয়েছিলাম। দুঃখের বিষয় আজ পর্যন্ত সেটা কার্যকরী হয়নি। আমরা স্মৃতি সংরক্ষণ কমিটির পক্ষ থেকে সমস্ত জমি এবং সম্পত্তি তুলে দিতে চাই কাজেই সরকার এগিয়ে এসে মহাকবি কৃত্তিবাসের স্মৃতি সংরক্ষণের ব্যবস্থা করুন। আমি প্রত্নতত্ত্ব বিভাগের মন্ত্রীর নিকট বিশেষভাবে অনুরোধ রাখছি তিনি কৃত্তিবাসের স্মারক স্মৃতি নির্মাণের জন্য ব্যবস্থা করুন। সুব্রতবাবুর কাছে অনুরোধ করছি তিনি ওই টাকা মঞ্জুরের ব্যবস্থা করে কৃত্তিবাসের স্মৃতি স্তম্ভের উন্নয়নের ব্যবস্থা করুন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই হাউসের সদস্যদের এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে এবারে পশ্চিমবাংলায় জলাভাবে অনেক জায়গায় ধানের ফলন যা হওয়া উচিত ছিল তা না হবার আশংকা আছে। একথা ইতিপূর্বে এই হাউসে অনেক মাননীয় সদস্য বলেছেন এবং জল এখন নাবিয়ে আনা যা স্বভাবতঃ সরকার এটা চেষ্টা করবেন প্রকৃতি যদি জল দেন ভাল কথা এবং না দেন তাহলে এই বিষয়ে কোন সন্দেহ নাই যে গুরুতর ফসল হানি হবে। ইতিমধ্যে ব্যাপক এলাকায় বীরভূম, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, এবং উত্তরবঙ্গের কতকগুলি জায়গায় খুব

ক্ষতি হয়েছে। আমি যে বিষয়টির প্রতি নজর রাখার জন্য বলছি এই জলাভাবের দরুন শুধু যে আমন ফসল মার খাচ্ছে তা নয় কোন জলাধারে উপযুক্ত পরিমাণ জল ধরা রইল না যাতে করে বোরোয় যে জলটা দেওয়া যায় সেই জলটা যথা সময়ে জলটা দেওয়া যাবে। ইতিমধ্যে যদি বড় বৃষ্টি হয় তাহলে আলাদা কথা, যদি না হয় তাহলে আমন ফসলের উপরে বোরোয় জল দিতে না পারার জন্য আমাদের পশ্চিমবাংলার ফসলের একটা বড় অংশ গুরুতর নষ্ট হতে পারে। আমি অনেক আগে সময় থাকতে এই বিষয়টা দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ এই ঘটনা যদি ঘটার আশংকা থাকে যা আজ পর্যন্ত রয়েছে সুতরাং যদি এখনই এর প্রতিকার না করেন তাহলে সত্যিই গুরুতর পরিস্থিতি সৃষ্টি হবে। এই পটভূমিকাতে দাঁড়িয়ে বিশেষ করে বিভিন্ন এলাকার ডিপটিউবেল এর ব্যবস্থা না করেন খরাকে ফাইট করবার জন্য বোরোতে জল দেবার জন্য এখন থেকে যদি পরিকল্পনা না করা যায় তাহলে ভবিষ্যত এ সত্যিই মুসকিল হবে। কংসাবতী জলাধারের কথা আমি জানি এমন কি আমন ধানে জল দেবার উপায় নাই। ময়ূরাক্ষীরও সেই একই অবস্থা এবং দামোদরের ও সেই অবস্থা। সবই এক অবস্থা, তাহলে এই জল খুব বড় ভাবে সাপ্লিমেণ্ট করা না হয় বোরোর জল পাওয়া মোটেই যাবে না। এর আগে আমি এই হাউসের অনেকবার দৃষ্টি আকর্ষণ করেছি যে পাঞ্জাবে যে স্কীম করে সমস্ত ক্যানেলের পাশে টিউবেল করে জল দেওয়া হয় সেই রকম ব্যবস্থা গ্রহণ করবার জন্য এখানে অনুরোধ করছি। স্যার, আপনার নিজের এলাকায়ও আপনি এ্যফেক্টেড হয়েছেন। আপনার মাধ্যমে জল নিয়ে যারা যুক্ত তারা এখানে কেউ নেই কিন্তু জল না হলে টোটাল পশ্চিমবঙ্গের ফল নিয়ে যারা যুক্ত সেই মন্ত্রীসভার কাছে আমি সনির্বন্ধ অনুরোধ করছি এই বিষয়ে যাতে জরুরী বিষয় ধরে আলোচনা করে অবিলম্বে একটা পরিকল্পনা গ্রহন করেন তারজন্য অনুরোধ করছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে বর্ধমান জেলায় জামালপুর থানায় বাহাদুর সোদপুর গ্রামে কলেরার প্রাদুর্ভাব হয়েছে, এবং কলেরার প্রাদুর্ভাবের ফলে প্রহ্লাদ সিং বাসনা ভূমি এবং লটু সিং এই তিন জন মৃত্যু বরণ করেছে। গত ৭ তারিখে এই এলাকায় কলেরার প্রাদুর্ভাব দেখা যায়। এই এলাকা আদিবাসী এলাকা এবং এই কলোনীতে কেবল আদিবাসীরাই বাস করেন। সেখানে প্রায় ১০০ ঘর কলেরায় আক্রান্ত হয়েছে এই সংবাদ আমি ৮ তারিখে পাই। আমাদের বর্ধমান এর চীফ মেডিক্যাল অফিসারকে এই বিষয়ে অবহিত করি। তিনি বলেন আমি যাব এবং তার পরে বলেন ডিসট্রিক্ট হেল্থ অফিসার যাবে এবং তারপরে যখন শোনেন যে প্রায় দুই মাইল পদব্রজে যেতে হবে তখন সকলেই পশ্চাত অপসারণ করেন।

[2-10—2-20 p. m.]

এবং অপসারণ করার পর একটা চিঠি দেন থানার প্রাইমারি হেল্থ সেন্টারের ডাক্তারবাবুকে যে তিনি যেন অবিলম্বে গিয়ে ব্যবস্থা গ্রহণ করেন। তারপর প্রাইমারি হেল্থ সেণ্টারের ডাক্তারবাবু তিনি আবার সাবসিডিয়ারি হেল্থ সেণ্টারের ডাক্তারবাবুকে গিয়ে বললেন যে আপনি যান, গিয়ে ব্যবস্থা করেন। দুঃখের বিষয় এই অঞ্চলের অদিবাসী, যারা চির লাঞ্ছিত, বঞ্চিত সেই মানুষকে দেখবার মত কোন সরকারী সাহায্য গিয়ে পেণছায়নি। দুঃখের কথা, কেবলমাত্র স্যানিটারি ইন্সপেক্টার বা তার দলের যে লোক তারা গিয়ে ইনাকুলেশন দেয় এবং সেটা এপিডেমিক মেজার হিসাবে তারা নিয়েছে। নেওয়ার পরেও একজন মারা গিয়েছে। দুঃখের কথা এই যে সেই অঞ্চলে একটা পানীয় জলের কল নেই, সেখানে একটিমাত্র কল সেটাও অকেজো হয়ে গিয়েছে যার ফলে তারা এখন পানীয় জলও পাচ্ছে না। আমি মাননীয় মণ্ত্রী মহাশয়কে বলেছিলাম তাতে তিনি খুব রাগাণ্বিত হয়েছিলেন কিন্তু আমি তাঁকে ব্যক্তিগতভাবে কিছু বলিনি। তিনি যদি কিছু মনে করে থাকেন তার জন্য আমি দুঃখিত। কিন্তু তাঁর দপ্তরের যে গদাইলস্কর চালের অবস্থা এবং তাঁর দপ্তরে দিনের পর দিন যে অবস্থা দেখতে পাওয়া যাচ্ছে যার ফলে আমরা না বলে পারছি না। মাননীয় স্পীকার মহাশয়, এখানে স্বাস্থ্য মণ্ত্রী উপস্থিত আছেন তাঁকে নিবেদন করবো যে এখানে এমন অবস্থা হয়েছে, পাশাপাশি গ্রামে কোন ডাক্তার নেই যারজন্য আজকাল কোয়্যাক ডাক্তার ইনজেকশন দিচ্ছে বা যাকে বলে স্যালাইন দিচ্ছে এবং তা দেবার পরেও লোক মারা যাচ্ছে। এমন অবস্থা সেখানে হয়েছে যে একজন পাশ করা ডাক্তার আমি গতকাল পর্যন্ত দেখলাম পেণছায়নি। তাই, মাননীয় স্পীকার মহাশয়, এই আদিবাসীদের রক্ষা করবার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বললেন আমি নাকি রাগাণ্বিত হয়েছিলাম কিন্তু তিনি আমাকে এই ঘটনা কোনদিন বলেননি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ সফিউল্লা সাহেবের ব্যাপারে কমিটি গঠন করার সময় বলেছিলাম তখন আপনি রাগান্বিত হয়েছিলেন।

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ মাননীয় সদস্যকে আমি জানাই যে তিনি আমার অনেকদিন আগে থেকে রাজনীতিতে রয়েছেন এবং তিনি বর্ধমানের একজন শ্রদ্ধেয় নেতা। আমি কোন দিন কারো উপর রাগাণ্বিত হয়নি যদিও অনেকে আমাকে রাগাবার চেষ্টা করেন।

ডাঃ ওমর আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের তমলুক মহকুমার ৫টি ডেভালপমেণ্ট ব্লকে প্রায় ১ লক্ষ একরের বেশী জমি স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাত হলেও প্রতি বৎসর জলে ডুবে যায় এবং ফসল নষ্ট হয়। এই বৎসর যখন চারদিকে খরা এবং যখন কম বৃষ্টিপাত হয়েছে তখনো এই এলাকা জলে ডুবে গিয়েছে। গত ২০।২২ বৎসর ধরে এই পাঁচটি ব্লক এলাকার লোকেরা যাতে এই সমস্ত জমির জল নিকাশ হতে পারে তার ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের কাছে আবেদন নিবেদন করে এসেছে কিন্তু শেষ পর্যন্ত তা কার্যকরী হয়নি। কয়েক বৎসর আগে আমরা শুনেছিলাম তমলুক মাষ্টার প্ল্যান বলে একটা পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, সেই পরিকল্পনা কার্যকরী হলে পর এই এলাকার জল নিস্কাশন হতে পারে। কয়েক দিন আগে আমরা একটা আলোচনায় বসেছিলাম এবং সেই আলোচনায় আমাদের শ্রদ্ধেয় অজয়দা, অজয় মুখোপাধ্যায়, তিনিও উপস্থিত ছিলেন। আমরা অফিসারদের সংগে আলোচনা করে যা জানলাম তাতে বুঝলাম তমলুক মাষ্টার প্ল্যানের ব্যাপারটা এখন প্রায় ২০ হাত জলের তলায় রয়েছে। যদিও তারা অনেক চেষ্টা করেছেন যত তাড়াতাড়ি সম্ভব এই রকম একটা পরিকল্পনা তৈরী করার জন্য। কিন্তু এখন যে অবস্থা এই মাষ্টার প্ল্যান করার সপক্ষে যদি কতকগুলি গুরুত্বপূর্ণ খাল, সোয়াদীঘি, গঙ্গাখাল, দেওয়ান খাল প্রভৃতি সংস্কার করা না হয় তাহলে প্রতি বৎসর বন্যার জলে ফসল নষ্ট হয়ে যাবে। এই মাষ্টার প্ল্যানের বাইরে আমার এলাকায় অত্যন্ত একটি গুরুত্বপূর্ণ ড্রেনেজ স্কীম —খেরাই বাগদী ড্রেনেজ স্কীম যে স্কীমটা ডেবরা এবং পাঁশকুড়ার বিস্তীর্ণ এলাকার জল নিস্কাশন করে সেই স্কীমটি গৃহীত হয়েছে, রাজ্য রাজ্য সরকার মঞ্জুর করেছেন শুনেছি ১ লক্ষ ৮৬ হাজার টাকা ব্যয় হবে কিন্তু এখন শুনছি হঠাৎ কোন একটা অজ্ঞাত কারণে এই স্কীমটা কার্যকরী করা সম্ভব হচ্ছে না যদিও সেচ মন্ত্রী মহাশয় আমাকে বলেছিলেন যে ৩০ লক্ষ টাকা তিনি এই স্কীমের জন্য রেখেছেন।

সুতরাং যে কারণে স্কীম কার্যকরী হচ্ছে না আমি অনুরোধ করবো যে সেই কারণগুলি দূর করুন যাতে তমলুক মাষ্টার প্ল্যান গ্রহণ করা হয়। তার জন্য আমি মন্ত্রীসভাকে অনুরোধ করছি।

শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত : মাননীয় স্পীকার মহাশয়, আমি মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শংকর রায় এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী তরুণকান্তি ঘোষ মহাশয়ের দৃষ্টি একটা গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। একদিন পশ্চিমবাংলার শিল্প এবং বাণিজ্যের

গৌরব উচ্চ শিখরে ছিল, আজকে সেই গৌরব লুপ্ত প্রায়, হিমালয়ের উচ্চ শিখরে যে গৌরব উপনীত হয়েছিল, আজকে সেখান থেকে বিচ্যুত, ভূতলে ভূপাতিত, এই অবস্থা। আমরা ফারাক্কা শিল্প উপনগরীকে উপেক্ষা করতে পারিনা। এমন একটা অবস্থা যে টাকার অংকে এই শিল্প নগরীর মূল্যমান অন্ততঃ ২০ কোটি টাকা। সেখানে রাস্তা রয়েছে, ইলেকট্রিক রয়েছে, প্রাসাদোপম অট্টালিকা রয়েছে, সাধারণ মানুষের বাসস্থান রয়েছে, জলের সুযোগ রয়েছে, সেই স্থান পাটনা তথা বিহারের উপকণ্ঠে, আসামে যাবার একটা সংযোগস্থল, উত্তরবঙ্গের সংযোগ স্থানে এই শিল্প উপনগরী, গরীব লোকের ২০ কোটি খরচ করে তৈরী হয়েছে। সেই উপনগরী রাজকে ধ্বংসের মুখে, অদূর ভবিষ্যতে সেটা ধ্বংসস্তূপে পরিণত হবে। তখন আমাদের ভবিষ্যত বংশধরেরা এর দিকে তাকিয়ে বলবে। আমরা অকর্মণ্য অপদার্থ, তাই এর সুযোগ সুবিধা গ্রহণ করতে পারিনি। পশ্চিমবঙ্গে আজকে ভয়াবহ বেকারী দেখা দিয়েছে, সেই বেকারীর জ্বালা প্রতিনিয়তই আমরা অনুভব করছি। আমাদের ছোট্ট আঙিনায় হাজার হাজার যুবক বেকার ছেলে আসে চাকুরির আশায়, আমরা তাদের ফিরিয়ে দিই। তাদের চোখের জলে দুঃখের সাগরে কোন অমৃত আসবে না, সেখানে সৃষ্টি হচ্ছে গরল। সেটা প্রগতি, না অগ্রগতির চিহ্ন? আমি আপনার মাধ্যমে দাবী করব এবং আশা করব যে একটা ব্যবস্থা হবে। আপনি জানেন '৪২ সালে যখন খাদ্যের দুর্ভিক্ষ হয়েছিল সেই মনন্তরের সময় গ্রাম বাংলা থেকে কলকাতা পর্যন্ত আওয়াজ শুনে ছিলাম ফ্যান ফ্যান দাও, আর আজকে ১৯৭২ সাল থেকে শুনতে হচ্ছে বেকারত্বের জ্বালায় চাকুরি চাকুরি দাও। আমরা অনেকে অনেক কথা শুনেছিলাম, অনেক সুযোগ সুবিধা তৈরী হচ্ছে, ইণ্ডাসট্রিয়েল ডিভেলপমেণ্ট প্ল্যান হয়েছে, ফিনান্স কর্পোরেশন তৈরী করেছেন, লাইসেন্স প্রথা অনেক শিথিল করে দিয়েছেন কিন্তু আমরা কোন সুযোগ সুবিধাই নিতে পাচ্ছি না। তাই পশ্চিমবাংলার অর্থনৈতিক পুর্নবাসনের জন্য, হৃত গৌরব পুনরুদ্ধারের জন্য বেকারের জ্বালা চিরদিনের উপশমের জন্য ফারাক্কা উপনগরীকে শিল্প উপনগরীতে অবিলম্বে রূপান্তরিত হোক. এই দাবী উপস্থিত করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন হলো পশ্চিম-বাংলার খরা নিয়ে অনেক আলোচনা হল। আপনি জানেন সেই খরার হাত থেকে কালনা মহকুমার নলডাঙা পূর্বস্থলী বাদ যায়নি। এই সঙ্গে আর একটা গুরুতর ব্যাপার জড়িত আছে। আমাদের এলাকায় খরা হয়, আমার এলাকায় কোন ক্যানাল নাই। এর মোকাবিলা করার জন্য ডিপ টিউবওয়েল রিভার পাম্প-এর ব্যবস্থা করা

হয়েছিল, দুর্ভাগ্যবশতঃ কিছু ডিপ টিউবওয়েল এবং রিভার পাম্প যা মঞ্জুর হয়েছে দু তিন বছর হল, তাদের স্টাফ রয়েছে, মেশিন রয়েছে, কিন্তু সেগুলি চালু হয়নি। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় এইবারে এই অঞ্চলের গঙ্গার পার্শ্ববর্তী এলাকা দিয়ে হাজার হাজার কিউসেক জলে চলে গেল সেখানে রিভার পাম্প আছে, অপারেটার আছে, নাইট গার্ড আছে, অন্যান্য কর্মচারী রয়েছে, অথচ সেগুলি চালু হয়নি, সেখানে যে ডীপ টিউবওয়েল মেশিন বসেছে তা চালু হয়নি, পাইপ লাইন চালু হয়নি। সেখানে দারুণ খরা, সেগুলি যদি চালু করা যেত চাষীদের মনে কিছুটা শান্তি আসত, তাদের মধ্যে সান্ত্বনা পেত এবং সমস্যার সমাধান কিছুটা করা যেত। আপনি খরার ব্যাপার নিয়ে মাননীয় মন্ত্রী মণ্ডলী ব্যবস্থা গ্রহণ করছেন, আলোচনা করছেন। কিন্তু কয়েকটি বিষয় যেগুলি আশু প্রয়োজন দু তিন বছর ধরে যেগুলি সেখানে রয়েছে কেন চালু হবে না দেখা দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই বিষয়ে জানতে চাই।

[220—230 p. m.]

Shri Rabindranath Bera :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা mention করতে চাইছি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিশেষ করে সরকারী ঔদাসীন্যের ঘটনাটা আরো বেশী গুরুত্বপূর্ণ সেটা আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রীসভা তথা মুখ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষন করছি। আপনি জানেন স্যার, আমাদের মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর ব্লক এক এবং ব্লক দুই। কিন্তু এই এক নম্বর ব্লক পশ্চিমবঙ্গে একটি অখণ্ড অংশ হয়েও স্থল পথে সমগ্র পশ্চিমবঙ্গ তথা মেদিনীপুর জেলা থেকে যেন আলাদা হয়ে যাচ্ছে কোন যোগাযোগের ভাল ব্যবস্থা নাই। মাঝখান দিয়ে সুবর্ণরেখা নদী বয়ে গেছে। প্রতিদিন হাজার লোককে ঐ নদীর এক পাড় থেকে অন্য পাড়ে যেতে হয়। ১৯৭৩ সালে যখন মেদিনীপুরে মন্ত্রীসভার অধিবেশন বসে তখন সেই অধিবেশনে মুখ্যমন্ত্রী মন্ত্রীসভার যৌথ দায়িত্ব নিয়ে ঘোষণা করেন সুবর্ণরেখা নদীর উপর অবিলম্বে একটা ব্রীজ তৈরী করা হবে। আজ চার বছর হতে চললো—এখনো তার কোন চিহ্ন আমরা দেখতে পাচ্ছি না। কিছু ইট ইত্যাদি সেখানে ছড়ান ছিটান রয়েছে—আসলে কোন কাজ সেখানে আরম্ভ হয় নাই। সেখানে বিখ্যাত রাজনৈতিক নেতার বাড়ী রয়েছে যিনি স্বাধীনতা আন্দোলনের পুরোধা ছিলেন। অবিলম্বে সুবর্ণরেখার উপর মুখ্যমন্ত্রীর ঘোষিত সেই ব্রীজটার যাতে কাজ আরম্ভ হয় সেজন্য মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Bhupal Chandra Panda :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বর্তমান জরুরী পরিস্থিতির মাধ্যমে বাংলাদেশের কলকাতায় এবং কলকাতার আশে পাশে যে সমস্ত ক্ষুদ্র কুটীর শিল্প ও ছোট মাঝারি শিল্প গড়ে তোলার জন্য কুটীর শিল্প মন্ত্রী উদ্যোগ গ্রহণ করেছেন। আবার ছোট খাট শিল্প যেগুলি আছে তাদের মালিক পক্ষের আক্রমণ যেখানকার শ্রমিক ভাইরা ব্যাপক ছাঁটাইয়ের সম্মুখীন হয়ে পড়েছেন। আপনার মাধ্যমে সেই বিষয়টা এখানে তুলে ধরতে যাচ্ছি, উত্তর কলকাতায় ৭নং ট্র্যাংক রোডে একটি মালিক পরিবারের চারটি কারখানা আছে হিমালয় পেপার বোর্ড মিলস্ প্রাইভেট লিমিটেড, হিমালয় পেপার মেশিনারী প্রাইভেট লিমিটেড, পি-জি-বোর্ড মিলস, পি, জি. পেপার মিলস্ লিমিটেড। সেই চারটি কারখানায় ৩২৮ জন শ্রমিক কাজ করেন। সেখানে যে সমস্ত জিনিষপত্র যন্ত্রপাতি তৈরী হয় তার মূল্য ও চাহিদা যথেষ্ট আছে। তা সত্ত্বেও মালিকপক্ষ গত সেপ্টেম্বর মাসে ঘোষণা করেছিলেন যে আর কোন মহার্ঘভাতা কাউকে দেওয়া হবে না। কাজেই সেই ১৪২ টাকার মহার্ঘভাতা বন্ধ করে দেওয়া হয়েছে। সে সম্বন্ধে কিছু বলতে গেলে চার জন শ্রমিককে সঙ্গে সঙ্গে ছাঁটাই করে দেওয়া হয়েছে। শ্রমিকরা বলছেন—সেই সব কারখানায় লাভ হচ্ছে। এই হিমালয় পেপার মিলস্ প্রাইভেট লিমিটেডের নতুন একটি শাখা কারখানা স্থাপন করা হয়েছে দিল্লীতে। এই সব কারখানায় যখন সম্প্রসারণ হচ্ছে তখন শ্রমিকদের বলা হচ্ছে কোন লাভ হচ্ছে না।

সুতরাং সমস্ত রকম অধিকার নষ্ট করে বঞ্চনার ভিতর দিয়ে শ্রমিকদের স্বল্প মজুরী দিয়ে তারা ম্যাকসিমাম কাজ কারছে এবং শেষ এবং বঞ্চনা চাপাতে চাইছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে শ্রম বিভাগের। কারণ এইগুলোর মালিক হলেন ভূতপূর্ব কেন্দ্রীয় মন্ত্রী পরিমল ঘোষ এবং তাঁর স্ত্রী শ্রীমতী মাধুরী ঘোষ এবং তাঁর পুত্র। কাজেই আপনাদের প্রত্যক্ষ হস্তক্ষেপ ছাড়া বিশেষ করে শ্রম বিভাগের এই শ্রমিক সাধারণের কোন উপায় নেই। জরুরী অবস্থায় শ্রমিক সাধারণের উপর এই রকম অত্যাচার প্রতিহত করার জন্য এগিয়ে আসুন।

শ্রীঅশ্বিনী রায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই আপনার মাধ্যমে। গত দু সপ্তাহ ধরে বর্ধমান জেলার রেশনের দোকানের যে ধরণের গম দেওয়া হচ্ছে তা মানুষের খাওয়ার উপযুক্ত নয়। বিশেষতঃ বর্ধমান জেলার যে সমস্ত হোল সেল কনজিউমারস কো-অপারেটিভ আছে, তারা রেশন দোকানে গম দেয়। কিন্তু গত দু সপ্তাহে এই ধরণের গম তারা শহরে সরবরাহ করেছে এবং শহরের মানুষ এইজন্য উদ্বিগ্ন। এইজন্য তারই একটা নমুনা

আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে পাঠাতে চাই। তিনি তদন্ত করে দেখুন এই ধরণের গম মানুষের খাওয়া উচিত কিনা এবং তার প্রতিকার আমি আপনার মাধ্যমে দাবী করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয় –বাঙ্গালীর প্রিয় জিনিষ মাছ ভাত সে দুটোই প্রায় উঠে যাবার পথে। আপনি জানেন মাঝে মধ্যে বাজার থেকে কিছু কিছু জিনিষ উধাও হয় এবং সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যায়। এই রকম একটা জিনিস মাছ। মৎস্য মন্ত্রী এখানে বসে আছেন, আমি তাঁর কাছে কয়েকটা প্রশ্ন রাখতে চাই। আপনি জানেন সম্প্রতি সমস্ত পশ্চিম-বঙ্গে মাছের দাম আকাশ-ছোঁয়া হয়ে গিয়েছে এবং সরবরাহ অত্যন্ত কম এবং যেটুকু সরবরাহ আছে সেটুকু ন্যায্যমূল্যে সাধারণ মানুষের পাওয়া উচিত, কিন্তু সেই দামে পাওয়া যাচ্ছে না। সরকার থেকে বহু পুকুরে পোনা সরবরাহ করা এবং সরকারের ফিস কম্পোজিট ফার্মও বহু জায়গায় সরবরাহ করেছেন। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পুকুর ও ভেড়ী যে মৎস্য উৎপাদন হয় তার কষ্ট অফ প্রোডাকসান পার কে, জি ৫/৬ টাকা বেশি পড়ে না। অথচ সেই ভেড়ী বা পুকুরের মাছ যখন বাজারে যায় কি দরে কিনতে হয় তা সকলেই জানেন। আমি পরিস্কার ভাবে জানতে চাই মাননীয় মৎস্যমন্ত্রী কি পদক্ষেপ নিতে চায় বা কি ভাবছেন। পশ্চিমবঙ্গের আড়তদার এবং ঠাণ্ডাঘরের মালিক তারা চক্রান্ত করে পশ্চিমবঙ্গে যেটুকু মাছ হয় তার দাম আকাশ ছোঁয়া করে দেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন অনেক ভেড়ী এবং পুকুরের মালিক পরিস্কার করে বলেছেন আমরা সস্তাদরে মাছ দিতে পারি যদি আড়তদার বা কোল্ড ষ্টোরেজের মালিকদের অত্যাচারের হাত থেকে তাঁদের বাঁচানো হয়। যে সব পুকুর এবং বিলে সরকারী পোনা সরবরাহ করা হয় এবং ফিস কম্পোজিট ফার্ম থেকেও দেওয়া হয় সেই সব মাছ নিয়ে সরকারী ষ্টলের মাধ্যমে বা সরকারী এজেন্ট বা কো-অপারেটিভের মাধ্যমে কি করে সাধারণ মানুষকে সরবরাহ করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি মৎস্য মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

[2-30—-240 p. m.]

শ্রীআবদুলবারি বিশ্বাস :—এতক্ষণ তো অনেক গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা হোল আমি মনে করি আমার বক্তব্যও যে কম গুরুত্বপূর্ণ তা নয়। আমাদের প্রধান মন্ত্রী কর্তৃক ঘোষিত ২০ দফা অর্থনৈতিক কর্মসূচী এবং আমাদের কংগ্রেস দলের কর্মসূচী অনুসারে আমরা বর্গাচাষীদের স্বার্থ সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমি

আশা করি আমরা সেই দায়িত্ব পালনে সমর্থ হবো। আমরা ভাগচাষীদের স্বার্থ সংরক্ষণে যেমন প্রতিশ্রুতিবদ্ধ তেমনি প্রকৃত ভূমিহীনদের উদ্বৃত্ত খাস জমি বণ্টনের জন্যও প্রতিশ্রুতিবদ্ধ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কতকগুলি প্রশ্ন আপনার সামনে তুলবো একটি কেস যেটা বিগ রায়তের ব্যাপার, আর কিছু কেস দেবো যেগুলি বর্গাচাষীর ব্যাপার আর দু একটি ইনেসট্যানস দেবো যেটা ভূমিহীনকে জমি না দিয়ে অভূমিহীনকে পোষণের ব্যাপার। ফলে ২০ দফা কর্মসূচীকে কার্যকরী করতে আমরা সে প্রতিশ্রুতিবদ্ধ তা কিভাবে লঙ্ঘিত হচ্ছে সেই রকম উদাহরণ আপনার সামনে দেবো। আমি প্রথমে বর্গাচাষীর ব্যাপারটি তুলে ধরছি। আমার জেলা মুর্শিদাবাদের বেলডাঙ্গা থানার তকীপুর গ্রামের জাবের আলী একজন বর্গাচাষী। সে বর্গাচাষী সমস্ত গ্রামের লোক মিলে বলছে কিন্তু দুঃখের বিষয় বেলডাঙ্গা থানার পুলিশ শচীন্দ্রনাথ ভট্টাচার্য নামে একজন পুলিশ এবং যার ভাই আমাদের বহরমপুর পুলিশ কোর্টে কাজ করে এবং এই বেলডাঙ্গা থানার শচীন ভট্টাচার্য তার একজন বিশিষ্ট বন্ধু ঐ তকীপুর গ্রামের যে বন্ধু হোল জোতদার নিজে—সেই জোতদারকে পোষণের জন্য গ্রামের সমস্ত লোক বলা সত্বেও জাবর আলির প্রতি যে অমানুষিক অত্যাচার চলছে এবং একটার পর একটা যেভাবে তার বিরুদ্ধে কেস তৈরী করা হচ্ছে এবং কেসের এক রকম উদ্দেশ্য নয় একদিকে তার বন্ধুকে সাহায্য করা হচ্ছে অপর দিকে কেসে বিভিন্ন লোককে বর্গা চাষীর সঙ্গে জড়িয়ে কেস পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং দিয়ে তার পুলিশ কোর্টে যে ভাই কাজ করে তাকে খাওয়ানোর পথ আবিষ্কার করে দিচ্ছে। আমি এই ঘটনার কথাটা আমাদের পুলিশের রাষ্ট্রমন্ত্রী ডাঃ মোতাহের হোসেনকে বলেছিলাম যে এই ধরণের দুর্নীতিপরায়ণ পুলিশকে যে বর্গাচাষীর স্বার্থের বিরুদ্ধে কাজ করে সেই পুলিশকে সেখান থেকে সরিয়ে দেওয়া উচিত এবং বর্গা চাষীর স্বার্থে সংরক্ষণের জন্য সরকারের এগিয়ে আসা উচিত এবং দলেরও সেদিকে এগিয়ে যাওয়া উচিত। কিন্তু দুঃখের বিষয় সেই পুলিশের বিরুদ্ধে আজও কোন এ্যাকসন নেওয়া হোল না ঐ জাবের আলীর প্রতি যে অত্যাচার তা বন্ধ হোল না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মুর্শিদাবাদ থানার খরিয়াপুকুর গ্রামের আর একটি কেস আপনার সামনে দিচ্ছি। সেটা হোল সদর আলি দিগরের কেস এবং এই কেস নিয়ে মুর্শিদাবাদে একটা চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এবং এই সদর আলির বিরুদ্ধে যেভাবে মুর্শিদাবাদ থানার ভারপ্রাপ্ত অফিসার এ নক্কারজনকভাবে কাহিনী রচনা করেছে তা এই বিধান সভায় না বলে কোন উপায় নেই। সেখানকার এস. পি. ঐ বর্গাচাষীর পক্ষে আছে বলে মনে হয় তাই হয়তো এখনও ঐ বর্গাচাষী দাঁড়িয়ে আছে। কিন্তু মুর্শিদাবাদের পুলিশ

যেভাবে কাজ করে চলেছে তাতে ঐ বর্গাচাষীর প্রতি একটার পর একটা অত্যাচার আরম্ভ করা হয়েছে। এবং এই অত্যাচারের কাহিনী যখন অতি মাত্রায় বেড়ে গেল একটার পর একটা কেস চলতে লাগলো তখন অনন্যোপায় হয়ে রাণীনগর এক নং ব্লকের যুব কংগ্রেসের জেনারেল সেক্রেটারীর নেতৃত্বে সেখানে কংগ্রেসের তেরঙ্গা পতাকা during the period of emergency. আমার আন্দোলন করা ছাড়া আর কোন উপায় থাকলো না এবং ফসল কাটার ব্যাপারে বর্গাচাষীর পক্ষে যুব কংগ্রেসের ছেলেদের দিয়ে মুভমেণ্ট করিয়ে এস. পি.-কে সেখানে নিয়ে গিয়ে ভীষণভাবে আমাকে আন্দোলন করতে হয়েছে। সেখানে বলা হয়েছে যুব কংগ্রেসের সেক্রেটারীকে হাজতে পুরে দেবো। অবশ্য এস. সি.-র অনুপস্থিতিতে যুব কংগ্রেসের ছেলেদের ধরা হয় নি। কিন্তু ঐ লোক্যাল পুলিশের ঐ ন্যক্কারজনক ইতিহাসের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হবে তা আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনতে চাই। এবং মুর্শিদাবাদ থানার যে ও, সি, এই যে সদর আলির বিরুদ্ধে যে ধরণের ব্যবহার করেছে তার বিচার আজকে দরকার। মুর্শিদাবাদ থানার সুলতান সেখের ঘটনাবলী নিশ্চয় কারও অজানা থাকার কথা নয়। এই বর্গাচষীকে একদিন মিসাতে ভরে দেওয়া হয়েছিল। তারপর মিসার যে এ্যাডভাইসারী বোর্ড আছে তারা কাগজপত্র দেখে দেখা গেল ওটা ঠিক হয়নি। সুলতান শেখকে আর মিসায় ধরা সম্ভব হোল না। কিন্তু ঐ পুলিশ সুলতান শেখের বিরুদ্ধে কি ন্যক্কারজনক ইতিহাস তৈরী করছে সে কথা ভেবে দেখা বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে এবং এর মধ্যে কার হাতের ইঙ্গিত আছে তা আমি জানি না—কিন্তু মুর্শিদবাদ থানারর পুলিশ একাধিককক্রমে ঐ বর্গাচাষীর বিরুদ্ধে বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত হয়ে আমাদের ২০ দফা কর্মসূচীর স্বার্থের পরিপন্থী কাজ করে চলেছে। আজকে এই ও. সি.-র বিরুদ্ধে আমাদের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জোতদারদের হাত এখনও সীমিত নয়। ভগবানগোলা থানার একটি ঘটনা বললে তা আপনি বুঝতে পারবেন। সেখানে হোসেন সরকার এবং আর একজন লোক বাড়ী জীবনপুর দিল্লার রহমন এবং আরও ১১ জন বর্গাদারকে উচ্ছেদ করা হয়েছে। এবং অতি জঘন্য ষড়যন্ত্রে লিপ্ত হয়ে। পুলিশ সেখানে বর্গাচাষীর বিরুদ্ধে কাজ করে নি সে কথা আমি স্বীকার করছি। কিন্তু জোতদাররা যে অত্যাচারর আরম্ভ করেছে ঐ ১২ জন বর্গাচাষীর বিরুদ্ধে সেখানকার জেলা যুব কংগ্রেসের প্রেসিডেণ্ট এবং যুব কংগ্রেসের কর্মীরা সেখানে যদি না থাকতো তাহলে ঐ বর্গাচাষীর পাশে দাঁড়িয়ে লড়াই করার কেউ থাকতো না। আজকে সেখানে দেখা গেল যে জোতদার যিনি এতদিন খসাহস্ত হয়েছিল। বর্গাচাষীদের প্রতি অত্যাচার করতে করতে যখন তা আতিরিক্ত মাত্রায়

চলে গেল তখন যুবকংগ্রেসের ছেলেরা তার পাশে এসে দাঁড়ালো এবং শেষ পর্যন্ত তারা জোতদারকে বাধ্য করেছে তার ১৭ বিঘা জমিতে স্বত্ব সাব্যস্ত করতে এবং ৩।১০।৭৬ তারিখে জোতদার বর্গাচাষীর সঙ্গে আপোষ করতে বাধ্য হয়েছে এবং বর্গাচাষীদের স্বত্বকে স্বীকার করে নিতে বাধ্য হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিগ রায়তের কথা বলতে চাই। আমাদের জলঙ্গী থানার ডাঃ সুশীলকুমার সাহা একজন বিগ রায়ত প্রায় ৭০ একর জমি আজও ভোগদখল করে চলেছে? এই সঙ্গে একটা কথা উল্লেখ করা দরকার যে বিগত দিনে চীফ মিনিষ্টার, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ মিনিষ্টার ও ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে মুর্শিদাবাদের সেটেলমেণ্ট অফিসারের কাছে রেজেষ্ট্রি চিঠি দেওয়া হয়েয়ে এবং সেই রেজিষ্ট্রি লেটার নং হচ্ছে ৫২, ৫৩, ৫৪, ৫৫ এবং তা দেওয়া সত্বেও এই সুশীল ডাক্তারের কেস দেওয়া সত্বেও আজকে যে জোতদার ৭০ একরের মত জমি রেখেছে এবং তার সন্তানকে ওয়েণ্ট জার্মানীতে রেখে সেখানকার সিটিজেন করে তার নামে জমি রেখেছে এবং তার পাশের জমিতে বেনাম করে তিন তলা বাড়ী করছে –বি. এস. এফকে ভাড়া দিয়েছে অথচ জোতদারের বিরুদ্ধে কোন এ্যাকসন হচ্ছে না। অতএব আমি জানতে চাই তার সম্পর্কে কোন ব্যবস্থা নেওয়া হবে কিনা। সরকারের একটা পবিত্র দায়িত্ব এবং কর্তব্য রয়েছে। এতো রকম নিয়ম করা সত্বেও কোন একটা তদন্ত পর্যন্ত হয় না। আমার কাছে স্যার, মাস পিটিসন আছে আমি এখনই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে দেবো। এতো যে সমস্ত চিঠি দেওয়া হয়েছে সেগুলি কোথায় চলে গেল জানিনা তার আজ পর্যন্ত কোন উত্তর পর্যন্ত দেওয়া হোল না কেন তার জবাব আমি পেতে চাই। এবং সেই সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয় এই পিটিসনের কপি এসেম্বলী কর্তৃক তৈরী যে পিটিসন কমিটি আপনি তৈরী করেছেন তার কাছে দিয়েছি ভেরিফিকেসনের জন্য এবং আবার আমি আপনার মাধ্যমে আজকে ঐ জোতদারদের জমির কাহিনী সমস্ত ইতিহাস তার দাগ নং, খতিয়ান নং জমির পরিমাণ, কোন কোন মৌজায় ঐসব জমি আছে সমস্ত কিছু আপনার সামনে দিচ্ছি। আশা করবো মন্ত্রী মহাশয় আগামী দিনে সমস্ত ঘটনাগুলি যেভাবে উত্তর দেন সেইভাবে তদন্ত করে উত্তর দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি ঘটনার কথা আমি বলবো সেটা হচ্ছে ভূমিহীনকে জমি দানের কথা। আমার এলাকার কথা আমি বলছি। ইমরান হোসেন নামে একজন ভূমিহীনকে আমি জমি দিয়েছিলাম। তাকে জমি দেবার পর পুলিশ তাকে শেষ সময়ে প্রোটেকসন দিয়েছিল কিন্তু চীফ মিনিষ্টারের কাছে দরখাস্ত করেছিল ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট হস্তক্ষেপ করেছিল কিন্তু তা সত্বেও ইমরান হোসেন আজও কেন জমি পেতে পারলো না জানি না।

পুলিশ দখল দেবার পরও সে জমিতে থাকতে পারলো না। পাল্টা দেওয়া হয়েছে, জমি দেওয়ার ব্যাপারে যা যা দরকার তা সবই দেওয়া হয়েছে কিন্তু তা সত্বেও জমির দখল কেন পেল না তা বোঝা গেল না। এইসব জিনিস আজকে সরকারের নিশ্চয় দেখা উচিত। আজকে এইসমস্ত অন্যায় বন্ধ করতে হবে এই সমস্ত জমিকে উদ্ধার করে ভূমিহীনদের দিতে হবে। তা যদি না হয় তাহলে জনসাধারণ কোনদিন আমাদের ক্ষমা করবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ঘটনাবলীর কথা আপনার সামনে রাখলাম আপনার মাধ্যমে তার বিচার দাবী করছি।

[2-40—2-50 p. m.]

শ্রীগিরীজা ভুষণ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা ঘটনার কথা বিশেষ করে আজকে পশ্চিমবাংলাকে যে ঘটনা সত্যিকারের সামগ্রিক-ভাবে ধ্বংস করতে চলেছে সেই ঘটনার কথা উল্লেখ করছি। আপনি জানেন যে ইউনিয়ন নর্থ জুট মিল গত ১৪ই মার্চ লক আউট হয়েছে। এটা যে লক আউট নয়, এটা আজকে ক্লোজার সম্পর্কে সরকার যে কিছু কিছু বাধানিষেধ আরোপ করেছেন সেই আইনকে এ্যাভয়েড করার জন্য লক আউট ঘোষণা করেছেন মিথ্যা অজুহাত দিয়ে যে শ্রমিকের গণ্ডগোল। এখানে শ্রমিকের কোন গণ্ডগোল হয়নি। শ্রমিক ৩ সপ্তাহ বিনা মাইনাতে কাজ করেছে। কাজেই এই মিথ্যা অজুহাত দেখিয়ে ১৪ই মার্চ থেকে এই লক আউট ঘোষণা করা হয়েছে এবং এখানে ৪ হাজার শ্রমিক অভুক্ত রয়েছে। এই রকম অবস্থা দাঁড়িয়েছে। আজকে শ্রমদপ্তর থেকেও তারা কোন ব্যবস্থা করতে পারছেন না। এখানে আমরা মেনশান করছি, একজন বড় মন্ত্রী ও একজন ছোট মন্ত্রী রয়েছেন তারা কেউ এই সম্পর্কে অবহিত নয়। আমরা চাই এখানকার এই উল্লেখ শ্রমমন্ত্রী ও শিল্প মন্ত্রীর কাছে পৌঁছান উচিত। তারা কি করতে চান সেটা আমরা জানতে চাই। আজকে এই ৪ হাজার শ্রমিক ৭ মাস অভুক্ত রয়েছে। তারা হয় কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে টেক ওভার করুন অথবা মালিককে চালাতে বলুন। এই ব্যাপারে যা হোক একটা কিছু করতে হবে। এখানে মন্ত্রীরা কি আমাদের নিয়ে ছেলেখেলা করছেন ? আজকে ৪ হাজার শ্রমিক ৭ মাস অভুক্ত রয়েছে তার কোন বিহিত নেই। আমি তাই, আপনার মাধ্যমে বিভিন্ন প্রতিনিধি যারা রয়েছেন তাদের জানাচ্ছি যে যত শিঘ্র সম্ভব এর একটা বিহিত ব্যবস্থা করতে হবে।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া) : মাননীয় অধ্যক্ষ মহাশয় এই পশ্চিমবাংলায় পুলিশের জুলুম ও অত্যাচারে জনসাধারণ অসহায় এবং বিধানসভায় বারেবারে এই

ঘটনা তুলে ধরা হয়েছে। পুলিশ মন্ত্রী উঠে দাঁড়িয়ে বলেন যে তদন্ত হচ্ছে, ব্যবস্থা হচ্ছে। দেখা যায় তদন্ত হয়ে গেল, তদন্ত করলেন একজন পুলিশ অফিসার। তদন্ত করে রায় দিলেন এম, এল, এ যা বলেছেন তা ভুল। আমি এখানে একটা গুরুত্বর ঘটনা এখানে তুলে ধরছি। এই ঘটনা শুনলে আপনিও বিচলিত হবেন। ১১।৪।৭৬ তারিখে কাটোয়াতে গাজনের উৎসব হয় কাটোয়ার পাশে শ্রীখণ্ড গ্রামে। সেই গ্রাম থেকে ভুতনাথের বিগ্রহ হাজার হাজার ভক্ত মানুষেরা মাথায় করে নিয়ে আসে এবং সারা দিন এই মানুষেরা সেই বিগ্রহের কাছে পুজা দেয়। আবার পুজার পরে মাথায় করে ভক্তরা সেই বিগ্রহকে স্বন্দিদিষ্ট মন্দিরে ফিরিয়ে দিয়ে আসে। এই গাজনের উৎসবে একজন উপবাসী সন্ন্যাসী থাকেন তিনি হচ্ছেন প্রধান পাণ্ডা, তার নাম অমৃত কালী চ্যাটার্জী। তাকে গাজনের দিন পুলিশ থানায় নিয়ে গিয়ে উলঙ্গ করে বুটের লাথি মেরে থানার মধ্যে রক্তপাত ঘটায়। কারণ কি? কি তার অপরাধ? না, এ বিগ্রহ আনার সময়ে, হাজার হাজার পুণ্যার্থী মানুষ যখন এ বিগ্রহ নিয়ে আসে তখন কে বা কাহারা রটনা করেছেন, জানিনা, যে জনসাধারণের হাতে পুলিশ লাঞ্ছিত হয়েছে। যে কনস্টেবলের নাম বলে বলা হয়েছে সেই কনস্টেবল ঘটনা ঘটার পরে সি, আই-এর কাছে গিয়ে জানালেন যে আমাকে কেউ মারেনি, আমাকে কেউ লঞ্ছেনা করেনি। আমি ভীড়ের ধাক্কায় পড়ে গেছি এবং পড়ে যাবার ফলে আমার হাত একটু জখম হয়েছে। এতে পুলিশের রাগ হল এবং পুলিশ গিয়ে সেখানে সেই পুন্যার্থীদের সামনে যিনি প্রধান পুরোহিত তাকে থানায় নিয়ে গিয়ে লাঠিপেটা করা হল।

বুটের লাথি মেরে রক্তাক্ত অবস্থায় থানায় ফেলে রাখা হল, অথচ যা রটানো হ'ল কিন্তু সত্য নয়, পুলিশের গায়ে কেউ হাত দেয় নি এবং এই ঘটনা যখন ঘটে তখন আমি কাটোয়াতে বসে। সংগে সংগে থানায় গিয়ে দেখি প্রায় পাঁচ সাত হাজার মানুষ, তারা থানার সামনে শ্লোগান দিচ্ছে পুলিশের এই নির্মম জুলুমের বিচার চাই, আজই চাই জলদি চাই। যিনি এই ঘটনার নায়ক, বিজন চৌধুরী, সাব ইন্সপেক্টার তিনি বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছেন। তার নাকি রাইটার্স বিল্ডিংসে মাথা ভারি লোক আছেন, তিনি কোন মন্ত্রী বা বড় পুলিশ অফিসারের লোক জানিনা—তিনি বলে বেড়াচ্ছেন, এ এমন কি ঘটনা ঘটেছে, আইন শৃংখলা রক্ষা করতে গেলে মাঝে মাঝে এই রকম করতে হয়। ১১।৪।৭৬ তারিখে এই ঘটনা হলো, তারপর তদন্ত হবে শুনলাম, কি তদন্ত হলো জানিনা, তদন্ত গোপনে হ'ল, তদন্তের রিপোর্ট কি দেওয়া হল জানিনা, কিন্তু এই বিজন চৌধুরী আজও বহাল তবিয়তে ঐ থানায় বিরাজ করছেন। আপনার মাধ্যমে এই বিধানসভায় দৃষ্টি আকর্ষণ করছি এবং এর পূর্ণ

তদন্ত দাবি করছি, এবং এই বিষয়ে নিরপেক্ষ তদন্ত করা হোক। তদন্ত করে যে বা যারা দোষী সাব্যস্ত হবেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা অত্যন্ত জরুরী আজকে থেকে ছয় মাস আগে ঘটনাটা ঘটেছে এবং উনি বারবার অভিযোগ জানিয়েছেন পুলিশ প্রসাশনের কাছে, কিন্তু কোন প্রতিকার পাননি। আজকে এই বিষয়ে সুব্রত বাবু মন্ত্রী সভার সদস্যদের কাছে তথা পুলিশ মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে উপস্থিত করলেন, এই ঘটনার যেন প্রতিকার করা হয় তা না হলে বাংলাদেশের মানুষ নিরাপত্তার অভাব বোধ করবে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি একটা অত্যন্ত জরুরী ঐতিহাসিক বিষয়ের উল্লেখ করে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। বর্ধমান শহরে ১৭৩৭ সালের তদানিন্তন বর্ধমানের মহারাজা কীর্তি চাঁদ রায় চিতুয়া এবং বারদারা রাজার অত্যাচারে জর্জরিত হয়ে প্রজাদের মঙ্গলের জন্য তাদের সংগে যুদ্ধ ঘোষণা করেন। তাদের বিরুদ্ধে যুদ্ধে তাঁর ভাই হিম্মত যুদ্ধ করেন এবং পরাজিত করেন এবং সেখানে স্মারক চিহ্ন হিসাবে স্মৃতি সৌধ নির্মাণ করেন এবং বর্ধমানে বর্ধমান রাজার প্রতিষ্ঠিত কাঞ্চন নগরে ১২টি তোরণ, ফটক নির্মান করেন স্মৃতি সৌধ হিসাবে। এই বারোটির মধ্যে ১১টি ভেঙ্গে পড়ে গেছে এবং একটি বারদারীতে সুপ্রতিষ্ঠিত রয়েছে, এটা একেবারে ভেঙ্গে পড়ছে, রক্ষণাবেক্ষনের বিশেষ প্রয়োজন, এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা সংস্কার করা হয়—খুব কম টাকা লাগবে, এটা একটা ঐতিহাসিক নিদর্শন, এই বিষয়ে মন্ত্রী মহাশয় ব্যবস্থা অবলম্বন করুন।

[2-50 3-00 p. m.]

শ্রীসুব্রত মুখার্জী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ব্যাপারটা বিস্তারিতভাবে আমাকে লিখে জানান এবং আমার সঙ্গে দেখা করুন, তাহলে আমি নিশ্চয়ই সরকারের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করব।

শ্রীমহাদেব মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৮.৪.৭৬ তারিখে এই হাউসে আরামবাগ তারকেশ্বর বারাসাত বরাবর ১৮টি মাঠের পুলকে পাকা করার জন্য

যে বক্তব্য রেখেছিলাম তার পরিপ্রেক্ষিতে জানা যায় যে, এক মাত্র সোদপুর খাল ব্রীজ পাকা করার জন্য ইঞ্জিনীয়ার ইন চীফ (পি, ডাবলু, ডি,) কে জানান হয়েছে। যার মেমো নং ১৭৬৯ আর/পি, এল' এবং ইঞ্জিনীয়ার ইন চীফ সুপারেনটেনডিং ইঞ্জিনীয়ার কে প্ল্যান এবং এসটিমেটস সাবমিট করার জন্য জানিয়েছেন গত ৬/৬/৭৬ তারিখে। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এই রাস্তাটি এতই গুরুত্বপূর্ণ যে, কলকাতা থেকে সাঁওতালডিহি, কলকাতা থেকে বাঁকুড়া, দুর্গাপুর, বিষ্ণুপুর, কামার পুকুর, জয়রামবাটী প্রভৃতি দূর পাল্লার বাস যাতায়াত করছে। এই ১৮টি পুল এতই নড়বড়ে যে, অতি দ্রুত গতিতে পুলগুলি পাকা না করলে যে কোন মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। তাই সর্বাগ্রে সরকারের দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই এই বৎসরের মধ্যে যেন সোদপুর খাল ব্রীজ সম্পন্ন হয়। প্রকাশ থাকে যে গত বৎসর জনতা অপেরার বাসটি যাত্রীসহ নীচে উল্টাইয়া যায়, ফলে ৩ জনের মৃত্যু হয়। এই রকম দুর্ঘটনা প্রায়ই ঘটিতেছে। এ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশমহম্মদ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার সুতী থানার হিরল অঞ্চলে সহায়ক স্বাস্থ্য কেন্দ্র একটি আছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১ বছর ধরে এই স্বাস্থ্য কেন্দ্রে কোন ডাক্তার নেই। যখন দেশ সভ্যতার দিকে এগিয়ে যাচ্ছে, যখন প্রশাসন চিকিৎসার জন্য সব দিক থেকেই ব্যবস্থা গ্রহণ করছে, আমাদের পশ্চিমবাংলার স্বাস্থ্যমন্ত্রী মহাশয় সকল দিক থেকেই তাঁর স্বাস্থ্য দপ্তরকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তখনই এ স্বাস্থ্য কেন্দ্রটিতে ১ বছর ধরে ডাক্তার নেই ? কেন তিনি এদিকে লক্ষ্য করেননি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পূর্বে মাস ৪ আগে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে দরখাস্ত দেওয়া হয়েছিল জেলার সি, এম, ও, এইচ কে দরখাস্ত দেওয়া হয়েছিল, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে দরখাস্ত দেওয়া হয়েছিল। কিন্তু কিছুই হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অঞ্চলটি ফিডার ক্যানেলের জলে প্লাবিত অঞ্চল, যার ফলে জঙ্গিপুর সাব ডিভিসনের সদর হাসপাতালের সঙ্গে যোগাযোগের কোন সুযোগ সুবিধা নেই। এখানে গত ১ বছরের মধ্যে কয়েকটি শিশু টিটেনাসে মারা গিয়েছে, কোন চিকিৎসা হয়নি। যখন স্বাস্থ্য মন্ত্রী মহাশয় পরিবার পরিকল্পনা কাজ এগিয়ে নিয়ে যাচ্ছেন তখন দেখা যাচ্ছে বেশ কিছু সংখ্যক টিবেকটমি এবং ভ্যাসেকটমি করার মত লোক ডাক্তারের অভাবে সেখান থেকে ফিরে আসছে। কাজেই আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং

তাঁকে অনুরোধ করছি অবিলম্বে এ অঞ্চলের এ সহায়ক স্বাস্থ্য কেন্দ্রে একজন ডাক্তার পাঠান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাধারমণ সাহা : -মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পুলিশ এবং পৌর দপ্তরের রাষ্ট্র মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, দেশের সর্বস্তরের প্রশাসনের কর্ণধার যারা রয়েছেন দেশকে শান্তি শৃঙ্খলার মধ্যে দিয়ে এগিয়ে নিয়ে যাবার জন্য, মানুষের প্রতি সুবিচার এবং নিরপেক্ষ বিচার করার জন্য তারা হচ্ছেন তাঁদের উভয়ের বিভাগের কর্মচারীরা। কিন্তু আমি এখানে একটি ঘটনার কথা বলব যে, এই ক্ষেত্রে তারা রক্ষক হয়ে ভক্ষক হয়েছেন --তারা রক্ষক হয়ে ভক্ষকের ভূমিকা নিচ্ছেন, সুতরাং এখানে মাননীয় অধ্যক্ষ মহাশয় সুবিচার বলে কিছুই থাকতে পারে না। আমি বলছি একটি বাড়ীর কথা, যাদবপুরের ১১নং, ইব্রাহিমপুর রোডের বাড়ীতে ভাড়াটে এ বাড়ীতে বে আইনী গারেজ তৈরী করেছেন এবং এব্যাপার নিয়ে এ অঞ্চলের পুলিশ অফিসার উক্ত বাড়ীর মালিকের ওপর নানা রকম অত্যাচার চালাচ্ছেন।

বিষয়টা নিয়ে উচ্চ পর্যায়ে তদন্ত হওয়া দরকার। কেন না উক্ত থানার ভারপ্রাপ্ত অফিসার বিষয়টা জটিল বুঝতে পেরেছেন বলে ১০৭ ধারায় মামলা দায়ের করেছেন। অর্থাৎ যিনি রক্ষক তিনি ভক্ষক হয়ে আছেন।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী : স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা ভারতে যখন জরুরী অবস্থায় কাজ চলছে তখন বাঁকুড়া জেলার প্রাথমিক স্কুল বোর্ড সমস্ত অপচেষ্টা করার চেষ্টা করছে। একজন প্রাথমিক শিক্ষক ৬৫ বছরে retire করেছেন, কিন্তু তাঁর Provident fund এর কোন হিসেব নেই। এর ফলে তিনি তাঁর মেয়ের বিয়ে দিতে পারছেন না, ছেলেকে পড়াতে পারছেন না, মায়ের শ্রাদ্ধ করতে পারছেন না। ওনাকে বর্ধিত বেতন দেওয়া হয়েছিল উনি আজও তা পাননি। ১৯৭২ সাল থেকে যেসব S. Caste & S. Tribe গ্রামে organised Primary School হয়েছে এরা তাঁদের জন্য যে panel হয়ে আছে, যা approved হয়ে আছে তাতে তাদের appointment এর কোন ব্যবস্থা নাই। শিক্ষকরা নিজেদের টাকা provident fund এ রেখেছিলেন তাও তাঁরা পাচ্ছেন না। ৯ মাস আগে দাঘা, দুর্গাপুরে শিক্ষায়তন শিক্ষা বিদ্যালয়ের সমস্ত কর্মচারীগণ যে সভা করেছিলেন তাতে এসব প্রত্যেকটা জিনিস প্রমাণিত হয়েছে। আমি তাই প্রশ্ন করছি এই সমস্ত গরীব শিক্ষককের কি হবে ? সুতরাং এ বিষয়ে শীঘ্র ব্যবস্থা অবলম্বন করার দাবী করছি।

শ্রীভবানীসিংহে রায় ঃ—স্যার, settlement এর নাম করে বিভিন্ন জায়গায় বিশেষ করে D.V.C Command Area, কংসাবতী Commend Area, ময়ূরাক্ষী Command Area ইত্যাদি সমস্ত জায়গায় অত্যাচার চলছে। গত ২ বছর ধরে আমরা বারবার বলার চেষ্টা করেছি সেচ এলাকা যেটা আছে সে সম্বন্ধে আইন পাশ হয়েছে যে সেখানে ৩ গুণ খাজনা হবে এবং যে জায়গায় সেচের জল যায় না সেই এলাকাকে সেচ এলাকা বলে ঘোষণা করে ৩ গুণ খাজনা ধরা হবে। এই রকম অরাজকতা সৃষ্টি হয়েছে। এই কথা বলার পর কোন পরিবর্তন হয়নি। Irrigation Minister বলেছিলেন যেখানে সেচের জল যায় না সেখানে ৩ গুণ খাজনা হবে না। Land & Land Revenue Minister, Irrigation Minister. Agriculture Minister বলেছিলেন যেখানে minor irrigation হবে সেই জায়গায় সেচ এলাকা করবেনা। অথচ যেসব জায়গা সেচ এলাকা বলে record ভুক্ত করা হচ্ছে এর ৩ গুণ খাজনা আদায় করা হচ্ছে। অথচ মন্ত্রী মহাশয়রা অন্য রকম কথা বলেন।

[3-00—3-50 p. m.]

এটা প্রিভিলেজের প্রশ্ন। আমরা এখানে পশ্চিমবঙ্গের জনসাধারণের পক্ষ থেকে এসেছি তাদের অভাব অভিযোগের কথা বলবার জন্য। সরকারকে সেই অভাব অভিযোগের কথা শুনতে হবে। সেখানে যদি কিছু আমরা অন্যায় বলে থাকি তাহলে আমাদের সেখানে রিজেক্ট করুন, কিন্তু যেখানে অন্যায় নেই, যেখানে সরকারী কর্মচারী -রা দায়ী, যেখানে সরকারী কর্মচারীরা গভর্ণমেন্টকে আনপপুলার করবার চেষ্টা করছে, যেখানে হাজার হাজার লক্ষ লক্ষ কৃষককে অপদস্থ করবার চেষ্টা করছে সেখানে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। আমি দাবী করছি গভর্ণমেণ্টের কাছে ইরিগেশান ডিপার্টমেন্ট, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট এবং ল্যান্ড এণ্ড ল্যাণ্ড রেভেনিউ, এদের কো-অর্ডিনেশন করা হোক। এই রকম অপদস্থ করে গলায় গামছা দিয়ে খাজনা আদায় চলবে না।

শ্রীসরোজ রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয় তুলছি। বিষয়টা হচ্ছে আমাদের ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টের এক শ্রেণীর কর্মচারী আছে যাদের আমরা বলি স্টেনোগ্রাফার তাদের সিলেকশান গ্রেড নিয়ে একটা কম্পিলিকেটেড অবস্থার সৃষ্টি হয়েছে। সিলেকশান গ্রেডের ব্যাপারে ১৫ পার্সেণ্টের যে কথা আছে, তাদের সংখ্যা এত কম যে তারা সেই পার্সেণ্টেজে গিয়ে পৌঁছায়

না। ইরিগেশন ডাইরেক্টোরেটে যে সমস্ত স্টেনোগ্রাফার আছে তাদের সার্কেল বেসিসে সিলেকশান গ্রেডে নিয়ে যাওয়া হচ্ছে ডাইরেক্টোরেট বেসিসে যে সাধারণ নিয়ম ছিল সেটাকে বাদ দিয়ে। ফলে তারা এই গ্রেড পেতে অনেক পিছিয়ে পড়ছে। সে জন্য অনুরোধ সিলেকশান গ্রেড সার্কেল বেসিসে না রেখে ডাইরেক্টোরেট বেসিসে করা হোক, তাহলে স্টেনোগ্রাফাদের অনেক সুযোগ সুবিধা পাবে। আমার মনে হয় ক্যাবিনেটে এই রকম কোন ডিসিসান নেওয়া হয়নি যে ডাইরেক্টোরেটের স্টেনোগ্রাফার দের সার্কেল বেসিসে প্রোমোসনের ব্যবস্থা করা হোক। এটা একটা পলিসির প্রশ্ন, এটা ঠিক করার দরকার আছে। সার্কেল বেসিসে যদি তাদের প্রোমোসানের ব্যবস্থা করা হয় তাহলে তাদের প্রতি অবিচার করা হবে।

Presentation of the First Report of the House Committee, 1976-77.

Shri Sunil Mohan Ghosh Moulik : Sir, with your permission, I I beg to present the First Report of the House Committee, 1976-77.

Presentation of the Third Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1974-76.

The Chairman (Shri Monoranjan Pramanik) : Sir, I beg to presen the Third Recort of the Committee on the Welfare of Scheduled Castes and Scheuled Tribes, 1974-76 on the following subjects :—

(i) General economic condition of the persons belonging to scheduled castes and scheduled tribes who had migrated from West Bengal to Andaman and Nicobar islands and settled there and (ii) Reservation of seats for admission of students belonging to scheduled castes and scheduled tribes to different Government colleges and universities of the State and other allied matters. A copy of the report is laid on the table and the printed copy of the same when received will be circulated amongst the members.

LAYING OF REPORTS.

Annual Administration Report of the Calcutta Tramways Company for the year 1973 with an audited statement of Accounts for the year 1972.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to lay the Annual Administration Report of the Calcutta Tramways Company for the year 1973 with an audited statement of Accounts for the year 1972.

Annual Administration Report of the North Bengal State Transport Corporation for the year 1974-75 and 1975-76.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to lay the Annual Administration Report of the North Bengal State Transport Corporation for the years 1974-75 and 1975-76.

(At this Stage the House was adjourned for half an hour)

(After adjournment)

Presentation of the Report of the Committee on Public Accounts, 1976-77.

The Chairman (Shri Somnath Lahiri) : Sir, I beg to present the Report of the Committee on Public Accounts, 1976-77, Part I.

LEGISLATION

The West Bengal Cinmeas (Regulation) (Amendment) Bill, 1976.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to introduce the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Subrata Mukhapadhaya : Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amandment) Bill, 1976, be taken into consideration.

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার মহাশয়, আমি দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস্ (রেগুলেসন) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৬ উপস্থাপিত করছি। গত

২৬।৮।৭৬ তারিখ থেকে যে অর্ডিন্যান্স চালু হয়েছে তারই পরিবর্তে এই বিলটি আনা হয়েছে। আমার অনুরোধ বিলটি সভায় আলোচনা করা হোক। পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পে সমস্যার কথা আজ সর্বজন বিদিত। এই সমস্যার সমাধান সম্পর্কে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকার সমীক্ষা সরকারী পর্যায়ে করা হয়েছে। এটা খুব গর্বের কথা যে একমাত্র বর্তমান সরকারই ক্ষমতায় আসীন হওয়ার সঙ্গে সঙ্গে এই শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্য কতকগুলি কার্যকরী পন্থা অবলম্বন করেছেন, যেমন, চলচ্চিত্র উন্নয়ন বোর্ড গঠন, পশ্চিমবঙ্গে চলচ্চিত্র নির্মাণে নিয়োজিত প্রযোজকদের স্টুডিও ল্যাবোরেটরী এবং ফিল্ম টেকনিসিয়ানদের সুবিধাজনক শর্তে ঋণদান ইত্যাদি। সরকার এমন কি একটি স্টুডিওর পরিচালনা ভার গ্রহণ করেছেন। একদিকে যেমন বেশী পরিমানে চলচ্চিত্র নির্মাণের দিকে নজর দেওয়া হয়েছে, তেমনি অপরদিকে যাতে ফিল্মগুলির প্রেক্ষাগৃহে মুক্তি সম্পর্কে একটা সুষ্ঠু নীতি চালু করা যায় সেদিকেও দৃষ্টি দেওয়া হয়েছে। এটা অনস্বীকার্য যে এই রাজ্যে আরও সিনেমাগৃহ প্রয়োজন। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে সিনেমাগৃহের সংখ্যা তুলনামূলকভাবে কম, যেমন তামিলনাড়ুতে ১২৩৮, অন্ধ্রপ্রদেশে ১১২২, মহারাষ্ট্রে ৮৯১, মহীশূরে ৬৮৯, পশ্চিমবঙ্গে ৬৭৩। সিনেমাগৃহ নির্মাণে উৎসাহিত করার জন্য রাজ্য সরকার ইতিমধ্যে সুযোগ সুবিধা দানের কথা ঘোষণা করেছেন। বিগত ১।৪।৭৬ তারিখের পর সিনেমা গৃহ নির্মাণের জন্য যে সকল পার্মানেণ্ট লাইসেন্স মঞ্জুর করা হয়েছে বা হবে, তাদের মালিক যদি ফিল্ম প্রদর্শনী সময়ের শতকরা ৬০ ভাগ পশ্চিমবঙ্গে নির্মিত ফিল্ম প্রদর্শন করেন তবে তাদের তিনবৎসরকাল প্রদর্শনী এবং প্রমোদকরের সমান অর্থ সাহায্য হিসেবে সরকার দান করবেন। এই নিয়ম বর্তমানে ৫ বৎসর পর্যন্ত চালু থাকবে। প্রয়োজনবোধে এই সময়কাল বৃদ্ধি করা হবে।

সিনেমা লাইসেন্স মঞ্জুরের ব্যাপারে বর্তমানে যে আইন চালু আছে তাতে এমন ধারা ছিল যে কোন ব্যক্তিকে লাইসেন্স পেতে বেশ কিছুদিন অপেক্ষা করতে হোত, যেমন সিনেমা লাইসেন্স মঞ্জুরী সম্পর্কে লাইসিসং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে যে কোন ব্যক্তি প্রথমে বিভাগীয় কমিশনারের নিকট আপিল এবং পরে সংশ্লিষ্ট বিভাগের নিকট রিভিশনের জন্য দরখাস্ত করতে পারতেন। অভিযোগকারী সাধারণতঃ যে কোন অজুহাতে শুনানীর দিন অনুপস্থিত থেকে অভিযোগের ফয়শালা করতে বিলম্ব করে দিতে পারতেন।

অর্ডিন্যান্সের মাধ্যমে আইনটি সংশোধনের পর শুধুমাত্র কমিশনারের নিকট আপীল করা যাবে, সংশ্লিষ্ট বিভাগের নিকট রিভিশনের জন্য আর দরখাস্ত পেশ করা যাবে না। অবশ্য লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্ত পরিবর্তনের জন্য সরকারের যে

নিজস্ব ক্ষমতা আছে তা বলবত থাকছে। সিনেমা লাইসেন্স মঞ্জুরের ব্যাপারটি যাতে বিলম্ব না হয় তার জন্য এই সংশোধন অত্যন্ত প্রয়োজন ছিল।

প্রসঙ্গতঃ আমি এটাও উল্লেখ করতে চাই যে, আইন সংশোধনের সঙ্গে সঙ্গে দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস্ (রেগুলেসন অব পাবলিক একজিবিসন) রুলস্ ১৯৫৬ এরও বেশ কয়েকটি নিয়ম সংশোধন করতে হয়েছে যাতে সিনেমা লাইসেন্স মঞ্জুর করতে বিলম্ব না হয়। উল্লেখযোগ্য সংশোধনগুলি হল ঃ—

(১) পামানেন্ট লাইসেন্স-এর জন্য দরখাস্ত পাওয়ার পরে এখন থেকে নোটিশ দিয়ে আপত্তি গ্রহণের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে আর অপেক্ষা করতে হবে না। তিনি সরাসরি তদন্ত করে স্থানটি উপযুক্ত বিবেচনা করলে লাইসেন্স মঞ্জুর করবেন।

(২) সিনেমাগৃহ নির্মাণের জন্য নির্বাচিত স্থানটি মন্দির, মসজিদ বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে কতখানি দূরত্বে আছে তা আর বিবেচনা না করে এখন থেকে শুধু মাত্র লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স মঞ্জুরের সময় সেগুলির অবস্থান সম্পর্কে বিবেচনা করবেন।

(৩) লাইসেন্স পাওয়ার পর লাইসেন্সধারী এতদিনসিনেমাগৃহ নির্মাণ না করে বৎসরের পর বৎসর লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি করতে পারতেন। এখন থেকে একটি নির্দিষ্ট সময়ের পরে আর লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি করা যাবে না। এর ফলে লাইসেন্সধারীকে নির্দিষ্ট সময়ের মধ্যে সিনেমাগৃহ নির্মাণ শেষ করতে হবে। অন্যথায় লাইসেন্সটি বাতিল হবে।

এই কথা বলে অর্ডিন্যান্সের পরিবর্তে যে আইনটি বর্তমান সভায় পেশ করা হয়েছে তা আলোচনাপূর্বক গ্রহণের জন্য সভাকে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন সেই বিলটা আনার উদ্দেশ্য বিস্তারিত ভাবে বললেন। কিন্তু আমার মনে হচ্ছে যে আমাদের স্টেট গভর্ণমেন্টের কাছে যে এ্যাপিল করার অধিকার ছিল, এ্যাগ্রিভড পার্টির, সেই এ্যাপিল করার আইনটা তিনি খর্ব করতে চাচ্ছেন তাড়াতাড়ি করার কারণে। আমার মনে হচ্ছে যে এই তাড়াতাড়ি করার জন্য স্টেট গভর্ণমেন্টের তাঁর যে ডিপার্টমেন্ট সেই ডিপার্টমেন্ট কেন তাড়াতাড়ি ডিসপোজ অফ করতে পারবে না ? কোন এ্যাপিলের জন্য তিন মাস্ সময় নিতে হবে তার শুনানী করতে এর কোন মানে নেই এবং সবচেয়ে মুশকিলের ব্যাপার হচ্ছে এই যে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট লাইসেন্সিং অথরিটি এবং ডিভিশনাল কমিশনার এ্যাপালেট অথরিটি, তারপর আর কেউ নেই। এটা হওয়ার ফলে আমি যেসব নজীর দেখেছি তাতে আমি বলবো যে আজকে কি হতে

চলেছে। আমার মনে হয় এই যে, সরকারী ডিপার্টমেণ্টের অযোগ্যতা এবং অকর্মণ্যতাকে চাপা দেবার জন্যই বোধহয় এই স্টেট গভর্ণমেণ্টের কাছে এ্যাপিল করার যে অধিকারটা ছিল সেই এ্যাপিল করার অধিকারটা খর্ব করা হচ্ছে। আমার মনে হয় ডিভিশনাল কমিশনারের কাছে এ্যাপিল করাটা উঠিয়ে দিয়ে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং তারপর স্টেট গভর্ণমেণ্টের কাছে এ্যাপিল করার অধিকারটা রাখলে এটা সুষ্ঠ হতো এবং গণতান্ত্রিক হতো। দুজন ব্যক্তি, সেই দুজন ব্যক্তির উপর সমস্ত জিনিসটা ছেড়ে না দিয়ে গভর্ণমেণ্ট লেভেলে এ জিনিসটা আনার অধিকার এ্যাগ্রিভড পার্টি পেতো এবং সেটাই ভাল হতো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সুযোগ সুবিধা উনি দিয়েছেন—ঠিকই ভাল হয়েছে। কিন্তু এই সুযোগের ফলে আমরা কি দেখছি, আমরা দেখছি বদ্যিবাটীতে, আমার এলাকায় একটা আট ফুট চওড়া গলি, সেই গলির মধ্যে, সম্পূর্ণ একটা পাড়ার মধ্যে একটা সিনেমা হলের লাইসেন্স দেওয়া হচ্ছে বা দেওয়া হয়ে গিয়েছে বা দেবার ব্যবস্থা হয়ে গিয়েছে। সেই পাড়ার অন্ততঃ ১৫০ জন প্রতিবেশী যারা ঠিক যেখানে সিনেমা হল হচ্ছে তার পাশাপাশি থাকেন। তারা সকলেই প্রতিবাদ করেছে কিন্তু আমার মনে হয় সেই প্রতিবাদ এখনো গৃহীত হয়নি, হয়তো তিনি লাইসেন্স পেয়ে যাবেন। সুতরাং এই যে কনসেন্স মন্ত্রী মহাশয় দিলেন যে আজকে ঢোল ঢ্যাড়া পিটিয়ে এইখানে সিনেমা হল হবে কারো আপত্তি আছে কিনা জানাও—এই সবের কোন অধিকার নেই। এখানে লাইসেন্সিং অথরিটি নিজে এনকোয়ারি করে একটা লাইসেন্স দিয়ে দেবেন। এর সুফল হতে পারে আবার কুফলও হতে পারে এবং আমরা কুফলটায় ভুগতে চলেছি, সেই পাড়ায় সেই রাস্তা দিয়ে প্রতি ১০ মিনিট অন্তর ৫০—৬০ জন মেয়েছেলে যাতায়াত করে। সেই গলির মধ্যে যদি একটা সিনেমা হল হয় তাহলে চারটার সময় কি অবস্থা হবে? ৭টার সময় কি অবস্থা হবে? এক হাজার লোক আসবে এক হাজার লোক যাবে, যে গলির মধ্যে দুটি রিক্সা যাতায়াত করতে পারে না পাশাপাশি, একটা যেতে গেলে আর একটা রিক্সাকে সাইডিংএ দাঁড়াতে হয় এবং একটা চলে যাওয়ার পর আর একটা যেতে পারে সেখানে একটা সিনেমা হল দেওয়া হচ্ছে। এর কারণ যে লোক এাপ্লিকেশন করেছেন তিনি মাতব্বর লোক এবং তিনি দেখিয়েছেন যে ঐ রাস্তা ২২ ফুট চওড়া। কিন্তু পাড়ার লোকরা প্রতিবাদ করেছে, আমার মনে হচ্ছে, সেটা কার্যকরী হবে না। দ্বিতীয় কথা হচ্ছে এই সিনেমার প্রসার হওয়া দরকার কিন্তু কেন? এটা দিয়ে কি আনএমপ্লয়মেন্ট প্রবলেম সলভ্ভ হবে? না, এটা শিক্ষার মাধ্যম হিসাবে গড়ে তুলবেন না কিসের জন্য সিনেমা হল বাড়াবেন? এটা দৃষ্টিভঙ্গীর ব্যাপার, আমরা কেন চাচ্ছি সিনেমা হলের সংখ্যা বাড়ুক? এমনও উদ্দেশ্য থাকতে পারে যে যারা

কিছু সাদা কালো টাকার মালিক আজকে তাদের টাকা খাটাবার একটা সুযোগ করে দেওয়ার জন্যও হতে পারে। এই তিনটি কারণ হতে পারে। আমি সাধারণভাবে ধরছি যে সাদা কালো টাকার মালিক তাদের আমরা বর্জন করছি। শিক্ষার মাধ্যম হিসাবে সিনেমার প্রসার নিশ্চয়ই হওয়া উচিত। কিন্তু সেইরকম ফিল্ম আজ পর্যন্ত আমাদের নেই। তৃতীয় হচ্ছে, যে বেকার সমস্যার সমাধান। এই এক একটা সিনেমা হলেতে ১২-১৩'জন কর্মী কাজ করে। আর মাইনে যা পায় তা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন হয়তো যে কোলকাতায় ১২০টি সিনেমা হলে মিনিমাম ওয়েজেস মাইনে দেয়, আর বাকী শ'খানেক তারা মিনিমাম ওয়েজের ৪০-৫০ টাকা কম দেয়, আর বাকীগুলি অর্ধেকেরও কম দেয়। এখানে আরো কিছু সিনেমা হল বাড়ান কার স্বার্থে সেটা আমাদের ভাল করে বোঝা দরকার। এটা ঠিক, আমরা বিশ্বাস করি সিনেমা হল বাড়ান দরকার কিন্তু ক'টা বাড়ান দরকার? যদি একটা এলাকায় কনসেনট্রেশন অব সিনেমা হল হয় তাহলে তার কি অবস্থা হয়? তারা বাংলা ফিল্ম পায় না, ঐ লারে লাপ্পা মার্কা হিন্দী ফিল্ম আনতে হয় এবং চুঁচুড়ার মত জায়গায় সেখানে একটা সিনেমা হাউস, তার বাবার আমলে প্রতিশ্রুতি ছিল যে বাংলা ফিল্ম ছাড়া দেখাবেন না। আজকে তারা মাসের মধ্যে ১৫ দিন হিন্দী ফিল্ম দেখাচ্ছে কারণ বাংলা ফিল্ম নেই। ফিল্ম কতগুলি প্রডাকশন হয় জানেন? বাংলা ফিল্ম বছরে ২৫ টা থেকে ২৬ টা প্রডাকশন হয়।

[3-50—4-00 p.m.]

কিন্তু আমার মনে হয় এটা ঠিক রাস্তার এগুচ্ছে না। শহরে সিনেমার আর প্রয়োজন নাই। তামিলনাড়ুর কথা বললেন, সেখানে যদি যান দেখতে পাবেন গ্রামের মধ্যে চালা ঘরে, বাঁশের খুটি দিয়ে সেখানে সিনেমা দেখান হচ্ছে। সমস্ত রাজ্যেই এই রকম হাউস আছে অসংখ্য। ১২ লক্ষ টাকা দিয়ে সিনেমা হল করে এমিউজমেণ্ট ট্যাক্স ফ্রী না করলে দ্যাট ইজ নো ইনসেণ্টিভ ফর দেম এ্যাট অল। গ্রামাঞ্চলে যাতে সিনেমা প্রসার লাভ করতে পারে তার জন্য যে সমস্ত কণ্ডিশন আছে সেগুলি একটু কমিয়ে দিন। যেমন ধরুন ফায়ার ব্রিগেড লাইসেন্স রাখতে হবে। আজকের দিনে দরকার নাই। ফিল্ম এখন কম্বাসটিবল এলিমেণ্ট নয়। দেশলাই জ্বাললে পোড়ে না। যে সমস্ত কণ্ডিশন ছিল যে ফায়ার লাইসেন্স না নিয়ে চলবে না সেগুলি আজকের দিনে দরকার নাই। কিন্তু আইনে আছে ফায়ার লাইসেন্স না নিলে হবে না।

কন্‌সেন্ট্রেশন অব সিনেমা হল্‌স নিশ্চয়ই এ্যাভয়েড করতে হবে। গ্রামের দিকে যাতে এই শিল্প প্রসার লাভ করে সেটা করুন। পাড়ার মধ্যে সেখানে মন্দির মসজিদ আছে সেখানে বাদ দিয়েছেন। আজকে প্ল্যান্ড টাউনে সিনেমা হল যেখানে —কমার্শিয়াল কমপ্লেক্স, স্কুল মন্দির মসজিদ পাশে নাই, সেখানে করুক কিন্তু এগুলি তো পাড়ার মধ্যে প্রায়ই থাকে। পাড়ার মধ্যে স্কুলের পাশে আইনটাকে রিলাক্স করছেন আপত্তি করছি না। এমন একটা বোর্ড তৈরী করতে হবে যাঁরা এই বিষয়ে ভালভাবে অনুধাবন করবেন। বদ্যিবাটিতে পাড়ার মধ্যে একটা সিনেমা হল হতে চলেছে, মাত্র আট ফুট রাস্তা, সেখানে রাইটেংগুলোর বেন্ড রয়েছে, সেখানে যে সিনমা হল হবে তাতে কি অবস্থা হবে। সাতটার সময় এক হাজার লোক ঢুকে এক হাজার লোক বেরুবে, প্রতিদিন ক্ল্যাশ হবে, ভেরি রিসেন্টলি সেখানে লাইসেন্স নিয়েছে, গ্রান্টট্রাংক রোড এমনিতেই তো জ্যাম হয়ে যায়, চারটার সময় সাতটার সময় জ্যাম হয়ে যায়, কোন ফাঁকা জমি নাই। মিউনিসিপ্যাল ল' ভাইওলেট করে সিনেমা লাইসেন্স বার করছে। এগুলি লক্ষ্য রাখতে হবে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি বই দেখেন ?

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় ঃ—দেখি, দু তিন বছরে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ—শোলে দেখেছেন ?

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় ঃ—না দেখিনি। আপনি করছেন যা তাতে সপ্তাহে একদিন বাংলা বই দেখাতে হবে, অনেকেই বলেছেন একথা। যুক্তফ্রন্টের সময় বাংলা বই বেশী দেখাতে হবে বলা হয়েছিল, উনি করেছেন টুয়েল্‌ভ পার্সেন্ট বাংলা বই দেখাতে হবে বলেছেন। দেখাতে পারা যায় না, ফিল্ম নেই বই নেই হবে কি করে দুটি ক্যামেরা আছে, সেগুলির ভাড়া ১০০ টাকা করে। প্রডাকশন হবে কোথা থেকে ? এ দিকটায় নজর দিন। স্টুডিও নিচ্ছেন বলেছেন, সুখের কথা, পরিপাটি ফিল্ম করুন। আপনি কি জানেন বাংলা বই কয়টিতে দেখান হয়। মাত্র থ্রিশটি হলে দেখান হয়। আপনার আইন তাঁরা মানেন না। সাব বাংলা দেশে মাত্র ১২০টিতে বাংলা বই দেখান হয়। আপনি কনসেসন দিচ্ছেন। ইট ইজ নো ইনসেন্টিভ। প্রডাক্‌শন ইন্‌সেন্টিভ দিতে হবে। যে সমস্ত বই ব্ল্যাক এন্ড হোয়াইট হয় সেগুলি ট্যাক্স ফ্রী করে দিন। কালারড পিক্‌চার আলাদা থাক। গুজরাটে ট্যাক্স ফ্রী করে নিয়েছে, যেখানে গুজরাটে চারটি বই হত বছরে সেখানে ২৪টি বই হচ্ছে।

এখন সেদিক থেকে বলছি যে আপনি ৪টা থেকে ২৪টা করেছেন—একটা incentive দিচ্ছেন black and white ছবিকে tax free করছেন। তাতে আপনার amusement tax কত লোকসান হবে? দেড় কোটি টাকা হয়ত কম পাবেন। তাতে বিশেষ কিছু আসে যায় না। সুতরাং এটা মেনে নিন। তাতে production বাড়বে, শো-হাউসও বাড়বে।

আর একটা আমার ছোট্ট suggestion। গ্রামে আপনি 60 মিলিমিটার ফিল্ম্ দেখাবার অনুমতি দিন। তাহলে গ্রামের ছেলেরা co-operative করে 60 m. m. projector কিনে সন্ধ্যার পর দুটো করে show দেখাতে পারবে। এটা আপনি কেন করবেন না? এতে করে আংশিক বেকার সমস্যার সমাধান হতে পারবে। এই 60 m. m. film দেখান আপনি legitimate করুন। আমাদের ১০০ থেকে ১২০টা show house সেখানে কেউই শ্রমিকদের minimum wage দেয় না। সেদিকে আপনাকে একটু নজর দিতে হবে। অরোরা ফিল্মেও তাদের প্রাপ্য মাইনে দেয় না।

এই বিলকে আমি সমর্থন করছি। আপনি হয়ত কোন একটা গ্রুপের প্রেসারে পড়ে এই একটা আইন করে নিচ্ছেন। এই ভাবে টুকরো ভাবে আইন করলে চলবে না। এর টোট্যাল development করুন—একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে একটা প্লান করে এই আইনটার সামগ্রিক পরিবর্তন সাধনের জন্য সচেষ্ট হোন। তাহলে পশ্চিমবঙ্গ সত্যিকার ভাবে উপকৃত হবে।

Shri Naresh Chandra Chaki : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় যে, বিলটা এনেছেন, আমি সেই বিলটাকে সমর্থন করছি। তার কারণ এই বিলের দ্বারা অধিক সংখ্যক সিনেমাহল পশ্চিববাংলায় তৈরী করার পক্ষে সম্ভব হবে যেমন, তেমন আবার, বেকার সমস্যারও কিছু কিছু সমাধান হবে বলে আমি মনে করি। তার কারণ সরকারের আইনটা আছে—তাতে বলা আছে যে সিনেমাহলের প্রতি এক হাজার সীটের জন্য তিনজন করে লোককে employment দিতে হবে। এই সঙ্গে সঙ্গে একটা কথা বলা দরকার যে রোগ কিন্তু এখানে নয়। এখন পশ্চিমবঙ্গে সিনেমা শিল্পের ব্যাপারে একটা ঘুঘুর বাসা আছে, সেই ঘুঘুর বাসাকে যদি মন্ত্রী মশায় না ভাঙ্গতে পারেন, তবে যতই তিনি সিনেমা হল তৈরী করুন না কেন, কোন ক্রমেই পশ্চিমবাংলায় সিনেমা শিল্পের সংকট উনি কাটিয়ে উঠতে পারবেন না। এই সিনেমা শিল্পের উপর সিনেমা employee-দের নিয়ে আমার একটা union আছে। আমি সেই union করতে গিয়ে এই ঘুঘুর বাসা সম্বন্ধে হাড়ে হাড়ে টের পেয়েছি—জেনেছি—সেটা মন্ত্রীমশায়ও জানেন। আমি তথ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রীকে ধন্যবাদ জানাই

—তাঁরা ঐ ঘুঘুর বাসা ভাঙবার জন্য অনেকগুলি বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন। আপনি জানেন স্যার, পশ্চিমবাংলার সিনেমা শিল্পের distribution এবং release-এর ব্যাপারে house-গুলি control করে একটা সংস্থা যার নাম হলো EIMPA—অর্থাৎ Eastern India Motion Pictures Association. বর্তমানে এই EIMPA almost monopolist হয়ে পশ্চিমবাংলার ঘাড়ে চেপে বসে আছে। তারা যা খুসী মনে করেন, তাই করেন। এরা distribution control করেন, এরা release-ও control করেন। যদি কোন কোম্পানী কোন বই করেন, তাহলে তার খুশীমত সেই বই release হবে না। যতক্ষণ না E.I.M.P.A—তার সঙ্গে যুক্তভাবে না আসে। তখন তারা সেই হলও দেখাবার জন্য পাবেন না। পশ্চিমবাংলায় সিনেমা হলেরও ইউনিয়নের কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা বলে মীমাংসা করে দেন—Bipartrite আলোচনা করে। আপনি শুনে অবাক হবেন EIMPA সন্তুষ্ট না হলে সেই বই বন্ধ করে দেন—হল collapse করে দেন।

[4-00—4-10 p. m.]

আজকে আপনি জানেন যে এই ই, আই, এম, পি, এ একটা শক্ত ঘাঁটি এরা আই, এন, আর কণ্ট্রোল করেন এবং গভর্ণমেণ্টকে ডিপ্রাইভ করেন এবং মিনিমাম ওয়েজেস থেকে ডিপ্রাইভ করে ই, আই, এম, পি, এ কর্মচারীদের। যে ডি, এ সরকার থেকে ঘোষিত তাও দেয় না এবং ই, এল, আই থেকেও বঞ্চিত করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী শত প্রচেষ্টা সত্ত্বেও পশ্চিমবঙ্গের সিনেমা ক্ষেত্রে এইটা চলছে। কয়েকদিন আমি তথ্যমন্ত্রী সহ শ্রমমন্ত্রীর ঘরে ছিলাম এই বিষয়ে আলোচনা হচ্ছিল, মালিক পক্ষের অনমনীয় দৃঢ়তা দেখেছি। শোষক তারা সরকারী আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে আবার তারা হল বন্ধ করে দিয়েছে। সরকার যদি ই, আই, এম, পি, এর হাত থেকে নিয়ে নিজে বই রিলিজের ব্যবস্থা না করেন, ডিসট্রিবিউসানের ব্যবস্থা না করেন তাহলে পশ্চিমবঙ্গের সিনেমা শিল্পের সংকট কাটিয়ে উঠতে পারবেন না। আজকে যে কিছু কিছু বই করছেন, কিন্তু তা দিয়ে এই শিল্পের সংকট কাটাতে পারবেন না, সেটা সমুদ্রে বারিবিন্দুর মতো ব্যবস্থা হবে। অবিলম্বে এই শিল্পকে বাঁচাবার জন্য যথোপযুক্ত ব্যবস্থা নিন। তাহলে সিনেমা শিল্প নিজের পায়ে দাঁড়াতে পারবে। সরকার এবং সাধারণ মানুষ উপকৃত হবে। এই কথা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় তথ্যমন্ত্রীকে জানাতে চাই। আর একটা কথা বলতে চাই আজকে সিনেমা সম্বন্ধে সবাইয়ের ধারণা অন্য রকম হয়েছে। মাননীয় তথ্যমন্ত্রী গিরিজাবাবুকে

জিজ্ঞাসা করছিলেন শোলে বা ববি দেখেছেন কিনা। গণতান্ত্রিক দেশে শিক্ষামূলক সিনেমা সমাজতন্ত্রের বাহন এবং শিক্ষার বাহন যাতে হয় সেইদিকে লক্ষ্য রাখতে হবে। আমরা জানি সেনসার বোর্ড আছে। সেই সব থাকা সত্ত্বেও বহু বই কি করে বাজারে আসে ভেবে পাই না।

সবিশেষ আপনার মাধ্যমে তথ্যমন্ত্রীকে অনুরোধ করবো যদি সম্ভব হয় সিনেমা-শিল্প সম্পূর্ণ জাতীয়করণ করতে পারেন কিনা ভেবে দেখুন। তা না হলে ই, আই, এম, পি, এ ধ্বংস করার ক্ষমতা সরকারের আছে কিনা আমার জানা নেই। যদি তা করতে পারেন তাহলে এই শিল্প উন্নত হবে, সরকারের রাজস্ব বাড়বে এবং সিনেমার মানেরও উন্নতি হবে। এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেসান) (এ্যামেন্ডমেন্ট) বিল ১৯৭৬ যেটা মাননীয় তথ্যমন্ত্রী উপস্থিত করেছেন সেই বিলের আলোচনায় অংশগ্রহণ করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই যে লাইসেন্সিং অথরিটির যদি কোন ত্রুটি হয় এবং তাতে যদি ক্ষুব্ধ হয় তাহলে তিনি কমিশনারের কাছে আবেদন করতে পারেন। তারপর সোজা পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন করতে পারতেন। এটা উঠিয়ে কেবলমাত্র কমিশনার পর্যন্ত এ্যাপিলেট অথরিটি রাখা হল। কাজ নাকি প্রসিডিওরাল ডিলে হচ্ছে। সেটা যাতে না হয়, কাজ ত্বরান্বিত হয় এবং সিনেমার আরও যাতে ব্যাপক প্রচার হয় এই হচ্ছে উদ্দেশ্য ইত্যাদি।

বিলের উদ্দেশ্য যা পড়ে দেখলাম তা মোটামুটি ভাল। কিন্তু এই উদ্দেশ্য ভাল থাকলেও এর মধ্যে বহু গলদ থেকে যায়। বিলের একটা কথা যা ভাব তা প্রকাশ করতে গেলে সেটা এও হয় আবার, ও হয়—এই রকম জিনিস থেকে যায় আশা করি মন্ত্রী মহাশয় নিশ্চয় বুঝছেন। লাইসেন্সিং অথরিটি হচ্ছে ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট—তিনি লাইসেন্স দেবেন। সেখানে যদি কোন রকম দোষ ত্রুটি থাকে তাহলে সেটা কমিশনারের কাছে যাবে এবং কমিশনার যে রায় দেবেন সেটাই হবে চূড়ান্ত সিদ্ধান্ত। আবার সেখানে যদি কোন অসুবিধা হয় তাহলে সেটা স্টেট গভর্ণমেন্ট অর্থাৎ সরকারের কাছে আসে। স্যার, এখানেও মানুষের অধিকার খর্ব করা হচ্ছে। অনেক সময় ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁর খেয়াল খুশী মত তাঁর খাম খেয়ালীর উপর চলতে হয়। আমি একটা গ্লোরিং একজামপল দেবো জানি না মন্ত্রী মহাশয়ের সেটা স্মরণে আছে কিনা। আমার এলাকায় যেখানে খুব ঘনবসতিপূর্ণ জায়গা সেখানে শ্যামল টকীজ বলে একটা সিনেমা আছে। তারপর তারই কিছু দূরে অভয়া টকীজ নামে একটা

সিনেমা এমন এক জায়গায় হয়েছে যে জায়গায় সন্ধ্যা বেলায় মানুষ খুন হোত। কিন্তু ঐ অভয়া সিনেমাটি হবার পর এতো সুন্দর সেই জায়গাটি হয়েছে যে সেখানে আর খুন খারাপী হয় না—খুব ভাল জায়গা হয়ে গেল। কিন্তু শ্যামল সিনেমার হিংসা হোল। আমি বলতে চাচ্ছি যে একটা দোকানের পাশে কি আর একটা দোকান হয় না? আমরা সকলেই জানি নিশ্চয় সেখানে খোদ্দের কম হয় না। কিন্তু এখানে ঐ অভায়া টকীজের বিরুদ্ধে শ্যামল টকীজ পাঁচ বছর ধরে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে নানাভাবে গোলোযোগ পাকাতে লাগলো। তারা পামানেন্ট লাইসেন্সের জন্য বার বার চেষ্টা করতে লাগলো। কিন্তু শ্যামল টকীজ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে এমন সব কি বোঝালো যে অভয়া টকীজের আর পামানেন্ট লাইসেন্স হোল না। অভয়া টকীজ বন্ধ হয়ে গেল। দেখা গেল কতকগুলি গণ্ডগোল হতে লাগলো খুন রাহাজানি স্ট্যাব এই সব হতে লাগলো। আমি তাই মন্ত্রী মহাশয়কে বলবো ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের উপর ভরসা করলে যথার্থ ভাল কাজ হবে বলে মনে হয় না। আরও [illegible] জিনিস লক্ষ্য করার আছে। মন্ত্রী মহাশয় বলেছেন লাইসেন্সিং অথরিটিকে বিবেচনা করে দেখতে হবে যাতে মন্দির বা মসজিদের কাছাকাছি কোন সিনেমা না হয়। কিন্তু তার দূরত্বটা কত হবে তা স্পষ্টভাবে রাখা উচিত ছিল। মন্ত্রী মহাশয় জনসাধারণের প্রতিনিধি তিনি যতটা বুঝবেন ততটা একজন আই এ এস অফিসার ডি. এম ততটা বুঝবেন না। আপনাকে গ্রামে গ্রামে লোকের বাড়ীতে বাড়ীতে ঘুরতে হয় তিনি তা ঘোরেন না। কতটা দূরত্ব হবে সেটা সুস্পষ্টভাবে রাখা উচিত ছিল। ধরুন মন্দিরে ব্রাহ্মণ পূজা করছে বা মসজিদে আজান দিচ্ছে এমন সময় সিনেমা থেকে গান সুরু হোল দাদা পায়ে পড়ি রে মেলা থেকে ...., কিংবা সাধের জামাই রে ....। এই রকম যদি গান হয় তাহলে পূজারী বা মোল্লার মন ডাইভার্ট হবে, সেদিক থেকে স্পষ্ট বক্তব্য রাখা উচিত ছিল।

তারপর স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, এই সিনেমার টিকিটের কালোবাজারীকে কেন্দ্র করে অনেক ঘটনা আমরা ঘটতে দেখি। আপনারা জানেন, এই সিনেমার টিকেট ব্লাক করাকে কেন্দ্র করে ১৯৬৪ সালে রফি আমেদ কিদোয়াই রোডে কমিউন্যাল রায়ট পর্যন্ত দেখা দিয়েছিল। সিনেমার টিকেট অগ্রিম কিনে তারপর সেগুলি কে বেশী দামে বেচলো কে কম দামে বেচলো ইত্যাদি নিয়ে ঐ বদমাইস, লম্পট ইত্যাদিদের গণ্ডগোল সুরু হয়। ম্যাজেষ্টিক, ক্লাউন সিনেমার সামনে প্রায় প্রত্যেকদিন সন্ধ্যার সময় গোলমাল, সোডার বোতল ছোড়াছুড়ি, চাকু মারামারি এগুলি লেগেই আছে, এগুলির দিকে দৃষ্টি দেওয়া উচিত ছিল। কিন্তু এ দিকে না গিয়ে উনি এলোমেলো ভাবে, চোরাগোপ্তা আকারে সামান্য সংশোধন

নিয়ে এসেছেন। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে কথা নরেশ চাকী মহাশয়ও বলেছেন যে, যিনি সেন্সার বোর্ডে শিক্ষক, রিটায়ার্ড প্রফেসার রিটায়ার্ড থাকে ইত্যাদিদের যদি না নেন তাহলে আপনারা যতই প্রতিকার করার চেষ্টা করুন শিক্ষামূলক বই নামাতে পারবেন না। সেখানে এ লারেলাপ্পা মার্কা বই বেরুবে আর তা দিয়ে সমাজের কোন উপকারই হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্যমন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেসান) (এ্যামেন্ডমেন্ট) বিল এনেছেন তাকে সমর্থন করছি। স্যার, স্বাধীনতার ২৭ বছর পর এই সরকার বা এই সরকারের মন্ত্রীসভা এবং এই দপ্তরের মন্ত্রী মহাশয় বাংলা চলচ্চিত্রকে একটা নতুন পর্যায়ে নিয়ে এসেছেন। আজকে সেই নতুন সম্ভাবনার দিক থেকে নিশ্চয় এই বিলকে সমর্থন করা যায়। সেই নতুন সম্ভাবনার পরিপ্রেক্ষিতে এই বিলকে নিয়ে আলোচনা প্রসঙ্গে আপনার মাধ্যমে স্যার, মাননীয় তথ্য ও পাবলিক রিলেসান দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে বলব যে, আজকে পশ্চিমবাংলার সিনেমার সংখ্যা ৬৭৩টি, পরিসংখ্যানের দিক থেকে ভারতবর্ষের অন্যান্য স্টেটের তুলনায় নিশ্চয় কম। আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে নতুন সিনেমা তৈরী করবার জন্য তিনি ব্যাপক ভাবে চেষ্টা করছেন, এই শিল্পের সার্বিক উন্নয়নের জন্য বা এর অর্থনৈতিক উন্নয়নের জন্য সেই ফিল্ম প্রডাকসন থেকে আরম্ভ করে সমস্ত ব্যবস্থা করার জন্য তিনি যে চেষ্টা করছেন সেটা নিশ্চয় প্রশংসারযোগ্য। কিন্তু স্যার, এই প্রসঙ্গে তাঁকে বলতে চাই যে, তিনি চলচ্চিত্র উন্নয়ন বোর্ড তৈরী করে যেটা করায় চেষ্টা করছেন এই শিল্পেয় উন্নতির জন্য সেই বোর্ড জেলা ভিত্তিক করা প্রয়োজন। তা যদি করা যায় তাহলে আমি মনে করি নতুন সিনেমা করার জন্য প্রস্তাব দেন বা দরখাস্ত করে নানান ভাবে বিপদগ্রস্ত হন তা অনেকাংশে এড়ানো যাবে। তারপর স্যার, আরো একটি কথা বলব। আমরা জানি নতুন সিনেমা করার জন্য অর্থনৈতিক দিক থেকেই বলুন বা অন্যান্য দিক থেকেই বলুন কিছুটা রিল্যাকসেসান দেওয়া হয়েছে। তিন বছর ট্যাক্স থেকে রেহাই বা বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়ার ব্যাপার আছে, আজকে সেই ভাবে জেলাতে পুরানো সিনেমা যেগুলি আর্থিক কারণের জন্য রিমডেলিং করতে পারছে না তাদের জন্য সরকার থেকে কিছু ব্যবস্থাকরা দরকার। যে সব পুরানো সিনেমা হল রিমডেলিং করতে চায় অথচ আর্থিক অসংকুলানের জন্য পারছে না তাদের আর্থিক সাহায্য দেওয়ার ব্যাপারটা সরকারের চিন্তা করা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো চিন্তা করা দরকার যে বিভিন্ন জেলাতে,

বিশেষ করে বাঁকুড়া জেলার কথা আমি বলতে পারি। বাঁকুড়া শহরের লোকসংখ্যা দু লক্ষের মত। আমি জানি সেখানে পুরানো দুটি হল আছে। এবং নূতন দরখাস্তকারীরা দরখাস্ত করেও দ্রুত সিনেমা হলের জন্য উৎসুক হয়ে আছে কিন্তু তারা সুযোগ পাচ্ছে না। আজকে দেখছি সরকার এর জন্য এগিয়ে এসেছেন, চেষ্টা চলছে এবং কতকগুলি পরিকল্পনা করা হয়েছে। কিন্তু সেগুলি আরও তরান্বিত করা দরকার। আজকে যারা এই সিনেমা শিল্পে এগিয়ে আসতে চায় তাদের সেই সুযোগ দেওয়া উচিত এবং জেলা Magistrate-দের সেইভাবে নির্দেশ দেওয়া উচিত এবং জেলা ভিত্তিতে বোর্ড তৈরী করে সেই বোর্ডের মাধ্যমে যাতে সিনেমা শিল্পের তাড়াতাড়ি ক্রমশঃ বৃদ্ধি ঘটে এবং সেটা যাতে সুন্দরভাবে হয় সেই চিন্তা করা প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, আজকে মন্ত্রীমহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে তিনি যে পরিসংখ্যান দেখিয়েছেন এবং সেই অনুযায়ী তিনি যে চেষ্টা করছেন নিশ্চয়ই তা প্রসংসার যোগ্য। কিন্তু যে অসুবিধাগুলি আমরা উপলব্ধি করছি সেই ব্যাপারে [illegible] জেলা ম্যাজিস্ট্রেটদের সেইভাবে নির্দেশ দেওয়া উচিৎ। আজকে কোথায় কত দরখাস্ত pending আছে, বা কোন কোন জেলায় কত সিনেমা হল আজকে কি কি কারণে অর্ধ নির্মিত অবস্থায় বন্ধ হয়ে আছে, এগুলির আজকে immediate অনুসন্ধান করা প্রয়োজন। আজকে জনসাধারণ যারা উৎসুক হয়েছেন এবং সরকারও যখন উৎসুক, এই বেকারত্বের দূরীকরণের জন্য একটা পথ হিসাবে মনে করেন এবং সরকার যখন বেসরকারীভাবে নির্দেশ দিয়েছেন তখন সেখানে বেসরকারী শিল্পকে বাঁচাতে গেলে সরকারের আজকে দেখা উচিত যে কিভাবে এদের উন্নতি হতে পারে। আজকে অর্থনৈতিক দিক থেকেও চিন্তা করা উচিত। আজকে ব্যাংককে যে নির্দেশ দেওয়া হয়েছে, ব্যাংক সেই নির্দেশমত তাড়াতাড়ি কার্যকরী করছে কিনা তা দেখা উচিত এবং সেখানে কি কি condition আরোপ করা হয়েছে সেগুলি সম্পর্কে আজকে আমাদের চিন্তা করা দরকার। আমি জানি আজকে বিভিন্ন জেলাতে সিনেমা হল অর্ধ নির্মিত অবস্থায় আছে। তাদের plan-এর estimate হওয়া সত্ত্বেও বিভিন্নভাবে enquiry report-এ তাদের বাধাপ্রাপ্ত হতে হয়। তারপর সেগুলি যখন divisional commissioner-এর কাছে পাঠান হয় সেখানেও বাধাপ্রাপ্ত হয়। সেটা আমলাতান্ত্রিক কাটামোর মধ্যে যাতে সীমাবদ্ধ না থাকে। আমলাতান্ত্রিক কাঠামোর মধ্যে সীমাবদ্ধ থাকলে আজকে মন্ত্রী মহাশয় যে উদ্দেশ্য নিয়ে এই বিল উত্থাপন করেছেন, তাঁর সেই চেষ্টা ব্যর্থ হয়ে যাবে। কাজেই জেলা ভিত্তিক বোর্ডের মাধ্যমে আজকে এই ব্যবস্থা করতে হবে এবং তাদের সেই সুযোগ দিতে হবে

আমার মনে হয় এই সুযোগ যদি তাদের দিতে পারি তাহলে জেলার যে অবস্থা যে বিপর্যয় বেড়ে যাচ্ছে, সেই অবস্থা দূর করাযেতে পারে। তাই আপানার মাধ্যমে মন্ত্রীমহাশয় যে বিল উত্থাপন করেছেন, তাকে প্রগতিমূলক বিল বলে মনে করি। এবং আগামী দিনে এই পথ যাতে আরো সুন্দর হয় তার জন্য যদি একটা সার্বিক বিল আনা যায় এবং যদি তিনি একটা পূর্ণ বিল আনা প্রয়োজন মনে করেন তাহলে সেটা আনার জন্য প্রস্তাব রাখছি।

শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয় যে সংশোধনীটা এনেছেন সেটা হচ্ছে সীমাবদ্ধ সিনেমা শিল্পে প্রসার কিভাবে বাড়বে, তাড়াতাড়িতে licence কিভাবে দেওয়া যাবে, এটা উনি আনতে চেয়েছেন। এর থেকে অবশ্য বেশ কিছু কালো টাকার এক্ষেত্রে লগ্নী বাড়বে, কিছু লোকেরও কাজকর্ম হবে এবং শিল্পেরও প্রসার হবে। কিন্তু এই শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য শুধু এটা করলেই হবে না। এই যে শ্রমিক কর্মচারী, যারা সিনেমাতে কাজ করে তাদের অবস্থাটাও ভাবা উচিত। যেমন মালিকের লাভ হবে, সরকারও আমোদকর হিসাবে পাবে তেমনি এই শ্রমিক কর্মচারীদের ক্ষেত্রে, এদের service condition কিভাবে চলবে তার কোন নিয়ম-কানুন হয়নি।

[4-20—4-30 p. m.]

আজকে সেদিক থেকে প্রয়োজনীয়তা রয়েছে, আমি আশা করেছিলাম এই সংশোধনী যখন আসছে তখন এই ধরনের একটা সেকশন থাকবে, তাদের একটা সার্ভিস কনডাক্ট রুলস হওয়া উচিত এবং সেটা এর মধ্যে থাকবে। এর ফলে কি দেখা যাচ্ছে—মিনিমাম ওয়েজ সম্পর্কে বলেছেন, এরা যে ডি, এ, পায়, যেখানে ৮৭ টাকা পাওনা হওয়া উচিত সেখানে মালিকরা মাত্র ৩৭ টাকা দিচ্ছে এবং আমি বলছি বর্ধমানে চারটি সিনেমা হল আছে, সেখানে তারা ৮৭ টাকার জায়গায় ৩৭ টাকা দিচ্ছে। এদের কোন এ্যাপিল করবার বা এদের কেন দেওয়া হচ্ছে না, এই জিনিসটাকে বিচার করবার বা [illegible] উপর চাপ সৃষ্টি করবার কোন মেশিনারী আমাদের নেই। ভেবেছিলাম এই আইনের মধ্যে বিষয়টা সংযোজিত হবে। ব্যক্তিগত মালিকানাতে সিনেমা হল করার জন্য লাইসেন্স পদ্ধতিটা সিথিল করছেন, এটা হচ্ছে আসল কথা। এটা ভাবতে হবে, লাইসেন্স আমরা দিয়ে দিলাম, এই লাইসেন্সের ক্ষেত্রে ব্যক্তিগত মালিকানা যেমন আছে, তেমনি আবার সেই সমস্ত কর্মচারী আছে আজকের দিনে, তাদের পাওনা গণ্ডা

না দিয়ে মালিকরা লক আউট করে দিচ্ছে। আপনারা সেই মালিকদের স্বার্থ রক্ষা করছেন করুন, কিন্তু শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য অন্ততঃ দরকার দু একটা সেকশন—সেই জন্য আইনে এটা থাকা উচিত ছিল। অন্ততঃ এই সমস্ত লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে, যদি কোন শ্রমিক কর্মচারী সমবায়ের ভিত্তিতে লাইসেন্সের জন্য আবেদন করেন, সেটাকে প্রায়রিটি দেওয়া। এখন হয়তো বলবেন যে এই রকম আইন নেই—কোল্ড স্টোরেজ-এ এই ধরণের ক্লজ আছে, যদি কোন সমবায় করে শ্রমিক কর্মচারীরা আবেদন করে, তাহলে তাদের প্রায়রিটি দিতে হয়। এই জিনিসটা এর মধ্যে থাকা উচিত ছিল। তারপর যেটা ডিসপিউট উঠেছে, যার জন্য বোধ হয় ৩০টি সিনেমা হল লক আউট হয়েছে, সেই ডিসপিউট শ্রম দপ্তর হস্তক্ষেপ করেছে। জেলা ম্যাজিসট্রেটের যদি এই ক্ষমতা থাকে তাহলে তারা এটা মিমাংসা করতে পারেন, সেখানে দেখা গেছে স্টেট গভর্ণমেণ্ট থেকে লেবার ডাইরেক্টোরেট থেকে যে সার্কুলার দেওয়া হয়েছে তাতে দু-তিনটে ক্লজ আছে। তার একটা ক্লজ-এ আছে, আগের বছর যে ধরণের বোনাস পেয়েছিল, সেই ধরনের বোনাস দুপক্ষ মিলে তারা যেন ঠিক করে নেয়। এই ক্ষেত্রে দেখা গেছে—বর্ধমানে একটা বিজয়া হল বলে হল আছে, যার সাপ্তাহিক সেল হচ্ছে আট হাজারের নিচে, তারা ১৯ পার্সেণ্ট বোনাস দিচ্ছে। বাকি যে তিনটে সিনেমা হল আছে, যাদের সাপ্তাহিক সেল আট হাজারের বেশী, তারা এইট এ্যাণ্ড হাফ পার্সেণ্ট বেশী পাচ্ছে। যদি এই জিনিসের মিমাংশা না হয় তাহলে সিনেমা হলগুলো বন্ধ হয়ে যাবে এবং এর ফলে সরকারেরও লোকসান হবে। এ্যামিউজমেণ্ট ট্যাক্স এত হবে না। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে বলবো এই ধরনের মেশিনারী যদি ইভল্ড করতেন এই ক্ষেত্রে যেমন সেকশন সেভেনে পেনাল্টির কথা আছে, এই পেনাল্টি কি কি কাজ করলে হবে সেটা বলতে হবে। এমন যদি থাকতো শ্রমিকদের ন্যায্য পাওনা গণ্ডা যদি না দেয় তাহলে লাইসেন্সিং অথারিটি এটা টেক আপ করতে পারে, সেই লাইসেন্সকে উইথহোল্ড করে দিতে পারে, যদি ডিটেনশনের প্রয়োজন হয়—সেকশন সেভেনে যেমন নিয়েছেন সেই রকম করতেন তাহলে সিনেমা হলে যে লক আউট হচ্ছে, সেই সমস্ত শ্রমিকদের অসন্তোষ থাকতো না।

কাজেই এখানে উনি একটা সীমাবদ্ধ ক্ষেত্রে, লাইসেন্স দেবার ক্ষেত্রে নিয়মটাকে শিথিল করতে চাইছেন। সেই জন্য আমি বলব যে আগামী দিনে এই সমস্ত বিষয়গুলি চিন্তা করে কো-অপারেটিভ সেক্টর করা যায় কিনা সেটা দেখতে হবে এবং সেটা করবার চেষ্টা করতে হবে। যাতে কো-অপারেটিভ সোসাইটি করে শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে একটা স্ট্রনজেণ্ট মেজার্স নিতে পারে—এই জিনিষগুলি এই আইনের মধ্যে আসা উচিত ছিল। আর ৩ নং হচ্ছে এই শিল্পে যে সমস্ত পদ খালি রয়েছে এবং

খালি হচ্ছে সেই সমস্ত পদে কর্মচারী নিয়োগ হচ্ছে না, নাম-মাত্র ওভার টাইম দিয়ে কাজ চালানো হচ্ছে কোন রকম স্পেসিফিক নিয়োগ না থাকার জন্য। যে শ্রমিকরা এই শিল্পকে চালিয়ে সরকারকে বিপুল পরিমাণে প্রমোদ কর পাইয়ে দিচ্ছেন তারা বিভিন্ন ভাবে আজকে বঞ্চিত হচ্ছেন। তাই আমি আশা করব এই সব বিচার বিবেচনা করে মাননীয় মন্ত্রী মহাশয় একটা সাময়িক নতুন বিল আনবেন।

শ্রীনারায়ণ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় তথ্য মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি। আমি সমর্থন করতে গিয়ে আমার ক্ষোভের কথা এই হাউসে বলতে চাই। বাংলা চলচ্চিত্র যে বাজার সেটা অত্যন্ত সীমিত, একমাত্র পশ্চিমবাংলাতে এর বাজার। আসাম এবং বিহারের নাম-মাত্র প্রেক্ষাগৃহে কালে-ভদ্রে বাংলা ছবির প্রদর্শন হয়। পশ্চিমবাংলার হাজার হাজার সিনেমা শিল্পী, কলাকুশলী এবং কর্মী আজ দারিদ্রের যন্ত্রনা ভোগ করছেন, তারা অনেকে অনাহারে, অর্ধাহারে রয়েছেন। আমাদের মাননীয় তথ্য মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী প্রাণপন চেষ্টা চালিয়ে যাচ্ছেন যাতে বাংলা চিত্রের প্রতিটি কলাকুশলীকে বাঁচানো যায়। আমরা জানি পশ্চিমবঙ্গে সিনেমা হাউসের সংখ্যা অত্যন্ত কম। আজকে অন্ধ্রপ্রদেশে যেখানে ১১২২টি সিনেমা হল, তামিলনাড়ুতে ১২৩৮টি, মহারাষ্ট্রে ৮৯১টি সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৬৭৩টি প্রেক্ষাগৃহ রয়েছে। আমরা জানি পশ্চিমবঙ্গ অত্যন্ত ঘন বসতিপূর্ণ এবং বর্তমানে পশ্চিমবঙ্গে যে সিনেমা হলের সংখ্যা রয়েছে তার ২ গুণ এবং কোন কোন ক্ষেত্রে ৩ গুণ সিনেমা হল হবার সম্ভাবনা রয়েছে। অথচ আমরা দেখলাম যখন পশ্চিমবঙ্গ সরকার নতুন অর্ডিনান্স করলেন এবং সেই অর্ডিনান্সের বলে তারা চেয়েছিলেন পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে শত শত সিনেমা হাউস হোক এবং সে জন্য তারা সুযোগও দিতে চেয়েছিলেন যে, যারা নতুন সিনেমা হাউস করবেন তারা ব্যাংক বা অন্যান্য রাষ্ট্রায়ত্ব আর্থিক সংস্থা থেকে ঋণ নিয়ে নতুন সিনেমা হাউস করবেন এবং ঋণের টাকা আগামী তিন বছরের মধ্যে, সিনেমা হাউস হবার তিন বছরের মধ্যে যাতে শোধ করে দিতে পারে তার জন্য তাদের এ্যামিউসমেন্ট ট্যাক্স থেকে রেহাই দেওয়া হবে। একটা বিরাট সুযোগ এসেছিল, একটা বৈপ্লবিক প্রচেষ্টা পশ্চিমবঙ্গ সরকার নিয়েছিলেন। কিন্তু সেই অর্ডিনান্স তৈরী হবার পর তার সমস্ত কাগজপত্র, ব্লু-প্রিন্ট দিল্লীতে গিয়ে পড়ে আছে। দুঃখের সঙ্গে, ক্ষোভের সঙ্গে, লজ্জার সঙ্গে একথা জানাচ্ছি যে, আমরা জানিনা কাদের অদৃশ্য ইঙ্গিতে, কোন কালো হাতের স্পর্শে সেটা এখনো দিল্লীতে কোন অন্ধকার ঘরে লুকিয়ে আছে। স্যার, আমি আজকে আপনার মাধ্যমে এই পবিত্র বিধানসভা থেকে এই দাবী এই আওয়াজ তুলতে চাই যে, আমাদের

না দিয়ে মালিকরা লক আউট করে দিচ্ছে। আপনারা সেই মালিকদের স্বার্থ রক্ষা করছেন করুন, কিন্তু শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য অন্ততঃ দরকার দু একটা সেকশন—সেই জন্য আইনে এটা থাকা উচিত ছিল। অন্ততঃ এই সমস্ত লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে, যদি কোন শ্রমিক কর্মচারী সমবায়ের ভিত্তিতে লাইসেন্সের জন্য আবেদন করেন, সেটাকে প্রায়রিটি দেওয়া। এখন হয়তো বলবেন যে এই রকম আইন নেই—কোল্ড স্টোরেজ-এ এই ধরণের ক্লজ আছে, যদি কোন সমবায় করে শ্রমিক কর্মচারীরা আবেদন করে, তাহলে তাদের প্রায়রিটি দিতে হয়। এই জিনিসটা এর মধ্যে থাকা উচিত ছিল। তারপর যেটা ডিসপিউট উঠেছে, যার জন্য বোধ হয় ৩০টি সিনেমা হল লক আউট হয়েছে, সেই ডিসপিউট শ্রম দপ্তর হস্তক্ষেপ করেছে। জেলা ম্যাজিসট্রেটের যদি এই ক্ষমতা থাকে তাহলে তারা এটা মিমাংসা করতে পারেন, সেখানে দেখা গেছে স্টেট গভর্ণমেণ্ট থেকে লেবার ডাইরেক্টোরেট থেকে যে সার্কুলার দেওয়া হয়েছে তাতে দু-তিনটে ক্লজ আছে। তার একটা ক্লজ-এ আছে, আগের বছর যে ধরণের বোনাস পেয়েছিল, সেই ধরনের বোনাস দুপক্ষ মিলে তারা যেন ঠিক করে নেয়। এই ক্ষেত্রে দেখা গেছে—বর্ধমানে একটা বিজয়া হল বলে হল আছে, যার সাপ্তাহিক সেল হচ্ছে আট হাজারের নিচে, তারা ১৯ পার্সেণ্ট বোনাস দিচ্ছে। বাকি যে তিনটে সিনেমা হল আছে, যাদের সাপ্তাহিক সেল আট হাজারের বেশী, তারা এইট এ্যাণ্ড হাফ পার্সেণ্ট বেশী পাচ্ছে। যদি এই জিনিসের মিমাংশা না হয় তাহলে সিনেমা হলগুলো বন্ধ হয়ে যাবে এবং এর ফলে সরকারেরও লোকসান হবে। এ্যামিউজমেণ্ট ট্যাক্স এত হবে না। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে বলবো এই ধরনের মেশিনারী যদি ইভল্ড করতেন এই ক্ষেত্রে যেমন সেকশন সেভেনে পেনাল্টির কথা আছে, এই পেনাল্টি কি কি কাজ করলে হবে সেটা বলতে হবে। এমন যদি থাকতো শ্রমিকদের ন্যায্য পাওনা গণ্ডা যদি না দেয় তাহলে লাইসেন্সিং অথারিটি এটা টেক আপ করতে পারে, সেই লাইসেন্সকে উইথহোল্ড করে দিতে পারে, যদি ডিটেনশনের প্রয়োজন হয়—সেকশন সেভেনে যেমন নিয়েছেন সেই রকম করতেন তাহলে সিনেমা হলে যে লক আউট হচ্ছে, সেই সমস্ত শ্রমিকদের অসন্তোষ থাকতো না।

কাজেই এখানে উনি একটা সীমাবদ্ধ ক্ষেত্রে, লাইসেন্স দেবার ক্ষেত্রে নিয়মটাকে শিথিল করতে চাইছেন। সেই জন্য আমি বলব যে আগামী দিনে এই সমস্ত বিষয়গুলি চিন্তা করে কো-অপারেটিভ সেক্টর করা যায় কিনা সেটা দেখতে হবে এবং সেটা করবার চেষ্টা করতে হবে। যাতে কো-অপারেটিভ সোসাইটি করে শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে একটা স্ট্রনজেণ্ট মেজার্স নিতে পারে—এই জিনিষগুলি এই আইনের মধ্যে আসা উচিত ছিল। আর ৩ নং হচ্ছে এই শিল্পে যে সমস্ত পদ খালি রয়েছে এবং

সমস্যা exhibition-এর সমস্যা। এটা সহজ করার জন্য এই amendment করতে হচ্ছে। আমরা সকলেই জানি সরকারী উদ্যোগ যখন সীমিত হয় তখন বেসরকারী উদ্যোগকে সাহায্য করতে হয়। আমরা যদি সরকারী ব্যবস্থায় অনেক সিনেমা গৃহ করতে পারতাম তাহলে বেসরকারী মালিকানাকে মদত দেবার প্রয়োজন ছিল না। কিন্তু আমার আর্থিক ক্ষমতা সীমিত তাই বেসরকারী চেষ্টাকে আমরা সমর্থন করে সহযোগিতা করছি। অশ্বিনীবাবু বলেছেন ব্যক্তিগত মালিকানাকে প্রশ্রয় দিচ্ছি—একথা স্বীকার করছি না। কেননা আমাদের দেশে মিশ্র অর্থনীতি যেখানে আছে সেখানেও ব্যাক্তিগত মালিকানাকে অস্বীকার করতে পারি না। কিন্তু এটা দেখতে হবে যাতে এটা একচেটিয়া মালিকানায় পর্যবসিত না হতে পারে এবং মুষ্টিমেয় কয়েকজন সিনেমা গৃহ নিয়ন্ত্রণ না করতে পারে। প্রদর্শনী সবচেয়ে বড় সমস্যা এবং একচেটিয়া মালিকানার সমস্যাকে উৎপাঠিত করার জন্য এবং পশ্চিমবাংলা যে ভারতবর্ষের চলচ্চিত্র শিল্পের পথিকৃত তার এই ভগ্নদশা থেকে মুক্ত করতে গেলে ৩।৪ হাজার সিনেমা গৃহ এখানে চাই। পরবর্তী পর্যায়ে নিশ্চয়ই আমরা কিছু সরকারী পর্যায়ে চেষ্টা করব, কিন্তু ইমিডিয়েটলি আমরা কিছু বেসরকারী উদ্যোগকে বিপন্ন করে দিতে চাই না।

মিঃ স্পীকার : Mr. Mukhopadhaya, How many minutes more will you like to take to finish your replay ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : About 10 to 15 minutes.

মিঃ স্পীকার : Then with the sense of the House under Rule [290] I like to extend the time for discussion of this Bill by 15 minutes.

(Voices : Yes) The time is extended by 15 minutes,

শ্রীসুব্রত মুখোপাধ্যায় :—অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ। আমি যে কথা বলতে চাইছিলাম সিনেমা চলচ্চিত্র শিল্পকে যদি বাঁচাতে হয় তাহলে সিনেমা গৃহ বিনা দ্বিধায় তৈরি করতে হবে। আজকে যে ৬৭৩ টি সিনেমা গৃহ আছে সেটা কমপক্ষে হাজার ৭৩ তে নিয়ে যেতে হবে। এগুলি সবই যে কলকাতায় মেট্রো, লাইট হাউসের মত হবে তা নয়, গিরিজাবাবু যে কথা বলেছেন আমি তামিলনাড়ুর অনুরূপ সিনেমার কথা ভাবি। আমি মনে করি গ্রামে সিনেমা যদি আপ টু ডেট

না দিয়ে মালিকরা লক আউট করে দিচ্ছে। আপনারা সেই মালিকদের স্বার্থ রক্ষা করছেন করুন, কিন্তু শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য অন্ততঃ দরকার দু একটা সেকশন—সেই জন্য আইনে এটা থাকা উচিত ছিল। অন্ততঃ এই সমস্ত লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে, যদি কোন শ্রমিক কর্মচারী সমবায়ের ভিত্তিতে লাইসেন্সের জন্য আবেদন করেন, সেটাকে প্রায়রিটি দেওয়া। এখন হয়তো বলবেন যে এই রকম আইন নেই—কোল্ড স্টোরেজ-এ এই ধরণের ক্লজ আছে, যদি কোন সমবায় করে শ্রমিক কর্মচারীরা আবেদন করে, তাহলে তাদের প্রায়রিটি দিতে হয়। এই জিনিসটা এর মধ্যে থাকা উচিত ছিল। তারপর যেটা ডিসপিউট উঠেছে, যার জন্য বোধ হয় ৩০টি সিনেমা হল লক আউট হয়েছে, সেই ডিসপিউট শ্রম দপ্তর হস্তক্ষেপ করেছে। জেলা ম্যাজিসট্রেটের যদি এই ক্ষমতা থাকে তাহলে তারা এটা মিমাংসা করতে পারেন, সেখানে দেখা গেছে স্টেট গভর্ণমেণ্ট থেকে লেবার ডাইরেক্টোরেট থেকে যে সার্কুলার দেওয়া হয়েছে তাতে দু-তিনটে ক্লজ আছে। তার একটা ক্লজ-এ আছে, আগের বছর যে ধরণের বোনাস পেয়েছিল, সেই ধরনের বোনাস দুপক্ষ মিলে তারা যেন ঠিক করে নেয়। এই ক্ষেত্রে দেখা গেছে—বর্ধমানে একটা বিজয়া হল বলে হল আছে, যার সাপ্তাহিক সেল হচ্ছে আট হাজারের নিচে, তারা ১৯ পার্সেণ্ট বোনাস দিচ্ছে। বাকি যে তিনটে সিনেমা হল আছে, যাদের সাপ্তাহিক সেল আট হাজারের বেশী, তারা এইট এ্যাণ্ড হাফ পার্সেণ্ট বেশী পাচ্ছে। যদি এই জিনিসের মিমাংশা না হয় তাহলে সিনেমা হলগুলো বন্ধ হয়ে যাবে এবং এর ফলে সরকারেরও লোকসান হবে। এ্যামিউজমেণ্ট ট্যাক্স এত হবে না। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে বলবো এই ধরনের মেশিনারী যদি ইভল্ড করতেন এই ক্ষেত্রে যেমন সেকশন সেভেনে পেনাল্টির কথা আছে, এই পেনাল্টি কি কি কাজ করলে হবে সেটা বলতে হবে। এমন যদি থাকতো শ্রমিকদের ন্যায্য পাওনা গণ্ডা যদি না দেয় তাহলে লাইসেন্সিং অথারিটি এটা টেক আপ করতে পারে, সেই লাইসেন্সকে উইথহোল্ড করে দিতে পারে, যদি ডিটেনশনের প্রয়োজন হয়—সেকশন সেভেনে যেমন নিয়েছেন সেই রকম করতেন তাহলে সিনেমা হলে যে লক আউট হচ্ছে, সেই সমস্ত শ্রমিকদের অসন্তোষ থাকতো না।

কাজেই এখানে উনি একটা সীমাবদ্ধ ক্ষেত্রে, লাইসেন্স দেবার ক্ষেত্রে নিয়মটাকে শিথিল করতে চাইছেন। সেই জন্য আমি বলব যে আগামী দিনে এই সমস্ত বিষয়গুলি চিন্তা করে কো-অপারেটিভ সেক্টর করা যায় কিনা সেটা দেখতে হবে এবং সেটা করবার চেষ্টা করতে হবে। যাতে কো-অপারেটিভ সোসাইটি করে শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে একটা স্ট্রনজেণ্ট মেজার্স নিতে পারে—এই জিনিষগুলি এই আইনের মধ্যে আসা উচিত ছিল। আর ৩ নং হচ্ছে এই শিল্পে যে সমস্ত পদ খালি রয়েছে এবং

আনতে হবে। আমি আপনাদের বলতে পারি আমরা সরকারীভাবে চেষ্টা করছি এবং আমার দপ্তর থেকে আমরা একটা সিনেমা কর্পোরেসন গঠন করবার চিন্তা করেছি সিনেমা কর্পোরেসনের মধ্য দিয়ে আমরা জাতীয়করণ হওয়া ব্যাংকের সাহায্যে শহর এবং শহরের বাইরে মডার্ন এবং আপ টু ডেট হল তৈরী করবার কথা ভেবেছি। আমরা ক্যালকাটা কর্পোরেশন থেকে একটা জায়গা নিয়ে সেখানে একটা সিনেমা গৃহ তৈরী করছি। আপনাদের জানাতে চাই সরকার, আধা সরকারী, বেসরকারী, যে কোন উদ্দ্যোগ আসুক না কেন আমরা চেষ্টা করছি। আপনারা যেমন, ইরিগেসন, এগ্রিকালচার এবং সংকুলের ব্যাপারে উদ্দ্যোগ দেখান ঠিক সেই রকম আপনাদের বিধানসভা কেন্দ্রে প্রতি জায়গায় যাতে সিনেমা হল তৈরী হয় তারজন্য আপনারা বেসরকারী উদ্দ্যোগ নিয়ে আমাদের কাছে আসুন এবং তাড়াতাড়ি যাতে সিনেমা হল পায় তার ব্যবস্থা করুন। ডিস্ট্রিক্ট অথরিটি যদি কারুর প্রতি অবিচার করে তাহলে আমাদের বলুন, আমরা সহজভাবে হল দেব এবং যাতে কোন বাধা না থাকে তার ব্যবস্থা করব। আমি আগেই বলেছি বিচ্ছিন্নভাবে চিন্তা করে সমস্ত সমস্যার সমাধান হবে না। সামগ্রিকভাবে সমস্যা সমাধান করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে অনুমোদন প্রাপ্ত হয়ে একটি অর্ডিন্যান্স কেন্দ্রীয় সরকারের অনুমতির জন্য গেছে। আমার মনে হয় ন্যাশনাল ইন্সটিগ্রেসনের প্রশ্নে সেটা হয়ত পেণ্ডিং হয়ে রয়েছে। আমরা শুধু চেষ্টা করছিনা, আমরা কেন্দ্রীয় সরকারকে স্পষ্টভাবে বলেছি যে এটা না হলে পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্প যেটা ভারতবর্ষের চলচ্চিত্রের পথিকৃত সেটা ধ্বংস হয়ে যাবে যদি সেই অর্ডিন্যান্স পাশ করা না হয়। এটা শুধু বাংলা বই-এর ক্ষেত্রেই নয়, বেঙ্গল প্রোডিউস্ড এনি পিকচার, সেটা বাংলা হতে পারে, হিন্দী হতে পারে, অসমিয়া হতে পারে বা যে কোন ভাষায়ই হতে পারে। আমার কথা হচ্ছে যে কোন বই প্রডিউসড ইন বেঙ্গল তাকে যদি আমরা ইনসেনটিভ দিতে পারি তাহলে এই চলচ্চিত্র শিল্পের উন্নতি হবে। মাননীয় সদস্য গিরিজাবাবু বলেছেন ইসসেনটিভ দেওয়া হয় না। আমি বলছি আমাদের এখানে ইনসেনটিভ দেওয়া হয় তবে সেটা একই ভাবে করা হয় না। আমরা ডেভলপমেণ্টের উপর প্রোগ্রেসিভ লোন দিয়ে করি এবং এই ইনসেনটিভ দেবার ফলে আগে যেখানে ১৫ থেকে ১৭টি প্রোডাকসন ছিল এবারে আমরা ৫০টি বেঙ্গলী ফ্লিম এবং কিছু হিন্দী ফ্লিম এখানে প্রোডাকসন করেছি। আমাদের পশ্চিমবঙ্গ সরকার হচ্ছে একমাত্র সরকার যারা নিজেরা প্রোডাকসন করে। গত বছর আমরা সোনার কেল্লা করেছি এবং এবারে গনদেবতার কাজ চলছে। পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব স্টুডিও রয়েছে এবং আমরা স্বার্থকভাবে সেটা চালিয়ে যাচ্ছি গত দু বছর ধরে। আপনারা যদি এই অর্ডিন্যান্স পাশ করে দেন তাহলে গৃহের সমস্যা, প্রদর্শনের সমস্যা

কেটে যাবে এবং পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্প যেটা আমাদের কৃষ্টি এবং সংস্কৃতির ধারক এবং বাহক তার উন্নতি হবে। কাজেই আমি আপনাদের কাছে অনুরোধ রাখছি আপনারা এটা পাশ করে দিন।

The motion of Shri Subrata Mukhopadhaya that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and the Preamble

The question that clauses 1 to 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1976, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Bill, 1976.

Shri Gurupada Khan : Sir, I beg to introduce the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Some amendments to the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) Act, 1962, became immediately necessary mainly with a view to streamlining the procedure for eviction of unauthorised occupants from public lands and correspondingly ensuring speedier disposal of cases under the said Act. As the matter was urgent and the Legislative Assembly was not in session the amendments required were made by promulgating the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Ordinance, 1976.

(Secretary then read the title of the Bill).

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment) Bill, 1976, be taken into consideration.

শ্রীগুরুপদ খান ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী জমি থেকে বেয়ানী দখলকারদের উচ্ছেদ করবার উদ্দেশ্যে ১৯৬২ সালে ওয়েস্ট বেঙ্গল পাবলিক ল্যান্ড এভিকসান অফ আনঅথারাইজ অকুপ্যাট এ্যাকটা সঠিকভাবে প্রয়োগ করবার জন্য এই আইনটির কতগুলি সংশোধন প্রয়োজন হয়ে পড়ে। বিষয়টি জরুরী বিবেচিত হওয়ায় এবং বিধানসভার অধিবেশন তখন না থাকায় মাননীয় রাজ্যপাল ওয়েস্ট বেঙ্গল পাবলিক ল্যান্ড এভিকসান অফ আনঅথারাইজ অকুপ্যাট অর্ডিন্যান্স ১৯৭৬ জারি করেন। এই অধ্যাদেশ বলে বেয়ানী দখলকারদের সরকারী জমি থেকে উচ্ছেদ করার কার্যবিধি সহজতর ও দ্রুততর করার চেষ্টা করা হয়েছে। পূর্বের আইন অনুযায়ী কালেক্টারের ক্ষমতা দেওয়া যেত কেবলমাত্র সেইসব অফিসারদের যারা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা তার সমপর্যায়ে ভুক্ত ছিলেন। আজকের সংশোধনের ফলে যেকোন একজিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে এখন কালেক্টারে ক্ষমতা অর্পণ করা যাবে ফলে অধিকসংখ্যক অফিসারকে এই আইনে কালেক্টার হিসাবে নিয়োগ করা যাবে। এবং তাহলে মামলাগুলি দ্রুত নিঃস্পত্তি করা সম্ভব হবে। সংশ্লিষ্ট পক্ষের বক্তব্য শোনার পর এবং প্রয়োজনীয় সাক্ষ্য গ্রহণের পর কালেক্টরই সিদ্ধান্ত নেবেন জমিটি সরকারী জমির আওতায় পড়ে কিনা এবং উহা বেয়ানীভাবে অধিকৃত কিনা।

[4-50—5-00 p. m.]

জমিটি সরকারী জমির আওতায় পড়ে কিনা এবং বে-আইনী ভাবে অধিকৃত কিনা। এর জন্য তাকে দেওয়ানী আদালতে কোন মামলা পাঠাতে হবে না। এই আইনের বিচার্য বিষয় দেওয়ানী আদালতে কোন এক্তিয়ারই থাকবে না। কালেক্টার নিজেই বা কোন অফিসারের সাহায্যে বে-আইনী দখলদারদের সরকারী জমি থেকে উৎখাত করতে পারবেন এবং প্রয়োজন হলে জোর করতেও পারবেন। কালেক্টারের কাজে বাধা দিলে এবং দোষী সাব্যস্ত হলে এক বৎসর পর্যন্ত জেল বা দুহাজার টাকা পর্যন্ত জরিমানা বা জেল ও জরিমানা দুইই হতে পারে। বে-আইনীভাবে সরকারী জমি দখল করার প্রবণতা রোধ করার জন্যই বে-আইনী দখলদারদের কাছ থেকে আদায় করতে খেসারতের হারও বাড়িয়ে পশ্চিমবঙ্গ জমিদারি দখল আইনের স্থিরিকৃত হারের মতন করা হয়েছে। বে-আইন দখলদার যদি জমিতে কোন ইট ফেলে রেখে যায় এবং

নোটিশ দেওয়া সত্ত্বেও ওগুলি উঠিয়ে নিয়ে না যায় তাহলে কালেক্টার সেগুলি নিলাম করে দিতে পারবেন। নিলামের খরচ, বকেয়া রাজস্ব, বে-আইনী দখলের খেসারত, মামলার খরচ ইত্যাদি বাদ দিয়ে নিলামের টাকা যা পাওয়া উচিত বলে কালেক্টার মনে করবেন তাকে দেওয়া হবে। জেলা সমাহর্তা, অপর জেলাশাসক, মহকুমা শাসক ও ক্যালকাটা ল্যান্ড এ্যাকুইজেশন কালেক্টারের বিরুদ্ধে আপিল করা যাবে পতির নিকট এবং কালেক্টারের ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য অফিসারদের বিরুদ্ধে আপিল দায়ের করা যাবে জেলা সমাহর্তার নিকট। আপিলের রায়ে যদি কোন গুরুতর ভুল হয় তাহলে রাজ্য সরকার আপিলের নথিপত্র দেখে যথাযোগ্য আদেশ দিতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল পাবলিক ল্যান্ড (এভিকশন অব আন-অথরাইষ্ট অকুপেণ্টস) (এ্যামেণ্ডমেণ্ট) অর্ডিনেন্স, ১৯৭৬, এর বিধানগুলিকে বিধিবদ্ধ করার জন্যই বর্তমান বিধেয়কটি বিধান সভায় উপস্থিত করছি। আশা করি মাননীয় সদস্যগণ সকলেই এই বিধেয়কটিকে সমর্থন করবেন।

Shri Biswanath Mukherjee : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 10th November, 1976.

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে সার্কুলেশন মোশন দিয়েছি সেটা আমি এখানে আনুষ্ঠানিকভাবে রাখছি। সেটা সাইক্লোস্টাইল করে সকলকে দেওয়া হয়েছে সুতরাং এটা আর পড়ার দরকার নেই। মন্ত্রী মহাশয় কিছু বললেন না, সবই জমা রাখছেন, উত্তর দেবেন তখন হয়তো বলবেন কারন তাঁর উত্তর দেওয়ার পর তো আর কেউ কিছু বলতে পারবে না। যাইহোক, আমরা কেন এইটা সার্কুলেশনে দিচ্ছি, কেন আপত্তি করছি সেকথা বলার আগে আমি একটা ছোট কিন্তু গুরুত্বপূর্ণ কথা বলতে চাই। আমরা এই এক্সট্রা অর্ডিনারি গেজেট কখন পাই, আমাদের কাছে এই গেজেট একদিন পরে যায় তা আপনারা একটু খোঁজ করলেই জানতে পারবেন দু'তিন মাস পরে এটা পাই। সদস্যদের তো দেওয়াই হয় না, এমন কি আমি বিরোধী দলের নেতা হিসাবেও এটা পাইনা। এমন কি এ্যাসেম্বলী লাইব্রেরীতেও রাখেননা, সুতরাং পড়ে এসে রেডি হওয়ার উপায় নেই। একমাত্র যখন বিল এসে হাজির হবে তখন একদিনের মধ্যে এটা পড়ে বক্তব্য স্থির করে এ্যামেন্ডমেন্ট দিতে হবে দ্বিতীয়তঃ, অর্ডিনেন্স করার ক্ষমতা আছে বলে সব সময়েই যে অর্ডিনেন্স করতে হবে এটা কি ব্যাপার। এই আইনটা ছিল অনেক দিনের পুরানো, এই আইনের যদি সংশোধন করতে হয় তাহলে বিল এতে করা যেতে পারতো। এটা অর্ডিনেন্স করা হল

৩০শে জুলাই, আজকে ১৮ই অক্টোবর, ২ মাস ১৭ দিন কি সময়? পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা বর্ষার সময়। বর্ষার সময় আপনি অর্ডিনেন্স করে কাকে উচ্ছেদ করবেন? বিশেষ করে এগ্রিকালচারাল ল্যান্ড থেকে তখন কাকে উচ্ছেদ করবেন?

তাদের কাছ থেকে কি পাবেন, কম্প্রেনেসেসন আদায় করবেন? মাঠে তো ধান রয়েছে। অতএব প্রকৃত প্রস্তাবে এর কোন জরুরী প্রয়োজন ছিল না। এই যে আইন সভার অধিবেশনে বিল এনেছেন এর জন্য অর্ডিনান্স করার দরকার ছিল না। দরকার হলে করতে হবে। অর্ডিন্যান্স করে দিয়ে তার এ্যাফেক্ট হবে তারপরে আইনসভার অনুমোদনের জন্য আনবেন এই যে পদ্ধতি এটা ঠিক নয়। এটার মোটেই জরুরী প্রয়োজন ছিল না বলে মনে করি। তার ফলে কি হচ্ছে আমরা প্রকৃত আলোচনা থেকে বঞ্চিত হচ্ছি। আইন আনার ব্যাপারে সার্কুলেশন মোশন দিলে ৬ সপ্তাহ অপেক্ষা করতে হয়, তারপরে ৪/৫ দিনের জন্য অধিবেশন ডেকে বিল পাশ করতে হয়। সেই সময় বলবেন আইনসভার অধিবেশন ডাকাতে বললেই ডাকতে পাচ্ছি না। আমার যে আসল উদ্দেশ্য, কেন এই সার্কুলেশন মোশন চাইছি সেটা হচ্ছে সরকার পক্ষ থেকে আজকে একটা সিলেক্ট কমিটি করা হোক। আমরা সিলেক্ট কমিটি চাই কিন্তু সেটা করলে কোন লাভ হবে না এজন্য যে আমরা আপনাদের নাম দেব, কিন্তু আপনারা কনসেন্ট দেবেন না, আমাদের পক্ষের কয়েকজন নিয়ে সিলেক্ট কমিটি করা একটা ফাজলামি, আমরা চাই যে গভর্ণমেন্ট বুঝে শুনে একটা সিলেক্ট কমিটি এ্যাপয়েন্টমেন্ট করুন, এবং তা যদি করেন তাহলে সার্কুলেশন মোশন উইড্র করে নেব। এর প্রয়োজন আছে, অদূর ভবিষ্যতে কনটিটিউশন এ্যামেন্ডমেন্ট অক্টোবর মাসেই বোধ হয় পার্লামেন্টে পাশ হবে, সেটা আলোচনা করে সম্মতি দেবার জন্য আইন সভার অধিবেশন ডাকা হবে নিশ্চয়ই। সতরাং একটা সিলেক্ট কমিটি করে দিলেই ভাল হয়। যদি বলেন এই ব্যবস্থা করতে গেলে অর্ডিন্যান্স বাতিল হয়ে যাবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বিবেচনা করে বলুন, সেটা উচিত নয়। যুক্তি হিসাবে যদি এটাই হাজির করেন তবে আমি বলব অর্ডিন্যান্স বাতিল হয় হোক। এই আইন কার্যকরী করার সময় কখন? ধান কাটবার পর। হার্ভেস্টিং এর পর। সুতরাং কোন লোকসান হবে না। অর্ডিন্যান্স বাতিল হয় হবে, নূতন করে আইন পাশ হোক, সেই আইনের এফেক্ট দিতে অসুবিধা হবে না। যদি আইনজ্ঞরা বিবেচনা করে এই যুক্তিই দেন যে অর্ডিন্যান্স বাতিল হবে, সেজন্য একথাই বলে রাখছি।

এখন আমার আপত্তির কারণগুলি বলি। আপনি নিজেই বলেছেন কি কি ক্ষমতা বাড়িয়ে নেওয়া হচ্ছে এবং যখন এই আইন আইনসভায় পাশ হয়, তখন কিছু সদস্য এই আপত্তি করেছিলেন, তাড়াহুড়া করে আইন পাশ করবেন না। এই ক্ষমতা

কার উপর গিয়ে পড়বে, কার হাতে গিয়ে পড়বে, এত ক্ষমতা থাকা সত্ত্বেও, অন্য ক্ষমতা থাকা সত্ত্বে আইন করছেন, যে ক্ষমতা দিচ্ছেন তাতে কার উপর হামলা হবে, সেজন্য তাড়াহুড়া করবেন না। একথা বলা সত্ত্বেও তো আইন পাশ হয়ে গেল। আজকে এই আইন আবার সংশোধন করা হচ্ছে। তাড়াহুড়া করে নিয়ে আসা হয়েছে, এই মুহূর্তে এখনি পাশ করে দাও, বিচার বিবেচনা করার সময় নাই, প্রয়োজনও বোধ হয় নাই। আমি একটা কথা বলি। সংসদীয় গণতন্ত্রের যে অবস্থা তার উপর নানা দিক থেকে আক্রমণ হচ্ছে। সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করতে সব পক্ষই নিশ্চয়ই চান, কিন্তু সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করতে যদি হয়, তার মর্য্যাদাকে রক্ষা করতে যদি হয়, তার মর্য্যাদাকে রক্ষা করতে হবে। সংসদীয় ক্ষমতা বাড়াবার নাম করে শুধু একজিকিউটিভ গভর্ণমেণ্টের নিজের ক্ষমতা বাড়ান, মানে আইনসভাকে রবার স্ট্যাম্পে পরিণত করা। এ বিষয়ে পরে শুনবেন, কিন্তু আমাদের দল আছে, ভোট আছে, দু ঘণ্টা আলোচনা হবে, শুনে ভোট দেবে, তারপর পাশ হয়ে যাবে।

[5-00—5-10 p. m.]

তাহলে সেই সংসদ সম্বন্ধে, সেই আইনসভা সম্বন্ধে সাধারণ মানুষের কোন আস্থা থাকে না, কোন seriousness থাকে না, সংসদীয় গণতন্ত্রকে undermine করা হয়। এর ভেতর দিয়ে কেন এই সমস্ত গুরুত্বপূর্ণ সংশোধন আইনসভায় উত্থাপন করবার সুযোগ হবে না? একটা আইন পরিবর্তন করতে হবে—তার জন্য আজ সিলেক্ট কমিটির দরকার নাই। সে ব্যবস্থা কি উঠে গেল? সুতরাং এই পদ্ধতির আমি প্রতিবাদ করছি।

তারপর উনি কী কী ক্ষমতা নিচ্ছেন, কী কী পরিবর্তন আনছেন? আগের আইনের তুলনায় অনেক বেশী ক্ষমতা তিনি হাতে নিয়ে নিচ্ছেন। আগে যে ক্ষমতা ছিল একজন collector-এর, একজন first class Majistrate-এর এখন সেই ক্ষমতা যে কোন একজন executive Majistrate-এর হাতে দেওয়া হচ্ছে। আগে ছিল—টাইটেল নিয়ে কোন genuine dispute থাকলে পরে সেটা Collector কোন সিভিল কোর্টে refer করতে পারতেন। এখন সেই টাইটেলের ব্যাপারটা উড়িয়ে দেওয়া হয়েছে। এখন যিনি officer appointed—যিনি civil law দেখবেন—তিনি যা বিচার করবেন, তাই মেনে নিতে হবে। ঐ আইন execution, eviction করবার দিক থেকে law-officer-এর হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। আগে তার হাতে এরকম কোন দেওয়া ছিল না। এখন তার উপর দেওয়া হয়েছে।

৩০শে জুলাই, আজকে ১৮ই অক্টোবর, ২ মাস ১৭ দিন কি সময়? পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা বর্ষার সময়। বর্ষার সময় আপনি অর্ডিনেন্স করে কাকে উচ্ছেদ করবেন? বিশেষ করে এগ্রিকালচারাল ল্যান্ড থেকে তখন কাকে উচ্ছেদ করবেন?

তাদের কাছ থেকে কি পাবেন, কম্প্রেনেসেসন আদায় করবেন? মাঠে তো ধান রয়েছে। অতএব প্রকৃত প্রস্তাবে এর কোন জরুরী প্রয়োজন ছিল না। এই যে আইন সভার অধিবেশনে বিল এনেছেন এর জন্য অর্ডিনান্স করার দরকার ছিল না। দরকার হলে করতে হবে। অর্ডিন্যান্স করে দিয়ে তার এ্যাফেক্ট হবে তারপরে আইনসভার অনুমোদনের জন্য আনবেন এই যে পদ্ধতি এটা ঠিক নয়। এটার মোটেই জরুরী প্রয়োজন ছিল না বলে মনে করি। তার ফলে কি হচ্ছে আমরা প্রকৃত আলোচনা থেকে বঞ্চিত হচ্ছি। আইন আনার ব্যাপারে সার্কুলেশন মোশন দিলে ৬ সপ্তাহ অপেক্ষা করতে হয়, তারপরে ৪/৫ দিনের জন্য অধিবেশন ডেকে বিল পাশ করতে হয়। সেই সময় বলবেন আইনসভার অধিবেশন ডাকাতে বললেই ডাকতে পাচ্ছি না। আমার যে আসল উদ্দেশ্য, কেন এই সার্কুলেশন মোশন চাইছি সেটা হচ্ছে সরকার পক্ষ থেকে আজকে একটা সিলেক্ট কমিটি করা হোক। আমরা সিলেক্ট কমিটি চাই কিন্তু সেটা করলে কোন লাভ হবে না এজন্য যে আমরা আপনাদের নাম দেব, কিন্তু আপনারা কনসেন্ট দেবেন না, আমাদের পক্ষের কয়েকজন নিয়ে সিলেক্ট কমিটি করা একটা ফাজলামি, আমরা চাই যে গভর্ণমেন্ট বুঝে শুনে একটা সিলেক্ট কমিটি এ্যাপয়েন্টমেন্ট করুন, এবং তা যদি করেন তাহলে সার্কুলেশন মোশন উইড্র করে নেব। এর প্রয়োজন আছে, অদূর ভবিষ্যতে কনটিটিউশন এ্যামেন্ডমেন্ট অক্টোবর মাসেই বোধ হয় পার্লামেন্টে পাশ হবে, সেটা আলোচনা করে সম্মতি দেবার জন্য আইন সভার অধিবেশন ডাকা হবে নিশ্চয়ই। সতরাং একটা সিলেক্ট কমিটি করে দিলেই ভাল হয়। যদি বলেন এই ব্যবস্থা করতে গেলে অর্ডিন্যান্স বাতিল হয়ে যাবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বিবেচনা করে বলুন, সেটা উচিত নয়। যুক্তি হিসাবে যদি এটাই হাজির করেন তবে আমি বলব অর্ডিন্যান্স বাতিল হয় হোক। এই আইন কার্যকরী করার সময় কখন? ধান কাটবার পর। হার্ভেস্টিং এর পর। সুতরাং কোন লোকসান হবে না। অর্ডিন্যান্স বাতিল হয় হবে, নূতন করে আইন পাশ হোক, সেই আইনের এফেক্ট দিতে অসুবিধা হবে না। যদি আইনজ্ঞরা বিবেচনা করে এই যুক্তিই দেন যে অর্ডিন্যান্স বাতিল হবে, সেজন্য একথাই বলে রাখছি।

এখন আমার আপত্তির কারণগুলি বলি। আপনি নিজেই বলেছেন কি কি ক্ষমতা বাড়িয়ে নেওয়া হচ্ছে এবং যখন এই আইন আইনসভায় পাশ হয়, তখন কিছু সদস্য এই আপত্তি করেছিলেন, তাড়াহুড়া করে আইন পাশ করবেন না। এই ক্ষমতা

চেয়েও বড় বাড়ী করা আছে আনঅথরাইজড অকোপেসান। আমি দেখলাম যে বাঁধ মেরামতের দরকার তার উপরে আন-অথরাইজড অকোপেসান আছে, তার বাইরেও আছে। যে জমি ইরিগেসানের কিন্তু কাজে লাগে না সেখানে আন-অথরাইজড অকোপেসানে চাষ করছে বা বাড়ী করছে। সেখানে এই ইরিগেসানের দিক থেকে প্রবলেম ফেস করলাম। আমাকে ঠিক করতে হলো কাদের এখনই এ্যাভিক্ট করতে হবে, কাদের ক্ষেত্রে গভর্ণমেণ্টের অধিকার বাঁচাবার জন্য একটা পিরিয়ডিক্যাল বন্দোবস্ত নিতে হবে। একটা ফর্মে সই করিয়ে নিতে হবে, কাদের ক্ষেত্রে সেইটা করিয়ে নেওয়া দরকার। কাদের ক্ষেত্রে লং টারম লিস দেওয়া দরকার, কাদের ক্ষেত্রে শরট টার্ম দেওয়া দরকার এবং কাদের ক্ষেত্রে এখন এভিক্ট করা দরকার। এইগুলি না করলে হয় না। এখনও পর্যন্ত সেই ফাইলে আমার নোটিং আছে। প্রত্যেক দফাওয়ারী আলাদা করে করা হয়েছে, কারণ এ্যাকচুয়াল সিচুয়েসানের জন্য সেটা করা দরকার ছিল। তাই ধরুন আজকে এমারজেন্সী পাওয়ার ব্যবহার করে অনেক আন-অথরাইজড অকোপেসানকে সরিয়ে দেওয়া হয়েছে। এখন তার ভেতর রাস্তার জমি আছে, রাস্তা এ্যানক্রোচ করে বসেছে যে এমন লোকও আছে, আবার রাস্তা থেকে অনেক দূরে বসেছে অথচ আইনতঃ ফিতে মেপে দেখা গেলো সেটা সরকারের জমি। গরীব লোকও আছে, বড়লোকও আছে—নানা রকম লোক আছে। আর আজকে তার জায়গায় কি? আমি জানি রাস্তা তৈরী হয় বা রেল লাইনের যে জায়গা থেকে মাটি নেয় সে জায়গায় অনেক লোক আবার ধানচাষ করে। যাদের জমি সেটা ছিল তারা করে। কেউ কোনদিন তারজন্য তার উপর হামলা করে না। গভর্ণমেণ্টর যখন মাটির দরকার হয় গভর্ণমেণ্ট তখন মাটি কাটে। এখন আপনি যে আইন করতে যাচ্ছেন সেটাতে কি হচ্ছে? সেটাও পাবলিক ল্যাণ্ড। তার কাছ থেকে আপনি তার বছরে যে প্রোডাকসান হয় সেই প্রোডাকসানের ২৫ পারসেণ্ট নেবেন—কতদিন দখলে আছে—হয়তো ৩০/৪০ বছর। ক করে আদায় করবেন সে প্রশ্ন এর মধ্যে আসছে? তাছাড়া, ধরুন যেটা আসল কথা য জমি ভেসটেড হয়েছে, এই জমিদারী দখল আইন বা ভূমি সংস্কার আইনে যে জমি ভসটেড হয়েছে তার পজিসান কি আছে? তার পজিসান যেমন অনেক জায়গায় াছে জোতদারেরা ভেসটেড জমি বে-আইনীভাবে দখল করে রেখে দিয়েছে তেমনি সংখ্য ক্ষেত্রে রয়েছে যেখানে চাষীরা বা সেই ভেসটেড জমিতে যে ভাগচাষী ছিল কংবা ভূমিহীন চাষী যে ভেসটেড জমি ৯/১০ বছর ধরে চাষ করছে। সে হয়তো াট্টা পায়নি। পাট্টা পেলো অন্য লোক। সে বসে আছে চাষ করছে। আর আমার ভিজ্ঞতা আছে জমি ভেসটেড হয়ে গেলো সেই জমির পাট্টা দেওয়া হলো না। আগে স্থায়ী বন্দোবস্ত দেওয়া ছিল, দেওয়া হলো না। চাষী দরবার করতে লাগবো,

আমাকে অস্থায়ী বন্দোবস্ত দিন, তা দেওয়া হলো না। জোতদার বললো গভর্ণমেণ্ট যতক্ষণ না দিচ্ছে আমাকে ভাগ দেবে। মালিক হয় গভর্ণমেণ্ট না হয় আমি। তুমি কোথা থেকে উড়ে এসে জুড়ে বসলে! সুতরাং আমাকে ভাগ দাও। সে ভাগ দিলো। তারপর যখন গভর্ণমেণ্ট জমিটা দখল করলেন গভর্ণমেণ্ট তার কাছে ৫/৬ বছরের অস্থায়ী বন্দোবস্তের টাকা দাবী করলেন। আমি এই রকম বহু মামলা লড়েছি, এই রকম বহু কেস নিয়ে আমি আলোড়ন সৃষ্টি করেছি। যে ব্যাপারটা কি। কিংবা গভর্ণমেণ্ট জমি ভেসটেড হয়ে গিয়েছে। সে ভেসটেড জমি গভর্ণমেণ্ট দখলে নিয়েছে, হাইকোর্টের ইনজাংসান হয়ে গেলো কিংবা কোন কোর্ট থেকে চাষী যেখানে আছে, জোতদার এসে বললো, ব্যাটা ইনজাংসান হয়ে গিয়েছে, এখন আমি মালিক। যতক্ষণ না গভর্ণমেণ্টের ফেভারে আবার যায়। তারপর যখন আবার ইনজাংসান ভ্যাকেটেড হয়ে গেলো তখন জে, এল, আর, ও বললো, তুমি ব্যাটা এতদিন ধরে আছো এটা গভর্ণমেণ্টের জমি, দিয়ে দাও। তাই সে একবার জোতদারকে দিলো, আর একবার গভর্ণমেণ্টকে দিতে হবে। এখন আন-অথরাইজড অকোপেসান হলে আপনি তার কাছ থেকে কত বছর আদায় করতে চাইবেন জানি না। তবে এক বছর, দু বছর কি পাঁচ বছরের পুরো ফসল দিয়ে দিয়েও আপনার সে টাকা উশুল হবে না।

[5-10—5-20 p. m.]

সুতরাং এই সিসটেমের মধ্যে যে গলদ আছে সেটা বুঝতে হবে। দ্বিতীয় যে কথা বলছিলাম মন্ত্রীমহাশয় আশ্বস্ত করলেন যে ভাগচাষী যারা সরকারী ভেষ্টেড জমিতে আছে এক হেক্টর জমি পর্যন্ত তাদের আওতায় হয়ে যাবে। হয়ে যাবে বলেছেন কিন্তু অনেক ক্ষেত্রে হয়নি। তিনি বলেছেন আমাদের অর্ডার আছে। আমার বক্তব্য হচ্ছে অর্ডার বলবত হবে, আইন বলবত হবে। অফিসার যাকে আপনি এ্যাপয়েণ্ট করবেন আন অথারাইজ কিনা তিনি আইন অনুসারে চলবেন আইন অনুসারে দেখবেন। তাছাড়া ভূমিহীন যাদের জমি দেবেন যারা জমি দখল করে আছে তাদের থেকে নিয়ে আর এক পাট্টাদারকে দিতে পুলিশের সাহায্য দরকার হবে। ভবিষ্যতের আইন থাকা সত্বেও আপনি এই যে ইমারজেন্সি পাওয়ার হাতে নিলেন এই আইনের বলে উচ্ছেদ করতে পারবেন তার দ্বারা যে সমস্ত ভূমিহীন দরিদ্র মানুষ চাষ করছিল যাদের পাট্টা দিলে আপনি অনেক খাজনা পেতেন। কিন্তু তার বদলে তাদের থেকে ৬।৭।৮।৯ বছরের সমস্তকিছু আদায় করতে পারবেন—সেজন্য আপনাদের পাবলিক ডিমাণ্ড রিকোভারি এ্যাক্ট আছে তাও প্রয়োগ করবেন এবং তাদের ফসল ক্রোক করবেন তাতেও যদি না হয় তাহলে তাদের বাড়ী পর্যন্ত হামলা

করবেন, পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট অনুসারে আপনাদের ক্ষমতা আছে। অবশ্য আমি একথা বলছি না যে আনঅথারাইজ অকুপেন্ট যেসব আছে তার জন্য আইনের প্রয়োজনীয়তা আছে। কিন্তু পুরানো যেসব আইন আছে তাত হতে পারে না। কিংবা যদি সেখানে লোক অসুবিধা থাকে দুর্বলতা থাকে যার জন্য সেই আইনের দ্বারা এটা কার্যকরী করা যাচ্ছে না তাহলে নিশ্চয়ই সেই আইনের সংশোধন আনতে পারতেন। আমি বলছি যে আপনাদের উদ্দেশ্য যদি এই হয় যে যেসব ধনী, জোতদার লোক জমি দখল করে রেখেছে সেগুলিকে উদ্ধার করতে হবে তাহলে পুরানো আইনের যথেষ্ট ক্ষমতা ছিল—আপনারা কতজনকে উচ্ছেদ করেছেন বা পুরানো গভর্ণমেণ্ট কতজনকে হটিয়েছে? আমি এখানে বলছি এই ধরনের আমার কাছে অনেক খবর আছে। এই সেসনেই এই আইন সভায় প্রশ্নের আকারে শ্রীমতী গীতা মুখার্জী একটি প্রশ্ন দিয়েছিলেন হরিশচন্দ্রপুর এবং রোতুয়া একজন ইজারাদার প্রায় ৬ একর ৬২ ডেসিম্যাল জমি বেআইনীভাবে দখল করে রেখেছে। পাকা বাড়ী তৈরী করেছে। পুরানো আইনে কি তাদের হঠানো যেতো না? কিন্তু হটানো হয়নি। গভর্ণমেণ্ট কোন টাইটেল সুট করেন নি এবং করতে পারেনও না। ভূমি রাজস্ব মন্ত্রীর প্রশ্নটির উত্তর দেবার কথা—কিন্তু আমাদের অধিবেশন শেষ হয়ে যাবে— উত্তর পাবো না। এই রকম হাজারে হাজরে ঘটনা রয়েছে। তাদের বিরুদ্ধে কি এ্যাকসন নিয়েছেন—কটা টাইটেল করেছেন। সেখানে টাইটেলের কোন প্রশ্ন নাই। সেখানে কি এ্যাকসন নেওয়া হয়েছে তা জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা সবচেয়ে বেশী চিন্তিত সেটা হচ্ছে এই যে এই লিষ্ট করবে কে সেটা আমি ভূমি রাজস্ব মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি। যে আনঅথরাইজড অকুপেসন রয়েছে হাজারে হাজারে লক্ষে লক্ষে বিভিন্ন ডিপার্টমেণ্টে ইরিগেসন ডিপার্টমেণ্ট, ল্যাণ্ড রিফর্ম ডিপার্টমেণ্টে, রোডস-এ, পি, ডবলিউ, ডি, ডি-তে মিউনি-সিপ্যালিটিতে—তার লিষ্ট তৈরী করবে কে? ধরুন আপনার ডিপার্টমেণ্টে কে এটা করবে? আমি ভূমি রাজস্ব মন্ত্রীর ডিপার্টমেণ্টের কথাই বলি। ভূমি রাজস্ব দপ্তরের কে এটা মুভ করবে? এই লিষ্ট আপনাদের তৈরী করে দেবে হয়তো তহশীলদার। তারপর আপনি হয়তো জে, এল, আর, ও বা অন্য কাউকে পাওয়ার দিয়ে দেবেন তিনি এই লিষ্ট চেক করবেন। কোন পপুলার বডিকে কি আপনি এগুলি চেক করবে? তাহলে ঘুষের প্রশ্ন আসবে শক্তিমান অনেক লোক এই লিষ্টের বাইরে চলে যাবে অনেক দুর্বল লোক এই লিষ্টের মধ্যে এসে যাবে, যে তোমাদের নাম ঢুকিয়ে দিয়েছি টাকা দাও লিষ্ট থেকে নাম কেটে দেবো। এই সমস্ত ত্রুটি এর মধ্যে এসে যাবে।

কিছু মেশিনারি নেই। এইরকম একটা পরিস্থিতিতে একটা ভীষণ পাওয়ার আপনারা হাতে নিচ্ছেন। আপনাদের সরকার মেজরিটি আছে আপনাদের কাজেই হাত তুলে পাশ করে যতখুশি ক্ষমতা আপনারা নিতে পারেন কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না একটা গাইড লাইন মন্ত্রীমহাশয়ের কাছ থেকে পাচ্ছি ততক্ষণ পর্য্যন্ত এরকম ব্লাঙ্ক চেক আমরা দিতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটু বিশদ ভাবে বলি। আমাদের কথা হল, ওঁরা কি ধরনের আনঅথারাইজড অকুপেসানকে এখনই রিমুভ করতে চান, কোনটাতে শুধু এখন রেকর্ড করে রাখতে চান যাতে সরকারের মালিকানাটা চলে না যায়—সরকারের মালিকানা যাতে চলে না যায় তারজন্য বাৎসরিক লিজ নিতে হবে, কি দু বছরের জন্য নিতে হবে—কাদের ক্ষেত্রে সে রকম চান, কাদের উচ্ছেদ করতে চান আই ওয়াণ্ট দি গাইডলাইন। অর্থাৎ কাদের উপর এই আইন কঠোরভাবে প্রয়োগ করবেন, কাদের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করবেন, কাদের সম্পত্তি অকসান করে নেবেন, কাদের জেলে দেবেন বা ফাইন করবেন, অফিসার এবং ম্যাজিষ্ট্রেট যারা এগুলি করবেন তাদের কি গাইড-লাইন দেবেন, প্রপারলি চেক কিভাবে রাখবেন এগুলি সমস্তটা আমাদের জানা দরকার। সেগুলি না জেনে যেখানে এরকম ভীষণ পাওয়ার আপনারা নিচ্ছেন সেখানে আমরা চোখ বুজে ব্লাঙ্ক চেক দিতে পারিনা তার কারণ আমাদের সমাজের প্রকৃত অবস্থাটা কি সেটা মন্ত্রীমহাশয় ভালোই জানেন। কি ভাবে আমাদের মেশিনারী ফাংসান করে, আইন কাদের বিরুদ্ধে বেশী করে কিভাবে প্রয়োগ করা হয়, কাদের উপর হয় না এসবই মন্ত্রীমহাশয়ের জানা আছে। কাজেই এই অবস্থায় সমাজের ঐ দুর্বল অংশ যখন সংঘবদ্ধ নয়—অনেক জায়গাতেই তারা সংঘবদ্ধ নয়, তাদের অসহায় অবস্থার সুযোগ অনেকেই নেবে। সেখানে আমলাদের দ্বারা এবং নানান রকমের ফড়ে, দালালদের দ্বারা কত ঘটনা ঘটে সেসব মন্ত্রীমহাশয়ের জানা আছে। সেইজন্য আমি আবার বলছি, আমি যে সার্কুলেশান মোশান এনেছি সেটা আমি উইথড্র করে নেব, আপনারা এই আইন পাশ করতে চান নেক্সট সেশানে করুন কিন্তু আপনারা এই আইন নিয়ে আলোচনা করার একটা সুযোগ দিন। আমি হাউসে দাঁড়িয়ে একটা প্রশ্ন করলাম, মন্ত্রীমহাশয় একটা উত্তর দিয়ে দিলেন, তারপর আমারও কিছু জানবার নেই, ওঁরও কিছু বলবার নেই সেরকম আলোচনা নয়, একটা সিলেক্ট কমিটি বা কোন কিছু করে সেখানে আলোচনা করে জিনিষটা আমাদের বুঝতে দিন। আইনতো ছিল, তাহলে এত ক্ষমতা বাড়াবার দরকার হল কেন? কত কেসে আপনারা পুরানো আইনে প্রসিড করেছিলেন? সেখানে কি ডিফিকালটিস আপনাদের হল? আপনারা বলছেন কালেক্টরকে দিয়ে করালে কেস সব ডিসপোজ

করা যায় না তাড়াতাড়ি। ১৯৬২ সালে এই আইন পাশ হয়েছে, তারপর এই ১৯৭৬ সাল পর্য্যন্ত ১৪ বছরে এই আইন অনুসারে কতগুলি প্রসিডিংস হয়েছে? তার মধ্যে কত পেণ্ডিং আছে যে কালেক্টারকে ক্ষমতা দেওয়ার জন্য তারা করে উঠতে পারে নি এই ১৪ বছর ধরে লোয়ার অফিসারকে দিতে হয়। কত ক্ষেত্রে সিভিল কোর্টে টাইটেলের মকদ্দমা হয়েছে বলে আপনারা অসুবিধায় পড়ে গেছেন? সেই টাইটেলে মকদ্দমা তো কালেকটার রেফার করেছে, সে ক্ষমতা তো দেওয়া ছিল কালেক্টারকে। সেখানে ছিল যে তুমি যদি মনে কর জেনুইন কেস আছে তাহলে তুমি রেফার করতে পার। কতগুলি ক্ষেত্রে কালেক্টার রেফার করেছে? কতগুলি ক্ষেত্রে গভর্ণমেণ্ট হেরে গিয়েছে? প্রথমতঃ আপনারা বলুন কি এমন ঘটনা ঘটেছে যার জন্য আপনাদের এত ক্ষমতা হাতে নিতে হচ্ছে, দ্বিতীয়তঃ বলুন, এই ভীষণ ক্ষমতা কার বিরুদ্ধে প্রয়োগ করা হবে এবং কাদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে না, সে ব্যাপারে গ্যারেণ্টি কি এবং তার গাইড লাইন কোথায়? তাছাড়া মেশিনারীর উপর আপনারা নির্ভর করছেন তার উপর আপনাদের চেক কি থাকছে সেটাও বলুন। স্যার, এমন কেউ নেই যে বলবে, তলায় সেই মেশিনারী পক্ষপাতদুষ্ট নয়, দুর্নীতি-গ্রস্থ নয়। তাদেরই সাহায্যে আপনারা করবেন বলছেন, তাদের উপর আপনাদের চেক কি বলুন।

[5-20—5-30 p. m.]

এই সব কথা একটা সিলেক্ট কমিটিতে বসে আলোচনা হোক। খানি আমি একটা প্রশ্ন তুললাম আর আপনি দাঁড়িয়ে একটা উত্তর দিয়ে তারপর যদি আমার আর কিছু জিজ্ঞাস্য থাকে তাহলে আর আমার উপায় নেই। তারপরে আপনি ভোট দিতে বললেন, ভোট হল এবং পাশ হয়ে গেল। কাজেই লেট আস ডিসকাস দিস থরোলি। আমরা নিশ্চয়ই এর বিরুদ্ধে নই। আনঅথারাইজড অকুপ্যান্ট নিশ্চয়ই তাকে সরান দরকার। কিন্তু কাকে সরান দরকার আর কাকে সরান দরকার নয়, কার ক্ষেত্রে এটাকে টেম্পোরারিলি রেগুলারাইজ করে নেওয়া যেতে পারে আর কার ক্ষেত্রে সেটা করা উচিত নয় সেই সমস্ত জিনিষগুলি ভাল করে বিবেচিত হওয়া উচিত, মেসিনারী সম্বন্ধে ভাল করে বিবেচিত হওয়া উচিত, চেক আপ সম্পর্কে ভাল করে বিবেচিত করা উচিত এবং তার প্রোভিশানস রাখা উচিত। সেই সমস্ত না করে আপনি এই রকম একটা বিরাট ক্ষমতা দিয়ে দিচ্ছেন তহশীলদারের হাতে, আর ধরুন ইরিগেশানের ওভারসীয়ারের হাতে, কি সেকশান

অফিসারের হাতে, আর ধরুন পাবলিক ওয়ার্কসের কিম্বা রোডস-এর ওভার-সীয়ারের হাতে কিম্বা সেকশান অফিসারের হাতে, কি জে, এল, আর, ও এর হাতে। এই যে বিরাট ক্ষমতা দিয়ে দিচ্ছেন, এটা নেবার আগে এই সমস্ত কথা বিবেচনা করা উচিত। তাই আমি আবার গভর্ণমেন্টকে এ্যাপীল করছি। আমি সার্কুলার উইথড্র করে নেব আপনারা এই সভাতে সিলেক্ট কমিটি করুন এবং করে বিলটা আলোচনা হোক, আলোচনা হয়ে নেক্সট সেসানে পাশ করুন। আমি আবার বলছি, কিছু যাবে আসবে না, আপনারা যাই উত্তর দিন আই এ্যাম ফুললি কনভিন্সড যে আগষ্ট মাস, জুলাই মাসের ৩০ তারিখে অর্ডিন্যান্স করেছেন, আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর মাসে আপনারা কাকে উচ্ছেদ করবেন, বিশেষ করে এগ্রিকালচারাল ল্যান্ড থেকে ইভেন নন-এগ্রিকালচারাল ল্যান্ড থেকে এই দুর্দান্ত বর্ষার সময়। ধরুন ইরিগেশান-এর একটা বাঁধের নীচে কুঁড়েঘর করেছে এবারেই ইভিকশান হয়েছে, তখন কতকগুলি কেস হল যে বাঁধের ওখানে ঘর করেছে। আমি আলোচনা করেছিলাম যে বাঁধের উপর যে ঘর করে আছে সে একটা গরীব লোক, সেখানে আছে তাতে আপনার কি অবস্ট্রাকশন হচ্ছে ? আমাকে বলা হল যে না, জীপ যাবার মত রাস্তা চাই। আমি বললাম, আপনার জীপ যাবার জন্য যেগুলি অবস্ট্রাক্ট করে আছে সেগুলি আপনি তুলে দিন। কিন্তু যেখানে জীপ যাবার মত যথেষ্ট রাস্তা আছে সেখানে টেম্পোরারিলি তারা থাকবে। তখন বলা হল না, আমার বাঁধের কোলে যে আছে তাকে তুলে দিতে হবে তা না হলে অসুবিধা হবে। আমি বললাম, বেশ সেখানে যে আছে তাকে তুলে দিন, ঢালে যে আছে তাকে তুলে দিন কিন্তু বাঁধের নীচে যেখানে অনেক জায়গা আছে সেখানে তাদের দিতে পারেন। তিনি বললেন, হ্যাঁ, সেখানে তাদের দিতে পারি, সে সেখানে গিয়ে বসতে পারে। থরো নেগোসিয়েশান আমি দেখেছি যে কত রকম প্রোবলেম তাকে কত ভালভাবে সলভ করা যায়। কিন্তু যে ঢালাই ক্ষমতা দিয়ে দিচ্ছেন আন-অথোরাইজড অকুপ্যান্ট সকলেই আন-অথোরাইজড অকুপ্যান্ট। তারপর আমি বিশেষভাবে ভাগচাষী এবং গরীব চাষী, ক্ষেতমজুরদের কথা বলেছিলাম। যারা অকুপাই করে রয়েছে, চাষাবাদ করছে তাদের সম্বন্ধে আমার দারুণ ভীতি হচ্ছে যে আপনার এই আইন তাদেরকে ব্যাপকভাবে উচ্ছেদের বন্দোবস্ত শুধু নয়, তাদের উপর ৮, ১০, ৬ বছর জানি না কোন সীমা বাধা নেই, ফর দি পিরিয়ড আপনি তাদের কাছ থেকে একটা খেসারত দাবী করবেন। তাদের চাল-চুলো বিক্রি করে দিলে, তাদের লোকগুলিকেও বিক্রি করে দিলেও সেটা তারা দিতে পারবে না। সেই যে দাবী আপনি করবেন এবং তারজন্য যা পাবেন তাদের কাছ থেকে আদায় করবেন এবং ম্যাকসিমাম ক্ষেত্রে গায়ের জোরে তাদের ইভিক্ট করে দেবেন তাতে কোন সন্দেহ নেই।

সে জন্য আমি আবার অনুরোধ করছি যে আমরা আন-অথোরাইজড অকুপেশান বন্ধ করার বিরুদ্ধে নই, আন-অথোরাইজ অকুপেশান বন্ধ করুন। যেখানে বাস্তবিকই গভর্ণমেণ্টের জমি, প্রয়োজনীয় জমি সেটাকে দারুণভাবে এনক্রোচ করে গভর্ণমেণ্টের উদ্দেশ্যে ব্যর্থ করে দিচ্ছে সেখানে নিশ্চয়ই করুন। আবার তার ভিতরে বড়লোক গরীব লোকের প্রশ্ন আছে সেটাও দেখবেন। আবার এগ্রিকালচার ল্যাণ্ডের কতকগুলি স্পেশাল প্রোবলেম আছে তাও দেখুন এবং সেই সমস্ত দেখে বিচার করে গাইড লাইন তৈরী করে, চেক আপ-এর ব্যবস্থা করে আপনি প্রয়োজনীয় আইন কানুন তাতে আমাদের আপত্তি নেই। সে জন্য আমি আবার অনুরোধ করছি যে আপনি আমার এই প্রস্তাব সুবিবেচনা করে সিলেক্ট কমিটিতে দেবার ব্যবস্থা করুন।

ফরেস্ট ল্যান্ড, নামেই ফরেস্ট ল্যান্ড হয়ে রয়েছে। দীর্ঘদিন ধরে, ৫০/৬০ ৭০ বছর ধরে সেই জমি আবাদী জমি, এগ্রিকালচার ল্যাণ্ড হয়ে রয়েছে, চাষ আবাদ হচ্ছে সেখানে, বাড়িঘরদোর করে সেখানে বাস করছে। এখনও সেইগুলো ফরেস্ট ল্যাণ্ডবলে তাদের উপর এ্যাকয়ার আরম্ভ হয়ে গেল। আমি যখন মিনিস্টার ছিলাম, তখন সেইসময়কার চিফ মিনিষ্টার অজয় মুখার্জী মহাশয়ের নজরে এনেছিলাম এবং বলেছিলাম আমাদের ভূমি রাজস্ব বিভাগের যে জমি রয়েছে যেটা চাষের যোগ্য নয়, সেইগুলো ফরেস্টকে দিয়ে দিন, তারা তাতে ফরেস্ট করুক আর যেগুলো চাষের যোগ্য জমি নামে ফরেস্ট রেকর্ডে হয়ে আছে সেইগুলো রাজস্ব বিভাগকে দিয়ে দিন ইন এক্সচেঞ্জ। তারা সেখানে চাষীকে চাষবাস করতে দিক। সেই বিষয়ে ছয়জন মন্ত্রীর সই করা হ্যাণ্ডবিল ইস্যু করা হয়েছে, কিন্তু অফিসাররা তা কার্যকরী করেননি, অফিসারদের উপর সেই ভার দেওয়া হয়েছিল। সম্প্রতি শুনলাম সমস্ত তুলে দেওয়া হবে, গায়ের জোরে তুলে দেবেন। তারপর আমরা অনেক দরবার করে ঠেকালাম, এখন সেইসব অফিসাররা বলছেন, এই তো এবারে অর্ডিন্যান্স পাশ হ'ল, এবারে সেই আইন হবে, এবারে আমরা সব তুলে দেব। কাকে তুলে দেবেন, কিভাবে তুলে দেবেন, এগুলো সুবিবেচনার কথা এগুলো অফিসারদের খামখেয়ালির কথা নয় বা তাদের নিচের কর্মচারীদের ঘুস খাবার ব্যাপার নয় এবং এই সমস্ত বিবেচনা করে এই আইন তাড়াহুড়ো করে পাশ করাবেন না, আগামী সেশনে পাশ করুন, কিছু ক্ষতি বৃদ্ধি তাতে হবে না আপনি ডিসেম্বর মাসের মধ্যে এই আইন পাশ করতে পারবেন, নভেম্বরের মধ্যেও আপনি এই আইন পাশ করতে পারবেন ইমিডিয়েটলি বিফোর অর ইমিডিয়েটলি আফ্টর দি সেশন আপনি এই আইন পাশ করতে পারেন, কিন্তু আগে সুবিবেচনার জন্য আমাদের সুযোগ দিন। যদি না দেন তাহলে আমি আমার দলের নেতা

হিসাবে এই কথা বলতে বাধ্য হচ্ছি, যদি কোনরকম সহানুভূতির সংগে বিবেচনা না করেন তাহলে আমরা এই আইনের বিরোধিতা করতে বাধ্য হব। আমরা কোন এ্যামেণ্ডমেন্ট দিই নি। এ্যামেণ্ডমেণ্ট কি দেব? হয়তো অনেক কিছুতে রাজী হবো, অনেক কিছুতে রাজী হবো না, আমি গাইড লাইনটা বুঝতে চাইবো, কার উপর এপ্রায়েড হচ্ছে, কে এ্যাপ্লাই করছে, চেক কি হচ্ছে, সেই জন্য কোন এ্যামেণ্ডমেন্ট দিই নি। এবং যদি সুবিবেচনা করেন আমরা সমর্থন করবো। আর যদি এই কথাটা বিবেচনা না করেন এবং এখানে যদি ভোটের জোরে পাশ করিয়ে নিতে চান তাহলে আমাদের এক ভোট হোক, দু ভোট হোক, পাঁচ ভোট হোক, আমরা এই আইনের বিরোধিতা করতে বাধ্য, কোন উপায় নেই, আমাদের বিরোধিতা করতেই হবে, এই বলে, আমি বিরোধিতার কথাটা বড় করে দেখাতে চাই না, আমি সহযোগিতার কথাটা বড় করে দেখাতে চাই এবং আমি আবার সরকার পক্ষকে আবেদন করতে চাই, আপনারা এই বিষয়ে সুবিবেচনা করুন, আপনারা এটা আমার সার্কুলেশনের যে দাবী, এটা সিলেক্ট কমিটিতে দেবার ব্যবস্থা করুন আর আইন এটা যদি সম্ভব না হয়, তাহলে এটা ল্যাপ্স করলেও কোন ক্ষতি নেই। এটা প্রয়োগ হয়নি এবং আগামী এক মাসের মধ্যে প্রয়োগ কিছু হবে না, সুতরাং এক দু মাস পরে যদি আইনটা পাশ হয়, কিছু লোকসান হবে না, ধান কাটার পর এই আইনটাকে প্রয়োগ করতে হবে, সেদিক থেকে আবার আপনাদের কাছে আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি, এবং ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন আমি মনে করি, তিনি তা সময়মত এনেছেন এবং নূতন ল্যাণ্ড সিলিং যখন হচ্ছে, তখন এই বিলটা আনার যৌক্তিকতা আছে। তবে এই পরিপ্রেক্ষিতে একটা কথা দরকার, মাননীয় বিশ্বনাথবাবু, তিনি বারাবার করে এই বিলের বিরোধিতা করে গেলেন, তার একটা মাত্র কারণ, আমার যেটা মনে হয়েছে, সেটা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই যে ১৯৬৭ সালে প্রথম যখন পশ্চিমবংগে যুক্তফ্রন্ট সরকার গঠিত হ'ল, তখন এই সি, পি, আই বন্ধুরা, সি, পি, এম বন্ধুরা, আর, এস, পি, বন্ধুরা সবথেকে একটা বড় হাতিয়ার করেছিলেন যে এগ্রিকালচারাল ল্যান্ড এবং যে সমস্ত সরকারী আনঅথোরাইজড ল্যাণ্ড আছে, সেই সমস্ত ল্যাণ্ডগুলোকে জোর করে বেদখল করে তাদের নিজেদের পার্টি ম্যানদের কাছে নিজেদের লোকেদের কাছে বিলিয়ে দেবার চেষ্টা করেছিলেন। সেই যুক্তফ্রণ্ট আমলে দেখেছিলাম বামপন্থী রাজনৈতিক দলের

আর. এস. পি., সি. পি. আই , সি. পি. এম. দলের বন্ধুরা, তারা ভূমিকে বিরাট এক উইপেন হিসাবে ব্যবহার করেছিলেন এবং ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ দরিদ্র যে সমস্ত ভূমিহীন কৃষক আছে, সেই সমস্ত ভূমিহীন কৃষককে রাইফেলের বুলেট হিসাবে ব্যবহার করেছিলেন।

[5-30—5-40 p. m.]

সেদিন আমরা কি দেখলাম-সেদিন আমরা দেখলাম ১৯৬৭ সালে, ১৯৬৯ সালে লাল ঝানডা নিয়ে আর, এস, পি, সি, পি, আই, সি, পি, এম,—এর বন্ধুরা মাঠের পর মাঠ জোর করে দখল করেছিলেন। আর, এস, পি,—র বন্ধুরা একটা জায়গায় খুঁটি পুতে দিয়ে ৩০ হাজার বিঘা জমি বে-দখল করলেন এবং বললেন যে এই জমি আমাদের আর, এস, পি, র বন্ধুরা পাবেন। আর এক জায়গায় সি, পি, আই, বন্ধুরা ১০ হাজার একর জমির ওপর তার একটা ঝান্ডা গাড়লেন, তারা বললেন এখানে আর, এস, পি, জমি কেমন করে নেয় দেখি, ওদের এখানে কোন অধিকার নেই, এই, জমি সি, সি, আই কমরেডদের দেওয়া হবে। আবার দেখলাম সি,পি,এম, পার্টি আরো বড় পার্টি, তারা আর, এস, পি,-কে ধাক্কা মেরেছে, সি, পি, আই-কে ধাক্কা মেরেছে, তারা বলল আমাদের কয়েক হাজারে হবে না, আমাদের কয়েক লক্ষ একর দরকার। সুতরাং তারা মাঠের এক পয়েন্টে একটা ঝান্ডা গাড়লেন এবং অপর পয়েন্টে আর একটা ঝান্ডা গেড়ে দিয়ে বললেন যে এই সমস্ত জমি আমাদের। তারা যদি এই সমস্ত ভেষ্টেড ল্যান্ড, এগ্রিকালচারাল ল্যান্ডকে প্রকৃত ভূমিহীন দরিদ্র কৃষকদের মাঝে বিলিয়ে দিতেন তাহলে আমাদের কিছু বলবার ছিল না। কিন্তু আমরা সেখানে কি দেখলাম সেখানে আমরা দেখলাম তারা দরিদ্র ভূমিহীনদের নাম করে নিজের নিজের পার্টির বড় বড় কমরেডদের বেশী বেশী জমি গুলি দিয়ে দিচ্ছেন। আর যারা একটু নীচের দিকের কমরেড তাদের একটু কম জমি গুলি দিয়ে দিচ্ছেন। আমরা দেখেছি সি,পি,আই, বন্ধুরা সমস্ত ভেষ্টেড ল্যান্ড অথবা জোতদারদের জমিগুলি, যেগুলি দখল করেছিলেন সেগুলি কৃষকদের নাম করে পার্টির বড় বড় কমরেডদের দিচ্ছেন। আমরা দেখেছি তারা দরিদ্রের নাম করে দরিদ্র গোলা তৈরী করেছিলেন। কিন্তু সেখান থেকে কোন দরিদ্র মানুষকে ধান দেওয়া হয়নি, তাদের কমরেডদের মধ্যে সেই ধান বিলি করা হয়েছে তাদের পার্টিকে চালাবার জন্য। আজকে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে আইন এনেছেন তাতে আমরা দেখছি এসমস্ত বিষয়ে কোর্টের উপর নির্ভর করে আমাদের বছরের পর বছর বসে থাকা যায় না, সেখানে একজন ডেপুটি ম্যাজিষ্ট্রেট থেকে শুরু

করে সেকেণ্ড ক্লাস ম্যাজিসট্রেট থেকে শুরু করে ফার্ষ্ট ক্লাস ম্যাজিসট্রেট পর্যন্ত প্রত্যেকের কাছে পাওয়ার দেওয়া হচ্ছে এবং সমস্ত আইন যাতে দ্রুততার সঙ্গে একজিকিউট করা যায় তার জন্য সমস্ত রকম ব্যবস্থা এখানে করা হয়েছে। তার জন্য আমরা তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি, সুভেচ্ছা জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব শেষে আমি একটি কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাইছি যে, মফঃস্বলের ক্ষেত্রে, গ্রামাঞ্চলের ক্ষেত্রে আমরা কি দেখি, আমরা দেখি যেখানে ভেষ্টেড ল্যাণ্ড অথবা সরকারী জমি কোন মানুষ বেদখল করে আছে সেখানে অতি দ্রুততার সঙ্গে তাদের সরিয়ে দেওয়া হয়। কিন্তু শহরাঞ্চলে, কলকাতা মহানগরীর মত শহরে সরকারী জমিতে যেখানে আনঅথরাইস্ড অকুপায়ারস-রা আছে সেখানে কিন্তু কঠোর ভাবে আমরা হাত দিতে পারছি না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার, এই নিবেদন যে, শুধু মফঃস্বল অঞ্চলের ক্ষেত্রে নয়, শুধু গ্রামাঞ্চলের ক্ষেত্রে নয় এই আইন কলকাতা মহানগরীর মত বড় বড় শহরের ওপরও যাতে প্রয়োগ করা যায় তার ব্যবস্থা করুন এবং এ সমস্ত দখলদারদের ওপর এই আইনের আঘাত করুন। এই কয়টি কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্কুনারায়ণ গোস্বামী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রী মহাশয়, যে 'দি ওয়েষ্ট বেঙ্গল পাবলিক ল্যাণ্ড (এভিকসন অফ আন-অথরাইসড অকুপেণ্টস) (এ্যামেনণ্ডমেণ্ট) বিল, ১৯৭৬ এনেছেন আমি এই বিলকে সর্বান্তকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় আজকে আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর রূপায়নে এই ভূমি বণ্টন সব চেয়ে বড় কথা। এই দেশের শতকরা ৭০ জন বঞ্চিত মানুষের স্বার্থে, আমাদের অর্থনৈতিক এবং সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে এই বিলের রূপায়ণ এবং প্রয়োগ দরকার। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী দলের নেতা বিশ্বনাথবাবু যে কথাগুলি বলে গেলেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। উনি বলেছেন এত তাড়াহুড় করে এই অ্যামেণ্ডমেণ্ট আনা উচিত হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাঁকে বলব যে এই আনতে আমাদের অত্যন্ত দেরি হয়ে গেছে, এই সরকারের প্রথম দিকেই এটা আনা উচিত ছিল। এই জমিগুলি কারা দখল করেছে ? আমাদের বন্ধু গৌতম চক্রবর্তী মহাশয় যে কথা বলে গেলেন, ১৯৬৭ এবং ১৯৬৯ সাল পর্যন্ত যদি আমরা দেখি তাহলে দেখব কোন জমিতে সি, পি, আই, পতাকা গেড়ে দখল করেছে একবার, আর একবার আর, এস, পি, পতাকা গেড়েছে, অর একবার গিয়ে সি, পি, এম, পতাকা গেড়েছে।

জমি বণ্টন করার জন্য যারা জমিকে না বলে কাজ করে আসছে তাদের স্বার্থে

আগেই এটা করা উচিৎ ছিল। circulator ও select কমিটির কথা বলেছেন। কিন্তু ১৯৬২ সালে এই বিল পাশ হয়েছে তাতে পরিস্কার দেওয়া আছে কিভাবে কাজ করতে হবে। সুতরাং অনর্থক দেরী করার কোন কারণ নেই। তিনি বললেন সংসদীয় গণতন্ত্রের মর্যাদা রক্ষা করা হচ্ছে না। আজ শতকরা ৭০ জন মানুষের প্রয়োজনে সংবিধান সংশোধন করতে হচ্ছে। সেজন্য আমি বলছি সামান্য একটা amend করে গণতন্ত্রের মর্যাদা ক্ষুণ্ণ করা হচ্ছে এই কথাটা কিভাবে বললেন তা জানি না। আমি মনে করি শতকরা ৭০ জন মানুষের সামাজিক ও আর্থিক উন্নতির জন্য এটা করা হচ্ছে এবং গণতন্ত্রের মর্যাদা রক্ষা করা হচ্ছে। তিনি বললেন জোতদারের vested জমির থেকে চাষীকে উচ্ছেদ করা হচ্ছে। কিন্তু আমাদের পরিষ্কার আইন আছে গরীব চাষী যারা বড় বড় জোতদারের জমি চাষ করছে যখন জমি দেয়া হবে তখন তাদের দেওয়া হবে। অতএব তিনি যা বললেন তা ঠিক নয়। Land distribution কমিটিতে ওদের লোকও আছেন। তিনি popular কমিটির কথা বলেছেন। আমরা মনে করি ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত এই popular কমিটির জন্য মানুষ অস্থির হয়ে গেল। আমার এলাকায় কয়েকটা বাউড়ী বলল আমাদের যা জমি ছিল তা নেই, কারণ আমার কোন রাজনৈতিক দলের সদস্য নই। লাল পতাকা নিয়ে যাই না। আমার এলাকায় একজন সে কয়েক বছর ধরে চাষ করছে তাকে সরিয়ে দিয়ে মদন কোলে বলে একজন C.P.I. কর্মী সেই জমি পেল। আমার গ্রামে গিয়ে দেখবেন অধিকাংশ জমি বেনামীতে জোতদার অথবা রাজনৈতিক দলের বন্ধুদের হয়ে আছে। তাই বলছিল এটা অনেক আগেই করা উচিৎ ছিল। সালিহান মণিপুরে ১০০ একর জমি রাজনৈতিক দলের পতাকা নিয়ে দখল করা হয়েছে। এর ফলে সেখানে রক্তারক্তি হল, ফৌজদারী হল এবং ফলে কয়েকজন লোক মারাও গেল।

[5-40—5-50 p. m.]

এখনও জমি কিন্তু সেই জোতদাররা হাইকোর্ট করে রেখে দিয়েছে। আন-অথরাইজড অকুপেসান সম্বন্ধে বহুদিন আগেই আইন করা উচিত ছিল। আজকে যে ভূমি বন্টন নীতি আমরা কার্যকরী করতে যাচ্ছি ওপাশের বন্ধুরা সেই ভূমি নিয়ে রাজনীতি করছেন। আমি বলব ঐ ক্ষুদ্র মানুষদের নিয়ে রাজনীতি করবেন না। আমরা দেখেছি এইসব গরীব মানুষগুলি যখন হাতে পাট্টা পেয়েছে তখন তারা ভেবেছে আমরা জমিতে পার্মানেন্ট স্বত্ব পেলাম, অথচ লাঠি সড়কি বের করতে হল না, আমার ছেলে মারা গেল না, নিজেকে খুন জখম হতে হল না। সেজন্য বন্ধুদের বলব শতকরা

যে ৭০ জন গরীব মানুষ তাদের নিয়ে রাজনীতির প্রচেষ্টা আর করবেন না। সেজন্য বলি এই বিলকে সার্কুলেশানে বা সিলেক্ট কমিটিতে দেওয়ার দরকার নেই। গ্রামে যে সেটেলমেণ্ট হচ্ছে সেখানে যুব কংগ্রেসের ছেলেরা গরীব মানুষের পাশে গিয়ে দাঁড়াচ্ছে, আপনারা দাঁড়াননি। কারণ, আপনারা বুভুক্ষু মানুষগুলি নিয়ে রাজনীতি করতে চান। বিলে পরিষ্কার বলা হয়েছে যদি কেউ এই জিনিসে বাধা দিতে চায় তাহলে ১ বছরের জেল অথবা ২ হাজার টাকা জরিমানা হবে। একটা কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই সেটা হচ্ছে এই গরীব মানুষগুলি হাইকোর্টে গিয়ে আটকে যাচ্ছে, হাইকোর্টের আওতা থেকে যদি এটাকে বের করে আনতে পারেন তাহলে ভাল হয়। আপনি যে বিল এনেছেন এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। ওপাশের বন্ধুদের বলব ভূমি নিয়ে আপনারা রাজনীতি ছেড়ে দিন, গরীব মানুষদের পাশে গিয়ে দাঁড়ান। শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীকে যদি কার্যকরী করতে চান তাহলে গ্রামে গিয়ে, মাঠে গিয়ে গরীব চাষীদের পাশে গিয়ে তাদের সাপোর্ট করুন, ভূমি বণ্টন নীতিকে সফল করুন। সেখানে আপনাদের কিন্তু দেখি না। এই কথা বলে এই বিলকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমির বরণ ভাদুড়ী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূজার পর এই প্রথম আপনি আমাকে বলার সুযোগ করে দিয়েছেন বলে আপনাকে শুভেচ্ছা জানাচ্ছি এবং আমার বন্ধুরা যাঁরা বিরোধীপক্ষে রয়েছেন তাঁদেরও শুভেচ্ছা জানাচ্ছি এবং বিশেষ করে আজকে যিনি বিল এনেছেন সেই শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয়কে শুভেচ্ছা জানিয়ে আমি আমার বক্তব্য এখানে রাখছি। স্যার, মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাতে দেখলাম গৌতমবাবু থেকে আরম্ভ করে বাঁকুড়ার সদস্য যাঁকে মন্ত্রী মহাশয় ডিকটেট করেছেন যে এই এই কথা বলতে হবে তিনি বেশ ভাল করেই সেই সব কথা বলে গেলেন এবং বলতে গিয়ে যুক্ত ফ্রণ্টের কথা বললেন। স্যার, আমরা মফঃস্বলে যাত্রাদল করি এবং সেখানে দেখি কৃষ্ণের বস্ত্র হরণের ভূমিকায় অবতীর্ণ হবার লোক পাই কিন্তু কৃষ্ণের গিরি গোবর্ধনে ভূমিকায় অবতীর্ণ হবার লোক পাইনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্টের আমলে লাল ঝাণ্ডা পুঁতে জমি চোর, জমি ডাকাতদের কাছ থেকে যে সমস্ত জমি দখল করে নিয়েছিল সেগুলি গরীব মানুষদের মধ্যে বিতরণ করা হয়েছে। আজকে দেখছি সেই সমস্ত জমির ব্যাপারে মন্ত্রী মহাশয়দের দল নূতন করে কথা বলছেন এবং আইন এনেছেন মন্ত্রী মহাশয় বলেছেন আনঅথরাইজড অকুপেশনের উপর টুয়েণ্টি পারসেণ্ট করে ট্যাক্স দিতে হবে মার্কেট ভ্যালু অনুযায়ী। আমি আপনাকে জিজ্ঞাসা করি ১০—এর (১) (২)

ধারা অনুযায়ী যে সমস্ত জোতদার জমি দখল করেছে আপনি তাদের কাছ থেকে কত টাকা ট্যাক্স আদায় করেছেন? আপনি বলেছেন একরে ১০ টাকা করে দিতে হবে। আমি জিজ্ঞাসা করি আপনি কয়টা জোতদারের কাছ থেকে সেই টাকা আদায় করেছেন? স্যার, মন্ত্রী মহাশয় জমি ডিসট্রিবিউসন কমিটি করেছেন। আমি আনন্দ বাজার পত্রিকায় একটা খবর দেখে আনন্দিত হলাম অর্থাৎ মন্ত্রী মহাশয় এর দেখলাম একটু জ্ঞান ফিরেছে এবং তিনি বলেছেন এম.এল.এ-রা একটু যাও। এসব কাজ ভাল করছেন বুঝলাম, কিন্তু আর একটা জিনিস দেখছি যুক্তফ্রন্টের আমলে যারা জমি পেয়েছিল সেগুলি আজকে খারিজ হয়ে গেল। আজকে গৌতমবাবু অনেক কথা বললেন, কিন্তু তাঁকে জিজ্ঞাসা করি তাঁর মাননীয় ১০--এর (১) (২) ধারা অনুযায়ী কত জমির পজেসন নিয়েছে এবং তাতে কয়টা গরীব চাষী জমি পেয়েছে? আমরা দেখছি যুক্তফ্রন্টের আমলে সি. পি. আই, সি. পি. এম এবং আর. এস, পি-র লোক গিয়ে জোতদারের গলায় গামছা দিয়ে জমি দখল করেছিল। স্যার, আমরা জানি এই ইমারজেন্সী পিরিয়ডে আমাদের কোন কথা ছাপা হবে না, একমাত্র ভারতের মহারাণীর ২০ দফা কর্মসূচী-র সঙ্গে এই ৪ দফা যোগ হয়ে যে ২৪ দফা হবে সেই কথাই শুধু ছাপা হবে। আমি স্বীকার করি অনেক গরীব মানুষ জমি দখল করে আছে এবং আমি একথাও বলি আমরা তাদের পাশে আছি। মন্ত্রী মহাশয়কে বলি আপনি তো এত আইন করেছেন, কিন্তু বর্গাদাররা কি কোন প্রোটেকসন পাচ্ছে? আমার বক্তব্য হচ্ছে তাদের রাজনৈতিক ক্ষমতা দিতে হবে। আমি স্বীকার করি আমরা যেমন তাদের কথা ফিল করি আপনিও সেই রকম ফিল করেন। কিন্তু আপনি বলুন তো এইভাবে আইন করে জমি কি বার করা যাবে? জমি চোরদের কাছ থেকে? ১০/১২ বছর আগে পজেসন সার্টিফিকেট নিয়ে যে সমস্ত জোতদাররা চলে গেছে তাদের জমি এখন বিলি করা হচ্ছে। আমি জিজ্ঞাসা করছি তারা এই যে ১০/১২ বছর ভোগদখল করে গেছে সেই টাকা তাদের কাছ থেকে কিভাবে আদায় করা হবে? আপনার আইনে বিধান আছে একর প্রতি ১০ টাকা করে খাজনা। আপনি বলুন তো কয়টা জোতদারের কাছ থেকে আপনি সেটা আদায় করেছেন?

[5-50—6-00 p. m,]

জিনিসটা এইদিক থেকে দেখতে হবে। যুক্তফ্রন্টের ওপর দোষ দিলে হবে না। যদিও দোষ কিছু যুক্তফ্রন্টের ছিল, কিছু দোষ হয়েছে, কিন্তু তাছাড়াও

যেটা হয়েছে সেটাকে স্বীকার করুন। সেটা দেখুন, দেখে সেই জায়গায় যাবার চেষ্টা করুন। স্যার বাঁকুড়া জেলার সদস্য সম্ভুবাবু তিনি বললেন আমরা নাকি রাজনীতি করছি জমিকে কেন্দ্র করে। একটা জায়গা দেখাতে পারবেন বামপন্থী দলের কোন লোকেরা ৭১, ৭২ সালের পর থেকে কোন জায়গায় জমি নিয়ে রাজনীতি করছে। আমরা কি দেখছি তাদের দলের চারটে গ্রুপ হয়েছে। কেউ ধরেছে ছেলেকে কেউ ধরছে মাকে, কেউ ধরছেন কর্তার আড়ালে যিনি আছেন তাকে। আপনি আমাদের সেকথা বলার আগে আপনাদের বলি আপনারা চার-পাঁচটা দলের বিভক্ত হয়ে গোটা বাংলাদেশের জমির যে আন্দোলন তাকে হত্যা করছেন, তার বুকে ছুরি মারছেন। আপনারা সেই জায়গায় রাজনীতি বন্ধ করুন। আজকের সমস্ত ল্যান্ড এ্যাডভাইসারি কমিটির ভিতর দেখা যায় একটি গ্রুপ—কোনটা নাকি মুনসিবাবুর গ্রুপ, কোনটা নাকি সুব্রতবাবুর গ্রুপ, কোনটা সুদীপ বাবুর গ্রুপ, তাঁরা এক একজনে এক একরকম কথা বলেন। আমাদের কয়জন সদস্য আছেন? আমি একজন, আর আমার একজন রিপ্রেজেণ্টেটিভ আছেন। আপনারা আইন করেছেন গভর্ণমেণ্ট নমিনি চারজন সদস্য। চারজন সদস্য চারদিকে রাজনীতি করছে জমি নিয়ে। আমরা রাজনীতি করি, আমরা রাজনীতি করে এইটি বুঝেছি যে জমির দখল জমি বাপের নয়, জমি দারের। তাই চাষীকে বলেছিলাম লাল ঝাণ্ডা নিয়ে তুমি জমি দখল করো, যে, আইন আছে সেই আইন দিয়ে হবে না। ঐ আইন দিয়ে কোর্ট করে জমি দখল হয় না। রাজনৈতিক চেতনা সম্পন্ন হয়ে লাল ঝাণ্ডা নিয়ে সেখানে জমি দখল করো। আমরা জানি তার ভিতর অনাচার হয়েছে, অত্যাচার হয়েছে,—এইটাই স্বাভাবিক। যখন বান আসে ভাল জিনিসটা নিয়ে আসে, খারাপ জিনিসটাও নিয়ে আসে। খারাপটাকে বড় করে ধরবেন না, ভালটাকে ধরবার চেষ্টা করুন। সেই-দিকে দৃষ্টি দিন। যে আইনটি গুরুপদবাবু এখানে রেখেছেন সেখানে একটি বিধান রাখুন যে সমস্ত জমি চোর, জমি ডাকাত অন্যায় করে গ্রামের ভিতর রাজনীতি এনে, জমি দখল করে বসে আছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন। কিন্তু যারা অল্প জোতের মালিক, সাধারণ গরীব মানুষ, যারা জমি দখল করে বসে আছে তাদের যেকোন সময়ে আপনি উচ্ছেদ করতে পারেন, কিন্তু উচ্ছেদ করবার ইচ্ছা থাকলেও আপনি পারবেন না তাদের যারা আপনার দলের পুস্ট হয়ে আছে। আপনি যেই উচ্ছেদ করতে চাইবেন, আপনার বিপক্ষের কাছে তখন তারা সেন্টার নিবে। অনেক সরকারী কর্মচারী আছেন তারা চান সরকারী নীতি কার্যকরী হোক, তারা গরীব মানুষকে জমি দিতে চেষ্টা করছেন, গুরুপদবাবুর দলের লোক তাদের প্রভাবিত করে বানচাল করতে

চাইছেন। সেইজন্য বলছি আপনার দলকে সেইভাবে ডিরেকসান দিন। ৭১, ৭২ সাল থেকে যা হয়ে আসছে সেই জায়গা থেকে সরে দাঁড়ান। তাহলে দেখবেন গরীব মানুষের কাছ থেকে জমি কেড়ে নিতে হবে না তারা এমনি জমি ছেড়ে দেবে। কিন্তু যারা জমি চোর, জমি ডাকাত তাদের কাছ থেকে জমি কেড়ে নেবার চেষ্টা করুন। এই কথা বলে, এই বিলের বিরোধিতা করে আমি মাননীয় গুরুপদ-বাবুকে সুভেচ্ছা ও প্রীতি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপনকুমার চ্যাটার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী গুরুপদ-বাবু যে বিলটি এনেছেন তার অনেক আগেই আনা উচিত ছিল। কারণ সিদ্ধার্থ রায় পরিচালিত কংগ্রেসী সরকার আইনে বিশ্বাস করেন। কিন্তু আমাকে সেই পুরোন কাসুন্দিতে ফিরে যেতে হবে যেটা আমার বাস্তব চোখে দেখেছি যুক্তফ্রন্টের সময় একহাতে বল্লম গলায় লাল রুমাল আর একহাতে নিয়ে জমি দখলের আন্দোলন।

আর টাকা নিয়ে '৭২ সালের পর এলাকা ছেড়ে চলে গিয়েছেন। এখন তাদের তিমিরবাবুর মত চেহারা হয়েছে। আজকে সেই এক একটা এলাকার নাম যা দেওয়া হয়েছিল লেনিন নগর, মার্কস নগর, এখন তার নাম হয়েছে গান্ধীনগর, ইন্দিরা নগর। আজকে এই আইনটা অনেক আগেই হওয়া উচিত ছিল। কারণটা বলছি যেটার নাম ছিল লেলিন নগর এখন সেটার নাম হয়েছে গান্ধী নগর, যেটা ছিল মার্ক্স নগর, এখন সেটার নাম হয়েছে ইন্দিরা নগর যেটার নাম ছিল এঙ্গেল নগর এখন সেটার নাম হয়েছে সিদ্ধার্থ নগর। সেখানে লাল ঝান্ডা নামিয়ে দিয়ে এখন তেরঙ্গা ঝান্ডা উঠে গিয়েছে। সেই সব জায়গায়। কংগ্রেস আইনের শাসন বিশ্বাস করে, কংগ্রেস সরকার মানুষের উপর জবর্দস্তি করে একই প্লটকে দু'বার, তিনবার বিক্রয় করে তার থেকে মুনাফা অর্জন করে না। কোন কংগ্রেস কমিটি—জেলায় হোক বা অন্য কোথাও হোক, জোর করে জমি দখল বা এ্যাকোয়ার করেনি। কিন্তু যুক্তফ্রন্টের প্রতিটি পলিটিক্যাল পার্টি এইরকমভাবে জোর করে জমি দখল করাকে এনকারেজ করেছে। এখানেই হচ্ছে যুক্তফ্রন্টে সঙ্গে কংগ্রেসের তফাত। কংগ্রেস সরকারের সঙ্গে এটাই পার্থক্য যে কংগ্রেস সরকার আইনের শাসন বিশ্বাস করে। তারজন্য এই আইন আনার জন্য যে নিষ্ঠা যে সততা, যে পবিত্রতা আছে কংগ্রেস সেটা প্রমাণ করেছে। আজকে যদি একটা রাস্তা করতে যান, একটা ব্রীজ করতে যান, এখানে এমনভাবে লোকগুলি বসে আছে যে তাদের সরাবার কোন উপায় নেই। মানুষের কোন উন্নয়নমূলক কাজ করতে পারবেন না। কিন্তু এটাও ঠিক যে আমাদের দেশে হাজার হাজার

লোকের মাথার উপর খালি আকাশ, হাজার হাজার গরীব লোক তাদের কুঁড়ে ঘর পর্যন্ত নেই, তাদের দুবেলা দু'মুঠো খাওয়ার সংস্থান নেই। মোটা ভাত মোটা কাপড়, একটু কুঁড়ে ঘর, মানুষ যা চায় তার সংস্থান এখনও আমরা করে দিতে পারিনি। সেই মানুষগুলির জমির উপর নিশ্চয় নেশা থাকবে, যে মানুষ মরে যাচ্ছে সে নিশ্চয়ই একটা কুটো ধরে বাঁচার চেষ্টা করবে। কিন্তু সেই গরীব মানুষগুলিকে নিয়ে রাজনীতির নাম করে তাদের এগিয়ে নিয়ে এসে বিপদে ফেলার রাজনীতিকে কংগ্রেস কোনদিন বিশ্বাস করে না। কংগ্রেস বিশ্বাস করে আইনের মাধ্যমে, গণতান্ত্রিক পদ্ধতিতে, শান্তিপূর্ণ উপায়ে, এই গরীব, নিপীড়িত মানুষগুলিকে তাদের বাঁচার অবলম্বন করে দেওয়া। তাই আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তাঁর ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে এই নিপীড়িত, শোষিত, গরীব মানুষগুলির জন্য ছোট ছোট ঘর করে দিচ্ছেন। সরকারের তরফ থেকে তারা জমির পাট্টা এই প্রথম পেলেন। তারাই প্রথমে বিনা আন্দোলনে, বিনা রক্তপাতে, বিনা লাল ঝান্ডায় বিনা সড়কী বল্লমের সংঘর্ষে, তারা জমির দলিল পেয়েছেন। এটাই আমাদের স্বাধীনতার সবচেয়ে বড় মূল্য, সবচেয়ে বড় আশিবাদ। এই স্বাধীনতার আশিবাদ লক্ষ লক্ষ নিপীড়িত শোষিত মানুষ যাতে উপলব্ধি করতে পারে, যাতে দেশের প্রত্যেকটি নাগরিক উপলব্ধি করতে পারে, এই দেশে তাদেরও বাঁচার অধিকার আছে, এই দেশের সরকার তাদের সরকার, এই সরকার তাদের জন্য চেষ্টা করছে এবং এর জন্য আইনের দরকার বলতে কিছু অসাধু লোক রাজনৈতিক দলের নামাবলি গায়ে দিয়ে এই গরীব মানুষগুলিকে নিয়ে খেলা করতে না পারে তার জন্য এই আইনের যথেষ্ট প্রয়োজন আছে। দেশে পরিকল্পিত অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবার জন্য, সুচারুভাবে রাস্তাঘাট, ব্রীজ বা চাষআবাদ করার যে সুযোগ বা সরকারী উদ্যোগে হওয়া সম্ভব, যাতে সেটা শান্তি-পূর্ণভাবে হতে পারে, যাতে কোনরকম বিক্ষোভ দানা বেঁধে উঠতে না পারে, তার জন্য এই আইনের যথেষ্ট প্রয়োজন আছে। এই আইনকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p. m.]

শ্রীসরোজ রায় ঃ—স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে বলবার আগে আমি একটা কথা বলে নিই। সেটা হল বিশ্বনাথবাবু বক্তৃতার পরে একটা কথা তিনি সব শেষে বলে গেলেন—এই এই করবো, তবে বিরোধিতা করবো, বিরোধিতাই আমার বড় নয়, সহযোগিতাই বড়। দুঃখ লাগল, বাঁকুড়ার সদস্য, এবং গৌতমবাবু, তপেনবাবু কি

দিয়ে সুরু করলেন বক্তৃতা ? তাঁরা বললেন যুক্তফ্রন্ট হয়েছিল, কতকগুলি স্ল্যাণ্ডার করা ছাড়া আর কিছু বললেন না। বাঁকুড়ার উনি বলে গেলেন সি, পি, আই, জমি নিয়েছে। যদি একটা নামও করতেন তাহলে কথা হত, এটা বিরোধিতার জন্যই বিরোধিতা তবে একটা জিনিস তাঁদের কোন ধ্যান ধারণা যদি থাকত কি কি ঘটেছে ১৯৬২ সালের পর, এই আইন থাকা সত্ত্বেও, শুধু তাই নয় শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচী যখন প্রকাশ হল, তিনি যখন বললেন২০ দফা কর্মসূচীর দিক থেকে গরীবের স্বার্থ রক্ষা করাই বড় কথা, তখন পরের ঘটনা কি সেটা যদি জানতেন, তাহলে, এই রকম তাঁরা করতে পারতেন না, একটু সিরিয়াস হতেন। আমি একটা কথা বলতে বাধ্য। দুমাস পরে এই এসেম্বলী হয়ে যাবার পর এটা আপনাদের স্বীকার করতে হবে যে আইনকে ম্যাজিস্ট্রেট যথাযোগ্যভাবে প্রয়োগ করছেন না। আমরা জানি, বহুবার কোশ্চেন দিয়েছি ১০(১) এবং ১০(২) ধারামতে যে সমস্ত জমি সরকারের কাছে চলে গেছে, সেই সমস্ত জমি আজও জোতদাররা দখল করে বসে আছে, আজকেও আছে, সেগুলি উদ্ধার করা হল না। কেন হল না ? এই আইনে বাধা কিছু ছিল না। এই আইনে নতুনত্ব কিছু নাই। কি করে এটা কার্যকরী করা যায়, আরও পাওয়ার দেওয়া যায়, সিভিল কোর্টের জুরিসডিক্সনে না যায়, আইনের মূল কথা সেটাই, ১৯৬২ সালে এ্যাক্ট পাশ হয়েছে। ১০(২) ধারা মতে যে জমি জোতদাররা ভোগ করছে তা নেওয়া গেল না, এটা কি জানেন না আপনারা ? প্রশ্ন হচ্ছে এখানে আইন হচ্ছে, আইনের ভাল দিক আছে, তখনকার কংগ্রেস মন্ত্রী এই আইন ১৯৬২ সালে পাশ করেছিলেন, তখনও অনেকে বলেছিলেন যে সরকারী জমি দখল করে রেখেছে। সেই সময় বিরোধী পক্ষ থেকে যাঁরা ছিলেন সামগ্রিকভাবে সমর্থণ দিয়েছিলাম। সেখানে কিন্তু একটু ভাবনা চিন্তা করা উচিত ছিল ইম্পলিমেণ্টেশনের দিক থেকে। এখানে স্বীকার করুন যে বহু জমি তারা হাতে রেখেছে, কিন্তু ইম্পলিমেণ্টেশনের দিক থেকে কোট বাধা, সেই রকম কোন ক্লজ রাখা হল না। আমি একটি মাত্র উদাহরণ সারা হাউসের কাছে রাখছি। হাউস যদি বলে পাশ করিয়ে নাও, মন্ত্রী মহাশয় পাশ করে নিন ২০ দফা কর্মসূচী যখন পাশ হল, তাঁরা কি বললেন ? শ্রীমতী গান্ধীর দুর্বল শ্রেণীকে রক্ষা করাই এর উদ্দেশ্য। এই ২০ দফা কর্মসূচী হবার পর চার ছয় দিনও যায়নি, ফরেস্ট ডিরেকটোরেট থেকে কতকগুলি প্ল্যান নেওয়া হয় মেদিনীপুরের শালবনী থানায় গড়বেতাতে, ঝাড়গ্রাম মহকুমায়। প্ল্যান হল—এই এই জায়গাগুলি ফরেস্টের জমি এখানে যারা বাস করে সাঁওতাল, শিডুল্ড কাস্ট-এর লোক যারা জঙ্গলের ধারে বাস করতে ভালবাসে, তাদের ঘর ভেঙে দাও। এই সমস্ত জমিতে প্রাইভেট ফরেস্ট এ্যাক্টে ভুট্টা ইত্যাদি তারা চাষ করত, পরে যখন কংসাবতীর জল এল

তখন তারা ধান চাষ করে। প্ল্যান হয়েছিল শালবনী থানার এদের ঘর ভেঙে দাও, তাদের উপরই প্রথম আক্রমণ এল। আমাদের তখন কলকাতায় মিটিং হচ্ছিল, টেলিগ্রাম এল, আমরা তখন দৌড়ে মন্ত্রীর কাছে যাই, বিশ্বনাথবাবু এবং সবাই বলেন, ফরেস্ট মন্ত্রীকে রাত্রিবেলায় সমস্ত ঘটনা বলা হয়, তিনি সমস্ত ঘটনা জেনে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে জানিয়ে দিলেন অপারেশন স্টপ।

কেন করলেন? শ্রীমতী গান্ধীর বিশ দফা কর্মসূচীর উপর প্রথম আক্রমণ হলো—কাদের উপর? সাঁওতালদের উপর, খেতমজুরদের উপর। সেখানে যারা বাড়ী করেছিল। অর্থ কি? প্রাইভেট ফরেষ্ট আইন পাশ হলো—মেদিনীপুর জমিদার কোম্পানীর যে প্রাইভেট ফরেষ্ট ছিল তারা গভর্ণমেণ্টের কাছে জমিগুলি রাখলেন—জঙ্গলের কাছে বড় বড় জমি যা ডাঙ্গা ও ডহর ছিল সেটাও তাদের জমি—ডাঙ্গাডহর জমির জন্য যে compensation পাওয়া যায়, তার চেয়ে অনেক বেশী compensation পাওয়া যায়, forestও সেই ডাঙ্গাডহরও শেষ পর্যন্ত জঙ্গলের মধ্যে চলে গেল। ডাঃ বিধানচন্দ্র রায়কে একথা বললে তিনি বলেছিলেন—সত্যি কথা বলেছ। কিন্তু নানা কারণে তার কোন ফল হয়নি। সেই জঙ্গলের জমিতে আজ ধান চাষ হচ্ছে—ওরা আগে সেখানে কাজু ভুট্টা ইত্যাদি চাষ করে খেত। তার জন্য ছ'আনা করে পয়সা নিত। এই আইনে এরাই আগে হবে আক্রমণের বিষয়বস্তু। মেদিনীপুর জেলার সেই সব আদিবাসী হবে প্রথম আক্রমণের লক্ষ্য। যে সমস্ত ১০(২)র জমিতে এই সব খেত মজুররা গিয়ে বসে আছে—যারা সেখানে চাষ করে ফসল ফলাচ্ছে, এখনো সেই জমির পাট্টা পায়নি। তারা আক্রমণের লক্ষ্য হবে। এই রকম ক্ষেতমজুর মেদিনীপুর, বাঁকুড়ায় তো হাজার হাজার রয়েছে। আজ আপনারা বিরোধিতার জন্য বিরোধিতা করছেন। Forest নিয়ে যখন গণ্ডগোল হয়, তখন circular একটা ছিল—Collector সায়েব থেকে forest থেকে Division forest অফিসার থেকে কমিশনার—এই সার্কুলারটা আমি আর এখানে পড়ছি না—তার subject matterটা হলো—Relinquish of recorded forest land in favour of Land and Land Revenue Deptt. কেন এই relinquishment-এর অর্ডার এসেছিল। আমি মন্ত্রীমহাশয়কে এটা দেখিয়েছিলাম। তিনি বললেন, আমি বলছি না reliquishment হয়—forest Deptt.-এর কাছ থেকে অন্য কিছু কাজের জন্য এই যে চিঠি গিয়েছিল সার্কুলার গিয়েছিল—সমস্ত J. L. R. O-দের কাছে—এটা একটা প্লট নেবার জন্য নয়, একটা অর্ডার দেওয়া হয়েছিল, হলো না—সেটার কিছু করা গেল না, রয়ে গেল। সেই সমস্ত District-এ, District-এর District Majistrate. Divisional forest officer, Land Reforms Deptt.

এর বড় বড় অফিসার, পুলিশ অফিসার—এদের নিয়ে conference হয়েছিল। তখন আমাদের বলা হয়েছিল—১৯৬৯ সাল পর্যন্ত যে জমিতে কৃষক চাষ করেছে, সেই চাষী জমি ছেড়ে দেওয়া হবে এবং বাড়তি জমি খারাপ জমি যেগুলি, সেগুলি ফরেস্ট ডিপার্টমেণ্টের হাতে দিয়ে দেওয়া হবে. কিন্তু তাও হল না। একটা গভর্ণমেণ্ট ভেঙ্গে গেল, আর একটা গভর্ণমেণ্ট এলো। এই ডামাডোলের মাঝখানে সবকিছু চাপা পড়ে রয়ে গেল। একটু আগে আমি আমাদের Parliamantary মিনিষ্টারকে বলেছিলাম, এখন তো আমরা যাবো—আইনতঃ সেই জমি এখনো বণ্টন হয়নি। অথচ খেতমজুর সেখানে আছে। তাহলে কী হবে?

[6-10—6-20 p. m.]

অথচ ক্ষেতমজুররা সেখানে আছে, তাদের বেলায় কি হবে। ফরেস্টের জমি সম্পর্কে তখন বললেন। এতো হয় না। আইনের একটা প্রশ্ন আছে, এখন তো এটাকে বন্ধ করা যায় না। তাহলে যেটা অর্ডিন্যান্স আছে সেটা বন্ধ হয়ে যাবে, টাইম কোথায়। এই সমস্ত আইনের প্রশ্ন উঠেছে। বিশ্বনাথবাবু বলেছিলেন একটা যদি আর্ডিন্যান্স যায়ও তাতেও ক্ষতি নেই। যেখানে আইন হতে যাচ্ছে জনতার স্বার্থের জন্য, যেখানে আইন হতে যাচ্ছে, মেহনতী মানুষের, গরীব মানুষের স্বার্থের জন্য। তাই যদি যায় তো যাক। কিন্তু তাও যদি রাজী না হন, আমি একটা শেষ বক্তব্য বলবো, সেটা করতে পারেন কি না। আইনটা যদি করতে হয়, আমি বলবো এটা তো ফর্মে যে একটা পড়ে যাচ্ছে, কিন্তু দু মাস পরে আইনসভা আবার বসবে। আবার এ্যামেণ্ডমেণ্ট আনতে হবে। যেখানে ইমপ্লিমেণ্ট যেটাতে হবে, আমরা হাজারবার বলছি, আপনার কাছেও কয়েকবার সমস্ত নিয়ে এসেছিলাম, বড় বড় জোতদার সে সমস্ত জমি যেখানে দখল করে আছে, নেওয়া হচ্ছে না। হাজার হাজার এই রকম আইনের প্রয়োজনীয়তা আছে। ক্ষমতা আপনারা নিন। কিন্তু প্রশ্নটা হলো কাদের উপর ইমপ্লিমেণ্ট করবেন—কাদের বাঁচাবো, কাদের রাখবো, কার জন্য আইন। এই যে সরকার হয়েছে, এই সরকার আজকে ভাবছে নূতন কথা, ভারতবর্ষের নামের পরিবর্তন হচ্ছে। সমাজতান্ত্রিক মুখে বললে তো সমাজতান্ত্রিক হয় না। সমাজতন্ত্রের কথা বলবো, ২০ দফা করবো, আবার সাঁওতালদের বাড়ী ভাঙ্গবো, এ কি ব্যাপার? যখন ফরেস্ট ডাইরেক্টরেটকে বললাম সাঁওতালদের বাড়ী ভাঙ্গতে যাচ্ছেন, ওদের তো বাড়ী নেই। বললেন, মশাই বাড়ী ভেঙ্গে দেবার ভার আছে আমার. আমি বাড়ি ভেঙ্গে দেবো, আর ম্যাজিষ্ট্রেট বাড়ী

দেবে। ভাবুন তো। বুরোক্রেসী সম্বন্ধে আপনি কম জানেন না। তাদের হাতে তো সমস্ত ক্ষমতা দিচ্ছেন। আপনি কি এটা আজকে বিচার করবেন আপনার কি কোন লোক সেখানে আছে, কোন কমিটি আপনার আছে। পিপলস কমিটি না কি একটা কথা বলছিলেন। জানি না গণতন্ত্র মানে কি বুঝছেন? সেই জন্য বারবার আমি এই দাবী জানাচ্ছি। আমি মাত্র শেষ কথা বলবো, কাদের উপর ইমপ্লিমেন্ট করবেন। যেভাবে আইনটা আছে, এর কোন প্রভিসান নেই, এটা খুব গুরুত্বপূর্ণ। খুব গুরুত্ব দিয়ে ভাবা দরকার। আমি আপনাদের বলছি হবে। আপনি তো জানেন আপনার সঙ্গে আমরা রাইটার্স বিলডিংসে যখন দেখা করতে যাই এমন কিছু ঘটনা দিই যেখানে আপনাকে বলতে হয়, সরোজবাবু চলছে কি করবো। আপনি নিজে একজন পশ্চিমবাংলার মন্ত্রী হয়ে একটা জমিকে আর একজন ডিসট্রিক ম্যাজিসট্রেট চোরাই জমি বললেন, ইলিগ্যাল জমি বললেন ফোরজড ল্যাণ্ড, ফোরসড ডকুমেন্ট বললেন, সেই ফোরজড ডকুমেন্ট বলা সত্বেও সেই ডকুমেন্ট বাতিল করতে পারলেন না। সেই ডকুমেন্ট নিয়ে যারা টাকার কাড়ির উপর বসে আছে তারা হাই-কোর্ট করলেন, তার হাতে আছে টাকা, ২৪ জন ক্ষেত মজুরকে দিতে চাইছে না। কার হাতে ক্ষমতা তুলে দিচ্ছেন। আমার দিক থেকে কোন বিরোধীতার জন্য এটা করা হচ্ছে না। আমি শুধু অনুরোধ করবো এটাই যে ফরেস্টে প্রচুর লোক বাস করে। আপনি যদি বলে দেন একটা এ্যামেন্ডমেন্টে যে ৬৯ সাল পর্যন্ত ইয়ার মার্ক করছেন, তা হলে কি করা হয় দেখুন। কিন্তু ফরেস্ট যেখানে ধ্বংস হচ্ছে আমি তার সম্পূর্ণ বিরুদ্ধে। আমি দীর্ঘকাল ১৯৫২ সাল থেকে ফরেস্ট কমিটিতে আছি পশ্চিমবাংলার। ফরেস্ট রক্ষা করবার জন্য সবচেয়ে বেশী উৎসাহ আমি দেখিয়ে ছিলাম। একটার পর একটা ফরেস্ট ধ্বংস হচ্ছে। যারা ১৯৬৯ সাল থেকে জংগল কেটে নিচ্ছে তাদের বন্ধ করা দরকার, তাদের জেলে দেওয়া দরকার। আজকে কি দেখছি? বিভিন্ন ডিপার্টমেণ্টের সঙ্গে বিভিন্ন ডিপার্টমেণ্টের সহযোগীতা নেই। আমি যখন ফরেস্ট ডিপার্টমেণ্টের সঙ্গে কথা বললাম, ফরেস্ট হওয়া দরকার। আমি বললাম সৌভাগ্য আজকে ভারতবর্ষের গভর্ণমেণ্ট একটা নতুন প্ল্যান বার করেছেন, ন্যাশনাল ফরেস্ট গড়ে তোলার। যেখানে একটা স্কুল আছে, সেখানে গাছ লাগাও, গ্রামে যেখানে ব্যারল হয়ে গিয়েছে যেখানে কোন গাছ নেই, সেখানে ব্যবসার জন্য সমস্ত আম গাছ, জাম গাছ কেটে দিয়েছে, সেখানে আবার নূতন করে গাছ লাগাবার প্রশ্ন উঠছে। Forest department is not interested about national forest scheme.

কারণ সেটা তার ডিপার্টমেণ্টের হাতে থাকবে না বলে।

হাসপাতালে কোন গাছ লাগিয়েছেন সে ইনটারেষ্ট নাই, স্কুলের মধ্যে গাছ

লাগাবার ইনটারেষ্ট ডিপার্টমেণ্টর নাই। ফরেষ্ট ডাইরেক্টরেট-এর যেটুকু ফরেষ্ট আছে তার মধ্যেই তারা চলছে এবং এই ফরেষ্ট করার জন্য যদি বাড়ী ভাঙ্গবার দরকার হয় তাও তারা করবে। কিন্তু এসমস্ত বিভিন্ন জায়গা রয়েছে সেখানে তারা বিভিন্ন গাছ লাগিয়ে পশ্চিমবাংলাকে আরও সুন্দর করতে পারতেন। আইন হয়ে গেছে অতএব আইনে যা হবে তাই করতে হবে। কিন্তু এই যে জমি থেকে উচ্ছেদ করবেন সেখানে অনেক কিছু চিন্তা করার আছে। ছোট ছোট গরীব কৃষক যারা জমি অধিকার করে আছে আমার গড়বেতা থানায় প্রায় ১০০ ক্ষেত মজুর এই রকম জমিতে রয়েছে—তারা তিন চার কাঠা করে জমি নিয়ে চাষ করছে—সেই কংসাবতী নদীর পাশে জমি নিয়ে চাষ করছে। এই আইনের বলে আপনারা জমি নিতে পারেন কিন্তু What will be their fate? তাদের ভাগ্যে কি হবে যদি আইন অনুসারে কাজ করেন? কারণ আইন তো বড়লোক গরীব লোক বুঝবে না। এটা ফাস্ট রিডিং হচ্ছে পরে থার্ড রিডিংয়েও আমি কিছু বলবার চেষ্টা করবো। যদি চান্স থাকে। কোন টেকনিক্যাল ব্যাপার আছে কিনা আমি জানি না। এখানে পার্লামেণ্টারী মন্ত্রী আছেন—দু'এক মাস সময় নিন এতে কিছু আসে যায় না। ১৯৬২ সালে হয়েছে তারপর এটা এনহ্যান্সড হয়ে আসছে আজকে তার এমেন্ডমেণ্ট এনেছেন। কিন্তু অরিজিন্যাল এ্যাক্টে যা আছে তা দেখেশুনে একটা ব্যবস্থা করা যাবে Let us have a discussion amongest us.

আমরা যে এই কথাগুলি বলছি এর উপর একটা ভরসা করুন না কেন। আমরাও এসেছি জনগণের স্বার্থ রক্ষা করবার জন্য আপনারা শুধু আসেন নি। আমরা যে সমালোচনা করছি তার মূল্য একটু দিন না কেন। আমরা যে সমালোচনা করি তার কি মূল্য আপনারা দেন? কেবল সেই যুক্তফ্রণ্টর সরকারের কথা বলেন। আমরা তার জবাব দিতে চাই না। আমি শুধু অনুরোধ করবো এই হাউসের কাছে যে কোন দিক থেকে এর ইমপ্লিমেণ্টেসন হবে কে ঠিক করবে,—কোথায় কিভাবে হবে। আমরা তো ঐ ২০ দফা কর্মসূচীকে রূপায়িত করতে চাই, দরিদ্র মানুষকে রক্ষা করতে চাই। আজকে ফরেণ্টে কি হচ্ছে তা নিয়ে ফরেণ্ট ডাইরেক্টরেটকে ডিষ্ট্রিক্ট মেজিষ্ট্রেটকে টেলিগ্রাম করেছিলাম কিন্তু দ্যাট ওয়াজ ড্রপ্‌ড। আমরা যে সারকুলেসনের জন্য বলেছি সেটা আমি সমর্থন করছি—অন্তত তা যদি নাও করেন তাহলে এটা সিলেক্ট কমিটিতে দিন এই অনুরোধ করছি। কারণ আরও অনেক ব্যাপার আছে। এই সমস্ত জিনিস করতে গেলে অনেক কিছু ভাবতে হবে। আজকে প্রচুর লোক ঐ সমস্ত গরীব মানুষদের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে এই সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে কি করে এই সরকারকে খারাপ জায়গায় নিয়ে যাওয়া যায়। ইতিমধ্যেই

আমাদের ফরেষ্ট এলাকায় গিয়ে এক ধরণের লোক প্রচার সুরু করেছে এই তো তোমাদের সরকার। আপনারা বলেছেন আমরা জমি নিয়ে রাজনীতি করছি। একথা কি ঠিক? তবে আমাদের পার্টি রাজনৈতিক পার্টি রাজনীতি তো আমরা করবই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীগণেশ চন্দ্র হাটুই :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীমহাশয় যে দি ওয়েষ্টবেঙ্গল পাবলিক ল্যান্ড (এভিকসন অব আন-অথরাইজড অকুপেন্টস) এমেন্ডমেন্ট বিল ১৯৭৬ এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাই। এই বিলের উদ্দেশ্য হচ্ছে অন্যায়ভাবে যদি কেউ ল্যান্ড গ্রাবিং করে থাকে তাহলে তাকে উচ্ছেদ করা হবে। এই জন্যই এই বিল আনা হয়েছে। যদি কোন সি, পি, আই-এর লোক বেআইনীভাবে যারা জমি পাবার যোগ্য নয়, এমন লোক জমি দখল করে থাকে তাকে উচ্ছেদ করা হবে। যদি কোন কংগ্রেসের সমর্থক যে জমি পাবার যোগ্য নয় সে অন্যায়ভাবে জমি দখল করে বসে থাকে তাকেও উচ্ছেদ করা হবে। সে যে কোন দলেরই লোক হোক না কেন গরীব মানুষদের স্বাথে, উপশীলী উপজাতি মানুষদের স্বার্থে তাদের উচ্ছেদ করা হবে এই জন্যই এই বিল আনা হয়েছে।

[6-20—6-30 p. m.]

অতএব কোন রাজনৈতিক দলের কোন স্বার্থ এটার দ্বারা এ্যাফেকটেড হবে না। আপনারা জানেন, অনেক জোতদার বেআইনীভাবে অন্যায়ভাবে জমি দখল করে বসে আছে। সেই জমি হয়ত ভেষ্ট হয়েছে এবং তার পাট্টাও হয়ত দেওয়া হয়ে গিয়েছে কিন্তু দেওয়ানী আদালতের আশ্রয় নিয়ে তারা দিনের পর দিন সময় কাটিয়ে যাচ্ছে। এইভাবে এক বছর/দু বছর ধরে দেওয়ানী আদালতে এই সব মামলা পড়ে রয়েছে অথচ সেই জমির পাট্টা হয়ত কোন গরীব লোক বা কোন তপশীল সম্প্রদায়ভুক্ত লোককে আমরা দিয়েছি। একথা আমরা ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে বারবার বলেছি যে তাদের দিতে পারা যাচ্ছে না। মন্ত্রী মহাশয় গ্রামের মানুষ, তিনি এসব বিষয়ে ওয়াকিবহাল আছেন তাই তিনি চিন্তা করে অতি দ্রুত কি করে এইসব জমি থেকে ঐসব জোতদারদের উচ্ছেদ করে যারা জমি পাবার উপযুক্ত তাদের দিতে পারেন সে চিন্তা করেছেন। তারপর স্যার, বিশ্বনাথবাবু আরও একটা প্রশ্ন তুলেছেন যে, হয়ত কোন জোতদারের জমি ভূমি সংস্কার আইনের ফলে খাস হয়ে গেল, এখন এই খাস জমিতে হয়ত কোন বর্গাদার আছে

কিন্তু সেই বর্গাদারের নাম নথীভুক্ত হয়নি, তাহলে কি হবে? সেই বর্গাদার যদি জমি পাবার যোগ্য হয় তাহলে নিশ্চয় তার কথা বিবেচনা করতে হবে। এবং তার জন্য আছে ল্যান্ড এ্যাডভাইসারী কমিটি এই কেসটি বিবেচনা করবেন। সেই কমিটির সদস্যরা যদি বিচারবিবেচনা করে দেখেন যে সেই বর্গাদার জমি পাবার উপযুক্ত তাহলে নিশ্চয় তারা সেই জমি সেই বর্গাদারকে দেবেন। তারপর এমনও আছে যে, জোতদারের জমি খাস হয়ে গিয়েছে সেখানে বর্গাদার আছে কিন্তু সেই বর্গাদার অবস্থাপন্ন লোক-এমন ঘটনাও দেখা যায়। সে হয়ত ২০/২৫ বিঘা জমির মালিক অথচ সে বর্গাদার সেজে বসে আছে। আমাদের এখানে আইন আছে যে, ল্যান্ডে যদি পজেসানে থাকে তাহলে তাকে দিতে হবে এবং এক হেক্টার বেশী হলে উচ্ছেদ করতে হবে। তাহলে আগে উচ্ছেদ করে তবে আমরা সেই জমি অন্য লোককে দিতে পারছি। এখন এই উচ্ছেদ করতে গেলেই সেই বর্গাদার দেওয়ানী আদালতে একটা মামলা করে বসে থাকছে এবং লোয়ার কোর্ট থেকে উচ্চ আদালত পর্যন্ত যাচ্ছে ফলে সেই জমি সরকারে ভেষ্ট হতে প্রচুর সময় যাচ্ছে। আজকে এইসব কারণেই গরিব মানুষদের স্বার্থে এই বিলটা আনা হয়েছে, এরজন্য আমি গুরুপদবাবুকে অভিনন্দন জানাচ্ছি। তারপর স্যার, আমরা জানি, এসটেট এ্যাকুইজিসান এ্যাক্ট এবং ভূমি সংস্কার আইনের ফলে বহু কৃষি এবং অকৃষি জমি ভেষ্ট হয়েছে। সেই অকৃষি জমি হয়ত কোন জোতদারের বাড়ীর কাছে, সে সেই জমিটা বেআইনীভাবে দখল করে বসে থাকছে। কোন জমির ব্যাপারে হয়ত সেই জোতদার তার বাড়ীর যে কৃষাণ—তার বাড়ীতে মজুর খাটে, যে তার আওতার লোক তাকে দিয়ে সেই জমিটা অন্যায় ভাবে দখল করে বসে আছে। সেই জমির মালিক এতই উদার স্যার, খোঁজ নিলেই বলে সে আমার বর্গাদার। ভেষ্ট হবার আগে আমরা জানি সেই জমিটা জোতদার নিজেই চাষ করে অথচ যেই জানতে পারলো যে জমিটা ভেষ্ট হবে সঙ্গে সঙ্গে সেই জমিটাতে সে নিজের লোককে বর্গাদার হিসাবে বসিয়ে দিচ্ছে। এইরকমভাবে যে কত প্রকারে ল্যান্ড গ্রাবিং হচ্ছে সেকথা সকলেই জানেন। কাজেই এই পরিস্থিতিতে দরকার বিচার-বিবেচনা করা। বিচার বিবেচনা করে যদি দেখা যায় অন্যায়ভাবে ল্যান্ড গ্রাবিং করেছে তাহলে সেই লোককে উৎখাত করতে পারা যাবে। তাদের যদি উচ্ছেদ করা যায় তাহলে ঐ দরিদ্র মানুষ ঐ তপশীল সম্প্রদায়ভুক্ত মানুষ যাদের উপকারের কথা আমরা ভাবছি তাদের সত্যিকারের উপকার হবে।

অতএব আমরা সেটা ভুলে যাচ্ছি। আমরা সকলে তাদের কথা চিন্তা না করে কেবল দলবাজী করার জন্য কোন দল তার কতখানি স্বার্থ এখান থেকে পাবে সেটা

দেখছি। কাজেই এই জমি নিয়ে রাজনীতি হয় একথা বললে রাগ করবেন না। আমি জানি ল্যান্ড জরীপের সময় যখন জানতে পারছে যে জমিটা ভেষ্টেড হবে অমনি সঙ্গে সঙ্গে রাজনৈতিক দল, যাদের ক্ষমতা বেশী আছে তাদের নিজস্ব দলের লোকেদের সেই জমিতে নিয়ে গিয়ে ল্যান্ডটা গ্রাবিং করার চেষ্টা করছে। কেন না, আইনে আছে ল্যান্ড ইন পজেশান যদি থাকে তাহলে জমিটা তার হয়ে যাবে। অতএব এই জমিটা দখল করার জন্য তারা যাবে। শুধু একটা পার্টি যাবে না, সেখানে সি, পি, আই দলের লোকেরা তাদের পলিটিক্যাল গেন করার চেষ্টা করবে, আর, এস, পি সেখানে ছুটবে, কংগ্রেস দলের লোকেরা ছুটবে—সমস্ত দলের লোকেরা সেখানে যাবে এবং সেখানে অবস্থাটা কি দাঁড়াবে, লাঠালাঠি, মারামারি, খুনোখুনি হয়ে যাবে। কাজেই এটাকে রোধ করতে হবে। এই যে জমি নিয়ে রাজনীতি, এটাকে বন্ধ করার জন্য এই আইনের প্রয়োজন আছে। আমরা দেখব না এটা আপনারা কি করে ভাবছেন? যে জমি অন্যায় ভাবে দখল করে আছে, জোতদাররা বে-নামীতে বহু জমি দখল করে আছে তাদের সেই জমি আমরা দখল নিচ্ছি। আমরা দখল নিয়ে সেটা ডিষ্ট্রিবিউশান করবো গরীব মানুষের মধ্যে এবং সেখানে সকল দলের সদস্যরা আছেন—সি, পি, আই, আর, এস, পি, ইত্যাদি সমস্ত দলের সদস্যরা তার মধ্যে আছেন, তারপর অঞ্চল প্রধান, অধ্যক্ষ এরাও আছেন। আমরা সেটা ডিষ্ট্রিবিউট করবো যারা ভূমিহীন তাদের মধ্যে। আমরা ভূমিহীনদের সম্বন্ধে চিৎকার করে বলছি যে ৬ বিঘা, ৫ বিঘা জমির মালিক যারা তাদের আমরা এক, দেড় বিঘা জমি দিতে পেরেছি কিন্তু যারা ভূমিহীন তাদের জমি দিতে পারিনি। কেন দিতে পারিনি সেটা চিন্তা করুন। এই রকম অন্যায়ভাবে জমি গ্রাবিং করা হলে যে ৬ বিঘা জমির মালিক আমি আরো এক, দেড় বিঘা জমি দিয়ে দিলাম, দিয়ে সাড়ে সাত বিঘা করলাম কিন্তু যে ভূমিহীন তাকে এই জমিটা দিলে তার উপকার হত কিন্তু দিতে পারিনি। আর আইনে আছে ল্যান্ড ইন পজেশান যে জমি দখল করে বসে আছে জমিটা তাকে দিতে হবে এবং জমি যদি তাকে না দেই তাহলেই রাজনীতি হচ্ছে। কত লোককে সরান যাবে জমি থেকে? হাজার হাজার লোক বসে আছে, প্রতিটি লোককে জমি থেকে সরিয়ে নিয়ে ভূমি বিতরণ করা যাবে না। আমরা এখানে ভূমিহীনদের কথা বলে চিৎকার করছি, তপশীল উপজাতি মানুষদের কথা বলে চিৎকার করছি কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে সত্যিকারের যে ভূমিহীন তাকে জমি দিতে পারছি না। আজকে সেই জমি দেবার জন্য যখন আইন আনছি, যেটা করা একান্ত প্রয়োজন আছে সেই সময়ে ওনারা চিৎকার করছেন যে এটা চলবে না। আজকে এতে কিসের ভয়? আজকে এই সব অশান্তি সৃষ্টি যাতে না হয় সেটাকে বন্ধ করার জন্য, অন্যায়ভাবে ল্যান্ড গ্রাবিং বন্ধ করার জন্য আমরা এই আইন

এনেছি, মানুষকে বঞ্চিত করার জন্য নয়, তপশীল উপজাতি মানুষকে বঞ্চিত করার জন্য নয়। আজকে তাদের স্বার্থকে রক্ষা করার জন্য এবং গরীব মানুষ, ভূমিহীন যাতে সত্যিকারের জমি পেতে পারে তাদের জন্য এই আইন আনা হয়েছে। এই হচ্ছে এই বিলের মূল উদ্দেশ্য এবং সেটা আপনারা বুঝতে চেষ্টা করুন। আমরা যদি তাদের ঠিকমত জমি দিতে না পারি তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী এই বিল নয়, আপনারা দায়ী। সে জন্য জমি নিয়ে দলাদলী বন্ধ করার জন্য, জমি নিয়ে রাজনীতি বন্ধ করার জন্য এই বিল আনা হয়েছে। কাজেই এই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এবং এই বিল সার্কুলেশানে দিয়ে সময় নষ্ট করার সময় নেই এই কথা বলে এবং গুরুপদবাবুকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহঃ দেদার বক্সঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি সদ্ব্যবহার, ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় আজকে পশ্চিমবাংলা সরকারী অ-প্রাধকৃত দখলিকার উৎখাত করণ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৬ এই বিধানসভায় পেশ করেছেন এটা অনুমোদন লাভের জন্য, আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখতে চাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটা ১৯৬২ সালের এটা একটা সংশোধনী বিল। বিরোধী নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় চেয়েছেন এটা সার্কুলেশান করে সিলেক্ট কমিটিতে পাঠাতে। আমার মনে হয় এটা সার্কুলেট করে বা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেরী করাটা ঠিক হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় যদি এর আগে এটা আনতেন তাহলে আরো একটা ধাপ এগিয়ে যেতে পারা যেত।

[630—640 p. m.]

আমাদের প্রিয় প্রধানমন্ত্রী ২০ দফা অর্থনৈতিক কর্মসূচী ঘোষণা করেছেন তার মধ্যে ৭০/৮০ ভাগ লোক যারা দারিদ্র সীমার নিচে বাস করেন তারা হয়তো গৃহহীন, তারা হয়তো ভূমিহীন, সেই সব ভূমিহীন এবং গৃহহীনদের জমি দেবার ব্যবস্থা করা হচ্ছে একটা দফা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন ১৯৫৫ সালে ভূমি অধিগ্রহণ আইন পাশ হয়েছে, ১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন পাশ হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত যে সমস্ত জমি ভেস্ট হবার কথা, তা হচ্ছে না এবং জোতদাররা, যারা জমি চুরি করে দখল করে রেখেছে এই ঘটনা ঘটেছিল কিছুদিন আগে যখন ১৯৬৭ সালে ফ্রন্ট সরকার রাজত্ব করেছিল, সেই সময়ে। তারা এক এক জায়গায় পতাকা পুঁতে দিয়ে কি সি.পি.আই, কি সি.পি.এম, কি আর.এস.পি, তখন

যে যেখানে পেরেছিল সেই লাল ঝণ্ডা পুঁতে জমি দখল নিয়েছিল, এই রকমভাবে বেআইনী দখল করেছিল। এখানে চাওয়া হচ্ছে, এই কাজটাকে তরাণ্বিত করার জন্য, যেখানে আগে ছিল ফার্স্ট ক্লাস ম্যাজিসট্রেট, এবং সেখানে একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট করে, সেটা তরাণ্বিত করতে হবে। যারা এই জমি দখল করে থাকবে, যদি সেটা কৃষি জমি হয়, সেটার শস্য বিক্রি করে ২৫ ভাগ ড্যামেজ ফি দিতে হবে, কারণ ছেড়ে দিলে চলবে না, যতদিন পর্য্যন্ত দখল রেখেছিল, তার ড্যামেজ ফি আদায় করা হবে এবং অকৃষি জমি হলে, সেই জমির বাজার মূল্য এর শতকরা ১০ ভাগ ড্যামেজ ফি আদায় করা হবে। তাছাড়া যারা বেআইনীভাবে দখল করে আছে সেই সব জমি অনেক ক্ষেত্রে তারা তো দখল ছাড়তেই চায় না এবং অনেক সময় দেখা যায় সেই সব জমির উপর ঘরবাড়ি করে বসবাস করছে। এই রকম বা তাদের যদি কোন সম্পত্তি থাকে, সেই সব সম্পত্তি তাদের ১৫ দিনের নোটিশে ছেড়ে দিতে হবে এবং সেই গুলো নিলাম করা হবে। এই ভাবে তাদের দণ্ডিত করবার ব্যবস্থা এই বিলে করা হয়েছে। এই জিনিস দরিদ্র মানুষের জন্য করা হয়েছে। আমাদের প্রিয় প্রধানমন্ত্রী বলেছেন সংবিধানের জন্য মানুষ নয়, মানুষের জন্য সংবিধান, যারা দরিদ্র সীমার নীচে বাস করে, যারা গ্রামবাংলায় বাস করে যারা ভূমিহীন, ক্ষেত মজুর তাদের সত্যকারের অর্থনৈতিক উন্নতির জন্য যে ২০ দফা কর্মসূচী প্রনয়ন করেছেন এবং সংবিধান সংশোধিত করতে যাচ্ছেন এবং সংবিধান সংশোধন হবে, আমি মনে করি, মহামান্য হাইকোর্ট-এ যে সমস্ত কেস বিচারাধীন আছে, সেইগুলো আর থাকবে না, তখন আরও এই পথ প্রশস্ত হবে, সেই জন্য বলা হয়েছে, এই সংশোধনী দ্বারা সেই জোতদার, জমিদার, যারা বেশী জমি বেআইনি ভাবে দখল করে আছে, তাদের পথ বন্ধ করার জন্য, তারা কোন সিভিল কোর্টে সাহায্য যাতে না নিতে পারে, তার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। আজকে সি, পি, আই সদস্য সরোজবাবু এবং আর, এস, পি, সদস্য যা বলেছে তারা কিন্তু সেই কথা ভুলে গেছেন, সেই সেই সময় কি দশা হয়েছিল। যাদের নিজস্ব তিন বিঘা জমি, যার হয়তো পাঁচ বিঘা জমি আছে, সেই হয়তো কংগ্রেস করে, কি রকম দলবাজী হয়েছে দেখুন, সেই হয়তো কংগ্রেস কর্মী, তাদের জমি বেআইনীভাবে দখল করা হয়েছিল এবং কিছু দিন যাবত এমন অবস্থা চলেছিল, রাস্তা বলুন ঘাট বলুন, যে যেখানে পারছিল দখল করতে আরম্ভ করেছিল এবং এই সমস্ত দল থেকে ইন্ধন জোগানো হয়েছিল এই দখল করার ব্যাপারে। আমি এই রকম ঘটনা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাস্তার ধারে যে সমস্ত জমি তারা অধিকার করতো, তাদের তুলে দেবার জন্য হয়তো একজিকিউ টিভ ইনজিনিয়ার যাচ্ছেন, সেই ক্ষেত্রে উসকানি দিয়ে দাংগার সৃষ্টি করা হ'ত।

এসব বিরোধী দলের সভ্যরা—আর. এস. পি. সি. পি. এম. এস. ইউ. সি ইত্যাদিরা এই জিনিস করেছিল। তারা জমির বে-আইনী দখলকে হাতিয়ার করে চেয়েছিল বাংলার মসনদ অধিকার করতে। কিন্তু সেই বে-আইনী দখলের ব্যাপারে যখন জনসাধারণ বুঝতে পারলেন এবং বিব্রত হলেন তখন জনসাধারণ তাদের ছেড়ে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালের লোকসভা নিবাচনে এবং ১৯৭২ সালের বিধানসভা নিবাচনে সেই প্রমাণ আপনি পেয়েছেন। জনসাধারণ আমাদের আশীবাদ করেছে ওদের চক্রান্তকে ব্যর্থ করার জন্য। আমরা দেখেছি ঐ বে-আইনী দখলের ব্যাপারে যুক্তফ্রন্টের সময় তারা কি অত্যাচারই না চালিয়েছিল এবং এবিষয়ে খবরের কাগজেও অনেক ঘটনার কথা বেরিয়েছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এটা আরো কিছুদিন আগে আনা উচিত ছিল। তবুও আজকে এই বিলের আদর্শকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং এই বিলকে পূর্ণ সমর্থণ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী ভূপাল চন্দ্র পাণ্ডা :—মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এই বিল সম্বন্ধে আমাদের দিক থেকে এটাকে সার্কুলেসনে দেবার জন্য বলা হয়েছে। আমাদের এ্যাপিল অনুযায়ী এই বিল যদি সিলেক্ট কমিটিতে দেওয়া হত তাহলে সেই প্রস্তাবকে আমরা নিশ্চয়ই সমর্থন করতাম। মন্ত্রী মহাশয় হয়ত অর্ডিনান্সকে কার্যকরী করবার জন্য তাড়াহুড়ো করে এই বিল এনেছেন। অর্ডিনান্সের উদ্দেশ্য যেটা ছিল সেটা হচ্ছে, তিনি আন-অথরাইজড অকুপায়ারদের তাড়াতে চেয়েছেন। এ সম্বন্ধে আমাদের কোন দ্বিমত নেই। কিন্তু যেভাবে এটা তাড়াহুড় করে এনেছেন সেটাতেই আমাদের আপত্তি। তার কারণ উনি বলেছেন যে, 'সরকারী ভূমি হইতে অ-প্রাধিকৃত দখলিকারদিগকে উৎখাত করিবার জন্য যে প্রক্রিয়া আছে তাহা সহজতর করা এবং সেই উদ্দেশ্যেই উনি প্রসেসকে এমনভাবে নীচের দিকে নামাতে চেয়েছেন। এতে কিন্তু এমন জায়গায় গিয়ে পাওয়ার কনসেপ্টেট হচ্ছে যে এর ফলে সুবিচারের পরিবর্তে অবিচার বেড়ে যাবে। দ্বিতীয় কথা বলেছেন যেখানে বে-আইনী দখলদার ছিল সেখানে সেইসব দখলদারদের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করা হবে এবং সেই হার বৃদ্ধি করা হবে। আর একটা কথা উনি বলেছেন যে, সমাহর্তাকে তাঁহার কর্তব্য নিবাহে ইচ্ছাকৃতভাবে বাধা প্রদান করিবার জন্য দণ্ড বিধানের ব্যবস্থা এবং সেই দণ্ড বৃদ্ধি করা। এগুলি উনি বলেছেন উদ্দেশ্য হিসাবে। কিন্তু আমরা কি ওনাকে এই কথা জিজ্ঞাসা করতে পারি যে, এই বিলের আওতায় যে সমস্ত বাড়তি জমির মালিকরা হাজার হাজার একর

জমি—প্রায় ১৪০০০ কেসের মাধ্যমে কোর্টে ইনজাংসান দিয়ে ১৯৫৩ সাল থেকে আজ পর্যন্ত ভোগ দখল করে আসছে কিম্বা ইতি মধ্যে সেই জমি বিক্রি করে দিয়ে কোটি কোটি টাকা যারা লুটে নিচ্ছে তাদের বিরুদ্ধে এই আইন প্রযোজ্য হবে কি? তাঁরা এই বিলের আওতায় পড়বেন কি? ৩য় কথা হচ্ছে আবার এই রকমের অনেক মালিক কোন রকমেই জমি রাখতে না পেরে দখলদার বর্গাদারকে উচ্ছেদ করার উদ্দেশ্যে নিজেদের পেটোয়া লোককে সেই জমির ভাগের রসিদ দিয়ে প্রকৃত দখলদার বলে তাকে বন্দোবস্ত দিয়ে তার মাধ্যমে প্রকৃত দখলদার বর্গাদারকে উচ্ছেদ করছে। এই ভাবে ভাগে দেওয়া জমি পেটোয়া লোকের মাধ্যমে আবার নিজেদের পরিবার পরিজনদের মধ্যে নিয়ে আসছে। এই যে চক্রান্ত চলছে এই চক্রান্তকে ঠেকাবার কোন ব্যবস্থা এই আইনের মধ্যে হবে কি? সুতরাং ঘটনা এই নয় যে অ-প্রাধিকৃত দখলদারদের সেখান থেকে সরালেই হবে। এই উদ্দেশ্য নিশ্চয়ই ভূমি সংস্কারের জন্য এবং ২০ দফা কার্যসূচীর দিকে লক্ষ্য রেখে। কিন্তু ২০ দফা কার্যসূচী অনুযায়ী প্রকৃত ভূমি সংস্কার নিশ্চয়ই এটা হবে যে, বন্ধিত যেসব আছে, সিলিং বহির্ভূত যেসব জমি সেই জমি যাতে ভূমি-হীন এবং প্রকৃত দখলদার বর্গাদার কিম্বা গরীব চাষী, ভূমিহীন খেতমজুরদের মধ্যে বণ্টনের জন্য আরো বেশী পরিমাণে যাতে সরকারের হাতে এসে পৌঁছয়।

[6-40—6-50 p.m.]

অর্থাৎ লক্ষ্য এই নয় যে যেটুকুন সামান্য জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে তা ভূমি বণ্টনের ক্ষেত্রে কাকে অগ্রাধিকার দেওয়া হবে যার দখলে আছে। কিম্বা যার নেই? এ বিষয়ে একটা আমলাতান্ত্রিক সমাধানের জন্য এই আইন এইভাবে নিয়ে এসেছেন। কিন্তু তার চেয়ে বড় কথা যে লক্ষ লক্ষ একর জমি আজও সরকারে পেশ হল না, যে সমস্ত জমি court-এর injunction-এর অধীনে আটক আছে এই যারা সরকারী কাজে বাঁধা সৃষ্টি করছে তাদের এই বিলের আওতায় নিয়ে এসে শাস্তিবিধান করা সর্বপ্রথমে প্রয়োজন ছিল। কিন্তু সেটা হচ্ছে না। এই কারণের জন্য এই বিলকে ভালভাবে recast করা উচিৎ ছিল। আইনকে প্রয়োগ করতে গেলে তা কি ভাবে প্রয়োগ করতে হবে সেটাই বড় কথা। এইসব পার্টির জন্য ভূমি সংস্কার সুষ্ঠুভাবে রূপায়িত হচ্ছে না। এই কারণে আপনার কাছে আবেদন করব একটা select committe করে বিলটাকে ঠিকভাবে তৈরী করুন যার ভেতর দিয়ে এটা কার্যকরী করা সম্ভব হবে। একথা ঠিক যে ২০ দফা কর্মসূচীকে রূপায়িত করার দিক থেকে ভূমি সংস্কার একটা প্রধান বিষয় এবং যার মূল কথা হচ্ছে প্রকৃত ভূমিহীন দের কাছে বাড়তি জমি তাদের হাতে পৌঁছে দেওয়া তাহলে কৃষি উৎপাদনের দরজা

open করতে পারবেন। সেজন্য প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের সম্মেলনে বলেছিলেন গরীব চাষী ও খেতমজুরদের প্রতিনিধি যারা সংখ্যাগরিষ্ঠ তাদের নিয়ে block levelএ ও কমিটি করুন, কারণ তারাই প্রকৃত তথ্য দিতে পারবে এবং ধরিয়ে দিতে পারবে কোন মানুষ সিলিং-এর বাহিরে জমি রেখে দিয়েছে। আজ এ বিষয়ের উপর গুরুত্ব দিয়ে তাকেই প্রধানতঃ লক্ষ্য হিসেবে সামনে তুলে না ধরে যে টুকুন জমি পাওয়া গেছে সেই টুকুন জমি এর হাতে কিম্বা ওর হাতে আমলাতন্ত্রের ব্যবস্থা হিসেবে ঠেলে দেওয়া ঠিক হবে না।

সেজন্য আমাদের এ্যাপিল আপনার কাছে আপনি এই বিষয়-বস্তুটাকে, সাধারণভাবে এই আমলাবর্গের হাতে এতখানি পাওয়ার দেওয়ার দিকটা আপনি বিচার-বিবেচনা করুন। সেদিক থেকে আমাদের এই সাবস্টিটিউশান প্রস্তাবের ভিত্তিতে আপনি সিলেক্ট কমিটি করবার ব্যবস্থাপনা নিন। আমি আশা করি মন্ত্রীমহাশয় এই বিষয়ে গুরুত্ব দিয়ে বিচার বিবেচনা করবেন এই বলে আপনার কাছে আমি আবেদন রাখছি।

শ্রীনরুল্লা সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিলটা উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি বক্তব্য এই হাউসে রাখতে চাই। এই বিলটা আরো আগে আনা উচিত ছিল, কারণ, ২০ দফা কর্মসূচীর মধ্যে সবচেয়ে বেশী প্রাধান্য দিতে হয় বাস্তু ভূমিহীন এবং কৃষি ভূমিহীন সেইসব ব্যক্তিদের যারা সমাজের দরিদ্র এবং নিপীড়িত মানুষ। গৃহহীনদের গৃহ দেওয়া হচ্ছে সবচেয়ে প্রধান এবং অন্যতম কাজ বলে আমি মনে করি। কিন্তু সেই ভূমিহীনকে ভূমি দিতে গিয়ে আমরা বাধা সৃষ্টি করছি। কিছু দালাল শ্রেণীর লোক, কমিটির মাধ্যমে করা হলে বিরোধী দলের লোক কিংবা দুষ্কৃতকারী কিছু লোক এটাকে বাঞ্চাল করার চেষ্টা করছে। কিছু কিছু জায়গায় যারা ভূমি পেয়েছে, আসল কমিটির মাধ্যমে পাট্টা বিলি করা হয়েছে কিন্তু তারা চাষ করতে গিয়ে চাষ করতে পারছে না, দুষ্কৃতকারী-দের আক্রমণে পড়ে তারা প্রাণ বাঁচাবার জন্য ভূমি ছেড়ে চলে যাচ্ছে। আমার কেন্দ্রে কয়েকটি মৌজায় এই ঘটনা ঘটেছে, তারা আজও ভূমি দখল করতে পারছে না, পাট্টা পেয়েও তারা ভূমির অধিকারী হতে পারছে না, তারা সুষ্ঠুভাবে চাষ-আবাদ করতে পারছে না, বিষয়টা থানাকে জানান হয়েছে, থানা সাময়িক একটা পুলিশ ক্যাম্প দিয়ে কিছুদিনের জন্য হাঙ্গামা রোধ করছে, কিন্তু কখনও কখনও এমনই ঝামেলার সৃষ্টি হয় যে টাংগি, বললম, এমনকি আগ্নেয়াস্ত্র নিয়ে আক্রমণ

হয়। এই দুর্ঘটনা যাতে না ঘটে সেজন্য ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের বিধান করতে বলছি। আর একটা কথা হচ্ছে উন্নয়ন মূলক যেসব প্রকল্পের জন্য টাকা ধার্য হয়েছে সেই টাকা ভালভাবে খরচ হচ্ছে না। হয়ত একটা রাস্তা তৈরি করতে যাচ্ছি, সেখানে মাটি ফেলতে গিয়ে বাধা পাচ্ছি তারা ইনজাংকসান দিয়ে রেখেছে, ভয় দেখাচ্ছে, কেস করছে, সেখানে জনসাধারনের কাজ করা মুস্কিল। কোন জায়গায় স্কুল বিল্ডিং হবে, সেখানে জায়গা বেয়ানীভাবে জবরদখল করে বসে আছে। হয়ত কোন জায়গায় হাসপাতাল হতে যাচ্ছে, সেখানে ঐ একই অবস্থা। সেখানে জায়গা জবরদখল করে বসে আছে। এই যে আইনটা এসেছে এতে খুব উপকার হয়েছে জনসাধারণের পক্ষে। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এটা আরো আগে হলে কাজটা আরো ত্বরান্বিত হত, কোন অসুবিধা হত না, সুশৃংখলভাবে আরো দ্রুত গতিতে আমরা অগ্রসর হতে পারতাম। এই আইনের ফলে আর কেউ ইনজাংকসান দিয়ে কেস করে জমি আবদ্ধ করে রাখতে পারবে না। এই জন্য আপানার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে বিলটাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 p. m.]

শ্রীগুরুপদ খাঁন ঃ—মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ২০ দফা কর্মসূচীর কথা বলতে গিয়ে আমাদের প্রধানমন্ত্রীর কথা যেটা বলা হয়েছে আমি সে সম্বন্ধে একটা সেনটেন্স পড়ে শোনাচ্ছি। দেয়ার মাস্ট বি গ্রেটার রেসপেক্ট ফর স্টেট প্রোপার্টি। সরকারের যে জমি আছে সেটা কার জমি? কি জন্য আমরা সেই জমি দখল করছি? কি জন্য আমরা সিলিং আইন প্রয়োগ করছি? যাদের জমি নেই, যারা ভূমিহীন অথচ ভূমীর উপর নির্ভরশীল গরীব মানুষ তাদের উপকারের জন্য এটা আমরা করছি। আমাদের প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচীতে বারবার এই ভূমি সংস্কারের কথা উল্লেখ করেছেন। আমি লক্ষ্য করছি কংগ্রেস দলের সদস্যরা এবং সি পি আই-র সদস্যরা যখনই এই ২০ দফার কথা উল্লেখ করেন তখন তাঁরা কেউই ভূমি সংস্কারের কথা বলতে ছাড়েন না। আমরা যে এই আইন প্রয়োগ করতে চাই তার সার কথা হচ্ছে বেআইনীভাবে যারা সরকারী জমি দখল করে রয়েছে তাদের কাছ থেকে তাড়াতাড়ি সেই জমি উদ্ধার করতে হবে এবং তারজন্য কতগুলি বিশেষ নিয়ম হচ্ছে। আগে যে আইন ছিল সেই আইনকে মেজে ঘসে দ্রুততরভাবে যাতে প্রয়োগ করা যায় সেই জন্যই এই সংশোধনী এনেছি। আমি যদি ভুল না বুঝে

open করতে পারবেন। সেজন্য প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের সম্মেলনে বলেছিলেন গরীব চাষী ও খেতমজুরদের প্রতিনিধি যারা সংখ্যাগরিষ্ঠ তাদের নিয়ে block levelএ ও কমিটি করুন, কারণ তারাই প্রকৃত তথ্য দিতে পারবে এবং ধরিয়ে দিতে পারবে কোন মানুষ সিলিং-এর বাহিরে জমি রেখে দিয়েছে। আজ এ বিষয়ের উপর গুরুত্ব দিয়ে তাকেই প্রধানতঃ লক্ষ্য হিসেবে সামনে তুলে না ধরে যে টুকুন জমি পাওয়া গেছে সেই টুকুন জমি এর হাতে কিম্বা ওর হাতে আমলাতন্ত্রের ব্যবস্থা হিসেবে ঠেলে দেওয়া ঠিক হবে না।

সেজন্য আমাদের এ্যাপিল আপনার কাছে আপনি এই বিষয়-বস্তুটাকে, সাধারণভাবে এই আমলাবর্গের হাতে এতখানি পাওয়ার দেওয়ার দিকটা আপনি বিচার-বিবেচনা করুন। সেদিক থেকে আমাদের এই সাবস্টিটিউশান প্রস্তাবের ভিত্তিতে আপনি সিলেক্ট কমিটি করবার ব্যবস্থাপনা নিন। আমি আশা করি মন্ত্রীমহাশয় এই বিষয়ে গুরুত্ব দিয়ে বিচার বিবেচনা করবেন এই বলে আপনার কাছে আমি আবেদন রাখছি।

শ্রীনরুল্লা সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিলটা উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি বক্তব্য এই হাউসে রাখতে চাই। এই বিলটা আরো আগে আনা উচিত ছিল, কারণ, ২০ দফা কর্মসূচীর মধ্যে সবচেয়ে বেশী প্রাধান্য দিতে হয় বাস্তু ভূমিহীন এবং কৃষি ভূমিহীন সেইসব ব্যক্তিদের যারা সমাজের দরিদ্র এবং নিপীড়িত মানুষ। গৃহহীনদের গৃহ দেওয়া হচ্ছে সবচেয়ে প্রধান এবং অন্যতম কাজ বলে আমি মনে করি। কিন্তু সেই ভূমিহীনকে ভূমি দিতে গিয়ে আমরা বাধা সৃষ্টি করছি। কিছু দালাল শ্রেণীর লোক, কমিটির মাধ্যমে করা হলে বিরোধী দলের লোক কিংবা দুষ্কৃতকারী কিছু লোক এটাকে বাঞ্চাল করার চেষ্টা করছে। কিছু কিছু জায়গায় যারা ভূমি পেয়েছে, আসল কমিটির মাধ্যমে পাট্টা বিলি করা হয়েছে কিন্তু তারা চাষ করতে গিয়ে চাষ করতে পারছে না, দুষ্কৃতকারী-দের আক্রমণে পড়ে তারা প্রাণ বাঁচাবার জন্য ভূমি ছেড়ে চলে যাচ্ছে। আমার কেন্দ্রে কয়েকটি মৌজায় এই ঘটনা ঘটেছে, তারা আজও ভূমি দখল করতে পারছে না, পাট্টা পেয়েও তারা ভূমির অধিকারী হতে পারছে না, তারা সুষ্ঠুভাবে চাষ-আবাদ করতে পারছে না, বিষয়টা থানাকে জানান হয়েছে, থানা সাময়িক একটা পুলিশ ক্যাম্প দিয়ে কিছুদিনের জন্য হাঙ্গামা রোধ করছে, কিন্তু কখনও কখনও এমনই ঝামেলার সৃষ্টি হয় যে টাংগি, বললম, এমনকি আগ্নেয়াস্ত্র নিয়ে আক্রমণ

হয়। এই দুর্ঘটনা যাতে না ঘটে সেজন্য ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের বিধান করতে বলছি। আর একটা কথা হচ্ছে উন্নয়ন মূলক যেসব প্রকল্পের জন্য টাকা ধার্য হয়েছে সেই টাকা ভালভাবে খরচ হচ্ছে না। হয়ত একটা রাস্তা তৈরি করতে যাচ্ছি, সেখানে মাটি ফেলতে গিয়ে বাধা পাচ্ছি তারা ইনজাংকসান দিয়ে রেখেছে, ভয় দেখাচ্ছে, কেস করছে, সেখানে জনসাধারনের কাজ করা মুস্কিল। কোন জায়গায় স্কুল বিল্ডিং হবে, সেখানে জায়গা বেয়ানীভাবে জবরদখল করে বসে আছে। হয়ত কোন জায়গায় হাসপাতাল হতে যাচ্ছে, সেখানে ঐ একই অবস্থা। সেখানে জায়গা জবরদখল করে বসে আছে। এই যে আইনটা এসেছে এতে খুব উপকার হয়েছে জনসাধারণের পক্ষে। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এটা আরো আগে হলে কাজটা আরো ত্বরান্বিত হত, কোন অসুবিধা হত না, সুশৃংখলভাবে আরো দ্রুত গতিতে আমরা অগ্রসর হতে পারতাম। এই আইনের ফলে আর কেউ ইনজাংকসান দিয়ে কেস করে জমি আবদ্ধ করে রাখতে পারবে না। এই জন্য আপানার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে বিলটাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 p. m.]

শ্রীগুরুপদ খাঁন ঃ—মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ২০ দফা কর্মসূচীর কথা বলতে গিয়ে আমাদের প্রধানমন্ত্রীর কথা যেটা বলা হয়েছে আমি সে সম্বন্ধে একটা সেনটেন্স পড়ে শোনাচ্ছি। দেয়ার মাস্ট বি গ্রেটার রেসপেক্ট ফর স্টেট প্রোপার্টি। সরকারের যে জমি আছে সেটা কার জমি? কি জন্য আমরা সেই জমি দখল করছি? কি জন্য আমরা সিলিং আইন প্রয়োগ করছি? যাদের জমি নেই, যারা ভূমিহীন অথচ ভূমীর উপর নির্ভরশীল গরীব মানুষ তাদের উপকারের জন্য এটা আমরা করছি। আমাদের প্রধানমন্ত্রী ২০ দফা কর্মসূচীতে বারবার এই ভূমি সংস্কারের কথা উল্লেখ করেছেন। আমি লক্ষ্য করছি কংগ্রেস দলের সদস্যরা এবং সি পি আই-র সদস্যরা যখনই এই ২০ দফার কথা উল্লেখ করেন তখন তাঁরা কেউই ভূমি সংস্কারের কথা বলতে ছাড়েন না। আমরা যে এই আইন প্রয়োগ করতে চাই তার সার কথা হচ্ছে বেআইনীভাবে যারা সরকারী জমি দখল করে রয়েছে তাদের কাছ থেকে তাড়াতাড়ি সেই জমি উদ্ধার করতে হবে এবং তারজন্য কতগুলি বিশেষ নিয়ম হচ্ছে। আগে যে আইন ছিল সেই আইনকে মেজে ঘসে দ্রুততরভাবে যাতে প্রয়োগ করা যায় সেই জন্যই এই সংশোধনী এনেছি। আমি যদি ভুল না বুঝে

[7-00—7-10 p. m.]

আমরা বিশ্বাস করি যে জমি দেওয়া হবে, যোগ্য ব্যক্তিকেই দেওয়া হবে, চিরস্থায়ীভাবেই যেন সেই জমি তাকে দেওয়া হয়। আর একটা কথা আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে জিজ্ঞাস্য করব সত্যিই কি আইনের মাধ্যমে ভূমি সংস্কার হয়, হওয়া সম্ভব ? এই বিশ্বাস তাঁরা রেখেছেন। যদি রাখেন তাহলে আমি বলবো এই আইনের অত্যন্ত প্রয়োজন আছে। ভূমি সংস্কার আইনের মাধ্যমে যা হওয়া সম্ভব তার বাস্তব চিত্র পশ্চিমবঙ্গে, নিশ্চয়ই যাঁরা একটু ভালভাবে খোঁজ রাখেন, তাঁরা নিশ্চয়ই এটা বিশ্বাস করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি সংখ্যা তুলে ধরতে চাই—৯, ৪১, ২৯৮, ২০শে আগষ্ট ১৯৭৬ সাল পর্যন্ত। সংখ্যাটা কি ? এই এতগুলি লোককে আমরা চিরস্থায়ী বন্দোবস্তের জন্য পাট্টা দিয়েছি, ভূমিহীনদের দিয়েছি। আমি জানি এর ভিতর কোথাও ভুল ত্রুটি থাকতে পারে। আমি জানি অনেক লোক কাজ করছে বলে হয়তো এর ভিতর কোথায়ও কোন ভ্রান্তি রয়ে গিয়েছে সেই ত্রুটিকে সংশোধন করবার জন্যও আমরা সকলে মিলে চেষ্টা করে চলেছি, আমাদের বিভাগ, আমাদের সমস্ত কর্মচারী, এমন কি যাঁরা ওখানে বসে আছেন সেই বন্ধুরাও পর্যন্ত চেষ্টা করে চলেছেন, তাঁদের সহযোগিতা পর্যন্ত আমরা নিশ্চয়ই পেয়েছি বলব। এই ৯, ৪১, ২৯৮-এর ভিতরে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর কেউই জোতদার নয়, কেউই বড়লোক নয়, এরা হয় ভূমিহীন কৃষক ছিলেন কিম্বা অত্যন্ত অল্প জমির মালিক ছিলেন। এর মধ্যে সিডিউল্ড কাষ্ট, যাদের কথা এমন করে কেউ ভাবেনি যেমন করে আমাদের প্রধানমন্ত্রী ভেবেছেন, যাদের কথা এমন করে কেউ বলেনি যেমন ভাবে আমাদের প্রধানমন্ত্রী বলেছেন, তাদের সংখ্যা এক, দুই, নয়, ৩ লক্ষ ৩৫ হাজার ৯৭৯, সমাজের মধ্যে অবহেলিত যারা তাদের সংখ্যা ৯ লক্ষ ৪১ হাজারের ভিতর ৩ লক্ষ ৩৫ হাজার। সিডিউল্ড ট্রাইব উপজাতি যারা তাদের সংখ্যা প্রায় দুই লক্ষের মত ১,৯১,৬৯৩। মুসলমান ভাইরা তারাও পেয়েছে ১ লক্ষ ৫৭ হাজার ৯৬২ এবং অন্যান্য ২ লক্ষ ৫৫ হাজার ৬৬৪ অর্থাৎ অন্যান্য জাতি যারা এই সমাজে ভূমিহীন আছে এই সংখ্যার দ্বারাতে অন্ততঃ এইটুকু আমি বলতে পারি ঘটনাটা সত্যিই তা নয়। সমাজের মধ্যে অবহেলিত যে সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবস, মুসলমান যারা দরিদ্র, তাদের কথা বেশী করে ভাবা হয়েছে। এই আইনের মধ্যে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন এই ভাইদের অগ্রাধিকার দেওয়া হয়েছে। ভূপালবাবু আমার কাছে ভূমি সংস্কারের কথা বলতে গিয়ে এই আইনের আবশ্যকতার চেয়ে এটাকে স্থগিত করে রেখে আমরা যেন আরো বেশী জমি ন্যস্ত করতে পারি, ভেষ্ট করতে পারি সেদিকে

নজর দিতে বলেছেন। ভূপালবাবুকে অত্যন্ত বিনয়ের সঙ্গে আমি স্মরণ করিয়ে দিতে চাই ? আমাদের এখানে ভূমির উর্দ্ধসীমা সংক্রান্ত যে আইন আছে, প্রথম যে এস্টেট এ্যাকুইজেশন এ্যাক্ট, জমিদারী গ্রহণ, সেটা তো আমরা বন্ধ করে দিই নি কেন ? আমরা জানি এখনো এর সাহায্যে আমরা অনেক জমি উদ্ধার করতে পারবো এবং সেই আইন প্রয়োগটা কোন একজন ব্যক্তির ক্ষেত্রে ঠিকমত না হলে পরিবার ভিত্তিক যে জমির উর্দ্ধসীমা সেটাকেও আমরা ঠিকমত প্রয়োগ করতে পারব না বলেই এস্টেট এ্যাকুইজেশন এ্যাক্টকে এখনো আমাদের চালিয়ে যেতে হচ্ছে। কাজ হচ্ছে, উদাহরণ আপনাদের দিই. আমাদের জেলায় ১৯৭৫ থেকে এই ২০শে আগষ্ট পর্যন্ত আমরা কি করেছি ? আমরা ৭৬ হাজার ৮১৯ একর জমি সেখানে দখল নিয়েছি, আর এই কিছুদিনের মধ্যেই আমরা সেখানে ডিসট্রিবিউট করেছি ১ লক্ষ ৩৬ হাজার ৪৪ একর জমি।

সেই সঙ্গে সঙ্গে জমি নেওয়ার কাজও এগিয়ে চলেছে এবং চলবে। ভূপালবাবু নিশ্চয়ই জানেন এবং ভালভাবে জানেন পরিবার ভিত্তিক উর্দ্ধসীমা ল্যান্ড রিফরমস এ্যাক্টে যা আছে, সেই অনুযায়ী আমাদের কাজ জোরদার করে চলেছি, খুব জোর করে চলেছি সে বিষয়ে সন্দেহ নাই। সার্কুলেশনের জন্য বিশ্বনাথবাবু বলেছেন, দুই এক মাস অপেক্ষা করলে দোষের হয়ে যাবে না, তা যদি না হয় দুই এক মাস আগে আইন পাশ হয়ে গেলে কাজ পুরাদমে সুরু করে দিতে পারি, তাতে কি আমাদের এমন অসুবিধা হবে বিশ্বনাথদা ? আর আশংকার কোন কারণ নাই। পুরানো যা হয়েছে, তাতে আপনি জানেন, কোন গরীব লোককে কি উচ্ছেদ করা হয়েছে। কেবল অনেক জমি যেখানে রয়েছে, জমি ভেষ্ট করেছে অথচ আটকে রেখেছে, তাদের কাছ থেকে জমি উদ্ধার করা আমাদের প্রয়োজন হয়ে পড়েছে। সার্কুলেশনের জন্য কি কি কারণ আছে ? সিলেক্ট কমিটিতে যাবার জন্য আতঙ্কের কোন কোন বিশেষ কারন আছে কি না এবং সে সম্বন্ধে বিশ্বনাথবাবু ভালভাবে উপস্থিত করতে পেরেছেন কিনা তিনি নিজেই সেটা ভেবে দেখুন। আমরা ভাগচাষী গরীব চাষী ক্ষেতমজুর যারা আছে, কোথাও কি তাদের বিরুদ্ধে আইনের প্রয়োগ হয়েছে, যাতে না হয় তার জন্যই আমরা বোর্ড অব রেভিনিউ এর সার্কুলার থেকে বলে দিয়েছি যোগ্য ব্যক্তি হলে অগ্রাধিকার দিতে হবে। শুধু অগ্রাধিকার নয়, যোগ্য ব্যক্তি কোন রাজনৈতিক দলভুক্ত তা দেখিনা, অনেক থেকে বলে দিয়েছি তালিকা প্রস্তুত করা হোক, তালিকা অনুযায়ী যেন জমি বণ্টন করা হয় সেই সঙ্গে বলে দিয়েছি।

Where however the vested land already in occupation of

eligible person and his name appears in the eligibility list the order of priority in the list may be by—passed in regularising such a case. A note should be kept where priority could no be followed.

যেখানে রয়েছে, সেখানে প্রাইওরিটি লিষ্ট রয়েছে, বাইপাস করে যাদের জমি তাদের দেবার জন্য এত বেশী রয়েছে, কাগজে কলমে বলে দিয়েছি। সুতরাং আতঙ্কিত হবার কারণ নাই। আইনের যে ধারাগুলি আছে সেগুলি ভাল করে দেবেন, আমরা কি চাইছি, তাড়াতাড়ি ক্লজ ফোর চাইছি, যাতে তাড়াতাড়ি বেআইনী জমি যাদের রয়েছে, তা দখল করে নিতে পারি, সেই চেষ্টাই এখানে করেছি এবং দ্রুততার সঙ্গে যাতে নিতে পারি তার ব্যবস্থা আইনে করেছি। ডেমেজের কথা উল্লেখ করা হয়েছে এস্টেট একুইজিশন এ্যাক্টে টুয়েন্টি ফাইভ পারসেন্ট পাওয়ার টু রিকভার দি ডেমেজ নির্দিষ্ট করেছি। এই যে ব্যবস্থা করেছি, কেন করেছি। অনেক সময় দেখেছি, জমি ভেস্টেড হয়ে গেছে, ভেস্টেড হওয়া সত্ত্বেও অনেক কারণে কৌশলে কোর্টে চলে গেছে, কোর্টে ডিক্রী হয়ে গেছে, শুধু মাত্র টাকা পয়সা আছে বলে হাইকোর্টে যেতে পারে। টাকা পয়সা যাদের আছে, নানা রকম ছুতো দেখিয়ে কোর্টে চলে গেছে। সেই জমি ফেরৎ আসে, সরকার থেকে নিতে গেছে কিন্তু ডেমেজ আদায় করার ক্ষেত্রে এই রকম যদি অল্প হয় তাহলে এই ধরণের প্রবণতা আরও বেড়ে যাবে। ডেমেজের ফি কেন বাড়ান হয়েছে, সেটা আপনার কাছে একটু নিবেদন করতে চাই। আরও বেশী এটা করা দরকার। জমির খাজনা ১০ টাকা, তার দ্বিগুণ করলে দাঁড়ায় ২০ টাকা। এখন ২০ টাকা দিয়ে যদি এক একর জমি চাষের রাখা যায়, তাহলে তো সেই জমি লোকে দীর্ঘদিন রেখে দেবে। সেজন্য আমরা চাইছি উৎপাদনের ২৫ পারসেন্ট, এটা আরও বেশী পিউনিটিভ করা দরকার, যাতে তারা মামলা মোকদ্দমা করতে না যায়। সেজন্য গোড়াতেই এটা দেখতে হবে আইনে যেন থাকে এত বেশী দিতে হবে এবং যদি কয়েক বছর রেখে দেয় তাহলে এত বেশী ডেমেজ দিতে হবে।

[7-10—7-24 p.m.]

যদি কয়েক বছর রেখে দেয়, তাহলে এত বেশী জমে যায় যে তাদের পক্ষে খেসারৎ দেওয়া খুবই অসুবিধা। তবে non agricultural land অকৃষি জমি যদি রাখি তাহলে বাজার মূল্য যা তার শতকরা ১০ ভাগ দিতে হবে। যদি non agri-

cultural land এর ২০ টাকা খাজনা থাকে, তাহলে দু টাকা আদায় করবে damage fee. ৫ বছরের ডিক্রী যদি থাকে, তাহলে ১০ টাকা আদায় হবে damage fee. এইভাবে বেশী টাকা জমে যায়—সেখানে যাতে নানা রকম কৌশল করে আটকে কেউ না রাখতে পারে তার জন্য এই আইন করুন। গরিবের বিরুদ্ধে এই আইন নিশ্চয়ই প্রয়োগ হবে না, স্পষ্ট করে নির্দেশ দেওয়া আছে বে-আইনীভাবে জোর করে কোন কিছু করার প্রয়োজন নাই। বে-আইনীভাবে উচ্ছেদ করবার জন্য ও এই ও এই আইন নয়।

আমাদের কমুনিষ্ট বন্ধুরা রয়েছেন তাঁরা অনেক ক্ষেত্রে আমাদের সহায়তা করেছেন যাঁরা বেআইনী কাজ করে চলেছেন, যাঁরা আইন প্রয়োগ করতে দিচ্ছেন না, বাধা দিচ্ছেন, তাদের বিরুদ্ধে শক্তহাতে আইন প্রয়োগ করে তাদের সে অপচেষ্টাকে বাধা দিতে হবে। আর যে গ্রামের জমি, সেই গ্রামেই থাকবে, সেই গ্রামের গরিবদের মধ্যে মাননীয় সদস্য যাঁরা রয়েছেন, তাঁরা সেই জমি বিতরণ করে দেবেন, সুতরাং আতংকিত হবার এমন কিছু নাই। কড়া ব্যবস্থা নেওয়া হবে তাঁদের বিরুদ্ধে, যারা যে সব জোতদাররা বেআইনীভাবে জমি দখল করে রেখেছেন, আমরা এখানে আইনে যে সমস্ত ধারা রেখেছি আমি বিশ্বাস রাখি যারা ভূমি সংস্কারে বাধা দিচ্ছে, তাদের সে বাধা আমরা চূর্ণ বিচূর্ণ করে সেই জমি সরকারের হাতে নিয়ে এসে প্রধান মন্ত্রীর বিশ দফা কর্মসূচীর গুরুত্বপূর্ণ দফা, সেই ভূমি সংস্করণে দ্রুতভাবে রূপায়িত করতে যাতে সমর্থ হই, তার জন্য এই আইনের সংশোধনী এখানে উপস্থাপিত করেছে। সুতরাং এই আইনের ধারাগুলি দ্রুততরভাবে কার্যকরী করবার জন্য যেটুকু যা প্রয়োজন তার জন্য আমরা এই ব্যবস্থা নিয়েছি সংশোধনের মাধ্যমে।

আমাদের বিশ্বনাথদা যে circulation motion এর কথা বলেছেন, যে select কমিটিতে দেওয়ার কথা বলেছেন তার কোনটাই আমি গ্রহণ করতে পারছি না, আমি oppose করছি।

Shri Biswanath Mukherjee :—মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতার আমি আর ঐ circulation motion টা রাখছি না, milk allow করছি না। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে প্রশ্নটি করেছিলাম তার উত্তর পাইনি। তিনি শুধু চাষের জমির কথা যা বলেছেন—আমার যে motion general debate এর উপর, তার জন্য আমি ৫ মিনিট সময় চাচ্ছি। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একথা বলেছেন যে 10 percent কেসে জমি অন্যায়ভাবে বণ্টন করা হয়েছে। আমি বলেছি তার চেয়ে অনেক বেশী অন্যায়ভাবে বণ্টন করা হয়েছে। এই আইনটি

তাদের উপর প্রয়োগ হবে কি না এবং অন্যান্য জমির উপর এই আইন প্রয়োগ করা হবে কি হবে না ? এটা আমি জানাতে চাই। এর guide line কী হবে ? আপনাদের যে মেশিনারী রয়েছে তারা এদের রক্ষা করতে পারছে না কেন ? এর কোন উত্তর পাইনি বলে আমার circulation motion আমরা stick করছি।

The motion of Shri Biswanath Mukherjee that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 10th November, 1976, was then put and a division taken with the following result :—

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Date -18-10-76 Division No.—1 Ayes—12

NOES Noes—57

Abdul bari Biswas, Shri.
Baidya, Shri Paresh.
Basu, Shri Ajit Kumar (Mid).
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan,
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque, Biswas, Shri.
Ghiasuddin Ahmed, Shri.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Paresh Chandra.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hembram, Shri Sital Chandra.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Sri Gurupada.
Khan, Shri Samsul Alam.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Sri Madan Mohan.
Maharto, Shri Satadal.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Majhi, Shri Rup Singh.
Mal, Shri Dhanapati.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Md. Safiullah, Shri.

Misra, Shri Kashinath.
Mohammad, Dedar Baksh, Shri.
Mondal, Shri Khagendra Nath.
Mukherjee, Shri Subrata.
Mukhapadya, Shri Tarapoda.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Sankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jatindra Mohan,
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Radha Raman.
Saren, Shri Dasarathi,
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.

AYES

Bhaduri, Shri Timir Baran.
Dhar, Shri Sachindra Kumar.
Ghosh, Shri Sisir Kumar.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Oraon, Shri Prem.
Panda, Shri Bhupal Chandra.
Roy, Shri Aswini Kumar.
Roy, Shri Saroj.
Shish Mohammad, Shri.

The Ayes being 12 and the Noes 57, the motion was lost.

The motion of Shri Gurupada Khan that the West Bengal Public Land ((Eviction of Unauthorised Occupants) (Amendment) Bill, 1976, be taken into consideration, was than put and agreed to.

Clauses 1 to 11 and Preamble

The question that clauses 1 to 11 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) (Amendment:) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following results—

The Ayes 58 and Noes 12, the motion was carried.

Mr. Deputy Speaker : The House stands adjourned till 2 p. m. on Tuesday, 19th October, 1976.

Adjournment

The House was accordingly adjourned at 7-24 p.m. till 2 p m on Tuesday, the 19th October, 1976, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 19th October 1976, at 1-00 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 6 Ministers, 5 Ministers of State, 1 Deputy Minister and 186 Members.

[2-00—2-10 p. m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker. : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS
(TO WHICH ORAL ANSWERS WERE GIVEN)

বন্যায় পাট ও অন্যান্য শস্যের ক্ষতিসাধন

* ২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪।) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ—কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিককালে মুর্শিদাবাদ জেলায় গঙ্গা, ভাগীরথী, পদ্মা ও ভৈরব নদীতে বন্যার ফলে পাট চাষের প্রভূত ক্ষতি হইয়াছে এবং বহু চাষী বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইয়া পড়িয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত বন্যার প্রকোপ হইতে চাষবাস রক্ষার জন্য বর্তমানে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ;

(গ) উক্ত বন্যার ফলে পাট ছাড়া অন্যান্য কি কি রবিশস্যের ক্ষতিসাধন হইয়াছে ;

(ঘ) উক্ত নদীগুলিতে বন্যার ফলে কত পরিমাণ পাট ভাসাইয়া লইয়া গিয়াছে ; এবং

(ঙ) বর্তমানে চাষীদের কি কি সাহায্য এবং লোন দেবার ব্যবস্থা করা হইয়াছে ?

উঃ। শ্রীআবদুস সাত্তার

(ক) কয়েকদিন আগে অতিবর্ষণের ফলে মুর্শিদাবাদ জেলার পদ্মানদীতে জলপ্লাবন হয়। কিন্তু এ সময়ে জমিতে দাঁড়ানো পাট অতি সামান্যই ছিল। ১,৬১,০০০ একর জমিতে পাটের চাষ হইয়াছিল। তন্মধ্যে ভগবানগোলায় ৯০০ একর লালগোলায় ৭২৫ একর এবং রঘুনাথগঞ্জে ৭৯২ একর জমির পাট ক্ষতিগ্রস্ত হইয়াছে ;

(খ) পদ্মা এবং ভাগীরথী নদীতে আকস্মিক পরিস্থিতি জনিত জলপ্লাবন বন্যার প্রকোপ হইতে উক্ত জেলার চাষবাস রক্ষার জন্য স্থায়ী পরিকল্পনা এখনও অনুমোদিত হয় নাই। তবে এ বৎসর যে সব জমি বন্যায় প্লাবিত হইয়াছে সেসব জমিতে বিভিন রবিশস্যের চাষের ব্যবস্থা অবলম্বন করা হইতেছে ;

(গ) যে সময়ে বন্যা হইয়াছিল তখনও রবিশস্যের চাষ আরম্ভ হয় নাই ;

(ঘ) বন্যার ফলে ৫ একর পরিমাণ জমির আনুমানিক ৩০।৩৫ কুইন্টাল জাঁক দেওয়া পাট ভাসিয়া গিয়াছে ;

(ঙ) বন্যাপীড়িত অঞ্চলে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত চাষীরা যাহাতে রবিশস্যের চাষ করিতে পারেন সেজন্য বীজ করার জন্য ৪,৩৮,৯০০ টাকার একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন। ইহাছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহয্যের জন্য ৩০০ মেট্রিকটন খাদ্যশস্য ৫০,০০০ টাকা নগদ এবং ত্রাণসংক্রান্ত আনুষঙ্গিক খরচার জন্য ১,৩৫,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে। সমবায় সমিতিগুলির মাধ্যমে রবিশষ্যের জন্য ১৬০,০০,০০০ ঋণ নেওয়ার লক্ষ্যমাত্রার স্থিরীকৃত হইয়াছে।

শ্রীকাশীনাথ মিশ্র :—বন্যাপীড়িত এলাকার চাষীদের যে ক্ষতি হয়েছে তারজন্য বিকল্প ব্যবস্থা গ্রহণের বিষয়টি মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এখনও বিবেচনাধীন আছে। আমার প্রশ্ন, এই পরিকল্পনাগুলি কবে নাগাদ কার্যকরী হবে বা কবে নাগাদ চাষীরা রাবিশস্য চাষ করার জন্য লোন বা অন্যান্য সুযোগ সুবিধা পাবে তা মাননীয় মন্ত্রীমহাশয় বলতে পারবেন কি ?

শ্রীআবদুস সাত্তার :—রবিশস্যের আগেই করা হবে এবং খুব শীঘ্রই করা হবে।

শ্রীকাশীনাথ মিশ্র :—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই এক বছরের জন্য বন্যাপীড়িত এলাকার চাষীদের কৃষিলোন, ক্যাটেল পারচেস লোন বা অন্যান্য লোন যেগুলি আছে সেগুলি মকুব করার কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি।

শ্রীআবদুস সাত্তার ঃ—এই প্রশ্নটা যখন আসবে সেখান থেকে, তখন নিশ্চয়ই এটা বিবেচনা করা হবে।

শ্রীসরোজ রায় ঃ--আপনি এক্ষুনি আপনার জেলাতে যে পরিমাণ পাট ভেসে গেছে তার একটা হিসাব দিলেন এই হিসাবটা কংক্রিট কি ?

শ্রীআবদুস সাত্তার ঃ—আমার জেলার ব্যাপার, আমি এটা জানি, এর বেশী নয়। কাগজে বেরিয়েছিল চার কোটি টাকার পাট ভেসে গেছে সেটা ঠিক নয়।

বেবীফুডের দুষ্প্রাপ্যতা

* ৩। (অনুমোদিত প্রশ্ন নং * ১৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে, বর্তমানে কলিকাতা সহ বিভিন্ন জেলা এবং অন্যান্য শহরাঞ্চলে 'বেবীফুড' দুষ্প্রাপ্য হইয়াছে ; এবং

খ) সত্য হইলে, সরকার ইহার প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

উত্তর ঃ **শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**

ক) আংশিক সত্য, গত জুন মাস হইতে কলিকাতা শহরে এবং পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে মাঝে মাঝে বেবীফুডের অভাব দেখা দিয়াছে।

খ) গত চার মাস যাবৎ রাজ্য সরকার বিভিন্ন বেবীফুড আমদানীকারকদের সহিত আলাপ আলোচনার মাধ্যমে রাজ্যে বেবীফুড আমদানীর মাত্রা বাড়াইবার জন্য সর্বপ্রকার চেষ্টা করিয়া যাইতেছেন। ইহা ছাড়া কেন্দ্রীয় সরকারের সহিত যোগাযোগ করিয়া তাহাদের মাধ্যমে আমূল স্প্রে প্রস্তুত কারক সংস্থা ও গুজরাট রাজ্য সরকারকেও পশ্চিমবঙ্গে সরবরাহ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হইয়াছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যারা বেবিফুড আমদানি করেন, তারা বেবি ফুড বাজারে না ছেড়ে মজুত করে রাখে ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—না মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন, সেই কথা তিনি সম্যক না জেনে বোধ হয় বলেছেন। বেবিফুড সব জায়গায়

দিতে হবে, বেবিফুড যা আসে হোল সেলারের কাছে তার প্রতিটি হিসাব এনফোর্সমেণ্ট ব্রাঞ্চে থাকে, এবং এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ প্রতিটি এলাকায় অনুসন্ধান করে হিসাব রাখেন যে সেখানে যথাযথভাবে বেবিফুড যাচ্ছে কি না।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা প্রতি মাসে কত পরিমাণে বেবিফুড পাই ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা কোন বেবিফুড পাই না, বিভিন্ন ম্যানুফ্যাকচারের কাছ থেকে আমাদের বেবিফুড আসে। আমরা শুধু কেন্দ্রীয় সরকারের কাছে নিবেদন করি যাতে এই স্টেটে বেশী করে পাঠানো হয়। রেসট্রিকশন অর্ডার ইমপোজ করার জন্য বলি। আমরা বেবিফুড ১৯৭১ সাল থেকে এই পর্যন্ত যা পেয়েছি তার একটা হিসাব দিচ্ছি ১৯৭১ সালে গড়পড়তায় ২৪৪.৬৫ মেট্রিক টন। ১৯৭২ সালে গড়পড়তায় ৩৬২.৮৮ মেট্রিক টন, ১৯৭৩ সালে গড়পড়তায় ৪১২.৭৫ মেট্রিক টন, ১৯৭৪ সালে একটু ফল করেছিল, তখন আমরা পেয়েছি ২০৮.১০ মেট্রিক টন, এবং ১৯৭৫ সালে সরাসরি যোগাযোগ করার ফলে আবার সেটা বেড়ে দাঁড়ায় ৪৮৭ ৮৭ মেট্রিক টন, ১৯৭৬ সালের জানুয়ারী থেকে মে পর্যন্ত আমরা বেবিফুড পেয়েছি ৬৩৩.৪।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—বেবিফুড বিক্রি করার জন্য সরকার কোন নিজস্ব এজেন্ট নিয়োগ করবার কথা ভাবছেন কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—প্রয়োজন হলে এসেনশিয়াল কমোডিটিজ কর্পোরেশন এর মাধ্যমে ডিসট্রিবিউশনের ব্যবস্থা করার কথা সরকার ভাবতে পারেন।

শ্রীমতি গীতা মুখোপাধ্যায় ঃ মন্ত্রী মহাশয় বললেন যে বেবিফুড মজুত হয় না, মন্ত্রী মহাশয় কি অবগত আছেন, বাজারে সাধারণ চলতি দরের চেয়ে বেশী কবুল যদি করা যায় তাহলে বেবিফুড পাওয়া যায়, তা যদি থাকে তাহলে বেবিফুড কোথা থেকে আসছে ?

[2-10—2-20 p. m.]

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—মাননীয়া সদস্যার কাছে আমার নিবেদন এই যে, এ খবর যদি তাঁর কাছে থাকে এবং তিনি দয়া করে আমাকে জানান তাহলে দেখতে পাবেন পরের দিনই সেই লোকটি শ্রীঘরে থাকবে, একথা আমি জানাচ্ছি।

শ্রীমতী গীতা মুখার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয়কে কি এনফোর্সমেণ্ট বিভাগ জানায় না ? এ খবর কি আমাকে দিতে হবে ? তবে আমি নিশ্চয়ই দেব। কিন্তু ইতিমধ্যে হাজার হাজার খবর রোজ বেরচ্ছে, উনি কি খবর রাখেন না ?

(নো রিপ্লাই)

শ্রী মহঃ দেদার বক্স ঃ—দুষ্প্রাপ্যতার কথায় মন্ত্রীমহাশয় বললেন যে, এটা আংশিক সত্য : এর কারণ কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—কারণ হচ্ছে, পশ্চিমবাংলায় অন্য প্রদেশের মত সবচেয়ে বেশী যে বেবিফুড ইউসড হয় বা লোকেরা নেন সেটা হচ্ছে আমুল স্প্রে। আমুল স্প্রেকে যদি আমরা দেখি তাহলে দেখব ১৯৭৪ সালে এক কে,জি.-র দাম ছিল ২২ টাকা ৬০ পয়সা, আর ৫০০ গ্রামের দাম ছিল ১১ টাকা ৭২ পয়সা। আর ১৯৭৬ সালের মাঝামাঝি থেকে ১ কে. জি. আমুল স্প্রের দাম হয়েছে ১৮ টাকা ৮১ পয়সা, ৫০০ গ্রামের দাম হয়েছে ৯ টাকা ৮০ পয়সা। অর্থাৎ আমুল স্প্রের দাম প্রতি কে, জি.-তে ৪ টাকা কমিয়ে দিয়েছে। কিন্তু এটির কারখানা গুজরাটে এবং দুর্ভাগ্য-বশত গত বন্যার সময় এই কারখানা বন্ধ ছিল এবং যেটুকু মাল মজুত ছিল সেটুকুও আনতে গেলে একটা ব্রিজের উপর দিয়ে আনতে হত এবং ঐ সময়ে সেই ব্রিজটিও ভেঙে গিয়েছিল যার ফলে মাল আনতে অসুবিধা হয়েছিল। সেই কারখানা আবার চালু হবার পর এবং সেই ব্রিজ ঠিক হয়ে যাবার পর আবার মাল আসতে আরম্ভ করেছে।

শ্রী মহঃ দেদার বক্স ঃ—আমুল স্প্রে মহারাষ্ট্র থেকে আসে সেখানে এটা কো-অপারেটিভ বেসিসে তৈরি হয় : তার সরবরাহ যাতে পশ্চিমবাংলায় বেশী করে হয় তারজন্য ব্যবস্থা করবেন কি।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—স্যার, আমি প্রথমেই বলেছি যে, এবিষয়ে আমরা কেন্দ্রের কাছে নিবেদন করেছি এবং ওখানকার রাজ্য সরকারের কাছেও আমরা নিবেদন করেছি যাতে আমুল স্প্রের সরবরাহ আমাদের বাড়ানো হয়। আমি আপনাদের কাছে তথ্য হিসাবে রাখছি, আমুল স্প্রে আগে আগে আমরা যা পেতাম তার চেয়ে অনেক বেশী এখন পাচ্ছি। এখানে ওদের রিপ্রেজেনটিটিভ হচ্ছে, ভল্টাস, ৫দিন আগে আমি তাদের সঙ্গে কথা বলেছি। তারা বলেছে অক্টোবর মাসের পর থেকে তাদের সাপ্লাই যা আছে সেটা ডবল হয়ে যাবে।

শ্রীসরোজ রায় ঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, যদি প্রয়োজন হয় তাহলে আমরা সরকারী এজেন্টের মাধ্যমে সরবরাহ করব। আমার প্রশ্ন হচ্ছে আপনার এই প্রয়োজনের ব্রাইটেরিয়ানটা কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—আমি গত ৭ দিন আগে এই বিষয়ে একটা আলোচনার ব্যবস্থা করেছিলাম। তাতে কমিশনার অফ্ পুলিশ ছিলেন, চীফ্ সেক্রেটারীও ছিলেন। আমরা ডি. সি. এনফোর্সমেণ্টকে বলেছি যে, এখানে যারা ম্যানুফ্যাকচারারের ডিসট্রিবিউটরস আছে তাদের নামে একটা কমপ্লিট লিষ্ট দেবেন, হু আর দি ডিলারস, হু আর দি সাব-ডিলারস। এছাড়া ডি. সি. এনফোর্সমেণ্ট এদের প্রত্যেকের কাছে গিয়ে দেখবে। বাজারে এটা বিক্রি করতে গেলে ওদের প্রত্যেকের নাম ঠিকানা রাখতে হবে এবং সেটা ডি. সি. এনফোর্সমেণ্ট এনকোয়ারী করে দেখবেন। যদি কমিশনার অফ্ পুলিশ বলেন যে, এটা তাদের পক্ষে দেখা সম্ভব হচ্ছে না, তাহলে নিশ্চয়ই আমরা এটা এসেনসিয়াল কমোডিটিস কর্পোরেসনের মাধ্যমে ডিসট্রিবিউট করব।

শ্রীনরেশচন্দ্র চাকী ঃ—আমি জানতে চাই Baby food নিয়ে বেআইনী কারবার করার জন্য আজ পর্যন্ত কজনকে শ্রীঘরে পাঠানো হয়েছে ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এরজন্য নোটিশ চাই।

শ্রীনারায়ণ ভট্টাচার্য্য ঃ—কোলকাতায়-এর নির্দিষ্ট দোকানের মালিকরা Amul spray কিনছে এরা voltas যারা এর distributor তারাই গোপনে তাদের পাচার করছে—এটা কি জাতীয় ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং এর পেছনে যথেষ্ট সত্যতা আছে। সেজন্য মুখ্যমন্ত্রী Essential Commodities-কে সামনে রেখে সভা করেছিলেন তাতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে এই আইনটা পরিবর্তন করতে হবে এবং Baby ছাড়া Baby food কেউ ব্যবহার করে তাহলে তাকে গ্রেপ্তার করা হবে। সেজন্য একটা amendment আসছে।

শ্রীঅজিত ব্যানার্জী ঃ—Essential Commodities নিয়ে যে বৈঠক হয়েছিল তাতে ভদ্রলোকের চুক্তি হয়েছিল কিনা ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—ভদ্রলোক যখন চুক্তি করেন তখন ভদ্রলোকের চুক্তিই হয়। আমি যতক্ষণ অভদ্র হতে পারছি না ততক্ষণ আমি ভদ্রলোক।

শ্রীরথীন তালুকদার ঃ—Baby food-এর জন্য অন্যান্য State-এর উপর আমাদের নির্ভর করতে হয়। তখন রাজ্য সরকারের পক্ষ থেকে Baby food উৎপাদন করার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এর উত্তর Animal Husbandary Deptt. দেবে।

Not called

(At this stage Shri Monoranjan Pramanik entered the Chamber)

(Voices : Sir, let him call both the starred questions)

Mr. Speaker : At the time when I called starred question No. *5 he was not present. At the time when I called starred question No. *6 he was also not present. Now I find he is present. So, I allow starred question No. *6.

Shri A. H. Besterwitch : Sir, any member, not present, gets chance when he is present. So, automatically Shri Monoranjan Pramanik who missed by a second or two should get his chance. You can allow him.

Mr. Speaker : After the entire list is over there will be a second call and then I will allow him to call starred question No. *5.

চাল সংগ্রহের পরিমাণ

* ৬। (অনুমোদিত প্রশ্ন নং * ২১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

ক) চলতি বছরে সরকার কত পরিমাণ চাল সংগ্রহ করেছেন ; এবং

খ) তার মধ্যে—

১) লেভির মারফত সংগ্রহের পরিমাণ ;

২) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া চালের পরিমাণ ; ও

৩) অন্যান্য রাজ্য থেকে কেনা চালের পরিমাণ কত ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :—

(ক) চলতি ১৯৭৫ -৭৬ খরিফ বৎসরে গত ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত রাজ্য সরকার আভ্যন্তরীণ সংগ্রহের মাধ্যমে চালের হিসাবে মোট ৩,০০,৩৭৮ মেট্রিক টন সংগ্রহ করেছেন।

(খ) (১) উক্ত মোট সংগ্রহের মধ্যে গত ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত লেভির মধ্যে সংগ্রহের মোট পরিমাণ হইল চালের হিসাবে ২,৭৯,০০৯ মেট্রিক টন, ইহার মধ্যে উৎপাদক লেভী বাবদ ১১,০৯৪ মেট্রিক টন এবং চালকল লেভী বাবদ ১,১৭,৯১৫ মেট্রিক টন।

(২) ১৯৭৬ সালের জানুয়ারী মাস হইতে সেপ্টেম্বর মাস পর্যন্ত কেন্দ্রীয় ভাণ্ডার হইতে প্রাপ্ত মোট চালের পরিমাণ হইল ১,৯২,৯০১ মেট্রিক টন।

(৩) ইহা ছাড়া চলতি বৎসরে পশ্চিমবঙ্গ সরকার অন্যান্য রাজ্য হইতে যে পরিমাণ চাল ক্রয় করিয়াছেন তাহা হইল—অন্ধ্রপ্রদেশ ও মধ্যপ্রদেশ হইতে যথাক্রমে ১৫,৫৫৮ মেট্রিক টন ও ৫৭৩৭ মেট্রিক টন লেভীমুক্ত সিদ্ধ চাল, উত্তরপ্রদেশ ও হরিয়ানা হইতে যথাক্রমে ১,৯০০ মেট্রিক টন ও ২,৮০০ মেট্রিক টন বাসমতি চাল। ইহা ছাড়া নেপাল হইতে ফুড কর্পোরেশন মারফৎ ২০,০০০ মেট্রিক টন সিদ্ধ চাল পাওয়া যাইবে।

[2-20—2-30 p. m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যারা লেভি দেয়নি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এখনও এবারে খারিফ বছর শেষ হয়নি, খারিফ বছর শেষ হয়ে যাবার পর আমরা নিশ্চয়ই সার্ভে করে দেখব কারা কারা দেয়নি। তাদের সম্পর্কে কি কি ব্যবস্থা আমরা নিতে পারি তখন ভেবে দেখব।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি সংগ্রহের পরিমাণ যা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে পরিমাণ পাওয়া গেছে তাতে বারংবার বলা সত্ত্বেও এম, আর, এর মাধ্যমে কলকাতা শহরে বা বাইরে চালের বরাদ্দ বাড়ান হয়নি এটা কি সত্য ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব দুঃখের সঙ্গে এই কথার প্রতিবাদ করতে বাধ্য হচ্ছি। আমরা এম, আর এ চাল বাড়িয়েছি। গত তিন মাসকে যদি আমরা লিন পিরিয়ড ধরি আগস্ট, সেপ্টেম্বর এবং অক্টোবর, তাহলে গত বছর ১৯৭৫ সালে যেখানে আমরা এম, আর এ দিয়েছিলাম ১৯ হাজার ৬ শত, ২১ হাজার ৩ শত, ২৪ হাজার ৪ শত, এবারে সেই জায়গায় দিয়েছি ২২ হাজার ৩৬৫ ৩৫ হাজার এবং ৩৫ হাজার ৩ শত। সুতরাং এম, আর তে আমাদের সাধ্যমত বাড়িয়েছি গমও আমরা বাড়িয়েছি। আমরা গত বছর দিয়েছিলাম ৪০ হাজার ৫২৫, ৩৯ হাজার ৯৫০, ৪৩ হাজার মেট্রিক টন আগস্ট, সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে, এবছরে আমরা দিয়েছি ৬২ হাজার ৭১৯, ৬০ হাজার ১০, ৬০ হাজার ৬০৫ মেট্রিক টন।

শ্রীভূহিনকুমার সামন্ত ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি চলতি বছরে মিল থেকে তিনি কি পরিমাণ চাল সংগ্রহ করেছেন ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এটা উত্তরের মধ্যে বলে দিয়েছি ১ লক্ষ ৯৭ হাজার ৯১৫ মেট্রিক টন।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত মিল থেকে আপনি ধান কিনেছিলেন তার পরিমাণ কত ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এর জবাবে বলতে ১ মন ৩০ সের ধানে একমন চাল হয় এবং ফিফটিপারসেন্ট লেভি হয়েছে। আপনি যদি এখন যোগ বিয়োগ করেন তাহলে অংকটা পেয়ে যাবেন।

শ্রীগৌতম চক্রবর্তী ঃ—মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে পরিমাণ চাল সংগ্রহ করেছেন তার মধ্যে লেভির মাধ্যমে কতটা পেয়েছেন এবং সমাজবিরোধী চোরা-চালান কারীদের কাছ থেকে পুলিশ যেটা উদ্ধার করেছে তাতে কতটা পেয়েছেন ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—আমি বলেছি লেভির মাধ্যমে ৮১ হাজার ৯৪ এবং চালকলের মাধ্যমে ১ লক্ষ ৯৭ হাজার ৯১৫। বাকীটা তাহলে ওই জায়গা থেকেই পেয়েছি।

শ্রীগৌতম চক্রবর্তী ঃ—ওই জায়গা থেকে পেয়েছি বলতে আপনি কি মিন করেছেন ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—হয় ডিহোরডিং করে পেয়েছি, না হয় সিজ করে পেয়েছি

শ্রীআনন্দগোপাল রায় ঃ—মন্ত্রী মহাশয় জানেন গত বছরের তুলনায় এবছর বীরভুম বেশী চাল দিয়েছে। আমার প্রশ্ন হচ্ছে বীরভুম জেলায় গত বছরের চেয়ে এবছর 'ক' এবং 'খ' ক্লাশকে কম দেওয়া হয়েছে কেন ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—আমাকে যদি ডিস্ট্রিক্ট ওয়াইজ জিজ্ঞাসা করেন তাহলে অসুবিধা হবে। একথা ঠিক বীরভুম পশ্চিমবংলাকে খাওয়ায়। যে কয়টা ডিস্ট্রিক্ট পশ্চিমবাংলাকে খাওয়ায় বীরভুম তার মধ্যে একটা কাজেই বীরভুমকে বাড়তি চাল দিতে হবে খাবার জন্য একথা নিশ্চয়ই মাননীয় সদস্য বলছেন না এবং আমি খাদ্যমন্ত্রী হিসেবে সেকথা ভাবতে চাই না।

শ্রীআনন্দগোপাল রায় ঃ—বীরভুমে আপনি অধিক পরিমাণ চাল দিচ্ছেন বলছেন। আমার প্রশ্ন হচ্ছে সেখানকার 'ক' এবং 'খ' শ্রেণীর লোক কেন খেতে পাবেনা তারা কেন বেশী দামে চাল কিনে খাবে ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—মাননীয় সদস্য যদি আমার সঙ্গে দেখা করেন তাহলে আমি তাঁকে দেখাব বীরভূমে আমরা কত চাল দিয়েছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—মন্ত্রী মহাশয় বললেন, উৎপাদকদের লেভির হিসেব হচ্ছে ৮১ হাজার.৯৪ টন অর্থাৎ আপনি যেটা আদায় করেছেন। আমার প্রশ্ন, হচ্ছে এ্যাসেস্ড লেভির মোট পরিমাণ কত ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—আমার কাছে সেই হিসেব এখন নেই। আপনি যদি জানতে চান আমি পরে জানাব।

শ্রীপ্রফুল্ল মাইতি ঃ—মন্ত্রী মহাশয় বললেন, ১ মন ৩০ সের ধানে ১মন চাল হয়। কিন্তু আমরা যারা চাষ করি এবং ধান কুটি আমরা জানি দেড়মন ধানে ১ মন চাল হয় এ সম্বন্ধে কিছু বলবেন কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—আমি দুঃখিত আমি ভুল কথাই বলেছি। দেড়মন ধানেই ১ মন চাল হয়।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ— মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই লেভি থেকে এবং বিভিন্ন সোর্স থেকে যে চাল সংগ্রহ করছেন সেই সংগৃহীত চাল আমাদের গ্রামাঞ্চলের রেশন এলাকায় দেওয়া হবে কি না ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ—এর প্রতিটি চাল গ্রাম বাংলায় দেওয়া হবে। গ্রাম বাংলা থেকে যে চাল সংগৃহীত হয়েছে সেটা কখনও এস, আর-এ বণ্টন করা হবে না।

বি ডি ও-বিহীন ব্লক

* ৭। (অনুমোদিত প্রশ্ন নং * ৫৩।) **শ্রীকালীনাথ মিশ্র** ঃ সমষ্টি-উন্নয়ন বিভাগীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি?

ক) বাঁকুড়া জেলার বর্তমানে কোন্ কোন্ ব্লকে বি ডি ও নাই :

খ) বর্তমানে কিভাবে উক্ত ব্লকগুলির কাজ চলিতেছে ; এবং

গ) বাঁকুড়া জেলায় কোনও ব্লকের জন্য জয়েন্ট বি ডি ও-র পোস্ট মঞ্জুর আছে কিনা ?

শ্রীঃ বসু সাত্তার ঃ

ক) বর্তমানে বাঁকুড়া জেলার

১) গঙ্গাজলঘাটি ও ২) ইন্দপুর ব্লকে বি. ডি. ও নাই।

খ) পার্শ্ববর্তী ব্লক যথাক্রমে মেঝিয়া ও খাতড়া ২নং এর বি, ডি, ও এই দুইটি ব্লকের কাজ চালাইতেছেন।

গ) বর্তমানে সোনামুখী ব্লকে একজন জয়েন্ট বি, ডি, ও নিয়োগ করা হইয়াছে

[2-30—2-40 p. m.]

শ্রীকাশীনাথ মিশ্র ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি বাঁকুড়া জেলার গঙ্গা জল ঘাটি ও ইন্দপুর ব্লকে বি, ডি, ও নাই। এই দুটো ব্লকে বি, ডি, ও দেবেন ?

শ্রীআবদুস সাত্তার ঃ—এই দুটি ব্লকে আমরা অলরেডি বি, ডি, ও posting-এর জন্য অর্ডার পাস করে দিয়েছি। গঙ্গাজলঘাটি ব্লকের জন্য মেদিনীপুর জেলার compensation অফিসার ধীরেন্দ্রনাথ যিনি সম্প্রতি ডবলু বি, সি, এস-এ উন্নত হইয়াছে তাঁকে গঙ্গাজলঘাটি বি ডি ও নিযুক্ত করা হইয়াছে আর ইন্দপুর ব্লকে নন্দিগ্রাম দুই নম্বর ব্লকের বি, ডি, ও শুধাংসু ভুষণ দাসকে বদলি করা হইয়াছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি দুই নম্বর ব্লকের বি, ডি, ও এখন দুইটি ব্লকের কাজ চালাচ্ছেন। এই কাজ চালাবার জন্য বর্তমান সরকারের উন্নয়নমূলক পরিকল্পনা যেগুলি হচ্ছে আর সি সি স্কীম বা এ সি সি স্কীম একটা ব্লকে একজন বি, ডি, ও না থাকার জন্য কাজের অসুবিধা হচ্ছে। এই ভাবে যেখানে বি, ডি, ও নাই সেখানে তাড়াতাড়ি বি, ডি, ও দেবার পরিকল্পনা আছে কি ?

আবদুস সাত্তার ঃ—সমস্ত কিছু টেম্পোরারি এ্যারেজমেণ্ট। ডিস্ট্রিক্ট ম্যাজিস-ট্রেট কাজ চালাবার জন্য ব্যবস্থা গ্রহণ করেন। আমরা সংবাদ পাওয়ার পরেই ট্রান্সফার করে দিয়েছি পোস্টিং হয়ে গেছে জয়েন করতে কিছু দেরী হবে। এটা ঠিক একজন বি, ডি, ও যখন দুটি ব্লক দেখেন তখন কাজের কিছু অসুবিধা হয় এটা স্বীকার করতেই হবে। আমরা যথাসাধ্য চেষ্টা করছি যাতে একজন বি, ডি, ও দুটি ব্লক না দেখে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ—মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি বি, ডি, ও ডাবলু বি, সি, এস থেকে নেওয়া হয়। সেজন্য সময়মত বি, ডি, ও পাওয়া যাচ্ছে না, সেইজন্য অন্য কোনভাবে নিয়োগের জন্য সরকার চিন্তা করছেন কিনা ?

শ্রীআবদুস সাত্তার ঃ—যারা বি, ডি, ও হন তাঁরা ডাবলু বি, সি, এস থেকে হন এবং পি, এস, সি-এ থেকে অ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয় এবং নিয়মের পরিবর্তন করা যায় না এবং এই নিয়ম পরিবর্তন করবার জন্য অন্যভাবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়ার এখন সরকারের কোন বিবেচনাধীনে নাই।

শ্রীভূপাল পাণ্ডা ঃ—নন্দিগ্রাম দুই নম্বর ব্লকের বি, ডি, ও-কে বদলি করা হয়েছে, তার জায়গায় কে যাচ্ছে।

শ্রীআবদুস সাত্তার ঃ—আমার কাছে এখন নাম নাই।

শ্রীহেমন্ত দত্ত—কোন কোন ব্লকে বি, ডি, ও নাই মন্ত্রীমহাশয় জানাবেন কি।

শ্রীআবদুস সাত্তার ঃ—নোটিশ চাই।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ—বি, ডি, ও ক্যাডারের অভাব পড়ছে কেন মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রীআবদুস সাত্তার ঃ—কোন অভাব নাই। কারণ হচ্ছে বি, ডি, ও, যেভাবে এ্যপয়েন্টেড হয় তাতে পি, এস, সি, নাম পাঠানর সঙ্গে সঙ্গেই পোষ্টিং হয়না, তাদের নাম হোম ডিপার্টমেন্টে যায় এবং তারপর হোম ডিপার্টমেণ্ট তা আমাদের কাছে প্রেস করলে আমরা তখন পোষ্টিং করি। অতএব ইচ্ছা করলেও সঙ্গে সঙ্গে দেওয়া যায় না। সেজন্য আশেপাশের লোক নিয়ে এসে কাজ চালাতে হয়।

খণ্ডঘোষ ও রায়না ব্লক অফিস

* ৫। (অনুমোদিত প্রশ্ন নং * ৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** ঃ কৃষি এবং সমষ্টি উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ ও রায়না দু' নং ব্লকের নিজস্ব 'ব্লক অফিস' আছে কিনা ;

খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে, উক্ত ব্লক অফিসের জন্য বাৎসরিক কত টাকা বাড়ি ভাড়া বাবত সারকারকে দিতে হয় এবং কতদিন যাবৎ এই ভাড়া বহন করিতে হইতেছে : এবং

গ) ঐ দুটি ব্লকের 'ব্লক অফিস' তৈরী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীআবদুস সাত্তার :—

(ক) না।

(খ) খণ্ডঘোষ ব্লকের জন্য বাৎসরিক ২, ৪০০ টাকা এবং রায়না ২নং ব্লকের জন্য বাৎসরিক ২,৩৫২ টাকা বাড়ীভাড়া দিতে হয়।

১৯৬১ হইতে খণ্ডঘোষ ব্লকের অফিস এবং ১৯৫৮ হইতে রায়না ২নং ব্লকের অফিস ভাড়া বাড়ীতে অবস্থিত আছে।

(গ) আছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে '৬১ সাল থেকে ৪॥ হাজার টাকার বেশী এই দুটি ব্লকে ব্লক অফিসের ভাড়া বাবদ দেওয়া হয়েছে। এই যে টাকা ভাড়া দেওয়া হয়েছে তাতে ঘর তৈরি করা যেতো। এই ঘর তৈরি করার কোন পরিকল্পনা আছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রীআবদুস সাত্তার ঃ—আমি উত্তরে বলেছি 'আছে'। এখানে ৩৩৫টি ব্লকের মধ্যে আমাদের নিজস্ব ঘর আছে ১৪৯ টি। আগে সেখানে যে ঘর হোত তারজন্য জমি দরকার হোত ১ হাজার ৮০ স্কয়ার ফিট, সেই অনুসারে হবার কথা, এবং ২৬টি ব্লকে এই ঘর তৈরি করার প্ল্যান প্রোগ্রাম ঠিক আছে। এখন সেখানে যেহেতু কাজ বেড়ে গিয়েছে, আরো অনেক দপ্তর বেড়েছে, এর ফলে এখন জায়গা লাগছে ২৫০০ স্কোয়ার ফুট। রায়নার এই দুটি ব্লকে সাইট সিলেকশন হয়ে গিয়েছে, এভরিথিং কমপ্লিট, এসটিমেট স্যাংশন হলেই আমরা কাজ আরম্ভ করবো।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ—কতদিনের মধ্যে কাজ আরম্ভ হবে ?

শ্রীআবদুস সাত্তার ঃ—শীঘ্রই হবে।

শ্রীআনন্দগোপাল রায় ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় বহু জায়গায় বি. ডি. ও, অফিসের নিজস্ব বাড়ী নেই। সেখানে নিজস্ব গৃহ তৈরি করার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীআবদুস সাত্তার ঃ—নোটিশ দেবেন আমি ডিটেলস্ বলে দেবো। আমি এখনি বললাম যে ৩৩৫টি ব্লকের মধ্যে ১৪৯টি আছে, বেশীর ভাগ জায়গায় নেই। আর এখন যে পরিকল্পনা আছে তাতে আমরা ২৬টি জায়গায় ঘর আরম্ভ করবো।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমি নিজে এবং বিধান সভার বহু সদস্য এই সেসনের নোটিশ পাওয়ার সঙ্গে সঙ্গে বহু প্রশ্ন দিয়েছিলাম এবং আপনার অফিস নাকি ২৪/২৫টি প্রশ্ন এ্যাডমিট করেছেন কিন্তু তার কোনটা আজ পর্যন্ত লিষ্টে আসতে পারেনি। অথচ এই প্রশ্নগুলি খুবই গুরুত্বপূর্ণ। শোনা যাচ্ছে যে অনেক প্রশ্ন দপ্তরেই যায়নি। আপনি এই প্রশ্নগুলির সুরাহা করুন। আমরা প্রশ্ন করবো অথচ জবাব পাবোনা এর পরিবর্তন করুন। প্রোরোগেশন হওয়ার আগে মন্ত্রীমহাশয়রা যাতে ইমিডিয়েটলি এর ব্যবস্থা করেন সেই ডাইরেকটিভ দিয়ে আমাদের প্রিভিলেজ আপনি রক্ষা করুন এই অনুরোধ করছি।

Unstanted questions.

(To which written answers were laid on the table).

নির্বীজকরণ

১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩ ।) **শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলায় গত ১৯৭৫ সালের জানুয়ারী মাস হইতে এ পর্যন্ত জেলাওয়ারীভাবে কত সংখ্যক ব্যক্তিকে নির্বীজকরণ করা হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ সংশ্লিষ্ট বিবরণী নিম্নে সংযোজিত করা হল ।

Statement referred to in reply to unstarrted qeustion No 1 (Admitted qucstion No 13.).

পশ্চিমবাংলায় গত ১৯৭৫ সালের জানুয়ারী মাস হইতে এ পর্যন্ত জেলাওয়ারী নির্বীজকরণের হিসাব নিম্নে বর্নিত হইল ঃ

জেলার নাম	জানুয়ারি ১৯৭৫—সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত জেলাওয়ারী নির্বীজকরণ		
	পুরুষ	মহিলা	মোট
বাঁকুড়া	২৫,০৩২	২৪,৫৮২	৪৯.৬১৪
বারাসাত	৪০.২২৩	৫,৩৪৯	৪৫.৫৭২
বীরভূম	৩১,২৮৪	১৩,২২২	৪৪.৫০৬
বর্ধমান	৫৬,২৪৭	২৫,২৪১	৮১,৪৮৮
কলিকাতা	৩০,২৩১	২২.৬৩২	৫২,৮৬৩
কোচবিহার	৩৮,৮০৫	৩,০৬০	৪১,৮৬৫
দার্জিলিং	১৪,৯৩৫	২.৫১৬	১৭,৪৫১
হুগলি	৪৮,০১০	২০.০২৭	৬৮.০৩৭
হাওড়া	৩০,৩৬৭	৫,১২৭	৩৫,৪৯৪
জলপাইগুড়ি	৪৬,৩৫২	৩,৬৪২	৪৯ ৯৯৪
মালদহ	২৪,৪২৭	১ ০২০	২৫,৪৪৭
মেদিনীপুর	৮০,৪৩১	১৯.৬১৩	১০০,০৪৪
মুর্শিদাবাদ	৩০,৮৪৪	১৯,৭৬৯	৫০,৬১৩
নদীয়া	৪৮,৭৭৮	১১,৪৮২	৬০,২৬০
পুরুলিয়া	২৮,৭৯৪	১১,১৭১	৩৯.৯৬৫
তমলুক	৩৯,২৮৯	৫,৮০৩	৪৫,০৯২
চব্বিশপরগনা	৫৩,৫৮৬	৭,৮২৪	৬১,৪১০
পশ্চিমদিনাজপুর	৩৯.৮১৩	১,৮১৮	৪১,৬৩১
	৭০৭,৪৪৮	২০৩,৮৯৮	৯১১,৩৪৬

মহিলা আই, এ, এস, অফিসার

২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক :** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের অধীনে নিযুক্ত আই, এ, এস অফিসারের সংখ্যা কত?

(খ) তার মধ্যে মহিলা আই, এ, এস অফিসারের সংখ্যা কত ; এবং

(গ) কোন্ কোন্ পদে উক্ত অফিসাররা নিযুক্ত আছেন ?

স্বরাষ্ট্র কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ২১৪।

(খ) ১০ জন।

(গ) (১) কুমারী রমা মজুমদার, বাণিজ্য কমিশনার এবং সচিব বাণিজ্য ও শিল্প বিভাগ, (২) শ্রীমতি লীনা চক্রবর্তী, উপসচিব, স্বরাষ্ট্র (পুলিস) বিভাগ, (৩) শ্রীমতি রানু ঘোষ জেলা শাসক, নদীয়া, (৪) শ্রীমতি কৃষ্ণা বালা, উপ-সচিব, অর্থবিভাগ, (৫) শ্রীমতি কস্তুরী গুহুতমেনন, বিশেষ আধিকারিক, উন্নয়ন ও পরিকল্পনা, পার্বত্য বিষয়ক শাখা, দার্জিলিং, (৬) শ্রীমতি বিন্দুযুৎশী, অতিরিক্ত জেলা শাসক, হাওড়া, (৭) শ্রীমতি মুঞ্জুলা গুপ্তা, অতিরিক্ত জেলা শাসক, ২৪-পরগনা, আলিপুর, (৮) শ্রীমতি গৌরী চ্যাটার্জি, অতিরিক্ত জেলা শাসক, মেদিনীপুর, (৯) কুমারী কল্যাণী চৌধুরী, মহকুমা আধিকারিক, কালিম্পঙ, দার্জিলিং এবং (১০) কুমারী মীরা সেনগুপ্ত, মহকুমা আধিকারিক, জঙ্গীপুর, মুর্শিদাবাদ।

ফুটবলের চ্যারিটি ম্যাচের টিকিট বন্টন

৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক :** শিক্ষা (ক্রীড়া) বিভাগিয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি মরসুমে ফুটবল খেলায় কটি চ্যারিটি ম্যাচ হয়েছে ;

(খ) কোন্ ম্যাচে (১) কতগুলি টিকিট বিক্রী হয়েছে ও (২) তাহার মোট মূল্য কত ;

(গ) তার মধ্যে কতগুলি টিকিট (১) কাউণ্টার থেকে, (২) সরকারের ক্রীড়া বিভাগ মারফত এবং (৩) অন্যভাবে বিক্রী করা হয়েছে ; এবং

(ঘ) সরকারের ক্রীড়া বিভাগ মারফত এবং অন্যভাবে বিক্রীত টিকিট কোন্ সংস্থা ও প্রতিষ্ঠানকে কতগুলি করে দেওয়া হয়েছে ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় ঃ—এই প্রশ্নগুলি ইণ্ডিয়ান ফুটবল সংক্রান্ত। ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন (আই, এফ, এ) ক্রিকেট এ্যাসোসিয়েশন অব বেঙ্গল (সি এ বি) এবং এই ধরনের সমস্ত প্রাদেশিক ক্রীড়া প্রতিষ্ঠানগুলির প্রত্যেকেই এক একটি স্বয়ংশাসিত সংস্থা। (আই এফ এ) পরিচালিত চ্যারিটি ম্যাচ ও প্রদর্শনীর ম্যাচগুলি সরকারের আদেশবলে ও পুলিশ কর্তৃপক্ষের পরামর্শানুযায়ী অনুষ্ঠিত হইয়া থাকে। এই সম্পর্কে (আই, এফ, এ) ও সংশ্লিষ্ট ক্লাবগুলিকে টিকিট বিক্রয়ের ব্যবস্থাদির জন্য পুলিসের সাহায্য দেওয়া হয় মাত্র। ক্রীড়া বিভাগের এই টিকিট বণ্টন ব্যবস্থার কিছু করণীয় নাই। আই, এফ, এ নিজেই ক্লাবগুলিকে বিলিবণ্টন করে ও জনসাধারণকে টিকিট বিক্রয় করিয়া থাকে।

আই, এফ, এ-র অনুরোধক্রমে অস্থায়ী ময়দান সংক্রান্ত কর্মচারীদের সাহায্যের জন্য পাঠান হয়। সরকার আই, এফ, এ ও ক্লাবগুলির আভ্যন্তরীণ ব্যাপারে সাধারণত কোন হস্তক্ষেপ করিতে চাহেন না। তবে পুলিশ কর্তৃপক্ষ খেলা অনুষ্ঠানের দিন ঘেরা মাঠগুলির নির্দিষ্ট আসন সংখ্যানুযায়ী প্রবেশপত্র দেখিয়া ক্রীড়ামোদীদের প্রবেশ নিয়ন্ত্রণ করিয়া থাকে।

Removal of Khatals from Calcutta

4. (Admitted question No. 35.) **Shri MD. SAFIULLAH** : Will the Minister-in-charge of the Aniaml Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) if it is a fact that a drive for the abolition of Khatals from the Calcutta city has of late been started ;

(b) if so—

(i) the number of Khatals and the cattle that have been removed so far from the city ? and

(ii) whether the Khatals adjacent to the Kidderpore bridge have been removed ; and

(c)(i) whether Government has given any financial assistance to the Khatal-owners who on their own accord removed their Khatals from Calcutta ; and

(ii) if so, the number of such Khatal-owners who received the financial assistance from the Government ?

The Minister of State-in charge of the Animal Husbandry and Veterinary Services : (a) Yes.

(b)(i) 200 Nos. of Khatals and 9 000 Nos of cattle have been removed from the city.

(ii) Yes.

(c)(i) No.

(ii) Does not arise.

Construction of helipads in the Sunderbans Tiger Reserves.

5. (Admitted question No. 41.) **Shri MD. SAFIULLAH** : Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether Government has any proposal for construction of a few helipads in the Tiger Reserve of the Sunderbans ; and

(b) if so—

(i) the localities selected for this purpose, and

(ii) how far the proposal has been implemented ?

The Minister for Forests : (a) Yes.

(b) (i) Mayadwip and Pakhiralay have been selected provisionally for construction of two helipads. The site for the third one is yet to be selected.

(ii) Preliminary survey work, approaching the concerned authorities, etc. by the Field Director, Sunderbans Tiger Reserve, have been started.

Estimate for the Mayadwip site has been framed.

ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপনে উৎসাহ প্রদান

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪।) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্পে গ্রামাঞ্চলের মানুষের অগ্রণী হইবার কারণ কি ;

(খ) বেকার যুবকদের স্বয়ংসম্পূর্ণভাবে কুটির শিল্প স্থাপনে অগ্রসর হইবার চিন্তাধারা বাস্তবে রূপদান করার জন্য সরকার কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(গ) করিয়া থাকিলে তাহা কি ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে গ্রামাঞ্চলের মানুষের অগ্রণী হইবার প্রধান কারণগুলি নিম্নে বর্ণিত হইলঃ

১। পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলের মানুষের মধ্যে একটি শিল্প মানসিকতা গড়িয়া উঠিয়াছে।

২। ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে নিজের বেকার অবস্থার অবসান ঘটানো এবং আরো সচ্ছলভাবে সংসার পরিচালনা করা সম্ভব বলিয়া মানুষ বুঝিতে পারিয়াছে।

৩। গ্রামাঞ্চলে পাওয়া যায় এইরকম কাঁচামাল যাহা এতদিন সঠিকভাবে কাজে লাগানো হইতেছিল না তাহা দ্বারা শিল্প উপযোগী সামগ্রী তৈয়ারী করা বর্তমানে সম্ভব হইতেছে।

৪। পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের নিরলস কর্মপ্রচেষ্টার মাধ্যমে নূতন নূতন শিল্পদ্যোগী সৃষ্টি করা সম্ভব হইয়াছে। উপরন্তু নানা উৎসাহব্যঞ্জক পরিকল্পনার মাধ্যমে বেকার যুবকদের শিল্প স্থাপনে উৎসাহিত করিয়া তোলা হইয়াছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর বেকার যুবকদের স্বয়ং-সম্পূর্ণভাবে কুটির শিল্প স্থাপনে অগ্রসর হইবার চিন্তাধারা বাস্তবে রূপদান করার জন্য নানা পরিকল্পনা কার্যকরী করিয়া চলিতেছেন।

(গ) কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তর ক্ষুদ্র শিল্পের প্রসারে যে সমস্ত উৎসাহমূলক, প্রচারমূলক এবং সহায়তাদানকারী পরিকল্পনা গ্রহণ করিয়াছেন তাহার বিবরণ নিম্নে দেওয়া হইলঃ

১। ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনের জন্য উপযুক্ত প্রকল্পে প্রান্তিক অর্থ বা বীজ মূলধনের ব্যবস্থা (শতকরা ১০ ভাগ) ও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মাধ্যমে বাকি মূলধনের লগ্নী ব্যবস্থা করা।

২। বেঙ্গল স্টেট এড্ টু ইণ্ডাস্ট্রিজ অ্যাক্ট অনুসারে স্বল্প সুদে ঋণ প্রদান।

৩। স্থির পুঁজির উপর শতকরা ১০—১৫ টাকা পর্যন্ত সরকারী অনুদান। কেন্দ্রীয় সরকারের দেয় এই অনুদান বর্তমানে কেবলমাত্র মেদিনীপুর, নদীয়া ও পুরুলিয়া জেলায় দেওয়া হয়। এই সুবিধা রাজ্য ভরতুকি হিসাবে হুগলী ও বর্ধমান ছাড়া পশ্চিমবঙ্গের অন্য সমস্ত অনগ্রসর জেলায় প্রসারিত করা হইয়াছে।

৪। সি, এম, ডি, এ এলাকার বাইরে স্থাপিত শিল্পে বিদ্যুৎ ব্যবহার, সুদ ও শিল্প নগরীতে কারখানার ঘরভাড়া বাবত খরচের ভরতুকি প্রদান।

৫। প্যাকেজ অব কনসালট্যান্সি নামে একটি পরিকল্পনার মাধ্যমে শিল্পোদ্যোগীদের লগ্নীর বিভিন্ন স্তরে কারিগরী পরামর্শ স্বল্প ব্যয়ে দেওয়ার ব্যবস্থা।

৬। ভাড়া-ক্রয় পদ্ধতিতে যন্ত্রপাতি সরবরাহ করিবার ব্যবস্থা।

৭। দুষ্প্রাপ্য কাঁচামাল সরবরাহের ব্যবস্থা।

৮। পশ্চিমবঙ্গের ৮টি অনগ্রসর জেলায় গ্রামীণ শিল্প প্রকল্প (রুর্যাল ইণ্ডাস্ট্রিজ প্রজেক্ট) চালু করা হইয়াছে। এই প্রকল্পের মাধ্যমে গ্রামীন মানুষের শিল্পচেতনা জাগরিত করিয়া নূতন নূতন শিল্পস্থাপনে নানাবিধ সহায়তা যথা, স্বল্প সুদে ঋণ, কাঁচামাল সরবরাহ, হস্তশিল্পে উৎসাহদান, অনুদান, প্রশিক্ষণ ইত্যাদি দেওয়া হয়।

৯। পশ্চিমবঙ্গ সরকারের কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তর, স্মল ইণ্ডাস্ট্রিজ সার্ভিস ইনস্টিট্যুট-এর সহায়তায় পশ্চিমবঙ্গের নানা জেলায় নিবিড় প্রচার (ইনটেনসিভ ক্যাম্পেইন) পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনার মাধ্যমে একাধারে প্রচার এবং দ্রুত সিদ্ধান্তের মাধ্যমে শিল্পোদ্যোগীদের শিল্প স্থাপনে সাহায্য করা হইতেছে।

১০। প্রতিটি জেলায় ১টি করিয়া শিল্পনগরী স্থাপন করার কাজ হাতে নেওয়া হইয়াছে। এই সকল শিল্প নগরীতে ক্ষুদ্র শিল্পদ্যোগিগণ শিল্প স্থাপনের উপযুক্ত পরিবেশ পাইবেন।

১১। ১৬-দফা কর্মসূচীর মাধ্যমে লক্ষ্যমাত্রা স্থির করিয়া সমগ্র পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের প্রচেষ্টা চালানো হইতেছে।

Census on Tiger population.

7. (Admitted question No. 38.) **Shri MD. SAHIULLAH** : Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if there is any recent census programme on tiger population under taken in the Tiger Reserve of the Sunderbans ; and

(b) If so—

(i) when the said task was completed, and

(ii) the present population of tigers in the tigers Reserve ?

The Minister of Forests : (a) Yes.

(b)(i) 10th March 1976.

(ii) The provisional figure reported is 181. The report is at present under scrutiny, particularly with regard to the methodology adopted for conducting the census.

তাঁত শিল্পের উন্নয়ন

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫।) **শ্রীকাশীনাথ মিশ্র :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি।

(ক) পশ্চিমবঙ্গে তাঁত শিল্পের ব্যাপক উন্নতির জন্য ১৯৭২ সালের মার্চ হইতে বর্তমান সময় পর্যন্ত সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন :

(খ) তাঁত শিল্পের ক্রমবিকাশের জন্য শিল্পীদের শিল্পে নিপুণতার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) বর্তমান তাঁত বস্ত্র রপ্তানীতে পশ্চিমবঙ্গ অগ্রণী হইবার কারণ কি ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় (ক) পশ্চিমবঙ্গে তাঁত শিল্পের ব্যাপক উন্নতির জন্য ১৯৭২ সালের মার্চ হইতে বর্তমান সময় পর্যন্ত সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ঃ—

১। তন্তুবায় সমবায় সমিতিকে কার্যকরী মূলধন ঋণ প্রদানের ব্যবস্থা :

২। নূতন তন্তুবায় সমবায় সমিতি সংগঠন এবং মৃতপ্রায় সমিতির পুনর্গঠনের ব্যবস্থা :

৩। তন্তুবায় সমবায় সমিতির বিক্রীত কাপড়ের ওপরে অনুদান হিসাবে সাহায্যের ব্যবস্থা ;

৪। তন্তুবায় সমবায় সমিতিকে ব্যাঙ্ক কর্তৃক প্রদত্ত কার্যকরী মূলধন ঋণের সুদের বাবত আর্থিক সাহায্য (ইণ্টারেস্ট সাবসিডি অন ওয়ার্কিং ক্যাপিটাল লোন) :

৫। সমবায় সমিতি বহির্ভূত/অন্তর্ভুক্ত তন্তুজীবীদের বি. এস. এ, আই অ্যাক্ট-এর মাধ্যমে এবং ব্যাঙ্কের দ্বারা ঋণের ব্যবস্থা ;

৬। উন্নত ধরনের তাঁত সরঞ্জাম বাবত আর্থিক সাহায্য ;

৭। দক্ষ তাঁত শিল্পী গড়ে তোলার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা :

৮। বিপণন ব্যবস্থা ;

৯। "নিবিড় উন্নয়ন প্রকল্প ও রপ্তানীযোগ্য তাঁতবস্ত্র উৎপাদন প্রকল্প" রূপায়ণের কাজ আরম্ভ হইয়াছে :

১০। ভারত সরকারের অনুমোদনের জন্য কয়েকটি স্কীম প্রেরণ করা হইয়াছে ;

১১। তাঁত শিল্পীদের সুতা সরবরাহ করিবার জন্য পশ্চিম দিনাজপুরে একটি সুতাকল স্থাপন করা হইতেছে ;

১২। তাঁত শিল্পীদের সুতা সরবরাহ এবং তাহাদের উৎপাদিত দ্রব্যসমূহ বিক্রয়ের ব্যবস্থা করিবার জন্য ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম পাওয়ারলুম ডেভেলপমেণ্ট কর্পোরেশন স্থাপন করা হইয়াছে।

(খ) তাঁত শিল্পীদের শিল্পে নিপুনতার জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে ছয়টি উন্নত ধরনের প্রশিক্ষণ কেন্দ্র ও তেরোটি প্রাথমিক শিক্ষাকেন্দ্র আছে। এই কেন্দ্রগুলিতে উন্নত ধরনের বিভিন্ন প্রকার বয়নশিক্ষার ব্যবস্থা আছে। শিক্ষণকালে শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়। আজকাল উন্নত ধরনের সরঞ্জামের সাহায্যে কাপড়ে নানা ধরনের নক্সা ফুটিয়ে তোলার কৌশল এইসব শিক্ষাকেন্দ্রে শিক্ষা দেওয়া হয়। ইহা ব্যতীত নক্সা কেন্দ্রের (ডিজাইন সেণ্টার) দ্বারা নতুন নক্সার উদ্ভাবন এবং নক্সাগুলিকে কাজে লাগাতে তাঁত শিল্পীদের হাতে কলমে শিক্ষা দেওয়া হয়। এই কেন্দ্র যুগোপযোগী পরিবর্তনশীল রুচির সঙ্গে সমতা রাখিয়া নতুন নতুন নক্সা উদ্ভাবন করে এবং নক্সাগুলিকে রাজ্যের দূরদূরান্তরে ছড়িয়ে থাকা শিল্পীদের মধ্যে বিতরণ করে।

(গ) পশ্চিমবঙ্গের তাঁতবস্ত্রের রপ্তানী অতি নগণ্য। আমাদের শিল্পীগণ চিরাচরিত শাড়ী ও ধুতি বয়নেই আগ্রহী। তাহাদের বয়নসৌকর্য যদিও অতি উৎকৃষ্ট, কিন্তু রপ্তানী বাজারে তাদের পণ্যের চাহিদা নাই। এ রাজ্যের তাঁত শিল্পীদের আর্থিক উন্নতি করিতে হইলে তাহাদের পণ্যের বাজারের প্রসার করা দরকার। এই কারণে পশ্চিমবঙ্গ তাঁতবস্ত্র রপ্তানীর প্রয়াস চালাইতেছে। বর্তমান একটি রপ্তানী-ভিত্তিক উৎপাদন প্রকল্প চালু করিবার উদ্যোগ করা হইয়াছে এবং ৫টি জেলায় ১,০০০ তাঁত রপ্তানীযোগ্য বস্ত্র উৎপাদনে সাহায্য করিবে।

বাঁকুড়া জেলা জেল-এর সার্বিক উন্নয়নের ব্যবস্থা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯।) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ—স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলা জেল-এর সার্বিক উন্নয়নের জন্য সরকার ১৯৭২ সালের মার্চ হইতে আজ পর্যন্ত কত টাকা কি কি বাবত খরচ করিয়াছেন ?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ (ক) বাৎসরিক ৪০,৩৩৩ টাকা ব্যয়ে বাঁকুড়া সাব-জেলাটিকে ১৯৭২ সালের জুলাই মাসে ডিস্ট্রিক্ট জেলের পর্যায়ে উন্নীত করা হয় এবং তদবধি জেলটি ডিস্ট্রিক্ট জেল হিসেবেই পরিচালিত হইতেছে।

(খ) এই জেলের অনাময় (স্যানিটারি) ব্যবস্থার উন্নতির জন্য মোট ৭৮,১২৫ টাকা ব্যয়ে একটি যোজনা প্রকল্প ১৯৭৬ সালে নিষ্পন্ন করা হইয়াছে।

(গ) এই জেলের অন্তর্গত পুরাতন বোরস্ট্যাল ইনস্টিটিউট ভবনটির বিশেষ সংস্কার সাধনের জন্য মোট ১,২১, ৮৪৩ টাকা ব্যয়ের একটি প্রকল্প ১৯৭৬-৭৭ সালের রাজ্য যোজনা বাজেটের অন্তর্ভুক্ত করা হইয়াছে। উহা বর্তমান আর্থিক বৎসরে নিষ্পন্ন করা হইবে।

(ঘ) জেল হাসপাতালের পাকশালা নির্মাণের জন্য একটি প্রকল্প সক্রিয়ভাবে সরকারের বিবেচনাধীন আছে।

বেকার যুবকদের কর্মসংস্থান প্রকল্পে ব্যাঙ্ক হইতে ঋণদান

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেকার যুবকদের কর্মসংস্থান, গ্রামীণ উন্নয়ন পরিকল্পনা এবং অন্যান্য স্বনির্ভর পরিকল্পনার জন্য বাঁকুড়া জেলায় অবস্থিত কোন্ কোন্ ব্যাঙ্ক কতকগুলি স্কীমের জন্য কত টাকা ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সালের জন্য দিয়াছেন ;

(খ) বাস, ট্রাক, মিনিবাস, অটোরিক্সা, সাইকেল রিক্সা, ক্ষুদ্র কুটির শিল্প বাবত ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সালের আগস্ট পর্যন্ত বাঁকুড়া জেলার বেকার যুবকদের কোন্ কোন্ ব্যাঙ্ক কত টাকা দিয়াছেন ; এবং

(গ) সরকারে সীড্‌মানি ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সালের আগস্ট পর্যন্ত বাঁকুড়া জেলার কতজন বেকার যুবক গ্রহণ করিতে সক্ষম হইয়াছেন ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় : ক) অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী শিক্ষিত বেকার যুবকদের বিভিন্ন স্বনিযুক্তি পরিকল্পনার জন্য বাঁকুড়া জেলায় অবস্থিত ব্যাঙ্কসমূহ (স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া, সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া ও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক) ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সালের আগস্ট মাস পর্যন্ত যে টাকা দিয়াছেন তাহার হিসাব যথাক্রমে :—

		১৯৭৫-৭৬ টাকা
ব্যাঙ্ক অব ইণ্ডিয়া	... ১১টি পরিকল্পনার জন্য	৯৭,০৯৬.০০
সেণ্ট্রাল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	.... ৩টি পরিকল্পনার জন্য	৩৭,০০০.০০
স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	.... ৪টি পরিকল্পনার জন্য	১,৩৩,৬২৫.০০
ইউনাইটেড ব্যাঙ্ক অব্ ইন্ডিয়া	.... ৪১টি পরিকল্পনার জন্য ..	৬,৯৫,২৯৯.০০
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক	.... ২টি পরিকল্পনার জন্য	৩৮,৬৮৫.০০

			১৯৭৬-৭৭ সালের আগষ্ট পর্যন্ত
			টাকা
ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	...	১০টি পরিকল্পনার জন্য	১,২৭,৭০০.০০
সেণ্ট্রাল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	...	৯টি পরিকল্পনার জন্য	৪৯,৫৬০.০০
স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	....	৬টি পরিকল্পনার জন্য ...	২,১৭,০৬০.০০
ইউনাইটেড ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	...	৬টি পরিকল্পনার জন্য	৩,৭৬,৩০০.০০
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক	....	২টি পরিকল্পনার জন্য	৩৪,৫০০.০০

(খ) ১৯৭৫-৭৬ এবং ৭৬-৭৭ সালের আগষ্ট মাস পর্যন্ত বিভিন্ন ব্যাঙ্ক যে টাকা দিয়াছেন তাহার হিসাব যথাক্রমে ঃ—

			১৯৭৫-৭৬	১৯৭৬-৭৭ সালের আগষ্ট পর্যন্ত
			টাকা	টাকা
ইউনাইটেড ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া			৩,৬১,৯৯৯.০০	৩,৭৬,৩০০.০০
স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	....	...	১,৭০,৮৬৭.০০	১,২০,০৬০.০০
সেণ্ট্রাল ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	...	...	৩৭,০০০.০০	৪৯,৫৬০,০০
ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া	....	...	৯৭,০৯৫.০০	১,২৭,৭০০.০০
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক	...	.	৮,৬৮৫ ০০	৫,০০০.০০
পাঞ্জাব ন্যাশন্যাল ব্যাঙ্ক, দুর্গাপুর	....	...	২.৮৩,০২৮.০০	

(গ) যথাক্রমে ৭৮ জন এবং ৩৫ জন।

বিকনা সমবায় চালকল

১১। (অনুনোদিত প্রশ্ন নং ৮০।) **শ্রীকালীনাথ মিশ্র ঃ** সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া শহরের নিকটবর্তী বিকনা গ্রামের সন্নিকটে সমবায় চালকলটি বর্তমানে চালু আছে কিনা ;

(খ) না থাকিলে, কারণ কি ;

(গ) উক্ত চালকলটির জন্য বর্তমানে কোন সরকারী কর্মচারী নিযুক্ত আছেন কি না ;

(ঘ) আগামী মরশুমে ঐ চালকলটি চালু করিবার সরকারের কোন পরিকল্পনা আছে কি না ; এবং

(ঙ) না থাকিলে, তাহার কারণ কি ?

সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় ঃ (ক) বিকনা গ্রামের সমবায় চটকলটি বর্তমানে চালু নাই।

(খ) ১৯৭৩ সালে সমবায় চটকলটিতে একটি চুরির ঘটনা ঘটে যাহার ফলে মিলটি চালানো সম্ভব হইতেছে না। ইহা ব্যতীত বিগত কয়েক বৎসর যাবত মিলটি চালু না থাকায় ইহার সংস্কারের প্রয়োজন। সমবায় সংস্থাটির আর্থিক অসঙ্গতির জন্যমিলটি চালু হইতে পারে নাই।

(গ) সমবায় সমিতির একজন পরিদর্শক আংশিক সময়ের জন্য নিযুক্ত আছেন।

(ঘ) মিলটিকে চালু করিবার জন্য প্রচেষ্টা করা হইতেছে। উহার আধুনকীকরণ ও মেরামতের জন্য ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেণ্ট কর্পোরেশনের নিকট অর্থ সাহায্যের প্রস্তাব করা হইয়াছে। আধুনিকীকরণ ও মেরামত সম্পন্ন করা সম্ভব হইলে আগামী মরশুমে মিলটি চালু করা হইবে।

(ঙ) উত্তর 'ঘ' প্রশ্নে আলোচিত হইয়াছে।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আর্থিক অনটন

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলির আর্থিক অনটন দূর করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় বিশ্ববিদ্যালয় হিসাবে ইউ, জি, সি, পরিগণিত করিয়াছেন কিনা ?

শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় বর্ধমান বিশ্ব-বিদ্যালয় এবং পশ্চিমবঙ্গের অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিকে তাহাদের ন্যায্য ঘাটতি পূরণ করার জন্য সরকার প্রয়োজনীয় আর্থিক সাহায্য দিয়া আসিতেছেন। ১৯৭১-৭২ সালে কলিকাতা এবং বর্ধমান বিশ্ববিদ্যালকে যথাক্রমে ১,০২,২০,২৫৫ এবং ৩৫,৮১,৩৩৬ টাকা অনুদান দেওয়া হইয়াছিল। ১৯৭৫ ৭৬ সালে ঐ অনুদানের পরিমাণ যথাক্রমে ১,৮৭,৫০,৯৫৫ ও ৮৬,২৭,৬৮০ টাকা।

(খ) না।

মৎস্য চাষ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮১।) **শ্রীকালীনাথ মিশ্র ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী ব্যাপকভাবে মৎস্য চাষের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন।

(খ) মৎস্য চাষের জন্য বড় বড় বাঁধগুলি অধিগ্রহণ সম্পর্কে সরকারী ব্যবস্থা কি কি ;

(গ) প্রতিটি ব্লকে 'মৎস্য ফার্ম' করিবার পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে ; এবং

(ঘ) কংসাবতী ও দামোদর নদে ব্যাপক মৎস্যচাষ পরিকল্পনা ত্বরান্বিত করার জন্য কি কি সরকারী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ মৎস্যচাষ উন্নয়নের জন্য রাজ্যের বিভিন্ন জেলায় সাধারণভাবে যেসব পরিকলল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার একটি বিবরণী নিম্নে সংযোজিত হইল।

খ) রাজ্যের বড় বড় বাঁধগুলি (রিজারভয়ের) অধিগ্রহণ করিয়া উহাতে মৎস্য চাষের কোন পরিকল্পনা বর্তমানে নাই। তবে রাজ্য মৎস্য উন্নয়ন কর্পোরেশন বাঁকুড়া ও পুরুলিয়া জিলায় অবস্থিত কংসাবতী ও কুমারী জলাধারে মাছ চাষ করিতেছেন।

গ) রাজ্যের প্রতিটি ব্লক মৎস্য চাষের উপযোগী নহে। তবে মৎস্য চাষের উপযোগী ব্লকগুলিতে ক্ষুদ্র আয়তনের ১৪৩টি মৎস্য বীজ খামার স্থাপনের জন্য ইতিমধ্যেই অর্থ মঞ্জুর করা হইয়াছে।

ঘ) কংসাবতী, জলাধারে মৎস্য চাষের জন্য রাজ্য মৎস্য উন্নয়ন কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতেছেন। দামোদর নদে ব্যাপক মৎস্য চাষের কোন পরিকল্পনা নাই। কিন্তু দুর্গাপুর ব্যারেজ সংলগ্ন স্টিল ওয়াটার পুল-এ একটি সরকারী মৎস্য উৎপাদনের খামার আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 13
(Admitted question No. 81)

১। মৎস্য চাষ উন্নয়ন ও উন্নত ধরনের মৎস্যবীজ উৎপাদনের জন্য সরকারী পরিচালনায় খামার স্থাপনের প্রকল্প ;

২। গ্রামাঞ্চলে উন্নত ধরনের চারাপোনা (ফিংগারলিংগস) উৎপাদন ও স্বল্প মূল্যে বিক্রয়ের প্রকল্প ;

৩। সমষ্টি উন্নয়ন ব্লকে মৎস্য চাষ বৃদ্ধির জন্য মাছের চারা উৎপাদনের খামার প্রতিষ্ঠা ;

৪। মাছের "মিশ্র চাষ পদ্ধতি" (কম্পোজিট ফিস কালচার) জনপ্রিয় করিবার জন্য ব্লক পর্যায়ে সম্প্রসারণ কার্যসূচী প্রদর্শনী কেন্দ্র স্থাপন (এক্সটেনসন অ্যান্ড ডিমোনস্ট্রেশান সেণ্টার) ;

৫। ন্যাশানাল কো-অপারেটিভ ডেভেলপমেণ্ট কর্পোরেশন এবং বিভিন্ন ব্যাঙ্কের আর্থিক সহায়তায় মৎস্যজীবী সমবায় সমিতি মারফৎ জলাশয় উন্নয়নের ব্যবস্থা ;

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কর্তৃক প্রদেয় আর্থিক সাহায্যে আভ্যন্তরীণ জলাশয় সংস্কার ও নিবিড় মৎস্য চাষের উদ্দেশ্যে পশ্চিম দিনাজপুর জেলায় পাইলট প্রজেক্ট গ্রহণ ও পর্যায়ক্রমে অন্যান্য জেলাতেও ইহার সম্প্রসারণ।

৬। বর্ধমান, পশ্চিম দিনাজপুর ও মালদহ জিলায় পুষ্করিণীগুলিতে উন্নত প্রথায় মাছ চাষের জন্য কেন্দ্রীয় অর্থ সাহায্যে মাছ চাষীদের উন্নয়ন সংস্থা (ফিস ফার্মারস ডেভেলপমেণ্ট এজেন্সি) স্থাপন। ক্রমে ক্রমে অন্যান্য জেলাতেও এই কার্যক্রম প্রসারের ব্যবস্থা।

তালডাংরা মুরগী চাষ খামার

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪।) **শ্রীফণীভূষণ সিংহবাবু :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) বাঁকুড়া জেলার তালডাংরা ব্লকে মুরগী চাষের খামারটির কাজ কবে থেকে শুরু হবে বলে আশা করা যায় ; এবং

খ) উক্ত খামারটির নির্মাণে কত টাকা ব্যয় হবে ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় : (ক) বাঁকুড়া জেলার তালডাংরা ব্লকে একটি মুরগী চাষের খামার (পোলট্রি ফার্ম) স্থাপনের প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। প্রস্তাবটি অনুমোদিত হলে বর্তমান বছরেই কাজ শুরু হবে আশা করা যায়।

খ) প্রাক্কলিত খামারটির রূপায়ন ব্যয় আনুমানিক ৪,১০,৫২০ টাকা।

গম উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১।) **শ্রীঅশ্বিনী রায় :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) এই রাজ্যে গমের উৎপাদন বৃদ্ধির কোনও পরিকল্পনা আছে কিনা এবং

খ) থাকিলে, ১৯৭৬-৭৭ সনের উৎপাদন লক্ষ্যমাত্রা এবং উক্ত লক্ষ্যে পেঁছাইবার ব্যবস্থাপনার বিবরণ ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

খ) ১৯৭৬-৭৭ সনের গম উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৪.৫ লক্ষ টন ধার্য করা হইয়াছে।

এই লক্ষ্যমাত্রা যতদূরসম্ভব পূরণের জন্য নিম্নলিখিত কার্যক্রম লওয়া হইয়াছে ঃ—

১) বীজ, সার ও কীটনাশক ঔষধপত্রাদি সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে।

২) অসম্পূর্ণ গভীর নলকূপ ও নদীসেচ প্রকল্পগুলিতে পাইপ লাইন বসাইয়া ও অকেজো গভীর ও অগভীর নলকূপগুলি চালু করাইয়া জল সরবরাহ ব্যবস্থার উন্নতিসাধন করা হইতেছে এবং নতুন গভীর ও অগভীর নলকূপ এবং নদীসেচ প্রকল্প স্থাপন করা হইতেছে।

৩) বীজ, সার ও কীটনাশক ঔষধপত্রাদি ক্রয়ের জন্য ঋণ দেওয়া হইতেছে। সমবায় সংস্থাগুলি হইতেও চাষের জন্য প্রয়োজনীয় ঋণ পাওয়া যাইবে।

৪) কৃষি অধিকারিকগণ ও কৃষকদের গম চাষে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

৫) মোট উৎপাদন লক্ষ্যমাত্রাকে ব্লক ভিত্তিতে বিভক্ত করা হইয়াছে এবং ধার্য লক্ষ্যমাত্রা পূরণের জন্য সংশ্লিষ্ট জেলা কৃষি অফিসারগণকে ব্যক্তিগতভাবে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

সরকারী দরের নিম্নে পাট বিক্রয়

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩।) **শ্রীঅশ্বিনী রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে পাটচাষীদের সরকারী দরের নীচে পাট বিক্রয় করিতে হইতেছে ; এবং

খ) সত্য হইলে, সরকারী দর পাওয়ার জন্য এই সম্পর্কে কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়া থাকিলে তাহার বিবরণ ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) সংবাদপত্রের প্রতিবেদন ও অন্যান্য সূত্র হইতে জানা গিয়াছে যে বিশেষ করিয়া উত্তর বঙ্গের কোন কোন জেলায় গত আগস্ট সেপ্টেম্বর মাসে যখন প্রচুর পরিমাণে কাঁচাপাট বাজারে আসিয়াছিল তখন কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন দামের চেয়েও কম দামে কাঁচা পাট কেনাবেচা হইয়াছে।

খ) ভারতীয় জুট কর্পোরেশন তাঁহাদের এজেন্ট এবং এই রাজ্যের সমবায় বিপণন সমিতিগুলির মাধ্যমে ভারত সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে চাষীদের নিকট হইতে কাঁচা পাট ক্রয় করিবার ব্যবস্থা করা হইয়াছে।

জুট কর্পোরেশন কর্তৃক পাট ক্রয়

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২।) **শ্রীগণেশ হাটুই :** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া কোন জেলায় কতগুলি পাট ক্রয় কেন্দ্র খুলেছেন এবং এর মাধ্যমে কত পরিমাণ পাট ক্রয় করেছেন ;

খ) হুগলী জেলার জাঙ্গিপাড়া ব্লকে জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়ার কোন পাট ক্রয় কেন্দ্র খোলা হয়েছে কিনা ; এবং

গ) না হয়ে থাকলে, তার কারণ কি ?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় :

জেলার নাম	বিভাগীয় ক্রয় কেন্দ্রের সংখ্যা	ক্রয়ের পরিমাণ (১৩.১০.৭৬ পর্যন্ত)
মুর্শিদাবাদ	৫	২৮৭৩১ কুইন্টাল
নদীয়া	৮	৪৬৪৬১ কুইন্টাল
২৪-পরগণা	৫	২৭৯১২ কুইন্টাল
মেদিনীপুর	১	১৯৫৩ কুইন্টাল
হুগলী	২	৮০২৬ কুইন্টাল
বর্ধমান	১	৫০৯৩ কুইন্টাল
দার্জিলিং	১	১৬১৫৫ কুইন্টাল
জলপাইগুড়ি	৫	৩৭২৫৬ কুইন্টাল
কুচবিহার	৭	৫৮৯৬৪ কুইন্টাল
মালদহ	২	১৩৬৭০ কুইন্টাল
পশ্চিম দিনাজপুর	৬	৪৭৭৬১ কুইন্টাল
	৪৩	২৯১৯৮২ কুইন্টাল

খ) না।

গ) হুগলী জেলার হরিপালে জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়ার একটি বিভাগীয় পাট ক্রয় কেন্দ্র আছে। জাঙ্গিপাড়া হরিপালের সরবরাহকারী বাজার (ফিডারমার্কেট) হরিপালের ক্রয় কেন্দ্রটিই জাঙ্গিপাড়ার প্রয়োজন মিটিয়ে দেয়।

দ্বাদশ শ্রেণী চালু করার জন্য অনুমোদিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের সংখ্যা

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩।) **শ্রীগণেশ হাটুই : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কতগুলি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজকে দ্বাদশ শ্রেণী চালু করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : ১২ই অক্টোবর ১৯৭৬ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ৭২৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৪৬টি কলেজকে সাধারণ শিক্ষা এবং ৯৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে বৃত্তিমূলক শিক্ষা চালু করার জন্য অনুমোদন দেওয়া হইয়াছে। জেলাওয়ারী হিসাবের তালিকা নিম্নে সংযোজিত হইল।

Statement referred to in reply to understand question No. 18 (Admitted question No 153.)

জেলার নাম	সাধারণ শিক্ষা অনুমোদনপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা	সাধারণ শিক্ষা অনুমোদনপ্রাপ্ত কলেজের সংখ্যা	বৃত্তিমূলক শিক্ষা অনুমোদনপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা
বীরভূম	২৬	৫	২
মালদা	১৭	৩	৩
পশ্চিম দিনাজপুর	১৯	৪	৩
জলপাইগুড়ি	২৫	৫	৫
পুরুলিয়া	২৮	১	২
দার্জিলিং	১১	৪	৫
কোচবিহার	১৬	৪	১
মুর্শিদাবাদ	৪০	৪	৪
নদীয়া	৪০	৪	৭
বাঁকুড়া	৩৩	১	৪
বর্ধমান	৬৯	৭	৯
কলিকাতা	৮৮	৪০	১৪
হাওড়া	৩৯	১২	৫
মেদিনীপুর	৮১	১৫	১১
হুগলী	৫০	১৩	৬
চব্বিশ-পরগনা	১৪১	২৪	১২
	৭২৩	১৪৬	৯৩

বাস্তুহীনদের গৃহ নির্মানের জন্য বাস্তুজমি বিলি

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪।) **শ্রী গনেশ হাটুই :** কৃষি ও সমষ্টি উন্নয়ন (গ্রামীন গৃহনির্মান) বিভাগের তনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচী ঘোষিত হওয়ার পর ১৯৭৬ সালের জুন মাস পর্যন্ত কতজন বাস্তুহীন ব্যক্তিকে কত পরিমাণ বাস্তুজমি বিলি করা হয়েছে ;

(খ) ১৯৭৬ সালের জুনমাস পর্যন্ত জেলাওয়ারী কতগুলি বাড়ী বাস্তু-হীনদের জন্য তৈরারী করা হয়েছে এবং প্রত্যেক বাড়ীর জন্য কতটাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) জেলাওয়ারী বাস্তুহীনদের বাড়ী তৈয়ারী করিবার জন্য যে টাকা মঞ্জুর করা হয়েছিল সেই টাকার জেলাওয়ারী কত টাকা খরচ হয়েছে ?

কৃষি ও সমষ্টি উন্নয়ন (গ্রামীন গৃহনির্মান) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৯৭৬ সালের জুন মাস পর্যন্ত ৩০২,৯৯০ জনকে ১৪,৫৪৯ একর বাস্তুজমি বিলি করা হইয়াছে।

(খ) ১৯৭৬ সালের জুনমাস পর্যন্ত বাস্তুহীনদের জন্য ১১,৪৪৮ টি গৃহ নির্মিত হইয়াছে। জেলাভিত্তিক বিবরণী নিম্নে সন্নিবেশিত হইল। প্রত্যেক বাড়ীর জন্য অনধিক ৫০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(গ) জেলাওয়ারী খরচের পরিমাণ জেলাশাসকদের নিকট হইতে প্রাপ্ত হইলে পরে জানানো হইবে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 19 (Admitted question No. 154.)

জেলার নাম	নির্মিত গৃহসংখ্যা
১। ২৪-পরগনা	২,২৫৬
২। নদীয়া	১,১৭০
৩। হাওড়া	২৫৫
৪। মুর্শিদাবাদ	১,৮৬৯
৫। মেদিনীপুর	১৯৯
৬। বর্ধমান	১৭৪
৭। হুগলী	৩২
৮। বীরভুম	৫৯৭

দ্বাদশ শ্রেণী চালু করার জন্য অনুমোদিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের সংখ্যা

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩।) **শ্রীগণেশ হাটুই : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কতগুলি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজকে দ্বাদশ শ্রেণী চালু করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : ১২ই অক্টোবর ১৯৭৬ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ৭২৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৪৬টি কলেজকে সাধারণ শিক্ষা এবং ৯৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে বৃত্তিমূলক শিক্ষা চালু করার জন্য অনুমোদন দেওয়া হইয়াছে। জেলাওয়ারী হিসাবের তালিকা নিম্নে সংযোজিত হইল।

Statement referred to in reply to understand question No. 18 (Admitted question No 153.)

জেলার নাম	সাধারণ শিক্ষা অনুমোদনপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা	সাধারণ শিক্ষা অনুমোদনপ্রাপ্ত কলেজের সংখ্যা	বৃত্তিমূলক শিক্ষা অনুমোদনপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা
বীরভূম	২৬	৫	২
মালদা	১৭	৩	৩
পশ্চিম দিনাজপুর	১৯	৪	৩
জলপাইগুড়ি	২৫	৫	৫
পুরুলিয়া	২৮	১	২
দার্জিলিং	১১	৪	৫
কোচবিহার	১৬	৪	১
মুর্শিদাবাদ	৪০	৪	৪
নদীয়া	৪০	৪	৭
বাঁকুড়া	৩৩	১	৪
বর্ধমান	৬৯	৭	৯
কলিকাতা	৮৮	৪০	১৪
হাওড়া	৩৯	১২	৫
মেদিনীপুর	৮১	১৫	১১
হুগলী	৫০	১৩	৬
চব্বিশ-পরগনা	১৪১	২৪	১২
	৭২৩	১৪৬	৯৩

(খ) কতগুলি বিদ্যালয়ে ও কতগুলি মহাবিদ্যালয়ে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পড়ানোর অধিকার দেওয়া হইয়াছে ;

(গ) ইহা কি সত্য যে, গ্রামাঞ্চলে মাধ্যমিক পরীক্ষা ফলাফল সন্তোষজনক না হওয়ার ফলে গ্রামাঞ্চলে বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর ভর্তির সংখ্যা অত্যধিক হ্রাস পাইয়াছে ; এবং

(ঘ) সত্য হলে, ঐ সকল গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলির ভবিষ্যত সম্বন্ধে সরকার কি চিন্তা করিতেছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পশ্চিমবঙ্গ এ পর্যন্ত ৮৬৯ টি শিক্ষা প্রতিষ্ঠানকে সাধারণ শাখা এবং ৯৩ টি শিক্ষাপ্রতিষ্ঠানকে বৃত্তিমূলক শাখায় শিক্ষা প্রদানের অনুমোদন দেওয়া হইয়াছে। এ ছাড়া আরও ১৯ টি শিক্ষা প্রতিষ্ঠানকে সাধারণ শাখায় শিক্ষা প্রদানের জন্য অনুমোদন দেওয়ার আদেশ জারী হইতেছে।

(খ) সাধারণ শাখা ও বৃত্তিমূলক শাখায় শিক্ষা অনুমোদনপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ ঃ—

সাধারণ শাখা			বৃত্তিমূলক শাখা	
সম্পূর্ণ নূতন প্রতিষ্ঠান	মাধ্যমিক বিদ্যালয়	মহাবিদ্যালয়	মাধ্যমিক বিদ্যালয়	মহাবিদ্যালয়
১২	৭১১	১৪৬	৮৭	৬

(গ) ও (ঘ) আগামী ১০ই নভেম্বর পর্যন্ত ভর্তি চলিবে। এ তারিখের পর সঠিক তথ্য পাওয়া যাইবে। এই তথ্যের ভিত্তিতে উপযুক্ত ব্যবস্থার জন্য চিন্তা করা হইবে।

POINT OF PRIVILAGE

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ. স্যার আমি নিজে এবং বিধানসভার বহু সদস্য এই সেসনের নোটিশ পাওয়ার সঙ্গে সঙ্গে বহু প্রশ্ন দিয়েছিলাম এবং আপনার অফিস নাকি ২৪২৫টি প্রশ্ন এ্যাডমিট করেছেন কিন্তু তার কোনটা আজ পর্যন্ত লিষ্টে আসতে পারেনি। অথচ এই প্রশ্নগুলি খুবই গুরুত্বপূর্ণ। শোনা যাচ্ছে যে অনেক প্রশ্ন দপ্তরেই যায়নি। আপনি এই প্রশ্নগুলির সুরাহা করুন। আমরা প্রশ্ন করবো অথচ জবাব পাবো না এর পরিবর্তন করুন। প্রোরোগেশন হওয়ার আগে মন্ত্রী মহাশয়রা যাতে ইমিডিয়েটলি এর ব্যবস্থা করেন

সেই ডাইরেকটিভ দিয়ে আমাদের প্রিভিলেজ আপনি রক্ষা করুন এই অনুরোধ করছি।

[2-40—2-50 p. m.]

মিঃ স্পীকার ঃ—কোশ্চেন অ্যান্সার, ওরাল এবং রিটেন, সেগুলি থাকে, সেগুলি গাইডেড আন্ডার দি রুলস। তার বেশী কিছু আমি বলতে পারি না। যে সমস্ত কোশ্চেনগুলি ওরাল কোশ্চেন ছিল, আসতে পারেনি, সেগুলি রিটেন অ্যান্সার হয় এবং যদি অ্যান্সার আসে প্রপার টাইমে পাবেন বিফোর দি হাউস ইজ প্রোরেগ্‌ড, সেগুলি লেইড অন দি টেবল হবে যদি আসে, কিন্তু হাউস প্রোরোগ্‌ড হয়ে গেলে আমার কিছু করার নাই।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ—আমাদের প্রিভিলেজের ওদের একটু বলুন।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ—রুলস অব প্রসিডিওর অনুযায়ী আমাদের টেন ডেজ ক্লীয়ার নোটিশ দিতে হবে। তার মানে আমরা আশা করব সংশ্লিষ্ট দপ্তর থেকে উত্তর আপনার দপ্তরে আসবে এবং ঠিক সময়ে বিধানসভার অভ্যন্তরে আসবে। এখন টেন ডেজ ক্লীয়ার নোটিশ দিলে পর যাতে উত্তর দপ্তর থেকে নিখুঁতভাবে সেই সময়ের মধ্যে দেয় সেটা দেখা দরকার। এখানে আমাদের প্রিভিলেজের প্রশ্নজড়িত, প্রশ্ন নেওয়ার পর দশ দিনের মধ্যে সেই প্রশ্নের উত্তর আসা উচিত। কিন্তু প্রতিবারেই বলা হচ্ছে, আপনি একটা করে কথা বলছেন, আমরা যে তিমিরে সেই তিমিরেই থেকে যাচ্ছি। সংশ্লিষ্ট দপ্তর থেকে যাতে সময়ে উত্তর আসে এবং মন্ত্রীমহাশয়ও এলার্ট থাকেন, প্রস্তুত থাকেন, সেইভাবে আমাদের যেন প্রটেকশন দেওয়া হয়।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ—কোশ্চেন হেল্ড ওভার হয়, আজকে লাস্ট ডে, আজকে কোশ্চেন হেল্ড ওভার হল?

মিঃ স্পীকার ঃ—কোশ্চেন হেল্ড ওভার হয়, অনেক কারণে। যে ডিপার্টমেন্টে কোশ্চেন করা হয়, অ্যান্সার দেবার জন্য অনেক সময় অনেক ফ্যাক্টস এবং ফিগার কালেকশন করতে হয়, বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে এবং বিভিন্ন এজেন্সী থেকে সেগুলি কালেকশন করতে টাইম লাগে। সব সময় মিনিমাম টাইমের মধ্যে সেগুলির অ্যান্সার রেডি হয় না। আজকে যে কোশ্চেন হেল্ড ওভার হল তার জন্য যে চিঠি অনারেবল্ মিনিস্টারের কাছ পেয়েছি তাতে তিনি জানিয়েছেন "As materials required for giving reply to the questions are not readily available

in this deptt. and the same are to be collected by making reference to different departments dealing with implementation of different schemes for the welfare of Scheduled Castes and Scheduled Tribes under the 20-Point Economic Programme it will not be therefore possible to furnish the reply to the questions on 19th October."

বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে কালেক্‌শন হয়ে এলে পর দিতে পারেন। এমন কতকগুলি প্রশ্ন আছে যেগুলির উত্তর মিনিমাম টাইমের মধ্যে করা যায় না, ফর অব্‌ভিয়াস রীজনস্‌ টাইম এক্সটেন্ড করতে হবে। রুল থার্টিসেভেনে মিনিমাম ডেটের কথা বলা হয়েছে, তার মধ্যে ফিগার ড্যাটা কালেকশন করা সম্ভবপর হয় না, সেজন্য টাইম এক্সটেনড্‌ করা হয়, রুল ফিফটিফাইভে দেখবেন ওরাল অ্যান্সার না দিতে পারলে সেগুলির রিটেন অ্যান্সার দেওয়া হয় এবং তা যদি উইদিন টাইম আসে, সেগুলি ছাপিয়ে পাঠিয়ে দেব। এবং হাউস সেইভাবে চালাতে হবে। আমিও ফিল করছি, যদি হাউস চলত আরও কেশ্চেনের অ্যান্সার আসত। মিনিমাম টাইম মিনিস্টারকে দিতেই হবে। যে টাইম আমাদের এখানে দেওয়া হয় তা লোক সভায় যে টাইম দেওয়া হয়, তার চেয়ে কম। হাউস স্বল্প সময় চলেছে, আরও বেশীদিন চললে সুযোগ পেলে অনারেবল্‌ মিনিস্টাররা ইমপরট্যান্ট কোশ্চেনের উত্তর হাউসে প্লেস করতে পারতেন, কিন্তু সেটা সম্ভব না হওয়াতে আনফর্চুনেটলি সেই গ্রিভান্স সদস্যদের থাকছে। একর্ডিং টু রুলস এর বেশী তাদের আমি কিছু বলতে পারছি না, তবে হাউস প্রোরোগ হওয়ার আগে যদি তাঁরা রিপ্লাই দেন, সেগুলি যাতে আপনারা পান সেটা দেখবো।

(মাননীয় সদস্যদের অনেকেই এখানে একসঙ্গে উঠে দাঁড়ান এবং বলতে থাকেন ঃ সেটাই আমরা চাই।)

মিঃ স্পীকার ঃ—আজকে প্রোরোগ হবে কিনা আমি জানি না। প্রোরোগ ২/৪ দিন পরেও হয়। হয়তো ২১শে তারিখে কিংবা ২৫শে তারিখে প্রোরোগ হতে পারে। আজকে এ্যাডজোরনড সাইনে ডাই হচ্ছে। প্রোরোগ পর্য্যন্ত যে সময় এই পর্য্যন্ত যত এ্যানসার পাবো সেগুলো আমরা দিতে পারি।

Calling Attention Matters to Urgent Public Importance.

Mr. Speaker : I have received one notice of Calling Attention from Dr. Ekramul Haque Biswas on the subject of relief of fishermen.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible.

ডাঃ ওয়নাল আবেদিন :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীদেদার বক্স, ডাঃ এক্রামুল হক বিশ্বাস যেভাবে নোটিশ আপনার কাছে উপস্থিত করেছেন যে তপশীল জাতি এবং তপশীলি উপজাতির লোক বেশিরভাগ মৎসজীবি। কিন্তু মাছ ধরার কাজ ভালভাবে চলছে না, তাই মৎস্যজীবিদের রিলিফ দেওয়ার করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর মধ্যে কিছু ইনএ্যাকুরেসী বোধ হয় আছে। ওনারা বোধ হয় বলতে চেয়েছেন মৎস্যজীবি অধিকাংশ মানুষই তপশীলি জাতি সম্প্রদায়ভুক্ত। কারণ এই কথা ঠিক নয়, তপশীলি জাতি এবং তপশীলি উপজাতি বেশিরভাগ মৎস্যজীবি। এর মধ্যে কিছু ইনএ্যাকুরিসী আছে। আমি ধরে নিচ্ছি ওঁরা হয়তো জানতে চেয়েছেন মৎস্যজীবি ভাইয়েরা অধিকাংশই তপশীলি সম্প্রদায়ভুক্ত এবং ওরা মাছ ধরার কাজ ভাল করে চালাতে পারছেন না এবং তাই এদের রিলিফের কি ব্যবস্থা করা হয়েছে বোধ হয় এই সম্বন্ধেই জানতে চেয়েছেন। আপনি জানেন এখন আমাদের পশ্চিমবঙ্গের এক মস্ত অংশ মৎস্যজীবি সম্প্রদায়-এর এদের চিরাচরিত ব্যবস্থা মাছ ধরা এবং রিয়ারিং এর অভিজ্ঞতা খুব বেশি নয়। আজকে যে কোন কারণেই হোক সাধারণ জলাশয় ন্যাচারাল ওয়াটার এরিয়ায় মাছ ধরা এদের পক্ষে সম্ভবপর হচ্ছে না। যে পরিমাণ আগে এরা ধরতে পারতো, সাধারণ ইমব্যালান্স ঘটেছে, সমুদ্র থেকে মাছ আসছে না, অনেক জায়গায় জলাশয় বন্ধ হয়ে গিয়েছে। কাজেই মাছ ধরার কাজ, সেই কাজটা ঠিক আগের মতো হচ্ছে না। একথা ঠিকই সেই জন্য মৎস্যজীবি ভাইয়েদের রিলিফের ব্যবস্থা করতে গেলে শুধু জি, আর বা খয়রাতির সাহায্যের চিন্তা করলে চলবে না। এদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। সেই জন্য আমাদের ষ্টেটের জন্য যে মাস্টার প্ল্যান কমিটি হয়েছিল তাদের রিপোর্টে দুটো অংশ ছিল। একটা এখানে মৎস্য উৎপাদনের ব্যবস্থা করা, আর একটা মৎস্যজীবি যারা আছেন তাদের পণর্বাসনের ব্যবস্থা করা, আপনি জানেন সরকারের উপর ন্যস্ত যে সমস্ত জলাশয় আছে, আমরা প্রথম প্রি-কনডিশান্ড বা ফার্স্ট পেরোগেটিভ রেখেছি যে যদি কোন কো-অপরেটিভ থাকে ফিশারম্যান কো-অপারেটিভ সোসাইটি থাকে তাহলে তারা বন্দোবস্তের অগ্রাধিকার পাবে। দু নম্বর কথা যদি মৎস্যজীবি সম্প্রদায় থাকে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। যদি তাও না থাকে মৎস্য উৎপাদনের উদ্দেশ্যে যদি কোন সমবায় সমিতি হয় তাহলে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। অন্যদিকে যারা মাছ ধরার কাজ

করেন আমরা দুটো স্কিমের মাধ্যমে এদের সাহায্য করে থাকি। আমরা মেটিরিয়াল্স কিনে দিই, সুতো কিনে দিয়ে সাহায্য করি এবং অন্যদের আমরা লোন হিসাবে কর্জ হিসাবে সরকার থেকে টাকা ধার দিই যে টাকা তারা মাছ ধরে কিস্তিতে কিস্তিতে শোধ দিতে পারে। কিন্তু মাছ ধরার কাজটা ভালভাবে হচ্ছে না। আপনারা তো দেখেছেন আমাদের ২০ দফা কর্মসূচীতে যে আউটষ্ট্যান্ডিং ডিউজের আদায়ের কথা আছে তাতে এর একটা বিরাট অংশ বকেয়া এই মৎস্যজীবি সম্প্রদায়ের কাছে রয়েছে। কারণ তারা মাছ ধরার কাজটা ভাল করে করতে পারছে না বলে, তবু আমরা আদায় সম্পূর্ণ বন্ধ না করে আমরা নূতনভাবে উদ্যোগ নিয়েছি তিন দিক থেকে। এক সমুদ্র উপকূলে যন্ত্র চালিত নৌকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে এ বিষয়ে ব্যানার হেডলাইন দিয়ে বের করেছে কাগজে যদিও কার্যকালটা আমাদের সময়ে নয়। যেভাবে নাটকীয়ভাবে সংবাদটা পরিবেশিত হয়েছে যেন মনে হয় আমাদের একটা মহা অপরাধ হয়ে গিয়েছে। কিন্তু তবুও মৎস্য দপ্তরের মন্ত্রী হিসাবে দায়িত্ব আমার পক্ষে অস্বীকার করা যায় না।

Report on the schemes for uplift of the fishermen community belonging to Scheduled Castes in the State of West Bengal.

For uplift of fishermen community and amelioration of living condition of fishermen, a majority of whom belong to the Scheduled Castes, the Government have taken up a number of schemes, some of which envisage rendering short term, but immediate, relief while others aim at development of infrastructures for fishery industry which, in turn, will bring about permanent relief to the fishermen A brief resume of such schemes and activities is given below :

1. Distribution of Yarn as Welfare Grant :

Under this scheme yarn is given free of cost to the distressed fishermen so as to enable them to prepare their own nets. About 6000 fishermen will be given yarn/nylon twine during this year. Expenditure on this account is estimated to be Rs. 3.00 lakhs 5507 fishermen were granted yarn worth Rs. 1.51 lakhs during 1975-76.

2. Loans to needy fishermen :

Under this scheme, loans are advanced to the needy fishermen on liberal terms, for the purpose of repairing their nets and boats. This year a sum of Rs. 3.00 lakhs has been sanctioned for the purpose with a view to render financial assistance to about 1500 fishermen. A sum of Rs. 1.91. lakhs was distributed to 585 fishermen as loan during 1975-76.

3. Loans to Fishermen's Co-operative Societies for pisciculture :

Co-operative societies of poor fishermen are organised under this scheme and State owned/vested water areas are settled with the societies for the purpose of pisciculture. Loans are also advanced to such societies for pisciculture. A sum of Rs. 4.00 lakhs has been alloted for this purpose during this year. So far, 10 Fishermen's Co-operative Societies have been organised during 1976-77. Last year Rs. 1.86 lakhs were granted as loan to 12 Co-operative Societies.

4. Distribution of fry and fingerlings at subsidised rates :

Under this scheme, quality fry and fingerlings of major carps are distributed amongst the fishermen at subsidised rates (50% subsidy on production cost). During this year, target of distribution of such fry and fingerlings stand at 5.00 millions. During last year 3.70 million fingerlings were distributed under the scheme to the fishermen community.

5. Training of Educated Unemployed Youth including those of Fishermen Community.

Educated Unemployed Youths of fishermen community, among others, are given training on the techniques of nursery management and composite fish culture. Such training is not only given free of cost but also a stipend @ Rs. 100.00 per month is given to the trainees. The period of training extends over 3 months. It is contemplated that 30 youths of fishermen community will be trained this year.

6 Institutional finance to Fishermen's Co-operative Societies :

The object of the scheme is to render assistance to the Fishermen's Co-operative Societies in formulating suitable schemes and to make finance available from different financing agencies like N. C. D. C., Nationalised Banks, Co-operative Banks etc. It has been targeted to make funds amounting to Rs. 80.00 lakhs available for the purpose during 1976-77. Already three schemes have been formulated for submission to N. C. D. C. During 1975-76 a sum of Rs. 14.58 lakhs (N. C. D. C. Rs. 10.42 lakhs, Nationalised Banks Rs. 4.16 lakhs) was advanced to 5 Fishermen's Co-operative Societies.

7. Share contribution, loan and subsidy to Fishermen's Co-operative Societies.

It has been targeted that during 1976-77 a sum of Rs. 5.30 lakhs will be made available from Co-operation Department to various Fishermen's Co-operative Societies as share contribution, loan and subsidy. During 1975-76 Rs. 5.11 lakhs was spent for 27 societies consisting of 1850 members.

8. Settlement of vested waters with Co-operative Societies :

A programme for settlement of vested water areas with the fishermen and their co-operative has been taken up. So far about 20,000 acres of water area comprising vested tanks, beels, baors etc. have been leased out to 100 Fishermen Co-operative Societies, at the instance of the Directorate of Fisheries, West Bengal. Apart from that, private water areas which are lying fallow are being acquired by adopting Requisition and Acquisition proceedings, on payment of compensation at Government cost and then these are leased out to Fishermen's Co-operative Socities on rental basis. During the year 1975-76 Gazna Beel in Nadia District and Sorah Fisheries in 24-Parganas District were acquired and leased out to Nadia Central F. C. S. and Bongaon C. F. C. Ltd. respectively.

Besides, some of the sewage fed fisheries in South Salt Lake area, which have been acquired by State Fisheries Development

Corporation are going to be leased out to Fishermen's Co-operative Societies on rental basis.

9. Distribution of Mechanised boats on loan and subsidy basis :

Under this scheme mechanised fishing boats are distributed to Fishermen's Co-operative Societies on very lucrative terms. 25% of the cost of boat is advanced by the Govt. as share capital another 20% as subsidy while the remaining 55% is advanced as loan repayable in 8 equal annual instalments—the first instalment becoming due on the third anniversary day of advancing loan. 40 mechanised boats worth Rs. 21.00 lakhs have already been constructed and selection of the societice to whom the boats will be distributed has also been completed. But actual distribution of boats is pending for finalisation of agreement bonds.

Apart from this, 80 mechanised boats costing Rs. 67.5 lakhs will be constructed this year, with N. C. D. C. assistance.

10. Development of infractractural facilities in Coastal fishing villages.

Under this project two clusters villages (one each in the districts of 24-Parganas & Midnapore) are proposed to be developed at a cost of Rs. 28.00 lakhs each. This will cover 5 villages in the district of 24-Parganas and 14 villages in the district of Midnapore, inhabited by 777 nos. and 1120 nos. respectively of active fishermen. 75% of the total cost will be available from the Govt. of India in the form of Central assistance while the remaining 25% will be borne out of State Budget.

The project includes drinking water supply, construction of of approach roads, processing facilities and various assistance for production of fish.

[2-50—3-00 p. m.]

আমার এই দপ্তরের ফাংসানিং ইম্প্রুভ করার জন্য চেষ্টা করছি। আমরা যন্ত্রচালিত কিছু নৌকা এখানে তৈরি করাচ্ছি এবং এই ফিশারম্যানদের নিয়ে কো-অপারেটিভ সোসাইটি করে তাদের ট্রেনিং দিয়ে সমুদ্র উপকূলে মাছ ধরাবার

চেষ্টা করছি। সেই মাছ এরা যাতে বাজারে আমদানী করতে পারে তারজন্য প্রয়োজন হলে রেফ্রিজারেটার ভ্যান সার্ভিস দিয়ে সেই মাছ বাজারে আমদানী করা হবে। দ্বিতীয়তঃ, সরকারে ন্যস্ত যে সমস্ত জলাশয় আছে সেগুলিকে রিকলেম করছি। সাত্তার সাহেবের বহু স্কীমে আজকে এ, এফ, পি, সি, এস, ই, পি, আর, পি, পি, স্কীমে কিছু জলাশয় রিকলেম হচ্ছে। আমরা চেষ্টা করছি যেখানে ফিশারম্যানরা আছে সেখানে প্রথম তাদের সংঘবদ্ধ করে সমবায়ের মাধ্যমে এনে তাদের ইম্পুটস দিয়ে মাছ চাষ করবার ব্যবস্থা তাদের দিয়ে করানোর সংঙ্গে সংঙ্গে মাছ চাষ করারও ব্যবস্থা করতে। এ সম্বন্ধে সবে পরীক্ষা শুরু করা হয়েছে। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যখন আমাদের এখানে অরাজকতা চলছিল তখন কিছু বেআইনী ভেড়ী তৈরী হয়ে গিয়েছিল। আমরা পরীক্ষা নিরীক্ষা করে দেখছি ল্যান্ড এ্যান্ড রিফরমস ইউটিলাইজেসন ডিপার্টমেন্টের সঙ্গে যে এই বেআইনী ভেড়ীগুলি সরকার নিতে পারেন কি না। আমরা এই ভেড়ীগুলিকে লাইসেন্স দিয়ে মৎস্যজীবিদের দিয়ে মৎস্যউৎপাদন করতে পারি কিনা। আমরা চেষ্টা করছি বে-আইনী ভেড়িগুলি নিতে এবং এ সম্বন্ধে আলোচনা চালাচ্ছি ল্যান্ড রিফরমস এ্যান্ড ল্যান্ড ইউটিলাই-জেসান ডিপার্টমেন্টের সঙ্গে এবং আমরা মনে করছি এ দিক দিয়ে কিছু পজিটিভ অগ্রগতি করা সম্ভবপর হবে। আমরা যেখানে মৎস্যজীবিদের এ্যাকিউড ডিসট্রেসের কথাশুনি সেখানে আমরা ত্রাণ দপ্তরের কাছে সুপারিশ করি তারা এ ব্যাপারে খুব ভাল কাজ করছে, চিরকালই করে, বন্যা বা খরা যাই হোক না কেন সেখানে আমরা দেখেছি এই ত্রাণ দপ্তর চিরকালই অসহায় মানুষদের পাশে দাঁড়ায়, আমরা তাদের কাছে সুপারিশ পাঠাই এই বলে যে আপনারা এদের টেম্পুরারী মেজর হিসাবে খয়রাতি সাহায্য দিতে পারেন কিনা সেটা দেখুন। আমরা জানি, খয়রাতি সাহায্য দিয়ে একটা সম্প্রদায়কে বাঁচিয়ে রাখা যায় না, তাদের বাঁচাতে গেলে তাদের বৃত্তিতে তাদের প্রতিষ্ঠা করতে হবে এবং তার জন্য যে উদ্যোগ সেই উদ্যোগ সরকার পারসিউ করে চলেছেন একথা আমি মাননীয় সদস্যদের বলতে পারি।

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

MENTION CASES

1. Acute draught in Barwan P. S. in Murshidabad District from Shri Sunil Mohan Ghosh Maulik.
2. Relief for the fishermen –from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
3. Employment for the unemployed –from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
4. Ditection of fifty thousand rupees worth of milk power–from Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
5. Erratic power supply causing damage to crops from Md. Dedar Baksh Dr. Ekramul Haque Biswas.
6. Spread of gambling and drinking habits–from Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
7. Erratic inspection of schools–from Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
8. Alleged defalcation of two lacs of rupees from National Library, Calcutta–from Shri Sambhu Narayan Goswami.
9. Delay in publication of Madhyamik Examination (External) results from Shri Sambhu Narayan Goswami,
10. Depredation of wild elephants at Banibandh in Bakura from Shri Sambhu Narayan Goswami.
11. Krratic supply of sugar in Bankura – from Shri Phani Bhusan Singhabab.

MENTION CASE

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে, পশ্চিমবঙ্গ সরকারকে এবং তাঁদের মারফত ভারত সরকারকে একটা অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোহিনী মিল ১৯০৮ সালে কুষ্ঠিয়াতে হয়েছিল স্বদেশী আন্দোলনের সময় স্বদেশী আন্দোলনের সুযোগে প্রচুর মুনাফা হয়। ১॥ লক্ষ টাকা দিয়ে মিলটি প্রতিষ্ঠিত হয়েছিল তারপর মুনাফা নিয়ে ১৯৩৮।৩৯ সালে আবার বেলঘরিয়াতে দু নং মিলটিও হল এবং পুঁজিও

বাড়লো। কিন্তু স্যার, অত্যন্ত অযোগ্য এবং দুর্নীতি পূর্ণ হল এবং পরিচালনার জন্য এবং পরিচালকদের মধ্যে ঝগড়াঝাটির জন্য সেই মিলটি আবার ক্লোজার করার জন্য গভর্ণমেণ্টের কাছে নোটিশ দেওয়া হয়েছে। এর আগে ১৯৬৯ সালে মিলটি একবার ক্লোজার করা হয়েছিল। তারপর ১৯৭২ সালে যখন সমস্ত সিকমিলগুলি নেওয়া হচ্ছিল—১৫/১৬টি সিক মিলের ভেতর প্রায় ১৪টি নেওয়া হয়েছিল, নিয়ে ন্যাশন্যাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে দেওয়া হয়েছিল তখন কিন্তু এই মিলটি ম্যানেজ করে যাতে না নেওয়া হয় এবং তার জন্য একটা চুক্তি করেন তাদের ইউনিয়নের সঙ্গে এবং সেই চুক্তি অনুসারে ১৬ টাকা বেতন কাটা, ৭ দিন কাজ ডবল কাজের চাপ, দুটোর জায়গায় ৪টে তাঁত এইসব করিয়ে নেন। তাছাড়া তারা আই, আর, সি আই-এর কাছ থেকে দেনা করেছেন, সেখানে গভর্ণমেণ্ট গ্যারানটার, ব্যাংক থেকে লোন করেছেন এবং আমি যতদূর জানি, সঠিক বলতে পারবো না, মন্ত্রী মহাশয়ের কাছে নিশ্চয় তথ্য আছে যে প্রায় ৯২ লক্ষ টাকার মতন তারা ঋণ নিয়েছেন। তারপর শ্রমিকদের কাছে বাকি ফেলে রেখেছেন বেতন হিসাবে ১৪ লক্ষ টাকা, প্রভিডেণ্ট ফাণ্ডের ২০ লক্ষ টাকা, সি, ডি, এস-এর ৯ লক্ষ টাকা, ই, এস, আই-এর ১৬ লক্ষ টাকা এবং ব্যাংক ও আই, আর, সি, আই এর কাছ থেকে ধার নিয়েছেন ১২ লক্ষ টাকা নিয়ে এ বছর যে ব্যালেনশিট দিয়েছেন ১৯৭৫/৭৬ সালে তাতে আন্দাজে বলছেন তাদের ৭৫ লক্ষ টাকা লোকসান। সেইজন্য তারা আবার কারখানা বন্ধ করবার জন্য গভর্ণমেণ্টের কাছে দরবার করছেন। এটা আনন্দের কথা যে, গভর্ণমেণ্ট এখনও তাদের সেই দরবার গ্রহণ করেন নি। তা ছাড়া যতদূর জানি-মন্ত্রী মহাশয় বলবেন, পশ্চিমবঙ্গ সরকার তাদের এই দরবারটা সমর্থন করেন না। কিন্তু স্যার, এই সময় তারা একটা চক্রান্ত করেছেন সেটা হচ্ছে, আই, আর, সি, আই-এর কাছ থেকে ঋণ নেবার জন্য ইউনিয়ানের সঙ্গে তারা একটা চুক্তি করবার চেষ্টা করছেন। সেখানে কথা হচ্ছে, মিল বন্ধ করে দেওয়া হবে এবং তারপর আস্তে আস্তে ডিপার্টমেণ্ট ওয়াইজ চালু করা হবে। যখন যেমন লোক দরকার তেমন তেমন নেওয়া হবে। তাছাড়া ৩২৮ জনকে ছাঁটাই করতে হবে, সতকরা ২৫ ভাগ বেতন কম নিতে হবে, পরিচালনার জন্য নতুন বোর্ড গঠন হবে। সেখানে আই, আর, সি, আই-এর মেজরিটি থাকবে, ৪ কিম্বা ৫, মালিকদের জনা তিনেক থাকবে, ইউনিয়ানের একজন থাকবে। নতুন বোর্ড শ্রমিক কর্মচারীদের বকেয়া পাওনা সম্বন্ধে কোন দায়িত্ব নেবে না। তাছাড়া বিনা ক্ষতি পূরণে লে-অফ করবার অধিকার দিতে হবে ওয়ার্কলোড বাড়াতে হবে এই সব সর্ত পূরণ করা হলে তারা আবার ধার পাবেন গভর্ণমেণ্ট গ্যারান্টার দাঁড়ালে, সেই ধার নিয়ে তারা চালাবেন।

স্যার, এরা বলে বেড়ান আমরা বাঙ্গালী প্রতিষ্ঠান, আমাদের জাতীয়করণ করা কেন? অবশ্য জাতীয়করণ করলেও আমাদের এই বাংলা গভর্ণমেণ্টের কনট্রোল মোটামুটি থাকবে কিন্তু তা সত্বেও আমি স্যার, দৃষ্টি আকর্ষণ করবার জন্য বলছি এরা গুজরাটি ফাইনানসার বংশীলাল সাকসেনা এবং মোহনলাল শা, এদের নিয়েছেন। মোহনলাল শাকে একজিকিউটিভ ডাইরেক্টার করা হয়েছে শিব প্রসাদ চক্রবর্তীর সঙ্গে এবং সেল ও পারচেসের ব্যাপারটা যাদের হাতে রেখেছেন তারাও লক্ষ লক্ষ টাকা লুঠ করে নিচ্ছেন। এরা স্যার, একদিকে বলছেন তুলো কিনতে পারছি না মিল চলছে না ৫০ হাজার মিটার প্রডিউস করবার কথা সেখানে ৫ হাজার মিটারে নিয়ে এসেছেন, এখন তো নমিন্যাল, কিছুই নয়, সেই অবস্থাতে যখন তুলো কেনবার টাকা নেই বলছেনতখন লক্ষ লক্ষ টাকার স্পেয়ার পার্টস কিনছেন। স্যার, এরা যে দামে তুলো কেনে তার চেয়ে বেশি দেখান আবার যখন কাপড় বেচেন তখন সেই কাপড় যে দরে বেচেন তার চেয়ে কম দর সেখানে দেখান। এইভাবে স্যার, তারা মিলটাকে চুষে শেষ করে দিচ্ছে। আবার যদি এরা চুক্তি করে থেকে যেতে পারেন—আই, আর, সি, আই-এর ৪ জনই থাক আর ৫ জনই থাক—এখনও তো দুজন আছেন, তারা কি লুঠ আটকেছেন, অযোগ্যতার কোন প্রতিকার করেছেন? করেন নি, সেখানে যদি তাদের একটা নিউ লিজ অব লাইফ দেওয়া হয় তাহলে তারা একেবারে মিলটাকে শেষ করে দেবে। শেষ পর্যন্ত গভর্ণমেণ্ট যখন নেবে তখন দেখা যাবে আরো দেনা এবং মিলটির আরো সর্বনাশ হয়ে গিয়েছে। আমি মনে করি মন্ত্রী মহাশয় এই মিলটি গভর্ণমেণ্টের হাতে নেবার জন্য বা ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে দেবার জন্য এটা অনুমোদন করবেন। তিনি যেন এটাকে ষ্টিক করে থাকেন। আবার মেয়াদ বাড়িয়ে আবার লক্ষ লক্ষ টাকা লুঠ করার যে চক্রান্ত হচ্ছে সেই সেই চক্রান্তের ফাঁদে তিনি যেন পা না দেন। আর ভারতসরকার যাতে আমাদের এই পশ্চিমবঙ্গ সরকারের কথা শোনেন সেইজন্য আমাদের এই আইনসভা মারফত একটা অনুরোধ রাখলাম।

[3-00—3-10 p. m.]

সেই সঙ্গে আমি কাল আপনার কাছে অনুরোধ করেছিলাম এবং অনুমতি নিয়ে ছিলাম দু একটা কথা বলবার জন্য, সেই প্রসঙ্গে বলছি, সেটা হচ্ছে, আমাদের ভারতবর্ষের ধনকুবেরদের মধ্যে যিনি অন্যতম, সেই বিড়লা, তার যে হিন্দমোটর কোম্পানী, সেই কোম্পানী গভর্ণমেণ্টের কাছ থেকে কিছু কিছু কনসেশন আদায় করেছে, বিভিন্ন সময়ে পাঁচ হাজার শ্রমিক কর্মচারীকে ছাঁটাই করেছেন অথবা অসময়ে

রিটায়ার করিয়ে দিয়েছে, লে অফ করিয়েছে মাসে ১৫ দিন এখন অবশ্য মন্ত্রী মহাশয়ের কাছে শুনলাম আটদিন লে অফ করছে এই কোম্পানী প্রডাকশন কিন্তু বেড়ে হয়েছে ১৭ শত। কিছু কিছু বড় বড় অফিসার এবং নিজের লোকদের মাইনে বাড়িয়ে দিয়ে করেছেন ২০০ টাকা থেকে ১৪০০ টাকা পর্য্যন্ত, কিন্তু, সাধারণ শ্রমিক কর্মচারীদের কিছুই দেওয়া হচ্ছে না। হিসাবে কারচুপি করে গভর্ণমেণ্টকে ঠকাচ্ছে। যাদের মূল বেতন যোগ করবার কথা ডিয়ারনেস এ্যালাউন্সের সঙ্গে, সেটা তারা করেনি। ট্রেড ইউনিয়ন রাইট সেখানে ইনভায়োলেবল হচ্ছে। মন্ত্রী মহাশয় যদি এই বিষয়ে হস্তক্ষেপ করেন, শ্রমিক কর্মচারীদের যদি এই পয়েণ্টগুলো দেখেন এবং লে অফ যদি বন্ধ করেন তাহলে ভাল হয়। কারণ বিড়লা কোম্পানী প্রচুর লাভ করেন কিন্তু লোকসান দেখাচ্ছেন। কিন্তু মোহিনী মিল সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পরিস্কার স্টেটমেণ্ট চাই।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি কারখানার পরিস্থিতি সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তাঁর কাছ থেকে এই বিষয়ে সান্ত্বনা, এ্যাসিয়োরেন্স পাওয়ার জন্য, ফাঁকা সান্ত্বনা নয়, প্রকৃত সান্ত্বনা। কোম্পানীটার নাম হচ্ছে ন্যাশন্যাল রাবার ম্যানুফ্যাকচারার্স, আপনারা জানেন এই কোম্পানীতে প্রায় চার হাজার শ্রমিক কাজ করেন এবং এই কোম্পানীর টোটাল এ্যাসেট হচ্ছে প্রায় ৫॥ কোটি টাকা। এর মধ্যে ৩ কোটি ৯ লক্ষ টাকা তারা পেয়েছে সরকারের বিভিন্ন ফাইন্যানশিয়্যাল ইন্সটিটিউশন থেকে। এই রকম যে কোম্পানী, সেই ন্যাশন্যাল রাবার কিছুদিন আগে পর্য্যন্ত প্রডাকশন হত ৬/৭ লক্ষ টাকার মানি ভ্যালুতে কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে ৫০ হাজারের মত প্রডাকশন হচ্ছে। সেখানকার ইউনিয়নে, এ. আই. টি. ইউ, সি, আছে, আই. এন, টি. ইউ. সি আছে, লেবার সেল আছে। সকল ইউনিয়ন মিলে এক যোগে এই কোম্পানীর এই পরিস্থিতি থেকে রেহাই পাবার জন্য মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশন করেন এবং রাবারের মত গুরুত্বপূর্ণ জিনিস, তার উৎপাদনের ব্যাপারে যেখানে সরকারের এত ফাইন্যানশিয়াল ইনস্টিটিউশন থেকে খরচ হচ্ছে, সেখানে প্রডাকশন এবং দিনের পর দিন তারা একটা নূতন জিনিস আবিস্কার করেছিলেন, তার নাম হচ্ছে সেন্ট অফ, অর্থাৎ শ্রমিকরা কারখানায় আসছে আর মাইনে নিয়ে চলে যাচ্ছে, এই রকম একটা অবস্থা থেকে উদ্ধার পাওয়ার জন্য সব কটা ইউনিয়ন এই ন্যাশন্যাল রাবারকে অধিগ্রহণ করার জন্য সরকার এর কাছে আবেদন করেছিলেন।

আমার যত দূর মনে পড়ছে মাননীয় শ্রম মন্ত্রী মহাশয় ১৯৭৬ সালের মে মাসে ঘোষণা করেছিলেন দৈনিক পত্রিকায় বেরিয়েছিল, আকাশবাণীও বলেছিল যে, দুটো কারখানা ন্যাসানাল রবার এবং ইনচেক, দুটোই অধিগ্রহণ করার কথা ভাববেন। কিন্তু এখন পর্যন্ত ন্যাশানাল রবার কোম্পানী অধিগ্রহণের বিষয়ে নতুন কিছুই শোনা যায়নি। এই দিকে মন্ত্রী মহাশয় শ্রমিক ইউনিয়ন এবং মালিক পক্ষকে গত জুলাই মাসে ৬ মাসে ফর্মুলায় উৎপাদন চালু করতে বলেছিলেন। সেই অনুযায়ী শ্রমিকরা উৎপাদন যথা সম্ভব চালু করার চেষ্টা করেন, কিন্তু মালিকরা মন্ত্রী মহাশয়ের দেওয়া একটিও ফর্মুলা মানেনি। ৩১ আগষ্টের মধ্যে সমস্ত লোককে কাজ দেওয়া এবং বেতন সহ সমস্ত পাওনা মিটিয়ে দেওয়ার কথা ছিল, কিন্তু তারা কিছুই মানেনি। এরপরও কয়েকটি ফাইনানসিয়াল ইনস্টিটিউশন থেকে তাদের ৩৫ লক্ষ টাকা দেওয়া হয় এবং সেই টাকা তারা ১৫ দিনের মধ্যে খরচ করে ফেলে। সম্প্রতি ১৮ই অক্টোবর, অর্থাৎ গতকাল তারা সব ইউনিয়নকে নোটিশ দিয়েছে। এ, আই, টি, ইউ, সি-কে দেওয়া নোটিশের কপি আমরা পেয়েছি। ইউনিয়নকে নোটিশ দিয়েছে মালিক পক্ষ যে, আজকে লেবার সেক্রেটারীর ঘরে একটা আলোচনায় বসতে হবে। সেই আলোচনার বিষয় বস্তু কি? তাদের নোটিশের বিষয় বস্তু হচ্ছে surplus employees at the wories estimated at 832 persons should be laid off from 15.10.76 for an indefinite period অর্থাৎ সেট অফ্ বলা উঠে গেল, এবারে ৮৩২ জনকে লে-অফ্ করতে হবে এবং ইনডেফিনাইট পিরিয়ডের জন্য। তারপর বিশ্বনাথবাবু একটু আগে যে রকম বললেন সেই রকম তারাও আর, ই, সি-র কাছে যাবার চেষ্টা করছে, তাদের কাছ থেকে ফের কিছু টাকা পাবার চেষ্টা করছে। রেসনালাইস করবেন বলে ৮৩২ জনকে সারপ্লাস বলে ঘোষণা করছে। স্যার, এই কারখানার যে অবস্থা তাতে ৩৫ লক্ষ টাকা ১৫ দিনের মধ্যে খরচ করে এবং প্রডাকশন বন্ধ করার দিকে তারা ব্যস্ত হয়ে পড়েছে। এই অবস্থায় সরকারের বিভিন্ন সংস্থারই মেজর টাকা সেখানে রয়েছে এবং ৪০০০ শ্রমিক রবারের মত গুরুত্বপূর্ণ জায়গায় কাজ করেন। এই সব কথা বিবেচনা করে মন্ত্রী মহাশয় যে কথা বলেছিলেন অধিগ্রহণ এর ব্যাপারে সেটা যাতে দ্রুত বিবেচনা করা হয়, লে-অফ-এর হাত থেকে শ্রমিকদের যাতে বাঁচান যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। আশা করছি উনি এ বিষয়ে কিছু একটা ব্যবস্থা গ্রহণ করবেন এবং এখন দুটো বিষয়ে এক সঙ্গে উত্তর দেবেন।

শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ—স্যার, স্যাকিং হুইলস এ যে মধ্যস্থতা হয়েছিল সেটা মালিকরা মানেনি এবং ৩২ জনকে ছাঁটাই এর নোটিশ দিয়েছে। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দেবার সময় এ সম্বন্ধেও কিছু বলবেন।

ডাঃ গোপালদাস নাগ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশ্বিনীবাবু যেটা বললেন ওটা আমি জানি না, আমি ওটা খোঁজ নিয়ে দেখব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু মোহিনী মিল সম্বন্ধে যে তথ্য দিয়েছেন, সেই তথ্যটি তিনি সঠিকই দিয়েছেন। মোহিনী মিল পশ্চিমবঙ্গ সরকারের কাছে আইনত মিল বন্ধ করবার জন্য চিঠি লেখে। সেই চিঠিতে তারা ১১ই অক্টোবর থেকে মিলটি বন্ধ করে দিতে চায়। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার মিলটি বন্ধ করবার সম্মতি না দেওয়ায় মিলটি এখনো চালু আছে। বর্তমানে সংশোধিত ইনডাসট্রিয়াল ডিসপুটস য়্যাক্ট অনুযায়ী সরকারের বিনা অনুমতিতে কোন ক্লোজার নোটিশ এফেক্টিভ হয় না।

[3-10—3-20 p. m.]

এ বিষয়ে I.R.C.I, যে দায়িত্ব ছিল এই মিলটা চালু রাখার সেই অনুযায়ী তাঁরা পূজার আগে এই মিলটা economic vaibility সম্বন্ধে বিশেষজ্ঞদের নিয়ে পরামর্শ করেছিলেন। তাঁদের মধ্যে ছিলেন National Textile Corporation, West Bengal subsiding-র Technical Adviser Dr. U Bhattacharjee, Chief Technical Advise হিসেবে Techno-economic study করে একটা report দেন। সেই report অনুযায়ী I.R C I. U Co Bank এবং Central Bank-এর প্রতিনিধি সঙ্গে বসে আলোচনা করেন এই মিলটা কিভাবে চালু রাখা যায়। এই মিলের Cash credit accounting-এর irregularity প্রায় বর্তমানে ৪৭ লক্ষ টাকা গিয়ে দাঁড়াচ্ছে। এই টাকা কিভাবে রেখে এই মিলটা চালু রাখা যায় সে নিয়ে মতৈক্য হয়নি। এর ফলে আজ পর্যন্ত U Co Bank কিছু response দেখালেও Central Bank-এর থেকে IRCI কিছু সহযোগিতা পাননি। এই বলে IRCI চিঠি দিয়েছেন। কিন্তু IRCI ব্যাঙ্কের সহযোগিতা না পাওয়া সত্ত্বেও তাঁরা সাধ্যমত চেষ্টা করছেন যাতে মিলটাকে চালু রাখা যায়। এই মিলে বর্তমান অবস্থায় ৩২ হাজার ১৮৪টি spinlles, ৪৩৬টি তাঁত আছে এবং এখানে কাজ করে ২৬০০ লোক। এটা একটা composite mill এবং মোটামুটি খারাপ মিল নয়। কিন্তু

নানা কারণে বিশেষ করে ১৯৭৪ সালের Oct মাস থেকে যে depression Cotton Textile-এ দেখা যায় এবং পরবর্তীকালে তুলোর দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় মিলের অবস্থা খারাপ হয়। (শ্রীবিশ্বনাথ মুখার্জী :—পরিচালন ব্যবস্থাও এর জন্য দায়ী) পরিচালকদেরও কিছু ত্রুটিও এর একটা কারণ। সেজন্য তাদের আমি সমর্থন করছি না। আমরা সকলেই জানি পরিচালন ব্যবস্থায় ত্রুটি না থাকলে কেবলমাত্র সাধারণ অর্থনৈতিক কারণে একটা শিল্পের দুর্বল হওয়া উচিৎ নয়। সুতরাং তাদের ত্রুটি ও দুর্বলতা দুই আছে। অতএব IRCI-এর অভিমত বর্তমান পরিস্থিতিতে এই মিলকে viably run করান সম্ভব হয় এমন যদি কোন পরিকল্পনা থাকে তাহলে পরিচালন ব্যবস্থা সুদৃঢ় করার দিক থেকে Industrial Dev.+ Regulation Act-এর দিক থেকে Take over করা উচিৎ। এই মত IRCI-এর Chairman আমাকে চিঠি দিয়ে জানিয়েছেন যে এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করুন। ১৫ই Oct তারিখের লেখা এই চিঠি ১৬ই Oct পেয়েছি এবং এ সম্বন্ধে তারপর ব্যবস্থা অবলম্বন করতে বলেছি। তারপর তিনি ছাঁটাইয়ের কথা বলেছেন ২৫% wape cut-এর কথা বলেছেন। এটা Bank-এর একটা condition ৩২৮ জন শ্রমিকের কথা বললেন তাতে যতদূর IRCI-এর chairman-এর কাছ থেকে শুনেছি সেটা retrendment নয়, সেটা superannuation হয়েছে। Normal course-এর superannuation due হয়ে গেছে কিছু লোকের। কিন্তু management করতে পারেননি। কারণ financial liability gratuity ইত্যাদি দিয়ে পূরণ করতে হয় সেটা তাঁদের ছিল না। IRCI যে মত প্রকাশ করেছেন তাতে তাঁরা বলেছেন এটা netreclument-এর প্রশ্ন নয়। এটা superannuation যেটা আমরা করব এবং তারজন্য যে scheme ওঁরা দিয়েছেন তাতে দেখলাম ১৫ লক্ষ টাকা provision করেছেন—terminal benifit would be extended and 328 surplus workers would be super anunated or retired. সুতরাং এটা বোঝা যাচ্ছে It is not a care of netreclument. মোহিনী মিল সম্বন্ধে সরকারের যে দায়িত্ব আছে সেটা আমরা পালন করব। তবে এক্ষেত্রে NTC-র হাতে দেওয়া যাবে না। কারণ Industrial Dev.+Regulation Act, অনুযায়ী যদি সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে কাউকে authorised controller নিযুক্ত করতে হয়। ঐ notification-এ আমরা চেষ্টা করব IRCI একটা politic institute of the Govt. এবং Bank বলেছেন একেই authorised controller করতে হবে। কারণ এরা প্রচুর টাকা এই মিলে লগ্নী করেছে।

সুতরাং আমাদের যে ইউজুয়্যাল প্রোসিডিওর সেই অনুযায়ী এটা ন্যাশ-

নালাইজড হচ্ছে না, এর ম্যানেজমেণ্ট হয়ত ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট রেগুলেশান এ্যাক্ট অনুযায়ী টেক ওভার করা হবে এবং আই আর সি আই উইল বি এ্যাপয়েণ্টেড এ্যাজ দি অথরাইজড কণ্ট্রোলার, যেমন বেঙ্গল পটারিজ, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং এবং স্যাক্সবি ফারমারের ক্ষেত্রে করা হয়েছে তেমনি একটা ইনস্টিটিউসানকে অথরাইজড কণ্ট্রোলার করা হবে। মোহিনী মিল সম্বন্ধে এই খবর আমার বলার আছে। হিন্দ মোটর সম্পর্কে বিশ্বনাথবাবু তুলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৫ সালের এক সময় এই কারখানার উৎপাদিত গাড়ীর বিক্রির পরিমাণের সংখ্যা নেমে এসেছিল ৪০০/৪৫০-তে মাসে। এখানে আগে সাধারণতঃ গাড়ী তৈরি হত ২৬শো থেকে ২৭শো, ৩ হাজারের মত গাড়ী তৈরি করার ইনস্টলড ক্যাপাসিটি এই কারখানার আছে। আমি প্যাসেঞ্জার কারের কথা বলছি, ট্রাকের কথা বলছি না, সেখানে ২৬শো কার তৈরি হত এবং আগে এ্যাডভান্সড বুকিং হত, ২ বছর পরে গাড়ী পাওয়া যেত, এখন সেখানে মাসে ৭শোর বেশী বিক্রি হচ্ছে না। এই ব্যাপারটা দৃষ্টিগোচরে আসে, এই নিয়ে পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে বহু আলাপ-আলোচনা মুখ্যমন্ত্রী মহাশয়ের নির্দেশে আমরা করি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কম পক্ষে দিল্লীতে ৩ বার সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে বসে আলোচনা করেছেন, আমিও সেখানে উপস্থিত ছিলাম। সেখান থেকে যখন কোন চূড়ান্ত সিদ্ধান্ত দ্রুত করা সম্ভব হল না তখন পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন যে মোটর গাড়ীর উপর সেলস ট্যাক্স কমিয়ে দেওয়া হোক যা পশ্চিমবঙ্গের পরে ভারতবর্ষের অন্যান্য প্রদেশ গ্রহণ করতে বাধ্য হয়েছে, তারা মোটর গাড়ীর উপর সেলস ট্যাক্স কমিয়ে দেয়। সঙ্গে সঙ্গে মালিক-পক্ষকে বলা হয় যে তোমাকে তোমার প্রোডিউসার্স কস্টের যে কোটা তার থেকে ১ হাজার দাম কম করতে হবে। এই মেজার্সের পর রেসিপ্রোক্যাল মেজার ভারত সরকারের পক্ষ থেকে আসে, ট্যাক্সি পারপাসে যে গাড়ীগুলি করা হবে সেই গাড়ী-গুলির সেণ্ট্রাল এক্সাইজ ডিউটি ভারত সরকার কমিয়ে দেন। কিন্তু একটা সিদ্ধান্ত ট্যাক্সির পেট্রোলের উপর ট্যাক্স কমিয়ে দেওয়া যায় কিনা সে সম্বন্ধে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, কিন্তু কেন্দ্রীয় শিল্প মন্ত্রী মহাশয় এই বিষয়ে খুব সহানুভূতির সঙ্গে আলোচনা করেছিলেন বলে আমার মনে আছে। যাইহোক, এইসব বিষয়ের পরে, দেশের অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে, ১৯৭৫ সাল এবং ১৯৭৬ সাল দুটো এক নয়, ১৯৭৬ সালে দেখছি এই কোম্পানীতে মাসে গাড়ী তৈরি হচ্ছে এ্যাভারেজে প্রায় ১৫শো। আমি প্যাসেঞ্জার কারের কথা বলছি। আগে যেখানে লে-অফ ১৩/১৪ দিন হচ্ছিল, মালিকের কাছ থেকে পরশু দিন জেনেছি সেই লে-অফ আজকে ম্যাক্সিমামে এসে দাঁড়িয়েছে ৮ দিন মাসে, গভর্নমেণ্ট ডিপার্টমেণ্টের খবর তার চেয়ে কম।

সরকারীভাবে যে সংখ্যা ওরা দিয়েছেন সেই সংখ্যা ৪॥/৫ হাজার থেকে নেমে ২ হাজার থেকে ২১শো। আইন মত প্রেস্ক্রাইবড অথরিটির কাছ থেকে যে অনুমোদন পেয়েছেন সেটার সিলিং হচ্ছে ২ হাজার থেকে ২১শো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসংগে একটা কথা উল্লেখ করতে চাই সেটা হচ্ছে একটা সময় এরা সিদ্ধান্ত গ্রহণ করেন যে ৫ হাজার শ্রমিককে ছাঁটাই করবেন, আর সারপ্লাস কর্মপ্লিমেণ্টস মেনটেন করা সম্ভব নয় যেখানে ক্যাপাসিটি ইউটিলাইজেসান ২৫ পার্সেণ্ট টু ৩০ পার্সেণ্টে এসে গেছে।

[3-20—3-30 p. m.]

সেই সময় ইউনিয়নের নেতারা আমার সঙ্গে দেখা করেন। তাদের সঙ্গে কথা বলে, আলোচনা করে বুঝলাম একমাত্র পথ হচ্ছে শেয়ারিং অব দি মিজারিজ। তখন আমি বিধানসভায় বলেছিলাম সকলে মিলে যদি এই মিজারিজ-এর শেয়ার করা যায় তাহলে মোটামুটি একটা ব্যবস্থা হতে পারে। তবে এটা টেম্পোরারি ফেজ বলে মনে হচ্ছে কারণ অটোমোবাইল ইণ্ডাস্ট্রিতে এরকম একটা অবস্থা চলতে পারে না। কাজেই ফর দি টাইম বিয়িং লেট আস্ শেয়ার দি মিজারিজ। অবস্থা ভাল হলে সকলের অবস্থাই ভাল হবে। তখন তারা বলেছিলেন ছাটাইর বদলে রোটেসন্যাল লে-অফ উইদাউট কমপেনসেসন মেনে নেব। তখন সিটু ইউনিয়ন ছিল, আই এন টি ইউ সি-র ইউনিয়ন ছিল এবং মৌখিক আলোচনায় এই পদ্ধতিতে কাজ সুরু হয়। আজকের প্রোডাকসন হচ্ছে ১৫০০।

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ—৫ হাজার লোক কি ছাঁটাই হয়নি?

শ্রীগোপাল দাস নাগ ঃ—ওয়াকার হয়নি। হাউস রেণ্ট এ্যালাউন্স সম্বন্ধে বিশ্বনাথ আংশিক খবর পেয়েছেন। হাউস রেণ্ট এ্যালাউন্স ১৯৭৫ সালের অক্টোবর থেকে নিশ্চয়ই চালু করেনি। ১৯৭৬ সালের এপ্রিল বা মে মাস থেকে সরকারী নির্দেশ অনুযায়ী কারেণ্টটা রেগুলার পেপেণ্ট করে এসেছে, এরিয়ার ৬ মাস কিভাবে দেওয়া হবে সেটা নিয়ে আলোচনা হচ্ছে। এটা স্ট্যাটুটরি অবলিগেসন, এটা ম্যানেজমেণ্টকে ডিসচার্জ করতে হবে। তবে সেটা কিভাবে ডিসচার্জ করবে সেই বিষয় ইউনিয়নের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হবে। আমার মনে হয় আগামী ৬ মাসের মধ্যে হিন্দুস্থান মোটর-এর অবস্থা স্বাভাবিক অবস্থায় এসে পৌঁছাবে। মাননীয়া সদস্যা গীতা মুখার্জী ন্যাসনাল রাবার সম্বন্ধে বলেছেন। ন্যাসনাল রাবার সম্বন্ধে তিনি

ঠিক তথ্যই পেয়েছেন। ন্যাসনাল রাবারকে সাময়িকভাবে বাঁচিয়ে রাখার জন্য পশ্চিমবঙ্গ সরকারের গ্যারাণ্টিতে স্টেট ব্যাংক অব ইণ্ডিয়া ৩৫ লক্ষ টাকা কয়েকমাস আগে দিয়েছিল। সেই টাকা দেবার একটা সর্ত ছিল পশ্চিমবঙ্গ সরকার একজন ফাইনান্স কণ্ট্রোলার নিযুক্ত করবেন এবং সেই ফাইনান্স কণ্ট্রোলারের অনুমোদন ছাড়া এক পয়সাও ব্যয় করা হবে না। কেনার জন্যই হোক, বিক্রির জন্যই হোক বা শ্রমিকদের বেতন দেবার জন্যই হোক কোন ব্যাপারেই ফাইনান্স কণ্ট্রোলারের অনুমোদন ছাড়া কিছু হবে না। এই গ্যারাণ্টি দেবার জন্য স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া টাকা দেয়। কিন্তু তাদের এ্যাকাউণ্টিং ইররেগুলারিটির পরিমাণ ১২০ লক্ষ। তাদের যে পরিমাণ অর্থের প্রয়োজন সেই পবিমাণ অর্থ কোথা থেকেও পাওয়া যায়নি। শুধু মাত্র ৩৫ লক্ষ টাকা দিয়ে তাদের অবস্থার পরিবর্তন করা যায়নি। পরবর্তীকালে আই আর সি এ-র সহযোগে একটা ডেফথ স্টাডি হয়েছিল এবং তার রিপোর্ট আসে। আইনানুগ পরিচালনা যদি পশ্চিমবঙ্গ সরকার বা আই আর সি এ গ্রহণ করে বা অন্য কোন ইনস্টিটিউসন দেয় তাহলে সেটাই হচ্ছে একমাত্র পথ। আমরা এটা স্বীকার করি না। ন্যাসনাল রাবার সম্বন্ধে আর একটা কথা হচ্ছে ইনচেক টায়ার একটা ইনসেপারেবেল ইউনিট হিসেবে মিক্সড আপ হয়ে আছে। ভারত সরকারের সঙ্গে আমাদের যে কথা হয়েছিল তাতে দেখছি ইনচেক টায়ারকে কেন্দ্র করে একটা রাবার রিসার্চ ইনস্টিটিউসন বসান হবে এবং সেটা ৮ কোটি টাকার প্রকল্প। আমরা আশা করছি রাবার ডেভলপমেণ্ট রিসার্চ প্রজেক্ট ভারত সরকার আরম্ভ করবেন। কিন্তু ইনচেক টায়ার এবং ন্যাসনাল রাবার ইনসেপারেবলী কানেকটেড হওয়ায় মিঃ, পাই-এর ইচ্ছা দুটোই পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনায় অসুক। আমরা এটা পরীক্ষা করছি। কিন্তু ন্যাসনাল রাবারের অন্যান্য সংশ্লিষ্ট সমস্যা আছে। এক সময় এটা নিয়ে স্টাডি হয়েছিল। এখানে আনইউটিলাইজড লেবার আছে সে বিষয় কোন সন্দেহ নেই। তারা এমন কতগুলি জিনিস তৈরী করত যেগুলি বাজারে বিক্রি হয় না অথচ সেই সমস্ত ডিপার্টমেণ্টে যে সমস্ত শ্রমিক নিযুক্ত রয়েছে তারা এখনও সেই কারখানায় আছে এবং প্রাকটিক্যালি তাদের কোন কাজ নেই।

সুতরাং নানা অসুবিধা আছে. সংখ্যা নিয়ে আমি এখন বিতর্কের মধ্যে যেতে চাই না। কিন্তু এটা সত্যি কথা যে টেকনো ইকনমিক সার্ভে যখন যাকে দিয়ে করান হয়েছে সেটা এস, আর বাটলিবয় দিয়ে করান হউক আর আই, আর, সি, আই, কে দিয়ে করান হউক সব সময় একটা রিপোর্ট এসেছে যে এখানে কিছু সারপ্লাস লেবার আছে যাদের কিছুতেই ইউটিলাইজ করা যাবে না অন্য কোনরকম ডাইভার-সিফিকেশান বা এক্সপানশান যতক্ষণ পর্যন্ত না হচ্ছে। সুতরাং এ প্রবলেম আছে।

যাই হউক ন্যাশানাল রবার সম্পর্কে পঃ বংগ সরকার সম্পূর্ণভাবে ওয়াকিবহাল আছে এবং এ সম্বন্ধে একটা টেমপরারি মেজার হিসাবে আই, আর, সি, আইকে সময় দেবার জন্য পঃ বংগ সরকার ইতিমধ্যে করেছেন কিন্তু সেটা যথেষ্ট সময় বলে মনে হচ্ছে যাতে কারখানা বন্ধ না হয় সেজন্য যা যা করা দরকার পঃবংগ সরকার তা করবেন এবং টেকওভারের প্রশ্ন আমাদের বিবেচনাধীন আছে। মাননীয়া সদস্যা গীতা মুখোপাধ্যায় এর এবং অন্যান্য সদস্যদের জ্ঞাতার্থে আমি জানালাম।

শ্রীপ্রদীপ পালিঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিশ্বনাথ বাবুর মেনসানের উত্তরে গোপালদা উত্তর দিয়েছেন। কিন্তু আমি বলতে চাই যে বিশ্বনাথ বাবুর তথ্যে কিছু ভুল আছে, মোহিনীমিলের যে লস হয়েছে তার কারণ হচ্ছে সেখানে কনট্রোল রুথ তৈরী করবার জন্য। যাই হউক আই, আর, সি, আই, এর তরফ থেকে টেকওভার-এর ব্যবস্থা হচ্ছে, আমরা তাদের সঙ্গে কথাবার্তা বলছি, এ বিষয়ে আমাদের নজর আছে। বিশ্বনাথবাবু একটি কথা বলেছেন সেটা যদি হয় তাহলে শ্রমিকদের অসুবিধা হবে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব আই, আর, সি, আই যদি টাকা না দেয় তাহলে শ্রমিকরা না খেতে পেলে হয়ত বিশ্বনাথ বাবুর কিছু হবে না, সেজন্য বিশ্বনাথবাবু যে বলেছেন টাকা না দেবার জন্য শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছেন কিন্তু আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং কাল আই, আর, সি, আই এর সঙ্গে কথা বলেছি তারা 80 লক্ষ টাকা দিতে রাজি হয়েছে মোহিনীমিলকে সুতরাং তিনি যেন বিশ্বনাথবাবুর কথা শুনে টাকা দেওয়া বন্ধ না করেন।

শ্রীগোপালদাস নাগ ঃ—বিশ্বনাথবাবু টাকা না দেওয়ার জন্য বলেননি।

শ্রীসুধীরচন্দ্র দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ভারতের স্বাধীনতা আন্দালনের গণবিপ্লবি অন্যতম নেতা দেশপ্রাণ বীরেন্দ্রনাথ যিনি মেদিনী পুরের মুকুটহীন সম্রাট বলে পরিচিত, তিনি ১৯২১ সালে অসহযোগ আন্দোলনের সময় তার বসতবাটীটা জাতীয় বিদ্যালয় এবং অন্দোলন পরিচালনার জন্য দান করে গিয়েছিলেন। কিন্তু দুভাগ্যের বিষয় কিছুদিন সেই বসতবাটীটা দেনার দায়ে একজনের কাছে বিক্রি হয়ে গেছে। তার আর্থিক সঙ্কট এসেছিল যখন তিনি ব্যারিষ্টারি ত্যাগ করেছিলেন। যে জাতীয় বিদ্যালয় আন্দোলনের প্রাণকেন্দ্র ছিল, আমরা সেই আন্দোলনের সেই বিদ্যালয় থেকে একজন ক্ষুদ্র সৈনিক হিসাবে কাজ

করেছি। সেই বিদ্যালয় গৃহ দেনার দায়ে বিক্রয় হয়ে গেছে সেটা সরকার থেকে অধিগ্রহণ করবার জন্য অনেকদিন থেকে চেষ্টা হচ্ছিল। বিধানবাবুর আমলেও চেষ্টা হয়েছিল। এবারে যখন এই সরকার গঠিত হয়েছিল এবং মেদিনীপুরে যে মন্ত্রী-সভার বৈঠক হয়েছিল সেই বৈঠকে মেদিনীপুর বাসীর পক্ষে থেকে একটা বিশেষ দাবী উঠেছিল যে দেশপ্রাণে জাতীয় বিদ্যালয় গৃহ সেটা সরকার থেকে অধিগ্রহণ করে নেওয়া হক। এর ফলে পূর্ত্ত দপ্তরের পক্ষ থেকে একজন এ্যাসিসটেণ্ট ইঞ্জিনীয়ার তিনি আমাকে মাননীয় সদস্য বিমল পাইককে নিয়ে বছর দুই আগে দেখতে গিয়েছিলেন। কিন্তু তারপরে কি হয়েছে এবং ফাইন্যাল রিপোর্ট কি হয়েছে আজ পর্যন্ত আমরা জানতে পারলাম না।

[3-30—3-40 p. m.]

আমরা চাই এই দেশপ্রাণ বীরেন্দ্রনাথের যে বসতবাটী সেই বসতবাটী এই সরকার অধিগ্রক্ষণ করবেন। এই কথা মন্ত্রীসভাকে, বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি আবেদন জানাচ্ছি। তিনি যেন বিশেষ হস্তক্ষেপ করে এই বসত-বাটী নেন এবং জাতীয় কল্যাণের জন্য দেশের কোন ভাল কাজে লাগাবার জন্য আবেদন জানাই। এর সঙ্গে আর একটা কথা বলছি, চন্ডিঘাটি গ্রামে তার যে পুরাতন বসতবাটী আছে, যদিও সেটা জরাজীর্ণ হয়ে আছে, সেটাকে অধিকগ্রহণ করে জাতিয় কল্যাণের জন্য নেওয়া হোক এবং কোন চিকিৎসালয় অথবা শিক্ষাকেন্দ্র করতে পারেন এই আবেদন রাখছি।

শ্রীতিমির ভাদুড়ী ঃ—মাননীয় অধক্ষ্য মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মোতাহার সাহেবের অবগতির জন্য জানাচ্ছি। এবং হাউসের কাছে একটি বিবৃতি রাখছি। ঘটনাটা ঘটেছিল বেলডাঙ্গা থানার অধীনে গত ৭-৪-৭৬ তারিখে। বেলডাংগা স্কুলের ইনভিজিলেটার যিনি ছিলেন, এ. সরখেল, তিমি কিছু দুষ্ট প্রকৃতির ছাত্রদের দ্বারা ঐ বেলডাংগা ৩৪নং জাতীয় সড়ক এলাকায় আক্রান্ত হন এবং তাতে তিনি আহত হন এবং তাঁর ঘড়িটি জোর করে ছিনিয়ে নেওয়া হয়। আনন্দ বাজার, যুগান্তরের এই রিপোর্ট বেরিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনার সঙ্গে যারা যুক্ত যে সমস্ত ছাত্র তারা সব বেলডাঙ্গা থানার মধ্যে প্রভাব-শালী ঘরের ছেলে। সেই ছাত্রদের মধ্যে কেউ এ্যারেষ্ট হল না, দেখা গেল মীর্জা-পুর গ্রামের একজন গরীব ছেলে, নাম আবুল কালাম আজাদ, সে এ্যারেষ্ট হল।

এই ছেলেটি বহরমপুর এস, পি, বেলডাংগার যিনি ভারপ্রাপ্ত, ও সি, এবং সি, আই, তাদের কাছে বিবৃতি দিয়েছে যে সে এই ঘটনার সংগে যুক্ত নয়, এই ঘটনার সঙ্গে যুক্ত হচ্ছে সেখানকার প্রভাবশালী ঘরের ছেলেরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপর আজাদকে এ্যারেষ্ট করা হল এবং পরবর্তীকালে তার এ্যারেষ্টে মিসা করা হল। গ্রামের লোক এই ঘটনা জানতে পেরে সেই জোতদার বাড়ীর উপর চাপ সৃষ্টি করে। ৯ই জুন গ্রামের লোকেরা সেই জোতদার বাড়ীর ছেলের কাছ থেকে সেই ঘড়ি আদায় করে। কিন্তু মীর্জাপুরের অঞ্চল প্রধান সেই ঘড়ি নিজের কাছে রেখে দিলেন এবং সেই ছেলেকে দিয়ে একটা ষ্টেটমেণ্ট নিলেন যে ন্যাশনাল হাইওয়ের কাছে এই ঘড়িটি সে কুড়িয়ে পেয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্তটাই সাজান। পুলিশ এই জোতদার বাড়ীর সংগে নানাভাবে যুক্ত, এই চৌধুরী পরিবারের সঙ্গে মুর্শিদাবাদ জেলার ভারপ্রাপ্ত পুলিশ কর্মচারী তারা নানাভাবে যুক্ত, সেইজন্য তাদের গায়ে হাত না দিয়ে ঐ রামা কৈবর্ত, হাশেম শেখ, তাদের উপর মিসা করা হচ্ছে। দুঃখের কথা হোম সেক্রেটারি এবং অন্যান্য কর্মচারীদের জানিয়েও কোন প্রতিকার হয়নি, তাদের কাছে লিখিত জবানী দেওয়া সত্ত্বেও কিছু হয়নি। কারণ পুলিশের বড় বড় কর্মচারীরা রাত্রে সেই চৌধুরীদের ডাক বাংলোয় মদ এবং নানারকম মিষ্টি খানাপিনা করে থাকেন। সেইজন্য জোতদার বাড়ীর ছেলেদের এ্যারেষ্ট করা হয় না, হয় ঐ রামাকৈবর্ত, হাসেম শেখের ছেলে। আমি লোকাল এম, এল, এ, হিসাবে সেখানকার এস, পি, কে বলেছি, কোন ব্যবস্থা হল না। সেইজন্য অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে লিখিত বক্তব্য দিলাম।

শ্রীফণীভূষণ সিংহবাবু ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় ছিল। আপনার মাধ্যমে যদিও আমাদের এখানে বিদ্যুতমন্ত্রী উপস্থিত নেই, অন্যান্য বিভাগের মন্ত্রীরা উপস্থিত আছেন, তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামে বৈদ্যুতি-করণের নামে এই সভায় গত বুধবার আলোচনা হয়েছে, তবুও আমি অন্যান্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীদের কাছে একটু নিবেদন রাখতে চাই। গ্রামে বৈদ্যুতি-করণের নামে দশ হাজার গ্রামে বৈদ্যুতিকরণের পরিবর্তে যে সমস্ত পোল—কাঠের পোল, সিমেন্টের পোল দেওয়া হয়েছে, সেই সমস্ত কাঠের পোল সিমেন্টের পোল পড়ে গিয়েছে। শুধু তাই না, আজকে ডেভেলপমেন্টের নামে গ্রামে বৈদ্যুতিকরণের যে প্রহসন চলছে, সে সম্বন্ধে অনতিবিলম্বে আপনাকে দাবী জানাচ্ছি। আমরা এটা জানি যে আমাদের মিনিমাম নিড প্রোগ্রামে বাঁকুড়া জেলায় ৭৮ সালে প্রতিটি গ্রামে বৈদ্যুতিকরণের আওতায় আনার পরিকল্পনা এই সরকারের আছে। কিন্তু

অতীতে যে প্রহসন হয়েছে, সেই প্রহসনের যেন পুনরাবৃত্তি না ঘটে, সেজন্য মাননীয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিধান সভার ভিতরে এবং বাইরে সর্বত্র যখন ডিভেলপমেণ্টের কথা বলি, সেই সময়, দেখুন সরকারের বিভিন্ন বিভাগ উন্নয়নের জন্য বরাদ্দ যে টাকা তা খরচ করতে পারছেন না। ১৯৭২-৭৩-৭৪ সালের কণ্ট্রোলার এণ্ড অডিটার জেনারেলের যে রিপোর্ট পাওয়া গেছে, তাতে পাওয়া যাচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার-এর বিভিন্ন বিভাগ প্রায় ৩৪ কোটি টাকা খরচ করতে পারেননি, উন্নয়নের জন্য বরাদ্দ টাকা খরচ করতে পারেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন এই বিধানসভার ভিতর মাননীয় সদস্যরা খরা ও বন্যা নিয়ে উদ্বেগ প্রকাশ করছিলেন, সেই সময় দেখা যাচ্ছে, দু বছরই ভারত সরকার কর্তৃক বরাদ্দ বন্যা নিয়ন্ত্রণের টাকার শতকরা ৯০ ভাগ অর্থাৎ ৬০ কোটি টাকা ফেরত চলে গেছে। ভারত সরকারের টাকা ফেরত যাবার ফলে এক দিকে যেমন কেন্দ্রের কাছে পশ্চিমবাংলার মর্যাদার হানি হয়েছে. সেই সঙ্গে সঙ্গে কেন্দ্রে পশ্চিমবঙ্গের বিরোধী যে সব মানুষ আছে, তারা সোচ্চার হয়ে উঠেছে যে পশ্চিমবাংলার মানুষের জন্য বরাদ্দ টাকা পশ্চিমবঙ্গ সরকার খরচ করতে পারেনি, সুতরাং পশ্চিমবঙ্গ সরকারকে টাকা কমিয়ে দেওয়া হোক। তাই সরকারের কাছে অনুরোধ যাতে এই অবস্থার পরিবর্তন হয়।

শ্রীশিশির কুমার ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, টিটাগড় ই এম কো কারখানা ২০-৯-৭৬ তারিখে লক আউট করে দিয়েছে। এই কারখানার শ্রমিকরা ইলেক্ট্রিক কণ্ট্রোল এ্যাক্ট অনুযায়ী দাবী করেছিলেন, শ্রমমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী দাবী করেছিলেন, ৬ ঘণ্টা কাজ, ৬০ ঘণ্টা বেতন তার পরিপ্রেক্ষিতে যে আলোচনা চলছিল, সেই আলোচনায় শ্রম দপ্তর এমন একটা রিকমেণ্ডেশন পাঠায় যাতে পরিষ্কার-ভাবে সেই রিকমেণ্ডেশন অনুযায়ী শ্রমিক ছাঁটাই করা ছাড়া আর কোন উপায় থাকবে না। পরিষ্কারভাবে তাঁরা বলেছেন এখানে মাল্টিপল স্পিনিং ফ্রেম চালাতে হবে। এখন মাল্টিপল স্পিনিং যদি চালাতে হয়, তাহলে পরিষ্কার একথা বলতে হবে প্রতিটি ডিপার্টমেণ্ট থেকে প্রতিটি অংশ থেকে, কি স্যাকিং, কি হেসিয়ান, সেই সমস্ত জায়গা থেকে লোক ছাঁটাই করা ছাড়া উপায় থাকবে না। অবশ্য রিকমেণ্ডেশনে বলেছেন, লোক ছাঁটাই করা চলবে না, পারমানেণ্ট সবাই কাজ পাবে। কিন্তু কাজ পাবে কি

করে ? জোড়া স্পিনিং চালাবে, সেই সমস্ত লোক অন্য ডিপার্টমেণ্টে যাবে, অন্য ডিপার্টমেণ্ট লোকগুলিকে বার করে দেবে। ট্রাইপার্টাইট এগ্রিমেণ্ট ১৯৭৩ সালে শ্রমিকের সংখ্যা ছিল ১৯৮৫, কিন্তু যখন এইটিন পারসেণ্ট প্রডাকশন ডাউন করা হল, তখন ৪৮৫ জনকে ছাঁটাই করতে হল পরবর্তীকালে ৬ ঘণ্টা কাজ দাবী করে।

[3-40—3-50 p. m.]

এখন ৪৮৫ জন বাইরে আছেন। উপরন্তু এখন এমন একটা ঘটনা ঘটতে চলেছে যে পরিস্কারভাবে বলতে হয় যে আরও শ্রমিকরা ছাঁটাইয়ের সম্মুখীন। শ্রমিকেরা এই ছাঁটাই না মানার ফলে ওই মিলের কর্তৃপক্ষ ১৯ দিনের মজুরী বাকি রেখে এই মিলটা লক-আউট ঘোষণা করেছেন। ওখানকার এস, ডি, ও, ফ্যাক্টরি ইন্সপেক্টার. এস, ডি, পি, ও সমস্ত জায়গার থেকে এখন পুজো ও ঈদের এই হপ্তাটা দেবার জন্য অনুরোধ করা হলে ওঁরা সমস্ত অনুরোধ বাতিল করে একমাত্র কথা জোড়া স্পিনিং চালাও এবং সরকারের যে রেকোমেণ্ডেসান যা এরা ব্রেক করছে এবং স্পিনিং-এর উপর ছিল এবং এখন লুমের উপরও লোক ছাঁটাই সুরু করেছে। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী অনুরোধ করছি তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন যাতে এই মিলটার উপর লক আউট তুলে নেওয়া যায় তার ব্যবস্থা করুন।

শ্রীতপন চট্টোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বি, টি, রোডের রাস্তার এমন অবস্থা যে প্রতি বছর সারানো হয় অথচ প্রতি বছর এমনভাবে ভেংগে যায় যে গাড়ী চলা অসম্ভব হয়ে ওঠে, ট্রাফিক জ্যাম হয়। এই রাস্তা দিয়ে মন্ত্রী যাতায়াত করেন গভর্ণর যাতায়াত করেন। ওই বি, টি, রোডের সংগে ঘোষপাড়া রোড রাস্তা যুক্ত যেটা কাঁচরাপাড়া পর্যন্ত বিস্তৃত। তাই শ্যামবাজার থেকে কাঁচরাপাড়া পর্যন্ত অঞ্চলের যানবাহন চলাচল অসম্ভব হয়ে পড়েছে। বহু জায়গায় খুঁড়ে গিয়েছে। এর ফলে এ্যাক্সিডেণ্ট হচ্ছে, ট্রাফিক জ্যাম হচ্ছে। যার ফলে আপনার মাধ্যমে পূর্ত্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ণণ করছি অবিলম্বে এর ব্যবস্থা করার জন্য।

শ্রীসুবলচন্দ্র ঘোষ মৌলিক ঃ—অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে একটা জরুরী বিষয় জানাচ্ছি। তাঁর ফ্যামিলি প্ল্যানিং পোগ্রামের ব্যাপারে আমরা যতদূর পারি সাহায্য করে যাচ্ছি এবং এপ্রিল থেকে সেপ্টেম্বর

পর্যন্ত যে টারগেট ওর জেলা অফিস থেকে জানিয়েছিল আমরা তার তিনগুণ করে দিয়েছি। কিন্তু দুঃখের বিষয় আবার উনি টারগেট দিয়েছেন আরও বেশী করে। কিন্তু এই টারগেট ফুলফিল করতে গিয়ে দেখা যাচ্ছে ঔষধের অভাব। যেসব কাজ ইতিমধ্যেই হয়েছে তাতে ওষুধের অভাবে অনেকের সারতে দেরি হচ্ছে। এরপর উনি যে পোগ্রাম দিয়েছেন তা নিয়ে গ্রামে গ্রামে ঘুরতে গেলে এইসব রুগীদের ফেস করতে হবে। সেইজন্য আমি ওনাকে অনুরোধ করছি ওঁরা যে টারগেট ঠিক করেছেন সেইমতো তাঁর ডিপার্টমেন্ট থেকে ঔষধ পাঠান—পেনিডিয়ার বা ইথার—এইসব ঔষধগুলো খুব দরকার। আমি এগুলো মেনসান করে দিয়েছি। ওই ঔষধগুলো পাড়াগাঁয়ে পাওয়া যায় না। ওঁর ডিপার্টমেন্ট থেকে বলছেন, আপনারা কিনে নিন, আমরা টাকা দেবো। এইসব ঔষধগুলো গ্রামাঞ্চলে পাওয়া যায় না, কিন্তু এই ওষধগুলো খুব দরকার। এইসব ঔষধের অভাব। টারগেট তিনগুণ করে দিয়েছি। ভ্যাসাকটমি ডাবল করেছি। দুঃখের বিষয় গতবারে মুসলিম কম্যুউনিটিতে পেনিট্রেট করতে পারিনি। এইবার আমি দুশো গ্রামে ঘুরেছি ২০/২৫টা মিটিং করেছি। ভ্যাসাকটমি ৩২ পারসেন্ট এবং টিউব্যাকটমি ২৬ পারসেন্ট করে দিয়েছি। ওঁর টারগেট ছিল এক হাজার ৯৯ ভ্যাসাকটমি আমি ১৫৬৬ করে দিয়েছি। ৪৭৮ ছিল টিউব্যকটমি ১২২৪ করে দিয়েছি। কিন্তু এইবার যে গ্রামে যাবো সেখানে গেলে যেসব কেস হয়েছে সেই কেসগুলোর ব্যাপারে কি করে বোঝাবো। সেইজন্য তাঁকে অনুরোধ করি টাকার ব্যাবস্থা করুন। ঔষধ যে পরিমাণ দরকার তার ব্যবস্থা করুন।

শ্রীঅজিত কুমার পাঁজা। ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন সে সম্বন্ধে আমরা ওয়াকিবহাল পেটিডিওর ঔষধটির অভাব হয়েছিল ঠিকই। কেন্দ্রীয় সরকারকে বলার পর এই মাস খানেক আগে আমরা ঔষধটির সরবরাহ পেয়েছি। এখন আর সে অভাব নেই। উনি যে এলাকার কথা বললেন সেখানে আমরা 'ঐ ঔষধ পাঠিয়ে দিয়েছি।

শ্রীঅজিত কুমার বন্দ্যোপাধ্যায় ঃ—অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রী এবং সঙ্গে সঙ্গে মুখ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জরুরী অবস্থা ঘোষণার পর ২০ দফা অর্থনৈতিক কর্মসূচী ঘোষিত হবার পর একথা ঘোষণা করা হয়েছিল যে বিভিন্ন কলকারখানায় বেকার যুবকদের এ্যাপ্রানটিস হিসাবে নেওয়া হবে পরে তাদের কর্মে নিযুক্ত করা হবে এই রকম ব্যবস্থা নেওয়া হয়েছিল।

নন টেকনিক্যাল হ্যান্ডদের ট্রেনিং শেষ হবার পর তাদের নিয়োগ করা হবে। এই পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সংস্থা দুর্গাপুর ষ্টীল প্লান্টে গত ১৯৭২ সালে প্রায় ৭২ জন যুবককে এ্যাপ্রানটিস নিয়ে তাদের সামান্য কিছু এ্যামিনিটি দেওয়া হোল। ট্রেনিং দেবার পর তাদের বসিয়ে দেওয়া হল। বার বার আবেদন নিবেদন করার পর কিছু দিন আগে ফেব্রুয়ারী ১৯৭৬-তে তাদের ইনটারভিউ নেওয়া হল। তারা আশা করেছিল যে তাদের এবারে নিয়োগ করা হবে। কিন্তু পরে জেনারেল ম্যানেজার জানালেন যে এই ইমারজেন্সীর মধ্যে তাদের নেওয়া সম্ভব হবে না। স্যার, আমরা তো জানি ইমারজেন্সী হচ্ছে এই ২০ দফা কর্মসূচীর পরিপূরক। সেখানে একজন ম্যানেজার কিভাবে এই রকম জবাব বেকার যুবকদের দেন তা আমি জানি না। আমাদের শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বার বার বিভিন্ন বক্তৃতার মাধ্যমে বলছেন এই অগ্নিগর্ভ বেকার সমস্যা কিছুটা দূর করা যাবে বিভিন্ন কলকারখানায় এ্যাপ্রানটিস নিয়োগের মাধ্যমে। স্যার, তখন যদি এই ধরণের কথা হয় তাহলে বেকারদের মধ্যে বিক্ষোভ আরো বাড়বে। আমি আর একটি কেন্দ্রীয় সংস্থার কথা বলছি সেটা হচ্ছে ইষ্টার্ণ কোল ইণ্ডিয়া লিমিটেড। এখানে বেকার যুবকদের নিয়োগ করা হবে বলে জানান হোল। বেকার যুবকরা আশ্বস্ত হলেন বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে ফর্ম ফিল আপ করা হোল ইন্টারভিউ নেওয়া হোল। কিন্তু দেখা গেল তাদের মধ্যে থেকে ১/৬ ভাগ ইন্টারভিউ ছেলেদের নেওয়া হয়েছে। এখনও জানি না সেই বেকার যুবকরা নিয়োগ হবে কিনা। আজকে এই সব কেন্দ্রীয় সংস্থাগুলি যদি এই ধরণের ক্ষমতার অপব্যবহার করে তাহলে অন্যান্য ছোট ছোট শিল্প সংস্থা যেসব আছে তারা প্রশ্রয় পাবে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মুখ্যমন্ত্রী এবং শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এ সম্বন্ধে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সারা ভারতবর্ষ মিলে এ বছর আমরা বন্দেমাতরম্ সংগীতের শতবার্ষিকী উৎযাপন করবো এবং এই সংগীতের স্রষ্টা হলেই সেই মহাপুরুষ ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। খুবই লজ্জার কথা এবং দুঃখের কথা যে সেই বঙ্কিমচন্দ্রের বাড়ী যেখানে সেখানে আমি গতকাল গিয়েছিলাম এবং সঙ্গে আমার একটা ক্যামেরাও ছিল। আমি সেখানে কি দেখে এসেছি তা একটু পরেই আপনাকে উপহার দেবো। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে আজকে আমাদের যিনি মা বলতে শিখিয়েছেন তাঁর বাড়ীটি একটা ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। তারই মধ্যে কোন রকমে একটু ঢুকে দেখলাম সেখানে সি. পি. এম-এর একটা অফিস. সি. পি. এম-এর মস্ত বড় একটা গোপন

আড্ডা সেখানে রয়েছে। আমি স্যার ফটো এনেছি আপনাকে দেবো। তারপর কোন রকমে আরও কিছু ভিতরে ঢুকে দেখলাম সেখানে একটা চোলাই মদের আড্ডা। লোকে সেখানে চোলাই মদ খাচ্ছে আর সাট্টা চলছে।

[3-50—4-00 p.m.]

বঙ্কিমচন্দ্রের বাড়ীর সেই অবস্থা দেখে লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। সেখানে একজন বৃদ্ধ ভদ্রলোক ছিলেন—তাঁর ছবি এর মধ্যে আছে, এবং একজন মহিলা ছিলেন। সেই মহিলা আমাকে বললেন, 'বাবা, এখানে কি দেখছো ?' আমি বললাম, আপনারা কারা ? এখানে আপনারা কি করছেন ? তিনি বললেন, 'এখানে কোন রকমে আশ্রয় নিয়ে আছি। তা তোমরা তো ভদ্রলোক, দেখ, আজকে ঋষির বাড়ীর কি অবস্থা। এটা তোমরা একটু দেখ।' স্যার, চোলাই মদের আখড়ায় পরিণত হয়েছে ঋষি বঙ্কিমচন্দ্রের বাড়ী। সরকার যেখানে ডেভালপমেণ্টের জন্য লক্ষ লক্ষ বা কোটি কোটি টাকা খরচ করছেন এবং আমরা যখন মুখে দেশপ্রেমের কথা বলছি তখন সেই বঙ্কিমচন্দ্র, যিনি আমাদের জন্মভূমিকে মা বলতে শিখিয়েছিলেন, ১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলনের সময় যারজন্য আমরা 'বন্দেমাতরম' সঙ্গীত প্রথম উচ্চারণ করেছিলাম সেই বঙ্কিমচন্দ্রের বাড়ীর এই অবস্থা দেখে আমাদের মাথা লজ্জায় হেঁট হয়ে যায়। আজকে স্যার, তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়দের কাছে তথা সরকারের কাছে এই অবস্থাটা তুলে ধরলাম। স্যার, এই প্রসঙ্গে আরো একটি কথা বলি, কল্যাণী বিশ্ব-বিদ্যালয় আইন আসছে, এই মনীষীর নামে যাতে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নাম 'ঋষি বঙ্কিমচন্দ্র বিশ্ববিদ্যালয়' হয় তার জন্য প্রস্তাব রাখছি।

(নয়েজ)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সুব্রত মুখার্জী, ডাঃ জয়নাল আবেদিন, অজিত পাঁজা, রামকৃষ্ণ সারোগী, জ্ঞানসিং সোহনপাল ইত্যাদি মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীরা আছেন। তাঁরা স্যার, সকলেই বক্তব্য শেষ করে 'বন্দে-মাতরম' বলেন, আমরাও বলি। কিন্তু স্যার, সেই 'বন্দেমাতরম' মন্ত্রের যিনি উদ্গাতা, ঋষি বঙ্কিমচন্দ্র তাঁর বাড়ী যদি চোলাই মদের আড্ডাখানা, জুয়ার আড্ডাখানায় পরিণত হয় বা একটা পার্টির অফিস হয় তাহলে সে লজ্জা স্খালনের কোন জায়গা নেই। স্যার, এর আগে যেদিন আমি নজরুল প্রসঙ্গে বলেছিলাম সেদিন আপনি বলেছিলেন নজরুলের ছবি বিধানসভার লবিতে রাখা হবে, আমরা জানি এসব ব্যাপারে আপনি বরাবর

উৎসাহ দেখান, আগ্রহ দেখান, কাজেই আমি অনুরোধ করবো আপনি আজকে যে বিষয়টি মাননীয় সদস্য শ্রীজগদীশচন্দ্র দাস মহাশয় তুলেছেন সে প্রসঙ্গে কিছু বলুন। এই প্রসঙ্গে স্যার, আমার দাবী সরকারপক্ষ থেকে কোন দায়িত্বশীল মন্ত্রী এ সম্পর্কে একটা বিবৃতি দিন।

(নয়েজ)

(এ্যাট দিস ষ্টেজ মেনি অনারেবল মেম্বারস রোজ ইন দেয়ার সিটস)

Mr. Speaker :—Hon'ble Members, you have drawn the attention of the House. I have also received some photographs from Shri Das. I have handed them over to the Minister of Parliamentary Affairs, and I see that Dr. Zainal Abedin is looking to those photographs. I think Cabinet will take appropriate action

শ্রীআবদুলবারি বিশ্বাস :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতে হল না, এখানে বলে দিতে হবে যে কি এ্যাকশন নেওয়া হবে।

(নয়েজ এ্যান্ড ইণ্টারাপশন্স)

মিঃ স্পীকার : Hn'ble Members, please take yours seats. Let us proceed.

শ্রীআবদুল বারি বিশ্বাস :—একজন মাননীয় সদস্য তিনি সমস্ত অবস্থাটা বলেছেন এবং তিনি ফটো তুলে নিয়ে আপনার কাছে দিয়েছেন, সুতরাং মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে কিছু বলতে বলুন যে তিনি কি এ্যাকশন নিতে চাইছেন।

(নয়েজ এ্যান্ড ইণ্টারাপশন্স)

Mr. Speaker : The Education Minister is in charge of taking appropriate action in this matter. What can I do ? I have recorded your feelings and I can send these photographs to the Education Minister and also tell him about the sentiments expressed by the Hon'ble Members of this House.

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ—Let the Parliamentary Minister say sir. পার্লামেণ্টারী মিনিষ্টার এখানে আছেন, উনি এই কথা বলুন যে যা ঘটেছে এর জন্য নেসেসারী এ্যাকশন নেওয়া হবে, হোয়াই হি ইজ সাইলেণ্ট ?

(নয়েজ এ্যান্ড ইণ্টারাপশন্স)

শ্রীনরেশচন্দ্র চাকী ঃ—মন্ত্রী সভার পক্ষ থেকে যাঁরা উপস্থিত আছেন, তাঁদের মধ্যে থেকে একজন কিছু বলুন এই বিষয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁচজন মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তাঁদের মধ্যে কেউ একজন এই সভার সদস্যদের আশ্বাস দিন যে বঙ্কিমচন্দ্রের বাড়ির সম্মান রক্ষা করবার জন্য তাঁরা চেষ্টা করবেন। এবং মাননীয় এডুকেশন মিনিষ্টারকে হাউজে ডেকে পাঠান এবং তিনি এখানে এসে বলুন যে এই বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।

মিঃ স্পীকার ঃ—I request the Hon'ble Minister of Partiamentary Affairs to speak,

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker Sir, I have heard the honourable members. Mr. Das has invited the attention of the House as also the Government. It is a very serious matter no doubt but you will appreciate. Sir, that it is not possible for any individual Minister to take decision on such matters. I will convey the feelings of the honourable members to the Chief Minister as also to the Cabinet for taking appropriate action in the matter.

[4-00—4-10 p. m.]

শ্রীঅসমঞ্জ দে ঃ—মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর এবং শিক্ষামন্ত্রীর অনুপস্থিতিতে মাননীয় মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার, স্যার, পশ্চিম বাংলার শিক্ষা দপ্তর এবং শিক্ষামন্ত্রীর পক্ষ থেকে বার বার আমাদের বিভিন্নভাবে বিভিন্ন সময় আশ্বাস এবং প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও পশ্চিমবাংলায় যে ৪টি টেকনো-

লজিক্যাল ডিগ্রি কলেজ আছে 'কলেজ অফ্ টেকনোলজি' ক্যালকাটা, কলেজ অভ্ সিরামিক্ টেকনোলজি, ক্যালকাটা কলেজ অফ্ টেকস্টাইল টেকনোলজি' বহরমপুর, 'কলেজ অফ্ টেকস্টাইল টেকনোলজি' শ্রীরামপুর, এই ৪টি কলেজের শিক্ষকদের ইউ. জি. সি-র স্কেলের বেনিফিটের আওতায় আনা হবে বলে। সরকারের শিক্ষা দপ্তর এবং শিক্ষামন্ত্রী বার বার এই প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও এখনো পর্যন্ত তা কার্যকরী করা হয়নি। এটা অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের বিষয়, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করে এই দাবী করছি যে, এই ৪টি টেকনোলজিক্যাল কলেজের শিক্ষকদের ইউ. জি. সি-র স্কেলের বেনিফিটের আওতায় আনা হোক। মাননীয় স্পীকার, স্যার, আমি আরো দাবী করছি যে, এই টেকনোলজিক্যাল কলেজগুলিকে ইঞ্জিনীয়ারিং কলেজের মধ্যে অন্তর্ভুক্ত করা হোক এবং ইঞ্জিনীয়ারীং কলেজের সমস্ত গুরুত্ব দেওয়া হোক টেকনোলজিক্যাল কলেজগুলিকে। মাননীয় স্পীকার, স্যার, আমি মনে করি প্রিন্সিপ্যাল অফ্ ইকুইটি এ্যান্ড ন্যাচারাল জাসটিস্-এর ক্ষেত্রে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় স্পীকার, স্যার, এটা আপনার মাধ্যমে আজকে মাননীয় মন্ত্রীমণ্ডলীকে স্মরণ করিয়ে দেওয়া নিশ্চয়ই অন্যায় হবে না যে, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বিভিন্ন সময় বিভিন্ন অনুষ্ঠানে এবং বিভিন্ন ক্ষেত্রে বার বার ঘোষণা করেছিলেন যে, যে-সমস্ত কলেজগুলিতে ডিগ্রি কোর্স পড়ানো হয়ে থাকে সেই সমস্ত কলেজগুলির শিক্ষকদের ক্ষেত্রে ইউ জি. সি-র স্কেল অফ্ পে-র বেনিফিট দেওয়া হবে এবং সেই পরিপ্রেক্ষিতে ১৯৭৫ সালে ইউনিভার্সিটি এ্যান্ড নন-গভণমেণ্ট কলেজগুলির শিক্ষকদের ক্ষেত্রে ইউ. জি. সি-র স্কেল দেওয়া হল। এর পর ১৯৭৬ সালের ১৪ই আগষ্ট তারিখে সমস্ত সরকারী কলেজের শিক্ষকদের ইউ, জি. সি-র স্কেল অফ্ পের আওতায় অন্তর্ভুক্ত করা হয়। এরপর অত্যন্ত সম্প্রতি ইঞ্জিনীয়ারিং কলেজের শিক্ষকদের ইউ, জি. সি-র স্কেল অফ্ পে-র অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু এই ৪টি টেকনিক্যাল কলেজে সাড়ে চার বছরের ডিগ্রি কোর্স পড়ানো হয় এবং শিক্ষা-দপ্তর এবং শিক্ষামন্ত্রী বার বার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও এদের ইউ, জি, সি-র স্কেল অফ্ পে থেকে বঞ্চিত করা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে এরা গভর্ণমেণ্ট টেকনোলজিক্যাল কলেজ-এর এ্যাসোসিয়েসনের মাধ্যমে ১২ই সেপ্টেম্বর তারিখে কেন্দ্রীয় সরকারের কাছে লেখেন এবং কেন্দ্রীয় সরকার-এর শিক্ষা দপ্তর ২৮শে সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তরের কাছে লেখেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের রেড টেপইজম এবং সেক্রেটারিয়েট ফাইল-এর মধ্যে সে চিঠি চাপা পড়ে আছে। তাই আমি অনুরোধ করছি ৪-টি টেকনোলজিক্যাল ডিগ্রি কলেজের শিক্ষকরা

যেন সরকারী রেড টেপইজমের মধ্যে পড়ে শ্বাসরোধ হয়ে না মরে। শিক্ষাদপ্তর ও এবং শিক্ষামন্ত্রীর পক্ষ থেকে যে সুস্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেটা কার্যকরী করা হোক, এটা আমি প্রিন্সিপল অফ্ ইকুইটি এণ্ড ন্যাচারাল জাষ্টিস-এর ক্ষেত্রে দাবী করছি, এটা অবিলম্বে কার্যকর করা হোক।

শ্রীঅমরেন্দ্র মণ্ডল :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় মাননীয় বিভিন্ন সদস্য খরা এবং বন্যার সম্বন্ধে বলেছেন। আমরা প্রতি বছর লক্ষ্য করে আসছি যে আমাদের দেশের কোন দিক-টায় খরা এবং কোন দিকটায় বন্যার ফলে প্রতি বছর আমাদের ফসল ইত্যাদি নষ্ট হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রীসভার কাছে কয়েকটি সাজেসন রাখতে চাই। যে সমস্ত অঞ্চলে খরা হচ্ছে এবং যে সমস্ত অঞ্চলে বন্যা হচ্ছে সেই অঞ্চলগুলির একটা পূর্ণাঙ্গ তদন্ত এবং সমীক্ষা করা দরকার।

মিঃ স্পীকার : You told me about mentioning in regard to Jamuria, Bankura and Ranigunj,

শ্রীঅমরেন্দ্রনাথ মণ্ডল : ১৭ই Oct বসুমতীতে বের হয়েছে রাণীগঞ্জ, বরাকর তলিয়ে যেতে পারে। এর আগে আমরা কুলটীর ঘটনা দেখেছি--রাতারাতি সেখানে ধ্বস নেবে নীচে নেবে গেছে। এটা কয়লাখনি নিরাপত্তা দপ্তরের Directorও আশঙ্কা করছেন এবং এর ফলে জনসাধারণের মধ্যে একটা ভীতির সঞ্চার হয়েছে। আমার এলাকার মধ্যে একটা জায়গায় এই রকম কোচিন হয়েছে। আমি মনে করি রাজ্য সরকার ১৯৬৮ সালে কমিটি নিয়োগ করেছিলেন তাঁরা যে report দিয়েছিলেন সেটা দেখা হোক এবং যেসব জায়গায় নিরাপত্তার অভাব মনে হচ্ছে সেখানে আগে থেকেই পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। কারণ না হলে হঠাৎ যদি গ্রাম ডুবে যায় তাহলে অনেক ক্ষতি হবে। সেজন্য অনুরোধ করছি যে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হয়।

শ্রীভৃগুময় আইচ : স্যার, অত্যন্ত দায়িত্বশীল সব পত্রিকা বলছে জামুরিয়া ও আসানসোল এলাকায় কোলিয়ারী জাতীয়করণের আগে Prop. যে মালিক ছিল তারা এমনভাবে কয়লা তুলেছে যার ফলে সেখানে শূন্যতা সৃষ্টি হয়েছে এবং যেকোন মুহূর্তে আসানসোল মহকুমা ভূগর্ভে চলে যেতে পারে এটা যেন গুরুত্ব দিয়ে রাজ্য সরকার চিন্তা করেন।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ—স্যার, আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। Emergency Period-এর মধ্যে পল্লী অঞ্চলে যেসব খুন হচ্ছে তার যথাযথ পুলিশ measure না গ্রহণ করার জন্য জনসাধারণের মধ্যে আতঙ্ক সৃষ্টি হচ্ছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী হারু বণিক বলে দারোয়ান কর্মরত অবস্থায় ২৮শে জুন আততায়ীর হাতে খুন হন। সঙ্গে সঙ্গে বীজপুর থানায় ডায়েরী করা হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত আততায়ীকে গ্রেপ্তার করা হচ্ছে না। ফলে অন্য কর্মীরা সুষ্ঠুভাবে কর্তব্য সম্পাদন করতে পারছে না। তাঁর একমাত্র নির্ভরশীল মাতা পঙ্গু এবং তাঁর ভগ্নী অনশনে মৃত্যুমুখী। এই অবস্থায় পুলিশী ব্যবস্থা গ্রহণ করে যাতে আততায়ী গ্রেপ্তার হয় এ বিষয়ে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[4-10—4-20 p,m]

শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বরাবর দেখেছি স্বাস্থ্যমন্ত্রী বিধান সভায় খুব সিরিয়াস হন এবং আমরা যে সমস্ত মেনসান করি তাঁর উত্তরে আমরা মোটামুটিভাবে স্যাটিসফায়েডও বটে। কিন্তু একটা বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষিত হলে তিনি এ্যাকসান নেবেন কি নেবেন না জানি না, ইট ইজ আপ টু হিম, কিন্তু এখন পর্যন্ত তিনি কেন নীরব দর্শকের ভূমিকা অবলম্বন করে আছেন জানি না। তিনি কি ভীত সন্ত্রস্ত? কি এমন চাপ তাঁর উপর আছে যার জন্য তিনি নজর দিতে পারছেন না? বিষয়টি হচ্ছে ন্যাশান্যাল মেডিক্যাল কলেজ হসপিট্যালের ডাক্তার শ্রীজ্যোতিময় মজুমদার, যিনি ভূতপূর্ব সভাপতি ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসান, গত কিছুদিন আগে তাঁর হাসপাতালে একটা রোগীনীর শালীনতা হানির চেষ্টা করেছিলেন, কিংবা করেছিলেন এই রকম অভিযোগ বেরিয়েছিল এবং আমার যতদূর খবর আছে ডাঃ মজুমদার পুলিশ কর্তৃক ধৃত হয়েছিলেন। এ ভদ্র মহিলা এবং তাঁর স্বামী পুলিশের কাছে বিবৃতি দিয়েছিলেন ধৃত হওয়ার পর তাঁর দপ্তর কেন নীরব এটা আমার কাছে অজ্ঞাত। সেজন্য আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলছি এই ভদ্র মহিলা কে? তাঁর স্ট্যাটাস কি সেটা আমরা জানতে চাই। এই ঘটনা বাংলাদেশের ইনটেলেকচুয়্যাল সিটিজেন্সের মধ্যে একটা সেনসেসান ক্রিয়েট করেছেন। অনেক ডাক্তারদের প্রেসটিজে লেগেছে। ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসানের ভূতপূর্ব সভাপতি এবং ন্যাশান্যাল মেডিক্যাল কলেজ

হসপিটালের ডাক্তারের যদি এই রকম ব্যবহার হয় তাহলে তাঁর বিরুদ্ধে কেন এ্যাকসান নিতে পারছেন না? এই যে ঘটনা ঘটে গেল, ভদ্র মহিলার স্বামী পুলিশের কাছে বিবৃতি দিল, তারপরে আপনার দপ্তরের কি দায়িত্ব এবং কর্তব্য ছিল, কেন তাঁরা নীরব ছিলেন, কেন আজ পর্যন্ত হাউসকে মেরিটস অব দি কেস সম্পর্কে হাই লাইট করলেন না, এই রকম সিরিয়াস অফেন্স ঘটে গেল, কেন সিরিয়াস এ্যাকসান নিতে পারলেন না, এটা আমরা জানতে চাই।

শ্রীগণেশ হাটুই ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা সম্পর্কে কি ধরণের স্টেপ নেওয়া হয়েছে সেটা আমরা জানতে চাই।

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন এই সম্বন্ধে আমরা ওয়াকিবহাল আছি। তবে কোন হাসপাতাশে কোন ঘটনা ঘটেছে বলে আমাদের কাছে খবর নেই, আমাদের কাছে যেটা খবর এসেছে সেটা হচ্ছে ডাঃ জ্যোতিময় মজুমদার যিনি ভুতপূর্ব প্রেসিডেন্ট, মেডিক্যাল এ্যাসোসিয়েসান ওয়েষ্ট বেঙ্গল ব্রাঞ্চ, তিনি ন্যাশানাল মেডিক্যাল কলেজের এক্স ম্যানেজমেন্ট স্টাফ, তাঁর বিরুদ্ধে একটা এ্যালিগেশান করা হয় যে তিনি যখন তাঁর নিজের চেম্বারে, ন্যাশান্যাল মেডিক্যাল কলেজ হাসপাতালে নয়, একজন রোগীনী কে দেখছিলেন তখন তাঁর শালীনতা হানি করা হয়। সেই রোগীনী এবং তাঁর স্বামী পুলিশের কাছে এফ, আই, আর করার পর তিনি এ্যারেস্ট হন। এটা জানার পর সঙ্গে সঙ্গে স্টেপ নেবার জন্য বলি। কিন্তু তিনি একজন এক্স-ম্যানেজমেন্ট স্টাফ, ন্যাশান্যাল মেডিক্যাল কলেজ ন্যাশানালাইজেসানের পর তাঁর বিরুদ্ধে কিভাবে এ্যাকসান নেওয়া হবে সেটা জানতে আমরা এল, আর'র কাছে পাঠাই। আমরা দুই দিন আগে এল, আর এর কাছ থেকে ওপিনিয়ান পেয়েছি যে তাঁকে সাসপেন্ড করা যায়। আজকে সকালে তাঁকে সাসপেনসান অর্ডার দেওয়া হয়েছে। এটা সত্য নয় যে কোন রকম ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা হঠকারিতার মত কিছু করতে পারি না, এর জন্য কিছু সময় লাগে। এল, আর এর ওপিনিয়ান নিয়ে সাসসেনসাস অর্ডার ইসু করা হয়েছে এবং ডিসিপ্লিনারি এ্যাকসান তাঁর বিরুদ্ধে নেওয়া হয়েছে।

শ্রীগিরিজা ভুষণ মুখোপাধ্যায় ঃ— মাননীয় স্পীকার মহাশয়, আজকে বাংলা দেশে বিশেষ করে কারখানাগুলোতে যে অবস্থা চলছে তার তুলনা সারা ভারতে কেন পৃথিবীর কোথাও মেলেনা। আমাদের শ্রমমন্ত্রীর নির্দেশ অনুযায়ী দুর্গাপুরের

স্যাংকি হুইলস-এ স্ট্রাইক প্রত্যাহার করে নিল। বলা হয়েছিল তোমরা স্ট্রাইক প্রত্যাহার করে নাও, বোনাসের বিষয় পরে বিবেচনা করব এবং কোম্পানী বলেছিল কাউকে ভিক্টিমাইজ করা হবে না। এই কথা শুনে শ্রমিকরা স্ট্রাইক প্রত্যাহার করে নিল এবং এখন সেখানে কাজ চলছে। কিন্তু কোম্পানী শ্রমমন্ত্রীর কথা না শুনে ৮ জনকে সাসপেণ্ড করেছে। আমি জানি না আমাদের এই রাজত্ব সরকার চালাচ্ছেন না কোম্পানী চালাচ্ছে। আপনি লক্ষ্য করে দেখুন চারিদিকে কি অরাজকতা চলছে এই মিল এবং কারখানায়। মালিকদের এই ব্যবহারে সরকার কিন্তু নীরব হয়ে রয়েছেন। ভিক্টোরিয়া চটকলের কথা আমি বলেছি লক আউট হয়ে রয়েছে। আমি অনুরোধ করছি আপনারা মালিকদের বাধ্য করুন যাতে এই সমস্ত কিছু নিয়ে তারা লক আউট না করে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য্য ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের উত্তরবঙ্গকে বলা হয় দি ল্যাণ্ড অব থ্রি টিস—অর্থাৎ টি, ট্যোব্যাকো এ্যাণ্ড টিউবারকোলোসিস। স্যার, আপনি জানেন উত্তরবঙ্গের বনসম্পদ একটি চরম সৌন্দর্য্য সৃষ্টি করে আছে। আমাদের নূতন বনমন্ত্রী শ্রীঅজিত পাঁজা মহাশয় এখানে রয়েছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। ১৯৭২/৭৩ সালে আমি এই বিধানসভায় গণ্ডারের বিষয় নিয়ে আলোকপাত করেছিলাম এবং তাতে রিনো এনকোয়ারী কমিটি হয়েছিল। তখন পশ্চিমবাংলার বন বিভাগ থেকে যে তথ্য দিয়ে দেওয়া হয়েছিল তাতে বলা হয়েছিল পশ্চিমবাংলার বন্য প্রাণীদের মধ্যে যেটা উল্লেখযোগ্য সেটা হচ্ছে পৃথিবীর সুপ্রসিদ্ধ এক শ্রেণীর গণ্ডার আমাদের এই পশ্চিমবাংলায় অবস্থিত আছে। আমি বলেছিলাম পশ্চিমবাংলায় ৪০টি গণ্ডার আছে, কিন্তু বন বিভাগ থেকে বলল ১৫টি গণ্ডার আছে। স্যার, আমরা জানি আন্তর্জাতিক চোরা চালানকারীরা চীন, কোরিয়া ইত্যাদি স্থানে এই সব গণ্ডার পাঠায়। কথিত আছে গণ্ডারের শিং চূর্ণ নাকি চিরদিন যৌবনকে ধরে রাখে। স্যার, আপনি জানেন জলদাপাড়ায় রয়েল বেঙ্গল টাইগার এবং হরিণ দেশী এবং বিদেশী লোকদের টেনে নিয়ে যায়। আমাদের উত্তরবঙ্গে প্রচুর বন সম্পদ রয়েছে এবং আমাদের বন থেকে যে রেভিনিউ আদায় হয় তার অধিকাংশ এই উত্তরবঙ্গ থেকে আসে। খবরের কাগজে দেখলাম ছবি বেরিয়েছে বন্য হস্তিনী তার শিশুকে স্তন দিচ্ছে। সুন্দর ছবি। আমি আমাদের নূতন বনমন্ত্রীকে অনুরোধ করছি এই যে অসাধু ব্যবসায়ীরা রাতের অন্ধকারে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার কাঠ নিয়ে যাচ্ছে এবং বন্য প্রাণী নিধন করছে তার প্রতি আপনি

অবিলম্বে দৃষ্টি দিন এবং আমি দাবী করছি এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

[4-20—4-30 p. m,]

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণ্ডারের শৃংগ থেকে যৌবন ফিরে পাওয়া যায় কিনা সেটা আমার পারসোনাল নলেজ কিছু নাই, তবে গন্ডার সম্বন্ধে জলদাপাড়ায় নানারকম খবরাখবর পাওয়ার পর একটি কমিটি নিযুক্ত করি সম্পূর্ণভাবে সরজমিনে দেখে আমাদের কাছে রিপোর্ট দেবার জন্য। রিপোর্ট তারা আমাদের কাছে পাঠিয়েছেন এবং আমরা সেই রিপোর্ট কনসিডার করে দেখছি। যখন আবার হাউস খুলবে তখন আপনাদের জানাতে পারব। আমরা শুনেছি ট্যুরিষ্টরা ওখানে গিয়ে হাতীর পিঠে উঠে গণ্ডারের যে বাচ্চা তা দেখবার জন্য তাদের তাড়া করে ঘোরেন, সেটা আমরা বন্ধ করে দিয়েছি। কারণ অনেক সময় বাচ্চাকে ফেলে রেখে মা ভয়েতে অন্য জায়গায় দৌড়ে চলে যায় তারপর বাচ্চার মৃতদেহ পাওয়া গেছে। আমরা ট্যুরিষ্টদের ঘোরা হাতীর পিঠে চড়ে গণ্ডারের পিছু পিছু তা বন্ধ করে দিয়েছি। রিপোর্টটা দেখে আমরা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবো। সেজন্য এক্সপার্ট যারা আছেন ওয়াইল্ড লাইফ এর যারা মেম্বার আছেন তাদের আমরা পরামর্শ গ্রহণ করব।

Mr. Speaker : Dr. Zainal Abedin will now supplement the statement made by previously.

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I thank you for giving me this opportunity to supplement my earlier statement.

Report on the schemes for uplift of the fishermen community belonging to Scheduled Castes in the State of West Bengal

For uplift of fishermen community and amelioration of living condition of fishermen, a majority of whom belong to the Scheduled Castes, the Government have taken up a number of schemes, some of which envisage rendering short term, but immediate, relief while others aim at development of infrastructures for

fishery industry which, in turn, will bring about permanent relief to the fishermen. A brief resume of such schemes and activities, is given below :—

1. Distribution of Yarn as Welfare Grant :

Under this scheme yarn is given free of cost to the distressed fishermen so as to enable them to prepare their own nets. About 6000 fishermen will he given yarn/nylon twine during this year. Expenditure on this account is estimated to be Rs. 3.00 lakhs. 5507 fishermen were granted yarn worth Rs. 1.51 lakhs during 1975-76.

2. Loans to needy fishermen :

Under this scheme, loans are advanced to the needy fishermen on liberal terms, for the purpose of repairing their nets and boats. This year a sum of Rs. 3.00 lakhs has been sanctioned for the purpose with a view to render financial assistance to about 1500 fishermen. A sum of Rs. 1.91 lakhs was distributed to 585 fishermen as loan during 1975-76.

3. Loans to Fishermen's Co-operative Societies for pisciculturre :

Co-operative societies of poor fishermen are organised under this scheme and State owned/vested water areas are settled with the societies for the purpose of pisciculture Loans are also advanced to such societies for pisciculture. A sum of Rs. 4.00 lakhs has been alloted for this purpose during this year. So far, 10 Fishermen's Co-operative Societies have been organised during 1976-77. Last year Rs. 1.86 lakhs were granted as loan to 12 Co-operative Societies.

4 Distribution of fry and fingerlings at subsidised rates :

Under this scheme, quality fry and fingerlings of major carps are distributed amongst the fishermen at subsidised rates (50% subsidy on production cost . During this year, target of distribution of such fry and fingerlings stand at 5.00 millions. During

last year 3.70 million fingerlings were distributed under the scheme to the fishermen community.

5. Training of Educated Unemployed Youths including those of Fishermen Community.

Educated Unemployed Youths of fishermen community, among others, are given training on the techniques of nursery management and composite fish culture. Such training is not only given free of cost but also a stipend @ Rs. 100.00 per month is given to the trainees. The period of training extends over 3 months. It is contemplated that 30 youths of Fishermen community will be trained this year.

6. Institutional finance to Fishermen's Co-operative Societies :

The object of the scheme is to render assistance to the Fishermen's Co-operative Societies in formulating suitable schemes and to make finance available from different financing agencies like N. C. D. C., Nationalised Banks, Co-operative Banks etc. It has been targeted to make funds amounting to Rs. 80.00 lakhs available for the purpose during 1976-77. Already three schemes have been formulated for submission to N. C. D. C. During 1975-76 a sum of Rs. 14.58 lakhs (N. C. D. C. Rs. 10.42 lakhs, Nationalised Banks Rs. 4.16 lakhs) advanced to 5 Fishermen's Co-operative Societies.

7. Share contribution, loan and subsidy to Fishermen's Co-operative Societies :

It has been targeted that during 1976-77 a sum of Rs. 5.30 lakhs will be made available from Co-operation Department to various Fishermen's Co-operative Societies as share contribution loan and subsidy. During 1975-76 Rs. 5.11 lakhs was spent for 27 societies consisting of 1850 members.

8. Settlement of vested waters with Co-operative Societies :

A programme for settlement of vested water areas with the fishermen and their co-operatives has been taken up. So far about

20,000 acres of water area comprising vested tanks, beels, baors etc. have been leased out to 100 Fishermen Co-operative Societies at the instance of the Directorate of Fisheries, West Bengal. Apart from that, private water areas which are lying fallow are being acquired by adopting Requisition and Acquisition proceedings, on payment of compensation at Government cost and then these are leased out to Fishermen's Co-operative Societies on rental basis. During the year 1975-76 Gazna Beel in Nadia district and Sorah Fisheries in 24-Parganas district were acquired and leased out to Nadia Central F. C. S. and Bongaon C. F. C. Ltd. respectively.

Besides, some of the sewage fed fisheries in South Salt Lake area, which have been acquired by State Fisheries Development Co-oporation are going to be leased out to be Fishermen's Co-operative Societies on rental basis.

9. Distribution of Mechanised boats on loan and subsidy basis :

Under this scheme mechanised fishing boats are distributed to Fishermen's Co-operative Societies on very lucrative terms. 25% of the cost of boat is advanced by the Govt. as share capital, another 20% as subsidy while the remaining 55% is advanced as loan repayable in 8 equal annual instalments the first instalment becoming due on the third anniversary day of advancing loan 40 mechanised boats worth Rs. 21.00 lakhs have already been constructed and selection of the societies to whom the boats will be distributed has also been completed. But actual distribution of boats is pending for finalisation of agreement bonds.

Apart from this, 80 mechanised boats costing Rs. 67.5 lakhs will be constructed this year, with N. C. D. C. assistance.

10. Development of infrastructural facilities in Coastal fishing villages.

Under this project two clusters of villages (one each in the districts of 24-Parganas & Midnapore) are proposed to be developed at a cost of Rs. 28.00 lakhs each. This will cover 5 villages in the district of 24-Parganas and 14 villages in the district of Midnapore, inhabited by 777 nos. and 1120 nos. respectively of

active fishermen. 75% of the total cost will be available from the Govt. of India in the form of Central assistance while the remaining 25% will be borne out of State Budget.

The project includes drinking water supply, construction of approach roads, processing facilities and various assistance for production of fish.

[4-30—5-00 p, m,]

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, I hope that copy of the statement would be circulated to us.

Mr. Speaker I will see that copies are circulated amongst the Hon'ble members.

শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিলেন তিনি তাঁর হ্যান্ড আউটের একটা কপি যদি আমাদের দেন তাহলে এ সম্পর্কে যখন নেক্সট সেসন বসবে, তখন একটা দিন যদি ফিক্সড করে দেন, ডিবেট করতে চাই। তিনি যে কথা-গুলি বললেন বেশীর ভাগ ব্যবস্থাগুলি চালু হয়েছে, তা ইনয়াডিকুয়েট। পারসেন্টেজ অব ফিশারমেন কত, যারা দুর্গত এবং দুঃস্থ অবস্থায় আছে, তাদের বাঁচাতে হলে, নেট আর্ত তাদের জাল দেওয়া প্রয়োজন। যে টাকা আছে, এই টাকা অত্যন্ত কম। যে সমস্ত স্কীম দিলেন—"তৈয়ারী হইতেছে" বললেন, সেই তৈয়ারী কবে হবে, সে সম্পর্কে তিনি বিবৃতি দেননি, কোন ডেফিনিট ডেটও বলছেন না। টাইমও বলছেন না। এই সমস্ত ফিশারমেন কমিউনিটি ইগ্নোর্ড বহুকাল। জেলে বলতে যে শুধু জেলে কৈবর্তকেই বুঝায় তা নয়, এমন কি মুসলমান সম্প্রদায়েরও বহুলোক আছে, যাদের জীবিকা হচ্ছে মাছ ধরা। তাদের যদি এর ভিতর ধরা যায় তাহলে দেখা যাবে উনি ফিসারমেন কমিউনিটির ওয়ান পারসেন্টও কভার করতে পারেন নি। যদি তিনি বলেন যে ওয়ান পারসেন্ট কভার করেছেন, আমি তার প্রতিবাদ করছি। কাজে কাজেই য়্যাডিকুয়েট টাকার যদি ব্যবস্থা করা না হয়, এই কমিউনিটির জন্য, তাহলে হবে না। তাই দাবী করছি যে তিনি হ্যান্ড আউটের একটা কপি দিন, একটা দিন আপনি ফিক্স করে দেবেন, আমরা এর উপর ডিবেট করবো।

ডঃ জয়নাল আবেদিন ঃ—আপনার সেক্রেটারিয়েটেই এটা দেওয়া আছে. শেডুল্ড কাস্ট কমিটি, এসেম্বলীতে যেটা আছে, তাদের কাছে এটা আগেই দেওয়া আছে।

আই হ্যাভ অলরেডি সাবমিটেড টু দি এসেম্বলী সেক্রেটারিয়েট, টু দি কামটি অন শেডুল্ড কাস্ট ওয়েলফেয়ার ফর সিমিলার কমিটি। ওখান থেকেই ওটা নিয়ে আমি বলেছি। আমি সবগুলি কথাই বলেছি ১৯৭৬-৭৭ এর কারেণ্ট ইয়ারে, কন্‌ফিউশনের কোন স্কোপ নাই। উনি পারসেণ্টেজের কথা বললেন, আলোচনা হলে নিশ্চয়ই বক্তব্য রাখব। এটা কোন এ্যাক্রিমনি বা একউজেশনের ব্যাপার নয়। It should be an attempt of all concerned to improve the living condition of the fishrmen and I think instead of accusation we all should try to active position result at that end, and I will make a statement whenever it would be necessary.

Mr. Speaker I learn that copies of the statement are ready and these will be circulated to Hon'ble members in no time. Regarding discussion in the next session it is too early to say anything now. If the Hon'ble members are really eager and if they remind me at the next session I shall see what I can do in this matter.

Presentation of the Third Report of the Committee on Petitions, 1976-77.

Shri Puranjoy Pramanik : Mr. Speaker, Sir, I beg to present the Third Report of the Committee on Petitions, 1976-77 on the subject of appropriate measures for safeguarding the interest of bargadars and the necessity of immediate legislation for setting up of separate Tribunals for deciding the status of bargadars.

Presentation of the Reports of the Committee on Public Undertakings, 1976-77.

Shri Satya Ranjan Bapuli : Mr. Speaker, Sir, I beg to present the fifth Report of the Committee on Public Undertakings, 1976-77 on the West Bengal Sugar Industries Development Corporation Ltd. (Ahmedpur Sugar Mills). Cyclostyled copies of the Reports will be kept on the Library Table. Printed copies of the Reports will be made available to the Members as soon as these are printed.

Mr. Speaker : I now call upon Shri Shib Sankar Bandhopadhyay to mention his case.

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয় নেই, জয়নাল সাহেবকে বলছি পূর্তমন্ত্রীকে বলবেন। আমি এই মাত্র টেলিগ্রাম পেলাম আমার জেলা থেকে এসেছে। আমার নদীয়া জেলার রাস্তার অবস্থা অত্যন্ত সংগীন। বাস এ্যাকসিডেন্টের জন্য গত এক মাস আগে একাধিক লোক মারা গিয়েছেন। বাস ওনাররা বাস চালাতে চাইছেন না। যানবাহন ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। আমি টেলিগ্রামটা পড়ে শোনাচ্ছি, Damaged road condition in Nadia causing prequent accidents suspension of transport services and loss of life, আমি এই কথা বলতে চাই যদি এই রাস্তা সারানো না হয় সমস্ত বাস ওনাররা দে আর রিল্যাকটেন্ট টু প্লাই বাসেস। তারা বাস চালাতে চাইছে না। লোকের যাতায়াতের অসুবিধা হবে। এই দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

Mr. Speaker :—Mr, Shish Mohammad, you wanted to draw the attention of the House So you mention your case

শ্রীশীশ মহম্মদ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে বিশেষ করে শ্রমমন্ত্রীর এবং পশ্চিমবঙ্গ মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগণা জেলার খড়দহ জুট মিল বিগত ১৯৭৫ সাল থেকে বন্ধ আছে। সেই জুট মিলে ৬ হাজার শ্রমিক কাজ করে থাকে এবং বিগত এক বছরের উপর সেই জুট মিল বন্ধ থাকার ফলে সেখানকার শ্রমিকেরা অনাহারে, অর্ধাহারের মধ্য দিয়ে দিন গুনছে। এই সরকার নিজেদের খুব পাওয়ার ফুল সরকার, শক্তিশালী সরকার বলে মনে করেন যেখানে প্রধানমন্ত্রীর টোয়েন্টি পয়েন্ট পোগ্রাম-এর মধ্য দিয়ে নাকি অনেক কিছু করতে চায় সেই সরকার এই জুটমিল বন্ধ করে রেখেছে এবং এটাকে খুলতে পারছে না এবং ব্যর্থতার পরিচয় দিয়েছে। আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি এই জুট মিল যাতে বন্ধ না থাকে। যদি বন্ধ থাকে তাহলে ৬ হাজার শ্রমিক মরে যাবে। সেই সমস্ত শ্রমিক পরিবারের কয়েকজন ইতি মধ্যেই মারা গিয়েছে এবং কয়েকজন আত্মহত্যা করেছে। আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ, করছি, অবিলম্বে হস্তক্ষেপ করুন। শ্রমিকেরা যাতে কাজ পায়, তাদের পরিবার বাঁচে তার ব্যবস্থা করুন।

Mr. Speaker : I would now draw the attention of Shri Satya Ran Bjan apuli. He has presented one Report but I think he has

to present another Report. So I call upon Shri Bapuli to present that Report.

Shri Satya Ranjan Bapuli : Mr. Speaker Sir I beg to present Sixth Report of the Committee on Public Undertakings on the West Bengal Minerals Development and Trading Corporation (Pachani-Hatgucha Stone Mining Project. Cyclostyled copies of the Report are laid on the Table. Printed copies of the Report will be made available to the members as soon as they are printed.

শ্রীমতী ইলা মিত্র ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এক সেকেণ্ড বলবো। দুটো বিলে চার ঘণ্টা সময় আছে। আপনি যদি এর পরেও বিল চালান তাহলে কি আমরা আজকে রাত্রি ১০টা পর্যন্ত বসবো। এ্যাডভাইসরী কমিটি ঠিক হলো না অথচ এই রকম হচ্ছে।

Mr. Speaker : Time has been fixed by the Business Advisory Committee already and to-day the House has set from 2 P. M. and not from 1 P. M. To-day being the last day many honourable members approached me to say that their mention cases should be as far as possible called. So I have given them much of time. I now adjourn the House for 20 minutes and thereafter the Bill will be taken up.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

LEGISLATION

The Bengal Municipal (Second Amendment) Bill, 1976.

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to introduce the Bengal Municipal (Second amendment) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1976, be taken into consideration.

[5-00—5-10 p. m.]

শ্রীসুব্রত মুখার্জী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বঙ্গীয় পৌর (দ্বিতীয় সংশোধন) বিধেয়ক, ১৯৭৬ পেশ করার অনুমতি চাইছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বঙ্গীয় পৌর (দ্বিতীয় সংশোধন) বিধেয়ক, ১৯৭৬ বিবেচনা করার জন্য পেশ করার অনুমতি চাইছি। স্যার, গত কয়েক বৎসর যাবত সহর এলাকায় পৌর সভাগুলি চরম আর্থিক সংকটের মধ্যে পড়েছিল। ফলে অধিকাংশ পৌর সভাকে করদাতাদের সুযোগ সুবিধার প্রতি দৃষ্টি দেওয়া দূরে থাকুক, তাদের অত্যাবশ্যক খরচ মেটাবার জন্য ঋণ বা অনুদানের জন্য সরকারের শরণাপন্ন হতে হয়। তাই সরকার পৌর সভাগুলির আয় বাড়াবার বিষয়টি গভীরভাবে চিন্তা করছেন এবং কয়েকটি বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন। পৌর সভাগুলির আয় বাড়াবার উদ্দেশ্যে যেসব বাড়ী ব্যবসা বাণিজ্যের জন্য বা বসবাস ভিন্ন অন্য কার্যে ব্যবহৃত হয় সেগুলির উপর বিভিন্ন পৌর করের শতকরা ৫০ ভাগ পর্যন্ত অতিরিক্ত কর ধার্য করার সিদ্ধান্ত দেওয়া হয়েছে। এই অতিরিক্ত কর বাড়ীর মালিক বা ভাড়াটিয়া, যিনি বাসস্থান ভিন্ন অন্য কার্যে ব্যবহার করবেন তিনি দিবেন। সরকার পৌরসভাগুলির ব্যয় সংকোচ করার উদ্দেশ্যে পৌর সভাগুলির প্রশাসন খাতে ব্যয়ের সীমিতকরণের ব্যবস্থা গ্রহণ করেছেন। প্রশাসন খাতে ব্যয়ের উচ্চ সীমা সরকার নির্ধারণ করতে পারবেন। কলিকাতায় ভাড়াটিয়াদেরও আংশিক পৌরকর দেওয়ার ব্যবস্থা আছে। ভাড়াটিয়ারা পৌর সুযোগ সুবিধা ভোগ করে। সেজন্য এই বিলে মালিকদের সঙ্গে সঙ্গে তাদেরও আংশিক কর প্রদানের ব্যবস্থা করা হয়েছে। পৌর কর্মচারীদের অবসর গ্রহণের বয়স নির্ধারণ করার ক্ষমতাও সরকার গ্রহণ করেছেন। এই সব উদ্দেশ্য সাধনের জন্য সরকার বঙ্গীয় পৌর (দ্বিতীয় সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭৬ বলবত্ করেছেন। অর্ডিন্যান্সের ধারাগুলি পাকাপাকি বহাল রাখার জন্য, আমি বঙ্গীয় পৌর (দ্বিতীয় সংশোধন) বিধেয়ক, ১৯৭৬ আইন পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইন সভায় পূর্ণ সমর্থন লাভ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলেই আমি আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

শ্রীঅশ্বিনী রায় :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, এই বিলে চারটি উদ্দেশ্য পূরণের জন্য এই সংশোধনী এনেছেন। তার মধ্যে একটি হচ্ছে পৌর সংস্থাগুলির আয় বাড়ানো। ইতিপূর্বে যে পদ্ধতিতে আয় বাড়ানো হচ্ছিল যখন এর আগে এই পৌর আইনের সংশোধন হয় তখন আমরা বার বার বলেছিলাম যে কেবল ট্যাক্সের রেট বাড়িয়ে পৌরসভাগুলিকে বাঁচানো যাবে না। উদাহরণস্বরূপ আমরা বলেছিলাম যে সব পৌরসভা আছে তাদের কেবল ট্রান্সপোর্টটা দেওয়া হচ্ছে আর অপর কিছু দেওয়া হচ্ছে না। আমাদের ভারতবর্ষের বাইরে বহু দেশ আছে আমাদের তরুণ মন্ত্রী এবং অন্যান্য মন্ত্রী সেই সব দেশে গেছেন শুধু সমাজতান্ত্রিক দেশ নয়, পুঁজিবাদী দেশেও তাঁরা গেছেন।

যেমন উনি কালকে চলচ্চিত্রের কথা বলতে গিয়ে বললেন আরো সিনেমা হাউস হওয়া উচিত ইত্যাদি। এখন পৌরসভা থেকেও এরকম সিনেমা হাউস করা যেতে পারে এবং তার থেকে আয়ও হতে পারে। অনেক জায়গায় আমরা জানি ফেরি সার্ভিস ইত্যাদিও পৌরসভা পরিচালনা করে-সুইডেন ইত্যাদি দেশে, কাজেই এই ভাবে আয় বাড়ানো যেতে পারে। কিন্তু অতীতেই সেগুলি বাদ দেওয়া হয়েছে। যার ফলে এখন কোলকাতাকে বাদ দিয়ে পশ্চিমবংলায় যত পৌরসভা আছে তার আয় বাড়ানোর একমাত্র পথ হচ্ছে ট্যাক্স বাড়ানো, সারচার্য বসিয়ে আয় বাড়ানো। এখন এই পথে গেলে পৌরসভাগুলি একটা স্বয়ংসম্পূর্ণ সংস্থা হিসাবে গড়ে উঠতে পারে না। আপনারা সকলেই গান্ধীজীর সমর্থক, গান্ধীজীই বলে গিয়েছেন যে, প্রত্যেক সংস্থাকে স্বয়ংসম্পূর্ণ হতে হবে এবং ক্ষমতা বিকেন্দ্রীভূত করতে হবে। কিন্তু সেই বিকেন্দ্রীকরণের জায়গায় দেখা যাচ্ছে রাজ্যসরকার সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে নিচ্ছেন। আর্থিক ব্যাপারে নিয়ন্ত্রণের নাম করে সমস্ত ক্ষমতাকে সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণ করা হচ্ছে। পঞ্চায়েতরাজের যে পরিকল্পনা চিন্তাধারা বা সেই চিন্তাধারাতে আজকে যদি আমরা অঞ্চল পঞ্চায়েত, গ্রামপঞ্চায়েত এগুলিকে স্বয়ংসম্পূর্ণ সংস্থা হিসাবে গড়তে চাই, যেটা বিকেন্দ্রীকরণের মাধ্যমে আসছে, এটাই যদি আমাদের উদ্দেশ্য হয় তাহলে পৌরসভাগুলিকে আবার ড্যামি হিসাবে রাখা, এটা হয় না। বিকেন্দ্রীভূত ক্ষমতা তরাও থাকা উচিত। সেই দিক থেকে বর্তমান আইনের যে সংশোধন আনা হয়েছে। সেই সংশোধনে বিকেন্দ্রীকরণ দূরে থাক তার দ্বারা রাজ্যসরকার ক্ষমতা আরো কেন্দ্রীভূত করছেন। স্যার, আমাদের দেশের যা ইতিহাস, বিশেষ করে আমাদের পশ্চিমবাংলার যা ইতিহাস তাতে দেখতে পাই সেই নেতাজী সুভাষচন্দ্র বসু ইত্যাদিরা যখন কোলকাতা পৌরসভায় ছিলেন তখন তাঁরা এটাকে স্বয়ংসম্পূর্ণ সংস্থা হিসাবে গড়ে তোলবার চেষ্টা করেছিলেন। অন্যান্য দেশেতেও এই কোলকাতা কর্পোরেশনের

মতন যে কপোরেশনগুলি আছে সেটা সেখানে একটা অটোনমাস বডি হিসাবে তৈরী হয়ে যায়। তাদের একটা অটোনমাস শাসন পদ্ধতি বা প্রশাসনিক পদ্ধতি থাকে। সেদিক থেকে এই সংশোধনী দেখা যাচ্ছে সেই নীতি থেকে বিচ্যুত। আমি অন্যান্য পয়েন্টে যাচ্ছি না, যেমনভাবে এই আইনে বলেছেন, পৌরসভার ব্যয় কি হবে সেটা রাজ্যসরকার ঠিক করে দেবেন। আবার আইনেরই একটা অংশ আছে যে, কমিশনাররা অফিসার এবং কর্মচারী নিয়োগ করতে পারবেন। এখন এই অফিসার বা কর্মচারী নিয়োগ করতে গেলে তাদের একটা স্কেলে বা গ্রেডে নিয়োগ করতে হবে, অথচ সেখানে রাজ্য সয়কারের বিভাগ বললেন, তোমাদের আয়, ব্যয়টা এর মধ্যে সীমিত থাকা উচিত। তাহলে তো দুটোই করা উচিত। যেমন আপনারা সম্পূর্ণ-ভাবে করেছেন কোলকাতার ক্ষেত্রে তেমনি ঐ বংগীয় পৌর আইনে যে আছে কমিশনারা তাদের মিটিং-এ এ্যাপয়েন্ট করতে পারবেন সেখানে আবার যুক্ত করে দিচ্ছেন যে তোমাদের এসটাবলিশমেন্ট কষ্ট বা কর্মচারীদের মাহিনা ইত্যাদিগুলি রাজ্যসরকার নিয়ন্ত্রণ করবেন—একদিকে তাদের ক্ষমতা দিচ্ছেন আবার অপরদিকে ক্ষমতাটা কেড়ে নিচ্ছেন।

[5-10—5-20 p. m]

এমন কি একটা পৌর সংস্থায়, যাদের এই ক্ষমতাটা দিচ্ছেন এই আইনটা সংশোধিত হবার পর তাদের একটা ঝাড়ুদারও এ্যাপয়েন্ট করবার ক্ষমতা থাকবে না। কাজেই এতবড় একটা সংস্থা তার একটা ক্লাস ফোর স্টাফ এ্যাপয়েন্ট করবার ক্ষমতা থাকছে না। কাজেই এইভাবে কেন্দ্রীভূত করা নীতিগতভাবে আমি এর বিরোধিতা করি। তারপর আইনের মধ্যে আছে যে মিউনিসিপ্যাল সার্ভেন্ট, এই মিউনিসিপ্যাল সার্ভেন্টের কোন ডেফিনেশন করলেন না, আইনে ছিল না, এখনও এর মধ্যে কোথাও নেই। মিউনিসিপ্যাল সার্ভেন্ট, অফিসার এই সমস্ত কথাগুলো আইনের মধ্যে আনছেন, কিন্তু তার কোন ব্যাখ্যা এর মধ্যে নেই। সেই জন্য আইনটা একটু ত্রুটিপূর্ণ। কারণ আদালতের কাছে যখন যাবে তখন আমি জানি না মাননীয় স্পীকার মহাশয় একজন আইনজ্ঞ, তিনি বলতে পারবেন, এই সার্ভেন্ট বলতে কি বোঝাবে, সুতরাং তার একটা ডেফিনেশন হওয়া উচিৎ। রাজ্য সরকারের যে সমস্ত আইন আছে, যে সব বিধান আছে তার মধ্যে কিন্তু এই সমস্ত আছে, কেন্দ্রীয় সরকারের নিয়মাবলীর মধ্যেও এই সব-এর বিশ্লেষণ আছে, সার্ভেন্ট বলতে এই, অফিসার বলতে এই, কিন্তু এখানে তা নেই। আবার আপনারা করছেন—কলকাতার ক্ষেত্রে যেমন করেছেন,

আজকে অন্যান্য ক্ষেত্রেও করছেন, যেমন ১৩২ ধারাতে আগে ছিল বাড়ির মালিক রেট দেবে। কিন্তু এখন যেটা দেখা যাচ্ছে কলকাতার পরিপ্রেক্ষিতে যেটা আছে সেটা সংশোধন করে বলছেন মালিকরা তো দেবেন এবং যারা ভাড়াটে আছেন তারাও দেবেন। তাহলে এই যে বাড়ির মালিক, এদের আমরা একটা দৃষ্টিভঙ্গীতে দেখে থাকি, এরা বাড়ি থেকে একটা ইনকাম পায় এবং এদের যেটা আয় হয়, সেই অনুযায়ী রেট দেয়। আপনি আবার বলছেন ভাড়াটেরা ফিপটি পার্সেণ্ট দেবে। সুতরাং তাদের উপর নূতন করে রেট পড়ছে। তারপর সারচার্জ ইত্যাদি রাখছেন, বিভিন্ন ধরণের যে সারচার্জ রাখছেন, তাতে দেখা যাচ্ছে উচ্চসীমা, শতকরা ৫০ ভাগ করে। তাহলে একরকম ভাবে হচ্ছে হোল্ডিংস যেগুলো, ব্যবসা বাণিজ্য যারা করে বা নন রেসিডেনশিয়্যাল, এদের কোন ডেফিনেশন নেই। আমার একটা ক্লাব আছে, এটা কোন প্রাইভেট আর্ন করে না, কোন ব্যবসা করে না, বা একটা লাইব্রেরী, এটা কোন ব্যবসা করে না, কোন রোজগার করে না, এটা একটা নন রেসিডেনশিয়্যাল ইন্সটিটিউশন, কিন্তু উইদাউট আর্নিং সুতরাং এই যে নতুন সারচার্জ বসাচ্ছেন এর ফলে এই ক্লাবের, লাইব্রেরীর ক্ষেত্রে শতকরা ৫০ ভাগ করে রেট বসে যাচ্ছে। তাহলে একটা হচ্ছে বিল্ডিং এর উপর শতকরা ৫০ ভাগ, জলের উপর ৫০ ভাগ, আলোর উপর শতকরা ৫০ ভাগ, তারপর দেখা যাচ্ছে কনজারভেন্সির উপর ৫০ ভাগ, চারটে ৫০ ভাগ লাগলো সুতরাং দেখা যাচ্ছে আমরা যা সারচার্জ দিই, তার দু গুণ সারচার্জ হিসাবে বেশী লাগছে। বর্ধমান ইত্যাদি পৌর এলাকায় ভাড়াটেদের শতকরা ৫০ ভাগ রেট দিতে হবে এবং ভাড়াও দিতে হবে, এই ধরণের অর্থ সংস্থানের উদ্দেশ্যটাকে সমর্থন করতে পারছি না।

শ্রীঅসমঞ্জ দে ঃ—মাননীয় স্পীকার, স্যার, আজকে বিধান সভায় মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে বঙ্গীয় পৌর আইন দ্বিতীয় সংশোধনী প্রস্তাব উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। তাকে সমর্থন জানাবার প্রাক্কালে আমাদের অপর দিকের সহকর্মী শ্রদ্ধেয় অশ্বিনীবাবু দু-একটি কথা বলেছেন। আমি নিশ্চিত ভাবে তাঁর বক্তৃতার প্রথম অংশের সঙ্গে একমত। আমরা নিশ্চিতভাবে একথা মনে করি যে, মহাত্মা গান্ধীর আদর্শ এবং চিন্তা অনুযায়ী স্বায়ত্ব-শাসনকে সার্থক এবং সম্পূর্ণ করে তুলতে হলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ দরকার। কিন্তু এরং সঙ্গে সঙ্গে একথাও বলা প্রয়োজন যে, আমরা পশ্চিমবাংলায় ১৯৭২ সালের আগের বিগত কয়েক বছরের পশ্চিমবাংলার পৌরসভাগুলির প্রশাসনের ইতিহাস যদি লক্ষ্য করি তাহলে দেখব পৌরসভাগুলির প্রশাসন সম্পূর্ণভাবে একটা সংকীর্ণ রাজনৈতিক ঘাঁটিতে

পরিণত হয়েছিল। তারা দেশের স্বার্থের কথা চিন্তা না করে তাদের প্রশাসনকে মাথা-ভারি এ্যাডমিনসট্রেসনে পরিনত করেছিল, জনস্বার্থকে সম্পূর্ণ বিঘ্নিত করেছিল নিয়ন্ত্রণমূলক কাজের কথা চিন্তা না করে। আর্থিক দায়-দায়িত্বের কথা, নিজেদের ক্ষমতা বা সামর্থের কথা চিন্তা না করে, সেই চিন্তার উর্দ্ধে উঠে সংকীর্ণ রাজনীতি করতে গিয়ে এলেমেলো ভাবে কেবলমাত্র চাকুরী দেওয়ার কেন্দ্র হিসাবে পৌরসভাগুলিকে পরিণত করেছিল। আজকে একথা নিশ্চিত-ভাবে মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে অশ্বিনীবাবুকে স্মরণ করিয়ে দেওয়া দরকার যে, Government is the guardian of these local bodies, Government is the creator of these local bodies. যদি লোকাল বডিগুলি তাদের আদর্শ থেকে বিচ্যুত হয়, জনস্বার্থকে বিঘ্নিত করে, তাদের ক্ষমতার অপব্যবহার এবং দায়িত্বহীনতার মাধ্যমে সংকীর্ণ রাজনীতির পিঠস্থানের কেন্দ্রে পরিণত করে পৌরসভাগুলিকে এবং কেবলমাত্র ঐ চাকুরী দেওয়ার কেন্দ্রে পরিণত করে তাহলে আজকে তাদের ওপর নিয়ন্ত্রণ অবশ্যই করা উচিত এবং সেই নিয়ন্ত্রণের প্রয়োজনে আজকে পৌরমন্ত্রী এই সংশোধনী এনেছেন, একে আমি স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। মাননীয় স্পীকার, স্যার, পশ্চিমবাংলায় ৯৩-টি পৌরসভা আছে এবং পৌরসভাগুলির সম্বন্ধে আমার অভিজ্ঞতা আছে আছে এবং দীর্ঘদিন পৌরসভা পরিচালনার অভিজ্ঞতা আছে—ঐ পৌরসভাগুলির চেহারা এমনই যে এদের অধিকাংশেরই আয় এত কম যে প্রায় সবটাই এসটাবলিসমেণ্ট কস্টেই ব্যয় হয়ে যায়। যার ফলে তাদের উন্নয়ন খাতে কোন ব্যয় করা সম্ভবই নয়। আজকে পৌরমন্ত্রী এবং সরকারকে স্বাগত জানাচ্ছি এই কারণে যে বিগত বিধান সভার অধিবেশনের সময় এনট্রি ট্যাক্সের অংশ পৌরসভাকে দিয়ে এই মৃতপ্রায় পৌরসভাগুলিকে বাঁচিয়ে তোলবার জন্য একটা গুরুত্বপূর্ণ এবং মহৎ পদক্ষেপ এই সরকার গ্রহণ করেছিলেন। ৯৩টি পৌরসভার স্ট্যাটিসটিকস থেকে আমরা দেখব ৫ কোটি টাকা পশ্চিমবাংলার ৯৩টি পৌরসভায় কালেকসন হয়েছে। রেসিডেনসিয়াল ক্ষেত্রে ২॥ কোটি টাকা এবং নন্-রেসিডেনসিয়াল এসটাবলিসমেণ্টের ক্ষেত্রে ২॥ কোটি টাকা—আজকে যদি এই ৫০% সারচার্জ নন্-রেসিডেনসিয়াল এসটাবিলসমেণ্টের ক্ষেত্রে হয় তাহলে ১ কোটি ২৫ লক্ষ টাকা আয় বাড়তে পারে। আজকে নিশ্চয়ই একথা মনে করব যে নন্-রেসিডেনসিয়াল এসটাবলিসমেণ্ট অফিস এসটাবলিসমেণ্ট, সিনেমা হল-এর ক্ষেত্রে এবং এবং যেখানে লোকেদের যাতায়াত প্রচুর পরিমাণে সেখানে লোকের চাহিদা বেশী, প্রয়োজন বেশী, সমস্যা বেশী, সেখানে সেই চাহিদাকে পূরণ করবার জন্য মিউনিসিপ্যাল সার্ভিসকে প্রচুর পরিমাণে রেণ্ডার করতে হয় তাই তার উপর সারচার্জ বসালে

নিশ্চয়ই অন্যায় হবে না। সেইসব জায়গায় সারচার্জ বসিয়ে মিউনিসিপ্যালিটি আয় করুক এবং আয় করে সেখানেই থেমে থাকা চলবে না, সেই অতিরিক্ত আয় দিয়ে ঐ সমস্ত নন্ রেসিডেনসিয়াল এ্যাকোমোডেসনে প্রচুর পরিমাণে মিউনিসিপ্যাল সার্ভিস দিক। মানুষ সেটাই চায়, মানুষ পরিষ্কার চায়, মানুষ জঞ্জাল মুক্ত নগরী চায়, মানুষ পরিচ্ছন্ন শহর চায়, মানুষ অতিরিক্ত মিউনিসিপ্যাল সার্ভিস চায়। তার জন্য যদি কিছু বা সামান্য পরিমাণে কর এই সমস্ত নন্-রেসিডেনসিয়াল এ্যাকোমোডেসনের ক্ষেত্রে করা হয় তাহলে জনসাধারণ নিশ্চয়ই সেবা পেলে, কাজ পেলে সেটা দিতে আপত্তি করবে না। একটা কথা বলা দরকার যে, এখানে কর বাড়ানো হচ্ছে, কি, হচ্ছে না, এটা দেখতে হবে। যদি ২০ টাকা কর হয় তাহলে আগে সেটা ওনার অফ্ দি হাউসকে দিতে হত, এখন কিন্তু সেই করটা বাড়ছে না, This would be divided between the owners of the building and the oecupier of the building.

এখানে এটা অনেকে ভুল করছেন, এখানে দেখা যাচ্ছে যে কর বেড়ে যাচ্ছে না। আর সারচার্জটা আলাদা কথা। করটা এখানে ভাগ হয়ে যাচ্ছে বিটুইন দি ওনারস এন্ড দি অকুপায়ারস। অর্থাৎ এখানে বাড়ানোর প্রশ্ন নেই। যারা মিউনিসিপ্যাল সার্ভিস ব্যবহার করছে, যারা ভোগ করছে মিউনিসিপ্যাল সার্ভিস তাদের ক্ষেত্রে এটা ৫০% দিতে হবে। আর একটা বড় কথা হচ্ছে, মিউনিসিপ্যাল অ্যাক্ট দীর্ঘদিন ধরে এটা আছে। আজকে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টকে এ্যাট পার-এ আনার চেষ্টা করা হচ্ছে। ক্যালকাটা মিউনিসিপ্যাল য়্যাক্টে এটা যুগ যুগ ধরে আছে যে, ওনার ৫০% দেবে অকুপায়ার ৫০% দেবে। বেঙ্গল মিউনিসিপ্যাল য়্যাক্টে এটা ছিল না, বেঙ্গল মিউনিসিপ্যাল য়্যাক্টে ৫০% নয়, ১০০%-ই ওনার দেবে। ক্যালকাটা মিউনিসিপ্যাল য়্যাক্টের সঙ্গে বেঙ্গল মিউনিসিপ্যাল য়্যাক্টের যে ডিসক্রিমিনেসন ছিল তাকে এ্যাট পারে আনা হচ্ছে। এটা পশ্চিমবাংলায় নতুন কিছু ঘটনা নয়।

[5-20—-530 p. m.]

একটি কথা বলা দরকার যে পৌরসভার ট্যাক্স বাড়লে আয় বাড়বে এর সঙ্গে আমি একমত নই। ৯৩টি municipality-র মধ্যে কোথাও 5%, কোথাও 20%, কোথাও 50% পর্যন্ত ট্যাক্স আদায় হচ্ছে না। সম্পতি ক্রয় করার জন্য notice দিলে পুলিশ জানালে পুলিশ বলে পুলিশ দিতে পারব না। মারপিট হোক তারপর আমরা

যাব। সুতরাং ট্যাক্স বাড়ালেই ট্যাক্স আদায় হবে তা নয়। Bengal Municipal Act সংশোধন করে চেয়ারম্যানকে আরও ক্ষমতা দিতে হবে যাতে সরকারী যন্ত্র এগিয়ে এসে warrant-এর ভিত্তিতে ট্যাক্স আদায় করতে পারে। ট্যাক্স আদায় করার মত পরিবেশ সৃষ্টি না করলে হবে না। তাঁকে বলছি ট্যাক্স বাড়াব বললেই হবে না সমস্ত tax-এর system, তার basis, তার structure যদি change না করা হয় এবং যে অক্ষমতা আছে তার যদি পরিবর্তন না করা হয় তাহলে কিছু হবে না। এ না করলে পৌরসভাগুলি টিকবে না। সরকারী অফিসগুলি ২।৪।৫।৬।১২ মাসের মত কেউ কেউ ট্যাক্স দেয় না এবং তারা বলে allotment আসেনি, minister বলেননি। পুলিশ ডাকলে D.M -এর বিরুদ্ধে কি করবেন? D M-এর বিরুদ্ধে কি warrant দেব। Cal Corporation-তো কান্নাকাটি করছে সরকার ট্যাক্স দিচ্ছে না—৫০ লক্ষ টাকা বকেয়া। Municipality-গুলির অবস্থাও তাই। সুতরাং ওঁদের অফিসগুলি যাতে ঠিকমত municipality-র ট্যাক্স দেয় সে ব্যবস্থা করতে হবে। সেজন্য বলছি ছোট ছোট diseneet সংশোধন করলে হবে না। Bengal Municipal Act 1932-র disceneet amendment না করে পুরো সংশোধন করুন যাতে মহাত্মা গান্ধীর চিন্তা ও আদর্শ অনুযায়ী স্বয়ং সম্পূর্ণ পৌরসভা করতে পারেন। এই বলে আমি শেষ করছি।

শ্রীসুপ্রিয় বসু ঃ—স্যার, মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন আমি তাঁকে সমর্থনই করছি না। তিনি যে spirit-এ চিন্তা করে এই বিল এনেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। পঃবাংলার মিউনিসিপ্যালিটিগুলির অবস্থা জরাজীর্নই শুধু নয়, যে কোন দিন কোন দাবীদার নীলাম করে পৌরসভার বাড়ী বিক্রি করতে পারে। যাহোক, আমি বিশ্বাস করি দেরী হলেও অনেক চিন্তা করে তিনি যে পৌরসভাগুলির অবস্থার উন্নতি করতে চেয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই বিলের মধ্যে পৌরসভার আয় বাড়ান এবং ব্যয়ের উপর সরকারী control এবং surcharge ইত্যাদি কিছু কিছু বিধান নেওয়া হয়েছে।

যাঁরা পৌরসভার কমিশনার ছিলেন বিভিন্ন জায়গায় তাঁরা আমাদের শ্রদ্ধেয় হলেও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মিউনিসিপ্যালিটির উন্নতির কথা চিন্তা না করে ইচ্ছামত চাকরি শুধু দেননি, কোন রিটায়ারমেণ্ট এজ পর্যন্ত রাখেননি, যাকে পাসোন্যালি ভালবাসেন তাকে যতদিন খুশী চাকরি করতে দিয়েছেন। ফলে মিউনিসিপ্যালিটিতে ওয়ারথলেস লোকের সংখ্যা গাদা গাদা বেড়েছে, কাজকর্ম কিছু হয়নি। তাই সুপার এ্যানুয়েসান এজ সম্বন্ধে, রিটায়ারমেণ্ট হলে

তাদের রি-এমপ্লয়মেণ্ট সম্বন্ধে এই বিলে যে প্রভিসানের কথা বলা হয়েছে এবং গভর্নমেণ্ট চাকরির রিটায়ারমেণ্ট এজের সাথে এ্যাট পার করার যে কথা বলা হয়েছে আমি তাকে অভিনন্দন এবং সমর্থন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এসট্যাবলিসমেণ্ট খরচের উপর নজর রাখবেন. সেটা ফিক্স করে দেবেন বলে যেটা এসেছে সেটা প্রচণ্ড যুক্তিযুক্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাওড়ার লোক, হাওড়া সম্বন্ধে আপনি অনেক জানেন. আমাদের তরুণ মন্ত্রী যে দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে অনেকটা এগিয়ে এসেছেন তিনিও অনেক কিছু জানেন. এসট্যাবলিসমেণ্ট খরচ যদি দেখি তাহলে দেখব শুধু মাইনে দেবার জন্য প্রতি বছর ১৯৭৩-৭৪. ১৯৭৪ ৭৫, ১৯৭৫-৭৬ সালে এ্যাভারেজে ওয়েজ এণ্ড মিনসের জন্য সরকার ৫০ লক্ষ টাকা দিয়েছেন। এই ৫০ লক্ষ টাকা দেওয়া সত্ত্বেও মিউনিসিপ্যালিটিতে বর্তমানে প্রায় ৮০ লক্ষ টাকা প্রভিডেণ্ট ফাণ্ডে জমা দেওয়া হয়নি, হাওড়া মিউনিসিপ্যালিটিতে কম্পালসারী ডিপজিটে প্রায় ৬ লক্ষ টাকা জমা দেওয়া হয়নি, ইনসিওরেন্সে ৬/৭ লক্ষ টাকা জমা দেওয়া হয়নি। ৫০ লক্ষ টাকা বছরে সরকার অনুদান দেওয়া সত্ত্বেও মিউনিসিপ্যালিটির উপর কয়েক কোটি টাকার ঋণের বোঝা চেপে আছে। আজকে শুধু ট্যাক্স বাড়ালেই হবে না, এণ্টায়ার এ্যাডমিনিষ্ট্রেশানের স্ট্রাকচারের যদি উন্নতি করতে না পারা যায় তাহলে কোন লাভ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেণ্টে ড্রেন কুলির সংখ্যা ৩০০/৩৫০. তার মধ্যে ১৫০ জন বাবু, তারা কাজ করে না. তারা বেকার ভাতা পাচ্ছে। তারা আসে, চলে যায়। মিউনিসিপ্যালিটি যদি বেকার ভাতা দেওয়ার জায়গা হয়ে থাকে তাহলে ব্যয় সংকোচ কি করে হবে? কিছুদিন আগে দেখেছি কলকাতা কর্পোরেশানে ঘোষ্ট এমপ্লয়ীদের ছাঁটাই করেছে, ফলে ব্যয় সংকোচ নিশ্চয়ই হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি হাওড়া মিউনিসিপ্যালিটিতে কণ্ডারভেন্সি ডিপার্টমেণ্টে যথেষ্ট পরিমাণে ঘোষ্ট এমপ্লয়ী আছে। শুধু তাই নয়, আজকে সি এম ডি এ বহু খাটা পায়খানা প্রিভিতে কনভার্ট করেছে। ১৫০ জন প্রিভি ক্লিনার-এর কাজ নেই, সমস্ত জায়গায় হাজার হাজার পাকা প্রিভি হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু এখানে কণ্ট্রোল করলে হবে না, এজন্য যথাযথ মেশিনারী ফিক্স করতে হবে। যারা ঘোষ্ট এমপ্লয়ী আছে, যারা সারপ্লাস. যে সমস্ত ড্রেন কুলি বাবু হয়েছে তাদের সম্বন্ধে চিন্তা করতে হবে। আমি আমাদের তরুণ মন্ত্রী মহাশয়কে কোন কিছু কটাক্ষ করে বলছি না, তিনি আমাদের বন্ধু, তিনি কলকাতা কর্পোরেশান সম্বন্ধে যথেষ্ট সময় দেন। কলকাতা ভারতবর্ষের মধ্যে প্রসিদ্ধ শহর. কিন্তু তাই বলে হাওড়া মিউনিসিপ্যালিটিকে নেগলেক্ট করা চলে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি অপরাধ নেবেন না, তিনি লোকাল সেলফ গভর্নমেন্টের মন্ত্রী নেই, তিনি কলকাতা কর্পোরেশানের মন্ত্রী হয়ে গেছেন। কলকাতা কর্পোরেশানে তিনি যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন সেই রকম হাওড়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে মাসে একদিন বা দু'মাসে এক দিন দেখেন এবং দায়িত্বপূর্ণ অফিসার পাঠান তাহলে যথেষ্ট কাজ হতে পারে। ব্যয় সংকোচ কি করে করবেন, যে কনজারভেন্সি লরি আছে সেগুলি খারাপ করে রেখে দেওয়া হয়েছে, মাসে লক্ষ লক্ষ টাকা ভাড়া লরির পিছনে দেওয়া হয় এবং ভাড়া লরির বিল তাড়াতাড়ি পাশ হয়ে যায়।

[5-30—5-40 p. m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, শুধু ট্যাক্স বাড়ালেই চলবে না। মেসিন্যারিকে মজবুত করতে হবে এবং যে মেসিন্যারির উপর ট্যাক্স কালেকসন নির্ভর করছে তাদের হাতে এটা দিতে হবে। এই মেসিন্যারি ২/২॥ কোটি টাকা ট্যাক্স তুলতে পারেনি। তারা ট্যাক্স আদায় করতে যায় কিন্তু তারা জিজিয়া কর তুলে নিয়ে আসে। গত বাজেট সেসনে মন্ত্রী মহাশয়ের মাধ্যমে এখানে একটা বিল উপস্থাতি হয়েছিল। হাওড়ার মেসিন্যারির উপর ট্যাক্স ধার্য করবার কথা হয়েছিল এবং সেটা যদি হোত তাহলে ৩০/৪০ লক্ষ টাকা মিউনিসিপ্যালিটির আয় বাড়ত। কিন্তু আমরা দেখলাম সেই মেসিন্যারির উপর ট্যাক্স চালু হয়নি। আজকে সারচার্জের কথা বলা হচ্ছে। তাদের কাছে আড়াই/তিনকোটি টাকা ট্যাক্স কালেকসন বাকী, যেটা আদায় হয়নি, তার উপর আপনি আজ সারচার্জের কথা বলছেন। আপনি সারচার্জ করুন, কিন্তু সেটা কিভাবে করবেন সে বিষয় আপনাকে চিন্তা করতে হবে। হাওড়া শিল্প পতিদের শহর, তাদের লক্ষ লক্ষ টাকা রোজগার হয়। আপনি সেখানে সারচার্জ ফিফটি পারসেন্ট কেন করছেন, তার বেশী করুন। তারপর আমার অনুরোধ হচ্ছে হাওড়ায় এই লাইসেন্স ফি সম্বন্ধে আপনাকে আর একটু চিন্তা করতে হবে। গেস্ট কিন উইলিয়াম কোটি কোটি টাকা আয় করছে অথচ তারা ২৫০/৫০০ টাকা লাইসেন্স ফি দিয়ে চলে যাচ্ছে। নন রেসিডেন্সিয়াল এ্যান্ড কমার্শিয়াল ইডস্—এর জন্য যে সমস্ত হোল্ডিং আছে তাদের ক্ষেত্রে এই লাইসেন্স ফি সম্বন্ধে আপনাকে চিন্তা করতে হবে। আমি আর একটা অনুরোধ করছি আপনাকে টোট্যাল এ্যাডমিনিস্ট্রেসনের অবস্থাকে ইমপ্রুভ করতে হবে। শুধু ওনাররা নয়, অকুপায়ারকেও ট্যাক্স দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের হাওড়ার রাস্তাঘাটের কি অবস্থা।

আপনি যখন বাড়ী থেকে বের হন তখন আপনি নিশ্চয়ই লক্ষ্য করে থাকেন রাস্তা ঘাট কি নোংরা অবস্থায় রয়েছে, কত জঞ্জাল রাস্তায় জমে রয়েছে। আপনি যখন বাড়ী থেকে আসেন তখন অনেক সময়ই আপনি সোজা রাস্তায় আসতে পারেন না, রাস্তার দুরবস্থার জন্য আপনাকে অনেক সময়ই ঘুরে ঘুরে আসতে হয়। এছাড়া প্রতিদিনই শুনছি এই বাড়ীতে জল নেই, ওই বাড়ীতে জল নেই। এই হচ্ছে আমাদের হাওড়ার অবস্থা। আমরা রুলিং পার্টি হিসেবে বিল পাশ করতে পারি, কিন্তু আমি মনে করি যে পর্যন্ত না অবস্থার উন্নতি করতে পারছি, লোককে এ্যামিনিটিস দিতে পারছি সে পর্যন্ত আমাদের ট্যাক্স ধার্য করবার কোন অধিকার নেই। জরুরী অবস্থা একথা বলেনা যে আমরা এ্যামিনিটিস দেবনা বা মিউনিসিপ্যাল এমপ্লয়ীজদের মাইনে দেব না। আমি দুঃখের সঙ্গে বলছি আমরা যদি এ্যামিনিটিস না পাই তাহলে আমরা আন্দোলন করব যে ট্যাক্স দিওনা। আমাদের মনে রাখতে হবে এ্যামিনিটিস না দিয়ে ট্যাক্স বাড়ান চলবে না।

আজকে হাওড়া মিউনিসিপ্যালিটিতে যদি যান একটা মিউটিশান এর কথা বলুন, একটা প্ল্যান শাংসানের কথা বলুন একটা ফেরুল পরিস্কারের কথা বলুন একটা ওয়াটার কানেকশানের কথা বলুন সেখানে ঘুষ ছাড়া কিছুই হবে না। আজকে সুব্রত মন্ত্রী হিসাবে না গিয়ে সেখানে যান তাহলে টুলে বসিয়ে রাখবে এবং বলবে যে এত লেভী না দিলে কোন কাজ হবে না। অতএ. টোটাল এ্যাডমিনিস-ট্রেশান যদি ইম্প্রুভ না করা যায় যতই আপনি বিল আনুন, যতই এ্যামেন্ডমেণ্ট আনুন, আপনি যতই রেভিনিউ বাড়ানোর কথা চিন্তা করুন কিছুই হবে না। দুর্দশাগ্রস্ত হাওড়া মিউনিসিপ্যালিটি যেটা এশিয়ার মধ্যে বৃহত্তম সে সম্বন্ধে আমি স্যার-আপনার মাধ্যমে অনুরোধ করছি যদি অধিকার থাকে তাহলে দাবী করছি যে কলকাতা কর্পোরেশানের শুধু মন্ত্রী হবেন না, দয়া করে এল, এস, জির মন্ত্রী হউন, পশ্চিমবাংলার মন্ত্রী হউন। আপনি মাসে একদিন চলুন হাওড়া মিউনিসিপ্যালিটিতে চলুন আপনি ঘোষ্ট এম্প্লয়ী ধরুন আপনি বাবুকুলী ধরুন এ্যাডমিনিসট্রেশানকে ইম্প্রুভ করুন তাহলে হাওড়ার মানুষ পশ্চিমবাংলার মানুষ আপনাকেআশীর্বাদ করবে। স্যার, আপনি আমাকে এই সময় দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং মন্ত্রী মহাশয়ের স্পিরিট যাতে বাস্তবে রূপায়িত হতে পারে এই আশা রেখে আমি এই বিলকে সমর্থন করছি এবং আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রীশিশিরকুমার ঘোষ ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেঙ্গল মিউনিসিপ্যালিটি সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিল ১৯৭৬-এর আলোচনা করতে গিয়ে কয়েকটা কথা আমি

আপনার মাধ্যমে এখানে বলতে চাই। সেই চারটা উদ্দেশ্য নিয়ে মাননয়ী মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত করেছেন। সেই চারটা উদ্দেশ্যের মধ্যে দুটিতে আছে মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক অবস্থা উন্নয়নের একটা পেটেন্ট ঔষধ তিনি আবিস্কার করেছেন। তিনি আবিস্কার করেছেন ঐ যে দোকানদারগুলি মুদীর পানের বিড়ির দোকান করে কোন মতে ঘরভাড়া নিয়ে আছে, হয়ত প্রতিমাসে ঘরভাড়া দিতে পারে না তাদের উপর কিছু সারচার্জ-এর ব্যবস্থা করে দেওয়া হল। এর কেন দেওয়া হল না তোমরা মিউনিসিপ্যালিটির এ্যামেনিটিস ভোগ করছ, রাস্তা দিয়ে তুমি হাটছো—হয়ত রাস্তাগুলি খোঁড়া আছে তুমি হোচট খাচ্ছ তবুতো রাস্তা, এবং যে কল থেকে জল খাচ্ছ এবং তোমার দোকানের পাশে ড্রেন আছে সেই ড্রেন পরিষ্কার হউক আর নাই হউক অতএব তোমাকে এই সনস্ত এ্যামেনিটিস এর জন্য সারচার্জ করা হল। অথাৎ তোমার আর্থিক অবস্থা যাই হউক তোমাকে সেই বড় দোকানদার এবং বড় গোডাউনের মালিক-এর সমপর্যায়ে শতকরা ৫০ হিসাবে ৫০ পারসেন্ট সারচার্জ দিতে হবে। এই সারচার্জ তুলে মন্ত্রীমহাশয় আশা করছেন যে মিউনিসিপ্যালিটির ফান্ড তিনি বাড়াতে সক্ষম হবেন। এবং মিউনিসিপ্যালিটির খরচগুলি তুলতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি বড় বড় দোকানদার এবং বড় গোডাউনে মালিকদের উপরে যদি সারচার্জ বসাতেন তাহলে তার মানে বুঝতাম। এখন যারা ১০/১৫/২০ টাকা ভাড়া দিচ্ছেন তাদের উপরেও সারচার্জ রেহাই দিলেন না এটা একটু মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করবেন। বড় দোকানদার বড় গো-ডাউনের মালিক তারা সকলেই ৫০ পারসেন্ট সারচার্জ দেবে এটা ঠিক বলে আমি মনে করি না। তারপর দ্বিতীয় কথা বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে ১৩২ ধারায় ছিল বাড়ীর মালিক মিউনিসিপ্যাল ট্যাক্স দেবে কিন্তু এখানে সংশোধন করে বলা হল এই ট্যাক্স অর্দ্ধেকের টাকা বাড়ীর মালিক এবং অর্ধেক দেবে ভাড়াটীয়া। স্যার, আমি একটি উদাহরণ দিয়ে এখানে বলতে চাই।

[5-40—5-50 p. m.]

আমি ১৯৪৫ সালে খড়দাতে একটা বাড়ীতে থাকতাম সেই বাড়ীটাতে মাত্র ৫ টাকা ভাড়া দিতাম। এখন সেই ঘর দুখানার ভাড়া দিতে হচ্ছে ১৫০ টাকা।

মিঃ স্পীকার ঃ—আগে একটা ইটের দাম কত ছিল এবং এখন সেটা কত হয়েছে

শ্রীশিশিরকুমার ঘোষ :—সেটা ঠিক কথা, কিন্তু আমার কথা হচ্ছে যে এটা তো আর নূতন করে কনষ্ট্রাকশন হচ্ছে না বরং সেটার ডিপ্রিসিয়েশন হচ্ছে, ১৯৪৫ সালের ৫ টাকা এখন ১৫০ টাকা হয়েছে। তার কারণ কি ? সেটায় বলছেন আগে তোমার জল ছিল না এখন জল হয়েছে, আগে কাঁচা রাস্তা ছিল এখন পাকা রাস্তা হয়েছে, আগে ড্রেন ছিল না এখন ড্রেন হয়েছে। এই যে এ্যামেনিটিস বেড়েছে এর সঙ্গে সঙ্গে সেইভাবে ভাড়াটের ভাড়াও বেড়ে গিয়েছে। সেইজন্য ভাড়াতে এই এ্যামেনিটিস বাড়ার দরুণ অলরেডি পে করেছে। এখন নূতন করে ৫০ পারসেন্ট বাড়ান হলে একটা ভাড়াটের উপর দু'বার ট্যাক্সেশন হচ্ছে, সেইজন্য আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে এটা অমিট করে দিতে হবে। অর্থাৎ এই টাকাটা অন্তত যে বাড়ীওয়ালা তার দেওয়া উচিত। তারপর দেখুন পরবর্তীকালে হল কি, সুপার এ্যানুয়েশন। সুপার এ্যানুয়েশনে আমি বলছি যে মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে সার্ভেন্ট কথাটা তুলে দিন। এখানে প্রশ্ন হচ্ছে কে কার সার্ভেন্ট কে কার অফিসার, এই অফিসার —সার্ভেন্ট, এই দুটি কথা মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে ছিল না এখন আর মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে তা না আনাই ভালো। অতএব এই অফিসার এবং সার্ভেন্ট এই দুটি কথা না তোলাই ভাল। তারপর মাননীয় স্পীকার, স্যার, আপনি দেখুন এক্সপেনডিচার, এই এক্সপেনডিচার সম্পর্কে আমাদের রাজ্য সরকার বলছে যে এক্সপেনডিচারের ব্যাপারটা আমাদের দেখতে হবে। অর্থাৎ কিনা বোর্ড অব কমিশনার্স তারাও ইলেকটেড হয় জনসাধারণের ভোটে। তাদের একটা বিশেষ দায়িত্ব থাকে, সেই দায়িত্ব নিয়ে তারা আসে। এখানে আগে থাকতেই ধরে রাখা হচ্ছে যে সেই বোর্ড অব কমিশনার্সএ যারা আসবে, যে প্রতিনিধিরা, সেই প্রতিনিধিদের একটা প্রবনতা আসে সেই এক্সপেনডিচার বাড়িয়ে দেওয়ার। কিন্তু আমরা মনে করি যে দায়িত্বশীল যারা প্রতিনিধি তারা আয় এবং এই উভয়ের হিসাব রেখেই কাজ করেন। কিন্তু এই যে এক্সপেনডিচার সরকারের আওতায় আনা হচ্ছে, সরকার তো দেখছি, মাননীয় স্পীকার, স্যার আস্তে আস্তে সবই বিকেন্দ্রীকরণের জায়গায় কেন্দ্রীভূত করছেন নিজেদের ক্ষমতাটা। এই যে কেন্দ্রীভূত করছেন ক্ষমতাটাকে তাতে আপনি জানেন যে ৯৩টি মিউনিসিপ্যালিটির বেশীর ভাগ এখন সরকার তার একজিকিউটিভ অফিসার দ্বারা পরিচালনা করছেন। এই একজিকিউটিভ অফিসাররা দিনের পর দিন ধরে পরিচালনা করছেন। আমি একটার পর একটা মিউনিসিপ্যালিটির নাম করে বলতে পারি এই একজিকিউটিভ অফিসাররা যাবার পরে খুব কম মিউনিসিপ্যালিটিই আছে যার কোন উন্নতি হয়েছে, বরং অবনতির পথেই গিয়েছে এবং এইগুলিতে সরকারী একজিকিউটিভ অফিসার নিয়োগ করে

তাদের দুর্নীতি, তাদের অন্যায়, তাদের অত্যাচার, সেই সমস্ত ঘটনাগুলি পৌর বিভাগে জানান সত্ত্বেও পৌর বিভাগ তার একটা উত্তর দেয়নি পর্যন্ত বা দেওয়া ঠিক মনে করেন না। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে খড়দা মিউনিসিপ্যালিটির ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে বহুবার এই এ্যাসেম্বলীতে বলা হয়েছে, চিঠি দেওয়া হয়েছে। বলা হয়েছে যে আপনি সময় করুন, খড়দার সমস্ত যাঁরা নামি লোক, যাঁরা এককালে চেয়ারম্যান ছিলেন, যারা এককালে এম. এল. এ. ছিলেন, সেই সমস্ত লোক এবং ওখানকার সাংবাদিক, সমস্ত রিনাউন্ড লোক, তাদের লিষ্ট দেওয়া হয়েছে যে আপনি এঁদের নিয়ে একবার বসুন, খড়দা মিউনিসিপ্যালিটির নাগরিকদের অসুবিধা কি সেটা শুনুন কিন্তু দুঃখের কথা মাননীয় মন্ত্রী মহাশয় চিঠিতে বলে দিলেন যে অমুকের সঙ্গে যোগাযোগ করুন। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় একটু চিন্তা করলেন না যেহেতু এখানে বোর্ড অব কমিশনার্স নেই, এম, এল, এ, একজন জন প্রতিনিধি তার একটা চিঠির সামান্যতম সম্মান দেখান উনি উচিত মনে করেননি। আমি আগেই বলেছিলাম যে মাননীয় সুব্রত বাবুর তথ্য বিভাগ সম্পর্কে আমার অত্যন্ত ভাল ধারণা যে সেখানে অত্যন্ত ভালভাবে তিনি কাজ করছেন কিন্তু একথাও বলেছিলাম যে এই মিউনিসিপ্যালিটি এই মিউনিসিপ্যালিটির ব্যাপারে সুব্রতবাবুর এত অনীহা কেন সেটা জানি না। কলকাতা কর্পোরেশনের কথা সুব্রতবাবু বলেছেন যে কলকাতা কর্পোরেশন যথেষ্ট সময় পেয়েছে কিন্তু পশ্চিমবংগের মিউনিসিপ্যালিটিগুলির সমস্যা, বিশেষভাবে যে মিউনিসিপ্যালিটিগুলিতে নিজেদের প্রতিনিধিদের সরিয়ে দিয়ে একজিকিউটিভ অফিসার নিয়োগ করা হয়েছে তার সম্পর্কে যদি কোন অভিযোগ আসে সেই অভিযোগটা পৌর ডিপার্টমেন্ট থেকে সুরু করে মন্ত্রী পর্যন্ত তাঁরা কেউ দেখবেন না, কেউ বিচার করবেন না, এটা কি করে হতে পারে।

খড়দা মিউনিসিপ্যালিটি সম্পর্কে একথা বলা হয়েছে। নির্বাচন করুন, ৯৩টি মিউনিসিপ্যালিটি এর বেশীর ভাগ মিউনিসিপ্যালিটিতেই প্রতিনিধি নেই, যোগ্য প্রতিনিধি নেই। কোন কারণে সরিয়েছেন, ঠিক আছে, আবার নির্বাচন করুন। প্রতিনিধি এখন যদি আনতে না পারেন, যে অভিযোগ আছে, সেই অভিযোগগুলি তদন্ত করুন। তদন্ত করার পর বজবজ মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে যা করেছেন, একটা এ্যাডভাইসরি বডি করে দিয়েছেন, তাদের হাতে ক্ষমতা দিয়েছেন, সেই রকম একটা এ্যাডভাইসরি কমিটি করে দিন। কিন্তু সেই এ্যাডভাইসরি কমিটি কি নীতিতে গঠিত হয়, কোথায় গঠিত হবে, কি হলে গঠিত হবে। সেটা আমরা জানতে পারলাম না। কারণ বজবজে গঠিত হবে। কিন্তু এর থেকে সিরিয়াস অভিযোগ খড়দা

সম্পর্কে আনা হয়। খড়দার প্রাক্তন সমস্ত চেয়ারম্যান, এবং এম, এল, এ, এবং কমিশনার বিভিন্ন দলের লোক নেওয়া সত্ত্বেও এই প্রস্তাবটা মাননীয় ম-ত্রীমহাশয় বিচার করছেন, না বিবেচনা করছেন, না তাদের নজরে আছে তাও আজ পর্যন্ত বুঝতে পারলাম না। এই যদি ঘটনা যে ক্ষমতাকে কেন্দ্রীভূত করলেই কাজটা ভাল হয়, এই উদাহরণ দিলাম কেন্দ্রীভূত হলেই হয় না, ভীষণভাবে লক্ষ্য রাখা চাই দায়িত্বগুলি নিয়েছেন, পালন করবার ক্ষমতা আপনার পৌর বিভাগের আছে কিনা, সে বিষয়ে সন্দেহ রয়েছে। সেজন্য আমি মনে করি যে অবিলম্বে যে সমস্ত পৌরসভার নির্বাচন হয়নি, সেই সমস্ত পৌরসভা নির্বাচনের মাধ্যমে প্রতিনিধিদের হাতে ছেড়ে দিন। তাঁরা সেখানে সমস্ত মিউনিসিপ্যালিটি পরিচালনার ব্যবস্থা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে রকম ননরেসিডেন্সিয়েল এবং কমার্শিয়াল পারপাসে তিনি যে সমস্ত সার চার্জ করে যাচ্ছেন, আমাদের পরিষ্কার বক্তব্য, আমাদের পরিষ্কার বক্তব্য যে ননরেসিডেন্সিয়েল এবং কমার্শিয়াল পারপাস আমাদের দেশে যদি হয় তাহলে লাইব্রেরী বার ক্লাব এগুলির কি হবে? এগুলি কি করে করবেন? এগুলি যাতে সার চার্জের আওতায় না পড়ে তার জন্য, আমাদের পৌরসভার উন্নতির জন্য বন্ধু অসমঞ্জ দে বলেছেন, সুপ্রিয়বাবু বলেছেন, আমিও বলি—বহুদিনের আমাদের যে অভিজ্ঞতা, এই পৌরসভার সঙ্গে যুক্ত আছি, আইন পাশ করে দিচ্ছেন কিন্তু পৌরসভার হাতে কি ক্ষমতা? উইদাউট প্ল্যান অথবা নট একর্ডিম টু দি প্ল্যান বাড়ী একের পর এক হয়ে যাচ্ছে। মিউনিসিপ্যালিটি নোটিশ করছে থানায় প্রটেকশন দাও, যাতে প্ল্যান না করতে পারে, বাড়ী না করতে পারে উইদাউট প্ল্যান, সেই চিঠি আবার পরেও থানা চুপ করে বসে আছে। সুতরাং বাড়ীগুলি তৈরী হয়ে গেলে চল কোর্টে, সিভিল কোর্টে চল মামলা কর কয়েক বছর। এই সমস্ত জিনিসের জন্য মিউনিসিপ্যালিটির একটা ক্ষমতা থাকা দরকার। মিউনিসিপ্যালিটির এই জাতীয় চিঠি পুলিশ বিভাগ সাথে সাথে কার্যকরী করুক, বা যাতে আন-অথরাইজড কনস্ট্রাকশন না হতে পারে, তার একটা ব্যবস্থার জন্য পৌর মন্ত্রী মহাশয় উদ্যোগ নিন। দ্বিতীয়তঃ একথা ঠিক সরকারের কাজে যেমন বিভিন্ন ত্রুটি থাকে, বিভিন্ন কমিটির রিপোর্টের মাধ্যমে যে গ্রস মিস্টেক ধরা পড়েছে, বহু পৌরসভা আছে যেখানে ত্রুটি বিচ্যুতি আছে, অন্যায়-ভাবে লোকের নাম আছে, সেই লোকগুলি হয়ত কাজই করে না। সেজন্য অধ্যক্ষ মহাশয়, আমি আর একটু দাবী করতে চাই, আমি পরিষ্কারভাবে পশ্চিমবাংলার ৯৩টি মিউনিসিপ্যালিটিতে যত লোক কাজ করে তাদের য়্যাপয়েন্টমেন্ট কি করে দেয় এবং তাদের নাম আছে কে কোথায় কাজ করে এবং যথাযথ নাম থাকা সত্ত্বেও যথাযথ ডিপার্টমেন্টের কাজ করে কিনা, সে সম্পর্কে পরিপূর্ণ তদন্ত হওয়া দরকার। পরিপূর্ণ

তদন্ত যদি করতে চান তাহলে এফিশিয়েণ্ট ওয়ারকার চাইলে সেটা পাবেন। কিন্তু আমরা জানি কয়েকটি মিউনিসিপ্যালিটির নাম বলে দিতে পারি, যেখানে কনজাভেন্সীতে নাম দিয়ে মজুর নিচ্ছে, কিন্তু তারা কেউ মজুরের কাজ করে না। কিন্তু কনজাভেন্সীর নাম দিয়ে না নিলে আপাততঃ লোক নিতে পাচ্ছে না, ফলে যে সমস্ত ছেলেদের নিচ্ছে, তাদের দিয়ে মজুরের কাজ করায় কি করে, ড্রেন পরিষ্কার করায় কি করে ?

[5-50—6-00 p.m.]

সেই জন্য ড্রেন পরিস্কার না করিয়ে তারা অন্য কাজ অন্যভাবে প্রোভাইড করে রেখেছে। এই জিনিষগুলোর তদন্ত হবে কিনা। এই জিনিষগুলোর যদি তদন্ত করতে যাই তাহলে আমি মনে করি পৌর ডিপার্টমেণ্ট যেটা মনে করছেন যে তারা একটা এ্যাফিসিয়েন্ট এমপ্লই ওখানে দেখাতে চায় যারা সঠিকভাবে মিউনিসিপ্যালিটি পরিচালনা করছেন। তাহলে করতে পারবেন তা না হলে সম্ভব নয়। তা না হলে খালি ট্যাক্স আদায় করে টাকা হাতে দিয়ে দিলে তা সম্ভব নয়। একথা ঠিকই যে আপনি যা বলছেন যে ফিফটি পারসেণ্ট রেট-পেয়ারস দেবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি হাওড়ার লোক আপনার অভিজ্ঞতা আছে, আমি টিটাগড়ের লোক আমারও অভিজ্ঞতা আছে। এক একটা বাড়ীতে ৫০ টা থেকে ৬০ টা ভাড়াটে আছে। যে ওনার ছিল সে টাকা দিতো মিউনিসিপ্যালিটিকে। এবার কি হলো ফিফটি পারসেণ্ট ওনার দেবেন, আর ফিফটি পারসেণ্ট ওই ভাড়াটে দেবে। এখন ফিফটি পারসেণ্ট টাকা ভাড়াটে দেবে ঠিক হলো—এখন মনে করুন ফাস্ট কোয়াটার বা সেকেণ্ড কোয়াটার না দিয়ে কোন একদিন সেই ভাড়াটে বাড়ী ছেড়ে চলে গেলেন। এই যে দুটো কোয়াটার না দিয়ে চলে গেলে এই দুটো কোয়াটার রিয়ালাইস করবার ব্যবস্থা কোথায় ? এই দুটো কোয়াটার কি করে রিয়ালাইজ হবে। আমি মনে করি উনি যেটা চেয়েছিলেন যে বাড়ীওয়ালাকে কিছুটা রিলিফ দিতে—এতে বাড়ীওয়ালারা হয়তো কিছু রিলিফ পাবে কিন্তু পৌর কর যথার্থ ক্ষতিগ্রস্থ হবে। কারণ ভাড়াটেদের ঠিক নেই। আপনি জানেন অভাবের তাড়নায় লোকে এক মুদিখানার দোকান থেকে মাল খায় এবং যখন দেখে যে একটা বেশ মোটামুটি বেশ মোটা টাকা হয়েছে তখন পালটিয়ে অন্য মুদিখানার দোকানে যায়। তেমনি যখন দেখবে যে পৌর কর অনেক বেশি চেপেছে তখন ওই বাড়ী পাল্টে চলে যাবে। তাই এই ফিফটি পারসেণ্ট যে কি করে আদায় হবে সে সম্পর্কে পৌরমন্ত্রীর বক্তব্য শুনতে চাই।

আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে সুপারএ্যানুয়েসান। এই সম্পর্কে তাঁরা বলছেন যদি কাউকে তার কর্মকালের শেষ হওয়ার পর যদি তাকে সময় দিতে চান তাহলে সরকারের মতামত সাপেক্ষ দেওয়া চলবে। আমি তো আগেই বলেছি, সরকারের মতামত নেওয়ার মানে কি ? যে চিঠি পৌর ডিপার্টমেণ্ট আসবে তার উত্তর আর মিউনিসিপ্যালিটিতে ফিরে যাবে না। দ্বিতীয় কথা মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে অনেক দায়িত্বশীল পোষ্ট আছে যেগুলো কার্যকাল শেষ হয়ে যাওয়ার পরেও অবস্থার চাপে ২/১ বছর সেই লোককে রাখার প্রয়োজন হয় যেমন সুয়েরেজ সুপারিনটেনডেণ্ট, সুয়েরেজ ইঞ্জিনীয়ার। এই সমস্ত পোষ্টগুলো অত্যন্ত দামী পোষ্ট, অত্যন্ত রেসপনসিবল পোষ্ট। অথচ ওদের স্কেল অফ পে এতো কম যে সেখানে লোক পাওয়া কঠিন। কিন্তু যদি মিউনিসিপ্যালিটির হাতে সে ক্ষমতা না থাকে যে কারো কার্যকাল বাড়ানো সম্পর্কে তাহলে সেটা খুব ক্ষতি হবে বা কাজের অসুবিধা হবে। আমার বক্তব্য কার্য্যকাল বাড়ানোর ক্ষমতা মিউনিসিপ্যালিটির হাতে থাকবে। কার্য্যকাল বাড়িয়ে মিউনিসিপ্যালিটি গভর্ণমেণ্টকে জানাবে। গভর্ণমেণ্ট যদি মনে করেন যে সেটা অন্যায়ভাবে বাড়ান হয়েছে গভর্ণমেণ্ট পরবর্তীকালে জানাতে পারেন। আগে স্যাংসান নিয়ে কার্য্যকাল বাড়ানো সম্ভব নয়।

পরিশেষে যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট আমরা দিয়েছি সেগুলো মুভ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপন চট্টোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী পশ্চিম-বঙ্গের জরাজীর্ণ পৌরসভাগুলির আর্থিক ব্যবস্থা করার জন্য যে বিল পেশ করেছেন আমি তাঁকে সাধুবাদ জানাই। পৌরসভাগুলোতে যে সমস্ত দুর্নীতি আছে এবং যে সমস্ত কায়েমী স্বার্থবাদী আছে তার বিরুদ্ধে তিনি সংগ্রাম করছেন। সেই সঙ্গে পৌরমন্ত্রীকে অনুরোধ করি এ্যাসেসমেণ্ট ডিপার্টমেণ্ট পৌরসভা থেকে তুলে দিন।

একটা উদাহরণ দিলে বুঝতে পারবেন। একজন এ্যাসেসার এ্যাপয়েণ্ট হোল। সে বলছে আমার ১০ জন আর্টিক্যাল ক্লার্ক লাগবে। যেখানে পাঁচ হাজারের মত নাম আছে তার জন্য তার এই দরকার। ১০ জন আর্টিক্যাল ক্লার্ক করবে। পরে জানতে পারলাম যে সে এখান থেকে কয়েক লক্ষ টাকা তুলে নিয়ে যাবে। এই হচ্ছে ঘটনা। পৌরসভায় কর্মচারী আছে এ্যাসেসমেণ্ট ফি ঠিক করার জন্য এ্যাসেসমেণ্ট ডিপার্টমেণ্ট আছে এবং এই মিউনিসিপ্যালিটির এ্যাসেসমেণ্ট ডিপার্টমেণ্টে কতকগুলি পাকা চোর আছে তারা সমস্ত এ্যাসেসমেণ্ট করে নানা রকম ঘুষ চলে। যেমন পাবলিক সার্ভিস

কমিশন আছে সেই রকম যদি এ্যাসেসমেণ্ট কমিশন করা যায় তাহলে এ্যাসেসমেণ্টের কাজ অনেক ভাল হয় তাহলে একটা ইউনিফর্ম ট্যাক্স ষ্ট্রাকচার গড়ে উঠতে পারে। যিনি চেয়ারম্যান থাকেন তিনি এ্যাসেসমেণ্টের দায়িত্ব নেন না কারণ তাঁর ভোট চলে যাবে। কারও যদি ট্যাক্স বাড়িয়ে দেওয়া হয় তাহলে সে আর তাকে ভোট দেবে না মুস্কিলে পড়ে যাবেন। অনেক সময় দেখা যায় ভোটের আগে ট্যাক্স কমিয়ে দেওয়া হয়। আমরা যুক্তফ্রণ্টের সময় দেখেছি বেশ বেছে বেছে কংগ্রেসদের যেসব বাড়ী তাদের উপর ট্যাক্স বাড়িয়ে দেওয়া হয়েছে। এই সমস্ত চুরি চামারি হয়। মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাই তিনি যে এই ট্যাক্স বাড়ানোর কথা চিন্তা করেছেন তার জন্য। শিশিরবাবু কেন যে এইসব কথা বললেন তা বুঝতে পারলাম না। আজকে মিউনিসিপ্যালিটিতে যেসব ছোট ছোট কাজ হয়েছে সেগুলি সি, এম, ডি, এ করেছে, ড্রেন তৈরি রাস্তা রিপেয়ার ইত্যাদি পায়খানা করা এইসব কাজ সি, এম, ডি, এ করেছে যদি আজকে সি, এম, ডি, এ না থাকতো তাহলে কি হতো। ঐ ট্যাক্সের টাকায় কি কোনদিন এই সব কাজ হতো। পৌর সভাগুলির সে ক্ষমতা আছে ? যা আদায় হয় তা মাইনে দিতেই চলে যায়। তাই মন্ত্রীমহাশয় যে নূতন দৃষ্টিভঙ্গি নিয়েছেন তার জন্য তাঁকে সাধুবাদ না জানিয়ে পারা যায় না। আর একটা জিনিস অনেকে বাড়ী করতে পারে কিন্তু তবুও মোটা টাকা দিয়ে বাড়ী ভাড়া নিয়ে থাকে। সব সুযোগ তারা পাবেন রাস্তায় হাঁটবেন ভোট দেবেন মিউনিসিপ্যালিটির কমিশনার হবেন চেয়ারম্যান হবেন আর ট্যাক্স দেবেন না এ কি কখনও হতে পারে ? এ জিনিস কখনই চলতে পারে না—ট্যাক্স দিতে হবে এটা হচ্ছে কংগ্রেসের নীতি। তা না হলে কোথা থেকে টাকা আসবে আসমান থেকে আসবে ? যুক্তফ্রণ্ট সরকার বলেছিল ট্যাক্স দিও না—ট্যাক্স আবার কি ? আর একটা আমি পৌর মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো পৌরসভা হচ্ছে অতি গুরুত্বপূর্ণ সংস্থা। সাধারণ মানুষ মন্ত্রী চেনে না প্রধান মন্ত্রী জানে না তারা জানে লোক্যাল মিউনিসিপ্যালিটি লোক্যাল থানা। এই মিউনিসিপ্যালিটিতে কতকগুলি অপদার্থ লোক এই পৌর সভার শাসন চালায়। আর সাধারণ মানুষ এই মিউনিসিপ্যালিটির উপর অনেক আশা রাখে অনেক ভরসা করে। আর সেখানে যদি এইসব মূর্খ অপদার্থ লোক তার শাসন পরিচালনা করে তাহলে কি রকম অবস্থা হবে বুঝতেই পারছেন। বর্তমানে পৌরসভার অনেক কাজ অনেক দায়িত্ব বেড়ে গেছে। তাই এখন আর পার্টটাইম চেয়ারম্যান দিলে চলতে পারে না। চেয়ারম্যান ৫টার সময় এলেন এসে সই করে দিয়ে চলে গেলেন তা আর চলবে না। এখন রীতিমত ১০টা থেকে ৫টা পর্যন্ত ফুলটাইম চেয়ারম্যান দরকার ফুল টাইম কমিশনার দরকার। এবং সেখানে এম. এল. এ-দের মত কিছু অনারেরিয়াম দেবার

ব্যবস্থা করা উচিত। কারণ তারা ঘরের খেয়ে বনের মোষ তাড়াবে এ হতে পারে না। আজকে অনেক দায়িত্ব বেড়েছে এদিকে দৃষ্টি রাখতে হবে। আমি জানি অনেক মিউনিসিপ্যালিটিতে যে ইঞ্জিনীয়ার আছে তার ক্লাস ৮ পর্যন্ত বিদ্যা—সাধারণ যোগ করতে পারে না। সামান্য একটু গুণ করতে গিয়ে ভুল করে বসে। এই যে সি, এম, ডি, এ যেসব ড্রইং ডিজাইন প্ল্যান এষ্টিমেট করছে তা তার বুঝবার ক্ষমতা নাই। এই জিনিস হতে পারে না। এইসব ব্যবস্থা অনেক আগেই করা উচিত ছিল ১০ বছর আগেই করা উচিত ছিল—এখন এটা ১০ বছর পরে করা হয়েছে।

[6-00—6-10 p. m.]

সর্বশেষে আমি বলব, পরিকল্পিত যে খরচা সেই ব্যাবস্থার কথাটা তিনি বিলের মধ্যে এনেছেন। স্যার, বর্তমানে যে সমস্ত মিউনিসিপ্যালিটি এক্সিকিউটিভ অফিসারদের দ্বারা পরিচালিত সেই সমস্ত মিউনিসিপ্যালিটি এক্সিকিউটিভ অফিসাররা ২৫ হাজার টাকা বেশী খরচ করতে পারেন না। এটা কিন্তু অন্য উদ্দেশ্যে নয়, এর উদ্দেশ্য হচ্ছে যে যা বললো তাতেই যদি খরচ করা হয় তাহলে সেভাবে কোন মিউনিসিপ্যালিটি চলতে পারে না। মিউনিসিপ্যালিটি ভালোভাবে চালাতে গেলে তারজন্য ফাইনানসিয়াল ডিসিপ্লিন দরকার। স্যার, বর্তমানে আমরা জানি সি, এম, ডি, এ ১৬ ফুটের নীচের কোন রাস্তা পীচ করতে বা মেটালড করতে এ্যালাউ করে না। কিন্তু সেখানে মিউনিসিপ্যালিটিতে এসে কেউ বললো আমার ৪ ফুট রাস্তা বা ১০ রাস্তা পীচ করে দিতে হবে, এইভাবে তারা করিয়ে নিতে চায়। মিউনিসিপ্যালিটি মানেই স্বার্থবাজ লোকেই ভীড় সেখানে হয়। সেখানে চেয়ারম্যান যদি নিজের লোক হয় তাহলে সেই চেয়ারম্যানের মাথায় হাত বুলিয়ে তারা এই ধরনের অনেক কাজ করিয়ে নিতে চায়, এইভাবে তাকে ইউজ করে! স্যার, রাজনীতিতে ব্ল্যাকমেলড হওয়া স্বাভাবিক, কিন্তু রাজনীতি ব্লাকমেলিং-এর জায়গা। কাজেই এই অবস্থায় সেই চেয়ারম্যান বা বোর্ড অব কমিশনারস বা এক্জিকিউটিভ অফিসার যাঁরা থাকবেন তাঁরা যাতে ব্লাকমেলড না হন এবং সেখানে যাতে ফাইনানসিয়াল ডিসিপ্লিন বজায় থাকে এবং তা থেকে যাতে পৌসরভার আয় বৃদ্ধি পায় ও খরচ যাতে ঠিকমত চলে সেজন্য প্যান্ড এক্সপেনডিচারের প্রয়োজন আছে। তারপর স্যার, সারচার্জের ব্যাপারে বলব যে, এ্যাসেসমেণ্ট ডিপার্টমেণ্টটি যদি না পাল্টান—সেখানে স্যার, রাতারাতি সমস্ত রেকর্ড পাল্টে দেওয়া হয়। সেখানে ভেতরে চোর, বাইরে চোর, সব জায়গায় চোর। সেখানে এ্যাসেসমেণ্ট যদি ঠিকভাবে কার না হয় তাহলে

দেখবেন ঐ ৫০ পারসেণ্ট সারচার্জ করে দিয়েছে, মাপে ভুল দেখিয়ে দিয়েছে। আয় তা করার ফলে হাইকোর্টে কেস হয়ে যায়। স্যার, আমার ওখানে বিড়লা গোষ্ঠীর টেক্সমাকোর বিরুদ্ধে ৮ লক্ষ টাকা পাওনার ব্যাপারে হাইকোর্টে কেস হয়েছিল। মিউনিসিপ্যাল সার্ভিসের কমিশনার মিঃ মজুমদারের সঙ্গে আলোচনা হয়েছে, তিনি জানেন। সেই সমস্ত ব্যাপার নিয়ে অনেক মিটমাটের চেষ্টা করা হয়েছিল, আমি নিজে, একজিকিউটিভ অফিসার, আমরা চেষ্টা করেছিলাম কিন্তু কিছু হল না, তারা চলে গেলেন হাইকোর্টে। সেখানে হাইকোর্টে মিউনিসিপ্যালিটি গেল হেরে, জিতে গেল বিড়লা গোষ্ঠীর টেক্সম্যাকো। সুতরাং আইন পাশ করলেও—হাইকোর্টের জাজমেণ্ট কখন কি বেরয় বোঝা মুশকিল। এই এ্যাসেসমেণ্টের ব্যাপার নিয়ে পশ্চিমবাংলার একটি মাত্র মিউনিসিপ্যালিটিকে নিয়েই কেস হয়েছিল সেটা হচ্ছে আমাদের পানিহাটি মিউনিসিপ্যালিটি। তাতে মাপের নানারকম প্রশ্ন, নানান জিনিস হাইকোর্ট থেকে তুলে ধরা হয়েছিল। কাজেই আজকে এই সমস্ত জায়গায় কিছু করতে গেলেই ঐ বৃহত পুঁজিপতিরা বা বৃহত মালিক, তারা বাধা দেবেই। তারা রেকর্ড ঠিকমত দেখাবে না। তারা সেই এ্যাসেসমেন্ট দপ্তরকে কিনে নেবে এবং নিয়ে রেকর্ড অন্য রকম দেখিয়ে দেবে। আর এই ভাবেই পৌরসভার অর্থের যাতে অপচয় হয়, আয় যাতে বৃদ্ধি না পায় এবং সর্বোপরি এই আইন যাতে বাস্তবে রূপায়িত হতে না পারে তারজন্য ষড়যন্ত্র হবেই। পৌরসভা এমন একটা জায়গা যেখানে দীর্ঘদিন ধরে নানা রকম স্বার্থপর লোক বা কায়েমী স্বার্থের লোক বসে আছে। সেই মূল শেকড়টা আমরা এখনও উৎপাটিত কতে পারি নি। এই শেকড়কে উৎপাটিত করবার জন্য এখনও আমাদের লড়াই করতে হবে, সংগ্রাম করতে হবে। স্যার, পৌরসভা এমন একটা দপ্তর যার দিকে অতি দীন-দুঃখী লোকও তাকিয়ে থাকে। শহরাঞ্চলে পৌরসভা হচ্ছে তাদের সবচেয়ে বড় প্রতিষ্ঠান। রেডি রিমেডি হচ্ছে পৌরসভা। কাজেই এই পৌরসভার কাজ সুচারুরূপে হলে মানুষ আমাদের উপর আস্থাশীল হবে এবং মানুষের মঙ্গল করা কাজকে আমরা আরো এগিয়ে নিয়ে যেতে পারবো। পরিশেষে আমি বলব, আমাদের এই পৌরসভাগুলির আয়ও যেমন বাড়াতে হবে তেমনি এর খরচার দিকে লক্ষ্য রেখে পৌরসভাগুলিতে যাতে এফিসিয়েণ্ট ষ্টাফ আমরা বাড়াতে পারি সেটাও আমাদের দেখতে হবে। তার কারণ যে সমস্ত উন্নয়নমূলক কাজ হচ্ছে সেগুলিকে রক্ষা করার দায়িত্ব এই পৌরসভাগুলির আছে। এই দায়িত্ব যাতে সে ভালভাবে পালন করতে পারে তারজন্য এদিকে দৃষ্টি দেওয়া দরকার। এই বলে পৌরমন্ত্রী যে বিল এনেছেন তারজন্য তাঁকে আমি ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে উত্থাপিত বিলটার পক্ষে এবং কিছু কিছু বিপক্ষে বক্তব্য শুনলাম। কোন কোন সদস্য কোন কোন জায়গায় বিলটার কোন অংশে বিনা কারণে উদ্বেগ প্রকাশ করেছেন। আবার কেউ কেউ আংশিক পরিবর্তনের সাজেসন দিয়েছেন। আমি সমস্তটা শুনেছি এবং এর পরিপ্রেক্ষিতে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য আরও একবার প্রতিটি জায়গায় এর উদ্দেশ্য ব্যাখ্যা করবার চেষ্টা করছি। এবং যেখানে যেখানে উদ্বেগ প্রকাশ করেছেন আমি তার উত্তর দেবার চেষ্টা করছি। আপনারা সকলেই একমত হবেন যে পশ্চিমবাংলায় মোট নোটিফায়েট এরিয়া সমেত ৯৩টি মিউনিসিপ্যালিটি বর্তমান যে, অবস্থায় এসে দাঁড়িয়েছে তার যদি আশু সমাধান করা সম্ভবপর না হয় তাহলে শহরাঞ্চলে, বিশেষ করে যেখানে পৌরসভা রয়েছে, সেখানকার সিভিক বডিজগুলো এবং এ্যামিনিটিজগুলো ধ্বংস হয়ে যাবে এবং নাগরিক জীবনে একটা বিপর্যয় আসবে। অনেক তাড়াতাড়ি করা যদিও সম্ভবপর হবে না, আস্তে আস্তে করা হচ্ছে, এই চেষ্টা শুধু এই বিলের মধ্যে দিয়েই নয়, এর আগেও কতকগুলো বিচ্ছিন্ন বিলের মধ্যে দিয়ে যাতে বিপর্যয়কে রোধ করা যায় সেই চেষ্টা হচ্ছে। দীর্ঘদিন ধরে, ১৯৩২ সালের বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট ব্রিটিশ দ্বারা তৈরী হবার পর বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট মানুষের বৃহত্তর স্বার্থ রক্ষা করবার মত করে এখনও সামগ্রিক পরিবর্তন করা হয়নি, যত তাড়াতাড়ি করার কথা আমরা চিন্তা করছি। কিন্তু তাড়াতাড়ি যখন হচ্ছে না, তখন বিচ্ছিন্নভাবে এই ৩২ সালের আইন অনেক জায়গায় পরিবর্তন করে এবং কোন কোন জায়গায় নতুন আইন সংযোজন করে সিভিক এ্যামিনিটিজের কথা আমরা ভাববার চেষ্টা করছি। যে সমস্ত সমস্যা রয়েছে, সবচেয়ে বড় সমস্যা আমাদের কাছে ধরা দিয়েছে আর্থিক দুরবস্থার কথা। অনেক বন্ধু বলেছেন, যেমন তপনবাবু বললেন এক্ষুনি, যে সি, এম, ডি, এ, যদি টাকা না দিত তাহলে বৃহত্তর কলকাতার জন্য যা ধার্য্য রয়েছে, সেখানকার অন্তর্গত প্রায় ৪০টি মিউনিসিপ্যালিটির অবস্থা আজকে কি অবস্থায় থাকতো, তা আমার জানা নেই। তাদের বিপর্যয় বোধ হয় এতদিন শুরু হয়ে যেত। কিন্তু সি, এম, ডি, এ, সমস্ত কাজ চিরদিন ধরে করবে না। এটা একটা টেমপোরারী একস্ট্রা টেমপোরারী ডেভলপমেণ্ট অথারিটি, স্বায়ত্ব শাসনের মধ্য দিয়ে পৌরসভাকে এই মূল দায়িত্ব একদিন না একদিন গ্রহণ করতে হবে। সেই ক্ষেত্রে উপযুক্ত পরিমাণ অর্থের যদি ব্যবস্থা না করতে পারি, যা কেন্দ্রীয় সরকার বারবার আমাদের কাছে অনুরোধ করেছেন, তা না হলে আগামী দিনে আমাদের সমূহ বিপদ আসবে। বিভিন্ন জায়গায় দেখা গেছে যে, আয় বাড়াতে গেলে, আমাদের হাতে এমন ক্ষমতা নেই যাতে রেমুনারেটিভ রিসোর্সেস

দেখবেন ঐ ৫০ পারসেণ্ট সারচার্জ করে দিয়েছে, মাপে ভুল দেখিয়ে দিয়েছে। আয় তা করার ফলে হাইকোর্টে কেস হয়ে যায়। স্যার, আমার ওখানে বিড়লা গোষ্ঠীর টেক্সমাকোর বিরুদ্ধে ৮ লক্ষ টাকা পাওনার ব্যাপারে হাইকোর্টে কেস হয়েছিল। মিউনিসিপ্যাল সার্ভিসের কমিশনার মিঃ মজুমদারের সঙ্গে আলোচনা হয়েছে, তিনি জানেন। সেই সমস্ত ব্যাপার নিয়ে অনেক মিটমাটের চেষ্টা করা হয়েছিল, আমি নিজে, একজিকিউটিভ অফিসার, আমরা চেষ্টা করেছিলাম কিন্তু কিছু হল না, তারা চলে গেলেন হাইকোর্টে। সেখানে হাইকোর্টে মিউনিসিপ্যালিটি গেল হেরে, জিতে গেল বিড়লা গোষ্ঠীর টেক্সম্যাকো। সুতরাং আইন পাশ করলেও—হাইকোর্টের জাজমেণ্ট কখন কি বেরয় বোঝা মুশকিল। এই এ্যাসেসমেণ্টের ব্যাপার নিয়ে পশ্চিমবাংলার একটি মাত্র মিউনিসিপ্যালিটিকে নিয়েই কেস হয়েছিল সেটা হচ্ছে আমাদের পানিহাটি মিউনিসিপ্যালিটি। তাতে মাপের নানারকম প্রশ্ন, নানান জিনিস হাইকোর্ট থেকে তুলে ধরা হয়েছিল। কাজেই আজকে এই সমস্ত জায়গায় কিছু করতে গেলেই ঐ বৃহত পুঁজিপতিরা বা বৃহত মালিক, তারা বাধা দেবেই। তারা রেকর্ড ঠিকমত দেখাবে না। তারা সেই এ্যাসেসমেন্ট দপ্তরকে কিনে নেবে এবং নিয়ে রেকর্ড অন্য রকম দেখিয়ে দেবে। আর এই ভাবেই পৌরসভার অর্থের যাতে অপচয় হয়, আয় যাতে বৃদ্ধি না পায় এবং সর্বোপরি এই আইন যাতে বাস্তবে রূপায়িত হতে না পারে তারজন্য ষড়যন্ত্র হবেই। পৌরসভা এমন একটা জায়গা যেখানে দীর্ঘদিন ধরে নানা রকম স্বার্থপর লোক বা কায়েমী স্বার্থের লোক বসে আছে। সেই মূল শেকড়টা আমরা এখনও উৎপাটিত কতে পারি নি। এই শেকড়কে উৎপাটিত করবার জন্য এখনও আমাদের লড়াই করতে হবে, সংগ্রাম করতে হবে। স্যার, পৌরসভা এমন একটা দপ্তর যার দিকে অতি দীন-দুঃখী লোকও তাকিয়ে থাকে। শহরাঞ্চলে পৌরসভা হচ্ছে তাদের সবচেয়ে বড় প্রতিষ্ঠান। রেডি রিমেডি হচ্ছে পৌরসভা। কাজেই এই পৌরসভার কাজ সুচারুরূপে হলে মানুষ আমাদের উপর আস্থাশীল হবে এবং মানুষের মঙ্গল করা কাজকে আমরা আরো এগিয়ে নিয়ে যেতে পারবো। পরিশেষে আমি বলব, আমাদের এই পৌরসভাগুলির আয়ও যেমন বাড়াতে হবে তেমনি এর খরচার দিকে লক্ষ্য রেখে পৌরসভাগুলিতে যাতে এফিসিয়েণ্ট ষ্টাফ আমরা বাড়াতে পারি সেটাও আমাদের দেখতে হবে। তার কারণ যে সমস্ত উন্নয়নমূলক কাজ হচ্ছে সেগুলিকে রক্ষা করার দায়িত্ব এই পৌরসভাগুলির আছে। এই দায়িত্ব যাতে সে ভালভাবে পালন করতে পারে তারজন্য এদিকে দৃষ্টি দেওয়া দরকার। এই বলে পৌরমন্ত্রী যে বিল এনেছেন তারজন্য তাঁকে আমি ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

আনা হচ্ছে। কেউ কেউ বলছেন, এইভাবে আইন করলে পরে স্বায়ত্ব-শাসনের মূল নীতি এবং অধিকার খর্ব হবে। এটাও ঠিক নয়। কারণ যে কোন গণতান্ত্রিক মানুষই বিশ্বাস করেন যে, স্বায়ত্ব-শাসন একটা পদ্ধতি, যার ভিতর দিয়ে লোকাল সার্ভিস এবং শাসন ব্যবস্থা চালু করে ক্ষমতার বিকেন্দ্রিকরণ করলে আমাদের সমাজের দ্রুত উন্নতি হবে এবং এবিষয়ে আমরা সকলেই এক মত। কিন্তু একটা জায়গায়ও এই সরকার একটাও আইন করেনি যার মধ্যে দিয়ে স্বায়ত্বশাসন-এর অধিকার খর্ব হবে। এখানে একটা জিনিস ভুল হচ্ছে, সেটা হচ্ছে নিয়ন্ত্রণ এবং খর্ব এক ব্যাপার নয়, যে কথা কংগ্রেসের অনেক সদস্য বলেছেন, মাননীয় সদস্য অসমঞ্জবাবু বলেছেন এবং সুপ্রিয়বাবুও বলেছেন যে, ক্ষমতার নিয়ন্ত্রণ এবং খর্ব এক জিনিষ নয়। আমাদের যে আইন হচ্ছে এটা নিয়ন্ত্রণের জন্য। শিশিরবাবু যেটা বললেন, তাতে উনি নিয়ন্ত্রণের কথা বলেছেন, এক দিকে উনি পরিচ্ছন্নভাবে নিয়ন্ত্রণের কথা বলেছেন, আবার অপর দিকে এই নিয়ন্ত্রণ সম্বন্ধে বলছেন যে, এর ফলে স্বায়ত্ব-শাসনকে মারা হচ্ছে, স্বায়ত্বশাসন মারা যাচ্ছে, স্বায়ত্ব-শাসন গান্ধীজীর আদর্শ, সেসব মাটির তলায় চলে যাচ্ছে। সুতরাং আমরা দেখছি ওনার নিজের বক্তব্যের মধ্যেই দ্বৈত মত রয়ে যাচ্ছে। আমরা বারবার বলছি যে, এই সমস্ত স্বায়ত্ব-শাসনের অধিকার আছে এবং থাকবে। আজকে আমরা দৃঢ়তার সঙ্গে এই কথা বলছি যে, স্বায়ত্ব-শাসনের অধিকার থাকবে, কিন্তু তাকে আমরা নিয়ন্ত্রণ করব, খর্ব করব না। এই পৌর সংস্থাগুলিতে ক্ষমতায় যারা আসবেন তারা শুধুমাত্র চাকুরী দেওয়া ছাড়া আর কোন কাজ করবেন না, এটা হতে পারে না। তারা কেবল ডেভালপমেণ্টের টাকায় কিছু লোককে চাকুরী দিয়ে, কর্মীদের এবং অফিসারদের বেতন, ভাতা ও এক্সগ্রাসিয়া বৃদ্ধি করে চিপ্ পপুলারিটি লাভ করবার চেষ্টা করেন। এই ব্যবস্থাকে খর্ব করবার জন্য আমরা কোন কোন জায়গায় কঠিন ও কঠোর ভাবে তাদের নিয়ন্ত্রণ করতে চাই। সরকার ইচ্ছা করে কখনোই নিয়ন্ত্রণ করতে চায় না, যখন গণতন্ত্রের অপব্যবহার হয় তখন তাকে নিয়ন্ত্রণ করতে হয় এবং নিয়ন্ত্রণ করা তখন দরকার এবং সেই জন্য সেই দায়িত্ব সরকারের রয়েছে। সরকার যদি তার সেই দায়িত্ব না পালন করেন তাহলে আমি মনে করি সরকারের সেটা ব্যর্থতা বোঝাবে। তাই নিয়ন্ত্রণের ব্যাপারে আমরা বদ্ধপরিকর। আমি আর একটা কথা বলি অফিসার এবং সার্ভেণ্টস এই দুটো শব্দের ওপর অনেকে আপত্তি জানিয়েছেন। এই শব্দ দুটি আমরা নতুন এখানে দিচ্ছি না। তবে সার্ভেণ্ট শব্দটি যে শ্রুতিকটু এটা অস্বীকার করতে পারি না। কিন্তু যে আইনের সংশোধনী আনা হয়েছে তাতে প্রচলিত শব্দ এটাই

হয়ে আছে। তবুও যেহেতু প্রচলিত আছে সেহেতু যে এটা পরিবর্তন করা যাবে না, তা আমি মনে করি না এবং এটা পরিবর্তন করা যাবে। সেইজন্য আমি দেখব যাতে আগামী দিনে সার্ভেন্টস কথাটা বাদ দিয়ে এই অর্থের অন্য শব্দ ব্যবহার করা যায় কিনা এবং এটা হয়ত সম্ভব হবে।

দ্বিতীয়তঃ ট্যাক্স না বাড়িয়ে কিছু প্রসাশনিক সুবিধা ও পৌরসভা পরিচালনার জন্য ট্যাক্স আদায়ের ক্ষেত্রে ও imposed-এর ক্ষেত্রে ভাড়াটে এবং মালিক উভয়েই 50% 50% দিয়ে যাবেন এটা করেছি। এই নীতিতেই Cal-Corporation-এর tax imposed করা হয় এবং আদায় করা হয়। সেটাই আমরা Bengal Municipal Act-এ করছি। এটা sentiment-এর প্রশ্ন নয়। পৃথিবীর কোন জায়গায়—socialist, communist, capitalist দেশেও civic ammenities enjoy করবে একজন, আর tax দেবে আর একজন তা নেই। এটা কোলকাতা এবং পঃ বাংলাতেই সম্ভব হয়েছে। তাই স্বাভাবিকভাবে নতুন tax imposed না করে বৃহত্তর সুবিধার জন্য যারাই পৌর সুখ-স্বাচ্ছন্দ ভোগ করবে তারাই tax দেবে, এটাই গ্রহণ করছি। Civic সুখ-সাচ্ছন্দ্য ভোগ করবে টাকা পয়সা দেবে না, তা হয় না। কোলকাতায় ১০ লক্ষ লোক বাস করে এবং ১০ লক্ষ লোক এখানকার civic ammenities enjoy করে। World Bank থেকে expert যাঁরা এসেছিলেন তাঁরাও বলেছেন, যারাই ammenities enjoy করবে তারাই tax দেবে। তারপর establishment খরচ নির্দিষ্ট না হবার ফলে বহু জায়গায় ইচ্ছামত খরচ করা হয় এবং Dev.-এর খাতে কোন পয়সাই খরচ করা হয় না। সরকার এটা নিয়ন্ত্রণ করছে এবং মনে করলে কোন কোন জায়গায় ceiling করে দেবেন যে, এর চেয়ে বেশী establishment খরচ করতে পারবে না। শুধু tax বসান নয়, tax আদায় করার ক্ষমতাও দিতে হবে। Municipality-গুলিতে প্রায় 30% to 40% tax আদায় হয়। যদি কোন municipality-র 100% আদায় হয় তাহলেও সে তার Wage Bill দিতে পারে না। এই যদি অবস্থা হয় তাহলে কাজ কি হবে? এটা C.P.M-এর লোকেরা করেছিলেন বনগাঁ মিউনিসিপ্যালিটিতে। সেজন্য tax আদায় করার ক্ষমতা দেবার কথাও চিন্তা করা হচ্ছে এবং এ বিষয়ে আমরা চেষ্টাও করছি। হাওড়া মিউনিসিপ্যালিটির কথা বলছেন যে, সেখানে কোন কাজই হয় না। সেটা তো একটা মেস-এ পরিণত হয়েছে। কোনদিন নির্বাচন হয় না। Tax আদায় হয় না বলে লক্ষ লক্ষ টাকা সরকারকে অনুদান দিতে হয়।

[6-20—6-30 p. m.]

সেখানে অব্যবস্থা আছে, তার দিকে যে আমাদের দৃষ্টি নেই একথা চিন্তা করার কোন কারণ নেই। তিনি বলেছেন যে, আমি গেলেই সেই অব্যবস্থা মিটে যাবে। সেজন্য তিনি আমাকে শুধু কলকাতার মন্ত্রী করে দিয়েছেন। প্রকৃত কি কি সমস্যা ওখানে আছে সে সম্বন্ধে আমি ওয়াকিবহাল। কোন কোন জায়গায় জেনারেল এবং কোন কোন জায়গায় এডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা অবলম্বন করেছি এবং কয়েকটি সাজেসান আমার কাছে আছে, সেই ব্যবস্থা অবলম্বন করার কথা আমরা বিচার-বিবেচনা করছি। কিন্তু আমি মনে করি যে, কলকাতার ব্যাপারে আরো তৎপর হওয়া দরকার, অচিরে তার একটা স্থায়ী ব্যবস্থা করবার চেষ্টা করছি। শিশিরবাবু খুব ক্ষুব্ধ, খড়দহ মিউনিসিপ্যালিটির নানা সমস্যা নিয়ে আমার কাছে এসেছিলেন। আমি তাঁকে বলছি সেই সযস্যার সমাধান করতে পেরেছি। কিন্তু এই মিউনিসিপ্যালিটির আসল সমস্যার সমাধান হবেনা যদি আয় না বাড়ে, ২ নং রাজনৈতিক ঝগড়া, কর্মচারীদের সঙ্গে ঝগড়া না কমে, ৩ নং, ওখানে পামামেণ্টে যাঁরা রয়েছেন তাঁরা যতটা উদাসীন সেই উদাসীনতা থেকে যদি ফিরে না আসেন। শুধু মন্ত্রী একটা হিয়ারিং দিলে জল সরবরাহ বেড়ে যাবে, আলো জ্বলে যাবে, রাস্তা একশো ফুট চওড়া হয়ে যাবে, এটা যদি হত তাহলে আমি হাজার বার হিয়ারিং দিতে পারি। কিন্তু পশ্চিমবংগের সমস্ত মিউনিসিপ্যালিটিতে হিয়ারিং দেওয়া একজন মন্ত্রীর পক্ষে সম্ভব নয়। কর্পোরেশান, মিউনিসিপ্যালিটির পক্ষে হিয়ারিং-এর চেয়ে যেটা বড় সমস্যা সেই বড় সমস্যা সম্বন্ধে ওয়াকিবহাল আছি। ইনডিভিজুয়াল মিউনিসিপ্যালিটির সমস্যার চেয়ে বড় করে ভাবতে হয় সামগ্রিক সমস্যার কথা, সেই সামগ্রিক সমস্যার কথা ভেবে এই ধরণের বিল আনা হয়েছে। বিলে যে এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসা হয়েছে তাতে আয় বাড়বে, প্রশাসনিক অবস্থার পরিবর্তন হবে, কিছু শৃংখলা ফিরে আসবে, কর্মচারীরা কিছু কাজ করতে বাধ্য হবে, ফিক্সড এজ ছিল না রিটায়ার করার, সেটা এখন করা হচ্ছে, এত যে ঘোষ্ট এমপ্লয়ীর কথা বলেছেন সেটা বন্ধ হবে। সাধারণভাবে বিচ্ছিন্ন মিউনিসিপ্যালিটির কথা না ভেবে সামগ্রিকভাবে ভাবা হয়েছে। আর একটা এ্যাসেসমেণ্টের ব্যাপারে আপনাদের জানাই যে, সেণ্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড তৈরি হলে এ্যাসেসমেণ্টের ব্যাপারে যে অব্যবস্থার কথা দুর্নীতির কথা বলেছেন সেটা বন্ধ হবে। এটা অলরেডি তৈরি হয়ে গেছে, পরের বিধানসভার অধিবেশনে সেণ্ট্রাল ভ্যালুয়েশান বোর্ডের বিধান আনতে পারি। এই কয়েকটি কথা বলে যাঁরা সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subrata Mukhopadhaya that the Bengal Municipal (Second Amendment) Bill. 1976, he taken into consideration, was then put and agreed to.

Clause 1 to 3.

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker : There are amendments to clause 4 by Shri Aswini Roy and Shri Sisir Kumar Ghosh. I call upon Shri Sisir Kumar Ghosh to move the amendments.

Shri Sisir Kumar Ghosh : Sir, I beg to move that in Clause 4, in the proposed sub-section (3) of the Section 123 of the said Act, in item (i), line 1, for the word "fifty" the word "thirty" be substituted.

I also beg to move that in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (ii) line 1, for the word "fifty", the word "twenty five" be substituted.

I also beg to move that in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (iii) line 1, for the word "fifty" the word "twenty" be substituted.

I also beg to move that in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (iv), line 1, for the word "fifty", the word "twenty" be substituted.

I also beg to move that in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, the following explanation be added, namely :—

"**Explanation** : Other than non-residential purpose excludes clubs and libraries."

মাননীয় স্পীকার মহাশয়, আমি ক্লজ ফোর-এ যেটা আছে সেই ৯/১০ পর্যন্ত একসঙ্গে মুভ করছি। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, মন্ত্রীমহাশয় গরীব, ধনী মানুষ সকলকে যে একই রেটে সারচার্জ করছেন এটা ঠিক নয়। আমি মনে করি, এখানে একটা স্লাব রাখা উচিত এবং সেইজন্যই আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি। তারপর মন্ত্রী মহাশয়ের নিকট আমি একটা পার্সোন্যাল ব্যাপার বলছি, আমি যে ব্যাপারে তাঁর কাছে গিয়েছিলাম তার সমস্যার সমাধান কিন্তু হয়নি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ—মাননীয় স্পীকার মহাশয়, গরীব এবং বড়লোকের মধ্যে কোন স্লাব নেই, এটা ভুল কথা। আমি ক্যাটিগরিক্যালি বলেছি, যখন এ্যাসেসমেণ্ট হচ্ছে তখনই স্লাব হয়ে যাচ্ছে। সারচার্জ হচ্ছে টোট্যাল ভ্যালুয়েসনের উপর ফিফ্‌টি পারসেণ্ট। তাদের উপর যে ট্যাক্স ইমপোজ করা হচ্ছে, তার মধ্যেই সারচার্জ রয়েছে। টোট্যাল ট্যাক্স নির্ধারণ করা হচ্ছে ইনক্লুডিং সারচার্জ। সারচার্জ হচ্ছে প্রথম প্রোগ্রেসিভ ট্যাক্সের উপর। কাজেই আপনারা যেটা ভাবছেন সেটা ঠিক কথা নয় এবং সেদিক থেকে আমি তাঁর এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করতে পারছি না।

Mr Speaker : I understand division will be demanded on the amendments. So, under rule 290, taking the sense of the House, I extend the time by 20 minutes.

[6-30—6-40 p.m.[.

The motions of Shri Sisir Kumar Ghosh that in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (i), line 1, for the word "fifty" the word "twenty five" be substituted.

That in clause 4, in the prposed sub-section (3) of the section 123 of the said Act, in item (ii), line 1, for the word "fifty", the word "twenty five" be substituted.

That in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (iii), line 1, for the word "fifty", the word "twenty" be substituted and

That in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, in item (iv), line 1, for the word "fifty", the word "twenty" be substituted.

That in clause 4, in the proposed sub-section (3) of the section 123 of the said Act, the following explanation be added, namely :—

"**Explanation** : Other than non-residential purpose excludes clubs and libraries," Were these part and a division taken with the following results :—

Ayes 15
Date 19. 10. 1976 Division No. 1 Noes 48

NOES

Abdul Bari Biswas, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Supriyo.
Barui, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netia.
Dutta, Shri Hemanta.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Hemram, Shri Kamala Kanta.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Maiti Shri Braja Kishore.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mondal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohanta, Shri Bijoy Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin, Ahmed Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukhopadhaya, Shri Subrata.
Nurunnesa Sattar, Srimati.
Panja, Shri Ajit Kumar.
Parui, Shri Mohini Mohan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Sarkar, Dr. Kanai Lal
Shaw, Shri Sachi Nandan
Sinha Roy, Shri Bhawani Prosad
Tudu, Shri Budhan Chandra

AYES

Ali Ansar, Shri
Bhowmik, Shri Kanai
Das Mohapatra, Shri Kamakhanandan
Dhar, Shri Sachindra Kumar
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lal Chand
Roy, Shri Aswini Kumar
Roy, Shri Saroj
hish Mohammad, Shri

The Ayes being 15 and the Noes 48the motions were lost.

Mr. Speaker : There is one amendment and that is out of order. So, I put the clause.

The question that clause 5 do stand part of the Bill was then put and a division taken with the following result :—

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Date—19-10-76 Division No.—2 Ayes—46

AYES Noes—14

Abdul Bari Biswas, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Shri Dutta, Hemanta.
Ghiasuddin Ahmed, Shri.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Monoranjan.
Hemram, Shri Kamal Kanta.
M. Shaukat Ali, Shri.
Maiti, Shri Braja Kishore.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Nrisinna Kumar.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohanto, Shri Bijoy Krishna
Mondal, Shri Jokhi Lal.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukhopadhaya, Shri Subrata.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Parui, Shri Mohini Mohan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tudu, Shri Budhan Chandra.

NOES

Bhowmik, Shri Kanai.
Das Mohapatra, Shri Kamakhanandan.
Dhar, Shri Sachindra Kumar.
Ghosh, Shri Sisir Kumar.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lal Chand.
Roy, Shri Aswini Kumar.
Roy, Shri Saroj.
Shish Mohammad, Shri.

The Ayes being 46 and the Noes 14 the motion was carried.

Clauses 6 to 12 and the Preamble

The question that clauses 6 to 12 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Third Amendment) Bill, 1976,

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to introduce the Calcutta Municipal (Third Amendment) Bill, 1976, and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill).

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1976, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, গত কয়েক বৎসর যাবত কলিকাতা কর্পোরেশন চরম আর্থিক সংকটের মধ্যে পড়েছে। ফলে নাগরিকদের সুযোগ-সুবিধার প্রতি দৃষ্টি দেওয়া দূরে থাকুক, কর্পোরেশনের অত্যাবশ্যক খরচা মেটাবার মত আর্থিক ক্ষমতাও কর্পোরেশনের নেই। এজন্য প্রায়ই কর্পোরেশন কর্তৃপক্ষকে কর্মচারীদের মাহিনা দেওয়ার বা অন্যান্য আবশ্যিক খরচা মেটাবার জন্য ঋণ বা অগ্রিম অনুদানের জন্য সরকারের শরণাপন্ন হতে হয়। এই অবস্থা দীর্ঘকাল চলতে দেওয়া উচিত নয়। তাই সরকার পৌরসভার আয় বাড়াবার বিষয়টি গভীরভাবে চিন্তা করছেন এবং কয়েকটি বিষয়ে সিদ্ধান্তও নিয়েছেন।

যেসব বাড়ী সম্পূর্ণ বা আংশিকভাবে ব্যবসা-বাণিজ্যের জন্য অথবা বসবাস ভিন্ন কার্যে ব্যবহৃত হয়, সেগুলির উপর কর্পোরেশনকে প্রদত্ত করের উপর সরকার

কর্তৃক নির্দিষ্ট হারে অতিরিক্ত কর ধার্য করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই অতিরিক্ত কর প্রদত্ত করের শতকরা পঞ্চাশ ভাগ পর্যন্ত সরকার নির্দিষ্ট করিতে পারিবেন। এই অতিরিক্ত কর বাড়ীর মালিক বা ভাড়াটে যিনি বাসস্থান ভিন্ন অন্য কার্যে ব্যবহার করবেন, তিনি দিবেন।

পৌর আইন অনযায়ী সি. আই. টির বাড়ীগুলির ট্যাক্স বার্ষিক মূল্যায়ণের ২৯.১/২ পার্সেণ্ট-এর বেশী ধার্য হতে পারতো না। বস্তীগুলিরও ট্যাক্স বার্ষিক মূল্যায়ণের ১৮ পার্সেণ্টের বেশী হতে পারে না। সরকার ঠিক করেছেন যে, সি. আই. টির বাড়ীগুলির ট্যাক্স অন্যান্য বাড়ীর সমহারে ন্যস্ত করা হবে। যে সকল বস্তী সি. এম. ডি. এ. উন্নয়ন করেছেন, তাদেরও পূর্ণহারে ট্যাক্স দিতে হবে।

পৌর আইনানুযায়ী বকেয়া করের উপর মাসে ১/২ পার্সেণ্ট সুদ ধার্য করা হত। এই সুদের হার মাসে ১ পার্সেণ্ট করা হয়েছে। কলিকাতায় বাড়ীর কর কনসোলিডেটেড রেট হিসাবে নেওয়া হয়। সরকার ঠিক করেছেন যে, এই প্রদত্ত করের মধ্যে ২৫ পার্সেণ্ট জল কর হিসাবে এবং ৫ পার্সেণ্ট পয়ঃপ্রণালী বাবদ আলাদাভাবে প্রদর্শিত হবে।

[6-40—6-50 p. m.]

জলকর বা পয়ঃপ্রণালী বাবদ যে টাকা আদায় হবে, তা অন্য কোন কার্যে ব্যবহার করা চলবে না। যে সকল বাড়ীতে জলের মিটার লাগানো হবে, সেই বাড়ীগুলির জন্য জলকর ব্যবহৃত জলের উপর নেওয়া হবে। জলকরের হার পৌরসভার এই বাবদ খরচের ভিত্তিতে ধার্য করা হবে।

বহুক্ষেত্রেই বাড়ীর মালিকগণ বেশী হারে কর ধার্য করা হয়েছে বলে কোর্টে আপীল করে থাকেন। যত দিন এই আপীলের নিষ্পত্তি না হয়, ততদিন এই সকল বাড়ীর কর পৌরসভা বেশীরভাগ ক্ষেত্রেই পান না। সরকার ঠিক করেছেন, আপীলের তারিখ পর্যন্ত কর জমা দেওয়া না হইলে আপীল গ্রহণযোগ্য হইবে না। এবং যতদিন আপীল চলিবে ততদিন কর জমা দিতে হইবে।

এই সকল ব্যবস্থা গ্রহণের ফলে কর্পোরেশনের আয় কিছু বৃদ্ধি পাবে। সঙ্গে সঙ্গে সরকার কর্পোরেশনের ব্যয় সংকোচের কিছু কিছু ব্যবস্থাও করতে পারছেন। পৌরসভায় নতুন পদ সৃষ্টি বা পদ অবলুপ্তির জন্য সরকারের অনুমোদন প্রয়োজন হবে। সরকার পৌরসভারপ্রশাসন বাবদ খরচের সীমাও নির্দিষ্ট করতে পারবেন। পৌরসভায় কর্মচারীদের অবসর গ্রহণের বয়স নির্দিষ্ট করবার ক্ষমতাও সরকার

লইয়াছেন। অবসর গ্রহণের বয়ঃসীমার পর কোন কর্মচারীকে পুনর্বহাল করতে হলে সরকারের অনুমোদন নিতে হবে।

অবৈধ নির্মাণ কার্য্য করার উদ্দেশ্যে কর্পোরেশন কর্তৃপক্ষকে কিছু বাড়তি ক্ষমতা দেবার সিদ্ধান্ত সরকার নিয়েছেন। প্রায়ই দেখা যায় যে, এই সব অবৈধ নির্মাণ কার্য্য রাত্রে সম্পন্ন করা হয়। পুলিশের সাহায্য নিয়ে কর্পোরেশন কর্তৃপক্ষ রাত্রে এই কাজ বন্ধ করার ব্যবস্থা নিতে পারবেন।

এই সব উদ্দেশ্য সাধনের জন্য সরকার কলিকাতা পৌর (দ্বিতীয় সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭৬ বলবত্ করেছেন।

আইনসভার গত অধিবেশনের কলিকাতা পৌরআইনের ৪র্থ সিডিউলের পরিবর্তন করা হয়েছিল। পৌরসভা এই সিডিউলের সংশ্লিষ্ট কয়েকটি ধারার পরিবর্তনের প্রস্তাব করেছেন এবং সরকার তা মেনে নিয়েছেন।

অর্ডিন্যান্সের ধারাগুলি পাকাপাকি বহাল রাখার জন্য এবং অপর প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আমি কলকাতা পৌর (তৃতীয় সংশোধন) বিষয়ক, ১৯৭৬ আইনসভায় পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইনসভায় পুনঃ সমর্থন লাভ করবে।

স্পীকার মহাশয়, এই বলেই আমি আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন (থার্ড এ্যামেন্ড মেন্ট) বিল নাইনটিন সেভেন্টি সিক্স-এর উদ্দেশ্য সম্পর্কে যে কথাগুলি বলে এখানে বিলটা উপস্থিত করলেন সে সম্পর্কে আমি দুই একটি কথা বলতে চাই। এখনি তিনি বললেন যে কলকাতা মহানগরীকে রক্ষা করার জন্য এই অর্থ যোগানোর জন্য তিনি এই সমস্ত ট্যাক্স ইত্যাদি করেছেন। এবং গভর্ণমেন্টের কন্ট্রোলে এনেছেন সমস্ত কিছুই, তার কারণ হচ্ছে দারুণ মিসম্যানেজমেন্ট দীর্ঘ দিন ধরে কলকাতা কর্পোরেশনে চলছে। সেজন্যই এই ব্যবস্থাগুলি তাঁকে নিতে হয়েছে। এখন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, নিশ্চয়ই আপনার মনে আছে যে ১৯৭২ সালে কলকাতা কর্পোরেশনের নির্বাচিত প্রতিনিধিদের বাতিল করে দিয়ে এই কলকাতা কর্পোরেশনের শাসনক্ষমতা পুরো-পুরি সরকার নিয়েছিলেন এবং চার বছর ধরে কর্পোরেশন সরকারের অধীনে চলেছে। ১৯৭২ সালে যখন সরকার কলকাতা কর্পোরেশন টেক্ওভার করেন, তখনই আমরা বলেছিলাম, এটা এক বছরের জন্য টেকওভার করে খানিকটা মিসম্যানেজমেন্ট ভাল করে

নির্বাচিত প্রতিনিধিদের হাতে কলকাতা কর্পোরেশনের দায়িত্ব ছেড়ে দিন। কিন্তু তখন আমাদের সেই সংশোধনী অগ্রাহ্য হয়ে যায়। এবং চার বছর হয়ে গেল, ১৯৭২ সাল থেকে এ পর্যন্ত কোন নির্বাচন হয়নি। এটা কোন গণতান্ত্রিক দেশে হয় না। আমরা আশা করেছিলাম কংগ্রেসী সদস্যরাও একথা বলবেন। বেংগল মিউনিসিপ্যাল বিল আলোচনার সময় তাঁরা বলেননি, কিন্তু আমি একথা না বলে পারছি না। আরও একটা কথা আমরা সব সময়েই বলে থাকি। কলকাতা কর্পোরেশনে স্বয়ং শাসিত সংস্থা হোক। শুধু আমরা নয়, এর আগেও যাঁরা কলকাতা কর্পোরেশন পরিচালনা করেছেন, সেই স্বর্গীয় চিত্তরঞ্জনদাশ, সুভাষচন্দ্র বসু ইত্যাদি এঁরা অনেকে বলেছেন গান্ধীজীর আদর্শেও ছিল কলকাতা কর্পোরেশন একটা স্বয়ং শাসিত সংস্থা হবে।

এই আদর্শই তিনি বলবার চেষ্টা করেছেন। কিন্তু সে সমস্ত আদর্শের আজ আর কোন মূল্য নেই। সমস্ত কন্ট্রোল গভর্ণমেণ্ট নিয়ে নিচ্ছেন কর্পোরেশনের এবং তারা ৪ বছর ধরে কলকাতা কর্পোরেশন সরকারের control-এ রেখেছেন। তারা চার বছর ধরে শাসন চালালেন, কিন্তু কিছু উন্নতি হয়েছে বলে আমরা মনে করতে পারছি না। এখানে মন্ত্রী মহাশয় বললেন অর্থের কথা, সেইজন্য এইসব ট্যাক্স ধার্য্য করতে হচ্ছে। আমি কলকাতা কর্পোরেশনে নির্বাচিত প্রতিনিধি নই। কিন্তু কাগজপত্রে দেখেছি বা শুনেছি। যে ফ্যাইন্যান্সিয়াল কমিটি নাকি অনেক পরিকল্পনা করেছিলেন কলকাতা শহরকে বাঁচাবার জন্য কি করে অর্থ সংগ্রহ করা যায় সেকথাও ভেবেছিলেন। কিন্তু সেই সমস্ত পরিকল্পনা বা রিপোর্ট কার্য্যকরী হলো না। যেমন সুপারিশ ছিল কলকাতার উপর যারা বড় বড় ব্যবসা করে তাদের উপর বেশি করে বিজনেস ট্যাক্স ধরা। এখন যে ব্যবস্থা আছে তাতে যদি কেউ একশো কোটি টাকারও ব্যবসা করে তাহলে মাত্র ৫ শো টাকাই ট্যাক্স দিতে হয়। বেশী হারে বিজনেস ট্যাক্সের সেই ব্যবস্থা যদি করতেন তাহলে আমরা নিশ্চয় সমর্থন করতাম। সুব্রত-বাবুদের সঙ্গে পার্থক্য হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গীর। কলকাতা শহর নিয়ে আমরা সবাই চিন্তা করছি। কলকাতা শহরের দুরবস্থা চরম সীমায় এসে পৌঁছেছে। যদি ট্রাম বাসের দিকে তাকিয়ে দেখি তাহলেই দেখতে পাবো, রাস্তায় রাস্তায় জঞ্জাল দেখতে পাবো, অগণিত মানুষের ভিড় দেখতে পাবো, ফুটপাতের অবস্থা দেখতে পাবো, অকেজো ড্রেন, পয়ঃপ্রণালী দেখতে পাবো, দেখতে পাবো ড্রেনের বিষাক্ত জল রাস্তার উপর দিয়ে ভেসে বেড়াচ্ছে। এগুলো দেখতে পাচ্ছি আর বুঝতে পারছি কলকাতা শহরের অবস্থা একটা চরম সীমায় এসে পড়েছে। কলকাতা শহরের বাড়ী ভাড়া এমন অবস্থায় উঠেছে যে গরীব ও নিম্ন মধ্যবিত্তদের কথা ছেড়েই দিলাম, মধ্যবিত্তরাও

কলকাতা শহরে কোথাও মাথা গুঁজার ঠাঁই পাচ্ছে না এবং কলকাতা শহরের এক-তৃতীয়াংশ লোক এখনও এই স্বাধীনতার ২৮ বছর পরেও খোলা আকাশের নীচে রাস্তায় বা ফুটপাতে রাত কাটায় এবং এই অবস্থা শুধু আজকে নয়, অনেক দিন ধরেই চলছে। অবশ্য তারজন্য অনেক পরিকল্পনা হয়েছে, কিছু কিছু যে কাজ হয়নি তা বলবো না, কিছু কিছু রাস্তা, ড্রেন বা জলের উন্নতি হয়েছে, পাতাল রেল ইত্যাদি করে সমস্যা সমাধানের চেষ্টা হচ্ছে। নাগরিক জীবনকে খানিকটা স্বচ্ছন্দ করার চেষ্টা হচ্ছে। কিন্তু আমি পৌরমন্ত্রীকে কয়েকটি কথা বলতে চাইছি। নগর প্রশাসনের দায়িত্ব হল নাগরিক জীবনের জন্য স্বচ্ছন্দ পরিবেশ গড়ে তোলা। কারণ বিলটা পাস হয়ে যাচ্ছে। কিন্তু কলকাতায় তার অভাব পুরোমাত্রায় আছে? কলকাতার সমস্যা বলতে এই জল কলের সমস্যা, এই ড্রেনের সমস্যা, এই রাস্তার সমস্যা কথাই মনে হয়। কিন্তু এর মধ্যে আর একটা দিক একেবারে চাপা পড়ে গেছে। পুরানো কলকাতা যা ছিল আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলি এখনকার কলকাতা কি তাই আছে? আমি যখন একটু আগে মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলছিলাম, উনি বললেন মস্কো শহরে কি বাইরের লোক থাকতে পারে? এটা ঠিক যে আমিও যেমন মস্কো শহরে গিয়েছি উনিও সেই রকম মস্কো শহরে গিয়েছেন। সুস্থ শহরের আয়তন বাড়ে সঙ্গে সঙ্গে জনসংখ্যাও বাড়ে, এইটাই নিয়ম। এই যে বৃদ্ধি সেটা যে দেশ সমাজতান্ত্রিক সেই দেশে পরিকল্পিতভাবে এই বৃদ্ধিকে নিয়ে যাওয়া সম্ভব যেমন হয়েছে মস্কো শহরের ক্ষেত্রে। আবার পশ্চিমে ধনতান্ত্রিক দেশে পরিকল্পনাহীন-ভাবেও শহরের বৃদ্ধি ঘটে এবং তার সমস্যা অনেক নতুন অনেক দেখা দিয়েছে।

[6-50—7-00 p. m.]

কিন্তু কলকাতা শহর না ধনতান্ত্রিক দেশের মত না সমাজতান্ত্রিক দেশের মত কোনটাই ঘটছে না। একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বেঙ্গল মিউনিসি-প্যাল বিল সম্পর্কে আলোচনা করার সময় বললেন যে কলকাতায় ৩০ লক্ষ লোকের মধ্যে ১০ লক্ষ লোক কলকাতার স্থায়ী বাসিন্দা, বাকী ২০ লক্ষ লোক বাইরের থেকে এসে চলে যায়। কিন্তু একথা ঠিক নয়, আমি মন্ত্রী মহাশয়কে একটু ভেবে দেখতে বলি। কলকাতা কর্পোরেসনের সি, এম, ডি, এ এলাকায় যত লোক বাইরের থেকে এখানে আসে আর যত লোক বাইরে চলে যায় তার সমস্তটা যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে যে কলকাতা শহরের জনসংখ্যা বৃদ্ধি অন্যান্য শহরের তুলনায় কম—কলকাতা শহরের জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে কম। তাহলে এখন বলা যাক, কেন

কম। একথা মন্ত্রী মহাশয় ভেবে দেখেছেন কি যে অর্থনীতির সঙ্গে এই সমস্ত শহরের আয়তন বা জনসংখ্যা বৃদ্ধির হার জড়িত আছে, সোজা কথায় বলা যায় উপার্জনের সুবিধা না থাকলে জন সমাগম হয় না। স্যার, আপনি জানেন, সারা পশ্চিমবাংলায় কলকারখানায় যে সমস্ত শ্রমিক নিযুক্ত আছে তাদের সংখ্যা ১০ বছরে অনেক কমে গেছে। এই সি. এম. ডি. এ-র আওতায় যে কলকাতা রয়েছে সেখানে কোথায়ও নতুন কোন কলকারখানা হয়নি। কাজেই এই পশ্চিমবাংলার মধ্যে যে সমস্ত শহর বা গ্রাম আছে, সেখান থেকে এই কলকাতায় লোক আর আসছে না। কলকাতার মূল সমস্যা বোধ হয় এইটাই—কলকাতার কলকারখানায় যে সমস্ত লোক আছে তাদের যদি স্টাটাসটিক্স নেন তাহলে দেখবেন যে ক্রমশ শ্রমজীবী মানুষের সংখ্যা কমে যাচ্ছে। তবু কলকাতার প্রচণ্ড ভীড় প্রচণ্ড সমস্যা এবং এর কারণ কি সাবে বলা যায় নগর প্রশাসনের ক্ষেত্রে বহুকালের সঞ্চিত বাধিই হল এর কারণ। জনসাধারণের স্বার্থের সঙ্গে তার যদিও কিছু কিছু উন্নয়ন হয়েছে, কলকাতা উন্নয়ন পরিকল্পনায় নজর দেওয়া হয়েছে কিছু কিছু সে কাজ হয়নি একথা আমি বলবো না, কলকাতার পয়ঃপ্রণালীর সংস্কার পানীয় জলের সুব্যবস্থা হয়েছে যাতায়াতের জন্য রাস্তাঘাটের এবং বস্তীর উন্নয়ন হয়েছে, আমি জানি মানিকতলায় অনেক বস্তী আছে সেখানে কিছু কিছু উন্নতি হয়েছে। এই বৃহত্তর কলকাতায় উন্নয়নের জন্য বছরে ৫০ কোটি টাকা খরচ হয়েছে এবং আরও টাকা খরচ হচ্ছে। আজকে কলকাতার যে দুরবস্থা তার উন্নতি হোক এ বিষয়ে আমাদের কোন দ্বিমত নেই। কলকাতায় রাস্তা চওড়া হচ্ছে, ২৩টি ফ্লাই ওভার হয়েছে, পয়ঃপ্রণালী সংস্কারসাধন করে পাইপ বসেছে, ঝলমলে আলো জ্বলছে। কিন্তু তার পাশাপাশি কলকাতার জমির দাম কি পরিমাণে বেড়ে গেছে সেটা কি মন্ত্রী মহাশয় লক্ষ্য করেছেন? সেখানে শ্রমজীবী মানুষের কথা ছেড়েই দিলাম, মধ্যবিত্ত মানুষও আজ মাথা তুলে দাঁড়াতে পারছে না। মধ্যবিত্ত মানুষ মাথা গুঁজবার স্থান পাচ্ছে না। বস্তীর কিছু কিছু উন্নতি হয়েছে। কিন্তু ক্রমাগত তদারকীর অভাবে ঐ উন্নতি আর চোখে পড়ছে না। অন্য দিকে কলকাতা শহরের বাড়ীভাড়া আকাশচুম্বী হয়ে পড়েছে। বিত্তবানদের আকাশচুম্বী বাড়ীর সংখ্যা ক্রমশ বাড়ছে। এবং কলকাতার যে পরিবর্তন হচ্ছে সে পরিবর্তন কি? কলকাতায় যে চিরকাল শ্রমজীবী মানুষ খেটে খাওয়া দরিদ্র মানুষ বাস করতো, বস্তীতে বাস করতো তারা, তারা আজকে কোথায়? সেই সব শহরের শ্রমজীবি মানুষের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা উন্নয়ন করার দরকার ছিল—কিন্তু আজ স্বাধীনতার দীর্ঘ ২৮ বছর পরেও তা হলো না। শহরের যে আবর্জনা পরিষ্কার করার উদ্দেশ্যের মধ্যে দিয়ে আবর্জনার মত ঐ গরীব বস্তীবাসী মানুষদেরও শহর থেকে আমরা বিতাড়নের ব্যবস্থা করেছি, একথা কি মন্ত্রী মহাশয় অস্বীকার করতে পারেন?

সেই কথাই বলছিলাম যে, আগের যে কোলকাতা ছিল সেই কোলকাতা এখন আর নেই। এখানে নতুন শ্রমজীবী মানুষের আসা বন্ধ হয়ে গিয়েছে। কারণ চাকরির কোন ব্যবস্থা নেই, উৎপাদনের কোন ব্যবস্থা নেই, কলকারখানা স্থাপনের কোন ব্যবস্থা নেই। আর পুরানো যারা ছিল তারা ক্রমাগত চাকরি হারিয়ে ঐ আবর্জনার মতন এই কোলকাতা শহর থেকে দূর হয়ে যাচ্ছে। আমরা এখন কি কোলকাতার সৃষ্টি করছি ? আমরা সৃষ্টি করছি সেই কোলকাতার যেখানে নিওন আলো জ্বলছে, বড় বড় আকাশচুম্বী বাড়ী তৈরি হচ্ছে এবং সেইসব বাড়ীতে বাস করছে বিত্তশালীরা। স্যার, এইসব কথা বলতে চাইছি এই কারণে যে, এর মাধ্যমেই আমি দেখতে চাইছি আমাদের সঙ্গে সুব্রতবাবুদের দৃষ্টিভঙ্গীর মূল পার্থক্যটা কোথায়। এই শ্রমজীবী মানুষ বা খেটে খাওয়া মানুষ যারা ছিল কোলকাতার আসল বাসিন্দা তারা যে আজকে এই শহর থেকে ক্রমাগত সরে যাচ্ছে তাদের কি করে রাখা যায় বা তাদের কি করে উৎপাদন ব্যবস্থার সঙ্গে যুক্ত করে রাখা যায় এবং তাদের জন্য কি করে বাসস্থান বা অন্যান্য সুযোগসুবিধার ব্যবস্থা করা যায় সে দিকে চিন্তা না করে বা সে দিকে না তাকিয়ে এঁরা সরকার টুকরো টুকরো ভাবে কলকাতার সমস্যার সমাধান করতে চাইছেন। কিছু জলের ট্যাক্স দেওয়া হোক, কিছু সুয়ারেজের ট্যাক্স দেওয়া হোক এই ভাবে কলকাতার উন্নতি করতে চাইছেন। স্যার, ওদিক থেকে একজন মাননীয় সদস্য বললেন যে, ভোগ করবেন আর ট্যাক্স দেবেন না সেটা কি হয় ? স্যার, এই প্রসঙ্গে আমাদের কথা হল, নিশ্চয় ভোগের জন্য ট্যাক্স আমরা দেব, কিন্তু আপনারা বলুন, কোলকাতার যে সমস্যা সেই সমস্যার শতাংশের এক অংশও কি আপনারা এই ট্যাক্স বৃদ্ধি করে সমাধান করতে পারবেন। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয় কলকাতা কর্পোরেশনে গভর্নমেন্টের কন্ট্রোল এ ব্যাপারে নিশ্চয় আমার আপত্তি আছে সেকথা আগেই বলেছি। দ্বিতীয়তঃ, বলতে চাই, সি. আই. টি'র বিল্ডিং এবং সি. আই. টির ল্যান্ডের উপর আগের যে আইন ছিল তাতে ২১॥ পারসেন্টের বেশী কর ধার্য করতে পারা যেত না। কিন্তু স্যার, সুব্রতবাবুরা যে বিল আনলেন, তাতে সি আই টির ল্যান্ডের উপর সেটা কি করলেন ? আর সি. আই. টি'র ল্যান্ডের উপর যে বাড়ী তৈরি হবে সে ক্ষেত্রে বললেন যে, তার উপর ২১॥ পারসেন্টের বেশী কর দিতে হবে। স্যার, এখানেই আমাদের আপত্তি এবং এখানেই সুব্রতবাবুদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর তফাৎ। সি. আই. টি হয়ত কিছু ভাল বাড়ী করেছে যেখানে বিত্তবানরা থাকেন। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমরা এটাও জানি যে, আমার মানিকতলাতেই আছে, সি, আই, টি অনেক বাড়ী তৈরি করেছে বস্তি রিহ্যাবিলিটেসান স্কীমে। বস্তি ভেঙ্গে দেওয়া হয়েছে, কালেক্টরেট থেকে নোটিশ গিয়েছে, বস্তিবাসীরা সি. আই, টির বাড়ীতে

উঠে গিয়েছেন। বস্তিতে থাকতে তারা ৫ টাকা ভাড়া দিতেন এখন এক এক জায়গায় এক এক রকম ভাড়া দিতে হয়। কোথাও ১৬ টাকা, কোথাও ১৮ টাকা, কোথাও ২০ টাকা এরকম ভাড়া দিতে হয়। এগুলি হচ্ছে বস্তি রিহ্যাবিলিটেসানের বাড়ী, এগুলি সি, আই, টি তৈরি করেছে। এখন স্যার, এই আইন পাশ হলে সেই বস্তি-বাসীদের উপরও ট্যাক্সের জন্য বাড়ীভাড়া বৃদ্ধি পাবে। এখানে বিত্তবান ও বস্তী-বাসীদের মধ্যে কোন রকম পার্থক্য করা হয়নি। সেই জন্যই স্যার, বারবার বলছি, এখানেই সুব্রতবাবুদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য। এই সি, আই, টির বাড়ীতে বিত্তবান যারা কিছু কিছু আছেন তাদের উপর যদি উনি আলাদা করে ট্যাক্স ধার্য করতেন তাহলে আমাদের বিন্দুমাত্র আপত্তি ছিল না, কিন্তু তা উনি করেননি। আজকের কোলকাতা বড়লোকদের জন্য, এখানে আর গরিবদের স্থান নেই। আর এই বিল পাশ হলে যে সংখ্যায় গরিব লোক আছেন এই কোলকাতা শহরে তারাও সরে যেতে বাধ্য হবে। স্যার, আপনার মাধ্যমে আমি সুব্রতবাবুকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করি, সুব্রতবাবু, আপনি কি জানেন যে, ঐ বস্তি রিহ্যাবিলিটেশান স্কীমে যারা সি, আই, টির বাড়ীতে গিয়েছিল তিন বছর পরে দেখা গিয়েছে তারা আর সেই বাড়ীতে নেই, অন্য লোক সেখানে গিয়ে ঢুকে পড়েছে? তার কারণ কি? তার কারণ হচ্ছে, বস্তীবাসীরা সেই ১৬/১৮ টাকা ভাড়াও দিতে পারে না। সেখানে কোন বিত্তবান যদি সেই বাড়ীটা কিনে নিয়েছেন এবং সি, আই, টি থেকে সেটা রেগুলারাইজ করে দেবার ব্যবস্থা হয়েছে এটা আমি চোখের সামনে দেখেছি। তাই বলছি, সুব্রতবাবু দৃষ্টিভঙ্গীটা একটু পরিবর্তন করুন। এই ট্যাকসটা কাদের উপর পড়বে সেটা একটু চিন্তা করে দেখুন। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার আসার আগে আমরা জানি, বস্তিতে যে ট্যাক্স ধার্য্য ছিল সেটা হচ্ছে প্রত্যেকটা বাড়ীতে কত ট্যাকস্ হবে সেটা যোগ করে নিয়ে তার উপর গড়ে ট্যাকস্ ধার্য হত এবং অনেক বেশী বস্তিবাসীদের উপর ট্যাকস্ পড়তো।

[7-00—7-10 p. m.]

১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের সময় যে আইন পাশ হল, তাতে এটাই হল কোন বস্তীবাসীর উপর ১৮।। পার্সেন্টের বেশী কর ধার্য্য হবে না। সুব্রতবাবুর সঙ্গে এটাই পার্থক্য, তিনি এসে সেটা তুলে দিলেন। এবং তুলে দেবার সঙ্গে সঙ্গে তিনি বলেছেন যে মেট্রোপলিটন ডেভলপমেন্টে তাদের যে সুযোগ দেওয়া হয়েছে সেজন্য এই ট্যাক্স বৃদ্ধি করা হল। এই সুযোগ দেবার কথা তো আগেও বলা হয়েছিল। সারা

কলকাতার যদি চিত্র দেখা যায়, কলকাতার বস্তীতে কিছু কিছু উন্নতি তো করা হয়েছিল, কিন্তু তার পরে সংস্কারের অভাবে, পুনরায় নজর না দেবার জন্য সেইগুলো আবার যে অবস্থায় ছিল, সেই অবস্থায় এসে গেছে। কাজেই ১৮॥ পার্সেণ্ট যে ট্যাক্স ১৯৬৯ সালে করা হয়েছিল বস্তীবাসীদের জন্য আজকে কেন তুলে দিচ্ছেন এটা বুঝতে পারছি না, সেই জন্য এটাকে সমর্থন করতে পারছি না। তারপর জলের ব্যাপার, আগে যে আইন ছিল, সেই আইনটাকে তুলে দিচ্ছেন। কলকাতা কর্পোরেশন বাধ্য ছিল প্রত্যেক নাগরিককে থ্রি থাউজ্যাণ্ড এ্যাণ্ড ফোর হাণ্ড্রেড লিটার অব ফিল্টার ওয়াটার এক টাকার পরিবর্তে দেবেন। তারা এই বিষয়ে বাধ্য ছিলেন। প্রত্যেক নাগরিক সেটা তারা সপ্লাই করবেন। কিন্তু এই ধারাটাকে তুলে নিলেন। আমরা প্রচণ্ডভাবে এর বিরোধিতা করি। এই ধারাটাকে তুলে দেবার ফলে যে সুবিধাগুলো ছিল সামান্যতম সুবিধা, ফিল্টার ওয়াটার প্রত্যেকটি নাগরিককে দেওয়া হবে, আইনের বলে সেটা তুলে দিলেন, আমি নিশ্চয়ই এর বিরোধিতা করি এবং শুধু তাই নয়, সেখানে তিনি ট্যাক্স বসাচ্ছেন কিভাবে যে paid by the occupiers.

যে তিন টাকা ৭৫ পয়সা ১০ হাজার লিটারের জলের জন্য ধার্য্য করছেন। সেখানে আমার বক্তব্যে যে কথা বলেছিলাম—দৃষ্টিভঙ্গির যে পার্থক্য—আমরা বলেছিলাম যে গরীব মানুষ তো এখন থাকতেই পারছে না, তারপর বাড়িওয়ালা বলবে ভাড়াটেদের আরও ভাড়া বাড়িয়ে দিতে হবে। কারণ এই জলের ট্যাক্স বসাচ্ছেন, কাজেই এই সমস্ত অনেকগুলো ধারা যে উপস্থিত করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। কলকাতা শহর যে আত্মহননের পথে চলেছে, এখনও কলকাতা শহরে সুস্থ, নাগরিক আছেন, তারা যদি সমস্ত চিন্তা ও শক্তি দিয়ে কলকাতা শহরকে বাঁচানোর চেষ্টা করেন, আমি মনে করি, কলকাতা শহর নিশ্চয়ই বাঁচবে, সেই দৃষ্টিভঙ্গী নিয়ে মন্ত্রী মহাশয় এবং মন্ত্রী সভাকে অনুরোধ করছি একটা সম্পাদনাত্মক বিল আনুন যাতে কলকাতা কর্পোরেশনের সমস্ত মানুষ সমস্ত সুযোগ সুবিধা পায়। তখন ট্যাক্স নিশ্চয়ই তারা দেবে। সাধারণ এই কথাগুলি মন্ত্রী মহাশয়ের জবাবে আমি বললাম।

ডাঃ কানাইলাল সরকার ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পৌর মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তাকে আমি পুরোপুরি সমর্থন জানাচ্ছি। প্রথমটা বিলটা পড়ে মনে হয়েছিল যে, এই বিলের মাধ্যমে সদস্যদের ক্ষমতা কিছুটা খর্ব করা হয়েছে, কারণ আমি পৌরসভার সদস্য ছিলাম ক্যালকাটা কর্পোরেশনের। কিন্তু পরে যখন ভাল করে পড়লাম তখন এটা বুঝতে পারলাম যে, এই বিলের মধ্যে পৌরসভার কোন

সদস্যের কোন ক্ষমতা খর্ব করা হয়নি। তবে ক্ষমতার যারা অপব্যবহার করতেন সেইগুলোকে নিয়ন্ত্রণ করা হয়েছে। শ্রীমতী ইলা মিত্র অনেক কথা বললেন, কলকাতা শহরের অনেক ইতিহাস বললেন, কিন্তু বিলের আসল যে উদ্দেশ্যটা, সেই বিষয়ে বিশেষ কিছু তিনি বলেছেন বলে আমার মনে হয়নি। তার কারণ, এই বিলের মধ্যে আসল জিনিস আছে যে, ক্যালকাটা কর্পোরেশন-এ আমাদের নাগরিকদের যে সমস্ত সুখ-সুবিধা দেবার কথা আছে সেইগুলো ঠিক মত দিতে পারা যাচ্ছে না। এবং আজকে সি. এম. ডি. এ., সি. এম. পি. ও এবং সি. আই. টি. যদি না থাকতো, কলকাতা কর্পোরেশনের এলাকায় কোন মানুষ বসবাস করতে পারতো না। এই কথা আমি জোর দিয়ে বলতে পারি।

কিন্তু সি. এম. ডি. এ. চিরকাল থাকবে না এবং তারা আর্থিক সাহায্য নিয়ে চিরকাল আসবে না। সেই জন্য কলকাতা কর্পোরেশন-এর আর্থিক সংহতি বাড়াতে হবে যার দ্বারা কলকাতা কর্পোরেশন তার প্রতিটি নাগরিককে সমস্ত এ্যামিনিটিস দিতে পারবে। এই বিলকে আরো স্বাগত জানাচ্ছি এই কারণে যে, এই বিলের মধ্যে কোন জায়গায় সাধারণ মানুষকে, কোন জায়গায় শ্রমজীবি মানুষকে, কোন জায়গায় গরীব মানুষকে আঘাত করা হয়নি। এই বিলের মধ্যে ট্যাক্স বাড়াবার বিষয়ে কথা আছে কমার্শিয়াল পারপাসে যে সমস্ত বাড়ী আছে সেখানে ৫০% সারচার্জ বাড়াবার কথা আছে। কিন্তু সাধারণ নাগরিকের উপর কোন আঘাত করা হয়নি। কলকাতা কর্পোরেশনে অনেক সময় দেখা গিয়েছে একটি লোক বা একটি অফিসার হয়ত চাটুকার লোক, সে পৌরসভার সদস্য বা মেয়রকে খুসি করে রিটায়ার করার পরও কিছুকাল চাকুরী করে গেলেন। সেই ক্ষমতাকে আজকে খর্ব করা হচ্ছে। তাছাড়া আমরা কলকাতা কর্পোরেশনে এমন অবস্থা দেখেছি যখন পৌরসভার কর্মীদের মাইনে হতে পারছে না, তখনও তাদের পূজা বোনাস দেওয়া হচ্ছে। আমরা জানি, প্রশান্ত সুর মহাশয় যখন মেয়র ছিলেন তখন সি. এম. ডি. এ-র টাকা কর্পোরেশনকে দেওয়া হয়েছিল ডেভালপমেণ্ট খাতে খরচ করবার জন্য, তখন আমরা দেখেছি সেই টাকা থেকে কর্পোরেশনের কর্মীদের পূজা বোনাস দেওয়া হয়েছে। ডেভালপমেণ্ট-এর কাজ বন্ধ রেখে এই জিনিস করা হয়েছে। যাতে এই জিনিস আর ভবিষ্যতে না হতে পারে তার জন্য আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। এর দ্বারা কোন নতুন এ্যাপয়েণ্টমেণ্ট বা কোন ক্যানসেলেসন অফ্ দি পোষ্ট বা একস-গ্রাসিয়া বা কোন রকম বোনাস ইত্যাদির ক্ষেত্রে ক্ষমতার অপব্যবহার যাতে না করা হয় তার জন্য নিয়ন্ত্রণ আনা হচ্ছে, এই কারণে আমি এই বিলকে স্বাগত জানাচ্ছি। দ্বিতীয় জিনিস যেটা আছে যে, কমার্শিয়াল বিল্ডিংস এবং নন-রেসিডেন্সিয়াল বিল্ডিংস যেগুলি আছে তাদের

ওপর সারচার্জ বসানো হচ্ছে। অবশ্য ওনারা যেটা বলেছেন যে, নন-রেসিডেনসিয়াল বিল্ডিংস-এর মধ্যে যেগুলিতে ক্লাব, জিমনাসিয়াম, লাইব্রেরী আছে তাদের ওপরও ৫০% সারচার্জ হচ্ছে। এক্ষেত্রে অবশ্য এই সব ক্ষেত্রে রি-একজামিনেসন এবং একসজেমসনের বন্দোবস্ত আছে। আমি জানি, পূর্বে অনেক স্কুল কর্পোরেশনের কাছে এ্যাপ্লাই করেছিল তারা একজামসন পেয়ে গেছে, অনেক স্কুল আছে তারা ট্যাক্স দেয় না। তবুও আমি পৌর মন্ত্রীকে অনুরোধ করব, এই জাতীয় যে সমস্ত ক্লাব, লাইব্রেরী, স্কুল আছে, যেগুলি প্রফিটেবল কনসার্ন নয়, তাদের ওপর এই ৫০% সারচার্জ কেন, তাদের ওপর ট্যাক্স মকুবের বন্দোবস্ত করতে পারলে অনেক ভাল হয়। তৃতীয় জিনিস হচ্ছে, যেটা তিনি করেছেন জলের জন্য যে ট্যাক্স নেওয়া হয় সেটা শুধু জলের জন্যই নেওয়া হবে, সেপারেট খাতে এবং সেপারেট খাতায় সেটা থাকবে। সুয়েরেজ-এর যেটা নেওয়া হয় সেটাও আলাদা খাতের আলাদা খাতায় থাকবে। আমি কিছুক্ষণ আগে এই বিভাগের সেক্রেটারী মিঃ বি. মজুমদারের সঙ্গে কথা বলছিলাম, তাঁকে বললাম, আপনারা এই ৫০% সারচার্জটা শুধু বড় বড় কমার্শিয়াল বিল্ডিংস-এর ওপর যে টাকাটা আদায় হবে সেটার ওপর এটা করলেন কেন? আমরা দেখেছি যে সমস্ত পাবলিক বডিস ইলেকট্রিক সাপ্লাই, টেলিফোন ইত্যাদি যেগুলি আমাদের ডোমেসটিক কানেকসন্স হয়, ড্রেনেজ কানেকসন্স বা ফিল্টার ওয়াটার সাপ্লাই কানেকসন্স বা আনফিল্টারড ওয়াটার সাপ্লাই কানেকসন্স-এর জন্য আমরা প্রচুর টাকা নিয়ে থাকি। তাদের টাকা জমা না থাকলে আমরা কর্পোরেশন থেকে রাস্তা কাটতে দিই না। সেই জন্য আমি তাঁকে বললাম যে, এগুলির জন্য আপনারা স্পোরেট খাত করেন না কেন? তার কারণ আমরা দেখেছি কোন জায়গায় যদি কর্পোরেশনের রাস্তা কেটে কোন বাড়ীতে যদি ড্রেন কানেকসন দিয়ে থাকে, তাহলে আমরা দেখেছি বছরের পর বছর সেটা রিপেয়ার হয় না। সেই জন্য আমি বলছিলাম, এটার জন্য স্পোরেট খাত করুন যে, পাবলিক বডিস যখন কেটে দিয়ে যাবে, টেলিফোন যখন কেটে দিয়ে যাবে, ডোমেসটিক কানেকসন্স যখন কেটে দিয়ে যাবে তখনই আপনারা রিপেয়ার করবার ব্যবস্থা করবেন, এর জন্য আলাদা হেড্ রাখুন।

[7-10—7-20 p. m.]

এছাড়া interest যেটা ½ to 1% করেছেন আমি বলছি সেটা 1%-এর চেয়ে বেশী করা উচিৎ। গরীবদের যার যা ট্যাক্স আছে সে কোন রকমে tax দিতে পারলে বেঁচে যায়। কিন্তু বড় বড় ব্যবসায়ী যাদের ১/২ লাখ ট্যাক্স বাকী আছে তারা

corporation-এর সঙ্গে একটা বন্দোবস্ত করে ট্যাক্স না দিয়ে সেই টাকাটা অন্যভাবে ব্যবহার করে। Regarding unauthorised construction-এর একটা নিয়ম আছে। Corporation-এর একটা Bldg. Rules আছে। এর একটা কারণও আছে। Corporation যাতে স্বাস্থ্যকর হয় সেজন্য তখনকার C.I.T চেয়ারম্যান শৈবাল গুপ্ত, A D. Khan এবং মুর্শেদ Cal. Corporation Act of 1957 করেছিলেন এবং Bldg. Rules করলেন। ২টা Bldg. Rules একটা একটা area-র জন্য আর একটা detached area-র জন্য। মধ্যবিত্তরা যেখানে থাকে এখানে ½ ছাড়-এর detached area-র জন্য half-এর মধ্যে side space, back space, road angle ইত্যাদিগুলি করার কথা ছিল। অর্থাৎ যাতে কোলকাতা বেনারসের গলি না হয়। কিন্তু দুঃখের বিষয় unauthorised construction বেড়ে যায় এবং সেটা Cal. Corporation-এর দোষে হয়। আগে যখন এরকম হোত তখন পুলিশ বসান হোত এবং এই পুলিশের charge যে unauthorised construction করছে তার কাছ থেকে আদায় করা হোত। কিন্তু হঠাৎ আইন হল পুলিশ system বাদ দিয়ে guard তৈরী হোক। এর জন্য প্রচুর guard-কে appointment দেওয়া হল। এর ফলে হাজার হাজার unauthorised construction বেড়ে গেল। কারণ যারা guard তাদের duty ১০টা থেকে ৫টা পর্যন্ত। এবং তারপর যখন তারা কাজ করবে না তখন সেই ৫টা থেকে সকাল পর্যন্ত সমস্ত unauthorised construction-এর কাজ আরম্ভ হয়, এবং ১০টার জায়গায় ৫০টা মিস্ত্রি লাগান হয়। এই রকম unauthorised construction-এর জন্য demolition case হয়। এই সব case ৪ বছর ধরে চলে এবং তারপর একটা nominal time দিয়ে সে বেঁচে যায়। এইভাবে এইসব জিনিস regularise হয়েছে। C.I.T.C.M A.A-এর কথা বলি, যে বস্তী C.I.T-রদায়িত্বে এবং যেগুলি নয় তার মধ্যে কেন তফাৎ হবে। C. M. D. A চিরকাল maintain করবে না। তায় tax সমানভাবে ধার্য হবে না কেন তা বুঝতে পারছি না। CMDA যে টাকা খরচ করেছেন তাতে সেখানকার but-owner-দের কাছ থেকে কিছু পয়সা নেননি সেই হিসেবে corporation যখন এইসব কাজ maintain করবেন তখন tax নেবেন না, তা হতে পারে না। সুতরাং Mrs. Mitra যে কথা বলছেন, ক্ষমতা খর্বের কথা তা ঠিক নয়, তিনি ট্যাক্স বাড়াবার কথাই বলেছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কোলকাতার জলকষ্ট দূর হয়েছে, ময়লা পরিষ্কার হয়েছে, drainage, garbage পরিষ্কার হয়েছে। অবশ্য মস্কো বা Washington-এর মত পরিষ্কার হয়নি, কিন্তু অনেক উন্নতি হয়েছে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে শেষ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Deputy Speaker, Sir, I support the Calcutta Municipal (Third Amendment) Bill, 1976. I was very carefully listening to the learned speech of honourable Shrimati Ila Mitra and trying to learn something about the very Bill as also the subject-matter which we are discussing. But I failed to understand her because the entire speach was round about the economy of urban life, the city of Calcutta, and about the people who life in slum areas. I was expecting that she would show some avenues in regard to improvement of finance. I mean, the earning of the municipalities. In our country these municipalities are the main source to give civic amenities to the citizens. In the rural areas where Panchayats and other sources are there unfortunately we have not been able to find a clear route as to how all these municipalities will stand on their own legs and how they will become financially sound to meet all grievances and needs of the citizens. It was happy to know that CMDA came into existence and it helped 33 to 40 municipalities out of 90 municipalities but it could not help the remaining municipalities. So, Sir, you can imagine what is happening in those areas where is no CMDA how they meet their finances, how they meet their problems. So, problems are there. Finance is the main problem of the municipalities. We have got to think seriously about it. We have got to find out ways and means as to how we can give some source from where the municipalities can meet their expenses and extend amenities to the citizens. It is right that 33 to 40 municipalities are getting amenities but it is not the case in regard to others. Our honourable member Shrimati Mitra just mentioned about democratic and socialist countries and then referred to Calcutta. Calcutta has got a big history. You cannot ignore the history of the past. It was under the British rule for long years. When the Britishers came to the city of Calcutta they framed certain rules for construction of the buildings. If you go through the rules, Sir, you will find that in the Park Street, Russel Street, Theatre Road they framed rules that if anybody wants to construct any building in those areas he will never be allowed to cover the total space - he can cover only 51% that means, out of 100 yeards you can only cover 51 yards and you are to keep the remaining 49

yards just to beautify the space with gardens and all that. You had to maintain that because the Britishers used to live in those particular parts of the City but in the remaining parts of the city you could construct a building as you liked. Unfortunately we were not free then. Our leaders were struggling for freedom which was essential. Our country became free after sometime but unfortunately if you go back to the history again you will see that there was partition. Millions of people came from the other side of Bengal and began to live in bustees and developed slum areas. We could not get money from the Centre for these people who came to this city. I know Shri Morarji Desai was called by Atulya Babu who was then running Calcutta Corporation but they failed in their attempt. Calcutta was not given its due share by the Centre at that time.

[7-20 - 7-30 p. m.]

Now, of course Calcutta has developed as a free style city and that is why you are looking to its face that stands to-day. Unfortunately, it could not have been done as it should have been done. The time passed like this. We are now happy because since the 3rd era i. e., when the Gandhi era came in this country, I mean, in India, naturally we the people of West Bengal were benefitted. Now C.M.D.A. has come and other sources have come and the Centre also is now looking how to solve the proplems and that is why Shrimati Mitra has just now confessed that there are some definite improvements not only of Chowringhee Road, but also in most of the words of Calcutta Corporation. Some improvements of drains have been made and the water supply arrangements have been improved. In the bustee or slum areas there are some environmental development schemes. Environment means there will be pucca road, there will be arrangements of light, there will be arrangements of water supply and there will be one or two latrines which will be constructed by the C.M.D.A money So, the bustee people will definitely be pleased But how much benefits they should have

are not there because within the span of 4½ years how can you expect that 100-year's damages or 100 year's mistakes which were committed in the past are rectified ? Then again I have witnessed the rule of 1967 when C P M was ruling the Calcutta Corporation. To what extent they have misruled, Sir ? The entire Corporation machinery was utilised for their own party. Even when there was shortage of ambulance in the city, these vans were engaged in 24-Parganas of fight for their party work. The ambulances were damaged, left on the road and after a few months they came in the garrage and repaired. So, there was no ambulance. The people were suffering for want of ambulance while these were utilised for their own party element to spread their party work After 1967 to near 1971 the entire Corporation became a machinery of how to develop their party activities Even every individual was given every impetus to come and to work for this party, and not for the citizens and not for the people. So, there was a chaos in the city. The people were not satisfied because these party-people wanted to create chaos So, the whole administration suffered, the people suffered, the common man suffered, the bustee people suffered and the citizens suffered. This is what the history was. Now within this short span of time after 1972 when the new ministry came in—they have been trying to pick up the work I told the House that the whole thing caught fire and we have got to fight with the fire first, and then we have got to extinguish the fire and when we will be able to extinguish the fire completely then we have to accept the planning. So, this is the actual happening. We are now acting just like fire fighters. The Minister-in-charge has also come forward with a piecemeal Bill. He is bound to do his because it is the immediate necessity to meet the immediate demands of the citizens of Calcutta—most needy section of Calcutta. Here he wants to make a suggestion of imposing surcharge. At present Calcutta Corporation's consolidated rate is about 11 crores, and this new taxation may earn about Rs. 3 crocs more. It will give some relief. I say, in Calcutta, every day 11 to 12 lakhs people are coming from suburbs. They drink water and they use all amenities of the city. The Calcutta Corporation sweepers,

the water supply department and the conservancy department are engaged in their service. But may I put a question Sir, what these 11 or 12 lakhs people are contributing to this Calcutta Corporation —are they contributed any thing ? No, But they are consuming millions of gallons of water. They are getting all sorts of amenities from the city. These who are in the responsible position should think about this aspect for the city of Calcutta They must get for this Calcutta Corporation, i e., this Calcutta Corporation must have its due share not only from the State but also from the Centre. Of course, we thank Centre because Centre has paid its attention to it. But I say we need more because the disease is chronic. The city is one of the historic ones in the world and we are now going to build this as a sample city.

Sir, just now Shrimati Ila Mitra has said a lot in order to improve the condition of slum dwellers There, of course, economic question comes in. Our great leader, Shrimati Indira Gandhi, is fighting to solve the econonic problem We are also fighting to remove the property and the Indian National Congress too is doing that Actually if that problem is solved then as we are speaking we can do more for the bustee dewllers So, the economic problem is there, the poverty problem is there, and our great leader Shrimati Gandhi is fighting to help them Naturally their problem is linked here and that problem is not ignored That is even a part and parcel of the 20-point programme which has been placed before the country by our great leaders So, they are not ignored because their causes have already been taken up. Here is all our leaders of the people.

(At this stage blue light was lit)

Sir, I want to cut short my speach So, give me some time. There is only one point regarding unauthorised construction The unauthorised construction is a big problem and most of us will speak for the Calcutta Corporation. One day somebody came to me, complained and said, "well my friend, look here ! my own neighbour is building a drain on Corporation land ; please stop this". Then I rang up the Commissioner of Corparation and requested him, "Sir, send one man send a guard and get it

stopped". After a few days another friend came and said that he would object to it Again I asked the Commissioner of Calcutta Corporation, "look here, 'ভাই চালিয়ে দাও দু'একদিন তারপর দেখা যাবে' So, it is everybody's responsibility We are all responsible if something is done wrong Here I refer to in sections 414 and 416-i e., about unauthorised construction cases most of us are also involved in it This is quite right I say, this should be very clear. I say, just as Dr Kanai Lal Sarker has said, that he would draw the attention of the Minister. At present if any offence is committed under sections 414 and 416, 50 rupees is fined, and if it is for the second time, then it is Rs 100. I say, please add some thing more make it Rs. 50 to Rs. 100 for the first time and Rs 100 to Rs 200 for the second time Let there be more earning to the Calcutta Corporation and at the same time as urbanisation is being developed we should see that we we can have a modern planning for the West Bengal Municipalities, because every Municipality and every planning department in every district must have a modern housing scheme so that any body who wants to construct any building he must consult the planning department and must take from them the plan for the building If you want to check these unauthorised constructions which are largely developing in the district towns in future you have to go immediately to that planning department and have a planned housing scheme of various types kept in that department. Any body who is going to construct a building in the Municipal area he must have to look to the sample plan of the building and then get their approval so that it will be earlier Now I would request the Hon'ble Minister that when a plan is submitted to the building department he should see that it is expedited There should not be any delay and red tapism. The red tapism must be cleared and the man who is complying with the rules should not be delayed. With these words, Sir, I support the Bill

[7-30—7-40 p m.]

শ্রীসরোজ রায় ঃ—ডেপুটি স্পীকার, স্যার, আমি খুব অল্প কথায় একটা কথা বলবো এইমাত্র আনসারি সাহেব যেকথা বললেন, বিলের উদ্দেশ্য—উনি শুধু

কণ্ডিশনটা বললেন কিন্তু রিসোর্স যে কোথা থেকে আসবে সেটা কিছু বললেন না। আমি সেই দিক থেকে বলবো। আয়টা বাড়াতেই হবে, আনসারি সাহেবের সঙ্গে আমাদের তাতে কোন তফাৎ নেই। কাজেই অবস্থা যা সেটা তো আর ষ্ট্যাটিক নয়, তা চেঞ্জ করছে। কলকাতারও চেঞ্জ হচ্ছে, সেটাও বাড়ান প্রয়োজন, সেখানে বাড়াতে হবে। পরিবর্তন হচ্ছে, পরিবর্তনের সঙ্গে মিলিয়ে আমাদের এগুতে হবে এটাই হচ্ছে মূল কথা। এখন যদি ইমপ্রুভমেণ্ট করতে হয় –ইমপ্রুভমেণ্ট করা সেটা সকলেই চায়, তাহলে এই ইমপ্রুভমেণ্ট করতে গেলে টাকা চাই, ইট ইজ এ ফ্যাক্ট, সেটা আমরা মানি। আনসারি সাহেব বোধহয় একটা কনফারেন্সে ছিলেন, ক্যালকাটা ডেভালপমেণ্ট কনফারেন্স হয়ে গেল যেটা কিছু দিন আগে, সেখানে কলকাতার বিশেষজ্ঞরা একটা কথা তুলেছিলেন, যেটা সেন্ট্রাল পয়েণ্ট হিসাবে উঠেছিল, কলকাতায় যে সমস্ত ডেভালপমেণ্ট হচ্ছে সেই ডেভালপমেণ্টটা ফর দি বেনিফিট অব দি রিচ চলে যাচ্ছে। এই কথাটা উঠেছিল এবং বহু তথ্য দিয়ে সেটাকে প্রমাণ করেছিল। আমি সেখানে সেই দিকে লক্ষ্য রেখে একটা জিনিস রাখতে চাই এই হাউসে মন্ত্রী মহাশয়ের কাছে, যে রিসোর্সেস-এর প্রশ্ন রয়েছে। আমি কনক্রিটলি সমস্ত ঘটনাগুলি জানি, কারণ কলকাতার সঙ্গে আমাদেরও নাড়ীর সম্পর্ক আছে। এখানে হচ্ছে ওয়েষ্ট বেঙ্গলের এ্যাসেম্বলী এবং কলকাতা হচ্ছে ওয়েষ্ট বেঙ্গলের মধ্যে এবং আমরাও মেম্বার অব দি ওয়েষ্ট বেঙ্গল অব দি এ্যাসেম্বলী, এখানে ট্যাক্স ইভ্যালুয়েশন সম্পর্কে বলি যে ট্যাক্স ইভ্যালুয়েট হয় পাঁচ বছর কি ছয় বছর পরে পরে। লাষ্ট যেটা ইভ্যালুয়েট হয়েছিল তাতে যে নতুন ট্যাক্স যাদের উপর বসান হয়েছিল, আমি একটা কনক্রিট প্রশ্ন করছি যে ১০ বৎসর চলে গেল এখনো সেই ট্যাক্সের নোটিশ দেওয়া হয়নি। সেই ট্যাক্সটা বাড়ান হয়েছিল বড় বড় ব্যবসাদারদের উপরে। এই সব বড় বড় লোকের উপর আজো নোটিশ গেল না। এটার আমি কনক্রিট জবাব চাই। যদি আজকে মন্ত্রী মহাশয় একটা ষ্টেটমেণ্ট প্রথমে দিতেন যে, কোলকাতায় আমাদের এই এই সোর্স আছে, এই সমস্ত সোর্সের স্কোপকে ট্যাপ করেছি, ট্যাপ করেও আমি এটা পারছি না এবং যার জন্য আমাকে কারদার ট্যাক্সেশন করতে হচ্ছে, তা করুন, আর যখন কোন রিসোর্স নেই, তখন উপায় নেই। কলকাতাকে ডেভালপ করতে হবে, কলকাতার ডেভালপমেণ্টের উপর পশ্চিমবঙ্গের ডেভালপমেণ্ট নির্ভর করছে আমরা এটা বুঝি। কিন্তু এই যে একটা প্রশ্ন আজকে ১০ বছর হয়ে গেল তাদের উপর কোন রকম নোটিশ পর্যন্ত যায়নি। বড় বড় লোকের উপর ট্যাক্স হয়েছিল। যেমন ধরুন মোটর ভেয়েকেল ট্যাক্স, ষ্টেট গভর্ণমেণ্ট কলকাতা থেকে প্রায় ৮/৯ কোটি টাকার মত পায় এবং কলকাতা কর্পোরেশন পায় ২০ লক্ষ টাকার বেশী নয়, এখানে কিছু ভাবার দরকার আছে। কলকাতার রাস্তার উপর দিয়ে গাড়ী-

গুলি যায়, রাস্তাগুলি নষ্ট হয়, সেখান থেকে আমি কত পেতে পারি ষ্টেট গভর্ণমেণ্টের সঙ্গে আলাপ-আলোচনা করা দরকার যে সেদিক থেকে আরো কত টাকা বের করে আনা যায়। আমার কথা হল, একজিসটিং যেসব রিসোর্স আছে সেগুলি কি পূর্ণভাবে ট্যাপ করা হয়েছে? দ্বিতীয় হল, ধরুন, ইলেকট্রিক সাপ্লাই কম্পানী এ্যাণ্ড ট্রাম ওয়েজ, আজকে বহুকাল আগে তাদের উপর যে ট্যাক্স ধার্য করা হয়েছিল তা আর বাড়েনি। অন্য সব দিকে যদি বাড়ান যায়, বাড়ীতে আজকে জলের উপর ট্যাক্স হচ্ছে অর্থাৎ জল খেতে ট্যাক্স দিতে হবে, মন্ত্রী মহাশয় আগে একটু মুখ খুলে বললেন. আপনারা ভুল বুঝেছিলেন, কিন্তু যখন উনি বক্তব্যটা রাখলেন সেটা প্রমাণ করতে পারলেন না। অর্থাৎ এই যে বিল বাংলা ভাষায় ও ইংরাজীতে রাখা হয় যে কোন কমন ম্যান বুঝবে যে, একটা ট্যাক্স হচ্ছে, কিন্তু ইলেকট্রিক সাপ্লাই এবং ট্রামওয়েজের বহুকাল আগে যে ট্যাক্স ছিল সেটা একটুও বাড়েনি বা একটুও কমেনি। কতটা সেখানে বাড়ান যায়, কতটা রিসোর্স আনা যায়. দেখা গেল বড় বড় ব্যবসায়ীদের বাছাই করে—যাদের ছিল বড়বাজারে একটা ব্যবসা, আজকে তাদের ৩৬টি ব্যবসা সেকেণ্ড ওয়ার্ল্ড ওয়ারের পর হয়েছে, তাদের ট্যাক্সটা কি পরিমাণ বেড়েছে ইউ ক্যান মেক আউট. সেটা পয়েণ্ট আউট করা হোক। কলকাতার সমস্ত এ্যামেনিটিস তারা ভোগ করে সেদিক থেকে তো সেইভাবে জিনিসটা দেখা যেতো। যেমন, মন্ত্রী মহাশয় বললেন, যে ঘোষ্ট এমপ্লইজ ছিল তিনি সেটাকে ধরে বাদ দিয়েছেন. মস্ত বড় কাজ করেছেন, তেমনি আমি বলি বাড়ান যায়। আপনারা প্রত্যেকেই জানেন যে, কর্পোরেশনের নিজস্ব কিছু কারখানা আছে সেই কারখানায় নানা রকম মেটিরিয়াল তৈরি হয়. আমি জানি যে আজকে টাকা লাগিয়ে, মেটিরিয়াল না দিয়ে কোন প্ল্যান না করার ফলে কর্পোরেশনের জন্য যে সমস্ত যন্ত্রপাতি দরকার হয়, ঠেলাগাড়ী দরকার হয়. এইগুলি ঐ কারখানা থেকে হয় না, অথচ ঐখানে করবার স্কোপ আছে, সেগুলি বাইরে থেকে কিনতে হয়। কেন আজকে সেই কারখানাগুলিকে ডেভালপ করা হয় না? এইগুলি ডেভালপ করার অভাবে অনেক টাকা বেরিয়ে যাচ্ছে. সেই প্রচেষ্টা কোথায়, সেই আউট লুক কোথায়? একটুখানি আগে আমাদের এক বন্ধু ঠাট্টা করে বললেন যে বারোয়ারী হচ্ছে টাকা কমে গেলে আবার চাঁদা তোল। ঘটনাটা এই রকমই তো হয়েছে। রিসোর্সেস বের করা হচ্ছে কোন দিক থেকে. কিন্তু পুরানো যে সমস্ত রিসোর্সেস আছে তার থেকে কত বের করা যায় যেগুলি ফেলে রেখে দিয়েছেন। আমি যেমন কারখানার কথা বললাম. এইগুলিকে ডেভালপমেণ্ট করা যায়, মাল উৎপাদন করা যায় এই রকম আরো কতকগুলি দিক আছে। আমি সেইদিকগুলিকে আর এখানে আনছি না. আমার মূল কথা হল যে সমস্ত রিসোর্সেসে ট্যাপ করার স্কোপ আছে,

তা কি সবটাই ট্যাপ করা হয়েছে, বাছাই করে কি ট্যাপ করা হয়েছে, তার কি কোন রকম নোটিশ দিয়েছেন ইত্যাদি এই দিকগুলিকে আগে দেখা দরকার ছিল।

তারপরে যদি কোন স্কোপ না থাকত বলতেন, যেখানে ট্যাক্স করার প্রয়োজন আছে করুন। আপনি বলতে গিয়ে বলেছেন ৩৪০০ লিটার অমনি দেওয়ার কথা ছিল, আগেকার আইনে ছিল, সেই ক্লজ তুলে দিলেন। আর একটা ছিল ১৩ হাজার লিটার এক টাকা করে দিতে হত, সেটাকে তুলে দিয়ে করলেন কি? যে কোন জল দিন না কেন আপটু ৩ ৭৫ টাকার বেশী হবে না। জল খেলেই ট্যাক্স, জলের উপর ট্যাক্স করছেন, বিভিন্ন দেশে আছে – কিছুটা বাদ দিয়ে বাকী যেটা একস্ট্রা তার উপর ট্যাক্স। আমি এ বিষয়ে একমত যে, বহু বাড়ীতে যেভাবে জল নষ্ট করা হয়, তাতে সেই সব বাড়ীতে জলের উপর ট্যাক্স করা দরকার, সেখানে ট্যাক্স করুন। কিন্তু আপনি তো একটা মিনিমাম বলে রাখবেন? মিনিমাম একটা ছিল ৩৪০০ লিটার, সেটা বাদ দিয়ে দেওয়া হয়েছে। আজকেও পাশে যে বন্ধুরা বসে আছেন, তাদের উৎসাহ করুন। যা কিছু আসবে যেহেতু পার্টির তাদের সঙ্গে আলোচনা করেন, এটাই আমার ধারণা ছিল। আমি সেদিন একজন বন্ধুকে জিজ্ঞাসা করলাম, আপনাদের সঙ্গে মন্ত্রীরা কি আলোচনা করেন? উত্তরে বললেন – আমাদের বলা-টলা নেই, বিল আসে আমাদের সঙ্গে কোন আলোচনা করে বিল হয় না। কেন হয় না? আমাদের সঙ্গে আলোচনা না করবেন না করবেন। এখানে তো আমাদের এমন নয় যে, আমরা সকলেই লাখপতির বাড়ী থেকে এসেছি, পরিশ্রম করি, মানুষের ভাল চাই। কিন্তু না জেনে শুনে যদি বক্তৃতা দিতে বলেন তাহলে কি রকম হয় দেখুন। অনেক সময় দেখেছি বক্তৃতা দিতে কিছু থাকে না, তখন মুকফ্রন্ট এসে যায়, আসতে বাধ্য, দেয়ার ইজ নোওয়ে আউট, আমি তাই বলতে চাইছি যে, অনেক তো রিসোর্সেস আছে, আপনি কেন সেগুলি ট্যাপ করছেন না। সেদিন যে ক্যালকাটা ডেভেলপমেন্ট কনফারেন্স হয়ে গেলে সেখানে তো আর কমিউনিষ্ট পার্টির লোকেরা বলতে যায়নি, সেখানে তাঁরা কি বলেছেন শ্রমিক শ্রেণীর উপর ট্যাক্স কম করুন। রিসোর্সের অনেক দিক আছে, সেগুলি টেনে নিয়ে আসুন। সেজন্য সমস্ত তথ্য নিয়ে আসুন, কোন দিকে যদি স্কোপ না হয় তবে তখন ট্যাক্স করুন, আমরা হাত মেলাব। এই জাতীয় জলের উপর ট্যাক্স করছেন, বাড়ীর উপর সারচার্জ, এগুলি থাকার জন্য, এই এই জায়গাগুলি থাকার জন্য, সমর্থন করতে পাচ্ছি না। কিন্তু আমরা কলকাতা ডেভেলপমেন্টকে সমর্থন করি। অন্ততঃ পুরোপুরি একটা রিপোর্ট দয়া করে দিন, কোথায় কোথায় ট্যাপ করলেন, সেখান থেকে কত টাকা পেলেন, এটা জানান। এই কথাগুলি বলে আপীল করে আমার বক্তব্য শেষ করছি।

